Barcode - 4990010225173
Title - Bengal Legislative Assembly Proceedings (1986) vol.85, pt. 1
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 851
Publication Year - 1986
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 225173

Vol. 85-I

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

(Eighty Fifth Session)

(March–May Session, 1986)

(From 3rd March, 1986 to 7th May, 1986)

he 3rd, 4th, 5th, 6th, 7th, 10th, 11th, 12th, 13th, 14th, 17th and 18th March, 1986)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

Price Rs. 160/-

Vol. 85-I

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

(Eighty Fifth Session)

(March–May Session, 1986)

(From 3rd March, 1986 to 7th May, 1986)

(The 3rd, 4th, 5th, 6th, 7th, 10th, 11th, 12th, 13th, 14th, 17th and 18th March, 1986)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

# GOVERNMENT OF WEST BEGNAL

## Governor

## SRI UMA SANKAR DIKSHIT

### Members of the Council of Minister

1. Shri Jyoti Basu, Chief Minister and Minister-in-charge of Home Department (exculding Jails, Civil, Defence and Parliamentary Affarirs Branches and matters relating to Minorities Affairs) and Hill Affarirs Branch of Department of Development and Planning.
2. Shri Benoy Krishna Chowdhury Minister-in-charge of Department of Land and Land Reforms, Department of Panchyat and Community Development and Rural Development.
3. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department and Housing Department.
4. Shri Nirmal Bose, Minister-in-charge of Department of Commerce and Industries, Department of Industrial Reconstruction and department of Public Undertakings (excluding matters connected with West Bengal Agro-Industries Corporation Limited.).
5. Shri Kanai Bhowmick, Minister-in-charge of Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro-Industries Corporation Ltd. in the Department of Public Undertakings.
6. Shri Debabrata Bandyopadhyay, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Deparment and Jails Branch of Home Department.
7. Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Department of Food and Supplies and Relief Branch of Relief and Welfare Department.

8. Shri Nani Bhattacharya, Minister-in-charge of Department of Irrigation and Waterways.

9. Shri Kanti Biswas, Minister-in-charge of Primary and Secondary Education branches of Department of Education.

10. Shri Nihar Basu, Minister-in-charge of Department of Co-operation.

11. Shri Sambhu Charan Ghose, Minister-in-charge of Department of Education (excluding Primary Education, Secondary Education, Audiovisual Education, Social Education, Non-Formal Education and Library Service Branches).

12. Shri Kamal Guha, Minister-in-charge of Department of Agriculture (exculding Minor Irrigation, Small Irrigation and Command Area Development) and Rural Water Supply and sanitation in the Department of Health and Family Welfare.

13. Dr. Sambhu Nath Mandi, Minister-in-charge of Scheduled Casts and Tribes Welfare Department and Jhargram Affairs Branch of Development and Planning Department.

14. Shri Amritendu Mukhopadhaya, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services and Department of Refugee Relief and Rehabilitation.

15. Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Department of Environment.

16. Shri Rabin Mukherjee, Minister-in-charge of Transport Department.

17. Shri Pransanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development, Metropolitan Development and Urban Water Supply and Sanitation in the Department of Health and Family Welfare.

18. Shri Syed Abul Mansur Habibullah, Minister-in-charge of Legislative Department and Judicial Department and matters relating to Minorities Affairs in the Home Department.

19. Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance Department and Department of Development and Planning (excluding Sundarban Areas Branch, Jhargram Affairs Branch and Hill Affairs Branch).

20. Shri Md. Abdul Bari, Minister of State for Primary and Secondary Education under the Minister-in-charge of Primary Education and Secondary Education.

21. Shrimati Chhaya Bera, Minister of State-in-charge of Social Education, Non-Formal Education and Library Services of Department of Education.

22. Shri Subhas Chakraborti, Minister of State-in-charge of Deparment of Sports and Youth Services and Minister of State for Dairy Developement Branch under the Minister-in-charge of Animal Husbandry and Veterinary Services Department.

23. Shrimati Nirupama Chatterjee, Minister of State-in-charge of Relief Branch of Relief and Welfare Department.

24. Shri Ram Chatterjee, Minister of State-in-charge of Civil of Defence Branch of Home Department.

25. Shri Sibendra Narayan Chowdhury, Minister of State for Transport Branch of Home Department under the Minister-in-charge of Transport Branch of Home Department.

26. Shri Santi Ranjan Ghatak, Minister of State-in-charge of Labour Department.

27. Shri Ram Narayan Goswami, Minister of State-in-charge of Public Health and Programme in the Department of Health and Family Welfare.

28. Shri Dawa Lama, Minister of State for Hill Affairs Branch of Development Planning Department under the Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Civil Defence and Parliamentary Affairs Branches and matter relating to Minorities Affairs) and Hill Affairs Branch of Development and Planning Department.

29. Shri Sunil Majumdar, Minister of State for land and Land Reforms Department under the Minister-in-charge of Land and Land Reforms Department and Department of Rural Development.

30. Shri Abdur Razzak Molla, Minister of State-in-charge of Sundarban Areas Branch of the Development and Planning Department.

31. Dr. Ambarish Mukhopadhyay, Minister of State-in-charge of Medical Education, Equiments and Supplies in the Department of Health and Family Welfare.

32. Shri Bimalananda Mukherjee, Minister of State-in-charge of Excise Department

33. Shri Kiranmoy Nanda, Minister of State-in-charge of Department of Fisheries.

34. Shri Probhas Chandra Phodikar, Minister of State-in-charge of Information and Cultural Affairs Department.

35. Shri Patit Paban Pathak, Minister of State-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

36. Shri Achintya Krishna Roy, Minister of State for Food and Supplies Department under the Minister-in-charge of Food and Supplies Department and Department of Forest and Tourism.

37. Shri Banamali Roy, Minister of State for Scheduled Casts and Tribes Welfare Department under the Minister-in-charge of Scheduled Casts and Tribes Welfare Department.

38. Shri Sailen Sarkar, Minister of State for Local Government and Urban Development under the Minister-in-charge of Local Government and Urban Development.

39. Shri Prabir Sen Gupta, Minister of State-in-charge of Department of Power.

40. Shri Pralay Talukder, Minister of State-in-charge of Cottage and Small Scale Industries Department.

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

## PRINCIPAL OFFICERS AND OFFICIALS

Speaker—SHRI HASHIM ABDUL HALIM

Deputy Speaker—SHRI KALIMUDDIN SHAMS

Secretary—SHRI L. K. PAL

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abdul Mannan, Shri (149-Arambagh—Hooghly)
2. Abdul Quiyom Molla, Shri (119-Diamond Harbour—24-Parganas)
3. Abdur Razzak Molla, Shri (106-Canning East—24-Parganas)
4. Abdul Wahed, Shri (42-Harishchandrapur—Malda)
5. Abdur Rauf Ansari, Shri (145-Bowbazar—Calcutta)
6. Abdus Sattar, Shri (55-Lalgola—Murshidabad)
7. Abdus Sobhan Gazi, Shir (120-Magrahat West—24-Parganas)
8. Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
9. Abul Mansur Habibullah, Shri Syed (272-Nadanghat—Burdwan)
10. Abedin, Dr, Zainal (34-Itahar—West Dinajpur)
11. Adak, Shri Gourhari (172-Shyampur—Howrah)
12. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
13. Adhikari, Shri Sisir (211-Contai South—Midnapore)
14. Anwar Ali Sk., Shri (168-Panchla—Howrah)
15. Atahar Rahaman, Shri, (59-Jalangi—Murshidabad)
16. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C) — Burdwan]
17. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (S.C) — Purulia]
18. Bandyopadhaya, Shri Balai (184-Haripal—Hooghly)
19. Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

20. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)

21. Banerjee, Shri Amiya Bhusan (96-Hasnabad—24-Parganas)

22. Benerjee, Shri Madhu (257-Kulti—Burdwan)

23. Banerjee, Dr. Sushovan (284-Bolepur—Birbhum)

24. Banerji, Shri Radhika Ranjan (136-Kamarhati—24-Parganas)

25. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—24-Parganas)

26. Barma, Shri Manindra Nath [9-Tufanganj (S.C.) — Cooch Behar]

27. Barman, Shri Dipendra [31-Raiganj (S.C.) — West Dinajpur]

28. Basu, Shri Ajit (129-Naihati—24-Parganas)

29. Basu, Shri Bimal Kanti (5-Cooch Behar West—Cooch Behar)

30. Basu, Shri Debi Prosad (77-Nabadwip—Nadia)

31. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)

32. Basu, Shri Jyoti (117-Satgachia—24-Parganas)

33. Basu, Shri Nihar Kumar (131-Jagatdal —24-Parganas)

34. Basu, Shri Subhas (82-Chakdah—Nadia)

35. Bauri, Shri Gobinda [240-Para (S.C.) — Purulia]

36. Bauri, Shri Madan [247-Indpur (S.C.) —Bankura]

37. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapur)

38. Bera, Shri Pulin (203-Moyna— Midnapur)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

39. Bhattacharya, Shir Amarendra Nath (160-Belgachia West—Calcutta)
40. Bhattacharya, Shir Nani (12-Alipurduar—Jalpaiguri)
41. Bhattacharya, Shri Gopal Krishna (135-Panihati—24-Parganas)
42. Bhattarcharyya, Shri Lal Behari (250-Barjora—Bankura)
43. Bhattacharyya, Shri Staya Pada (68-Bharatpur—Murshidabad)
44. Bhowmik, Shir Kanai (228-Dantan—Midnapur)
45. Bhunia, Dr. Manas (216-Sabong—Midnapur)
46. Biswas, Shir Ananda Mohan (74-Krishnaganj—Nadia)
47. Biswas, Shri Anisur Rahman (93-Swarupnagar—24-Parganas)
48. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
49. Biswas, Shri Hazari, [53-Sagardighi (S.C.)—Murshidabad]
50. Biswas, Shri Jayanta Kumar (61-Naoda—Murshidabad)
51. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (S.C.)—24-Parganas]
52. Biswas, Shri Kanti (86-Gaighata—24-Parganas)
53. Biswas, Shri Kumud Ranjan [98-Sandeshkhali (S.C.)—24-Parganas]
54. Biswas, Shri Satish Chandra [80-Ranaghat East (S.C)— Nadia]
55. Bora, Shri Badan [255-Indas (S.C)—Bankura]
56. Bose, Shri Biren (25-Siliguri—Darjeeling)
57. Bose, Shri Nirmal (20-Jalpaiguri—Japaiguri)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

58. Bose, Dr. Sisir Kumar (146-Chowringhee—Calcutta)

59. Borui, Shri Nabani [249-Gangajalghati (S.C) — Bankura]

60. Chakraborty, Shri Ajit Kumar (258-Barabani—Burdwan)

61. Chakraborty, Shri Jatin (151-Dhakuria—Calcutta)

62. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)

63. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)

64. Chakraborty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)

65. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)

66. Chandra, Shri Anup Kumar (148-Alipore—Calcutta)

67. Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)

68. Chatterjee, Shri Dhirendra Nath (273-Raina—Burdwan)

69. Chatterjee, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)

70. Chatterjee, Shri Ram (185-Tarakeshwar—Hooghly)

71. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II — Burdwan)

72. Chattopadhyay, Shri Dhrubeswar (236-Arsa—Purulia)

73. Chattopadhyay, Shri Sadhan (75-Krishnagar East—Nadia)

74. Chattopadhyay, Shri Sailendra Nath (181-Champdani—Hoogly)

75. Chattopadhyaya, Shri Santasri (179-Uttarpara — Hooghly)

76. Chaudhuri, Dr. Kiran (141-Shyampukur — Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

77. Choudhury, Shri Biswanath (38-Balurghat—West Dinajpur)

78. Choudhury, Shri Gunadhar (254-Kotulpur—Bankura)

79. Chowdhury, Shri Abdul Karim (28-Islampur—West Dinajpur)

80. Chowdhury, Shri Benoy Krishna (271-Burdwan South—Burdwan)

81. Chowdhury, Shri Bikash (262-Jamuria—Burdwan)

82. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari — Cooch Behar)

83. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (S.C.) — Cooch Behar]

84. Dalui, Shri Shiba Prasad [272-Khandaghosh (S.C.) — Burdwan]

85. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.) — Birbhum]

86. Das, Shri Jagadish Chandra (128-Bijpore — 24-Parganas)

87. Das, Shri Nemai Chandra (118-Falta — 24-Parganas)

88. Das Mahapatra, Shri Kamkshyanandan (215-Patashpur—Midnapore)

89. Daud Khan, Shri (107-Bhangar — 24-Parganas)

90. De, Shri Bibhuti Bhusan (227-Narayangarh — Midnapore)

91. De, Shri Sunil (230-Gopiballavpur — Midnapore)

92. Deb, Shri Saral (90-Barasat — 24-Parganas)

93. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar — Calcutta)

94. Fazle Azim Molla, Shri (114-Garden Reach — 24-Parganas)

95. Ghatak, Shri Santi Ranjan (138-Dum Dum — 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

96. Ghosh, Shri Sambhu Charan (186-Chinsurah — Hooghly)
97. Ghosh, Shri Satyendra Nath (165-Shibpur — Howrah)
98. Ghosh, Shri Asok (162-Howrah North — Howrah)
99. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad — Murshidabad)
100. Ghosh, Shri Debsaran (72-Kaliganj — Nadia)
101. Ghosh, Shri Kamakhya Charan (223-Midnapore — Midnapore)
102. Ghosh, Shri Krishna Pada (155-Beliaghata — Calcutta)
103. Ghosh, Shri Malin (178-Chanditala — Hooghly)
104. Ghosh, Shri Prafulla Kanti (140-Cossipur — Calcutta)
105. Ghosh, Shri Rabindra (171-Uluberia South — Howrah)
106. Ghosh, Shri Susanta (220-Garbeta East — Midnapore)
107. Goppi, Shrimati Aparajita (4-Cooch Behar North — Cooch Behar)
108. Goswami, Shir Arum Kumar (180-Serampore — Hooghly)
109. Goswami, Shri Ram Narayan (270-Burdwan North — Burdwan)
110. Goswami, Shri Subhas (248-Chhatna — Bankura)
111. Guha, Shri Kamal Kanti (7-Dinhata — Cooch Behar)
112. Gupta, Shri Sitaram (130-Bhatpara — 24-Parganas)
113. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town — Midnapore)
114. Habib Mustafa, Shri (44-Ariadanga — Malda)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

115. Habibur Rahman, Shri (54-Jangipur — Murshidabad)

116. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (S.C.) — Hooghly]

117. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (S.C.) — 24-Parganas]

118. Hashim Abdul Halim, Shri (89-Amdanga — 24-Parganas)

119. Hazra, Shir Haran [169-Sankrail (S.C) — Howrah)

120. Hazra, Shri Sundar (222-Salboni — Midnapore)

121. Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C) — Calcutta]

122. Humayoun Chowdhury, Shri (48-Sujapur — Malda)

123. Humayoun Reza, Shri (51-Aurangabad — Murshidabad)

124. Jana, Shir Haripada (217-Pingla — Midnapore)

125. Jana, Shir Manindra Nath (177-Jangipara — Hooghly)

126. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha — Calcutta)

127. Kar, Shrimati Anju (276-Kalna — Burdwan)

128. Kar, Shri Nani (88-Ashokenagar — 24-Parganas)

129. Kazi Hafizur Rahman, Shri (56-Bhagabangola — Murshidabad)

130. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar — Calcutta)

131. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (S.C.) — Bankura]

132. Kisku, Shri Upen [245-Raipur (S.T.) — Bankura]

133. Koley, Shri Barindra Nath (175-Amta — Howrah)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

134. Konar Shrimati Maharani (275-Memari — Burdwan)

135. Kujur, Shri Sushil [14-Madarihat (S.T.) — Jalpaiguri)

136. Kunar, Shri Himansu [219-Keshpur (S.C.) — Midnapore)

137. Kundu, Shri Gour Chandra (81-Ranaghat West — Nadia)

138. Lama, Shri Dawa (23-Darjeeling — Darjeeling)

139. Let, Shri Dhirendra [290-Mayureswar (S.C.) — Birbhum)

140. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur — Howrah)

141. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar — Purulia)

142. Mahato, Shri Shanti Ram (238-Jaipur — Purulia)

143. Mahato, Shri Subhas Chandra (237-Jhalda — Purulia)

144. Mahbubul Haque, Shri (41-Kharba — Malda)

145. Maity, Shri Bankim Behari (207-Narghat — Midnapore)

146. Maity, Shri Gunadhar (125-Patharpratima — 24-Paraganas)

147. Maity, Shri Hrishikesh (126-Kakdwip — 24-Parganas)

148. Maity, Shri Mukul Bikash (210-Contai North — Midnapore)

149. Majee, Shri Surendra Nath [242-Kashipur (S.T.) — Purulia]

150. Majhi, Shri Dinabandhu [66-Khargram (S.C) — Murshidabad]

151. Majhi, Shri Raicharan [282-Ketugram (S.C) — Burdwan]

152. Majhi, Shri Sudhangsu Sekhar [233-Bandwan (S.T.) — Purulia]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

153. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur — Howrah)

154. Majhi, Shri Swadesranjan (201-Panskura East— Midnapore)

155. Malakar, Shri Nani Gopal (83-Haringhata — Nadia)

156. Malik, Shri Sreedhar [267-Ausgram (S.C) —Burdwan]

157. Malick, Shri Shiba Prasad [195-Goghat (S.C.) — Hooghly]

158. Malla, Shir Anadi [221-Garbeta West (S.C.) — Midnapur]

159. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur — Birbhum)

160. Mandal, Shri Gopal [197-Ghatal (S.C.) — Midnapur]

161. Mandal, Shri Jokhilal (47-Manikchak — Malda)

162. Mandal, Shri Prabhanjan Kumar (127-Sagar — 24-Parganas)

163. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (S.C.) — 24-Parganas]

164. Mandal, Shri Siddheswar [287-Rajnagar (S.C.) — Birbhum]

165. Mandal, Shri Sukumar [79-Hanskhali (S.C) — Nadia]

166. Mandi, Shri Rampada [246-Ranibandh (S.T.) — Bankura]

167. Mandi, Dr. Sambhu Nath [232-Binpur (S.T.) — Midnapore]

168. Majumder, Shri Sunil (285-Labhpur — Birbhum)

169. Mazumdar, Shri Dilip Kumar (264-Durgapur-I — Burdwan)

170. Md. Abdul Bari, Shri (60-Domkal — Murshidabad)

171. Md. Nezamuddin, Shri (153-Entally — Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

172. Minz, Shri Patras [26-Phansidewa (S.T.) — Darjeeling]

173. Mir Abdus Sayeed, Shri (115-Maheshtala —24-Parganas)

174. Mir Fakir Mohammad, Shri (71-Nakashipara —Nadia)

175. Mishra, Shri Abanti (212-Ramnagar — Midnapur)

176. Misra, Shri Kashi Nath (251-Bankura — Bankura)

177. Mitra, Dr. Ashok (108-Jadavpur — 24-Parganas)

178. Mitra, Shri Somendra Nath (156-Sealdah — Calcutta)

179. Mohammad Ramzan Ali, Shri (29-Goalpokhar — West Dinajpur)

180. Mohanta, Shri Madhadendu (70-Palashipara — Nadia)

181. Mojumdar, Shri Hemen (104-Barujpur — 24-Parganas)

182. Mondal, Shri Dinabandhu (204-Mahisadal — Midnapore)

183. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (S.C) — 24-Parganas]

184. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (S.C) — 24-Paraganas]

185. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (S.C.) — Howrah]

186. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat — Birbhum)

187. Mondal, Shri Sahabuddin (73-Chapra — Nadia)

188. Mondal, Shri Sudhanshu [99-Hingalganj (S.C.) — 24-Parganas]

189. Mortaza Hossain, Dr. (92-Deganga — 24-Parganas)

190. Moslehuddin Ahmed, Shri (35-Gangarampur — West Dinajpur)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

191. Motahar Hossain, Dr. (294-Murarai — Birbhum)

192. Mridha, Shri Chitta Ranjan [105-Canning West (S.C.) — 24-Parganas]

193. Mukhopadhaya, Shri Amritendu (76-Krishnanagar West — Naida)

194. Mukherjee, Shri Anil (252-Onda — Bankura)

195. Mukherjee, Shri Bamapada (259-Hirapur — Burdwan)

196. Mukherjee, Shri Bhabani (182-Chandernagore — Hooghly)

197. Mukherjee, Shri Bimalananda (78-Santipur — Nadia)

198. Mukherjee, Shri Biswanath (202-Tamluk — Midnapure)

199. Mukherjee, Shri Joykesh (166-Domjur — Howrah)

200. Mukherjee, Shri Narayan (95-Basirhat — 24-Parganas)

201. Mukherjee, Shri Niranjan (112-Behala East — 24-Parganas)

202. Mukherjee, Shri Rabin (113-Behala West — 24-Parganas)

203. Mukherjee, Shri Samar (43-Ratua — Malda)

204. Mukhopadhyay, Dr. Ambarish (243-Hura — Purulia)

205. Mukhopadhyay, Shri Subrata (142-Jorabagan — Calcutta)

206. Munshi, Shri Mohammad Bacha (27-Chopra — West Dinajpur)

207. Murmu, Shri Maheswar [226-Keshiari (S.T.) — Midnapore]

208. Murmu, Shri Sarkar [39-Habibpur (S.T.) — Malda]

209. Murmu, Shri Sufal [40-Gazole (S.T.) — Malda]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

210. Moazzam Hossain, Shri Syed (128-Debra — Midnapore]

211. Nanda, Shri Kiranmoy (214-Mugberia — Midnapore)

212. Naskar, Shri Gangadhar [109-Sonarpur (S.C.) — 24-Parganas]

213. Naskar, Shri Subhas [101-Basanti (S.C.) — 24-Parganas]

214. Naskar, Shri Sundar [110-Bishnupur East (S.C.) — 24-Parganas]

215. Nath, Shri Manoranjan (279-Purbasthali — Burdwan)

216. Neogy, Shri Brajo Gopal (190-Polba — Hooghly)

217. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga — Murshidabad)

218. O'Brien, Shri Neil Aloysius (Nominated)

219. Omar Ali, Dr. (200-Panskura West — Midnapore)

220. Oraon, Shri Mohan Lal [18-Mal (S.T.) — Jalpaiguri]

221. Paik, Shri Sunirmal [209-Khajuri (S.C) — Midnapore]

222. Pal, Shri Bejoy (260-Asansol — Burdwan)

223. Panda, Shri Bhupal (206-Nandigram — Midnapore)

224. Panda, Shri Mohini Mohan (244-Taldangra — Bankura)

225. Pande, Shri Sadhan (158-Burtola — Calcutta)

226. Pathak, Shrii Patit Paban (161-Bally — Howrah)

227. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur — Midnapore)

228. Poddar, Shri Deokinandan (143-Jorasanko — Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

229. Pradhan, Shri Prasanta (208-Bhagabanpur — Midnapore)

230. Pramanik, Shri Abinash [188-Balagarh (S.C.) — Hooghly]

231. Pramanik, Shri Radhika Ranjan [121-Magrahat East (S.C.) — 24-Parganas]

232. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (S.C.) — Cooch Behar]

233. Purkait, Shri Prabodh [102-Kultali (S.C.) — 24-Parganas]

234. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria - 24-Parganas)

235. Raha, Shri Sudhan (19-Kranti — Jalpaiguri

236. Rai, Shri H. B. (24-Kurseong — Darjeeling)

237. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur — Bankura)

238. Ray, Shri Birendra Narayan (57-Nabagram — Murshidabad)

239. Ray, Shri Dhirendra Nath [21-Rajganj (S.C.) — Jalpaiguri]

240. Ray, Shri Dwijendra Nath (37-Kumarganj — West Dinajpur)

241. Ray, Shri Matish (137-Baranagar — 24-Parganas)

242. Ray, Shri Naba Kumar [32-Kaliaganj (S.C.) — West Dinajpur]

243. Ray, Shri Subhas Chandra [122-Mandirbazar (S.C.) — 24-Parganas]

244. Roy, Shri Amalendra (67-Burwan — Murshidabad)

245. Roy, Shri Banamali [15-Dhupguri (S.C.) — Jalpaiguri]

246. Roy, Shri Haradhan (261-Raniganj — Brudwan)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

247. Roy, Shri Hemanta (278-Monteswar — Burdwan)

248. Roy, Shri Phani Bhusan [45-Malda (S..C.) — Malda]

249. Roy, Shri Provash Chandra (111-Bishnupur West — 24-Parganas)

250. Roy, Shri Sadakanta [1-Mekliganj (S.C.) — Cooch Behar]

251. Roy, Shri Santi Mohun (192-Pursurah — Hooghly)

252. Roy, Shri Sattik Kumar (293-Nalhati — Birbhum)

253. Roy, Dr. Sukumar (239-Purulia — Purulia)

254. Roy, Shri Tarak Bandhu [17-Mainaguri (S.C.) — Jalpaiguri]

255. Roy, Shri Umakanta (292-Hansan (S.C.) — Birbhum]

256. Roy Barman, Shri Kshitibhusan (116-Budge Budge — 24-Parganas)

257. Roy Chowdhury, Shri Nirode (87-Habra — 24-Parganas)

258. Sadhukhan, Shri Tarapada (183-Singur — Hooghly)

259. Saha, Shri Jamini Bhusan (132-Noapara — 24-Parganas)

260. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (S.C.) — Hooghly]

261. Saha, Shri Lakshi Narayan [266-Kanksa (S.C) — Burdwan]

262. Santra, Shri Sunil [274-Jamalpur (S.C.) — Burdwan]

263. Sar, Shri Nikhilananda (281-Mangalkote — Burdwan)

264. Saren, Shri Ananta [229-Nayagram (S.T.) — Midnapore]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

265. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar — 24-Parganas)
266. Sarkar, Shri Dhirendranath [33-Kushmandi (S.C.) — West Dinajpur]
267. Sarkar, Shri Kamal (134-Khardah — 24-Parganas)
268. Sarkar, Shri Sailen (46-Englishbazar — Malda)
269. Satpathy, Shri Abanibhusan (231-Jhargram — Midnapur)
270. Sayed Md. Masih, Shri (268-Bhatar — Burdwan)
271. Sen, Shri Deb Ranjan (269-Galsi — Burdwan)
272. Sen, Shri Dhirendra Nath (289-Mahammad Bazar — Birbhum)
273. Sen, Shri Sachin (152-Ballygunge — Calcutta)
274. Sengupta, Shri Dipak (6-Sitai — Cooch Behar)
275. Sengupta, Shri Prabir (187-Bansberia — Hooghly)
276. Seth, Shri Bhupendra Nath (85-Bongaon — 24-Parganas)
277. Seth, Shri Lakshman Chandra [205-Sutahata (S.C.) — Midnapur]
278. Sha, Shri Ganga Prosad (133-Titagarh — 24-Parganas)
279. Shamsuddin Ahmad, Shri (49-Kaliachak — Malda)
280. Shish Mohammad, Shri (52-Suti — Murshidabad)
281. Sinha, Dr. Haramohan (280-Katwa — Burdwan)
282. Sinha, Shri Prabodh Chandra (213-Egra — Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

283. Sinha, Shri Suresh (30-Karandighi — West Dinajpur)
284. Singha Roy, Shri Jogendra Nath [13-Falakata (S.C.) —Jalpaiguri]
285. Sk. Imajuddin, Shri (62-Hariharpara — Murshidabad)
286. Sk. Siraj Ali, Shri (225-Kharagpur Rural — Midnapur)
287. Soren, Shri Khara [36-Tapan (S.T.) — West Dinajpur]
288. Subba, Shrimati Renu Leena (22-Kalimpong — Calcutta)
289. Sur, Shri Prasanta Kumar (150-Tallygunge — Calcutta)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South — Howrah)
291. Tirkey, Shri Manohar [11-Kalchini (S.T.) — Jalpaiguri]
292. Tribedi, Shri Bankim (65-Kandi — Murshidabad)
293. Tudu, Shri Bikram [235-Balarampur (S.T.) — Purulia]
294. Oraon, Shri Punai [16-Nagrakata (S.T.) — Jalpaiguri]
295. Uraon, Shri Subodh [10-Kumargram (S.T.) — Jalpaiguri]

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 3rd March, 1986 at 3.00 P.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) and Members of the Assembly were present.

[3-00—3-10 P.M.]

Mr. Speaker recevied the Governor in the Entrance Hall where a procession was formed in the following order :-

Marshal

Secretary

Speaker

Governor

Secretary To the Governor

ADC

All members present rose in their seats as the procession entered the Chamber and remained standing until the Governor took his seat.

The Governor ascended the dais on the west and the speaker occupied the seat to the right of the Governor. National Anthem was played.

**The Governor :**

Honourable Mr. Speaker And Honourable Members,

I have great pleasure in welcoming you to this first session of the New Year. I offer you my felicitations and wish you and the people of West Bengal a happy and prosperous New year.

2. I propose to present to you a short review of the major activities and achievements of my Government during the current year and to outline briefly a few of the major schemes and projects for the next year. The Budget estimates for the year 1986-87 will also be laid before you in this session.

3. I mention with deep sorrow the passing away of Shri Charu Chandra Bhandari, Shri Khagendra Nath Dasgupta, Shri Kamala Kanta Hembram and Shri Amar Prasad Chakraborty, all eminent public leaders who were former Ministers of the State, and of Shri Parimal Ghose who had served as Union Minister of State for Railways. We express our grief at the deaths of Shri Kalyan Shankar Roy and Shri Saradish Roy who were Members of parliament, and Shri Suvendu Mondal and Shri Lutful Haque who were sitting members of this Assembly. We also mourn the deaths of Shri Pravat Kar, Sm. Pratima Bose, Shri Debaprasad Ghosh, Shri Pramatha Nath Bishi and Shri Jadu Nath Kisku, all former M.P.s and of Shri Sasabindu Bera, Shri Amalendu Kr. Bagchi, Shri Niranjan Dihidar, Shri Lalit Kr. Sinha, Shri Narendra Nath Ghose, Shri Kanailal Goswami, Shri Amalesh Chandra Mazumdar, Shri Jhon Arthar Baxla, Shri Gobardhan Pakray, Shri Deben Das, Shri Sirish Chandra Banerjee, Janab A.M.A. Zaman, Shri Gofurur Rahaman, Shri Braja Kishore Maity and Dr. Manilal Bose, all former M.L.A.s, and Shri Bibhuti Bhusan Ghatak, and Mrs, Abha Chatterjee, all former M.L.C.s West Bengal also suffered grivously in the passing away of the poet Birendra Chattopadhyay, Swami Vireswarananda, Shri Nikhil Banerjee and Shri Hiranmoy Banerjee.

4. Because of constant vigil exercised during the year, the overall law and order situation in the state continued to be generally satisfactory. The number of party clashes, political murders and agrarion clashes showed a downward trend compared to previous years. There was no large scale incident of communal or extremist violence during the year. This state also continued to remain free of atrocities against members of the Scheduled Castes and Tribes and other weaker sections of society.

5. In 1985-86 Aman transplantation was deplayed as rainfall was insufficient up to the beginning of August. A cyclonic storm with high tides hit the coastal areas of 24-Parganas and Midnapore districts in October last year and claimed 14 lives. 61 Blocks in 7 districts were affected. More than 1,58,000 people had to be shifted to high ground and given relief. 31,190 dwelling houses were completely damaged. A large number of breaches in the coastal embankment occurred due to the cyclone which have since been repaired. I must also refer here to three others calamities that occurred in recent months, i. e., the fires in Howrah market and in the New Market in December, and at the Ganga Sagar mela in January this year. 35 lives were lost in these unfortunate fires. The cyclonic storm damaged about 92,000 hectares of Aman crop. In addition about four lakh hectares of Aman crop were affected by Rice Hispa attack. In spite of this, it was possible to bring

40 lakh hectares under Aman as against the target of 41 lakh hectares. It is expected that Aman rice production this year will not fall below the level of 6.16 million tonnes achieved last year. The target for total foodgrain production in 1986-87 has been fixed at 9.7 million tonnes. Because of the high price of jute last year, the farmers preferred to grow more jute by diverting Aus area and consequently the area under jute increased by 38%. Unfortunately the jute growers have been hard hit by abnormally low prices this year. The increasing trend in oilseeds production is expected to be maintained this year also. Production under potato and vegetables is also expected to be satisfactory. For agricultural development in the backward area of the Terai in North Bengal, a new programme has been introduced with Dutch assistance. The scope of crop insurance has been extended from this year to cover all farmers who avail of crop loans. This will help to restore their credit eligibility in the event of crop failures.

6. In the Irrigation Sector, the Mayurakshi Reservior Project has been fully completed, and the Kangsabati Reservior and the Damodar Valley Corporation (Barrage and Irrigation) Project are nearing completion. It is also expected that irrigation on a limited scale may be started from the Teesta Barrage in the coming year. This project costing Rs.415 crores has received no special Central assistance except Rs.5 crores in 1983. We have been repeatedly pressing for Central assistance without which it cannot be completed within the current plan period. It is hoped that the Central Governmemt would agree to assist this important project in North Bengal. In addition to the major irrigation projects, 18 medium irrigation projects have been taken up. Additional irrigation potential likely to be created in 1986-87 will be of the order of 22,000 hectares. In the Flood Control Sector about 75,000 hectares will be protected. Besides major and midium irrigation projects a massive programme has been taken up during the year for various minor irrigation installations to create a potential of about 1.38 lakh hectares with world Bank assistance. Comand Area Development as in three major command Areas, namely, Kangsabati, Damodar Valley and Mayurakshi is expected to be extended shortly to the Teesta Irrigation Command also.

7. Land reforms are an integral part of the strategy for rural development. Land totaling an area of 8.10 lakh acres was distributed among 16.27 lakh beneficiaries up to 1985. More than half of the beneficiaries are members of the Scheduled Castes and Scheduled Tribes. Till the end of September last year 13.33 lakh sharecroppers were recorded. under the West Bengal Acqisition of Homestead Land for Agricultural Labour, Artisan and Fisherman Act, 1975, 2.02 lakh per-

sons have been recorded, assuring each of them a secure home.

[3-10—3-20 P.M.]

8. The three-tier Panchayati Raj bodies now in their second term of five years continue to fuction as strong and viable agencies for rural development. Important schemes like National Rural Employment programme and Rural Landless Employment Guarantee programme continue to be implemented by these bodies with the active participation of the local people. Under Rural Landless Employment Guarantee programme 63.06 lakh man-days were generated till November, 1985. Out of 3,16,649 beneficiaries identified under the Rural Housing Scheme, 2,73,626 persons have been given plots of land and 1,18,323 persons construction assistance.

9. An outlay of Rs.4,125 crores has been approved for the Seventh plan and Rs.776 crores for the Annual plan of 1986-87. In determining the size of the plan, priority has given as before to Agriculture, Irrigation and Flood Control, power, Education, and Rural Develpoment. The Emphasis is primarily on benefits for the poorer sections of the community including landless farm workers, sharecroppers, small farmers and artisan. For achieving the objective of decentralised planning District and Block Planning has been introduced. The planning machinery, both at district and block level, has accordingly been strengthened. Under the National Rural Employment programme, 10 per cent of the allocation has been earmarked for schemes directly benefiting the Scheduled Castes and Tribes, and another 20 per cent for social forestry and fuel plantations. The Integrated Rural Development Programme has been accelerated in recent years. 2,75,406 families were assisted during 1984-85, exeeding the physical target for the year.

10. Concerted efforts continue to be made for the welfare of the Scheduled Castes and Scheduled Tribes. Apart from programmes for their education and training, including construction of hostels,book grants and scholarship, 1,81,293 Scheduled Caste and 46,567 Scheduled Tribe members were economically assisted during the current financial year through family income-generating schemes under the special component plan and Tribal sub-plan. The West Bengal Scheduled Castes and Tribes Development and Finance Corporation has financially assisted in the current year 59,540 Scheduled Caste and 9,770 Scheduled Tribe applicants through subsidies in order to obtain Bank loans. During the last financial year 7,50,000 man-days were created. 25,576 Scheduled Tribe families were given benefits in respect of minor forest produce and Rs.300 lakh worth of goods were distributed.

11. Co-operative Institutions play a vital role in uplifting the agricultural population. Following the concept of "total credit", a scheme has been drawn up to reorganise 2,000 primary agricultural credit societies during the 7th plan enabling them to adopt multifarious functions. The existing-storage capacity of 2,21,710 M.T. in godowns will be augmented by an additional 28,000 M.T.

12. As part of the socio-economic and direct rehabilitation programme for refugees, 421 displaced, families belonging to the Homes, ex-camp and enclave migrant categories were rehabiliatated during the year. 12,646 lease deeds in squatters colonies and 26,798 title deeds in Rural and Urban Government sponsored colonies were registered.

13. Preservation of the environment and conservation of nature and wild life are receiving increasing attention. Under social Forestry project the actual achievement has been 62,000 hectares against the target of 46,000 in the first four years, i.e., 1981-82 to 1984-85. With the adoption of the second tiger reserve at Buxa and the Jorepokhri Salamandar Sanctuary, wild life sanctuaries and reserves will amount to more than 30% of the forest area. The State pollution control Board has identified the major polluting industries and has been taking action to ensure proper treatment of effluents. The Ganga Action plan is now under implementation which will improve the quality of river by treatment of effluents and ensuring environmental sanitation along its banks.

14. Special emphasis is being given to providing drinking water in every village. This year additional 140 problem village will be covered. Besides, 175 piped water supply schemes were commissoned during the year. Major water supply schemes under execution include those for Haldia, Uluberia and Kalimpong.

15. The climate for industrial investment has shown a remarkable improvement and there is a growing interest among entrepreneurs for setting up industries in the State. Traditional industres like tea have also shown an improvement in recent years. The most important joint sector agreement during the last year related to the Haldia Petrochemical Project for which a new joint sector company has already started functioning and technical collaboration and licence agreement have been entered into with foreign collaborators and consultants. A feasibility report for a revised product-mix has also been prepared. The necessary clearances are awaited from the Government of India. The West Bengal Industrial Development Corporation is implementing a number of other joint sector projects. Three of these projects are expected to commence commercial production within this financial year. A number of units have started

production in phase I of the Electronic Complex at Bidhan Nagar. Development work is proceeding in the second phase for which 93 acres will be developed. The Export processing Zone at Falta has shown considerable progress and 18 units with a project cost of about Rs.30 crores have already been approved. However, the investment made in West Bengal in the Central public sector have been meagre. No decisions have still been announced on such exceedingly important projects like modernisation and expansion of Durgapur Steel, IISCO, and the Haldia Oil Refinery. Similarly, the Central Government has yet to agree to the long-standing demand of this State for setting up new projects like an Electronics Complex, an integral coach factory or a ship repair yard. Hon'ble Members are aware how adversely the interests of this State have been affected by the inequitable policy of freight equalisation for coal and iron and steel products. There has so far been no clear response to our longstanding demand either to abolish it or to extend it other raw materials of national importance like cotton, petroleum products, chemicals etc.

16. Managerial and ownership control of thirteen closed and sick units uder Industries (Development and Regulations) Act, 1951 has been acquired involving about 12,850 employees. Two units, i.e. Eastern Distilleries and Alok Udyog Vanaspati and Plywood Company Ltd. earned & profit in 1985. Out of the 13 units, 4 units have been nationalised so far. Our intention to nationalise the remaining 9 units could not be realised because of a recent decision of the Government of India to protect pre-take over liabilities of Banks and Financial Institution in the event of nationalisation. The matter has been taken up with the Government of India. My Government had also participated in the reconstruction of 47 units with over 36,000 employees by declaring these units as "Relief Undertaking".

[3-20—3-30 P.M.]

17. Significant advances have been made in the field of Cottage and Small Scale Industries. In 1984-85 an amount of Rs.217.53 lakh was disbursed as incentives and in 1985-86 the expenditure under this head is expected to be Rs.240 lakh. The number of units set up in 1985-86 was 33,000 and the target in 1986-87 is 37,000 units with employment potential of 1,74,000. The programmes of the Khadi and Village Industries Board are likely to generate employment for 55,000 persons in rural areas. Under the employment programme for educated youth 24,300 unemployed youth are expected to be benefited during 1985-86 against 22,910 youths in 1984-85. In the Sericulture sector, three Demonstration Farms will be set up in 1985-86 for the benefit of

those belonging to Scheduled Castes and Scheduled Tribes. Similarly, Tasar and Eri cultivation will benefit about 600 persons belonging to these communities.

18. The power sector continues to engage Government's serious attention. During the year 1985-86 the State Electricity Board has been able to stabilise its 210 MW unit at Kolaghat Thermal Power Station. Another unit of 210 MW in Kolaghat has been synchronised in December, 1985. The CESC has also commissioned its fourth 60 MW unit at Titagarh. Against total generation of 6,045 million unit by the WBSEB and the CESC during 1984-85, the generation during 1985-86 is expected to be 6,900 million unit, thus registering an increase of 15%. The sixth power Unit of 110 MW at Durgapur projects power Station is scheduled to start opearation by March, 1986. It is heartening that the IDBI has after appraisal, recently sanctioned a loan of Rs.232 crores for the Kolaghat thermal project. However, several proposals for additional power generation are pending for the necessary clearances of the Central Government. These include the 2,000 MW project in Sagardighi, a 630 MW project at Bakreswar and the 210 MW seventh unit of DPL. It is hopped that the Central Government will accord its approval for these major power projects expeditiously. The WBSEB has also a programme for electrification of 2,400 mouzas and energisation of 18,000 pump-sets during 1986-87. Under the special programme for electrification of the houses of people belonging to Scheduled Castes and Tribes and other weaker sections, 20,000 families are expected to be covered. This scheme provides for extension of power up to the houses of beneficiaries with internal wiring and fixtures free of cost.

19. There has been a general improvement in industrial relations during the current year. Most of the disputes over bonus were generally settled at bipartite level and the number of causes where the concilation machinery of the State Government had to intervene has declined over the years from 680 in 1983 to 292 in 1985. Sixteen out of 20 jute mills which had earlier been under lock-out have since reopened. The jute industry is, however, faced with a number of serious problems which include lack of investment for modernisation, financial mismanagement, shrinkage of international markets, instability in the price of raw jute, and management-labour relations. It continues to suffer from the onslaught from synthetics. The Central Government's policy of recycling old gunny bags further restricts domestic demand and needs to be reviewed in order to revive the industry. Concerted action by public undertakings and financial institutions for revival and proper management of sick units is essential in the interest of both the economy and the

workers. The Rules under the Factories Act are being amended to incorporate provisions for more stringent safety measures. It has also been decided to set up a Chemical Wing under the Factories Directorate in order to formulate and monitor safety measures on a continuous basis.

20. During the current year construction of 160 kms. of new roads and some major and minor bridges is expected to be completed in the State. Construction work on 6 road overbridges and 4 major bridges is going on. Next year it is proposed to construct 58 kms. of new roads.

21. In the Transport sector several measures have been taken to improve public transport through acquisition of new buses and trams, construction of depots and workshops and executing traffic engineering schemes. The State Government has repeatedly pressed the Ministry of Railways for several new railway lines or extensions to connect important places in the State. Unfortunately these proposal have been turned down. The matter has again been taken up with the Government of India.

[3-30—3-46 P.M.]

22. During the current year 250 new junior High School with 5,000 teachers will be opened. In 1986-67 it is proposed to open another 250 Junior High School and 200 new primary Schools. Enrolement in non-formal education centres has also expanded from 49,000 in 1979-80 to 5,31,000 by 1985-86. During the year 1985-86 3,000 new non-formal education centres are expected to be opened. An additional 3,000 centres are proposed for the year 1986-87 which would bring the enrolement of non-formal centres to 6,26,000 by end of the year. During the 6th plan period, enrolement in classes IX and X in recognised High Schools has increased from 6,78,000 to 9,00,000. During this year 50 new Higher Secondary Institutions would also be opened and another 50 Secondary Schools are proposed for upgradation next year. The Vidyasagar University was formally inaugurated on the 15th January, 1986. The Central Government proposes to establish a Kendriya Sanskrit Vidyapeeth in Calcutta for which 2 acres of land have been earmarked. Construction of a Government College at Haldia is in progress and 17 new non-government colleges have been sanctioned.

23. For carrying the Health and Family Welfare programmes to the villages, 41,232 Health Guides have been trained and are now working in their respective villages. A State General Hospital at Salt Lake with 100 beds is due to be opened during the current year. 2 Primary Health Centres, 13 Subsidiary Health Centres and 2 Rural Hospitals

have also been sanctioned.

24. In spite of the substantial depletion of stocks held by the Food Corporation of India in the State, erratic and inadequate arrival of foodgrains and sugar, and the inability of FCI to disperse evenly the available stocks to all areas of the State, the public distribution system was maintained without any breakdown. A quantity of 17.76 lakh M.T of foodgrains was distributed through public distributions system in 1985. The heavy shortfall in the supply of soft coke led to which was only about 60% of the State's requirement. People's representatives, Panchayats and Municipalities are associated in the effective functioning of the public distribution system. More than 96% of the population in the districts has been provided with individual ration cards. Khadya-O-Sarbaraha Sthayee Samities of the Panchayat Samities and Zilla Parishads and Standing Committees of Municipalities oversee the functioning of the public distribution system. My Government has repeatedly urged the Government of India to expand the Public Distribution System to cover 14 essential items consumed by the common man in order to ensure their availability at reasonable cost.

25. The Central Government has recently increased the prices of rice and wheat sold through ration shops. A sizeable increase in the price of petroleum Products has also been made. This is likely to add to the distress and suffering of the common people who use kerosene and public transport services. Such an extraordinary increase, which has been somewhat reduced subsequently, is hardly justifiable in the context of falling international prices of petroleum products. The people of this State expressed their anguish and resentment against this on 11th February. It is hoped that their voice will be heard and their grievances on this score redressed.

26. As Hon'ble Members are aware, General Election to the Calcutta Municipal Corporation was held in June, 1985. The electoral rolls of 75 municipalities including the Chandernagore Municipal Corporation are now being revised for final publication. It is expected that during the current year new municipalities will be formed at Mal in the district of Jalpaiguri, Kaliaganj in West Dinajpur, Sainthia in Birbhum and Guskara in Burdwan. To strengthen municipal administration, 76 Executive Officers, 26 Finance Officers and 33 Health Officers have been appointed

to different municipalities.

For the development of the Calcutta region, CMDA is executing several water supply, sewerage and drainage schemes. Under the Bustee Improvement Scheme, 74,000 slum dwellers within Calcutta and Howrah will be provided this year with improved facilities like sanitary latrines, piped water supply, sewers, drains and improved roads with street lighting. CMDA aims to cover another 80,000 bustee dwellers next year. Thirty-one municipalities, three corporations and two Notified Area Authorities in CMDA area have been entrusted with the execution of their own Ward Level Development Schemes. At present about 3,500 schemes are in operation in different municipalities.

28. In the sphere of Art Culture, an Art Film Theatre Complex (Nandan) was commissioned in September, 1985 and a permanent pavilion at Pragati Maidan, New Delhi, is nearing completion. The Bengali Feature Film "Kony" produced by the Government was awarded "Swarna Kamal" at the National Film Festival. Major project like the Colour Film and sound Laboratory Complex at Salt Lake, the Information Centre at Siliguri, Girish Mancha Theatre Hall at Bagbazar, and an art Gallery and Exhibition Hall in the Calcutta Information Centre are all likely to be opened in the coming year. In the districts, 18 stadiam and 3 swimming pools are under construction.

29. For improving General Administration, several measures are under way. As per the Finance Commission's award, police housing, construction of jails, buildings for judicial courts and staff quarters are under implementation. A new Subdivision has been set up in Bolpur and the bifurcation of 24-Parganas will soon take place. I may add that in the meantime the bifurcation has been completed. The State Vigilance Commission continues to maintain its drive against corruption in public services.

30. Honourable Members will have the opportunity to discuss all these and other issues during the current session. I wish you success in your deliberations.

31. Hon'ble members once again I express my heartfelt gratitude to you, Jai Hind.

(National Anthem was again played. The Governnor then left the Chamber in procession in the same order as he came in.)

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House Calcutta on Monday, the 3rd March, 1986 at 4-30 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 18 Ministers, 19 Ministers of State and 226 Members.

[4-30—4-36 P.M.]

**Mr. Speaker :** I beg to report that the Governor has been pleased to make a speech today and a copy of the speech has been placed on the table.

Motion, if any, under rule 16(3) of the Rules of procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly may now be moved.

## Motion of Thanks

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি প্রস্তাব করছি, রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হোক:—

"মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ৩রা মার্চ, ১৯৮৬ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে"।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমার একটু বক্তব্য আছে। আমরা শুনেছিলাম এঁদের আগামী ৫/৬ তারিখে দিল্লিতে ডেমোন্সট্রেশন আছে কাজেই হাউস অ্যাডজোর্ন হবে। কিন্তু আপনি হাউসের টানা প্রোগ্রাম দিয়েছেন। আমরা বুঝেছিলাম পরের সপ্তাহ থেকে আলোচনা হবে। এখানে চিফ মিনিস্টার রয়েছেন, পার্লামেন্টারি মিনিস্টার রয়েছেন, আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করে নিবেদন করছি মহামান্য রাজ্যপালের ভাষণের প্রত্যুত্তরে ধন্যবাদসূচক প্রস্তাবের উপর সংশোধনী দেবার সময় এক সপ্তাহ বাড়িয়ে দিন।

**মিঃ স্পিকার ঃ** আমি বলেছিলাম ৫/৬ তারিখ হাউস অ্যাডজোর্ন করা যায় কিনা সে সম্বন্ধে আলোচনা করে ঠিক করব। সাত্তার সাহেব ৭ তারিখের কথা বলেছিলেন, তাহলে তো আমাদের ১০ তারিখে ডিবেট আরম্ভ করতে হয়। ১২ তারিখে বাজেট পেশ করা হবে, কাজেই ৫/৬ তারিখে আর ছুটি দেওয়া হল না।

Hon'ble members, amendment to this motion of thanks will be recevied in the office up to 3 p.m. on Wednesday, the 5th March, 1986.

## Adjournment

The House stands adjourned at 4.36 p.m. till 1 p.m. on Tuesday, the 4th March, 1986 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 4th March, 1986 at 1 P.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 8 Ministers, 7 Ministers of State and 105 Members.

### OBITUARY REFERENCES

[1-00—1-10 P.M.]

**Mr. Speaker :** I rise to perform a melancholy duty to refer to the sad demise of Prime Minister of Sweden, a sitting Member of parliment, ex-Ministers of the State, and the Union ex-Members of this Legislature and the Parliament and other personalities, renowned in their respective spheres, who passed away after the last session of the House.

### Mr. Olof Palme

The Swedish Prime Minister, Mr. Olof Palme was shot dead by an unknown assailant on the 28th February, 1986 at stockholm. He was 59.

Born in 1927 in Stockholm, Mr. Palme completed his graduation in 1944 and thereafter he did his compulsory military service. He studied law at stockholm university and obtained his degree in 1951.

In 1952 Mr. Palme was elected president of the National Swedish Union of students. Even before that Mr. Palme was active in International student work. He was one of those who initiated the International student meeting in stockholm in 1950. He joined the Swedish Social Democratic Party in 1952.

Mr. Palme became a member of the First Chamber of the Swedish parliament in 1956. In 1963, he became a cabinet member and Minister without portfolio. In 1967 he became the Minister for Education and in 1969 he was made the Prime Minister by king Gustav VI. His party was ousted from power in 1976 but he remained on Swedish political scene as the Chief opposition figure to the Centrist Government. He was once appointed by the General Secretary of U.N. to mediate between Iraq and Iran in the Gulf War and he conducted four missions in the matter till February, 1982. His persuation to dis-

armament policy and ardent effort to establish world peace was remarkable. He was a relative of the late Rajani Palme Dutt.

At the demise of Mr. Palme the world has lost an outstanding statesman and politician and an ardent fighter for world peace.

**Shri. Amar Prasad Chakraborty**

Shri Amar Prasad Chakraborty, M.P, Trade Union Leader and former West Bengal Minister died on the 27th December, 1985 following a heart attack at the age of 64.

Born in December 1921 at Barama, Chittagong district now in Bangladesh, Shri Chakraborty did his M.A. & LL.B. from the Calcutta University. He was an advocate of the Calcutta High Court and the Supreme Court of India. He was drawn to the student movement during the country's independence struggle and was associated with Indian National Congress, Congress Socialist Party since 1936. Inspired by Netaji's ideal, he came in contact with the Forward Bloc in 1939. He suffered imprisonment several times during the independence movement. After independence he was again arrested by the then Government during food movement and Tramways fare increase movement. He was a member of the West Bengal Legislative Council from 1962-68. Shri Chakraborty was the General Secretary of the T.U.C.C. and Member Secretary of the (i) All India Forward Bloc, West Bengal and (ii) the Central Committee of the All India Forward Bloc. He was Minister-in-charge of the Department of Excise, Judicial, Legislative and the Press and Passport Branches of Home Department in United Front Government of West Bengal in 1967. He was elected to the Rajya Sabha in 1979.

At the demise of Shri Chakraborty, the country has lost a veteran Trade Union leader and a seasoned politician.

**Shri Kamala Kanta Hembram**

Shri Kamala Kanta Hembram, former West Bengal Forest Minister breathed his last on the 24th October, 1985. He was 58. Shri Hembram was born at Netkamla (Bankura) and graduated from Bankura Christian College. He was connected with Congress since 1941 when he was a student. Subsequently he became the Vice-President of Bankura District Congress Committee and Member of W.B.P.C.C. and also AICC. He was a member of the West Bengal Legislative Assembly from 1952 to 1967 and from 1971 to 1977. In 1971 he was Minister-in-charge of the Forests Department and the Supplies Branch of the Food and Supplies

Department. He was also associated with various social and education organisations.

On the death of Shri Hembram there has been a void in the political and social arena in the state.

### Kabiraj Bimalananda Tarkatirtha

Kabiraj Bimalananda Tarkatirtha, a veteran freedom fighter and renowned ayurvedic physician died on the 25th January, 1986. He was 91.

He was a close associated of Netaji Subhas Chandra Bose. Giving up active politics following Netaji's departure from the country, he devoted himself to ayurvedic profession. Among his patients were Rabindranath Tagore and Subhas Chandra Bose. But in deference to Dr. Bidhan Chandra Roy's wishes, he resumed his political career in 1952 and was a member of the West Bengal Legislative Assembly from 1952 to 1967 from Purbasthali Constituency, Burdwan. He was the Secretary of the Congress Legislature party from 1957 to 1962.

On the death of Shri Tarkatirtha there has been a great loss in the political field in the state.

### Dr. Manilal Bose

Dr. Manilal Bose, Ex-M.L.A. and a renowned physician breathed his last on the 30th September, 1985 at the age of 80.

Dr. Bose associated himself with the Congress from his early life. He became a member of the West Bengal Legislative Assembly in March, 1957 from Bally (Howrah) constituency. He was the Chairman of the Howrah District Board for a long time and was connected with various social charitable organisations. His services for upliftment of the down-trodden and for spread of education amongst them will be respectfully remembered.

At the demise of Dr. Bose, we have lost a dedicated politician.

### Sm. Ashalata Sen, Ex-M.L.A.(Undivided Bengal)

Sm. Ashalata Sen, renowned freedom frighter and social worker died on the 13th February, 1986. She was 92.

Sm. Sen was born in Noakhali, now in Bangladesh in February, 1894. In 1905 she came into limelight when a collection of her poems, protesting against the proposed partition of Bengal was published. She lost her husband at the age of 22 and since then devoted herself to the freedom movement under Gandhiji's leadership. Sm. Sen set up a num-

ber of women organisations influenced by the Gandhian ideals of Khadi and self-sufficiency. The Satyagrahi Sevika Dal was set up under her initiative in support of civil Disobedience Movement and the Dandi March. She went to Noakhali to defy Salt Laws of the British Government and prepared Salt in public. She suffered imprisonment several times for freedom movement. In 1946 Mrs. Sen was elected un-opposed to the Bengal Legislative Assembly on Congress ticket from Dacca Constituency. After the partition of India, She stayed in East Pakistan and continued as a member of the East Bengal Legislative Assembly. Mrs. Sen spent the last part of her life in New Delhi.

We have lost a veteran freedom fighter and a keen social worker at the demise of Sm. Sen.

**Professor Nirmal Chandra Bhattacharyya**

Professor Nirmal Chandra Bhattacharyya, a well known teacher and ex-member of the West Bengal Legislative Council expired in Calcutta on the 12th January, 1986 at the age of 88.

Born in September, 1897 at Faridpur, now in Bangladesh, Prof. Bhattacharyya was educated at Faridpur Government School and Presidency College, Calcutta. He obtained his M.A. and LL.B. Degrees from the Calcutta University. He taught at Scottish Church College from 1921 to 1959 and also at the Calcutta University. He was member and subsequently became the Secretary of the Executive Committee of the Bengal Provincial Congress Committee. He was a delegate to the All Parties National Convention in 1929 which drafted the first Indian Constitution. He was the founder member of the All Bengal College and University Teachers Association and connected with many other educational and social organisations. He was the Author of "Reform of Secondary Education" and joint author of "Modern Political Theory" and "Modern Constitutions". He wrote numerous articles in various journals and publications on cultural subjects. He was a member of the West Bengal Legislative Council since 1952 till its abolition in 1969.

At the death of Prof. Bhattacharyya the country has lost a renowned educationist as well as a senior political leader.

**Sm. Ava Chatterjee**

Sm. Ava Chatterjee, ex-M.L.C. of West Bengal breathed her last on the 11th November, 1985 in Calcutta. She was 64.

Born in Calcutta on the 27th October. 1921. Sm. Chatterjee got

her education privately at home. She was a social worker and connected with various woman's organisations either as founder president or secretary or executive member. She published articles, poems and storied in "Ankush", "Pathsala", "Bharatvarsha", "Basumati" etc. She was elected to the West Bengal Legislative Council as a Congress Candidate in 1959.

The demise of Sm. Chatterjee is a great loss to the social and political field in the state.

[1-10—1-18 P.M]

**Shri Amulya Chandra Sirkar**

Shri. Amulya Chandra Sirkar, Ex-M.L.C. breathed his last on the 22nd November, 1985. He was 77.

Popularly known as Rakhal Sarkar, Shri Sirkar was associated with many humanitarian services of the Calcutta Corporation. He was the Chief whip of Congress Party in Calcutta Corporation for a long time. He was elected to the West Bengal Legislative Council in 1967 from Calcutta Local Authorities Constituency on a Congress ticket. He worked untiringly for development of and spread education amongst the downtrodden people of Eastern Calcutta.

At the death of Shri Sirkar the State has lost a political and a social worker.

**Shri Parimal Ghosh**

Shri Parimal Ghosh, Ex-Union Minister of State passed away on the 14th October,1985, in Calcutta at the age of 68.

Born at Jalpaiguri on March, 15, 1917 Shri Ghosh Graduated from St. Paul's College and did his M.A. in History from Calcutta University. He did his best for the betterment of tea and paper Industries and setup mini paper mills in Calcutta and Ghaziabad. He was first elected to the Lok Sabha from Ghatal Constituency in Midnapore in 1967 and became Minister of State for Railways the same year. He was also Minister of State for works and Housing from 1970 to 1971. He served as Director of the Coffee Board from 1973 to 1975 and of the General Insurance Corporation of India from 1975 to 1977. Shri Ghosh was one of the Indian delegates to the 35th U.N. General Assembly session in 1980. He was also the Ambassador to Turkey from 1981 to 1984.

He was connected with various social organisations and was a great sports-lover.

We have lost a prominent political leader at the demise of Shri Ghosh.

**Rukmini Devi Arundale**

Shrimati Rukmini Devi Arundale, founder president of Kalakshetra and an ex-member of the Rajya Sabha breathed her last on the 24th February, 1986 following a brief illnsss. She was 82.

Shrimati Arundale was born at Madurai on the 25th February, 1904 in an orthodox Brahmin family. She married George Arundale, a foreigner and a follower of Annie Besant. She went on tours with her husband to spread the message of culture. In 1926, She met Anna Pavolva in Australia and took ballet tuition from the Russian Soloist, Cleo Nordi. In 1932 She saw Bharat Natyam for the first time and was ushered into a new world of rythmic beauty and meaning.

Her first performance in 1935 conclusively removed the social stigma on dance. In 1936, she set up Kalakshetra, an institution which now teaches Bharat Natyam, Kathakali, Classical Music, Painting and Dance. She produced many dance dramas and plays.

Shrimati Arundale was nominated a member of the Rajya Sabha twice, once in 1952 and again in 1956. Her name was mentioned in 1977 as a possible candidate in the Presidential Election.

She received the Padma Bhusan in 1956, fellowship of Sangeet Natak Academy in 1968 and Deshikottama from Visva Bharati in 1972.

The country has lost a great exponent of artistic values at the demise of Shrimati Arundale.

**Shri Prabhat Kumar Mukhapadhyay**

Shri Prabhat Kumar Mukhopadhyay, biographer of Rabidranath Tagore breathed his last at Santiniketan on the November 7,1985 at the age of 93.

Born at Ranaghat on July 27, 1892, Shri Mukhopadhyay spent his school days there and at Giridih. He participated in the protest against the partition of Bengal in 1907 when he was in School and as a result, he was turned out of the school. In 1908 he passed the Entrance Examination from the National School. After his father's death, Rabindranath Tagore gave him a berth at Santiniketan in 1909. Thus began an association with the institution which ended only with his death.

He did some valuable research on Greater India under Prof. Sylvain

Levy. He also studied Chinese and Tibetan under Prof. Levy and Prof. Tucci. In 1927 he started work on his "Rabindra-Jeevani" which he completed in four volume after 29 years. Others noted books by him are "Rabindrabarshapanji" (1962), "Rabindranather Chenashona Manush"(1963), "Rabindranather Gaan-kalanukramik Suchi" (1969) and "Gitabitan-Kalanukramik Suchi"(1973). He wrote on various subjects such as physical, historical, social and economic aspects of India and the freedom movement and even completed a Bengali encyclopaedia.

As a Librarian at Santineketan he helped to build the library of Biswabharati from a small nucleus to its present unique standard. He had some works in Decimal system in the classification of Library books. For several years he was Vice-President of the Indian Library Association and the Bengal Library Association.

In 1957, the West Bengal Government awarded him the Rabindra purashkar for his biography of the poet. In 1961, the Sahitya Academi gave him the Tagore centenary prize. The following year he went to Russia as a guest of the Soviet Academy of Science in connection with the studies of Tagore and Indian literature by soviet scholars. In 1965, Visva-Bharati awarded him the Desikottama. In July 1978, Calcutta University at a special convocation at Santiniketan, awarded him the Jagattarini Medal. Government of India conferred on him Padma Bhusan in 1981.

The death of Shri Prabhat Kumar Mukhopadhyay has created a void in the cultural and educational field of the country which is hard to fill.

### Malesela Bengamin Moloise

Malesela Bengamin Moloise, a black poet of south Africa was hanged on the 18th October, 1985 by the South African Government on the charges that he assassinated a black policeman in 1982 ignoring the worldwide appeals for elemency. He was 28.

His poems inspired the black people to come forward for fighting against the racist regime of his country. Mr. Moloise was closely associated with the guerrillas who have been fighting to free Pretoria from the clasp of apartheid Government. In the little span of poetic career he composed innumerable poems which will remain ever shining in the minds of freedom lovers of all times. He bravely faced the cruelty of South African Government. Even on the eve of execution he looked fresh and strong.

He sent his message to South Africa's black people through his

mother that "freedom is at hand - the struggle must go on."

The martyrdom of Benjamin Moloise will never be in vain.

**Professor A.L. Basham**

Professor Arthur Liewelyn Basham, the famous Indologist died in Calcutta on the 27th January, 1986. He was 72.

Born at Laughton in Essex, England in 1914. Professor Basham came to India with his father and spent a part of his childhood in this country. He received his formal education from the School of Oriental and African Studies of London University. Where he subsequently became a Professor and continued till 1965.

Although a Christian by birth he studied other religions and took interest in Hinduism and Buddhism and ultimately lost faith in some of the fundamental doctrine of Christanity.

He became well known as a scholar of Oriental studies in his early forties and was offered visiting lecturership in a number of countries. He gave lectures in universities in the U.S.A., India and Pakistan. He also taught in the Australian National University, Canbera and Centre of Religious Studies, University of Toranto, Canada. He contributed regularly to scholarly journals and his book "The wonder that was India" was acclaimed internationally. His two other well known books are "Studies in India History and culture" and "History and Doctrines of Ajivikas". He became a fellow of the Asiatic Society in 1966 and was awarded Bi-centenary plaque by the society this year. "Deshikottama" the highest honour of the Viswa Bharati University was also conferred on him in December last.

At the demise of Prof. Basham we have lost a great scholar and a great friend of India.

**Nikhil Banerjee**

Nikhil Banerjee, a renowned sitarist died on the 27th January, 1986 at his residence in Calcutta following a heart attack. He was 55.

Born in 1931, Shri Banerjee was initiated to music when he was barely four year old and at nine he gave his first public concert as a chilld prodigy. He learned from a number of eminent musicians like Johu Gomes, Jnan Prakash Ghosh, Mustaq Ali Khan, Radhika Mohan Maitra. He took advanced lessons in music from Ustad Allauddin Khan and was also student of his son Ustad Ali Akbar Khan for a long period. He was awarded Padmashree in 1968 and Sangeet Natak

Academy award in 1974. He was also a guest professor at Visva Bharati. He was for some time a visiting professor at the American School for Eastern Arts, California.

His death is an irreparable loss in the world of music.

Now I request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage honourable members stood in silence for two minutes).

Thank you, Ladies and Gentlemen, Secretary will send the message of condolence to the family members of the deceased.

## Adjournment

The House was then adjourned at 1.18 p.m. till 1 p.m. on Wednesday, the 5th March, 1986 at the "Assembly House", Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 5th March, 1986 at 1 P. M.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 9 Ministers of State and 119 Members.

**Starred Questions**

**(to which oral answers were given)**

[1-00—1-10 P.M]

**ভি ডি ও শো-র ব্যাপক প্রসার**

*১। (অনুমোদিত প্রশ্ন নং *২১।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামে ও শহরে ভি ডি ও শো-র ব্যাপক প্রসার সম্বন্ধে সরকার অবহিত আছেন কি; এবং

(খ) থাকিলে, ঐ শো-র ওপর নিয়ন্ত্রণ রাখা এবং তার কুফল রোধ করার কোনো প্রস্তাব সরকারের আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ভি ডি ও শো-এর নিয়ন্ত্রণের জন্য সরকারের তরফ থেকে লাইসেন্সিং অথরিটিগণকে আইনসঙ্গত ব্যবস্থা গ্রহণের জন্য সবরকম নির্দেশ দেওয়া হয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, শহরাঞ্চল এবং গ্রামাঞ্চলে যেভাবে ভি ডি ও শো-এর প্রসার ঘটছে সেভাবে খবরাখবর রাখার জন্য আপনার দপ্তর থেকে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে? অর্থাৎ আমি জানতে চাইছি এ বিষয়ে সঠিক খবর আপনার দপ্তরের কাছে আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** প্রচলিত যে বিধি-বিধান এবং আইন আছে সে অনুযায়ী ভি ডি ও শো যারা করতে চায় তাদের লাইসেন্স নিতে হয়। লাইসেন্স দেওয়ার অথরিটি যাঁরা, তাঁদের উপরে দায়িত্বভার দেওয়া আছে। জেলা পর্যায়ে জেলা-সমাহর্তা এবং কলকাতায় পুলিশ কমিশনারের কাছ থেকে সিনেমেটোগ্রাফিক অ্যাক্ট অনুযায়ী লাইসেন্স নিতে হয়। লাইসেন্স না নিয়ে ভি ডি ও শো করলে সেটা আইনযোগ্য অপরাধ হিসাবে ধরা হয়। লাইসেন্সের সঙ্গে ট্যাক্স দেওয়ারও বিধান আছে। তবে সম্প্রতিকালে অস্বস্তিকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। হাই কোর্টের একটি মামলায় জানা গিয়েছে—যদিও সঠিক এবং বিস্তারিত তথ্য পাইনি—

সিনেমেটোগ্রাফিক অ্যাক্ট প্রচলিত হলেও জেলা পর্যায়ে নতুন করে বিধি-বিধান নাহলে লাইসেন্স চাওয়া বাধ্যতামূলক হবে না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আজ পর্যন্ত কতগুলি ভি ডি ও শো-এর ক্ষেত্রে লাইসেন্স ইস্যু করা হয়েছে? এ বিষয়ে কোনো সামগ্রিক তথ্য কি আপনার কাছে আছে?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** বিভিন্ন জেলা থেকে প্রত্যেক কোয়ার্টারের তথ্য নিয়ে আসা হয়। সেই তথ্য নির্দিষ্ট করে বলে দেয় কত লাইসেন্স দেওয়া হয়েছে। কিন্তু লাইসেন্স যারা গ্রহণ করেনি তাদের তথ্য আমাদের কাছে নেই। প্রতিটি জেলার তথ্যই সদস্যরা চাইলে আমি দিতে পারি।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, শহর-টহর নয়, গ্রামাঞ্চলে এবং পাড়ায় পাড়ায় মাইক বাজিয়ে অ্যাডভার্টাইজ করে ভি ডি ও শো-এর মাধ্যমে যে সমস্ত অশ্লীল ছবি দেখানো হচ্ছে সে সমস্ত সম্পর্কে পুলিশকে জানানো সত্ত্বেও পুলিশ নিষ্ক্রিয় থাকে, এ সম্পর্কে কি আপনার কাছে কোনো খবর আছে?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** নির্দিষ্ট অভিযোগ পাওয়া গেলে কেস করা হয়।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আজ পর্যন্ত বিভিন্ন জেলায় ব্লু ফিল্ম দেখানোর জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং কতজনকে গ্রেপ্তার করা হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** বিধি-বিধান ভঙ্গের এ পর্যন্ত যে তথ্য আমার কাছে আছে তাতে প্রায় ৪০টি জায়গায় মামলা করা হয়েছে।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বীরেন রায়ের অতিরিক্ত প্রশ্নের পরিপ্রেক্ষিতে আমি একটি প্রশ্ন করতে চাই। বিভিন্ন জেলার গ্রামে গ্রামে ভি ডি ও শো-এর মাধ্যমে যে সমস্ত অশ্লীল ছবি প্রতিদিন দেখানো হচ্ছে সে সমস্তগুলিকে কঠোর হস্তে দমন করবার জন্য রাজ্য তথ্য দপ্তর থেকে মহকুমা শাসক এবং জেলা শাসকদের কাছে কি কোনো নির্দেশ পাঠানো হয়েছে? যদি হয়ে থাকে তাহলে তা কার্যকরি হচ্ছে না কেন?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** ১৯৮৩ সালের ২৩ সেপ্টেম্বর নির্দেশ দেওয়া হয়েছে। সেই নির্দেশ বলবৎ আছে। সাম্প্রতিক হাইকোর্ট থেকে যে নির্দেশ এসেছে তাতে অস্বস্তিকর পরিস্থিতি হয়েছে। আমাদের সামগ্রিক পরিস্থিতিটা বিবেচনা করতে হচ্ছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** যারা লাইসেন্স নেয়নি এমন লোকও ভি ডি ও দেখাচ্ছেন। এইসব লোকদের ধরবে কে, পুলিশ, এস. ডি. ও. না ম্যাজিস্ট্রেট।

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** হাইকোর্টের যে নির্দেশের কথা বললাম যার এখনও বিস্তৃত তথ্য জানতে পারিনি। লাইসেন্স দেওয়া অবলিগেটরি নয়। রুল্‌স সংশোধন করার পর এটা অন্যভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে—লাইসেন্স আছে কি নেই।

## ভূমি-সংস্কার ও ভূমি-সংরক্ষণ বাবদ ব্যয়

*২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭।) **শ্রী কাশীনাথ মিশ্র :** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২ সালের জুলাই মাস হতে ১৯৮৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ভূমি-সংস্কার ও ভূমি-সংরক্ষণ বাবদ সরকারের কত টাকা ব্যয় হয়েছে;

(খ) উক্ত সময়ে কত পরিমাণ জমি অধিগ্রহণ হয়েছে এবং কত জমি বিলি করা হয়েছে; এবং

(গ) সমগ্র পশ্চিমবাংলায় খণ্ড খতিয়ান ও পরচা লেখার কাজ ত্বরান্বিত করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :**

(ক) ২,৪৯২.৯৩ টাকা

(খ) ন্যস্ত জমির পরিমাণ—৪৭,১২৮.৯৪ একর এবং বিলিকৃত জমির পরিমাণ ৮০,৪২৭.৪৮ একর।

(গ) পশ্চিমবাংলায় ভূমি সংস্কার আইন অনুসারে জরিপের কাজ সর্বত্র চলছে। এই কাজ ত্বরান্বিত করার জন্য বিভিন্ন সেটেলমেন্ট অফিসে নানা ধরনের সরকারি কর্মচারিদের যথা আমিন, জাঞ্চ মোহরার ইত্যাদি পরচা লেখার কাজে নিযুক্ত করা হয়েছে।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, যে ন্যস্ত জমি সরকারের হাতে এসেছে সেই ন্যস্ত জমির মধ্যে কত পরিমাণ জমি বিভিন্ন আদালতে বা মহামান্য হাইকোর্টে মামলা সংক্রান্ত ব্যাপারে জড়িত আছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** ১ লক্ষ ৮২ হাজারের মতন। আপনি যা প্রশ্ন দিয়েছেন তার টোটাল ধরলে সমস্ত রাজ্যে ১ লক্ষ ৮২ হাজার একরের মতন জমি হাইকোর্টে ইনজাংকটেড হয়ে আছে।

**শ্রী কাশীনাথ মিশ্র :** হাইকোর্টে যে সমস্ত জমি ইনজাংশান হয়ে পড়ে আছে সেখানে এই ব্যাপারে সরকারের আইনজীবীরা ন্যস্ত আছেন। আমার প্রশ্ন হচ্ছে, এই কেসগুলি ত্বরান্বিত করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** এ ব্যাপারে বহুবার বলেছি। কিছু কিছু ইনজাংশান ভ্যাকেট করেছি। আবার নতুন করে ইনজাংশান হয়েছে। এটা সকলেই জানেন, হাইকোর্টে ডিসপোজাল অফ কেস কয়েক লক্ষ, শুধু জমির ব্যাপার নয়, বিভিন্ন ব্যাপারে বহু কেস পেন্ডিং আছে যেটা ডিসপোজাল হচ্ছে না। সর্বভারতীয় ক্ষেত্রে এই প্রশ্ন দেখা দিয়েছে কি করে কুইক ডিসপোজ্যাল অফ দি কেসেস হয়।

**শ্রী কাশীনাথ মিশ্র :** আপনি বললেন, ২৪ কোটি ৯২ লক্ষ ৯৩ হাজার টাকা ভূমি

সংস্কার ও ভূমি সংরক্ষণ বাবদ ব্যয় হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, কি কি বাবদে সেটা ব্যয় করেছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আপনি আবার প্রশ্ন দেবেন, আমি বলে দেব। আপনি তো হেডওয়াইজ চাননি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** কি পারপাসে ব্যয় করলেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আপনি যে প্রশ্ন দিয়েছেন সেই অনুযায়ী উত্তর দিয়েছি। এখন হেড ধরে ধরে যদি বলতে হয় তাহলে আপনি পুনর্বার প্রশ্ন দেবেন।

[1-10–1-20 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—যে কংগ্রেস আমলে যে সমস্ত জমি অবৈধভাবে বিলি বন্টন করা হয়েছিল, এখন পঞ্চায়েত থেকে ভূমি কমিটি তা নতুন করে অ্যানালমেন্ট করছেন, — এ. ডি. এম. ইত্যাদি সবসময় কিন্তু পাট্টা ক্যান্সেল করতে পারছেন না। এর ফলে জমির ক্ষেত্রে নতুন সমস্যা তৈরি হচ্ছে। আপনি এই বিষয়টি সহজ করার জন্য কিছু চিন্তাভাবনা করছেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এ ব্যাপারে দুটো প্রসিডিওর আছে। আগে জমি যাকে দেওয়া উচিত নয় সেকশান ৪৯ অনুযায়ী যে এলিজিবল সেই এলিজিবল পার্সেনকে না দিয়ে অন্যকে দেওয়া হয়েছে। অ্যানালমেন্টের যে প্রসিডিওর সেটা একটু কঠিন। অ্যানালমেন্টের বহু কেস আছে। এগুলি জেনারেলি এস. ডি. ও.কে করতে হয়। নানারকম ব্যাপার, সেটা নিয়ে খানিকটা অসুবিধা আছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় ন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—বিগত রাজ্যপালের ভাষণে আমরা এই তথ্য পেয়েছি, যে ৮ লক্ষ একর জমি বিলি হয়েছে। ১৯৮২ থেকে ১৯৮৫ পর্যন্ত ৮০ হাজার একর বিলি হয়েছে, এর বাইরে ৭ লক্ষ ২০ হাজার একর কংগ্রেস রেজিমে বিলি হয়েছে। আপনাদের কার্যকালে আপনাদের সরকার কত বিলি করেছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আপনার প্রশ্নের জবাব আমি আগেই দিয়েছি। পশ্চিমবঙ্গে জমি বিলি হয়েছে। দুটো সময়ে। ১৯৬৭ থেকে ১৯৬৯ সালে হরেকৃষ্ণ কোনোরের আমলে ৬ লক্ষ ১৪ হাজার একর জমি বিলি হয়েছে। আপনাদের আমলে একছটাকও জমি বিলি করা হয়নি।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—যেগুলি পার্টলি ভেস্টেড ল্যান্ড আছে, যা ডিমারকেটেড করা হয়নি অথচ মালিকের অধীনে আছে এই জমির পরিমাণ কত?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** নোটিশ দেবেন, সংগ্রহ করে বলে দেব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি—১৯৭৫-৭৬ সালে কংগ্রেসের আমলে ভূমিহীনদের যে পাট্টা দেওয়া হয়েছে ১৯৭৭-৭৮ সালে যেগুলি বে-আইনিভাবে কেড়ে নেওয়া হয় সেগুলি পুনরায় পাট্টা দেবার কথা বিবেচনা করছেন কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** প্রশ্নটা হচ্ছে যে ১৯৬৯ সালে যে ৬ লক্ষ ১৪ হাজার একর জমি হরেকৃষ্ণ কোনার মহাশয়ের আমলে বন্টন করা হয়েছিল তাদের কিছু পাট্টা দেওয়া হয়। ২ অক্টোবর গান্ধীজির জন্মদিনে বিলি করা হবে বলে তৎকালীন মুখ্যমন্ত্রী মহাশয় টার্গেট করেছিলেন এবং কাজ আরম্ভ করেছিলেন। কিন্তু দেখা গেল যে জমি দখল করা রয়েছে। একজনের নামে পাট্টা, দখল করেছে অন্য লোক। অনেক সময় কাগজে-কলমে লিখে রাখা হয়েছে কিন্তু ফিল্ডে যাওয়া হয়নি। এইসব জিনিস হয়েছে। আমি ইনভেস্টিগেশনে দেখেছি বাবার শিলিং ছাড়া জমি আছে তা ভেস্ট হয়েছে, কারণ বর্তমান হিন্দু ল অনুযায়ী ছেলে মালিক নয়।

কিন্তু বাবার অতিরিক্ত জমি ভূমিহীন পুত্রকে দেওয়া হয়েছে—এইরকম কেস আছে। সে কারণে জোর দাবি উঠেছিল অ্যানাল করার, কিন্তু এই অ্যানাল করবার প্রসিডিওরে নানা ডিফিকালটিজ আছে। হয়ত সেই জমি এক হাতে নেই, হস্তান্তর হয়েছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** ভূমিহীন, যাঁরা এই পাট্টা পেয়েছিলেন, কংগ্রেস করে বলেই কি তাঁদের কাছ থেকে জমি কেড়ে নেওয়া হবে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** বহুবার বলেছি যে, সেকশন ৪৯ অনুযায়ী যাদের জমি খুব কম তাদের তালিকা তৈরি হবে। অগ্রাধিকারের ভিত্তিতে এই তালিকা তৈরি হয়, কংগ্রেস বা কম্যুনিস্টের প্রশ্ন নেই। যে এলিজিবল হবে সেই এতে আসবে। কোয়েশ্চেনটা হচ্ছে এলিজিবিলিটির। একটু আগে একটি কেসের কথা বললাম যে, পিতার অতিরিক্ত জমি পুত্রকে দেওয়া হয়েছে। এটাই হচ্ছে কোয়েশ্চেন, কোনো দলের ব্যাপার এতে নেই। সেকশন ৪৯ হচ্ছে জমি বিলি করবার ধারা এবং সেই ধারা অনুযায়ীই এটা করতে হবে। সেই ধারাতে যারা এলিজিবল নয়, পাবে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি এখানে যে ডাটা দিয়েছেন, আমার স্পেশিফিক প্রশ্ন, যুক্তফ্রন্টের আমলের শর্ট টাইমের মধ্যে তাঁরা যে জমি উদ্ধার ও বন্টন করেছিলেন তার তুলনায় এই আমলে যত জমি উদ্ধার হয়েছে, বিলি হয়েছে অনেক কম। কারণ যুক্তফ্রন্ট সরকারের আমলে ৬ লক্ষ একর জমি বিলি করা হয়েছিল, অথচ এই ডাটায় দেখছি যে, উদ্ধার করা ১২ লক্ষ একর জমির মধ্যে ৮ লক্ষ একর জমি বিলি করা হয়েছে। অর্থাৎ যতটুকু উদ্ধার হয়েছে, তার মধে। ৩.৭৫ লক্ষ্য একর বিলি করা হয়েছে। উদ্ধার এবং বন্টনের মধ্যে এত তফাৎ হবার কারণ কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** লিটিগেশন খুব হবে না। আগেকার আমলে — ১৯৬৭ সালে ৯ মাস এবং ১৯৬৯-৭০ সালের ১৩ মাস আইন করবার সুবিধা ছিল না। সেই সময় পিজেন্ট, যাদের জমি অনেক বেশি ছিল সেগুলো দখল করে নেওয়া হয়েছিল। কিন্তু এখন লিগ্যাল সিস্টেমের ভেতরে এটা করতে হচ্ছে বলে অনেক ডিফিকাল্টিজ হচ্ছে। তখন এমনও দেখা গেছে, বিলি বন্টন করবার জন্য দখল করা হয়েছে ভেস্টেড ল্যান্ড। কিন্তু পাট্টা করবার ফলে কমপ্লিকেশন সৃষ্টি হয়েছে। তবে এই কাজ একদিনেই করা যায়। যখন বিপ্লব করে করা হবে তখন এই কাজ একদিনেই করা হবে, তখন বেশি সময় লাগবে না। তখন বলে দিলেই হবে যে, এই জমি দখল করে নাও। ডিফারেন্সটা হচ্ছে এই জায়গায়।

*3-Held over

**বনাঞ্চল তৈরির জন্য কেন্দ্রীয় অর্থ ব্যয়**

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩।) **শ্রী অনুপকুমার চন্দ্র এবং শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৫-৮৬ সালে (জানুয়ারি মাস পর্যন্ত) এ রাজ্যে বনাঞ্চল তৈরির জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক রাজ্য সরকারকে দেয় টাকা সম্পূর্ণ ব্যয় হইয়াছে কিনা; এবং

(খ) না হইলে, তাহার কারণ কি?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ**

(ক) শতকরা ৫০ টাকা খরচ হয়েছে। বাকি টাকায় কাজ চলছে।

(খ) মরসুম অনুযায়ী বনসৃজনের কাজ হয়। আর্থিক বছরের শেষ দিকেই আগামী বছরের শেষ দিকেই আগামী বছরের বনসৃজনের প্রস্তুতিমূলক কাজগুলি করা হয়।

[1-20–1-30 P.M.]

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে শতকরা ৫০ ভাগ কাজ হয়নি—এটা এই আর্থিক বছরে শেষ হবে কি না?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** আমি বলেছি আর্থিক বছরের শেষ দিকে প্রস্তুতিমূলক কাজ হয়। জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল এই সময়ে মাটির কাজ করা হয় এবং চারা তৈরি করা হয়। বর্ষা শুরু হলে অর্থাৎ জুন-জুলাই মাসে চারা বপন করা হয়। এই আর্থিক বছরে কতটা কাজ হয়েছে সেটা বললাম এবং সেটা হল প্রস্তুতিমূলক কাজ।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে শতকরা ৫০ ভাগ কাজ হয়েছে। আমি জানতে চাই কত টাকার উপর শতকরা কত টাকা টোটাল খরচ করা হয়েছে?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** এই ব্যাপারে নির্দিষ্ট কোনো যোগফল নেই। আমাদের বিভিন্ন স্কীম আছে, তারমধ্যে কতকগুলি আমি বলতে পারি। গ্রামীণ জ্বালানী কাঠের আবাদ প্রকল্প—বাজেটে এই খাতে ২৪ লক্ষ্য টাকা ধরা আছে। কেন্দ্র অ্যাড-হক বেসিসে এটা দিয়েছেন। এই খাতে জানুয়ারি পর্যন্ত খরচ হয়েছে ২৫.৯৬ লক্ষ টাকা। নদী উপত্যকায় মৃত্তিকা সংরক্ষণ প্রকল্প—এই দপ্তরে ৫০ লক্ষ টাকা ধরা আছে। জানুয়ারি পর্যন্ত খরচ হয়েছে ৩৩.৮৫ লক্ষ টাকা। অপারেশন সয়েল ওয়াচ প্রকল্প—এই খাতে ৩৫ লক্ষ টাকা পাওয়া গেছে, খরচ হয়েছে ৪১.৬৮ লক্ষ টাকা। গঙ্গা উপত্যকা প্রকল্পে ৪৭.৫০ লক্ষ টাকা কেন্দ্রের কাছ থেকে পাওয়া গেছে, খরচা হয়েছে ৫৫.৫৮ লক্ষ টাকা। প্রকল্প অনুযায়ী কাজগুলির ৫০ ভাগ মোটামুটি কাজ হয়েছে, এই বছরের জুলাই মাসে সম্পূর্ণ হবে।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ১৯৮৫-৮৬ সালের আর্থিক বছরে বাকি কাজটা শেষ হল না ১৯৮৬-৮৭ সালে বনাঞ্চল বাবদ যে বরাদ্দ সেটা কমে যাবে কি না?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** বনাঞ্চল বাবদ বরাদ্দ কমে যাবার কোনো প্রশ্ন ওঠে না, কারণ ফরেস্ট ম্যানেজমেন্টে এই ধরনের পদ্ধতির কথা বলা আছে।

**২৪-পরগনা জেলার মুনি নদী ক্লোজার পরিকল্পনা**

***৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৩১৫।) **শ্রী প্রবোধ পুরকায়েত :** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগনা জেল্যার মুনি নদী ক্লোজার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে;

(খ) সত্য হইলে, ঐ পরিকল্পনার কাজ কবে নাগাদ শুরু হইবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) উক্ত পরিকল্পনায় কত অর্থ বরাদ্দ করা হইয়াছে?

**শ্রী আব্দুর রাজ্জাক মোল্লা :**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) প্রশ্নই ওঠে না।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে মুনি নদী ক্লোজারের কোনো পরিকল্পনা সুন্দরবন উন্নয়ন পরিষদের হাতে নেই। কিন্তু আমার জানা আছে যে সুন্দরবন উন্নয়ন পরিষদের বিভিন্ন পরিকল্পনার যে ব্লু প্রিন্ট দেওয়া হয়েছিল সেই পরিকল্পনার মধ্যে মুনি নদী ক্লোজার পরিকল্পনাও ছিল। আমার প্রশ্ন হচ্ছে সুন্দরবন উন্নয়ন পরিষদের বিভিন্ন ইঞ্জিনিয়ার এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে এই ক্লোজার নির্মাণের জন্য স্থান পরিদর্শন করতে গিয়েছিল এর কারণটা কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** আমাদের আর্থিক ক্ষমতা অনুযায়ী মোট ৫টি ক্লোজারের কাজ হাতে নেওয়া হয়েছে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক ২ বছর কাজের মেয়াদ বাড়িয়ে দিলে তবে মুনি নদী ক্লোজারের কাজ করা সম্ভব হবে।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পরিকল্পনা অনুযায়ী কাজ চলছে এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক সময়সীমা বাড়িয়ে দিলে এই পরিকল্পনা করা যেতে পারে। যে সময়ের মধ্যে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা খরচ করার কথা ছিল, যে সময়ের মধ্যে এই পরিকল্পনা করার কথা ছিল সেই সময়ের মধ্যে কাজ হয়নি বলে পরিকল্পনা বাদ পড়ছে। অর্থাৎ আমার প্রশ্ন হল সুন্দরবন উন্নয়নের পরিষদের টাকা নির্দিষ্ট সময়ের মধ্যে খরচা করতে না পারার জন্য কি পরিকল্পনা বাদ পড়ছে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** টাকা, সময় এবং ইন্সফ্রাস্ট্রাকচার সমস্ত কিছু ঠিক আছে। আপনি ঐ বোর্ডের একজন সদস্য, আপনি ভাল করেই জানেন যে ১০টি পরিকল্পনার মধ্যে ৫টির কাজ চলছে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক সময়সীমা ২ বছর বাড়িয়ে দিলে মুনি নদী ক্লোজার

নিশ্চিতভাবে হবে, এই কথা আপনি আমার চেয়ে আরও ভাল করে জানেন।

### আর এল ই জি পি বাবদ কেন্দ্রীয় বরাদ্দ

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৩।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—১৯৮৩-৮৪, ১৯৮৪-৮৫ এবং ১৯৮৫-৮৬ সালে (জানুয়ারি মাস পর্যন্ত) কেন্দ্রীয় সরকার আর এল ই জি পি বাবদ রাজ্য সরকারকে কত টাকা বরাদ্দ করেছেন এবং রাজ্য সরকার উক্ত সময়ে কত টাকা খরচ করেছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ**

আর. এল. ই. জি. পি. খাতে কেন্দ্রীয় সরকারের বরাদ্দ ঃ

| সাল | অর্থ |
|---|---|
| ১৯৮৩-৮৪ | ৭৭০.০০ লক্ষ |
| ১৯৮৪-৮৫ | ১৫৯৭.৬৫ লক্ষ |
| ১৯৮৫-৮৬ | ৩৪৮৪.৭৩ লক্ষ |

রাজ্য সরকার এই খাতে খরচ করিয়াছেন ঃ

| সাল | খরচ |
|---|---|
| ১৯৮৩-৮৪ | কোনো খরচ হয় নাই |
| ১৯৮৪-৮৫ | ১০১৫.৬৩ লক্ষ |
| ১৯৮৫-৮৬ | ১৪৩৯.৪০ লক্ষ |

(জানুয়ারি ১৯৮৬ পর্যন্ত)

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করলে বলবেন যে কেন্দ্র টাকা দিচ্ছে না; কিন্তু আমার প্রশ্ন হচ্ছে—আপনি দয়া করে বলবেন কি—যে টাকা কেন্দ্র দিচ্ছে, সেগুলো খরচ করতে না পারার কারণ কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এর প্রথমেই বলতে হয় যে, এই প্রকল্পটি ১৯৮৩-৮৪ সালে প্রথমে গৃহীত হয় এবং শেষ বছরে—সেপ্টেম্বর মাসে - এই স্কীমগুলো স্যাংশন হয়। এরপরে টাকা প্রথমে এসেছিল ১৮ জানুয়ারিতে। প্রথমে টাকা অ্যালট করা হয় এবং তা পরে ক্যাশ করতে ফেব্রুয়ারি মাস সময় লেগে যায়। এখন নিশ্চয়ই বুঝতে পারছেন যে কেন হয়নি। প্রথম বছরে স্কীমগুলো স্যাংশন করা হল এবং তারপরে টাকা অ্যালটমেন্ট হল। স্যাংশনের জন্য এইভাবে বারেবারে যদি দিল্লিতে যেতে হয় তাহলে ন্যাচারালি দেরি হয়ে যায়। আমরা ১৫ কোটি টাকার মধ্যে ১০ কোটি টাকা খরচ করেছি। এই বছরে দিল্লি মোট ৬টি কিস্তিতে টাকা দিয়েছে—যেমন, প্রথম কিস্তি দিয়েছে ১-৬-৮৫, দ্বিতীয় কিস্তি ১-৭-৮৫, তৃতীয় কিস্তি ১৯-১১-৮৫, চতুর্থ কিস্তি দিয়েছে ১৫-১-৮৬ এবং পঞ্চম কিস্তির টাকা দিয়েছে ২৪-১-৮৬। এইরকমভাবে কিস্তিতে কিস্তিতে টাকা পেলে কাজ করতে খুবই অসুবিধা হয়। প্রথমে টাকার অ্যালটমেন্ট হল, তারপর আমাদের তা পাঠাতে হল। তারপর ঐ টাকা ক্যাশ করতে গিয়েও প্রায় মাস খানেক সময় চলে যায়। তবুও বলছি, ইনস্টলমেন্টে ইনস্টলমেন্টে টাকা পেলেও

তা অ্যাজ আরলি অ্যাজ পসিবল যাতে আমরা কাজ আরম্ভ করতে পারি তারজন্য চেষ্টা করি। এরপরে আবার ইউটিলাইজেশন সার্টিফিকেট প্রথমটির জন্য, সেকেন্ডটির জন্য দিতে হয় —এই সমস্ত কারণে দেরি হয়ে যায়। তবুও আমরা চেষ্টা করছি যাতে তাড়াতাড়ি কাজগুলো কমপ্লিট হয়।

**শ্রী সুনীতি চট্টরাজ** : মাননীয় মন্ত্রী মহাশয়কে রুর‍্যাল লেবার এমপ্লয়মেন্ট গ্যারান্টি প্রোগ্রামের ক্ষেত্রে এইরকম হচ্ছে বললে হয়ত আপনি বলবেন যে আপনার কাছে তেমন কোনো ইনফরমেশান আসেনি। বর্তমানে আর. এল. ই. জি. পি. যেটা কংগ্রেস আমলে শুরু হয়েছিল, সেই সমস্ত কাজের ম্যাকসিমামই কন্ট্রাক্টরদের দিয়েই করানো হচ্ছে এবং তাঁদের বেশিরভাগই হচ্ছে সি পি এম কন্ট্রাক্টর। যে সমস্ত কাজ গ্রামের মিডল ক্লাস ছেলেদের দিয়ে করাবার কথা, সেইসমস্ত কাজে - এই স্কীম অনুযায়ী - তারা কোনো সুযোগই পাচ্ছে না। আপনার কাছে এইরকম কোনো ইনফরমেশান আছে কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী** : না, এটা আদৌ ঠিক নয় এবং ভারতবর্ষের বুকে অন্যান্য কংগ্রেসি রাজ্যগুলির সঙ্গে আমাদের পার্থক্য আছে। আমি এই হাউসে দাঁড়িয়ে বহুবার বলেছি এই পার্থক্যের কথা। কোনো জায়গায় কন্ট্রাক্টরদের দিয়ে আর. এল. ই. জি. পি'র কাজ করালে টাকার একটা বড় অংশ নষ্ট হয়ে যায়। সেজন্য আমরা বলেছি যে ঐভাবে কাজগুলো না করিয়ে লোক্যাল লোকেদের দিয়ে করালে গ্রামের মানুষকে এমপ্লয়মেন্টের সুযোগ দেওয়া যাবে এবং আমরা সেটা দেবার চেষ্টা করছি। আমরা আরও বলেছি যে ঐ সমস্ত কাজ গ্রামের মানুষকে দিয়ে করাতে পারলে সাধারণ লোকেরা অনেক বেশি উপকৃত হবেন। এটা আমাদের প্রিন্সিপল এবং এরজন্য আমরা কন্টিনিউয়াসলি ফাইট করছি। ওয়েজ কম্পোনেন্ট পেলে সাধারণ মানুষের অনেক বেশি উপকার হবে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ** : মাননীয় মন্ত্রী মহাশয় একটু আগে এখানে বললেন যে কেন্দ্রীয় সরকার রাজ্যকে যে টাকা দেন তা আর্থিক বছরের প্রায় শেষের দিকে - ফেব্রুয়ারি, মার্চ মাসে দিয়ে থাকেন এবং সেজন্য কোনো কাজ করা যাচ্ছে না।

**মিঃ স্পিকার** : দি কোয়েশ্চেন ইজ ডিসঅ্যালাউড।

[1-30—1-40 P.M.]

**Mr. Mahammad Ramjan Ali :** Will the Minister-in-charge be pleased to state whether there is any necessity to strengthen the machinery for implementation of the R. L. E. G. P. in time?

**Mr. Speaker :** That is an opinion. It is disallowed.

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আর্থিক বছরের শেষের দিকে টাকা পাওয়া ছাড়াও আমার আরেকটি জিজ্ঞাস্য যে এ পঞ্চায়েতের প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার তৈরি না হওয়ার ফলে কাজের বিলম্ব হচ্ছে এবং প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার না হওয়ার ফলে আর. এল. ই. জি. পি.র কাজ তরান্বিতভাবে গ্রহণ করা যাচ্ছে না।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** আর. এল. ই. জি. পি. সম্পূর্ণ আলাদা ব্যবস্থা। আগে এই স্কীম প্ল্যানিং বোর্ড থেকে পাস হবে তারপরে এটা সেন্টারে পাঠাতে হয় এবং সেখান থেকে স্যাংশান হবার পরে আমাদের টাকা দেওয়া হয়। সুতরাং এটা কমপ্লিটলি সেন্ট্রাল গভর্নমেন্টের স্কীম। এখানে ম্যাচিংয়ের ৫০।৫০ ব্যাপার নেই। এটা একটা কমপ্লিট স্কীম। গভর্নমেন্ট প্ল্যানিং বোর্ডে পাঠিয়ে দেওয়ার পরে পাস হয়ে গেলে তার পরে যখন এটা স্যাংশান হয় তখন আমরা এই টাকায় কাজ করতে পারি এবং তাদের গাইড লাইন, এভরি থিং অনুযায়ী আমাদের কাজ করতে হয়।

**শ্রী সমর মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বললেন যে আর. এল. ই. জি. পি. টাকা শেষের দিকে পাওয়া যাচ্ছে বলে কাজ ঠিকমতো হচ্ছে না, কিন্তু আমি আপনার অবগতির জন্য জানাই যে এই আর. এল. ই. জি. পি.র টাকা হরির লুঠ হচ্ছে। সমগ্র প্রোগ্রাম ক্যানসেল হয়ে যাচ্ছে। কিছু মুষ্ঠিমেয় লোকের হাতে এই আর. এল. ই. জি. পি-র টাকা দেওয়া হচ্ছে। আর. এল. ই. জি. পি-র ব্যাপারে সরকার টোটালি ফেলিওর হয়েছেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** এই আর. এল. ই. জি. পি.র টাকা বরং আমরা অপব্যবহার করতে পারি না, এটা ব্যাঙ্কের সঙ্গে একদম বোঝাপড়া থাকে, সেক্ষেত্রে আই. আর. ডি. পি.র ব্যাপারে স্কীমের অ্যাগেনস্টে একথা বলতে পারেন কিন্তু এই স্কীমে সেটা হতে পারেই না। তবে আপনারা যখন বলছেন সেটা যদি হয়ে থাকে কেন হল সেটা দেখতে হবে।

*7-Held over

**চলচ্চিত্র শিল্প উন্নয়নে কার্যকরি পরিকল্পনা**

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩।) **শ্রী কাশীনাথ মিশ্র :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৫-৮৬ আর্থিক বছরে বাংলা চলচ্চিত্র শিল্পের উন্নয়নের জন্য গৃহীত পরিকল্পনাগুলি কার্যকরি করা হইয়াছে কিনা;

(খ) না হইলে, তাহার কারণ কি;

(গ) উক্ত সময়ে সরকার-প্রযোজিত সমস্ত অর্ধসমাপ্ত ছবিগুলির কাজ সম্পন্ন হইয়াছে কিনা; এবং

(ঘ) না হইলে, তাহার কারণ কি?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার :**

(ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) এই সময়ের আগেই সরকার প্রযোজিত সমস্ত পূর্ণাঙ্গ কাহিনীচিত্রের কাজ সম্পূর্ণ হয়েছে। শুধুমাত্র দুটি শিশুচিত্র অসম্পূর্ণ আছে।

(ঘ) ২টি শিশুচিত্র অসম্পূর্ণ থাকার কারণ—যথাসময়ে কাজ ও খরচের হিসাব দেওয়ায় দীর্ঘসূত্রতা।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি প্রথম প্রশ্নের উত্তরে হ্যাঁ বলেছেন আমার এই বিষয়ে আপনার কাছে প্রশ্ন হচ্ছে কি কি ব্যাপারে পরিকল্পনা গৃহীত হয়েছে, কত পরিমাণ অর্থ এই ব্যাপারে ব্যয় করেছেন এবং কি কি পারপাসে ব্যয় করেছেন?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** সাধারণত চলচ্চিত্র শিল্প প্রসার কল্পে যে যে পরিকল্পনা গ্রহণ করেছি সেগুলির উল্লেখ করছি (১) নিজস্ব প্রয়োজনীয় কাহিনী চিত্র নির্মাণ, (২) বেসরকারি প্রযোজকদের কাহিনীচিত্র নির্মাণের জন্যে অনুদান প্রকল্প, (৩) ফিল্ম প্রোডাকশন ইউনিয়ের মাধ্যমে প্রযোজকদের স্বল্পহারে ক্যামেরা ইত্যাদি ভাড়া করার সুযোগ, (৪) ফিল্ম ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফান্ড গঠন, (৫) আর্ট ফিল্ম থিয়েটার নির্মাণ, (৬) রঙীন চলচ্চিত্র পরিস্ফুটনাগার স্থাপন, (৭) টেক্‌নিসিয়ানস স্টুডিও পরিচালন, (৮) তথ্যচিত্র নির্মাণ, (৯) তথ্যচিত্র ক্রয়, (১০) সংবাদ আলেখ্য নির্মাণ ইত্যাদি এবং (১১) চলচ্চিত্র গৃহনির্মাণ সাহায্য এছাড়া বহু পরিকল্পনা রয়েছে যার টোটাল আর্থিক মূল্য এইভাবে বলা যায় না।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মোট কত ব্যয় হয়েছে জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** প্রত্যেকটি পরিকল্পনা রানিং স্কীম। এক একটি পরিকল্পনায় এক একভাবে ঠিক করে টাকা নির্দ্ধারণ করা হয়। সুতরাং নির্দিষ্টভাবে বললে বলা যাবে।

*9-Held over

**জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির গাড়ি নিয়ন্ত্রণ**

***১০**। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৫।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতিতে যেসব গাড়ি (সরকারি বা ভাড়া করা 'জীপ' ও 'কার') রয়েছে তা কোন্ পদাধিকারীর নিয়ন্ত্রণাধীন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** জেলা পরিষদের অর্থ ও সংস্থা সম্পর্কীয় বিষয় সভাধিপতি ও নির্বাহী আধিকারিক উভয়েরই নিয়ন্ত্রণাধীন। অনুরূপভাবে পঞ্চায়েত সমিতির অর্থ ও সংস্থা সম্পর্কীয় বিষয় সভাপতি ও নির্বাহী আধিকারিক উভয়েরই নিয়ন্ত্রণাধীন। জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির নিজস্ব গাড়ি বা ভাড়া করা গাড়ি স্বভাবতই উক্ত দুই পদাধিকারীর নিয়ন্ত্রণাধীন। পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদকে কোনো সরকারি গাড়ি দেওয়া হয়নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** জেলা পরিষদগুলিতে দেখা যাচ্ছে গাড়ির সংখ্যা ক্রমশ বেড়ে যাচ্ছে। জীপের বদলে এখন অ্যাম্বাসাডার চলছে। আমার প্রশ্ন হচ্ছে কতকগুলি গাড়ি লাগবে তার সীমাবদ্ধ কিছু একটা করে দেবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** গাড়ি প্রয়োজনের অতিরিক্ত আছে কি না, থাকলে তা কমানো। ২ নং হচ্ছে যা আছে তা মেন্টেনান্স এবং যাতে সেইগুলি ওয়ার্কিং অর্ডার থাকে নিশ্চয় সেইগুলি দেখব।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** হাওড়া জেলার সভাধিপতির গাড়িতে লাল আলো জ্বালানো থাকে যেমন মন্ত্রিদের থাকে, এইরকম কোনো অর্ডার আছে কি না সভাধিপতির গাড়িতে লাল আলো লাগানো থাকবে?

**মিঃ স্পিকার ঃ** এ প্রশ্ন উঠে না।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মালদা জেলার সভাধিপতি এবং কিছু পঞ্চায়েত সমিতির সভাপতি ভাড়া করা গাড়ি করে বাজার করে, সিনেমা যায়, বন্ধুবান্ধবদের নিয়ে ভ্রমণ করে এই খবর নেবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এ প্রশ্ন উঠে না।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্য দপ্তরের অ্যাম্বুলেন্সের জন্য যেমন বাৎসরিক ৩০ হাজার টাকা ধরা থাকে, অন্যান্য গাড়ির জন্য ১০ হাজার টাকা বরাদ্দ থাকে তেমনি জেলা পরিষদের গাড়ি বাবদ কত বরাদ্দ থাকে জানাবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** নোটিস চাই।

**শ্রী সমর মুখার্জি ঃ** পশ্চিমবাংলার জেলার সভাধিপতিরা কত গাড়ি দৈনিক ভাড়া নিয়েছেন, এটা জানাবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এটা নোটিশ দিতে হবে।

### সপ্তম যোজনায় নূতন পর্যটন কেন্দ্র

***১১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পর্যটন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সপ্তম যোজনায় এ রাজ্যে কতগুলি নতুন পর্যটন কেন্দ্র গড়ে উঠবে বলে আশা করা যায়; এবং

(খ) ঐ বিষয়ে কোনো স্থান নির্দিষ্ট করা হয়েছে কি?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ**

(ক) সপ্তম পরিকল্পনাকালে এ রাজ্যে ৭টি পর্যটন প্রকল্প রূপায়ণের পরিকল্পনা করা হয়েছে এবং অন্তত ১৪টি স্থানে পর্যটকদের আবাসন ও অন্যান্য সুযোগসুবিধা সম্প্রসারণের কথা ভাবা হচ্ছে।

(খ) নতুন পরিকল্পনাগুলির মধ্যে আছে কলকাতা, সুন্দরবন, আসানসোল, রামপুরহাট, দার্জিলিং, বিজনবাড়ি ও সামগ্রিক পরিকল্পনা সম্প্রসারণের জন্য ধরা হয়েছে কলকাতা, সুন্দরবন, গাদিয়াড়া, ব্যারাকপুর, দিঘা, কাঁকড়াঝোর, মাইথন, বিষ্ণুপুর, মুকুটমণিপুর, অযোধ্যা, কার্শিয়াং, মিরিক, দার্জিলিং, কালিম্পঙ, সন্দকফু, ফালুট প্রভৃতি স্থানে।

[1-40—1-50 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই পরিকল্পনাগুলিকে কার্যকরি করার জন্য কি পরিমাণ অর্থ বরাদ্দ হবে?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** সপ্তম যোজনায় আমরা মোটামুটি ৫ কোটি ৫০ লক্ষ টাকার মতো ধরেছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পর্যটক কেন্দ্র যেসব জায়গায় নির্দিষ্ট করা হয়েছে সেইসব জায়গার মধ্যে দেখতে পাচ্ছি মুর্শিদাবাদের কোনো জায়গা নির্দিষ্ট করা হয়নি। আমার জিজ্ঞাস্য মুর্শিদাবাদ জেলায় পর্যটকদের আকর্ষণীয় যেসব জায়গা আছে যেমন হাজার দুয়ারী, রানি ভবন, পলাশী ব্যাটেল ফিল্ড, মীরমদন বাজার ইত্যাদি এগুলি পর্যটকরা দেখতে যান, এগুলিকে সপ্তম যোজনার মধ্যে অন্তর্ভুক্ত করা হল না কেন?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** এটা আগের পরিকল্পনা অনুযায়ী অন্তর্ভুক্ত হয়েছে, আপনি যখন বলছেন তখন এগুলি আবার নিশ্চয়ই চিন্তা করে দেখতে পারি।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি তাঁর সপ্তম যোজনার মধ্যে গৌড়ের কোনো উল্লেখ আমরা পেলাম না, গৌড় সম্পর্কে কি পরিকল্পনা আছে দয়া করে জানাবেন কি?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** সব কিছু আমাদের মোটামুটি টাকার অঙ্কের সঙ্গে সমন্বয় করে করতে হয়। কাজেই পরবর্তীকালে টাকার সংস্থান হলে পরিকল্পনায় রাখব, কিন্তু সপ্তম যোজনায় ৫ কোটি ৫০ লক্ষ টাকার মধ্যে এইসব স্কীম ধরা হয়েছে।

**শ্রী সুভাস বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আপনি যেসব কেন্দ্রগুলির নাম বললেন ৩০ বছর পূর্বে এইসব কেন্দ্রে কোনো লোকজন বেড়াতে যাওয়া এবং সেইসব কেন্দ্রে তাদের থাকার কোনো ব্যবস্থা ছিল কি না?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** আমি একটা তথ্য দিতে পারি পশ্চিমবঙ্গে ১৯৭২ সালে মাত্র ৯টি ট্যুরিস্ট লজ ছিল, এখন সেটা ৪৪টিতে দাঁড়িয়েছে।

**শ্রী সমর মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি আপনি পশ্চিমবঙ্গের অন্যান্য জায়গার কথা বললেন, কিন্তু গৌড়ের মতো জায়গা এমন কি পাপ করল যে সেই জায়গা আপনি বাদ দিলেন?

**মিঃ স্পিকার ঃ** দিস ইজ নট অ্যালাউড।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় সপ্তম যোজনায় যেসমস্ত জায়গার নাম করলেন এই স্থানগুলি নির্বাচন করার জন্য কি পদ্ধতি অবলম্বন করেন সেটা বলবেন কি?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** মোটামুটি দেখা হয় বেশিরভাগ পর্যটক কোনো জায়গা পছন্দ করেন। টাকার অঙ্কের সঙ্গে সঙ্গতি রেখে আমাদের জায়গার কথা বিবেচনা করতে হয়। পশ্চিমবঙ্গের সব জায়গাই মানুষের কাছে অত্যন্ত প্রিয়।

*১২-স্থগিত

## বনাঞ্চলে কাঠ চুরির ঘটনা

***১৩**। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** বন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৪ সালের জানায়ারি মাস হতে ১৯৮৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে রাজ্যের বনাঞ্চলে কতগুলি কাঠ চুরির ঘটনা ঘটেছে; এবং

(খ) উক্ত ঘটনায় জড়িত কতজন ব্যক্তিকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ**

(ক) ৩১৬৮২

(খ) ২২৪১৪

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি মেদিনীপুর জেলার কংগ্রেস সভাপতি শ্রী মল্লদেবের বাড়িতে কি চোরাই কাঠ পাওয়া গেছে?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** এটা এখনই বলতে পারব না। অভিযোগ করলে তদন্ত করে দেখতে পারি।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১৯৮৪ সালের জানুয়ারি থেকে ১৯৮৫ সালের ডিসেম্বর পর্যন্ত ৩১ হাজার কাঠ চুরির ঘটনা ঘটেছে। আমি জিজ্ঞাসা করছি এত যে ঘটনা ঘটছে, তার প্রিভেনসনের জন্য কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** প্রোটেকশন হিসাবে আমরা পঞ্চায়েত সমিতি স্তরে, এবং জেলা পরিষদ স্তরে একটা স্থায়ী সমিতি গঠন করেছি বন দপ্তর থেকে এবং আমরা একটা সশস্ত্রবাহিনী গঠন করার কথা চিন্তা করছি। যদি আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাই তাহলে নিশ্চয় আমরা এই বাহিনী গঠন করব এবং দক্ষিণ বঙ্গেও এইরকম ব্যবস্থা নিয়েছি। এছাড়াও আমরা সুপারভিসনের ব্যবস্থাও নিয়েছি।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ** মন্ত্রী মহাশয় কয়েক হাজার কাঠ চুরির ঘটনার কথা উল্লেখ করলেন। এই কাঠ চুরির ব্যাপারে যাদের গ্রেপ্তার করা হয়েছে, তাদের মধ্যে এ পর্যন্ত কত জনের শাস্তি হয়েছে?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** এটা নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই কাঠ চুরির ব্যাপারে কোনো সি পি এম নেতা যুক্ত আছেন এইরকম কোনো ঘটনার কথা জানেন কি?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** আমার কাছে এইরকম কোনো খবর নাই।

*১৪-স্থগিত

## মুর্শিদাবাদ জেলায় বন সৃজন

***১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত দশকে মুর্শিদাবাদ জেলায় কোথায়, কত হেক্টর বন সৃজন করা হয়েছে; এবং

(খ) বর্তমানে উক্ত জেলার কোথাও বন সৃজনের কাজ চলছে কি?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ**

(ক) ১৯৭১-১৯৮০ পর্যন্ত বনসৃজনের পরিমাণ (হেক্টর)

| | |
|---|---|
| বাহাদুরপুর | ২৫.৮০ |
| তরক রসুলপুর | ৭.৫০ |
| চাঁদপীর | ৫.৩৫ |
| বাজেপ্তি পাইকপারি | ৩৩.৬০ |
| ডোমকল | ৮.০০ |
| ফরাক্কা | ২৪.০০ |
| কদমশরিফ | ২.৩০ |
| জীতপুর | ৭০.৫৪ |
| মনিগ্রাম | ২৪.০০ |
| গোপগ্রাম | ৫৯৯.০০ |
| পার রঘুনাথপুর | ১০.০০ |
| বাগড়াবরা | ১২.০০ |
| রানীদা | ৬.৫০ |
| ফরাক্কা ব্যারেজ প্রকল্প | ৭৩২.৯৬ |
| বহরমপুর (রেঞ্জ) | ৩.০০ |
| মোট | ৫৬৪.৫৫ |

(খ) হ্যাঁ।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, যে হিসাব দিলেন তাতে দেখা যাচ্ছে, যে মুর্শিদাবাদ জেলায় যে ক্যানেল এরিয়া আছে—ময়ূরাক্ষী সিসটেমে—সেখানে বড় বড় যে সমস্ত ক্যানেল আছে সেই সমস্ত ক্যানেলের ধারের যে তালিকা আছে, সেখানে বন সৃজনের কোনো স্কীম নেওয়া হয়নি। এর কারণটা জানতে পারি কি? এবং ভবিষ্যতে নেওয়া হবে কি না?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** আপনি ১৯৭১ সাল থেকে ১৯৮০ সালের হিসাব চেয়েছিলেন আমি তা দিয়েছি। পরবর্তীকালে আবার নতুন পরিকল্পনা নেওয়া হয়েছে, এবং বর্তমানে ১৯৮৫-৮৬ সালে গ্রামীণ বন সৃজনের পরিকল্পনা নেওয়া হয়েছে। এবং এগুলি পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের সুপারিশক্রমে করব।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** এই সামাজিক বন সৃজনের যে পরিকল্পনা আছে, সেই অনুসারে কতটুকু কাজ হয়েছে?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** এটা নোটিশ দিলে বলতে পারব। তবে এই বলতে পারি সামাজিক বন সৃজনেব পরিকল্পনা নেওয়া হয়েছে।

[1-50–2-00 P.M.]

**শ্রী আবুল হাসনাত খান ঃ** এই যে ফারাক্কা ব্যারেজে ৭০০ হেক্টর এরিয়ায় বন সৃজন করা হয়েছে, তাতে অনেক কাঠ চুরি যাচ্ছে, এইগুলি রক্ষণাবেক্ষণ সম্বন্ধে বন দপ্তর কিছু ভাবছেন কি না?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** আমি আগেই বলেছি, যে পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের সহযোগিতা নিয়ে আমরা বন সংরক্ষণ করার প্রচেষ্টা নিয়েছি এবং কেন্দ্রীয় সহায়তা পেলে আমরা একটা স্থায়ী সশস্ত্র রক্ষীবাহিনী করার প্রচেষ্টা নেব।

**শ্রী নুরুল ইসলাম চৌধুরী ঃ** এই যে মুর্শিদাবাদ জেলায় নতুন বন সৃজন করা হচ্ছে সেখানে কি কি ধরনের গাছ লাগানো হচ্ছে।

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** এই যে নতুন পরিকল্পনা নেওয়া হয়েছে, তাতে স্থানীয় গাছ লাগানো হচ্ছে যাতে তাড়াতাড়ি জ্বালানির অভাব দূর করা যায়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় ১৩ নং প্রশ্নের ৩৩ হাজার কাঠ চুরির হিসাব দিলেন। এখন এই যে সব নতুন বন সৃজন করছেন, তার রক্ষণাবেক্ষণের কি ব্যবস্থা নিয়েছেন? এবং সেখানে নতুন লোক নিয়োগের কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** নতুন করে লোক নিয়োগের প্রশ্নে আমি বলছি যে আগে যেরকম বন রক্ষণাবেক্ষণ করার জন্য ফরেস্ট গার্ড পদ ছিল, এখনও সেই পদই আছে এবং এটা দীর্ঘদিন ধরেই আছে। এ ছাড়া আমরা সপ্তম পরিকল্পনায় ফরেস্ট সশস্ত্রবাহিনী করার পরিকল্পনা নিয়েছি অবশ্য যদি আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মুর্শিদাবাদ জেলায় যে সব বন সৃজন করা হচ্ছে, তাতে দেখা যাচ্ছে অধিকাংশ ক্ষেত্রে চারা গাছ ভাল না হবার ফলে সেগুলি মারা যাচ্ছে। এ সম্বন্ধে কেনো ব্যবস্থা নেবেন কি? আর যেসব জায়গায় এই বন সৃজন করছেন সেখানে লোকের বসতি গড়ে তোলার কোনো ব্যবস্থা নেবেন কি?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** চারার ব্যাপারে নিশ্চয় ব্যবস্থা নেব। তবে আপনার দ্বিতীয় প্রশ্নটি মেনে নিতে পারলাম না।

## তফসিলভুক্ত জাতি ও উপজাতিদের কৃষ্টি ও সংস্কৃতি রক্ষা

***১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৬১।) **শ্রী মনোহর তিরকী ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে এ রাজ্যের তফসিলভুক্ত জাতি ও উপজাতি গোষ্ঠীর কৃষ্টি ও সংস্কৃতি রক্ষা ও সম্প্রসারণের বিষয়ে কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে; এবং

(খ) "সাঁওতাল বিদ্রোহ", "মুণ্ডা বিদ্রোহ" প্রভৃতি অবলম্বনে চলচ্চিত্র নির্মাণের কোনোও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ**

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন উপজাতি গোষ্ঠির সংস্কৃতি রক্ষা ও সম্প্রসারণের জন্য রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে চারটি কেন্দ্র স্থাপন করা হয়েছে। কেন্দ্র চারটি—মেদিনীপুর জেলার ঝাড়গ্রামে, পুরুলিয়া জেলার সদরে, বীরভূম জেলার সিউড়িতে এবং জলপাইগুড়ি জেলার আলিপুর দুয়ারে অবস্থিত।

এই কেন্দ্রগুলিতে ক্ষুদ্রাকারে একটি করে সংগ্রহশালা এবং গ্রন্থাগার বর্তমানে আছে।

এই কেন্দ্রগুলির মাধ্যমে মাঝে মাঝে উপজাতি সংস্কৃতি বিষয়ক আলোচনা সভা এবং নৃত্যগীতের আয়োজন করা হয়। উপজাতি সমাজের নরনারীরা এতে অংশ নিয়ে থাকেন।

উপজাতি নৃত্যগীত জনপ্রিয় করার জন্য ইতমধ্যে রাভা ও সেচ লোকনৃত্য দলকে রাজ্যের বাইরে নিয়ে যাওয়া হয়েছে। নতুন দিল্লিতে সর্বভারতীয় লোকনৃত্য উৎসবে এঁরা অংশ নিয়েছেন।

লোক সংস্কৃতির প্রতিটি স্তরের অনুষ্ঠানগুলিতে তপসিলভুক্ত জাতি ও উপজাতির লোকশিল্পীরা বিপুল পরিমাণে অংশ নিয়ে থাকেন।

ঝাড়গ্রামে প্রধানত উপজাতি শিল্পীদের নিয়ে একটি লোকরঞ্জন শাখা স্থাপন করা হয়েছে।

(খ) না।

**শ্রী মনোহর তিরকী ঃ** এই সাঁওতাল বিদ্রোহ ও মুণ্ডা বিদ্রোহ সম্পর্কে তথ্যচিত্র করার কোনো পরিকল্পনা মন্ত্রী মহাশয়ের আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** এইরকম কোনো পরিকল্পনা নাই।

**শ্রী মনোহর তিরকী ঃ** সাঁওতাল বিদ্রোহের নায়ক বীরসা মুণ্ডার মূর্তি স্থাপন করার কথা চিন্তাভাবনা করছেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** মূর্তি স্থাপনের পরিকল্পনা আমাদের বিভাগের নেই।

**শ্রী সমর মুখার্জি ঃ** সাঁওতাল বিদ্রোহ, মুণ্ডা বিদ্রোহের নায়ক উপজাতিদের কথা বলা হচ্ছে। কিন্তু ওদের এক মুঠো গরম ভাতের ব্যবস্থা হবে কিনা, জানাবেন?

**মিঃ স্পিকার ঃ** ইট ইজ নট রেলিভ্যান্ট।

**শ্রী সতীশচন্দ্র বিশ্বাস ঃ** মন্ত্রী মহোদয় নিশ্চয় অবগত আছেন যে বিগত ফেব্রুয়ারিতে প্যারিসে যে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়েছিল তাতে নদীয়া জেলার ঘুগুলার পুতুল নাচ একটা বিরাট কৃতিত্ব অর্জন করেছিল।

**মিঃ স্পিকার ঃ** মিঃ বিশ্বাস, আপনি প্রশ্ন করছেন, না ইনফর্মেশন দিচ্ছেন? প্যারিসে কি হল সেটা কেন্দ্রীয় সরকারেরর ব্যাপার, রাজ্য সরকারে ব্যাপার নয়। উনি এটার উত্তর কি করে দেবেন?

**শ্রী সতীশচন্দ্র বিশ্বাস ঃ** নদীয়া জেলার তপসিলিদের এই সাংস্কৃতিক কৃষ্টিকে আরও উচ্চে তুলে ধরার কোনো পরিকল্পনা সরকার নিয়েছেন কি?

**মিঃ স্পিকার ঃ** মিঃ ফদিকার, আপনি শুধু শেষ অংশটুকুরই জবাব দেবেন।

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** প্যারিসে যে দল পাঠানো হয়েছিল সেই বিষয়ে রাজ্য সরকারের সঙ্গে কোনো পরামর্শ করা হয়নি। পশ্চিমবাংলার পুতুল নাচ শিল্পকে তুলে ধরার জন্য আমরা অনুষ্ঠান করে থাকি এবং আর্থিক সহযোগিতা করে থাকি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মন্ত্রী মহোদয় বললেন, সাঁওতাল বিদ্রোহের উপর কোনো চলচ্চিত্র নির্মাণের পরিকল্পনা নেই। আমার প্রশ্ন হচ্ছে এই বিষয়ে চলচ্চিত্র নির্মাণ করার কোনো পরিকল্পনা করছেন কিনা, কেন না, এর একটা ঐতিহাসিক গুরুত্ব আছে—এই দিকটা চিন্তা করবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র ফদিকার ঃ** সরকারি উদ্যোগে কাহিনী নির্মাণের বিষয়বস্তু উপদেষ্টা কমিটি স্থির করে থাকেন। আপাতত সাঁওতাল বিদ্রোহের পটভূমিকায় কাহিনী চিত্র নির্মাণের পরিকল্পনা নেই। তবে অনুরূপ বিষয় নিয়ে চলচিত্র নির্মাণের কাজ চলছে এবং তাতে আমরা আর্থিক সহায়তা করেছি।

**সুন্দরবনে পর্যটকদের সুযোগ বৃদ্ধির পরিকল্পনা**

***১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৯।) **শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবনে পর্যটনের সুযোগ বৃদ্ধির জন্য সরকারের কোনো নতুন প্রকল্প গ্রহণের পরিকল্পনা আছে কি না;

(খ) থাকিলে, উক্ত প্রকল্পগুলি কি; এবং

(গ) এই প্রকল্পগুলি রূপায়ণে মোট কত টাকা খরচ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ**

(ক) পর্যটনের সুযোগ বৃদ্ধির জন্য উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের কোনো পরিকল্পনা নাই। বিষয়টি পর্যটন দপ্তরের অধীনে পড়ে।

(খ) প্রশ ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

একটু আগে পর্যটন দপ্তরের মাননীয় মন্ত্রী একটি ইনফর্মেশন দিয়েছেন, আশা করি আপনারা এর উত্তর তাতেই পেয়েছেন।

*১৮-স্থগিত

**পুরুলিয়া জেলার ঝরী জাগ্দা গ্রাম পঞ্চায়েতকে এন আর ই পি বাবত অর্থ প্রদান**

***১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭১।) **শ্রী সুধাংশুশেখর মাঝি ঃ** গ্রামীণ উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৩ সালের জানুয়ারি মাস হইতে ১৯৮৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে পুরুলিয়া জেলার মানবাজার ২ নং পঞ্চায়েত সমিতি এলাকায় ঝারী জাগ্দা গ্রাম পঞ্চায়েতকে এন আর ই পি স্কীম বাবদ কত অর্থ প্রদান করা হইয়াছে; এবং

(খ) উক্ত গ্রাম পঞ্চায়েত উক্ত সময়ে কোনো্ কোনো্ স্কীমে দেয় অর্থ খরচ করিয়াছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ**

(ক) উক্ত সময়ে ঝারী জাগ্দা গ্রাম পঞ্চায়েতকে এন. আর. ই. পি. প্রকল্প রূপায়নের জন্য মোট ১ লক্ষ ৫২ হাজার টাকা এবং ১৯২ কুইন্টাল ৬৯ কেজি গম দেওয়া হয়েছিল।

(খ) উক্ত গ্রাম পঞ্চায়েত উক্ত সময়ে মোট ১ লক্ষ ৪৫ হাজার ৮৮৮ টাকা ও ১৩৫ কুইন্টাল ১৭ কেজি গম খরচ করেছেন এবং নিম্নলিখিত স্কীমগুলি রূপায়ণ করেছেন—

| | | |
|---|---|---|
| রাস্তা নির্মাণ। উন্নয়ন | — | ৮ |
| বাঁধ | — | ৭ |
| জোড় বাঁধ | — | ৬ |
| পুকুর খনন | — | ৯ |
| কাঁচা কূপ | — | ৩ |
| স্কুল ঘর | — | ৮ |
| পঞ্চায়েত ঘর উন্নয়ন | — | ১ |
| কলাবর্ত নির্মাণ | — | ১০ |
| সমাজভিত্তিক | — | ৪ |
| | | ৫৬ |

**Mr. Speaker :** Question hour is over.

## Starred Questions

## (to which written answers were laid on the table)

### দফাদার, চৌকিদার ইত্যাদির স্থায়ী সরকারি কর্মচারী রূপে স্বীকৃতি

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৭।) **শ্রীশীশ মহাম্মদ ঃ** পঞ্চায়েত ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের গ্রাম পঞ্চায়েতের অধীন দফাদার, চৌকিদার ও কর আদায়কারীদের স্থায়ী সরকারি কর্মচারী রূপে স্বীকৃতি দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

**Minister-in-charge for the Panchayat and Community Development Department : -**

(ক) ও (খ) গ্রাম পঞ্চায়েতের অধীন কোনো দফাদার, চৌকিদার বা কর আদায়কারীকে স্থায়ী সরকারি কর্মচারী রূপে স্বীকৃতি দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের নেই। তবে দ্বিতীয় বেতন কমিশনের সুপারিশের পরিপ্রেক্ষিতে কেবলমাত্র চৌকিদার এবং দফাদারদের ক্যাডারের

ভবিষ্যৎ খতিয়ে দেখার জন্য একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠিত হয়েছে। বিষয়টি কমিটির বিবেচনাধীন।

**প্রয়াত ইন্দিরা গান্ধীর ভষ্মাধার গ্রহণ ও প্রত্যর্পণ বাবদ অর্থ ব্যয়**

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮২।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ** ঃ তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ভষ্মাধার গ্রহণ ও ফেরত পাঠাতে সরকারের কত টাকা খরচ হয়েছে; এবং

(খ) এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের কোনো নির্দেশ ছিল কি?

**Minister-in-charge for the Information & Cultural Affairs Department : -**

(ক) টাঃ ৩৯,৪৪০ (আনুমানিক)

(খ) হ্যাঁ।

[2-00—2-10 P.M.]

**72nd Report of the Business Advisory Committee**

**Mr. Speaker :** Honourable Members, I beg to present the 72nd Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended programme of business from 5th March, 1986 to 10th March, 1986.

| | |
|---|---|
| Wednesday, 5th March, 1986 – | Laying of Ordinances, Reports etc. Discussion on Governor's Address – 4 hours. |
| Thursday, 6th March, 1986 – | Discussion on Governor's Address – 4 hours. |
| Friday, 7th March, 1986 – | Discussion on Governor's Address – 4 hours. |
| Monday, 10th March, 1986 – | Disccussion on Governor's Address – 4 hours |

Now, the Minister-in-charge of Home (Parliamentary Affairs)

Department will move the motion for acceptance of the House.

**শ্রী পতিতপাবন পাঠক** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা সমিতির ৭২তম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য আমি সভায় প্রস্তাব উত্থাপন করছি।

**Mr. Speaker :** I hope that the House agrees to the motion.

(Voices–Yes)

The motion is adopted.

## Adjournment Motion

**Mr. Speaker :** Today, I have received three notices of Adjournment Motion all on the subject of proposed increase in bus fares from Shri Abdul Mannan, Shri Kashinath Misra and Shri Deba Prasad Sarkar.

The Members will get ample opportunity to raise the matter during the discussion on Governor's Address today. Moreover, the Members may raise the matter through Calling Attention, Question and Mention cases etc.

I, therefore, withhold my consent to all the motions. One member of the party may, however, read out the text of the motion as amended.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল "পশ্চিমবঙ্গের জনগণ যখন এক অবর্ণনীয় আর্থিক দুর্দশার মুখে তখন এই রাজ্যের রাজ্য পরিবহনে ভর্তুকি স্বরূপ বাস-ট্রামের প্রস্তাবিত ভাড়া বৃদ্ধি সমগ্র রাজ্যের জনগণকে এক বিপদের মুখে ঠেলে দেবে। সুতরাং অবিলম্বে ট্রাম-বাসের প্রস্তাবিত ভাড়া বৃদ্ধি স্থগিত করে রাজ্যের জনগণের স্বার্থ রক্ষা করা হউক।"

**Mr. Speaker :** Now, Shri Deba Prasad Sarkar will read his motion.

(Noise)

(Several Members from the Congress-I Benches rose to speak)

Please take your seats. Please let Shri Sarkar read his adjournment motion.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভ্য আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—'রাজ্য সরকার কর্তৃক নতুন করে এই রাজ্যে বাসভাড়া বৃদ্ধির প্রস্তাব এই রাজ্যের দরিদ্র জনসাধারণের উপর চরম আর্থিক আঘাত হানছে। এমতাবস্থায় নতুন করে বাস ভাড়া বৃদ্ধির প্রস্তাব গ্রহণ করার পূর্বে একটি তথ্যানুসন্ধানী কমিটি গঠনের মাধ্যমে এই রাজ্যে বাস চালনার ক্ষেত্রে লাভ-লোকসানের হিসাবটি জনসমক্ষে তুলে ধরার ব্যবস্থা করা এবং কমিটির রায় প্রকাশ সাপেক্ষে রাজ্য সরকার কর্তৃক ভাড়া বৃদ্ধির প্রস্তাব স্থগিত রাখা।'

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 12 notices of Calling Attention, namely : -

1. Alleged murder of Smt. Manashi Karmakar at Naihati.

—Shri Amarendra Nath Bhattacharya.

2. Fire incident in New Market — Shri Rajesh Khaitan.

3. Unusual rise of price of potato in open market
— Shri Santasri Chatterjee.

4. Inability of hundres of workers to enter their respective villages for fear of CPI(M) backed cadres.
— Shri Ambica Banerjee.

5. Strike resorted to by D.V.C. employees and workers.
— Shri Amalendra Roy.

6. Erosion of the Ganga and the Phulhar rivers in Maldah District.
— Shri Samar Mukherjee.

7. Stopping of purchase of Jute by Jute Corporation of India.
— Shri Jayanta Kumar Biswas.

8. Alleged murder of two youths on 4-3-86 at Ichapore, 24-Parganas (North). — Shri Kashinath Misra.

9. Rise in Bus fare — Shri Asok Ghosh.

10. Scarcity of Kerosine Oil — Shri Deba Prasad Sarkar.

11. Alleged attack upon Shri Sankar Prasad Mitra, M. P. And Ex-Chief Justice of Calcutta High Court and two other Judges of the Calcutta High Court at Muragacha, Nadia.
— Shri Nani Gopal Malakar
and Shri Satish Biswas.

12. Black marketting over text books published by West Bengal Board of Secondary Education. — Shri Saral Deb.

I have selected the notice of Shri Nani Gopal Malakar and Shri Satish Biswas on the subject of alleged attack upon Shri Sankar Prosad Mitra, M. P. and Ex-Chief Justice of Calcutta High Court and two other Judges on the 16th February, 1986.

The Minister-in-Charge will please make a statement today, if possible, or give a date.

**Shri Patit Paban Pathak :** On the 13th March, 1986, Sir.

**Statement under Rule 366**

**Mr. Speaker :** Hon'ble Chief Minister will make a statement.

**Shri Jyoti Basu** : Mr. Speaker, Sir, I have to place two statements — (1) on the bus fare and the other (2) on dearness allowance to Government employees.

## STATEMENT ON DEARNESS ALLOWANCE

In all twelve instalments of additional dearness allowance were sanctioned during the current year 1985-86. Three of these were from the 1st April, 1985, three from the 1st October, 1985, and one from the 1st February, 1986. The remaining five instalments were sanctioned from the 1st October, 1985. However, because of financial stringency these were not paid in cash but placed in Special Deposit for a period of two years during which interest was to accrue at a rate which is one-half of one per cent higher than the applicable Provident Fund rate. The current position is that the State Government is still five instalments behind the Government of India.

2. After an upto date assessment of the overal position, including other priority claims on Government funds, I am glad to announce before the House to-day that the amount of additional dearness allowance held in Special Deposit from the 1st October, 1985 will be refunded forthwith along with interest upto the 28th February, 1986. From March, 1986 onwards the five instalments that were required to be kept in deposit will be paid in cash.

3. I take this opportunity to thank Government employees as well as the employees of non-Government educational institutions, statutory bodies, public undertakings etc. for the willing co-operation extended to Government during this period of financial constraint.

4. Out of the five instalments in respect of which we are still lagging behind I am glad to announce that three instalments will be sanctioned before the Pujas. About the remaining two and further instalments that may be sanctioned by Government of India during the course of the coming year 1986-87 we shall take a decision later keeping in view the ways and means position and other priority claims.

## STATEMENT ON BUS FARE

The recent decision of the Central Government to increase the price of fuel and the full impact of the previous decisions of the Central Government to increase the price of fuel, steel and coal have again forced us to think of fare rise for some of the mass transport facilities in the State. We have considered the increase in cost of operation of buses since the last fare revision. We have also considered the increase in expenditure off the Calcutta Tramways Company on

account of increase in the price of steel and step increase in the price of electricity caused significantly again by the decision of the Central Government to increase the price of coal.

Under these circumstances, forced on us by the policies of the Government of India, we express regrets to the common passengers that we do not have any other alternative but to consider some increases in the fares of certain mass transport facilities to keep the operation of these facilities viable and thus prevent the sufferings of common passengers that might otherwise be caused by withdrawal of some of these facilities. We are accordingly taking a decision to recommend to all the concerned authorities in the State to take necessary actions so that fares may be revised along the following lines :

(i) For ordinary stage carriages (i.e. ordinary private and CSTC buses), fare for the first stage may be increased by 5 paise, and the fares for the next three stages may be increased by 10 paise, followed up by appropriate increases for the subsequent stages;

(ii) For mini buses, fare for only those stages may be increased by 5 paise, where such increase makes the resulting fare a multiple of 10. For any stage where the existing fare is already a multiple of 10, there may not be any revision of fare.

(iii) For tramways, fares at every stage, for both the First and the Second class, may be increased by 5 paise.

(iv) Issues relating to fares of Special Limited Stop/Express, Long Distance buses, taxis and outo-rickshaws are under consideration.

Under the existing rules, interested persons will be given the opportunity of expressing their views, if any, on the proposed fares to the concerned authorities within one month.

[2-10—2-20 P.M.]

(Several Congress Members rose in their seats)

(Noise)

**Mr. Speaker :** Now Shri Prasanta Kumar Sur, Minister-in-Charge will make a statement under rule 346.

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to place with your permission before the House for information of the Hon'ble Members that Government has since decided to hold general elections to the 75

municipalities of the State including Chandernagore Municipal Corporation on the 1st June, 1986.

(At this stage the members of the Congress Bench walked out of the Chamber)

The last general elections to the Municipalities, it may be mentioned here, were held on the 31st May, 1981. General elections to the remaining municipalities will be arranged as soon as the legal requirements are complied with and the electoral rolls are prepared in accordance with the law. The order fixing the 1st June, 1986 as the date of election shall, however, be formally issued by the respective District magistrates on the 31st March, 1986 in accordance with the West Bengal Municipal Election Rules, 1975. The detailed programme for filing of nomination, withdrawal, etc., shall be published by the respective Election Officers in the form of a notice on the 1st day of April, 1986.

## Laying of Reports and Accounts

**The Reports of the Comptroller and Auditor General of India for the year 1982-83 and the Accounts, 1982-83.**

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, under Article 150 I beg to lay before the Assembly.

(i) Report of the Comptroller and Auditor General of India for the year 1982-83 (Revenue Receipts),

(ii) Report of the Comptroller and Auditor General of India for the year 1982-83 (Civil),

(iii) Report of the Comptroller and Auditor General of India for the year 1982-83 (Commercial),

(iv) Finance Accounts, 1982-83, and

(v) Appropriation Accounts, 1982-83.

## Laying of Reports

**The Tenth Annual Report, 1983-84 of the West Bengal Essential Commodities Supply Corporation Limited.**

**Shri Radhika Ranjan Banerjee :** Sir, I beg to lay the Tenth Annual Report, 1983-84 of the West Bengal Essential Commodities Supply Corporation Limited.

**The Ninth Annual Report and Accounts of the West Dinajpur Spinning Mills Limited for the year 1983-84.**

**Shri Patit Paban Pathak :** Sir, with your permission, I beg to lay the Ninth Annual Report and Accounts of the West Dinajpur Spinning Mills Limited for the year 1983-84.

**laying of Ordinances**

**The Rabindra Bharati (Amendment) Ordinance, 1985.**

**Shri Patit Paban Pathak :** Sir, with your permission, I beg to lay the Rabindra Bharati (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. XI of 1985) under article 213(2)(a) of the Constitution of India.

**The Calcutta hackney-Carriage (Amendment) Ordinance, 1985.**

**Shri Rabin Mukherjee :** Sir, I beg to lay the Calcutta Hackney-Carriage (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. XIII of 1985), under Article 213(2)(a) of the Constitution of India.

**The Bengal Municipal (Amendment) Ordinance, 1986.**

**Shri Prasanta Kumar Sur :** Sir, I beg to lay the Bengal Municipal (Amendment) Ordinance, 1986 (West Bengal Ordinance No. I of 1986), under article 213(2)(a) of the Constitution of India.

**The West bengal Bodies (Electoral Offences and Miscellaneous Provisions) (Amendment) Ordinance, 1986.**

**Shri Prasanta Kumar Sur :** Mr. Speaker, Sir, I beg to lay the West Bengal Local Bodies (Electoral Offences and Miscellaneous Provisions) (Amendment) Ordinance, 1986 (West Bengal Ordinance No. II of 1986), under article 213(2)(a) of the Constitution of India.

**The Lowis Jubilee Sanitarium (Acquisition) Ordinance, 1986**

**Shri Achinta Krishna Roy :** Mr. Speaker, Sir, I beg to lay the Lowis Jubilee Sanitarium (Acquisition) Ordinance, 1986 (West Bengal Ordinance No. III of 1986), under article 213(2)(a) of the Constitution of India.

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, I like to speak on Bulletin Part II, dated February, 24, 1986, item No. 1118–Language of Amendments. It is written there "Members are requested to kindly note that textual amendments to Motions, Resolutions or Bills should be submitted in the same language as that of the original Motions, Resolutions

or Bills". Sir, under rule 16(3), Honourable member, Shri Sachin Sen has moved the motion of thanks to the Governor for his address. Sir, the motion has been moved in Bengali but it was not seconded. There are members here who do not know Bengali. They want to table amendments and also want to move those amendments. According to your instructions that you have notified in your Bulletin, are the members not debarred from exercising their rights? What Shrimati Renu Leena Subba and Shri Gyan Singh Sohanpal will do because they are not acquainted with Bengal language? Apart from this I will invite your attention to rule 321 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. Rule 321 refers no language is compulsory. I again invite your attention to article 348 and article 210 of the Constitution of India. There is no bar. Again Sir, I invite your attention to article 19 of the Constitution of India. Sir, it seems that your Secretariat has gone against the spirit of the Constitution. How you have passed it? Are you competent to do it? Think you have curtailed the fundamental rights of the members. Under what law and under what authority you have taken away the fundamental rights of the members? According to the Constitution of India you are the custodian of the legislature. How can the Speaker make mention and pronouncement that the members are debarred from enjoying their rights? I submit that the word "Language" of the said bulletin be withdrawn i.e., the language in which the motion was made by Shri Sen.

[2-20—2-30 P.M.]

**Mr. Speaker :** Dr. Abedin, you are a senior member of this House. I want to put you a question.

**Dr. Zainal Abedin :** Yes Sir, I have been here during the last 24 years.

**Mr. Speaker :** I want to know what was the custom prevailing here before?

**Dr. Zainal Abedin :** There was no embargo so far in this regard. Previously the motion was moved in Bengali and we have been allowed to table our amendments in English or in any other languages. You can go through your records. The motion was moved in Bengali and we were allowed to table our amendments in English.

**Mr. Speaker :** Yes, I will go through the records and pass my ruling later. Let the members table their amendments in English. They can put their amendments within 5 P.M. to-day. If the convention was so during the previous government, that convention will be followed. I

will not change that convention. Let me go through the records first. I will give my ruling afterwards.

**Dr. Zainal Abedin :** Sir, I have another point of order. Under rule 63 you have allowed Shri Sachin Sen to move a Motion of Thanks in reply to Governor's Address. Put this is necessary and compulsory and the convention demands–the propriety demands–the Rules of Procedure is there–rule 17 is there–the motion should be seconded by some other member. But you have denied it. You have permitted Shri Sachin Sen to move the Motion on Monday but that was not seconded by any other member. I am quoting rule 17 of the Rules of Procedure–"17. On such day or days or part of any day, the House shall be at liberty to discuss the matters referred to in such Address on a Motion of Thanks moved by a member and seconded by another member."

The motion moved by Shri Sachin Sen was not seconded by any other member of the House. You have chosen to ignore the rules. This is a gross violation of the convention of the House. Then am I to take it that we are living in complete lawlessness within the Assembly?

Sir, the two things should be corrected first. The discussion on the Governor's Address cannot take place unless the motion is seconded by any other member.

**Mr. Speaker :** Let me go through it and I will give my ruling lateron.

**Shri Abdus Sattar :** Sir, it would be better if you give ruling right now.

**Mr. Speaker :** I will go through the records first and then I will give my ruling. Now Mention Cases.

## MENTION CASES

**শ্রী ফণিভূষণ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্টেট প্ল্যানিং কমিটির চেয়ারম্যান তথা মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সরকার থেকে যে স্টেট প্ল্যানিং কমিটি করা হয়েছে তার নানা ত্রুটি আমি লক্ষ্য করছি। জনপ্রতিনিধিদের এই স্টেট প্ল্যানিং কমিটিতে উপেক্ষা করা হয়েছে; বেশি করে ব্যুরোক্র্যাটদের এই প্ল্যানিং কমিটিতে নিয়ে এই কমিটি গঠন করা হয়েছে। এর ফলে কাজ করতে তাঁরা বাধাপ্রাপ্ত হচ্ছেন। এটা গুরুত্বপূর্ণ বিষয়। এছাড়া আরও লক্ষ্য করেছি যে, বিধায়কদের এই প্ল্যানিং কমিটি থেকে একেবারে বিতাড়িত করা হয়েছে। দেখতে পাচ্ছি, ব্লক লেভেল প্ল্যানিং কমিটি, ডিস্ট্রিক্ট লেভেল প্ল্যানিং কমিটি, ডিস্ট্রিক্ট কাউন্সিল ইত্যাদি গঠন করা হয়েছে। সেখানে ব্লক লেভেল প্ল্যানিং কমিটিতে বিধায়কদের কোনো ক্ষমতা দেওয়া হয়নি, মেম্বার করা হয়নি; ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতে বিধায়কদের মেম্বার করা হয়েছে। অর্থাৎ ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতে তাঁদেরকে হাত তোলার জন্য মেম্বার করা হয়েছে। ব্লকে বা ডিস্ট্রিক্ট প্ল্যানিং কাউন্সিলে তাঁদের কোনো ক্ষমতা

নেই। এর তীব্র প্রতিবাদ করছি এবং এই ব্যবস্থার সংশোধনের জন্য আবেদন করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসে মাননীয় মুখ্যমন্ত্রী ডিয়ারনেস অ্যালাউন্স সম্পর্কে ঘোষণা করেছেন। কিন্তু আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, ইতিপূর্বে যে ডিয়ারনেস অ্যালাউন্স পাঁচ কিস্তি স্পেশাল ডিপোজিটে কেটে রাখার নির্দেশসহ ঘোষণা করা হয়েছিল সেই টাকা রাজ্য সরকারি কর্মচারিরা পেয়ে গেলেও লক্ষ লক্ষ মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষকরা এখনও পর্যন্ত পাননি। সে কারণে শিক্ষক এবং শিক্ষাকর্মীদের ভেতর একটা বিক্ষোভ সৃষ্টি হয়েছে। আজকে এই ডিয়ারনেস অ্যালাউন্সের ঘোষণার সঙ্গে সঙ্গে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষক এবং শিক্ষাকর্মীদের জন্য কি সিদ্ধান্ত গ্রহণ করেছেন সে ব্যাপারেও একটা বিবৃতি দাবি করছি। কারণ আজ পর্যন্ত কোনো শিক্ষক ও শিক্ষাকর্মী পূর্বে ঘোষিত ৯ দফা ডিয়ারনেস অ্যালাউন্সের মধ্যে কোনো দফা আজ পর্যন্ত পাননি। কাজেই আজকের এই ঘোষণার ব্যাপারে শিক্ষক ও শিক্ষাকর্মীদের নিশ্চিন্ত করবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর একটা বিবৃতি দাবি করছি।

**শ্রী সমর মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আই. আর. ডি. পি. এবং আই. টি. ডি. পি. স্কীমে কেন্দ্রীয় সরকার যে টাকা দিচ্ছেন, দেখতে পাচ্ছি যে সেই টাকা গ্রাম বাংলায় পঞ্চায়েত, ব্যাঙ্ক এবং গ্রামের এক শ্রেণীর দালাল—এই তিন শ্রেণী সেই টাকা ৫০ ভাগ চুরি করে নিচ্ছে। গ্রামে হয়ত আদিবাসীদের জন্য একটা স্কীম নেওয়া হল, কিন্তু আদিবাসীরা জানলও না যে তাঁর নামে টাকা এসেছে।

[2-30—2-40 P.M.]

দালালরা এবং পঞ্চায়েতের অধিকাংশ সি. পি. এম. কর্মীরা জেলায় জেলায়, ব্লকে ব্লকে বিশেষ করে উত্তরবঙ্গে আই. আর. ডি. পি. এবং আই. টি. ডি. পি. ৫০ পার্সেন্ট টাকা যেটা আদিবাসী এবং হরিজনদের জন্য বরাদ্দ সেই টাকা তারা আত্মসাৎ করেছে। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার হস্তক্ষেপ দাবি করছি। আমি গতবারেও এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয় হাউসে উপস্থিত করেছিলাম। স্যার, আপনি জানেন ১৯৮১ সালে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কৃষি ঋণ মকুব করে দিয়েছেন। দুর্ভাগ্যের কথা সরকারি কর্মচারি এবং অফিসারদের মুষ্টিমেয় কিছু অংশ বামফ্রন্ট সরকারকে হেয় করবার জন্য যে কৃষি ঋণ মকুব করা হয়েছে সেটাকে বেআইনিভাবে আদায় করার জন্য কৃষকদের উপর জোর-জুলুম চালাচ্ছে। এইরকম আমি ২২টি নোটিশ উপস্থিত করছি। এবার স্যার, আমাদের মেদিনীপুর জেলার ১১ জনের উপর এই নোটিশের জেরক্স কপি আমার কাছে আছে। রামনগর থানার জগদীশ পশ্চিমবাড় গ্রামের গোবর্দ্ধন নন্দ এবং ঋড়েশ্বর নন্দ ১৯৭০-৭১ সালে এবং ১৯৬৬-৬৭ সালে কৃষি ঋণ নিয়েছিল। তাদের উপর চরম নোটিশ জারি করা হয়েছে যে ফেব্রুয়ারি মাসের মধ্যে ঋণ মিটিয়ে না দিলে নিলাম করা হবে। এই ব্যাপারটা নিয়ে এক শ্রেণীর অফিসার বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে একটা ষড়যন্ত্র

চালাচ্ছে। এই ব্যাপারটা দেখার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার হস্তক্ষেপ প্রার্থনা করছি।

**মিঃ স্পিকার ঃ** বিনয়বাবু, কামাখ্যাবাবু কৃষি ঋণ মকুবের পরেও যে নোটিশের কথা বলছেন সেটা একটু দেখবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু মহাশয় কংগ্রেস দলকে ভেড়ার দল বলেছেন। এই কথা বলে শুধু পশ্চিমবাংলার নয় সারা ভারতবর্ষের কোটি কোটি কংগ্রেসি লোকের মনে আঘাত সৃষ্টি করেছেন। পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে অন্যতম শ্রেষ্ঠ রাজ্য, সেই রাজ্যের মুখ্যমন্ত্রী হয়ে তিনি এইরকম একটা কুরুচিকর কথা বলেছেন! এর জন্য বিধানসভার সমস্ত সদস্যের সামনে পশ্চিমবাংলার লোকের কাছে তাঁর ক্ষমা চাওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি একজন মুখ্যমন্ত্রী হয়ে এরকম একটা দলের বিরুদ্ধে এইরকম একটা উক্তি তিনি করেছেন। কংগ্রেস দল আর মার্কসবাদী কমিউনিস্ট পার্টি নয় যে পশ্চিমবাংলার মধ্যে সীমাবদ্ধ, এটা সারা ভারতবর্ষের সব চেয়ে বড় দল এবং একটা গণতান্ত্রিক দল এই কংগ্রেস দল। যে দল সাধারণ মানুষের স্বার্থে গরিব মানুষের স্বার্থে রাজ্যসভা, লোকসভা এবং বিধানসভার ভেতর ও বাইরে সংগ্রাম চালিয়ে যাচ্ছে সেই দলের বিরুদ্ধে তিনি এই উক্তি করেছেন। ওনার তো সৎ সাহস নেই, উনি তো সত্যি কথা বলতে পারেন না। কংগ্রেস দল যদি ভেড়ার দল হয়ে থাকে তাহলে ওনার দল কি বরাহনন্দনের দল, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির দল কি বরাহনন্দনের দল? কুরুচিসম্পন্ন যে উক্তি তিনি করেছেন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী হয়ে, তাতে ভারতবর্ষের লোকের কাছে বাঙালিকে ছোট করেছেন, বাঙালির মান-সম্মান মাটিতে মিশিয়ে দিয়েছেন। এর জন্য মুখ্যমন্ত্রীকে পশ্চিমবাংলার লোকের কাছে, ভারতবর্ষের লোকের কাছে ক্ষমা চাইতে হবে। তা না হলে এই কথার বিরুদ্ধে আমরা বিধানসভার ভিতরে ও বাইরে তীব্র প্রতিবাদ জানাব।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। সেই পয়েন্ট অফ অর্ডার হল সদস্য সত্য বাপুলি—আমি মাননীয় সদস্য বলছি না—আমাদের মুখ্যমন্ত্রীর এবং কমিউনিস্ট পার্টিকে বরাহনন্দনের পার্টি বলেছেন। এই বরাহনন্দন কথাটি পার্লামেন্টারি না হলে এক্সপাঞ্জ করে দেওয়া হোক।

**মিঃ স্পিকার ঃ** এটা আমি দেখে নেব বলা যায় কিনা। যদি না যায় তাহলে সেই মতো ব্যবস্থা নেব।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৪ ফেব্রুয়ারি তারিখে আমাদের এই হাউসের প্রাক্তন সদস্য ও শ্রীরামপুর মিউনিসিপ্যালিটির প্রাক্তন চেয়ারম্যান শ্রী কমলকৃষ্ণ ভট্টাচার্যের বাড়িতে (শ্রীরামপুরে) কংগ্রেস দলের লোকেরা হামলা করে এবং তাঁর বাড়িতে ঢুকে নানা জিনিসপত্র ভাঙচুর করে। কমলবাবু আমাদের এই হাউসের একজন প্রাক্তন সদস্য শ্রীরামপুর পুরসভার প্রাক্তন চেয়ারম্যান এবং বাংলাদেশের একজন প্রতিষ্ঠিত ট্রেড ইউনিয়ন নেতা। এই ঘটনার পরিপ্রেক্ষিতে তিনি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে টেলিগ্রাম করে সমস্ত ঘটনার কথা জানিয়েছেন। শ্রীরামপুরের বর্তমান বিধায়ক এখন হাউসে উপস্থিত নেই, জানি না, এ সম্বন্ধে তাঁর প্রতিক্রিয়া কি। তিনি ঐ ঘটনার জন্য কোনো নিন্দা জানিয়েছেন কিনা তা আমার

জানা নেই। শ্রীরামপুরে ওখানকার কংগ্রেসের উপদলের লোকজন কমলবাবুর বাড়ি আক্রমণ চালিয়েছে বলে জানা গেছে। তারা যখন তাঁর বাড়িতে আক্রমণ চালায়, তখন তিনি এবং তাঁর স্ত্রী বাড়িতে ছিলেন না, বাইরে ছিলেন। ইন্ডিয়ান জুটমিল-এর মালিক ঐ মিলটিতে লক আউট ঘোষণা করেছেন। ঐ লক আউটের বিরুদ্ধে ওখানকার সমস্ত ট্রেড ইউনিয়নের লোকেরা, এরমধ্যে আই. এন. টি. ইউ. সি.-ও রয়েছে (আই. এন. টি. ইউ. সি.-র ওখানে আবার তিনটি ইউনিয়ন রয়েছে)। সমস্ত ইউনিয়নের লোকেদের নিয়ে যেখানে আমরা একসঙ্গে আন্দোলন করতে যাচ্ছি, ঠিক এই সময়ে মালিক পক্ষের যোগসাজসে কংগ্রেসের একজন দায়িত্বশীল নেতা বলে যিনি নিজেকে পরিচয় দেন, তিনি এই হামলাকার্য সম্পন্ন করিয়েছেন। আমরা এই হামলার প্রতিকার চাইছি। আমাদের বিধানসভার একজন প্রাক্তন সদস্য এবং বাংলাদেশের প্রতিষ্ঠিত একজন ট্রেড ইউনিয়ন নেতা, তাঁর বাড়িতে এই হামলার পরিপ্রেক্ষিতে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে টেলিগ্রামও করেছেন। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, মুখ্যমন্ত্রী সমস্ত ঘটনার খোঁজ নিয়ে এখানে বলুন যে পুলিশ ঐ ঘটনার জন্য কি ব্যবস্থা নিয়েছে।

**শ্রী মোসলেউদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে গত ৫ ফেব্রুয়ারি তারিখে গঙ্গারামপুর কলেজ ইউনিয়নের নির্বাচন হয় এবং সেই নির্বাচনে এস. এফ. আই. জয়ী হয়। এই বিজয় উপলক্ষ্যে তারা একটি মিছিলও বের করে। সেই মিছিল করার অজুহাতে সি. পি. এম. দল কংগ্রেস অফিসে ঢুকে লুঠতরাজ ও ভাঙচুর করে এবং দেওয়ালে টাঙানো ইন্দিরা গান্ধীর মূর্তি পদদলিত হয়েছে। এর পরের দিন অর্থাৎ ৬ ফেব্রুয়ারি তারিখে পুলিশের সহযোগিতায় সি. পি. এম. দল প্রকাশ সাহা নামে এক ছাত্রকে গুলিবিদ্ধ করে। পুলিশ তার চিকিৎসার জন্য কলকাতায় পাঠিয়ে দেয়। ঐ ঘটনার কিছুক্ষণ পরে জেলাপরিষদের সদস্য বিপ্লব মজুমদারের ভাই দুর্জয় মিত্রকে পুলিশ গুলিবিদ্ধ করে এবং বন্দুকের কাঠের গোড়ালি দিয়ে তার হাড় ভেঙে দেয়। পুলিশ তার দুর্বলতা ঢাকবার জন্য এই কথা বলে যে তার হাতে বোমা ছিল এবং সেই বোমা তার হাতে বার্স্ট করেছে। এখন প্রশ্ন জাগে যে, তার হাতে যদি বোম সত্যিই বার্স্ট করে থাকবে, তাহলে তো বোমার ছিট্ লাগবে? কিন্তু তার গায়ে সেইরকম কোনো চিহ্নই ছিল না। তাহলে খুব স্বাভাবিকভাবে এটা ধরে নেওয়া যেতে পারে যে পুলিশের কারচুপিতে এই ঘটনা ঘটেছিল। এই ব্যাপারে আমাদের দাবি এই যে, ঐ ঘটনার পরিপ্রেক্ষিতে কংগ্রেস পক্ষের লোকদের অ্যারেস্ট করা যেখানে হয়েছে, সেখানে সি. পি. এম. দলের একটা লোককেও কেন অ্যারেস্ট করা হল না, তাদেরও গ্রেপ্তার করতে হবে। জেলা পরিষদের সভাপতির বাড়িতে ঢুকে মারধোর এবং মাথা ফাটিয়ে দেওয়া হল, এই সমস্ত ঘটনা ঘটেছে। অথচ সি. পি. এম. দলের একজনকেও গ্রেপ্তার করা হল না কেন? পুলিশের নিষ্ক্রিয়তা ও অকর্মণ্যতা ও সি. পি. এম. দলের ঐ ঘটনায় যে প্রত্যক্ষ মদত ছিল, তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মনোহর তিরকী ঃ** মিঃ স্পিকার স্যার, দৈনন্দিন জিনিসপত্রে দাম যেভাবে বাড়ছে, তার সঙ্গে বিশেষভাবে উল্লেখ করতে হয় তরিতরকারির কথা। পশ্চিমবঙ্গে আলুর দাম যেভাবে বাড়ছে তা খুবই উদ্বেগজনক। নতুন আলুর দাম পুরাতন আলুর দামের সঙ্গে একটা বিরাট পার্থক্য বিশেষভাবে লক্ষ্য করা যায়। এরই সঙ্গে সঙ্গে এখানকার আলু কম দামে

(নতুন অবস্থায়) কিনে, এই রাজ্যের মানুষকে বঞ্চিত করে অন্য রাজ্যে পাঠানো হচ্ছে। অথচ কৃষকরা তাদের ন্যায্য দাম পাচ্ছে না।

আমার অনুরোধ আপনার কাছে যে আপনার মারফত যাতে কৃষিবিভাগকে এই বিষয়ে বলা হয় যে আলুর দাম যাতে ঠিক রাখা হয় এবং কৃষকরা যাতে সম্ভাব্য দাম পায় তার ব্যবস্থা করতে হবে।

[2-40—2-50 P.M.]

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** আমি আপনার মাধ্যমে একটি ঘটনার প্রতি বিধানসভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে দীর্ঘদিন প্রস্তাবিত এবং কেন্দ্রীয় সরকারের ডি. ভি. সি. পরিচালিত মেজিয়া থার্মাল পাওয়ার স্টেশনের জন্য ৭ম যোজনায় ৬৬ কোটি টাকা বরাদ্দ হয়েছে। এখানে বন দপ্তরের মন্ত্রী আছেন, তাঁর কাছে আমার অনুরোধ আপনার মাধ্যমে যে এই প্রকল্পটির জন্য কেন্দ্রীয় সরকার ৮০ একর জমি বন দপ্তরের কাছে চেয়েছেন এবং তার কনকারেন্ট লিস্ট বা যুগ্ম তালিকা হিসাবে মাননীয় মন্ত্রীর কাছে পাঠানো হয়েছে। মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী তার জবাবও দিয়েছেন এবং আশা করি এটি অনুমোদিত হয়েছে। তার পাশাপাশি রায়ত জমি বা ভেস্টেড ল্যান্ড যেগুলি আছে সেগুলি তরান্বিত করার জন্য আমি আপনার মাধ্যমে আবেদন করব। ১৯৮৫-৮৬ সালে কেন্দ্রীয় সরকার ১০ কোটি টাকার পাইলট প্রোজেক্ট গ্রহণ করেছেন এবং এরজন্য ডি. ভি. সি. তার নিজস্ব ২৫ কোটি টাকা ব্যয় বাবদ খরচ করছে এবং সবচেয়ে বড় কথা কেন্দ্রীয় সরকার ৭ম যোজনাতে অনুন্নত জেলার উন্নতির জন্য সচেষ্ট হয়েছেন। বাঁকুড়া জেলা যেখানে কোনো শিল্প নেই সেখানে তারা পথ দেখিয়েছেন এবং তার পাশাপাশি কোলিয়ারি হচ্ছে। সুতরাং আগামী দিনের এই উজ্জ্বল ভবিষ্যতের জন্য এই জমির অনুমোদন যাতে তাড়াতাড়ি হয় তারজন্য আমি আপনার মাধ্যমে আবেদন রাখছি।

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** স্যার, মেজিয়া তাপ বিদ্যুৎ প্রকল্পের জন্য যে জমি তার অনুমোদন হয়ে গেছে এবং দু'জন অফিসার দিল্লি চলে গেছেন কাজ বোঝাতে। সুতরাং এই বিষয়ে কোনো সন্দেহ নেই আর রায়ত জমি মাত্র ৬০-৬৫ একর, এতেও কোনো সমস্যা হবে না। এই জমিও পাওয়া যাবে।

**শ্রী সতীশচন্দ্র বিশ্বাস ঃ** হিটলার যেমন শেষরাত্রে আক্রমণ করতেন তেমনি আমাদের মহামান্য প্রধানমন্ত্রী মাঝরাত্রে পার্লামেন্টের দরজা বন্ধ করে ৭৫ কোটি মানুষের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করলেন। চাল, গম, তেল, ডিজেল এবং পেট্রোলের দাম বাড়িয়ে সারা ভারতবর্ষের মানুষের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করলেন। হিরো-সীমা-নাগা-শাকি এবং ভূপাল গ্যাস দেশের কয়েক লক্ষ মানুষকে পঙ্গু করে দিয়েছিল কিন্তু রাজীব গান্ধী গোটা দেশকে পঙ্গু করে, ধ্বংস করে দিয়েছেন। এর প্রতিবাদে আমাদের রাজ্যের কোটি কোটি মানুষ বন্‌ধ পালন করেন। গোটা রাজ্যের মানুষ এর প্রতিবাদ করেন এবং বন্‌ধ পালন করেন। আজকে ৫ মার্চ গোটা দিল্লির বুকে এই পশ্চিমবাংলার চাষীরা গিয়েছেন এর প্রতিবাদ করতে। এর পিছনে কোটি কোটি মানুষের দুঃখদুর্দশা জড়িত আছে। সেইজন্য আমার অনুরোধ এই হাউসে এই দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ে একটা আলোচনা করা হোক এবং যারা ওয়াক আউট করলেন তাদের গোটা ভারতবর্ষের জনগণের কাছে বিশেষভাবে চিহ্নিত করা হোক। বিধানসভার পক্ষ থেকে

ঐক্যবদ্ধভাবে এই ব্যাপারে প্রস্তাব নেওয়া হোক।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৮৫র মোশনে আলোচনা হয়েছিল যে আরামবাগ এলাকায় পঞ্চায়েত সমিতি কংগ্রেসের বলে হুগলি জেলা পরিষদ কিভাবে তার উপর বৈষম্য করে চলেছে। এই বিষয়ে অনেক উদাহরণও দিয়েছিলাম। তখন মন্ত্রী মহাশয় বলেছিলেন যে, এই অগণতান্ত্রিক কাজ বন্ধ হবে। এর আগে বেনিফিসিয়ারি কমিটি ছিল - পঞ্চায়েত সমিতিকে কাজ করতে দেওয়া হত না। বিধানসভায় বলবার পর মন্ত্রী মহাশয় বেনিফিসিয়ারি কমিটি বন্ধ করে দিলেন। কিন্তু গত কয়েকদিন আগে আবার একটা নতুন জিনিস হল সেটা হচ্ছে সেকশন অফিসার। আমার এলাকায় বাতানল, মলয়পুর, মাধবপুর এই তিনটি অঞ্চলে তিনটি রাস্তা তৈরি করবার জন্য কেন্দ্রীয় সরকারের বিগ এন. আর. ই. পি. জমা দেওয়া হয়েছিল। অনুমোদন হবার পর যখন রাস্তা তৈরি করবার জন্য জেলা পরিষদে এল তখন পঞ্চায়েত সমিতিকে টাকা না দিয়ে দুটি জায়গা প্রধানের মাধ্যমে একজনকে ১০ লক্ষ ৭০ হাজার টাকা, আর একজনকে ১০ লক্ষ ৬৬ হাজার টাকা দিলেন। আমি জিজ্ঞাসা করছি আমাদের পঞ্চায়েত সমিতির কাজ করবার কি কোনো অধিকার নেই? আমাদের পঞ্চায়েত সমিতি নির্বাচিত। জনসাধারণ তাদের কাজ করবার অধিকার দিয়েছেন। কিন্তু কোন অধিকারে হুগলি জেলা পরিষদ এই কাজ করছে সেটা জানতে চাই? ১৯৮৬ সালের ১৯ ফেব্রুয়ারি ৩টি চিঠি গেছে - তার নম্বর হচ্ছে ৩১১৭।৪ ১৯ ফেব্রুয়ারি, ১৯৮৬, ৩১১৬।৪ ১৯ ফেব্রুয়ারি, ১৯৮৬ সাল, ৩১১৮।৪ ১৯ ফেব্রুয়ারি, ১৯৮৫ সাল। এই তিনটি চিঠি দিয়ে ৩৫ লক্ষ টাকা এইভাবে তছরূপ হল কেন? এই প্রশ্ন আমি মন্ত্রী মহাশয়ের কাছে করছি। এবং আবেদন করছি অবিলম্বে এই টাকা তাদের কাছ থেকে নিয়ে পঞ্চায়েত সমিতির মাধ্যমে এই কাজ করা হোক।

**শ্রী সুভাষ বসু ঃ** আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন ১৭৫৭ খ্রীষ্টাব্দে পলাশীর যুদ্ধ যেখানে হয়েছিল ঐ জায়গাটা খ্যাত হয়ে আছে। সেইরকম আমি একটা জায়গার কথা বলছি। কয়েকদিন আগে ধর্ম রাজ্য প্রতিষ্ঠার জন্য শঙ্করপ্রসাদ মিত্র এবং আরও দুইজন জজ যেখানে প্রহৃত এবং আহত হয়েছিলেন সেই মুরাগাছি রোড দীর্ঘদিন যাবত খারাপ হয়ে আছে। ১ মাইল রোডটা যদি ভাল থাকত তাহলে মোটরে করে পালিয়ে তারা বেঁচে যেতেন। জাতীয় সড়ক থেকে ঐ রাস্তা দিয়ে ঢুকতে হয় কল্যাণীতে। ঐ মুড়াগাছি রোডটা যাতে অনতিবিলম্বে সারানো হয় সেদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টিআকর্ষণ করছি।

**শ্রী অশোক ঘোষ ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ডিসেম্বর মাসের মাঝামাঝি মধ্য রাত্রিতে হাওড়ার বৃহত্তম পানবাজারে ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে। এর মধ্যে দিন মজুররা থাকত। এই ঘটনা কেন ঘটল সেই বিষয়ে বারবার দাবি জানিয়েছি তদন্ত করার জন্য। পূর্তমন্ত্রী থেকে মুখ্যমন্ত্রীর কাছে দাবি করেছি যে এতগুলো প্রাণ অগ্নিকাণ্ডের ফলে মারা গেল তার কারণ জানা হোক।

[2-50—3-30 P.M.]

এই বিষয়ে তদন্ত হওয়া প্রয়োজন। পান বাজারে অগ্নিকাণ্ডের কারণ কি সেটা আজ পর্যন্ত আমরা জানতে পারলাম না। আরও বড় কথা সরকারি সূত্রে বলা হয়েছে ৯টি মৃতদেহ

পাওয়া গেছে, অথচ স্থানীয় অধিবাসীরা বলছেন শীতকালে বহু মানুষ রাত্রিবেলায় ওখানে শুয়ে থাকে। যাই হোক সরকারি সূত্র অনুযায়ী ৯টি মৃতদেহের মধ্যে ২টি মৃতদেহ তাদের আত্মীয়দের হাতে দেওয়া হয়েছে, বাকি মৃতদেহগুলি ফরেনসিক ল্যাবরেটরিতে আছে, তাদের আত্মীয়-স্বজন পায়নি। তাদের ক্ষতিপূরণ হাওড়া জেলা শাসক থেকে কিছুমাত্র দেওয়া হয়নি। আমি পৌরমন্ত্রীর কাছে অনুরোধ করছি যাদের অমূল্য প্রাণ গেছে তাদের পরিবার পরিজনদের ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করা হোক এবং পান বাজারের যে টেম্পোর্যারী স্টল করেছেন তার সংস্কার করে যাতে স্থায়ী পান বাজার করা যায় তার দিকে দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ হরমোহন সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে কিছু থানার মধ্যে দেখা যায় অনেক চোরাই মাল উদ্ধার করে রাখা হয়েছে এবং বছরের পর বছর সেগুলি পড়ে আছে। এই সম্পত্তিগুলি কাদের এবং কিভাবে এগুলি ব্যবহার করা যাবে তা জানা যায় না। আমি জানি না কার কাছে এই সম্বন্ধে বলব। এগুলির যাতে একটা ব্যবস্থা হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া একটা বিরাট শিল্পাঞ্চল এবং অত্যন্ত ঘনবসতি বহুল জায়গা। প্রতি মুহূর্তে বিভিন্ন জায়গায় অ্যাক্সিডেন্ট হচ্ছে এবং হাওড়া হাসপাতালের যা অবস্থা তাতে সেখানে সুচিকিৎসার অভাবে রোগীদের আনতে হচ্ছে কলকাতার হাসপাতালে। সেখানকার সবচেয়ে বড় প্রবলেম হচ্ছে রক্তের অভাব, বহু সময় বহু রোগী সেখানে রক্তের অভাবে মারা গেছে। রক্তের অভাব পূরণ করার জন্য সেখানে কোনো ব্ল্যাড ব্যাঙ্ক নেই। আমি গত বছর এই ব্ল্যাড ব্যাঙ্কের জন্য অনুরোধ করেছিলাম। হাওড়া হাসপাতালের সংলগ্ন প্রচুর জায়গা রয়েছে এবং প্রাইভেট বাড়ি রয়েছে, সেখানে ব্ল্যাড ব্যাঙ্ক করার জন্য স্বাস্থ্যমন্ত্রীকে আমি অনুরোধ করেছিলাম। সেখানে ক্যান্সার রোগের চিকিৎসার যদি ব্যবস্থা করা যায় তাহলে হাওড়ার মানুষ উপকৃত হয়। কারণ, ক্যান্সার চিকিৎসার জন্য হাওড়ার মানুষকে কলকাতায় আসতে হচ্ছে, ফলে কলকাতার হাসপাতালে রোগীর চাপ বাড়ছে। হাওড়া হাসপাতালের সংলগ্ন যে প্রাইভেট জায়গা এবং বাড়ি আছে তারা দেবার জন্য প্রস্তুত আছে, খুব কম খরচে একটা ব্লাড ব্যাঙ্ক হতে পারে এবং ক্যান্সার চিকিৎসার ব্যবস্থা হতে পারে, এই অনুরোধ স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রী গোস্বামীর কাছে রাখলাম।

**শ্রী অমরেন্দ্রনাথ ভট্টাচার্য ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হল রামমোহন রায়ের বাসস্থান। আজকে সভ্যতার যে গৌরব আমরা বাঙালিরা করছি, নব জাগরণের যে কাহিনী লেখা হয় তার পিতৃস্থানীয় হচ্ছেন রামমোহন রায়। সেই রামমোহন রায়ের বাড়িটি জাতীয় সৌধ হিসাবে চিহ্নিত না হয়ে সেই বাড়িটি আজকে লোহার ব্যবসায়ীরা দখল করে রেখেছে। ফলে আমাদের বাঙালির মান সম্মান আজকে লোহার মতো কালিমা লিপ্ত হয়ে গেছে। সরকার বিভিন্ন জায়গায় অতীত স্মৃতি রক্ষার ব্যবস্থা করেন, আজকে এই যে বাড়িটি উপেক্ষিত হয়ে পড়ে আছে এটা বাঙালির পক্ষে লজ্জাজনক, ভারতবর্ষের মানুষের পক্ষে লজ্জাজনক। আমি আপনার মাধ্যমে সামগ্রিকভাবে সরকারের কাছে আবেদন জানাচ্ছি যাতে ঐ বাড়িটি অবিলম্বে অধিগ্রহণ করে জাতীয় সৌধ

হিসাবে রক্ষিত হয়, অতীত এবং বর্তমানের সাক্ষী হিসাবে চিহ্নিত হয়।

(At this stage the House was adjourned till 3.30 P.M.)

(After recess)

[3-30—3-40 P.M.]

## RULLING OF THE SPEAKER

**Mr. Speaker :** Dr. Abedin, as regards your point of allowing amendments in other languages, I have brought the records of the period when you were the Minister i.e., 1972-76. I found the language of these records and the same notice that has been given here. It is written there, 'members are requested to kindly note that textual amendments to Motions, Resolutions or Bills should be submitted in the same language as that of the original Motions, Resolutions or Bills'. This was given in 1976. It is a matter of convention, which has grown. I fully appreciate this that those who do not know the Bengali language should have the liberty of giving amendments in their own language.

**Dr. Zainal Abedin :** There should have a translated motion.

**Mr. Speaker :** Who will translate? That convention has not developed in this House uptill now. I do not think that it has debarred from any liberty of the member of giving any amendment. I welcome it for giviing the amendments in their own language. For this year this convention will continue. As the time is short after the session we can sit with all the parties and discuss how it can be removed. As regards your second point I find your contention is quite right that the motion should be seconded. Rule 17 is very clear. There is no bar to second it to-day also. As such I will now call upon Shri Birendra Narayan Ray to second it.

**শ্রী আব্দুস সাত্তার :** স্যার, আমার একটা পয়েন্ট আছে। আজকে আপনি আমাকে বলতে দিলেন বলে আপনাকে ধন্যবাদ দিচ্ছি। এখানে রুল ১৭ হ্যাজ বিন্ ভাওলেটেড।

**Mr. Speaker :** There is no violation as the debate has not been started.

**Shri Abdus Sattar :** এখানে একটা সমস্ত বড় অসুবিধা হচ্ছে যে নিয়ম আছে যখন If it is not seconded then it should be dropped.

**Mr. Speaker :** I do not agree with you. It can also be seconded later.

**শ্রী আব্দুস সাত্তার :** আমি উদাহরণ দিয়ে বলতে পারি যখন একটা মোশন মুভ হয় এবং সঙ্গে সঙ্গে সেটা যদি সেকেন্ড না হয়, তখন ধরে নেওয়া হয় it will be taken as not moved.

সোমবারে এটা মুভ হয়েছে এবং যেহেতু it was pointed out by Dr. Zainal Abedin. আপনি যেটা করছেন সেটা লিগ্যাল হচ্ছে না।

**Mr. Speaker :** I am thankful to Dr. Abedin. Rule 17 of the Rules of Procedure and Conduct of Busines in the West Bengal Legislative Assembly is as follows : 'On such day or days or part of any day, the House shall be at liberty to discuss the matters referred to in such Address on a Motion of Thanks moved by a member and seconded by another member.' The motion can also be seconded on the day before the debate on the Address of the Governor starts.

**Shri Abdus Sattar :** It cannot be done on the day of discussion. The motin which was moved on Monday was not seconded. It cannot be seconded to-day.

**Mr. Speaker :** There is no bar. Now here it is written that it should be seconded on the same day. Can you show me any rule in this respect. I have heard you Mr. Sattar. I do not agree with you. Now Mr. Gyan Singh Sohan Pal will please make submission.

**Shri Gyan Singh Sohan Pal :** Mr. Speaker, Sir, I thank you for allowing me to express my opinion on the subject under discussion. While supporting the contention of the Leader of the Oppositions. I beg to submit that a resolution or a motion–unless it is moved and seconded – is not a complete motion. If it is not seconded it loses its gravity and it will automatically be taken as out of order. Even accepting you argument just for argument's sake, I beg to submit that you may allow it under your special power, though we do not know where it exists. A motion moved on the other day and seconded by a member to-day, is not in order. You are doing this by virtue of your special power. According to rules the motion of thanks should be moved and seconded and then only it is published in the List of Business. The motion can only be admitted and published after it has been seconded by another member. There are rules. I can give you references from Lok Sabha, from our own Assembly Rules, from Kaul and Shekdher etc. in support of my submission. A motion moved by a member should be seconded by another member on the same day, and then only you can invite amendments on the motion. Unless it is seconded by another member on the same day you cannot publish it in the List of Business and it should be taken as out of order, in my opinion.

**Mr. Speaker :** Mr. Sohanpal, there is no ambiguity with you regarding rule 17 of the Rules of Procedure of the House. Rule 17 runs as follows : "On such day or days or part of any day, the House

shall be at liberty to discuss the matter referred to in such address on a Motion of Thanks moved by a member and seconded by another member."

[3-40—3-50 P.M.]

So the Motion of Thanks can be seconded on the date of discussion also. There is no bar in it. In the Lok Sabha the member who moves the motion, is the first speaker and the second speaker is the seconder. Here the practice is that after the Motion of Thanks is moved we adjourn the House and the discussion on that takes place later on. We are not bound to follow their procedure. In the Lok Sabha there is also a convention where amendment can be given before the motion is moved.

**Shri Gyan Singh Sohan Pal :** Have you got any reference?

**Mr. Speaker :** I have gone through it and I have seen it.

**Shri Gyan Singh Sohan Pal :** I want a clarification as to what will be the position of this motion which is moved but not seconded.

**Mr. Speaker :** This is a motion which is pending to be seconded. According to the rules the motion can be seconded before the discussion. There is no difficulty in that. There is no problem at all.

Now I request Shri Biren Roy to second the motion.

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় বিধানসভায় গত ৩রা মার্চ যে অত্যুৎকৃষ্ট ভাষণ দিয়েছেন এবং মাননীয় সদস্য শ্রীশচীন সেন মহাশয় সেই ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি।

**Shri Subrata Mukherjee :** Sir, please adjourn the House and give your Ruling and then you start discussion.

**Mr. Speaker :** I have given my ruling. I will not allow any further discussion on this.

**Shri Subrata Mukherjee :** This is a bad precedent.

**Shri Abdus Sattar :** Sir, our amendments have not yet been circulated. Without the amendments how can you ask to start the debate.

**Mr. Speaker :** The question arose in the last year. Previously only a time of 24 hours was given for filing of amendments to the Motion of Thanks. You asked for more time. Accordingly, I gave you two days time for filing of amendments. Now you are putting me in an embarrassing position. You are saying that without your amendments it is not possible for you to start the debate. The last time for submission of amendments has been fixed upto 3 p.m. of today. Is it humanly

possible to print the amendments and circulate the same to you all? I have said in the last year that there is a printing problem.

**Shri Abdus Sattar :** That is correct. But how can we start discussion now. Be kind hearted to us, Sir.

**Mr. Speaker :** You can start in the same way as was done in the last year.

So why do you want more time now? Do you want to follow the old rule of allowing only twenty-four hours' time? You are saying that you have no time and you are wanting the copies at the same time. That is not possible.

**Shri Abdus Sattar :** আমরা কাল পর্যন্ত কয়েক শত অ্যামেন্ডমেন্ট দিয়েছি। It is expected that the amendments would be circulated.

**Mr. Speaker :** It is not humanly possible to get all the amendments printed and circulated by 3-45 p.m. The same should be circulated as soon as they are ready.

**শ্রী আব্দুস সাত্তার ঃ** আপনি পার্লামেন্টারি প্রসিডিংস দেখুন।

**Mr. Speakr :** I have gone through the parliamentary proceedings. Further time cannot be allowed because by 3 O'clock all the amendments are to be filed. So how does it possible to have them circulated. No further debate on this issue. Now discussion on Governor's Address. I now request you to sta-t your speech on the Governor's Address.

**Discussion on Governor's Address.**

**শ্রী আব্দুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৩রা মার্চ রাজ্যপাল এই হাউসে যে ভাষণ দিয়েছেন, সেটা যদিও রাজ্যপালের নামে দেওয়া হয়েছে কিন্তু আসলে এটা বর্তমান বামফ্রন্ট সরকারের মন্ত্রিসভার ভাষণ এবং আমাদের বন্ধু বীরেন রায় ঠিক মতই বলেছেন যে রাজ্যপালের কিছু করার নেই, সেজন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। এই ভাষণে অনেক কিছু কৃতিত্বের কথা বলা হয়েছে। কিন্তু রাজ্য সরকারের ব্যর্থতার কথা কোনো জায়গায় উল্লেখ নেই। সবচেয়ে দুঃখের কথা তারা যা করতে পারেননি, পশ্চিমবাংলায় যা করেননি সেই সমস্ত অসত্য ভাষণ রাজ্যপালের মুখ দিয়ে বলানো হয়েছে। রাজ্যপালের ভাষণ যদি আগাগোড়া ধরা হয় তাহলে দেখা যাবে যে এই ভাষণে যেসব কথা বলা হয়েছে তাতে অসত্য কথা বেশি করে বলা হয়েছে সত্যের ধার দিয়ে যাওয়া হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভাষণের চার দফায় যে কথা বলা হয়েছে সেই বিষয়ে আপনার নজরে আনছি। ৪ দফায় বলা হয়েছে, 'এই বছর নিরবিচ্ছিন্ন নজরদারির ফলে রাজ্যের সার্বিক আইন-শৃঙ্খলার পরিস্থিতি সাধারণভাবে সন্তোষজনক'—একথা বলা হয়েছে। আমি বলব যে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা বলে কোনো বস্তু নেই। স্যার, গতবার তিনি বলেছিলেন যে এই রাজ্য শান্তির মরুদ্যান, আর এবারে বলছেন সন্তোষজনক। আমি একথা বলতে পারি যে আপনি কি ভুলে গেছেন—মাননীয়

[3-50—4-00 P.M.]

মুখ্যমন্ত্রী, আপনাকে আমি অভিযোগ করছি—যে এই কয়েকদিন আগে নৈহাটিতে যে ঘটনা ঘটেছে, সেটা কি সন্তোষজনক, পুলিশ যে কাজ করেছে সেটা কি সন্তোষজনক? নৈহাটির ঘাটে মানসি কর্মকারকে খুন করা হয় এবং এই বিষয়ে পুলিশকে খবর দেওয়া হয়েছে। তার অর্ধেক দেহ জলে ছিল পুলিশ ওঠায়নি। পুলিশ তাকে ওঠায়নি, জোয়ার এসে তাকে ভাসিয়ে নিয়ে গেছে। এ-সব কি পুলিশের কাজে গাফিলতি নয়? আজকে নৈহাটিতে সি পি এম-এর মস্তানরা রাজত্ব করছে, সেখানে মানুষের কোনো নিরাপত্তা নেই। নৈহাটিতে জঙ্গলের রাজত্ব কায়েম হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রী, আপনি এ-সবের কি কৈফিয়ত দেবেন? পুলিশের অবহেলার জন্য একটা মেয়ের উপর বলৎকার হয়েছে, এই অভিযোগ উঠেছে। অর্থাৎ আপনারই বিরুদ্ধে অভিযোগ উঠেছে, অতএব আমি বলছি আপনিই ঐ কেসের আসামি। শুধু নৈহাটির ঘটনাই নয়, আরও ঘটনা আছে। ঐ পাশে বসে আছেন নবদ্বীপের এম এল এ দেবী বসু মহাশয়। তিনি কি নবদ্বীপের ঘটনাগুলি অস্বীকার করতে পারেন? তিনি বুকে হাত দিয়ে বলুন নবদ্বীপে আইন-শৃঙ্খলা আছে কিনা। আমরা জানি সেখানে মস্তান-রাজ কায়েম হয়েছে। সমাজবিরোধীরা নবদ্বীপ শাসন করছে। আমরা বিশ্বাস করি সমাজবিরোধীরা কোনো দলের নয়। সমাজবিরোধীরা যে দলের আশ্রয়েই থাকুক না কেন তাদের বিরুদ্ধে পুলিশ ব্যবস্থা নিতে না পারলে মাননীয় মুখ্যমন্ত্রী, আপনাকেই তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। অথচ আমরা আশ্চর্য হয়ে লক্ষ্য করছি, আপনি বলছেন যে, রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি খুব ভাল, পুলিশ ভালভাবে কাজ করছে। পশ্চিমবাংলা নাকি শান্তির মরুদ্যান। অথচ আমরা দেখছি পুলিশের সাহায্য নিয়ে মস্তানরা নৈহাটি, নবদ্বীপ প্রভৃতি জায়গা শাসন করছে। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি নিজেই স্বীকার করেছেন যে, ১৯৮৫ সালে—১ বছরে—নদীয়া জেলায় ১৯৬ জন খুন হয়েছে। আবার তারপরেই আপনি বলছেন, পশ্চিমবাংলা শান্তির মরুদ্যান। এমনই শান্তির মরুদ্যান যে, সেখানে এক বছরের মধ্যে একটা জেলাতে ১৯৬ জন খুন হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি এই হাউসে প্রশ্নের উত্তরে লিখিত উত্তর দিয়েছিলেন ১৯৭৭ সালে জুন থেকে ১৯৮২ সালের জুনের মধ্যে এই রাজ্যে ৬,৭৭২টি খুন হয়েছিল। তারপর আরও চার বছর চলে গেছে এবং এর মধ্যে আরও ৬,০০০ খুন হয়েছে। অর্থাৎ আপনার কন্ট্রিবিউসন হচ্ছে, আপনার রাজত্বে প্রায় ১৩,০০০ মানুষ খুন হয়েছে যার কোনো কিনারা হয়নি। এইভাবে আপনি সরকার চালাচ্ছেন, আর পশ্চিমবাংলাকে শান্তির মরুদ্যান বলছেন।

**শ্রী শ্যামল চক্রবর্তী :** 'মরুদ্যান' কথাটি রাজ্যপালের ভাষণের কত পৃষ্ঠায় আছে?

**শ্রী আব্দুস সাত্তার :** গত বছর ঐ কথা বলেছিলেন এবং তার অনেক আগে থেকেই এসব ঘটছে। আর আজকে বলছেন, রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক এবং মানুষের নিরাপত্তা আছে। অথচ আমরা জানি অনেক ঘটনা এখানে ঘটছে। নিরীহ ফরোয়ার্ড ব্লক সদস্যরা এখানে মুখবুজে বসে আছেন, কেবলই তাঁরা মার খাচ্ছেন, কিন্তু কিছু করতে পারছেন না। অথচ তাঁরা সারা জীবন আপনাদের দিকেই আছেন। আমি গতবার বলেছিলাম এবং এবার আবার বলছি, মুর্শিদাবাদ জেলার পাহাড়পুরে ফরোয়ার্ড ব্লকের লতিথ খানের দুই ছেলে এবং এক মেয়ে ছিল—১০ বছরের মেয়ে রাবেয়া-সহ তাঁর দুই ছেলেকে—সেখানকার সি পি এম প্রধানের নেতৃত্বে সি পি এম-এর দেড় শো লোক তাদের আক্রমণ করে বাইরে

থেকে ঘরের শেকল তুলে দিয়ে পুড়িয়ে মারে। এই ঘটনার কথা কি আজকে আপনারা কেউ অস্বীকার করতে পারেন? আজও মুর্শিদাবাদে ফরোয়ার্ড ব্লক এবং সি পি এম-এর মধ্যে সংঘর্ষ চলছে এবং সে দিন ফেব্রুয়ারি মাসেও ৫ জন খুন হয়েছে। সি পি এম-এর লোকেরা খুন করেছে, অথচ তাদের বিরুদ্ধে কোনো অ্যাকশন নেওয়া হয়নি, কাউকে অ্যারেস্ট করা হয়নি। মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি, হাইকোর্টের অর্ডার সত্ত্বেও পাহাড়পুরের ঘটনায় যে সমস্ত আসামিরা ছিল তাদের বিরুদ্ধে কোনো অ্যাকশান নেওয়া হয়নি। যেহেতু সেখানে সি পি এম-এর লোক সেহেতু জেলা সেসন জজের কোর্ট থেকে ঐ সমস্ত আসামিরা জামিন পেয়েছিল। জামিন ক্যান্সেল করার জন্য হাইকোর্টে আবেদন করা হয়েছিল, যদিও আবেদন মঞ্জুর হয়নি, কিন্তু হাইকোর্ট থেকে অর্ডার দেওয়া হয়েছিল যে, ওরা রাণীনগর থানার কোনো গ্রামে ঢুকতে পারবে না। অথচ আমরা দেখছি তারা বহাল তবিয়তে রাণীনগর থানার মধ্যে নিজ নিজ গ্রামে বসবাস করছে। সেখানকার থানার ও. সি. বা পুলিশ হাইকোর্টের অর্ডার থাকা সত্ত্বেও কোনো অ্যাকশান নিচ্ছে না, হাইকোর্টের অর্ডারকে মানছে না। এ ছাড়াও এর আগে সি পি এম-এর মস্তানরা ফরোয়ার্ড ব্লকের লোকের বিরুদ্ধে অনেক অত্যাচার করেছে, অনেক ঘটনা ঘটেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশবাহিনীকে যদি কেউ কলুষিত করে থাকেন তাহলে সেই কলুষিত করেছেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিজে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় শিবপুরে পুলিশ অ্যাসোসিয়েশনের মিটিং-এ গিয়েছিলেন। ননগেজেটেড পুলিশ অ্যাসোসিয়েশনের মিটিং। সেই মিটিং-এ ওনার সামনে অ্যাসোসিয়েশনে লোকেরা আই. পি. এস অফিসারদের শ্রাদ্ধ করেছেন। ঐ মিটিং-এ ডি. জি. উপস্থিত ছিলেন। আপনি নিজে নন-গেজেটেড অ্যাসোসিয়েশন চাচ্ছেন আর আপনারই সামনে এইসব জিনিস করা হচ্ছে। আপনি পুলিশের মধ্যে শৃঙ্খলাবোধ ফিরিয়ে নিয়ে আসতে পারেননি। আজকে পুলিশের মধ্যে যদি আইন-শৃঙ্খলার অভাব থেকে থাকে, পুলিশ যদি আজকে কোনো কিছু অন্যায় করে থাকে তাহলে তার মূলে আপনি ছাড়া আর কেউ নেই। আপনি যেভাবে ট্রেড ইউনিয়ন গড়ার কাজে তাদের সাহায্য করেছিলেন তারাই আজকে বুমেরাং হয়ে আপনার ঘাড়ে চাপছেন। আজকে তাই পুলিশে—পুলিশে মারামারি, অ্যাসোসিয়েশনের মধ্যে ঝগড়া-ঝাটি — এই অবস্থা বিভিন্ন জায়গায় দেখা দিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনি বলতে পারেন, এরজন্য কি আপনি দায়ী নন? আপনার সরকার দায়ী নয়? আপনি বলতে পারেন পশ্চিমবাংলায় স্বর্গরাজ্য বিরাজ করছে? পুলিশের মধ্যে ডিসিপ্লিন যদি না থাকে, আজকে যদি পুলিশদের নিয়ে পার্টিবাজি, দলবাজি করা হয় তাহলে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আপনি কি আশা করতে পারেন এই পুলিশেরা আইন-শৃঙ্খলার ধারক-বাহক হয়ে কাজ করবেন? আপনি দেখবেন, পশ্চিমবাংলায় যতগুলি ঘটনা ঘটেছে প্রতিটি ঘটনায় পুলিশের সহায়তা আছে। কংগ্রেসের লোকেরা অনেক খুন হয়েছে, এখনও খুন হচ্ছে। সি পি এমরা খুন করছে। কোনো অ্যাকশান সরকার নিচ্ছে না। এমনকি শরিকের লোকেরা খুন হয়ে গেলে পর অ্যাকশান নেওয়া হচ্ছে না। আর একটি ঘটনার কথা বলি। এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে চিঠি দিয়েছিলাম এবং ডিজিকেও দিয়েছিলাম। মুর্শিদাবাদ থানার অন্তর্গত ১৮-১২-৮৫ তারিখে রাত্রি দেড়টার সময়ে শুভ্রা সরদারের বাড়ি থেকে মতি এবং এনামুল হক এই দু'জনকে ধরে পুলিশ কাসটোডিতে নিয়ে যায়। তাদের সঙ্গে সুভ্রা সরদারের মেয়ে এবং ছেলেকেও ধরে নিয়ে যায়। গৌরীপুর ঘাট পার হবার

পর সেই মেয়ে এবং ছেলেকে ছেড়ে দেওয়া হয়। কিন্তু মতি এবং এনামুলকে তার পরের দিন সকাল সাড়ে ৬টায় প্রসাদপুর মাঠে ১৪টি বুলেট বিদ্ধ অবস্থায় পাওয়া গেল। এই ২জন পুলিশ কাসটোডিতে ছিল অথচ প্রসাদপুর মাঠে গুলি বিদ্ধ অবস্থায় পড়ে রইল। এ ব্যাপারে এনামূলের স্ত্রী সি জে এমের কোর্টে যেতে বাধ্য হয়েছে। এই হচ্ছে আপনার পুলিশ কাসটোডি। যেখানে মানুষ নিরাপত্তা আছে বলে মনে করে, সেখান থেকে নিয়ে গিয়ে পুলিশ মাঠে খুন করে দিয়ে চলে গেল। এই হচ্ছে আপনার প্রশাসন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আপনি আজকে পুলিশবাহিনীতে রাজনীতি ঢুকিয়েছেন বলে পুলিশবাহিনীর সর্বনাশ হয়েছে, এতে কারও কোনো সন্দেহ নেই। আজকে পুলিশবাহিনীর নিষ্ক্রিয়তা এবং সমাজবিরোধীদের সঙ্গে সহযোগিতা করার ফলে এই অবস্থা দাঁড়িয়েছে। আপনি যখন উত্তরে বলবেন, তখন আপনি চলে যাবেন বিহার, না হয় দিল্লি অথবা ইউ পি'তে। পশ্চিমবাংলায় আপনারা আসার আগে যে অবস্থা ছিল সেকথা আপনারা কখনও বলেননি।

[4-00—4-10 P.M.]

আজকে তার আগে ১৯৭২ থেকে ১৯৭৬ এর কথা বলবেন না, এমন কি ১৯৬২ থেকে ১৯৬৬ কি ছিল সে কথাও বলেননি, সুতরাং আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি যে ভাষণ দিয়েছেন তা অসত্য এবং সন্তোষজনক নয় এ কথা আপনাকে মনে করিয়ে দিচ্ছি। রাজ্যপালের মুখ দিয়ে যেটা বলিয়েছেন সেটা সম্পূর্ণ অসত্য। এবার আসুন ৯ দফাতে, এখানে বলা হয়েছে সপ্তম যোজনার জন্য ৪১২৫ কোটি টাকা এবং ১৯৮৬-৮৭ সালের বার্ষিক যোজনার জন্য ৭৭৬ কোটি টাকা বরাদ্দ অনুমোদন করা হয়েছে। তারপরে স্যার, নির্ধারণের সময় কিসের উপর জোর দেওয়া হয়েছে সে সম্বন্ধে বলছি। আমি বলব—মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আজকে আপনার প্রাক্তন অর্থমন্ত্রী মহাশয় কি জন্য পদত্যাগ করলেন জানি না, আপনি এখন অর্থমন্ত্রী, আমরা আশা করেছিলাম আপনি সে বিষয়ে কিছু বক্তব্য রাখবেন কিন্তু আপনি তা রাখেননি। আপনার সঙ্গে তাঁর কি মতের অমিল হয়েছিল আপনি বললেন না, বললে ভাল হত। আপনি ৪১২৫ কোটি টাকা যেটা বলেছেন ৯ দফায় আমার মনে হয় আপনি ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ঠিকভাবে রিসোর্স মোবিলাইজ যদি করতে পারতেন এবং ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় টোটাল প্ল্যান আউটলে ৩৫০০ কোটি টাকা খরচ করতে পারতেন তাহলে সপ্তম পরিকল্পনায় ৭ হাজার কোটি টাকা পেতেন। আজকে পশ্চিমবঙ্গ ৭ হাজার কোটি টাকা পাচ্ছে না, তার কারণ হচ্ছে ষষ্ঠ পরিকল্পনায় আপনার ব্যর্থতা। যেহেতু রিসোর্স মোবিলাইজ করতে পারেননি রিসোর্স মোবিলাইজ করতে না পারার জন্য ঐ ৩৫০০ কোটি টাকা যদি খরচ করতে পারতেন তাহলে আজকে ৭ হাজার কোটি টাকা পেতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, টাকা পাওয়া এক, আর ঠিক ঠিক ভাবে রিসোর্স মোবিলাইজ করে খরচ করা আর এক কথা। আজকে ভয়ে ভয়ে পশ্চিমবঙ্গের জন্য ৭৫০ কোটি ৩ লক্ষ টাকার কথা বলেছেন। হঠাৎ দেখা গেল চাওয়ার বেশি তিনি পেয়েছেন। ২৬ কোটি টাকা বেশি পেয়েছেন। খবরের কাগজে দেখেছি জ্যোতিবাবু খুশি হয়েছেন, আমরাও খুশি হয়েছি। আজকে অনুরোধ করব এই ৭৭৬ কোটি টাকা সেই সমস্ত পরিকল্পনায় নিশ্চয় খরচ হবে। মাননীয় রাজ্যপালের ভাষণে গত বছর যে পরিমাণ টাকা ছিল সেই পরিমাণ টাকা কিভাবে খরচ হয়েছে আমরা জানি না, যদিও আমরা খবরের কাগজে দেখলাম আপনি বলতে

পারতেন আপনার রিসোর্স মোবিলাইজ গত বছরে এ বছরের শেষের দিকে ভাল করেছেন যখন ২৬ কোটি টাকা না চাইতেই দেওয়া হয়েছে—এটাকা আপনার নয়, কেন্দ্রের নয়, এ টাকা জনগণের টাকা। সুতরাং এই টাকা নিয়ে ঠিক ঠিকভাবে ব্যয় করুন নিশ্চয়ই খুশি হব, তখন ধন্যবাদ জানাব। কিন্তু ষষ্ঠ পরিকল্পনায় যে ব্যর্থতা দেখিয়েছেন ৩৫০০ কোটি টাকার মধ্যে ২২৯৮.৯২ কোটি টাকা খরচ করেছেন এবং প্রায় ১২০০ কোটি টাকা ব্যয় করতে পারেননি। এই জন্য কৈফিয়ত দেবে কে? ষষ্ঠ পরিকল্পনায় ১২০০ কোটি টাকা খরচ হয়নি, অর্থাৎ আপনারা রিসোর্স মোবিলাইজ করতে পারেননি বলেই এটা পারলেন না। এরজন্য দায়ী, আমার মনে হয়, আপনার সরকার—বামফ্রন্ট সরকার। অবশ্য বামফ্রন্ট সরকার বললে ভুল হবে, এর জন্য দায়ী সি পি এম সরকার, কারণ বামফ্রন্ট সরকারে অন্য যাঁরা আসেন, নিজেদের অবস্থা তাঁদের জানা আছে। সেইজন্য এক্ষেত্রে বামফ্রন্ট সরকার বলছি না। ষষ্ঠ পরিকল্পনায় ৩,৫০০ কোটি টাকার মধ্যে ৬৭ পার্সেন্ট দেয় ছিল রাজ্য সরকারের এবং ৩৩ পার্সেন্ট দেয় ছিল কেন্দ্রীয় সরকারের। এবার ৪,১২৫ কোটি টাকা ঠিক হয়েছে। এর ৭৩ ভাগ রাজ্য সরকার এবং ২৭ ভাগ দেবে কেন্দ্রীয় সরকার এবং এটা সমস্ত রাজ্য সরকারের ক্ষেত্রেই অ্যাপ্লিকেশন। শুধু তাই নয়, ষষ্ঠ পরিকল্পনায় আপনাদের ২,৮১৯ কোটি ৭৪ লক্ষ টাকার রিসোর্স মোবিলাইজ করবার কথা ছিল, অর্থাৎ ৩,৫০০ কোটি টাকার মধ্যে যেখানে আপনাদের কন্ট্রিবিউশন করবার কথা ছিল ২,২৯১ কোটি টাকা, সেখানে আপনারা কন্ট্রিবিউট করেছেন মাত্র ৬২৩ কোটি ৯৫ লক্ষ টাকা। অত্যন্ত লজ্জার কথা এটা। পাশের রাজ্য ত্রিপুরা, তাঁরা টোটাল প্ল্যান আউটলের বেশি খরচ করেছেন। আর একটি রাজ্য তামিলনাড়ু, তাঁরাও টোটাল প্ল্যান আউটলের বেশি খরচ করেছেন। কর্ণাটকও টোটাল প্ল্যান আউটলের বেশি খরচ করেছেন। সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা একমাত্র রাজ্য যাঁরা টোটাল প্ল্যান আউটলের কম খরচ করেছে ষষ্ঠ পরিকল্পনায়। এই রাজ্যের চেয়ে কম কেউ খরচ করেনি। ষষ্ঠ পরিকল্পনায় তামিলনাড়ু ৪৪০ কোটি টাকা প্ল্যান আউটলের উপর খরচ করেছে, কর্ণাটক অতিরিক্ত খরচ করেছে ৩৬৮ কোটি টাকা, কিন্তু পশ্চিমবাংলা প্ল্যান আউটলের টাকাই খরচ করতে পারেনি। এর ফলে পশ্চিমবাংলার মানুষ বঞ্চিত হয়েছে, গরিব মানুষ বঞ্চিত হয়েছে, আন-এমপ্লয়মেন্ট বেড়েছে। এইভাবে পশ্চিমবাংলার অর্থনীতিকে আপনারা দেউলিয়া করেছেন। এরজন্য দায়ী আপনাদের সরকার। আরও দুঃখজনক কথা হচ্ছে, রাজ্যের ভাইটাল সেক্টর অর্থাৎ পাওয়ার, সোশ্যাল অ্যান্ড কম্যুনিটি ডেভেলপমেন্ট সেচ, বন্যা নিয়ন্ত্রণ, শিক্ষা, ওয়াটার সাপ্লাই, এ্যগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ইত্যাদি ক্ষেত্রে ষষ্ঠ পরিকল্পনায় যা বরাদ্দ ছিল, রিসোর্স মোবিলাইজ করতে না পারার কারণে তাও আপনারা খরচ করতে পারেননি। এই ভাষণে পাওয়ারের কথা যেভাবে বলা হয়েছে তাতে মনে হচ্ছে এই রাজ্যে পাওয়ার সারপ্লাস হয়েছে, অন্য রাজ্যেও পাঠাতে পারেন আপনারা। এইভাবেই এখানে ছবি এঁকেছেন আপনারা। ষষ্ঠ পরিকল্পনায় বিদ্যুৎ খাতে বরাদ্দ ছিল ৮৮৬ কোটি ৫৫ লক্ষ টাকা, কিন্তু খরচ করা হয়েছে ৫৮৯ কোটি ৪৬ লক্ষ টাকা। এক্ষেত্রে সর্ট ফল হয়েছে ২৯৭ কোটি ৯ লক্ষ টাকা। ভাইটাল সেক্টর ইন দি ইকোনোমি, পশ্চিমবাংলার অর্থনীতির মেরুদণ্ড যে পাওয়ার, সেখানে রিসোর্স মোবিলাইজ করতে না পারার কারণে এটা হয়েছে। এইভাবেই রিসোর্স মোবিলাইজ করতে না পারার কারণে ষষ্ঠ পরিকল্পনার ৩,৫০০ কোটি টাকার মধ্যে ২৯৭ কোটি টাকা ফেরত চলে গেছে।

[4-10—4-20 P.M.]

খরচ করতে পারেননি, ফেরত চলে গেছে, আপনারা রেসোর্স মোবিলাইজ করতে পারেননি। সেচ এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য ধরা ছিল ৬৩৩.৭৬ কোটি টাকা, তার মধ্যে খরচ হয়েছে ৩১৭.৪০ কোটি টাকা এবং শর্ট ফল হয়েছে ২৮৬.৩৬ কোটি টাকা। বন্যার জন্য প্রতি বছর হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়ে গেছে। জল সেচের অভাবে উৎপাদন বৃদ্ধি করতে পারা যাচ্ছে না। সেখানে সেচ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য টাকা থাকতেও খরচ করতে পারেননি। এদিকে আপনারা বলছেন বন্যা নিয়ন্ত্রণের জন্য এত কিছু করেছি, এত হেক্টর জমিতে সেচের ব্যবস্থা করেছি, আশা করা যায় এত উৎপাদন হবে। সত্যি কথা বলুন যে কাজ করতে পারিনি, প্রকাশ্যে স্বীকার করুন এইসব কথা, তাহলে আমরা ক্ষমা করে দেব। আপনারা এই কথা স্বীকার করুন। শুধু তাই নয় সোশ্যাল কমিউনিটি ডেভেলপমেন্ট-এ ৯১২.৮০ কোটি টাকা প্ল্যান আউটলে ছিল, তার মধ্যে খরচ হয়েছে ৬৮৭.৫০ কোটি টাকা, শর্ট ফল হয়েছে ২২৫.৩০ কোটি টাকা। শিক্ষা খাতে ধরা ছিল ২৭৫ কোটি টাকা, খরচ হয়েছে ১৭৭.৪৩ কোটি টাকা এবং শর্ট ফল হয়েছে ৯৭.৫৭ কোটি টাকা। এখানে ওয়াটার সাপ্লাই-এর অবস্থা অত্যন্ত খারাপ, কিন্তু ওয়াটার সাপ্লাই-এর কোনো ব্যবস্থা হয়নি। ওয়াটার সাপ্লাই-এ ধরা ছিল ১০৩ কোটি টাকা, খরচ হয়েছে ৬১.১২ কোটি টাকা। এবং শর্ট ফল হয়েছে ৪১.৮৮ কোটি টাকা। এ্যাগ্রিকালচার অ্যান্ড অ্যালয়েড সার্ভিসে ধরা ছিল ২২৬.৮০ কোটি টাকা, খরচ হয়েছে ১৪৭.১২ কোটি টাকা এবং শর্ট ফল হয়েছে ৭৯.৬৮ কোটি টাকা। রুর‍্যাল ডেভেলপমেন্টে ২৪০ কোটি টাকা অ্যালটেড ছিল, খরচ হয়েছে ১৭৩.৭৬ কোটি টাকা এবং শর্ট ফল হয়েছে ৬৬.২৪ কোটি টাকা। এইভাবে দেখা যাচ্ছে ভাইটাল সেক্টারে আপনারা কিছু করতে পারেননি। আপনাদের কথার জোর আছে, গোয়েবেলের মতো মিথ্যা কথা বলে সব কিছু চালিয়ে যাচ্ছেন। আপনারা মুখে গরিব মানুষের কথা বলেন, কিন্তু আপনাদের কাজের মাধ্যমে গরিব মানুষ উপকৃত হয়নি। এখন আপনাদের উপরতলার মানুষদের সঙ্গে দোস্তী হয়েছে, সেইজন্য উপরতলার মানুষ কিভাবে লাভবান হয় সেই দিকটা আপনারা দেখছেন। রাজ্যপালের ভাষণের ৮ নং অনুচ্ছেদে বলেছেন গ্রামীণ কর্মসংস্থানের কথা। তাতে বলেছেন ৬৩.০৬ লক্ষ শ্রম দিবস সৃষ্টি করা হয়েছে। আমি বলছি এটা হতাশাজনক। আপনারা জানেন ৩০২ কোটি শ্রম দিবস সৃষ্টি করার কথা ছিল। সেখানে ১৯৮৫ সালের নভেম্বর পর্যন্ত আপনারা করেছেন ৬৩.০৬ লক্ষ শ্রম দিবস। এতে আপনাদের কৃতিত্বের কিছু নেই। ২০ দফা কর্মসূচীর মধ্যে যে সমস্ত কর্মসূচী আছে সেই কর্মসূচীর কথা এই ভাষণের মধ্যে থাকে না। আই. আর. ডি. পি., এন. আর. ই. পি., আর. এল. ই. জি. পি., ড্রট প্রবন এরিয়া ডেভেলপমেন্ট প্রোজেক্ট-এর মাধ্যমে প্রচুর টাকা আপনাদের কেন্দ্রীয় সরকার দিয়েছে গরিব মানুষদের জন্য তাদের উন্নতির জন্য আপনারা সেই টাকা খরচ করতে পারেননি। সেই টাকা খরচ করতে পারা যায়নি পঞ্চায়েতে দুর্নীতি এবং দলবাজির জন্য। আমি গতবার এই হাউসে বলেছিলাম বর্ধমান জেলা পরিষদের ভাইস চেয়ারম্যান নজরুল হক ৩০ লক্ষ টাকা নিজের হাতে খরচ করেছিলেন। তিনি কোনো ইউটিলাইজেশন সার্টিফিকেট দেননি, অর্থ সংস্থা এই রিমার্ক করেছে। এইভাবে কোরাপশন হচ্ছে।

সেখানে আপনি এমন একজনকে পি. পি. নিযুক্ত করেছেন, যেখানে বাদী অ্যাকিউস্‌ড হয়ে যাচ্ছে। সেখানে বাদী দেখতে পাচ্ছে যে আসামি পি. পি.-র সঙ্গে কথা বলছে। স্বাভাবিক ভাবেই, সেখানে সমস্ত মানুষ দেখতে পাচ্ছেন কি দুর্নীতি চলছে। আপনি এনকোয়ারী করুন, আপনিও দেখতে পারেন। এর পরে আসুন পঞ্চায়েত প্রধানদের কথায়। এঁদের বিরুদ্ধে বহু অভিযোগ আমরা করেছি। কিন্তু আপনি কোনো ব্যবস্থা তাঁদের বিরুদ্ধে গ্রহণ করেননি। এর পেছনে কারণ আছে। আপনি এই রাজ্যের মুখ্যমন্ত্রী, আপনি জানেন যে এখানে ৩০১ লক্ষ শ্রমদিবস সৃষ্টির কথা ছিল। কিন্তু সেই জায়গায় আপনি ৬০ লক্ষ শ্রমদিবস সৃষ্টি করতে পেরেছেন। যেখানে ৩০১ লক্ষ শ্রমদিবস সৃষ্টি করার কথা ছিল, সেখানে আপনি বলেছেন ৬৩ লক্ষ শ্রমদিবস সৃষ্টি করতে পেরেছেন। আপনি গরিব মানুষদের জন্য অনেক কিছু করেছেন। আপনাকে ধন্যবাদ দিই যে আপনি এখানে শিল্পের অগ্রগতির জন্য ১৫/১৬টি শিল্পে যৌথ উদ্যোগ গ্রহণের জন্য প্রচেষ্টা নিয়েছেন। আপনি বাল্য জীবন থেকে যে বিপ্লবের কথা ও রাজনৈতিক বিষোদগার করে এসেছেন, যাদের আপনি পুঁজিপতি বলে ঘৃণা করে এসেছেন, সেই বহুজাতিক সংস্থাগুলোর সঙ্গে শিল্পের পুনরুজ্জীবনের জন্য যৌথ উদ্যোগে প্রয়াসী হয়েছেন। আপনাকে এজন্য ধন্যবাদ জানাই। বড় বড় শিল্পপতি, টাটা, বিড়লা, গোয়েঙ্কার বিরুদ্ধে আপনি বিষোদ্গার উচ্চারণ করে এসেছেন। যখন আপনি দেখলেন ঐ সমস্ত শিল্পপতিদের সহযোগিতায় অন্যান্য রাজ্যগুলো শিল্পে ক্রমান্বয়ে এগিয়ে চলেছে এবং পশ্চিমবাংলা দিনের পর দিন মার খাচ্ছে, এখানকার শিল্প ক্রমশ পিছিয়ে পড়ছে, তখন ইউ কেম টু ইওর সেন্স। তখন কেন্দ্রীয় সরকার যে শিল্পনীতি গ্রহণ করেছেন, সেই নীতি আপনি গ্রহণ করেছেন। এজন্য আপনাকে আমি ধন্যবাদ জানাই। আপনি বুঝতে পেরেছেন যে কেন্দ্রীয় সরকার যে শিল্পনীতি গ্রহণ করেছেন, সেই নীতি গ্রহণ করা অনেক ভাল। আপনি বলেছেন যে, এ ব্যাপারে একটা আলোড়ন পড়েছে। এই প্রসঙ্গে একটা কথা আপনাকে বলি যে, যে ভুল আপনি প্রথম থেকে করছিলেন, সেই ভুল কিন্তু ডাঃ বিধানচন্দ্র রায় কখনও করেননি, যেজন্য সেই সময়ে শিল্পে যে অগ্রগতি ঘটেছিল তা আপনার আমলে এখনো ঘটেনি। আপনার ভুলের মাশুল পশ্চিমবাংলার মানুষকে দিতে হচ্ছে। তবে শেষ প্রান্তে আপনার যে শুভ-বুদ্ধির উদয় হয়েছে তার জন্য আপনাকে কংগ্রেস দলের পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি। আপনাকে আরও ধন্যবাদ নিশ্চয়ই জানাব—যেভাবে এগিয়ে যাবার নীতি গ্রহণ করেছেন, সেইভাবে যদি এগিয়ে যেতে পারেন। আপনার সরকার পক্ষে শরিকদল সি. পি. আই. অবশ্য আপনার এই নীতিকে এখনও পর্যন্ত সমর্থন করছেন না। আর. এস. পি. দলের লোকেরাও বলছেন, তাঁরা সমর্থন করছেন না। অর্থাৎ আপনার শ্রমনীতি এবং শিল্পনীতিকে তাঁরা সমর্থন করেন না, এ কথা তাঁরা এখনও বলছেন। অন্য এক শরীক দল ফরওয়ার্ড ব্লক এই ব্যাপারে একেবারে চুপচাপ। ওঁদেরকে বলে আর কি লাভ?

আপনার শ্রমনীতি ও শিল্পনীতি সম্পর্কে এখানে একটি কথা বলতে চাই। ডঃ ভবতোষ দত্ত 'চতুরঙ্গ' পত্রিকাতে আপনার এই উদ্যোগ সম্পর্কে আপনাকে ধন্যবাদ জানিয়েছেন। 'মার্কস্‌' যদি বর্তমান সময়ে জন্মগ্রহণ করতেন, তাহলে তিনি নিশ্চয়ই বলতেন যে তাঁর ঐ একশো বছরের পুরনো থিয়োরি পশ্চিমবাংলাতে চলবে না। সুতরাং 'মার্কস্‌' জ্যোতিবাবুর মতো যৌথ উদ্যোগকে সমর্থন করতেন। তিনি বলেছেন কি ক্ষতি এই নীতি গ্রহণ করাতে?

অন্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলা শিল্পক্ষেত্রে অনেক পিছিয়ে পড়েছে। ১৯৭৭ সালের তুলনায় ১৯৮৩ সালে সারা ভারতবর্ষে শিল্পোৎপাদন বেড়েছিল প্রায় ৮৮০ শতাংশ। সেক্ষেত্রে ঐ সময়ে পশ্চিমবাংলায় বেড়েছিল মাত্র ২১ শতাংশ। জিনিসপত্রের আর্থিক মূল্য অনেক পরিমাণে বৃদ্ধি পেয়েছে একথা সত্য। ১৯৬০ সালকে যদি একশো নয় কোটি টাকা ধরা যায় তাহলে যার (শিল্পোৎপাদনের) মূল্য ১,৯৪০ কোটি টাকা ছিল, সেখানে পশ্চিমবাংলায় তার অঙ্ক ৮৩ ভাগ কম। এইভাবে তিনি আরও বলেছেন। শিল্পে মাথাপিছু আয় ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮৩-৮৪ সাল পর্যন্ত সারা ভারতবর্ষে বৃদ্ধি পেয়েছিল যেখানে ৫৯ শতাংশ, সেখানে পশ্চিমবঙ্গে বৃদ্ধি পেয়েছিল মাত্র ১৮ শতাংশ। সারা ভারতবর্ষের তুলনায় পশ্চিমবাংলা অনেক বেশি পরিমাণে দারিদ্র্যসীমার নিচে অবস্থান করছে। এখানে শিল্পের উৎপাদন খুবই কম।

[4-20—4-30 P.M.]

এই বক্তব্য আমার নয়, ডাঃ ভবতোষ দত্তের, যিনি বিরাট অর্থনীতিবিদ। সুতরাং এই দিক থেকে আমি আপনার নীতিকে সমর্থন করি। এরজন্য আমি আগেও ধন্যবাদ জানিয়েছি এবং এখনও জানাচ্ছি। এরপরে রুগ্ন শিল্পের বিষয়ে আসা যাক—রুগ্ন শিল্প বা বন্ধ শিল্প সারা ভারতবর্ষে যা আছে, সেখানে পশ্চিমবঙ্গে ১-এর তিনভাগ। সারা ভারতবর্ষকে চটশিল্পকে অ্যাসিসটেন্স দিয়েছেন তাতে পশ্চিমবঙ্গকে রুগ্ন ও বন্ধ শিল্পের জন্য ৬০ শতাংশ সাহায্য দেওয়া হয়েছে। অর্থাৎ ইন্ডাস্ট্রিয়াল অ্যাসিসটেন্স প্রোভাইডেড বাই দি সেন্টার ইন ওয়েস্ট বেঙ্গল থ্রু আই. আর. সি. আই. অ্যান্ড আই. আর. বি. আই. ৮০-৮৫ পার্সেন্ট দিচ্ছেন। সারা ভারতবর্ষের যে ছবি তাতে পশ্চিমবঙ্গের রুগ্ন শিল্প অতি নিচের দিকে। পশ্চিমবঙ্গের সরকারই আসলে রুগ্ন তো শিল্প রুগ্ন হবে না কেন। এত হতেই পারে। রুগ্ন সরকার এবং রুগ্ন শিল্প তাতে বাধা কি। সারা ভারতবর্ষে যত শ্রমদিবস নষ্ট হয়েছে তার একের ৮ অংশ পশ্চিমবঙ্গে নষ্ট হচ্ছে। তবে আপনি বলবেন যে সব ঝুটা হ্যায়। এই চিৎকার আপনি অন্ধকার ঘরের থেকে করবেন। আপনি সব ঝুটা হ্যাঁয় বলবেন আর আমরা সব মেনে নেব এ হতে পারে না। সুতরাং রাজ্যপাল তার ভাষণে পশ্চিমবাংলার যে ছবি তুলে ধরেছেন সেই ছবি প্রকৃত ছবি নয়। সেই ছবি অসত্যে ভরা। প্রকৃত ছবি তিনি তুলে ধরেননি। সারা ভারতবর্ষে যত বেকার তার ওয়ান ফিফ্‌থ পশ্চিমবঙ্গে। পশ্চিমবঙ্গের বেকারির সংখ্যা ৫০ লক্ষ আর সারা ভারতবর্ষে বেকারির সংখ্যা ২ কোটি ৫০ লক্ষ। এই অবস্থায় পশ্চিমবঙ্গ এসে দাঁড়িয়েছে। আপনারা ১৫ দফায় বলেছেন যে বিনিয়োগের পরিমাণ খুব কম। পশ্চিমবঙ্গের জন্য রেল বাজেটে ৯৬১ কোটি ১১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। আমি এক এক করে বলে দিতে পারি কি কি খাতে বরাদ্দ করেছে। আপনারা যদি একটু সত্য কথা বলতেন তাহলে খুশি হতাম। বাঁকুড়া জেলার মেজিয়া তাপ বিদ্যুৎ প্রকল্পের জন্য যেটি ডি. ভি. সি.র তত্ত্বাবধানে পরিচালিত হতে চলেছে তারজন্য ৫৬৬ কোটি টাকা গ্রহণ করা হয়েছে। দ্বিতীয় হুগলি ব্রিজের জন্য ২৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এবং লোন হিসাবে আগে যেটা ৫৭ কোটি ধরা হয়েছিল সেটা বাড়িয়ে দিয়ে ১৫০ কোটি টাকা ধরা হয়েছে। তারপরে হুগলি ড্রেজিংয়ের জন্য ২২ কোটি টাকা ধরা হয়েছে। ভাগিরথী ওয়াটার ড্রেজিংয়ের জন্য ৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এবং সেন্ট্রাল ইংল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অর্থাৎ কলিকাতা বাংলাদেশ জল পরিবহন সংস্থার জন্য ৯ কোটি ৯৯ লক্ষ টাকা ধরা হয়েছে।

ফারাক্কা ব্যারেজ প্রকল্পে ১৮ কোটি ৪৫ লক্ষ টাকা ধরা হয়েছে, দুর্গাপুর ইস্পাতের জন্য আগামী বছরে ৭৯ কোটি টাকা ধরা হয়েছে, অন্যান্য স্টিল প্ল্যান্টের জন্য ১৮ কোটি টাকা, দুর্গাপুরের জিওলজিক্যাল সার্ভের জন্য ২০ কোটি টাকা, এবং কেন্দ্রীয় সরকারের অধিকৃত প্রতিষ্ঠানগুলির জন্য যেমন বেঙ্গল কেমিক্যালের জন্য বরাদ্দ ২ কোটি টাকা, বেঙ্গল ইমিউনিটির জন্য দেড় কোটি টাকা, রূপনারায়ণপুরের হিন্দুস্থান কেবলসের জন্য ৮ কোটি টাকা, দুর্গাপুরের ভারত অপথালমিক গ্লাসের জন্য ৪ কোটি টাকা, বার্ণ স্ট্যান্ডার্ড কোম্পানির জন্য ৬ কোটি ৮৭ লক্ষ টাকা। এইভাবে ধরলে ৯৬১ কোটি ১১ লক্ষ টাকা। সুতরাং আপনারা যেটা বলছেন সেটা সত্য নয়। যানবাহন ইত্যাদির কথা নাই বললাম। স্বাস্থ্যদপ্তরের কথা বলছি যে সারা পশ্চিমবাংলায় গরিব মানুষদের কোনো চিকিৎসার ব্যবস্থা হাসপাতালে নেই, ঔষধের ব্যবস্থা নেই, অপারেশন রুগীর কোনো চিকিৎসা হচ্ছে না। হাসপাতালে তারা মরতে যায়। যে সরকার হাসপাতালে ঔষধ দিতে পারে না, গরিব মানুষের ব্যবস্থা করতে পারে না অথচ তারাই বলছেন স্বাস্থ্য দপ্তর ভাল আছে। যে ভদ্রলোক টুপি পরে ঘুরে বেড়াচ্ছেন তার টুপি খুলে নিন। জ্যোতিবাবু আমাদের বলেছেন ভেড়ার দল না ঐ জাতীয় কি বলেছেন সেখানে আমি বলছি না যে, আপনারা গাধার দল। সেটা বলতে আমার রুচিতে বাধে। আমরা ছেলে মানুষ নই যে, আপনি যে কথা লিখে দেবেন সেইটাই মেনে নেব—সেটা আপনি আশা করবেন না। আমি আশা করব ভবিষ্যৎ আপনার উজ্জ্বল হোক, দেশকে আরও এগিয়ে নিয়ে যান এবং এবারে সপ্তম পরিকল্পনায় যে টাকা আসবে সেটা যেন ঠিক ঠিক ভাবে ব্যয় করেন। এবং পঞ্চায়েত দুর্নীতি আশাকরি দূর করবেন। আপনি ক্যাডার আর পুষবেন না, টাকা নিয়ে রাজনীতি আর করবেন না। আপনারা যে রাজনীতির স্কুল খুলেছেন, ফরোয়ার্ড ব্লক, আর. এস. পি. তার ভেতর ঢুকতে পারছে না। আপনারা রাজ্যপালের মুখ দিয়ে যে ভাষণ পড়িয়েছেন সেই অসত্য ভাষণ সমর্থন করতে পারি না এবং তার জন্য যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকেও সমর্থন করতে পারি না। সুতরাং অ্যামেন্ডমেন্ট যা এনেছি তাকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** অধ্যক্ষ মহাশয়, শচীন সেন মহাশয় ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করেছেন প্রথমেই তাকে সমর্থন জানাই প্রস্তাবের বিরোধিতা করে বিরোধী দলের নেতা প্রায় ৫০ মিনিট ধরে দীর্ঘ বক্তৃতা করলেন। তার বক্তৃতা শুনে বুঝতে পারলাম যে বিরোধি দলের নেতা এবং কংগ্রেস আই দলের গরিব মানুষদের দুঃখে চোখ দিয়ে গ্যালন জল পড়ছে। যখন এত জল পড়তে পারে তখন তাহলে ফারাক্কা দিয়ে ৪০ হাজার কিউসেক জলের জন্য বাংলাদেশের সঙ্গে এত লড়াই করতে হত না। প্রথমে আমার বক্তব্য শুরু করার আগে সমর্থন জানাব এই জন্যে যে রাজ্যপালের ভাষণে আজকে পশ্চিমবাংলার সমস্যাগুলি বাস্তব চিত্র সংযত ভাষায় আমাদের সামনে রেখে সমাধানের পথ হিসাবে মন্ত্রিসভা যে পরিকল্পনাগুলি করেছেন সেগুলি আমাদের সামনে তিনি তুলে ধরেছেন।

[4-30—4-40 P.M.]

এটা ব্যর্থতার দলিল নয়, বরং গোটা ভারতবর্ষের বিভিন্ন অঙ্গ রাজ্যের সরকার যে ব্যর্থতার নজির তৈরি করেছেন যেদিকে গোটা ভারতবর্ষের জনগণ হতাশার দিকে চেয়ে আছে তার থেকে আমাদের পশ্চিমবঙ্গ সত্যসত্যই মরুভূমির মধ্যে মরুদ্যানের মত। আমাদের সরকারের ক্রটি দুর্বলতা নিশ্চয়ই আছে, কিন্তু সেই ক্রটি দুর্বলতাকে সাফল্যের সঙ্গে সরিয়ে রেখে বর্তমান পরিস্থিতিতে অর্থনৈতিক সামাজিক কাঠামোর মধ্যে দাঁড়িয়ে অগ্রসর হবার চেষ্টা করছেন

আমাদের মন্ত্রিসভা যার জন্য আমরা এই ভাষণকে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বঙ্গোপসাগরে যখন ঝড় উঠে তখন সেই ঝড় উপকূলবর্তী রাজ্যগুলিতে আছড়ে পড়ে প্লাবিত করে এটাই প্রকৃতির অনিবার্য নিয়ম। গোটা ভারতবর্ষে যে প্রতিকূল রাজনৈতিক, অর্থনৈতিক সাইক্লোন প্রবাহিত হয়েছে সেই ঝড় আমাদের রাজ্যেও আছড়ে পড়ছে, আমাদের দেখতে হবে সেই ঝড়, ঝঞ্ঝা, বন্যা, প্লাবন থেকে এই রাজ্যের অধিবাসীদের সরকার রক্ষা করতে পারছে কিনা। আমরা জোরের সঙ্গে বলতে চাই জ্যোতিবাবুর নেতৃত্বে আমাদের সরকার সাধ্যমত চেষ্টা করছে এবং সাফল্যের সঙ্গে সেই কাজ তাঁরা পরিচালনা করছেন। এমন একটা সময়ে রাজ্যপালের ভাষণ বিধানসভায় উপস্থাপিত করা হয়েছে যখন গোটা ভারতবর্ষের পরিস্থিতি অগ্নিগর্ভ এবং অগ্নিগর্ভ হতে বাধ্য। পার্লামেন্টারি সংসদীয় ব্যবস্থার পবিত্রতার কথা বলা হয়, কিন্তু সেই সংসদ বসবার আগেই প্রশাসনিক অর্ডারে গোটা ভারতবর্ষের মানুষকে বিপর্যস্ত করে দেওয়া হয়েছে। এইরকম একটা সময়ে রাজ্যপালের ভাষণ সরকারকে তৈরি করতে হয়েছে এবং এখানে উপস্থাপিত করতে হয়েছে। সাত্তার সাহেবকে আমি ব্যক্তিগতভাবে শ্রদ্ধা করি, তিনি ইংরাজিতে সুপণ্ডিত, বাংলাতেও দেখলাম খুব ভাল। কিন্তু সাহিত্যে যাঁরা স্ট্রং হন অঙ্কেতে তাঁরা একটু উইক হন। কারণ, বিরোধী পক্ষের নেতা হিসাবে তিনি যোজনার যে ফিগার দিলেন সেই ফিগারগুলি খুব দুর্বল। একজন ভাল সিনিয়র অ্যাডভোকেটের অনেক জুনিয়র অ্যাডভোকেট থাকে যাঁরা তাঁকে ব্রিফ করে দেন। কিন্তু সাত্তার সাহেবের জুনিয়র অত্যন্ত দুর্বল, যাঁরা ব্রিফ করছেন তাঁদের ব্রিফ বোধ হয় খুব দুর্বল। তার কারণ উনি বললেন ষষ্ঠ যোজনার খাতে ৩ হাজার ৫ শো কোটি টাকা বরাদ্দ ছিল। কিন্তু এটা কি সম্পূর্ণ সত্য? এটা অর্ধ সত্য। কারণ, পরবর্তীকালে এটাকে কমিয়ে নিয়ে আসা হয়েছিল ২ হাজার ৭ শো ৬৪ কোটি টাকায়। তাই যে চিত্র সাত্তার সাহেব এখানে উপস্থাপিত করলেন এটাকে সত্য গোপন করা ছাড়া আর কোনো ব্যাখ্যা দেওয়া যায় না।

মাননীয় সদস্য সাত্তার সাহেব দ্বিতীয় কথা বললেন সবটাই তো কেন্দ্রীয় সাহায্য। এটা কি ঠিক? গত বছর পর্যন্ত রাজ্য সরকারকে শতকরা ৬৭ ভাগ তুলতে হত। এবারে দেখলাম পুরোপুরি প্রশাসনিক আদেশ জারি করে রাজ্য সরকারকে বঞ্চিত করে কেন্দ্রীয় কোষাগার স্ফীত করা হয়েছে। আমি গোটা ভারতবর্ষের অঙ্গ রাজ্যগুলির কথা বলছি। এইভাবে যদি রাজ্য সরকারগুলিকে বঞ্চিত করা হয় তাহলে তার ফল হবে মারাত্মক। শরীরের সমস্ত পচে যাবার লক্ষণ। ২৭৬৪ কোটি টাকা যা বরাদ্দ করা হয়েছে তার মধ্যে পশ্চিমবঙ্গ সরকার খরচ করেছে ২৩১৫ কোটি টাকা। আমি সাত্তার সাহেবের বক্তব্যকে চ্যালেঞ্জ করছি, তাঁর যদি সাহস থাকে তাহলে তিনি তাঁর দলিলপত্র উপস্থিত করতে পারেন। এখানে কেন্দ্রীয় সরকারের ফিগার এবং রাজ্য সরকারের ফিগারের কথা বলা হয়েছে। সাত্তার সাহেব বলেছেন ষষ্ঠ যোজনায় কেন্দ্রীয় সরকারের সাহায্যের পরিমাণ হল ৩১৪৭ কোটি টাকা। তিনি আরও বলেছেন পশ্চিমবাংলার পারফর্মেন্স হল সব থেকে নিচুতে। কিন্তু তিনি বোধহয় জানেন না এই ব্যাপারে কংগ্রেসের অন্যান্য নেতারা কিন্তু অন্য রকম কথা বলেছেন। আমাদের এই হাউসে এখন মাননীয় সদস্য সাধন পাণ্ডে যেখানে বসতেন ওখানে বসতেন কংগ্রেস(আই) সদস্য শ্রী অজিত পাঁজা। সেই অজিত পাঁজা এখন কেন্দ্রীয় মন্ত্রী—তিনি বলেছেন ৭ম যোজনায় পশ্চিমবাংলায় পরিকল্পনার বরাদ্দ বেড়ে গেছে। এই খবর "গণশক্তি'তে বের হয়নি,

আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে। আমি আনন্দবাজার থেকে তাঁর বক্তব্য পড়ে শোনাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** শ্যামলবাবু খবরের কাগজের উদ্ধৃতি এখানে দেওয়া যাবে না।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমি কাগজ পড়ছি না, তবে তাঁর বক্তব্য আপনাদের কাছে শোনাচ্ছি। অজিতবাবু বলেছেন ষষ্ঠ যোজনায় পশ্চিমবাংলার সম্পদ সংগ্রহের পরিমাণ ভাল। আর সাত্তার সাহেব বললেন জুলিয়াস সিজারের মত অজিতবাবুকে কি বলবেন, ব্রুটাস্, তুমিও!

**মিঃ স্পিকার ঃ** কেন্দ্রীয় মন্ত্রীর নাম উল্লেখ না করে শুধু কেন্দ্রীয় মন্ত্রী বলুন।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** ঠিক আছে। স্যার, কেন্দ্রীয় ওই মন্ত্রী আরও বলেছেন, পশ্চিমবাংলার পারফর্মেন্স উত্তরপ্রদেশ থেকেও ভাল। এই উত্তরপ্রদেশ সরকার পরিচালনা করেন কংগ্রেস(আই) দল। তবে তিনি এখানেই শেষ করেননি। তিনি বলেছেন, শুধু উত্তর প্রদেশই নয়, পশ্চিমবাংলার অবস্থা বিহার, পাঞ্জাব এবং হরিয়ানা থেকেও ভাল। দুঃখের বিষয় সাত্তার সাহেব এসব কথা কিছুই বললেন না। উনি শুধু দেখলেন পশ্চিমবাংলা সবচেয়ে নিচুতে রয়েছে। ত্রিপুরার কথা বললে ওঁরা রাগ করেন। আমরা ওই ত্রিপুরার কথা বলে গর্ব বোধ করি। আমরা একটা কথা বার বার বলেছি কেন্দ্রীয় সরকারের যে সমস্ত সুবিধা আছে অঙ্গ রাজ্যগুলির সেই সুবিধা নেই। কেন্দ্রীয় সরকার নোট ছাপাতে পারেন, আড়াই পয়সার কাগজকে ১০০ টাকার নোটে পরিণত করতে পারেন, তাঁরা প্রয়োজনে ইচ্ছেমত ওভারড্রাফ্‌ট নিতে পারেন। এখানে বিদেশি পুঁজি এবং বহুজাতিক সংস্থার কথা বলা হয়েছে। আমরা অনিচ্ছা সত্বে আজ এই কাজ করছি। আজ যদি কেন্দ্রীয় সরকার আমাদের প্রয়োজনীয় পরিকল্পনাগুলি রূপায়িত করত, হলদিয়ায় পেট্রো কেমিক্যাল করত, সল্ট লেকে ইলেকট্রনিক্স কারখানা খুলত তাহলে এই সমস্ত বহু জাতিক সংস্থার সঙ্গে আমাদের যুক্ত হতে হত না। পশ্চিমবাংলা সীমান্ত রাজ্য তাই এখানে অসুবিধা আছে এসব কথা আমরা শুনি। কিন্তু জম্মু-কাশ্মীরে গিয়ে আমরা শুনলাম সীমান্ত রাজ্য হওয়া সত্ত্বেও সেখানে ইলেকট্রনিক্স কারখানা হল। দুটো রাজ্যের অবস্থাই যখন এক তখন পশ্চিমবাংলাকে বঞ্চিত করা হল কেন? আজকে যদি কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলাকে এটা দিত অর্থাৎ পেট্রোকেমিক্যাল পাবলিক সেক্টরে হত তাহলে ওই বহুজাতিক সংস্থার সঙ্গে আমাদের যুক্ত হতে হত না। পশ্চিমবাংলা এই ব্যাপারে ৫/৬ বছর ধরে অপেক্ষা করে থাকার পর শেষে একেবারে বাধ্য হয়ে যাদের আমরা ঘৃণা করি তাদের সঙ্গে যুক্ত হয়েছি। তবুও বলি, এখানে শ্রমিক শ্রেণী পরিচালিত রাজনৈতিক দল থাকবে, পুঁজিপতি পরিচালিত রাজনৈতিক দল থাকবে না।

[4-40—4-50 P.M.]

কেন করতে হচ্ছে? এই মহাজাতি সংস্থাকে তাড়াতাড়ি তাড়াবার জন্যই এই চুক্তি আমাদের করতে হচ্ছে। এবং পৃথিবীর বিভিন্ন দেশেও এই জিনিস হচ্ছে। যখন পশ্চিমবাংলার ন্যায্য প্রাপ্য থেকে কেন্দ্রীয় সরকার বঁঞ্চত করে, তখন তার জন্য পশ্চিমবাংলার মানুষ যখন সংগ্রাম করে লড়াই করে, তখন আপনারা যান না এবং আপনাদের ক্ষমতা নেই। যখন কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলাকে বঞ্চনা করে তখন আপনারা বলেন মায়ের দেওয়া মোটা কাপড় মাথায় তুলে নে এবং এই কথা বলে আপনারা নৃত্য করতে থাকেন। যেটা

পশ্চিমবাংলাবাসীর প্রাপ্য চিরকাল তা থেকে পশ্চিমবাংলা বঞ্চিত হচ্ছে। আজকে তারা সংগ্রাম করছে এই জ্যোতি বসুর নেতৃত্বে। সিরাজদৌল্লা পরাজিত হয়েছিল পলাশীর যুদ্ধে এবং সে দিন থেকে ভারতবর্ষের স্বীধীনতার সূর্য অস্তমিত হয়েছিল। কিন্তু সিরাজদৌল্লা কি পরাজিত হত? মোহনলাল এবং মিরমদন তখনও ছিল। কিন্তু তা সত্ত্বেও তাকে পরাজয় স্বীকার করতে হয়েছিল ঐ মির্জাফর ও জগৎশেঠের মতো লোক সেদিন ছিল বলে। আজকে কিন্তু তারা শেষ হয়নি। আজকে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার মানুষদের বঞ্চনা করছে বিশ্বাসঘাতকতা করছে আর আপনারা মির্জাফরের দল সেই কেন্দ্রীয় সরকারকে সমর্থন জানাচ্ছেন। এবং সেই জন্যই পশ্চিমবাংলার মানুষদের সংগ্রাম তাদের লড়াই দুর্বল হয়ে যাচ্ছে। আপনারা বেকারের পরিসংখ্যান ঠিকমতো দিতে পারবেন না। গোটা ভারতবর্ষের বেকার সংখ্যা কত? কেন্দ্রীয় সরকারের শ্রমমন্ত্রী রাজ্যসভায় প্রশ্নোত্তরে বলেছেন গোটা ভারতবর্ষের বেকারের সংখ্যা হচ্ছে ২ কোটি ৬২ লক্ষ। এটা কিন্তু রেজিস্টার্ড বেকার। কিন্তু আমরা সকলেই জানি অনেকেই আছেন যারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যান না। কারণ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরি হয় না। আজকে ভারতবর্ষে যে নীতি চলছে তাতে অনিবার্যভাবে বেকার সংখ্যা বাড়তে বাধ্য। শিল্পের কথা বলছেন? আপনারা বলেছেন পশ্চিমবাংলার অর্থনীতি দেউলিয়া। কিন্তু আমরা বলছি যে আপনাদের সময়ে পশ্চিমবাংলার অর্থনীতি দেউলিয়া হয়ে গিয়েছিল। কিন্তু আজকে পশ্চিমবাংলায় মাননীয় জ্যোতি বসুর নেতৃত্বে পশ্চিমবাংলার অর্থনীতিতে মরা গাঙে বান ডেকেছে। আপনারা বলছেন পশ্চিমবাংলার অবস্থা খারাপ থেকে খারাপতর হচ্ছে। কিন্তু আজকে পশ্চিমবাংলার মানুষ উপলব্ধি করতে পারছে যে কি ছিল আর কি হয়েছে। আর যদি খারাপই হল তাহলে বোলপুরে এই অবস্থা হল কেন? সুনীতিবাবু যতই চেষ্টা করুন না কেন সিদ্ধার্থশঙ্কর রায়কে নিয়ে, তবুও তাকে এক লক্ষ ভোটের ব্যবধানে পরাজিত হতে হল। এই ভোটের দুরবস্থা ক্রমশ বাড়ছে। আপনাদের আর ফিরে আসবার কোনো আশাই নেই। আপনারা রুগ্ন শিল্পের কথা বলেছেন। কত রুগ্ন শিল্প আছে তা বলতে পারবেন? পশ্চিমবাংলায় রুগ্ন শিল্পের সংখ্যা এই রকম হওয়া স্বাভাবিক। পূর্বে এই পশ্চিমবাংলা ছিল ইঞ্জিনিয়ারিং ও অন্যান্য শিল্পের পীঠস্থান। কিন্তু দুর্বল হয়ে যাচ্ছে। কারণ শিল্পে মর্ডানাইজেশন হচ্ছে না।

অন্য রাজ্য আজকে প্রতিদ্বন্দ্বিতায় সেখানে পেরে উঠছে না গোটা ভারতবর্ষে ১ লক্ষ কারখানা বন্ধ, দু'মাস আগের এই চিত্র। পশ্চিমবাংলায় ১০ হাজার আছে। এটা ভুললে চলবে না যে, রুগ্ন শিল্পের সমস্যা গোটা দেশের অর্থনৈতিক সমস্যা। নির্বাচনের আগে আপনারা বলেননি যে, বন্ধ কারখানায় তালা খোলার চাবি আমাদের কাছে আছে? চাবিওয়ালারা কোথায়? নির্বাচন কেন্দ্রে তাদের তো আর খুঁজে পাওয়া যায়নি। কারখানার পর কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। বিদ্যুতের ব্যাপারে আমি বেশি ফিগারের দিকে যাব না। ওরা বলছেন পশ্চিমবাংলার বিদ্যুতের অবস্থা খুব খারাপ। পশ্চিমবাংলার বিদ্যুৎ পরিস্থিতি খুব ভাল, এই কথা আমি বলব না। কিন্তু ইংরাজ আমল এবং কংগ্রেস আমলে মিলিতভাবে ওরা যা খারাপ করে গিয়েছিলেন বামফ্রন্ট সরকার সেই অবস্থা কাটিয়ে উঠে ভালোর দিকে নিয়ে গেছেন। আপনারা যা বিদ্যুৎ উৎপাদন করেছিলেন বামফ্রন্ট সরকার সেটাকে বাড়িয়ে দ্বিগুণ করেছেন। আর এখন নির্মীয়মান প্রকল্প যা আছে তা যদি হয় তাহলে তিন গুণ হবে। কেন্দ্রীয় সরকার সাগরদীঘি যদি দিতেন তাহলে আরও বাড়ত। মাননীয় বিরোধী দলের নেতা গিয়ে বলুন ওখানে গার্ডেনরিচ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারকে টাকা দিতে হবে না। গার্ডেনরিচ প্রকল্পের টাকার গ্যারান্টি অনুমোদন

দিচ্ছেন না কেন? কেন্দ্রীয় সরকার ভাত দেবার কেউ নন, অথচ কিল মারার গোঁসাই হচ্ছেন কেন? কেন্দ্রকে টাকা দিতে হচ্ছে না, অথচ অনুমোদন দিচ্ছেন না কেন? সারা ভারতবর্ষের কি চেহারা একবার ভেবে দেখুন। ইউ. এন. আই.-এর রিপোর্ট, কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী বসন্ত শাঠে লোকসভায় একটি প্রশ্নের উত্তরে বলেছেন, সপ্তম যোজনার পরে সারা ভারতবর্ষে বিদ্যুতের ঘাটতি থাকবে শতকরা ১৯ ভাগ। কাজেই এই অবস্থায় বিদ্যুৎ দিয়ে দাঁত মাজবেন, এটা হতে পারে, এটা সম্ভব? খোদ দিল্লি শহরে যেখানে প্রধানমন্ত্রী বসে আছেন সেখানে সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পরে বিদ্যুৎ ঘাটতি থাকবে ১৩৭৮ মেগাওয়াট। কাজেই আপনারা কোন্ মুখে বিদ্যুতের কথা বলছেন? শিক্ষার কথা বললেই আপনারা লাফিয়ে ওঠেন। পঞ্চম শ্রেণী পর্যন্ত যখন মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দেওয়ার ব্যবস্থা চালু করা হল এবং যখন বলা হল প্রাথমিক স্তর পর্যন্ত ইংরাজি ভাষা থাকবে না এবং প্রাথমিক স্তর পর্যন্ত পাশ ফেল প্রথা তুলে নেওয়া হল তখন আপনারা কত চিৎকার করলেন। কই এখন তো আপনাদের সেই চিৎকারের ১০ ভাগের এক ভাগও দেখছি না। জাতীয় শিক্ষা নীতি চালু হবার পর এদিকে তাকিয়ে আপনাদের কথা বলবার হিম্মত নেই। দশম, দ্বাদশ শ্রেণী পর্যন্ত পরীক্ষা তুলে দেওয়া হচ্ছে, প্রধান শিক্ষক সার্টিফিকেট দিয়ে দেবেন। কলেজ, ইউনিভার্সিটির পরীক্ষাও হচ্ছে না, আপনারা এর প্রতিবাদ করছেন না কেন? আপনাদের সাহস নেই। পশ্চিমবাংলা সরকার শিক্ষা খাতে শতকরা ২৫/৩০ ভাগ খরচ করে। তার কেন্দ্রীয় সরকার শিক্ষা খাতে এক ভাগেরও কম খরচ করে। এর জন্য রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গে সন্তোষ প্রকাশ করা হবে না? ওরা আইন-শৃঙ্খলার কথা বলছেন। হ্যাঁ, আইন-শৃঙ্খলা সন্তোষজনক এই কথা ঠিক। কিন্তু আমি এই কথা বলছি না যে আইন-শৃঙ্খলায় কোনো অশান্তি নেই। অশান্তি আছে, পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলায় সমস্যা আছে। কিন্তু সারা ভারতবর্ষের পরিস্থিতির দিকে আপনারা একটু তাকিয়ে দেখুন। রামস্বরূপের কেসের মধ্য দিয়ে প্রমাণিত হয়ে গেছে যে, সি. আই. এ. গোটা ভারতবর্ষকে ছেয়ে ফেলেছে। আইন-শৃঙ্খলা বিঘ্নিত করবার একটা চেষ্টা সেখানে আছে। দিল্লি পুলিশের রিপোর্ট হচ্ছে প্রতিদিন সেখানে একজন করে খুন হয়। বেশি কথার মধ্যে আমি যাব না, কয়েকদিন আগে মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মতিলাল ভোরা মধ্যপ্রদেশ বিধানসভায় একটি প্রশ্নের উত্তরে বলেছেন মধ্যপ্রদেশে প্রতি ৩ ঘন্টায় একটি করে খুন হয়, প্রতি ৬ ঘন্টায় একটি করে ধর্ষণের ঘটনা ঘটে। আমি বলি হ্যাঁ, এখানেও কিছু আইন-শৃঙ্খলা সমস্যার ঘটনা ঘটেছে। যেমন একজন প্রাক্তন বিচারপতি, বর্তমানে রাজ্যসভার এম. পি. তিনি নদীয়ায় যচ্ছিলেন মহাপ্রভু চৈতন্যদেবের ৫০০তম জন্মদিবস উপলক্ষে তাঁর পাদপদ্মে খড়ম অর্পণ করবেন বলে। কিন্তু ঐ ভদ্রলোক কার মুখ দেখে বেরিয়েছিলেন জানি না, মাঝপথেই সেই খড়ম দ্বারা তিনি নিজেই প্রহৃত হয়েছিলেন। হ্যাঁ, এই আইন-শৃঙ্খলা বিঘ্নিত হয়েছে।

[4-50—5-00 P.M.]

হুগলি জেলায় কংগ্রেস দলের মিটিং-এ বা অধিবেশনে মারামারি হয়েছে, রক্তারক্তি হয়েছে, একে অপরের বিরুদ্ধে অভিযোগ্ করছে। এই হচ্ছে ওঁদের দলের অবস্থা আর ওঁরা এখানে আইন-শৃঙ্খলার কথা বলছেন। ওঁদের প্রবীণ নেতা শ্রী শান্তিমোহন রায়, যাঁকে আমরা সরকারপক্ষের লোকরা পর্যন্ত শ্রদ্ধা করি তাঁকে যা করা হয়েছে এখানে যদি তা বলি তাহলে তা বিধানসভার কার্যবিবরণী থেকে বাদ হয়ে যাবে। স্যার, আমাদের এখানে পুলিশকে সমিতি

করবার অধিকার দেওয়া হয়েছে, এরজন্য আমরা গর্বিত। আজ সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন—সেখানে পুলিশকে কি মানুষ বলে গণ্য করা হয়? সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে পুলিশ বিদ্রোহ ঘটছে, পুলিশ বিক্ষুব্ধ হচ্ছে। আমি একথা বলছি না যে পশ্চিমবাংলার পুলিশবাহিনীর সকলেই সব সঠিক কাজ করছেন কিন্তু তবুও আমি বলব, পুলিশেরও অধিকার আছে তাদের দাবিদাওয়া, তাদের অধিকার রক্ষা করার জন্য সংগ্রাম করার। ওঁরা অভিযোগ করেছেন এখানে পুলিশকে নাকি নিষ্ক্রিয় করে রাখা হয়েছে। ওঁরা পুলিশকে সক্রিয় করেছিলেন কাদের বিরুদ্ধে? ওঁরা পুলিশকে সক্রিয় করেছিলেন বিরোধীদলগুলির বিরুদ্ধে। জ্যোতিবাবু পুলিশমন্ত্রী হবার পর ঘোষণা করেছেন ঐ রকম সক্রিয় পুলিশকে করা হবে না। স্যার, ওঁরা আইন-শৃঙ্খলার কথা বলছেন। কংগ্রেস দলের স্মারকলিপি আমার কাছে আছে। এটা হচ্ছে মেদিনীপুরের কংগ্রেস দলের স্মারকলিপি। এটা কেন্দ্রীয় কংগ্রেসের নব মনোনীত সহসভাপতিকে উদ্দেশ্য করে লেখা তিনি যখন মেদিনীপুরে গিয়েছিলেন। তাতে বলা হয়েছে, কাঠ চোরেদের যখন থানায় নিয়ে যাওয়া হয়েছে, স্মাগলারদের যখন থানায় নিয়ে যাওয়া হয়েছে, তাঁদের অভিযোগ, সেই কাঠচোরেদের ছাড়াবার জন্য এগিয়ে গিয়েছে মেদিনীপুর জেলার কংগ্রেস সভাপতি। সেই দলিলের জেরক্স কপি আমার কাছে আছে। ওঁরা কাগজে বিবৃতি দিয়ে বলছেন, কংগ্রেস নেতারা যাঁরা বিবৃতি দিচ্ছেন প্রদেশ কংগ্রেস অফিসে বসে তাঁদের মধ্যে এমন লোক আছেন যিনি হচ্ছেন সাইকেল চোর। আরও বলছেন, নারী ধর্ষণকারী, তারা আরও বলছেন, নিজের বিবাহিত স্ত্রীকে ডিভোর্স করবার জন্য—এ দেশের নাগরিক তাও অস্বীকার করছেন। এই হচ্ছে কংগ্রেস দলের অবস্থা। এই হচ্ছে ওঁদের দলের অবস্থা আর ওঁরা এখানে বলছেন পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা নেই। আমি ওঁদের বলি, ত্রিপুরায় অন্য ধরনের অশান্তি লেগে আছে আমরা জানি কিন্তু পশ্চিমবাংলার মতো এত সাম্প্রদায়িক দাঙ্গাহীন, এত প্রাদেশিকতা দাঙ্গাহীন গোটা ভারতবর্ষের মধ্যে একটি রাজ্য দেখাতে পারবেন? আপনারা কি দেখাতে পারবেন পশ্চিমবঙ্গে যে রকম সদ্ভাব নিয়ে বিভিন্ন রাজ্যের লোকজন বসবাস করছেন সেইরকম রাজ্য সারা ভারতবর্ষে আর একটিও আছে? তা যদি দেখাতে পারেন তাহলে আমরা পদত্যাগ করব, এ রাজ্যে আমরা আর ক্ষমতায় থাকব না। কিন্তু আমরা জানি, তা আপনারা দেখাতে পারবেন না। স্যার, এখানে দাঙ্গা বাঁধানোর চেষ্টা করা হলেও আমরা দেখেছি জনগণ রাস্তায় নেমে পড়েন এবং ১০ মিনিটের মধ্যেই এখানে দাঙ্গা বন্ধ হয়ে যায়। স্যার, আমার জন্য নির্ধারিত সময় শেষ হয়ে আসছে সেটা আমি জানি তাই পরিশেষে আর সামান্য কয়েকটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। স্যার, আজকে পশ্চিমবাংলার বিধানসভায় বিরোধীদলে যাঁরা বসে আছেন সেই কংগ্রেস দলের কাছে আমরা বার বার বলেছি যে আসুন, আমরা সকলে মিলে পশ্চিমবাংলার জন্য সংগ্রাম করি, লড়াই করি। কোনো কোনো সময় আমরা দেখেছি সুব্রতবাবু রাজিও হয়েছেন, আই. এন. টি. ইউ. সি. রাজি হয়েছেন পশ্চিমবঙ্গের ন্যায্য দাবি আদায় করার জন্য সংগ্রাম করতে কিন্তু পরে আমরা দেখেছি উপরের চাপে তাঁরা দমে গিয়েছেন। স্যার, আজকে গোটা ভারতবর্ষের পরিস্থিতির ক্রমশ পরিবর্তন ঘটছে। একটু আগে ওঁরা আমাদের বলছিলেন, 'আপনারা আর ফিরে আসবেন না।' আমি ওঁদের বলি, আপনারা একটু অপেক্ষা করুন, গত এক বছরের মধ্যে পরিস্থিতি অনেক পাল্টে গিয়েছে। পশ্চিমবাংলা আপনাদের হাতছাড়া, ত্রিপুরা আপনাদের হাতছাড়া, আসাম চলে গিয়েছে, পাঞ্জাব চলে গিয়েছে।

অন্ধ্র হাত ছাড়া, কর্ণাটক নেই, কেরল ডুবুডুবু, হরিয়ানা ভেসে যাচ্ছে। সারা ভারতবর্ষের পরিস্থিতিটা একটু বুঝে দেখুন। মাগত প্রয়াত প্রধানমন্ত্রীর হাঠাৎ হত্যার ঘটনার পরে গোটা ভারতবর্ষে একটা সহানুভূতির ঝড় নেমেছিল এটা ঠিক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাল বৈশাখী ঝড়ের তাণ্ডব পশ্চিমবাংলায় আপনি দেখেছেন। যখন কালবৈশাখীর ঝড় আশে তখন গ্রামাঞ্চলের বেনীকুঞ্জে নিরঞ্জন ছায়া সঞ্চার করে। তেমনি করে ঈশানের পুঞ্জ মেঘ অন্ধ বেগে ধেয়ে চলে আসে আর সেই প্রচণ্ড কালবৈশাখীর তাণ্ডবে সামনে কত বৃক্ষ উৎপাটিত হয়, কত দেওয়াল ধ্বসে পড়ে, কত বাড়ির টিনের ছাদ উড়ে চলে যায়। কিন্তু কালবৈশাখীর ঝড়ের তাণ্ডব কতক্ষণ থাকে বলুন তো? এক ঘন্টা, দুই ঘন্টা কি তিন ঘন্টা। তারপরে কালবৈশাখীর ঝড়ের তাণ্ডব থেমে যায়। তারপরে আবার আবহাওয়া স্নিগ্ধ মনোরম হয়ে ওঠে। আকাশে মেঘের চিহ্ন মাত্র থাকে না। আকাশের দিকে তাকালে হয়ত অসংখ্য তারা দেখতে পাওয়া যায়। ঠিক সেইরকমভাবে গোটা ভারতবর্ষের সেই কালবৈশাখী সহানুভূতির ঝড় থেমে গেছে, নতুন চেতনা মানুষের মধ্যে জেগে উঠেছে। আর সেই নতুন চেতনায় মানুষ আজকে উদ্ভাষিত হচ্ছে। ওরাও ভাবছেন যে ওরা বোধ হয় আবার ক্ষমতায় আসবেন, ওদের নাকি একটা ফিউচার আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে সার্কাসের একটা গাধার গল্প বলছি। সেই সার্কাসের গাধারও একটা ফিউচার ছিল। সে সার্কাসে কাজ করত। তার মালিক তাকে খেতে দিত না। সে দিন দিন রোগা হয়ে যাচ্ছিল। ইতিমধ্যে তার এক গাধা বন্ধুর সঙ্গে দেখা হল। সে তাকে বলল, তুই এত খাটিস কেন তোকে খেতে দেয় না, তুই চলে আয়। সে বলল না, আমার একটা ভবিষ্যত আছে। বন্ধু জিজ্ঞাসা করল, কি তোর ভবিষ্যত? সে বলল, ঐ সার্কাসের মালিকের ১৪ বছরের একটা মেয়ে আছে। সে তারের উপর দিয়ে হাঁটার খেলা শেখে। খেলা শেখার সময়ে সে স্লিপ করে পড়ে যায়। ম্যানেজার মালিকের এতে অত্যন্ত রাগ হয় বলেছে যে ফের যদি তুই তারের থেকে পড়ে যাস তাহলে তোকে ঐ গাধার সঙ্গে বিয়ে দেব। তাই যখনই ঐ মেয়েটা তারের উপর দিয়ে হাঁটে তখনই আমি জুলজুল করে তার দিকে তাকিয়ে থাকি কারণ যদি একবার স্লিপ করে পড়ে যায় তাহলে আমার একটা গতি হয়ে যাবে। কিন্তু সেই সার্কাসের বাচ্চা মেয়েটা যদি তারের থেকে পড়েও যায় তাহলে সার্কাসের মালিক গাধাটার সঙ্গে তার বিয়ে দেবে না। আমরা হয়ত কিছু ত্রুটি করতে পারি, কোনো কোনো ক্ষেত্রে কিছু অসাফল্য থাকতে পারে। কিন্তু ত্রুটি থাকা সত্ত্বেও, বিচ্যুতি থাকা সত্ত্বেও সার্কাসের মালিক যেমন পড়ে গেলেও গাধার সঙ্গে তার মেয়ের বিয়ে দেবে না তেমনি পশ্চিমবাংলার মানুষও ৭২ সালের সন্ত্রাসের ঐ নায়ক কংগ্রেসিদের আর ১৯৮৭ সালে এখানে ফিরিয়ে নিয়ে আসবে না। মাননীয় স্পিকার, স্যার, আমার সময় শেষ হয়ে এসেছে আমি আর এক মিনিট সময় আপনার কাছ থেকে চেয়ে নেব। এখানে একটি কথা আমি বলতে চাই সেটা হচ্ছে, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী একটা কথা বলেছেন তাতে ওদের গাত্রোদাহ হয়েছে। আমি বুঝি গাত্রোদাহ হওয়াটা স্বাভাবিক। আমি সেই কথার আর পুনরাবৃত্তি করব না। আমি অন্য আর একটা গল্প বলে আমার বক্তব্য শেষ করব। স্যার, আমাদের রামায়ণে রাম যখন সীতা উদ্ধার করে ফিরে আসে তখন অযোধ্যাবাসীরা তাকে সম্বর্ধনা জ্ঞাপন করেন। সম্বর্ধনার পরে রাম বলেছিলেন, নর ও নারীগণ, তোমরা গৃহে প্রত্যার্পন কর। রাম সীতাকে নিয়ে প্রাসাদে ফিরে এলেন। কিন্তু দেখা গেল কিছু লোক থেকে গেল, তারা আর যায় না। দূত এসে রামকে খবর দিল যে মহারাজ, কিছু লোক যাচ্ছে না।

কারণ তারা মহারাজের আদেশ পায়নি। রাম তখন চলে এলেন এবং এসে জিজ্ঞাসা করলেন যে আমি তো তোমাদের আদেশ দিয়েছি নর ও নারীগণ তোমরা ফিরে যাও। তখন তারা বলল না, প্রভু আমরা নরও নয়, নারীও নয়, আমাদের কোনো আদেশ দেননি। ওদের প্রভুভক্তি দেখে রামচন্দ্র অত্যন্ত প্রীত হলেন। তিনি তাদের আশীর্বাদ করলেন। তিনি বললেন, তোমাদের প্রভুভক্তি দেখে আমি প্রীত হয়েছি। তোমরা ২/৩ হাজার বছর কষ্ট কর। ২/৩ হাজার বছর পরে ভারতবর্ষে ৪২ বছর বয়সের একজন প্রধানমন্ত্রী আসবেন তার নেতৃত্বে তোমরা নেতা হয়ে আলোকিত করে বসবে।

[5-00—5-10 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় স্পিকার স্যার, রাজ্যপালের ভাষণের উপর বিরোধী দলের নেতার বক্তব্যের পরে সরকার পক্ষের শ্যামলবাবুর বক্তব্য শুনলাম, না যাত্রার পাঠ শুনলাম, তা এখনো ঠিক করতে পারছি না। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্যামলবাবুকে বলছি, তিনি নিজের বিবেকের কাছে জিজ্ঞাসা করুন কংগ্রেসকে অপবাদ দেবার জন্য, কংগ্রেসের ইমেজকে টার্নিশ করবার জন্য কি পশ্চিমবাংলার জনগণ এই সরকারকে ক্ষমতায় বসিয়েছিল?

স্যার, রাজ্যপালের ভাষণের মধ্যে এই সরকারের বিগত দিনের সাফল্যের ইতিহাসের কথা আছে, আগামী দিনের কর্মধারার রূপ-রেখার উল্লেখ আছে, কিন্তু পশ্চিমবাংলার ৫০ লক্ষ রেজিস্টার্ড এবং আরও ৫০ লক্ষ আন-রেজিস্টার্ড, মোট ১ কোটি বেকারদের সম্বন্ধে কোনো উল্লেখ নেই। শ্যামলবাবুর পরে সরকার পক্ষ থেকে যাঁরা বক্তব্য রাখবেন তাঁরা দয়া করে এ বিষয়ে একটু উল্লেখ করবেন। তারা কি রাজ্যপালের এই ভাষণ শুনেই সন্তুষ্ট থাকবে, না জ্যোতিবাবুর চরণামৃতেই সন্তুষ্ট থাকবে? দয়া করে সরকার পক্ষের পরবর্তী বক্তারা এর উত্তর দেবেন। বেকার সমস্যার সমাধান সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার কোনো চিন্তাধারার পরিচয় দেননি।

(এই সময়ে শ্রী অমলেন্দ্র রায় চেয়ারম্যানের আসন গ্রহণ করেন।)

মাননীয় চেয়ারম্যান স্যার, অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে আশা নিয়ে পশ্চিমবাংলার মানুষ, সি পি এম মনোভাবাপন্ন মানুষ, সি পি এম সমর্থক মানুষ এই সরকারকে ক্ষমতায় বসিয়েছিলেন সে আশা আজকে তাঁদের হতাশায় পরিণত হয়েছে। ১৯৭৭ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত এই সরকারের চিন্তাধারা এবং কার্যধারা দেখে আজকে সি পি এম সমর্থকরাও চিন্তা করছেন যে, কাদের তাঁরা ক্ষমতায় বসিয়েছিলেন! স্যার, এই সরকারের আত্ম-সমালোচনা করারও কোনো ক্ষমতা নেই, সত্যকে স্বীকার করবার মানসিকতা পর্যন্ত নেই। রাজ্যপালের মুখ দিয়ে বলানো হয়েছে (চতুর্থ প্যারায়) রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। আমি মাননীয় শ্যামলবাবুকে জিজ্ঞাসা করছি, সত্যিই কি আজকে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক? আমাদের কথা ছেড়ে দিন, আজকে ফরোয়ার্ড ব্লক সদস্যরা, আর এস পি সদস্যরা কি বোধ করছেন? আমি এখানে কয়েকটি ঘটনার কথা তুলে ধরছি, তার মধ্যে দিয়েই রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি যে কত সুন্দর, কত মধুর তা পরিষ্কার বোঝা যাবে। আমরা জানি নদীয়া জেলায় বিচারপতিদের নিগ্রহের ঘটনাকে নিয়ে কংগ্রেসের ইমেজকে টার্নিশ করার জন্য নিন্দাসূচক প্রস্তাব এখানে আনা হচ্ছে। কিন্তু আসলে

ব্যাপারটা কি? স্যার, আপনি জানেন মাননীয় বিচারপতিরা ওখানে যাবার আগে পুলিশের কাছে তথা সরকারের কাছে সিকিউরিটি চেয়েছিলেন। তাঁরা বলেছিলেন, "আমরা ওখানে যাচ্ছি, রাস্তায় দুর্ঘটনা ঘটতে পারে, বিপদ ঘটতে পারে, সুতরাং আমাদের সঙ্গে পুলিশ ভ্যান দেওয়া হোক, আমাদের সিকিউরিটির ব্যবস্থা করা হোক।" কিন্তু দুঃখের বিষয় তাঁদের তা দেওয়া হয়নি, পুলিশ ফেল করেছে। এমন কি সরকারি যে ইন্টেলিজেন্স, যাঁদের কর্তব্য সরকারকে আগে থাকতে পরিস্থিতি জানানো, সেই ইন্টেলিজেন্সও ফেল করেছে। এর ফলে রেজাল্ট কি হল? বিচারপতিরা নিগৃহীত হলেন, পশ্চিমবঙ্গ সরকারের অপদার্থতা প্রমাণিত হল। তারপরে দুর্গাপুরের বেনাচিতির ঘটনা কি? সেখানে আশিস ব্যানার্জির বাবা পুলিশকে আগেই জানিয়েছিলেন, পুলিশের কাছে জেনারেল ডায়রি করেছিলেন। অথচ পুলিশ কিছুই করল না। তিনি বলেছিলেন, "সি পি এম-এর লোকাল কমিটির সেক্রেটারির নেতৃত্বে আমার ছেলেকে খুন করা হবে।" তথাপি তাকে প্রটেকশন দেওয়া হয়নি। বাবার সামনে আশিস ব্যানার্জিকে খুন করা হয়েছে। বাবার সামনে ছেলেকে কেটে ছেলের রক্ত বাবার গায়ে মাখিয়ে দেওয়া হয়েছে। এই অবস্থায় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্বন্ধে সন্তোষ প্রকাশ করা হচ্ছে! স্যার, দক্ষিণ ২৪-পরগনা জেলার মন্দির বাজার অঞ্চলের ঘটনার কথা নিশ্চয়ই সকলে জানেন। পদ-যাত্রা করতে গিয়ে সেখানে আমি দেখেছি কি করুণ অবস্থা। পশ্চিমবাংলার পুলিশ ইন্টেলিজেন্স-এর অবস্থা!

সেখানে কি দেখা গেল, মাকে ৩ জন ওয়ার্নিং দিয়ে গেল। মা এ ব্যাপারে প্রটেস্ট করল এবং এই ব্যাপারটি এস পি-কে জানাল, ডি এস পি-কে জানাল এবং ডি আই জি-কে জানাল। এসব ঘটনা জানা সত্ত্বেও মায়ের সামনে প্রকাশ্য দিবালোকে ২ জনকে টেনে নিয়ে মাঠের মধ্যে নিয়ে গিয়ে কুটি-কুটি করে কাটা হল। পুলিশ হাজির হল। কিন্তু কখন? ঘটনা ঘটে যাবার পর। মাননীয় চেয়ারম্যান মহাশয়, রাজ্যপালের ভাষণে একথা উল্লেখ নেই যে পুলিশ প্রতিটি ঘটনারকথা জেনেও প্রটেকশন দিতে পারছে না, ইচ্ছে করে দিচ্ছে না। জ্যোতিবাবু হয়ত চাচ্ছেন যেমন করেই হোক কংগ্রেসের ইমেজ টার্নিশ করে, আগামী '৮৭ সালে বাহবা দেখিয়ে ফিরে আসব। এই যদি স্ট্রাটেজি হয়, এইভাবে যদি পুলিশকে নিষ্ক্রিয় করে রেখে অপোজিশন পার্টিকে ধ্বংস করা হয় তাহলে পশ্চিমবাংলার মানুষ কি ক্ষমা করবে? তাই বলছি, রাজ্যপালের ভাষণে আইন-শৃঙ্খলার অবস্থা সন্তোষজনক এটা বলা একেবারেই উচিত হয়নি। কিন্তু চোর না শোনে ধর্মের কাহিনী। আমরা এই কথা ১৯৭৭ সাল থেকে বলে আসছি। আমাদের বিরোধী দলের নেতা এই ব্যাপারে বহু উদাহরণ দিয়েছেন। আমি আর এই ব্যাপারে না গিয়ে অর্থাৎ বেকার সমস্যার এবং আইন-শৃঙ্খলার কথা ছেড়ে পশ্চিমবাংলার সামগ্রিক চিত্র কিছুটা তুলে ধরতে চাই। সরকার পক্ষের সদস্যদের লেখা বিভিন্ন জায়গায় ওয়ালিং দেখি। জ্যোতিবাবু কিম্বা বিনয়বাবু অথবা পলিটব্যুরো থেকে বলে দেওয়া হয়েছে যে "রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিতে হবে"। মাননীয় চেয়ারম্যান মহাশয়, রাজ্যপালের ভাষণে স্পেশিফিক কতকগুলি ঘটনার কথা বলে দেওয়া উচিত ছিল যে কেন্দ্রীয় সরকার রাজ্যের হাতে অধিক ক্ষমতা দেওয়া সত্ত্বেও সেই ক্ষমতার সদব্যবহার পশ্চিমবাংলার অপদার্থ বামফ্রন্ট সরকার করতে পারেননি, সেইজন্য দুঃখিত। এই কথাটা রাজ্যপালের ভাষণে লেখা উচিত ছিল। আপনি হয়ত বলবেন ক্ষমতার সদব্যবহার যে করতে পারেনি সেটা সুনীতিবাবু

কি করে বলছেন? আমি সিক্স প্ল্যানের কথায় যাব না। আমাদের বিরোধী দলের মাননীয় নেতা শ্রী আব্দুস সাত্তার সাহেব সিক্সথ প্ল্যানের কথা বলেছেন। আমি শুধু অধিক অর্থনৈতিক ক্ষমতার কথা বলতে চাই। আমি অধিক মিলিটারির কথা, পোস্টালের কথা, রেলের কথা বলছি না। আমি শুধু বলতে চাই, যে অর্থনৈতিক ক্ষমতা দেওয়া হয়েছে তার রেজাল্ট কি? রেজাল্ট হচ্ছে নিল। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি পণ্ডিত লোক, বিবেকের দংশন আপনার মধ্যে নিশ্চয়ই দেখা দিয়েছে, কেন্দ্র পশ্চিমবাংলাকে অর্থ দিয়েছে সেই অর্থ পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার খরচ করতে পারেননি। কারণ, সদ্‌ইচ্ছা নেই, কারণ পশ্চিমবাংলার উন্নতি হোক এটা পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার চান না, কারণ পশ্চিমবাংলা যত অন্ধকারে থাকবে, যত অভাবে থাকবে ততই মার্কসিজ্‌ম মানুষের মধ্যে ইনজেক্ট করার সুবিধা হবে। ষষ্ঠ প্ল্যানে বিদ্যুৎ খাতে বরাদ্দ অর্থের ২৯৭ কোটি টাকা খরচ করতে পারেননি। আপনাদের টাকা দেওয়া হল বিদ্যুৎ উৎপাদনের জন্য অথচ সেই টাকা খরচ করতে পারলেন না। সেচের ক্ষেত্রে আপনারা ২৮৬ কোটি টাকা খরচ করতে পারেননি। শিক্ষাখাতে টাকা খরচ করতে পারেননি। কিছুদিন আগে কাগজে দেখলাম—হয়ত জ্যোতিবাবু স্বীকার করবেন না, রাজ্যপালের ভাষণেও স্বীকার করেননি, সত্যিকথা বলবার সৎসাহস নেই—মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, শিক্ষাক্ষেত্রে সমস্ত টাকা খরচা করা হল না কেন? এরজন্য তিনি কৈফিয়ত তলব করেছিলেন। আপনারা কেন্দ্রের বিরুদ্ধে বলেন কিন্তু এই কৈফিয়তটা যদি আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে রাখতেন তাহলে আমরা বুঝতাম যে বামফ্রন্ট সরকারের চেতনা হয়েছে। তাহলে বুঝতাম যে এরা পশ্চিমবাংলার উন্নতি চায়। রাজ্যপালের ভাষণে ভুলে ভরা তথ্য উপস্থাপিত করা হয়েছে। আগামী দিনের প্রকল্পের ভুরি-ভুরি কথা বলা হয়েছে—নির্বাচনী ইস্তাহারের মতন। রাজ্যপালের ভাষণটিকে নির্বাচনী ইস্তাহার করে দেওয়া হয়েছে।

[5-10—5-20 P.M.]

দীর্ঘদিন ধরে যে ব্যর্থতা সে কথা এতটুকু উল্লেখ করা হয়নি। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে চাই এই যে মাননীয় রাজ্যপালের ভাষণে আজকে পশ্চিমবঙ্গে বিদ্যুতের কথা বলা হয়েছে, পশ্চিমবঙ্গে বিদ্যুতের ব্যাপারে যে দারুণ সঙ্কট নেমে এসেছে সেটা স্বীকার করার মানসিকতা এঁদের নেই, কিন্তু কেন্দ্রের সমালোচনা—আমার আগের বক্তা শ্যামলবাবু তাঁদের চিরাচরিত নীতিগত প্রথায় করে গেলেন। আজকে কেন্দ্রীয় সরকার চিন্তা করছেন, কি করে আজকে বক্রেশ্বরে তাপ বিদ্যুৎ উৎপাদন করে পশ্চিমবঙ্গে ৬৩০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা যায়, কি করে ডি. পি. এল.-এর সেভেন্‌থ ইউনিট করে সেখানে আরও ২১০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা যায়। কেন্দ্র চিন্তা করছে। কেন্দ্র চিন্তা করবে, অর্থ বরাদ্দ করবে, কিন্তু এই সরকার যদি ইমপ্লিমেন্ট করতে না পারেন তাহলে কেন্দ্র কি এখানে ইমপ্লিমেন্ট করবে? মাননীয় চেয়ারম্যান স্যার, এখানকার অপদার্থতার জন্যই কিছু করা যাচ্ছে না। আজকে পশ্চিমবঙ্গের এই অবস্থা কেন? তার কারণ কোনো জায়গায় শৃঙ্খলা নেই। আজকে নিচু তলার কর্মচারীরা উপরতালার বন্ধুদের শ্রদ্ধা দিতে জানে না। উপরতলা এবং নিচু তলার মধ্যে সদ্‌ভাব নেই, একটা বিরোধ বিরোধ ভাব সব জায়গায় দেখা যাচ্ছে। অফিসাররা কিছুই ইমপ্লিমেন্ট করতে পারছেন না। একজিকিউটিভ অফিসারদের কথা ডিসঅর্ডার হয়ে যাচ্ছে, তাঁরা তাঁদের রেসপনসিবিলিটি কনভার্ট করতে পারছেন না। দেয়ার ইজ নো অর্ডার ইন দি

স্টেট। অর্থ বরাদ্দ থাকা সত্ত্বেও খরচ করতে পারছেন না বা করছেন না। এর জন্য দায়ী উর্ধতন কর্তৃপক্ষ জ্যোতিবাবু। একটা কথা আপনাকে বলি ২৬ তারিখে যে বন্‌ধ হয়ে গেল মুখ্যমন্ত্রী মহাশয় চিফ সেক্রেটারির মাধ্যমে একটা সার্কুলার দিলেন যে অফিস খোলা থাকবে। রাজ্য সরকারি কর্মচারি ফেডারেশনের বন্ধুরা যোগ দিতে গেলেন, সেখানে কো-অর্ডিনেশন কমিটির বন্ধুরা গেট বন্ধ করে দাঁড়িয়ে আছেন। সদরে এস. ডি. ও. (বোলপুরে) এবং পুলিশ অফিসার উর্ধতন কর্তৃপক্ষ বাধা দিতে গিয়ে কো-অর্ডিনেশন কমিটির বন্ধুদের হাতে এস. ডি. ও. এবং পুলিশ অফিসার দু'জনেই চড় খেলেন, তাঁরা প্রতিবাদ করে মামলা রুজু করতে পারলেন না। কারণ জ্যোতিবাবুর লোক, মামলা করতে গেলে হয় ট্রান্সফার করে দেবেন। কাজেই কো-অর্ডিনেশন কমিটির এইসব কাজের জন্য রেসপনসিবল হচ্ছেন জ্যোতি বসু মহাশয়, তারপর গত বছর সিক্সথ প্ল্যানে তিনি ১২০৭ কোটি টাকা খরচ করতে পারেননি, করতে না পারুন, কিন্তু কেন পারলেন না রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে তার পর্যালোচনা করা উচিত ছিল। আজকে একটা চরম দুর্দিন এসেছে। স্যার, আপনি কলকাতার লোক নন, গ্রাম বাংলার মানুষ আপনি জানেন আজকে সেখানে স্বাস্থ্যের অবস্থা কি, হাসপাতালে একটি বেডে ৪টে করে রুগী, পিছনে কুকুর, রোগীর ডায়েট নেই, ওষুধ নেই, ডাক্তার অ্যাপয়েন্ট করে পাঠাতে পারছেন না। কংগ্রেস আমলে হেল্‌থ সেন্টার হয়েছে সেখানে ডাক্তার নেই লোডশেডিং চলছে হেল্‌থ সেন্টারে। আজকে এই হচ্ছে স্বাস্থ্যের অবস্থা। তারপর মাননীয় রাজ্যপালের ভাষণে শিক্ষার কথা উল্লেখ নেই। ওঁরা বলছেন আগামী দিনে নতুন জুনিয়ার স্কুল করবেন, ৫ হাজার শিক্ষক নিয়োগ করবেন। কিন্তু গণ্ডগোলটা কোথায় তার একটি ছোট্ট উদাহরণ আপনাকে দিচ্ছি, বীরভূম জেলার সদর শহর সিউড়িতে ১০০ বছরের পুরাণো একটি স্কুল আর. টি. গার্লস স্কুল মাননীয় রাজ্যপাল মহাশয় যার শতবার্ষিকী উদযাপন করতে গিয়েছিলেন সেটাকে ১১/১২ ক্লাসে কনভার্ট করার জন্য ডি. আই. যার সম্বন্ধে একটা রিপোর্ট পেশ করে ফেবারেবল রিপোর্ট দিয়েছিলেন আজ দু'বছর হয়ে গেল রিপোর্ট এসেছে কিন্তু এখনো সেই সিউড়ির আর. টি. গার্লস স্কুলটি ১১/১২ ক্লাসে কনভার্ট করা হল না।

ঐ স্কুলের হেড মিস্ট্রেস নাকি কংগ্রেস মনোভাবাপন্ন ছিলেন। অবশ্য বর্তমানে তিনি প্রয়াত। এ-ব্যাপারে শিক্ষা দপ্তরের ডি. আই. ফেভারেবল রিপোর্ট দিলেন, যাকে বামফ্রন্ট সরকারই ডি. আই. করেছিলেন। তিনি তাঁর রিপোর্টে বললেন যে, এটা করা উচিত, কিন্তু ফাইলটা এডুকেশন ডিপার্টমেন্টে চাপা পড়ল। সিউড়ির নেতাজী বিদ্যালয়ে নবম ও দশম ক্লাস খোলার ব্যাপারেও ডি. আই. এগ্রি করলেন, কিন্তু তা সত্ত্বেও এ-ব্যাপারে আজ পর্যন্ত অ্যাপ্রুভাল দেওয়া হল না। সেখানকার মানুষ বার বার কংগ্রেস প্রতিনিধিকে নির্বাচিত করে এই সভায় পাঠিয়েছেন এবং সেই কারণেই কি আজ এইভাবে সিউড়ির মানুষকে ডিপ্রাইভ করা হচ্ছে? এটা করলে শেষ পর্যন্ত তো আমাকেই দায়ী করা হবে! এই সরকার কি এতটুকুও দায়ী হবেন না? সিউড়ির মানুষ কংগ্রেসকে নির্বাচিত করছে বলেই সেখানে কোনো ডেভেলপমেন্ট ওয়ার্ক নেই। আজকে রিপিটেডলি জানানো সত্ত্বেও সরকার থেকে সেখানে কোনো কাজ করা হচ্ছে না, কারণ সরকার পক্ষপাতদুষ্ট। এই পক্ষপাতদুষ্টতার আরও উদাহরণ দিচ্ছি যা রাজ্যপাল মহাশয়ের ভাষণে উল্লেখ নেই। দেখা যাচ্ছে যে, গ্রাম পঞ্চায়েতগুলোর মধ্যে যেগুলো কংগ্রেসের, তার প্রধানরা পাচ্ছেন ১৫ হাজার টাকা, কিন্তু যেগুলো সি. পি. এমের

।ধীনে রয়েছে তার প্রধানরা পাচ্ছেন ৩০ হাজার টাকা। মিঃ চেয়ারম্যান স্যার, তাই এই ক্ষপাতদুষ্ট সরকারের কাছে আমরা সৎ বিচার আশা করতে পারি না। সেইজন্য মাননীয় াজ্যপালের ভাষণের মাধ্যমে এই কথাগুলো বলিয়ে মানুষকে দ্বিধাগ্রস্ত করতে চেয়েছেন। কিন্তু ামরা এই ভাষণকে সমর্থন করতে পারছি না।

মিঃ চেয়ারম্যান স্যার, এখানে বার বার বলা হয়েছে, সেই ১৯৭৭ থেকে বলা হচ্ছে বং এই ভাষণেও উল্লেখ করা হয়েছে যে, আমরা সেচের কমাণ্ড এরিয়া আগামী দিনে তটা করব। কিন্তু প্রশ্ন হচ্ছে, ১৯৭২ থেকে ১৯৭৭ — এই সময়ে সেচের কমাণ্ড এরিয়া। ছিল, বর্তমানে অর্থাৎ ১৯৭৭ থেকে ১৯৮৫ - এই সময়ের মধ্যে সেটা কতটা বেড়েছে? াপনি জানেন, পশ্চিমবাংলার মানুষ জানে যে, যেসব সেচ প্রকল্পগুলি বিগত কংগ্রেস আমলে রা হয়েছিল, বর্তমানে সেগুলো ধ্বংসের দিকে এগিয়ে চলেছে। যেসব এরিয়াকে সেচের মাণ্ড এরিয়াতে রূপান্তরিত করা হয়েছিল, তার পাইপ লাইনগুলি মাটিতে পড়ে যাচ্ছে। াগুলো মেন্টেনেন্সের কোনো ব্যবস্থা পর্যন্ত করা হচ্ছে না। কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে লা হয়েছে, সেচের এলাকা বাড়বে, কমাণ্ড এরিয়া বাড়বে! সেই সময়ে যেসব আর. এল. াই. ডিপ টিউবওয়েল করা হয়েছিল—সেগুলো আজকে ধুঁকছে বিদ্যুতের অভাবে, পরিচালনার ভাবে ধুঁকছে। কিন্তু দেখা যাচ্ছে যে, চাষীকে জলকর দিতে হচ্ছে, কিন্তু সময়ে তারা জল াচ্ছে না। আজকে কংগ্রেসি লোকজনের বিরুদ্ধে ক্রিমিনাল কেস্ দেওয়া হচ্ছে, সাধারণ মানুষ ;প্রাইভড্ হচ্ছেন। রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই, কতগুলো অসত্য কথা এতে ল্লেখ করা হয়েছে।

মিঃ চেয়ারম্যান স্যার, আজকে পশ্চিমবাংলার সামগ্রিক চিত্র আমার এই ২৫ মিনিটের ধ্যে বলা সম্ভব নয়, একটু আগে আমাদের বিরোধী পক্ষের নেতা যে কথাগুলো বলে ালেন আমি তাঁর সঙ্গে একমত। আজকে নৈরাজ্য, বঞ্চনা এবং দলবাজিতে পশ্চিমবাংলা পর্যস্ত হয়ে পড়েছে। বর্তমানে রাজ্যের শিল্পক্ষেত্রে নৈরাজ্য, শিক্ষাক্ষেত্রে, পঞ্চায়েতে চরম নীতি চলছে। কেন্দ্রের দেওয়া টাকা পর্যন্ত এই সরকার খরচ করতে পারছেন না। কেন্দ্রীয় রকারের পরামর্শ গ্রহণ না করে আজকে এঁরা নিজেদের খেয়ালখুশিমতো চলছেন। আজকে ই সরকার বেকার সমস্যা দূর করতে পারছেন না। আজকে গ্রামাঞ্চলে বেকার-সমস্যা দূর রবার জন্য কেন্দ্রীয় সরকার আর. এল. ই. জি. পি. স্কীম গ্রহণ করেছেন এবং তারজন্য টাকাও চ্ছেন। এটা গ্রামে এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কীম। কিন্তু এই সরকার এক্ষেত্রে কি করেছেন?

[5-20—5-30 P.M.]

কেন্দ্র টাকা দিচ্ছে পশ্চিমবাংলার গ্রামীণ বেকারদের কথা চিন্তা করে। এই সরকার সেই কা নিয়ে দলবাজি করছে। ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় গ্রামীণ বেকারদের কথা বলেছেন। আর. ল. ই. জি. পি.র জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দিয়েছেন—দ্যাট স্যড বি ইন প্র্যাকটিস - াই টাকা দিয়ে গ্রামীণ বেকারদের জন্য স্কীম করা উচিত। সেখানে শহরের কিছু পুঁজিবাদী ন্ট্রাক্টারদের দিয়ে কাজ করিয়ে নেওয়া হচ্ছে। যে কন্ট্রাক্টারদের কাজ হল সি. পি. এম-কে কা দেওয়া এবং টাকা দিয়ে দালান-বাড়ি তৈরি করে দেওয়া এবং আলিমুদ্দিন স্ট্রিট-এর তো তৈরি করে দেওয়া। এই সমস্ত কন্ট্রাক্টাররা কাজ করছে এবং সেইজন্য গ্রামীণ বেকার

যুবকরা কমপ্লেন করছে। যেখানে আর. এল. ই. জি. পি.র টাকা গ্রামীণ বেকার যুবকদের জন্য খরচ করা উচিত সেখানে শহরের কিছু কন্ট্রাক্টারদের পেট ভরানো হচ্ছে, গ্রামীণ যুবকরা উপকৃত হচ্ছে না। আমি এই ব্যাপার নিয়ে আমাদের তরুণ প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর কাছে কমপ্লেন করেছি। কেন্দ্রীয় সরকার যে টাকা দেবে সেই টাকা, এই সরকার যতই অপদার্থ হোক না কেন, যতই চোর হোক না কেন, যতই বদমাস হোক না কেন, যতই ব্যর্থ হোক না কেন, এই সরকারকে দিয়ে টাকা খরচ করাতে হবে। কেন্দ্রীয় সরকারের ইচ্ছা থাকলেও অন্য কোনো এজেন্সি দিয়ে কাজ করাতে পারবে না। আজকে পশ্চিমবাংলার সমস্ত দিক চিন্তা করে রাজ্যপালের ভাষণের উপর আমরা অ্যামেন্ডমেন্ট এনেছি। মাননীয় চেয়ারম্যান স্যার, আমরা যে অ্যামেন্ডমেন্ট এনেছি তাতে দেখবেন একটি পরিষ্কার চিত্র পশ্চিমবাংলার তুলে ধরা হয়েছে। যেহেতু বিরোধী পক্ষ থেকে তোলা হয়েছে সেইহেতু আপনারা এর মূল্য দেবেন না এবং গ্রহণ করবেন না, এটা আমরা জানি। স্বাস্থ্য দপ্তরের ক্ষেত্রে, কৃষি ক্ষেত্রে যে চিত্র পশ্চিমবাংলায় আছে সেটা আমরা অ্যামেন্ডমেন্টের মাধ্যমে তুলে ধরেছি। মাননীয় মুখ্যমন্ত্রী আজকে রাজ্যপালের মুখ দিয়ে কতকগুলি অসত্য কথা তুলে ধরেছেন। নিজেদের মনমতো একটা ভাষণ তৈরি করে, পশ্চিমবাংলার মানুষের কথা ভ্রুক্ষেপ না করে, পশ্চিমবাংলার অর্থনীতিকে দেউলিয়া বানিয়ে নৈরাজ্য সৃষ্টি করে নীরোর মতো বসে গীটার বাজাচ্ছে। এই রাজ্যপালের ভাষণে শুরু থেকে শেষ পর্যন্ত কোথাও দরিদ্রদের জন্য কোনো কথা নেই। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় ভূমিরাজস্বমন্ত্রীর কাছে জানতে চাই পশ্চিমবাংলাকে আপনারা কতটা এগিয়ে নিয়ে গেছেন? কেন্দ্রের বিরুদ্ধে দোষারোপ করা ছাড়া, কংগ্রেস পার্টির ইমেজ টার্নিশ করার জন্য কংগ্রেসকে গালাগালি দেওয়া ছাড়া আপনারা আর কি করতে পেরেছেন? কটা রুগ্ন শিল্পকে আপনারা বাঁচিয়ে তুলেছেন? যেকটা রুগ্ন শিল্পের জন্য কেন্দ্রীয় সরকার রেকমেন্ডেশন অ্যাকসেপ্ট করেছেন তার মধ্যে কটা আপনারা বাঁচাতে পেরেছেন? কংগ্রেস আমলে পশ্চিমবাংলায় যে কটা শিল্প গড়ে উঠেছিল সেইগুলির কতটা আপনারা এক্সপান করেছেন? আজকে শিল্প পশ্চিমবাংলা থেকে মহারাষ্ট্র গুজরাটে উঠে যাচ্ছে তার জন্য আপনারা কি করেছেন? প্রাক্তন কংগ্রেস সরকার এই পশ্চিমবাংলায় ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তৈরি করেছিল সেটা আপনারা মেন্টেন করতে পারছেন? সেই সময় যে পাওয়ার ক্যাপাসিটি ছিল সেই পাওয়ার ক্যাপাসিটি অনুযায়ী জেনারেশন করতে পারছেন? এই প্রশ্নের আমরা জবাব চাই। আপনারা ঈশ্বর মানেন না, আল্লা মানেন না, আপনারা ধর্ম মানেন না। আপনারা ভোটার লিস্ট রিভিউ করে, ভোটার লিস্টে রিগিং করে ক্ষমতায় আসবেন, তাতে পশ্চিমবাংলার মানুষের লাভ কি হবে? বহুজাতিক সংস্থা আবেদনের ব্যাপারে যখন বিরোধী দলের নেতা জ্যোতিবাবুকে অভিনন্দন জানাচ্ছে সেই সময় আর. এস. পি. ফরোয়ার্ড ব্লকের সদস্যরা জ্যোতিবাবুর নীতিকে তীব্র ভাষায় নিন্দা করছে। জ্যোতিবাবুর রাজত্বে আর. এস. পি., ফরোয়ার্ড ব্লকের লোকেরা বিচার পাচ্ছে না সেখানে বিরোধী পক্ষ বিচার পাবে না এটা জানা কথা। থানায় কংগ্রেসি লোকেদের এফ. আই. আর. নেওয়া হয় না। মার্ডার কেসে কংগ্রেসি লোকেরা মার্ডার হচ্ছে এবং সি. পি. এম.-এর লোকেরা মার্ডার করছে। সেখানে কংগ্রেসিদের অ্যারেস্ট করা হচ্ছে আর যারা মার্ডার করছে তারা থানায় বসে চা-কফি খাচ্ছে এবং বোতলও টানছে। রাজ্যপালের ভাষণে কোনো জায়গায় যদি পশ্চিমবাংলার উন্নতির কথা বলা থাকত, পশ্চিমবাংলার উন্নতির পথে নতুন কোনো চিন্তাধারার কথা কোনো

একটা প্যারাগ্রাফে যদি থাকত তাহলে আমি এই ভাষণকে সম্পূর্ণ সমর্থন করতাম।

যেহেতু সমস্ত কথা মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ নেই, সেজন্য আমি সমর্থন করতে পারছি না। আমি রাজ্যপালের ভাষণের উপর আনীত ধন্যবাদ সূচক প্রস্তাবকে সমর্থন করতে পারছি না। এই কথা বলে আমি এবং আমাদের দলের বন্ধুরা যে সমস্ত অ্যামেন্ডমেন্ট এনেছেন, সেগুলোকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি এতক্ষণ পর্যন্ত বিরোধী দলের নেতা মাননীয় সাত্তার সাহেব এবং সুনীতিবাবুর ভাষণ মনোযোগ দিয়ে শুনছিলাম। তাঁদের বক্তব্য শোনার পরে আমার ধারণা হল, একটা বিরোধী দলের যতখানি দায়িত্বশীল হওয়া উচিত ছিল তার পরিচয় তাঁরা দিতে পারেননি। তাঁদের দল দিল্লির বুকে কেন্দ্রীয় সরকার পরিচালনা করছেন এবং সেই সঙ্গে সঙ্গে তাঁরা ভারতবর্ষের বুকে বিভিন্ন রাজ্যে সরকার পরিচালনা করছেন। সেই দলের সদস্য হয়ে এমন দায়িত্বজ্ঞানহীন উক্তি এখানে করবেন একথা আমি ভাবতে পারিনি। মাননীয় চেয়ারম্যান স্যার, এমন উক্তি আমি কখনও আশা করিনি। ওঁরা ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গ থেকে বিদায় গ্রহণ করেছেন। ঐ সময়ের আগে ওঁরা এই রাজ্যে ৩০ বছর ধরে ক্ষমতায় ছিলেন। অথচ অদ্ভুত ব্যাপার হচ্ছে এই যে, সমস্ত দেশের যা কিছু দায়-দায়িত্ব তা ক্ষমতাসীন বর্তমান বামফ্রন্ট সরকারের উপর চাপিয়ে দিয়ে ওঁরা রেহাই পাবার চেষ্টা করছেন। ১৯৭৬ সালের শেষের দিকে মাননীয় সাত্তার সাহেব এবং জয়নাল সাহেব মন্ত্রী ছিলেন। সুনীতিবাবু কিছুদিনের জন্য মন্ত্রী ছিলেন। পরে তদানিন্তন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থবাবুর নেকনজরে পড়ার জন্য তাঁর চাকুরিটা চলে গিয়েছিল। সেই সময়ে এই রাজ্যের রাজ্যপাল ছিলেন এ. এল. ডায়াস। সেদিন পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা সম্বন্ধে তিনি কি বলেছিলেন, সে কথা মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি নিশ্চয়ই জানেন। তিনি পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা সম্বন্ধে বলেছিলেন.. "To-day West Bengal occupied a very high place amongst the States of India. Where Law and order situation is completely under control."

তিনি পরে বলেছেন, "The State has risen almost phonix-like from the ashes to take one leading part in our national life."

সেদিন ওঁদেরই একজন সদস্য শ্রী প্রদ্যোতকুমার মহান্তি বলেছিলেন - 'পশ্চিমবাংলায় শতকরা ৭০ ভাগ মানুষ দারিদ্র্যরেখার নিচে।' তাঁদের সুখ-স্বাচ্ছন্দ্যের কথা সেদিনের রাজ্যপালের ভাষণে কি আছে? মাননীয় সিদ্ধার্থ রায়ের মন্ত্রিসভা বিধানসভার সদস্যদের জীবন রক্ষায় ব্যর্থ হয়েছেন - তাহলে দেখুন শান্তি-শৃঙ্খলার অবস্থা। তিনি গাইঘাটা কেন্দ্রের অবস্থার কথাও উল্লেখ করেছিলেন। সেখানকার অবস্থা সম্পর্কে বলতে গিয়ে তিনি বলেছেন—ভারতবর্ষের সংবিধানে পবিত্র অধিকার হচ্ছে ভোট দেবার অধিকার। সেখানে মানুষকে ভোটদানে বাধা দেওয়া হয়েছে অ্যাট দি পয়েন্ট অফ রিভালবার, অ্যাট দি পয়েন্ট অফ বোম অ্যান্ড ড্যাগার - এটা আমরা বলছি না, বলেছেন ওঁদেরই দলের নেতা। রাজীব গান্ধী প্রধানমন্ত্রী হবার পর সম্প্রতি স্বরাষ্ট্র দপ্তর থেকে একটি বুলেটিন প্রকাশ করা হয়েছে। তারমধ্যে বিভিন্ন রাজ্যের চিত্র তুলে ধরা হয়েছে। উত্তর প্রদেশে ধর্ষণের ঘটনা ঘটেছে ৪৯৭, মহারাষ্ট্রে ৩৯৫, রাজস্থানে ২২২, বিহারে ২১২ এবং পশ্চিমবাংলায় ঘটেছে মাত্র ৯২টি। কেন্দ্রীয় সরকার-এর পক্ষ থেকে

এখানে শান্তি-শৃঙ্খলার অবস্থা সরেজমিনে দেখার জন্য একটা দল কিছুদিন আগে পাঠানো হয়েছিল। তাঁরা সমস্ত জায়গা ঘুরে এবং দেখে বলেছেন যে অন্যান্য রাজ্যের তুলনায় এই রাজ্যের অবস্থা অনেক ভাল। কিছুক্ষণ আগে আমাদের মাননীয় সদস্য শ্যামলবাবু বলেছেন যে, পশ্চিমবাংলা তো ভারতবর্ষের বাইরের কোনো রাজ্য নয়। ভারতবর্ষের বুকে অপরাপর রাজ্যগুলির প্রভাব খুব স্বাভাবিকভাবেই এখানে পড়তে বাধ্য। আমরা কখনও বলি না যে পশ্চিমবাংলার বুকে আইন-শৃঙ্খলার অবস্থা একেবারে সর্বাঙ্গসুন্দর, এখানে পুলিশ ঘুষ খায় না, এখানে পুলিশ দুষ্কৃতকারী বা সমাজবিরোধী সবাইকে ধরছে। এমন কথা রাজ্যপালের ভাষণের মধ্যে কোথাও উল্লেখ নেই। কিন্তু একটা প্রশ্ন এখানে খুব সঙ্গতভাবেই এসে যায়। নবদ্বীপে সুবল কংসবণিককে কারা মদত দিচ্ছে? সেখানে বহু মার্ডার হয়েছে—একথা আমরা স্বীকার করি। কিন্তু একথাও সত্য যে কোনো সমাজবিরোধীকে আমাদের সরকার পক্ষের কোনো দলই সমর্থন করেন না। সেজন্য ভারতীয় কমিউনিস্ট পার্টি তাঁকে সমাজবিরোধী ব্যক্তি হিসাবে পার্টি থেকে বহিষ্কার করেছেন। আর এখন সেই বহিষ্কার করা ব্যক্তিকে ওঁরা আশ্রয় দিয়েছেন।

[5-30—5-40 P.M.]

আজকে কংগ্রেসি শান্তি-শৃঙ্খলা বিঘ্নের কথা বলছেন, শান্তি-শৃঙ্খলা কারা ভঙ্গ করছেন? কলিকাতা হাইকোর্টের প্রাক্তন জাসটিস, রাজ্যসভার সদস্য এবং বর্তমান বিচারপতি শ্রী ভগবতীপ্রসাদ ব্যানার্জি যখন যাচ্ছিলেন তখন জাগুলীর বি. এস. এফ. ক্যাম্পের কাছে তাদের উপর আক্রমণ করা হয়। কংগ্রেসের অভ্যন্তরীণ কলহের ফলে দ্বন্দ্ব লাগে এবং তাদের উপর আক্রমণ করা হয় ফলে তাদের কাপড় খুলে পালাতে হয়। তখন বি. এস. এফ. তাদের রক্ষা করেন। মুষ্টিমেয় কয়েকজন পুলিশ রক্ষা করতে পারেন আর সাধারণ মানুষ রক্ষা করতে পারেন না। এই বিষয়ে তাদের এগিয়ে আসতে হবে। আমাদের এখানে আইন-শৃঙ্খলা খুব আছে একথা আমরা কোথাও বলিনি এবং আমাদের রাজ্য স্বর্গরাজ্যও নয় এবং তা হতেও পারে না ধনতান্ত্রিক পুঁজিবাদী সমাজ ব্যবস্থায়। এই ধনতান্ত্রিক পুঁজিবাদী সমাজ ব্যবস্থায় যে অবক্ষয় তার কিছুটা পরিণাম আমাদেরও ভোগ করতে হবে। আমরা যদি সমাজতান্ত্রিক রাষ্ট্র তৈরি করতে পারতাম তাহলে হয়ত মূল্যবৃদ্ধি হত না যেমন সোভিয়েত রাষ্ট্রে ৩০ বছরেও মূল্যবৃদ্ধি হয়নি। আপনারা আইন-শৃঙ্খলার কথা বলছেন, ভারতবর্ষের অপর অপর রাজ্যে যথা মিরাটে যেমন ৯ জন খুন হয়েছেন! যখন শাহবানু মামলার জন্য সারা ভারতবর্ষে বিক্ষোভ দেখা দিল তখন পশ্চিমবঙ্গে কিছু দেখা দিলেও তেমন কিছু ঘটনা ঘটেনি। কংগ্রেস শাসিত রাজ্যগুলি যেমন রামের জন্মস্থান বাবরি মসজিদের কি অবস্থা। তরুণ প্রধানমন্ত্রী সম্প্রতি সাম্প্রদায়িক শক্তির কাছে আবার মাথানত করছেন এর ফলে গোটা ভারতবর্ষকে ভুগতে হবে। গোটা ভারতবর্ষে যারা বিচ্ছিন্নতাবাদী শক্তি বলে চিহ্নিত কংগ্রেসি প্রকারান্তরে তাদের মদত দিচ্ছেন। পাঞ্জাবের যে ঘটনা ঘটেছে তারজন্য কোনো বিরোধী দল দায়ী নয়, এর সূত্রপাত কংগ্রেসিরাই করেছেন। আমাদের বলা হয়েছিল যে আমরা নাকি আকালীদের মদত দিচ্ছি। কিন্তু কারা এরজন্য দায়ী আপনারা জানেন না? তামাম দেশের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী আসামে বিচ্ছিন্নতাবাদীর নেতার সঙ্গে চুক্তি করলেন। আজকে বিরোধীদলের নেতারা এখানে কত রকম কথা বলছেন। বিরোধী নেতা পশ্চিমবঙ্গের বেকারির কথা বললেন। পশ্চিমবঙ্গের বেকাররা যেভাবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখান ভারতবর্ষের অন্য রাজ্যে সেইরকম নেই।

তা সত্ত্বেও সেখানে ২ কোটি ৬২ লক্ষ বেকার আর আমাদের এখানে ১১ লক্ষ রেজিস্ট্রিকৃত বেকার। তারপরে বড় বড় ব্যবসায়ীরা এখান থেকে শিল্প গুটিয়ে নিয়ে যাচ্ছেন। তারপরে চট শিল্প এবং ইঞ্জিনিয়ারিং শিল্পের কথায় আসা যাক, সেগুলি তো আজ অবধি মর্ডানাইজেশান হল না। বিশেষ করে এইসব শিল্পের ব্যবসায়ীরা তাদের লভ্যাংশ নিয়ে পশ্চিমবঙ্গের উপকণ্ঠে কলকারখানা চালু করছেন। সাত্তার সাহেব এই বিষয়ে তো কিছু বললেন না গোটা ভারতবর্ষে বন্ধ কলকারখানা ৮০ হাজার আর পশ্চিমবঙ্গে ১১ হাজার। সাত্তার সাহেব কি করে বললেন যে বেকারের সংখ্যা ওয়ান ফিফ্‌থ আমি বুঝতে পারলাম না। আপনারা বারবার বললেন যে শিল্পের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার নাকি আমাদের ভর্তুকি দিচ্ছে। এই সম্পর্কে তরুণ আমাদের প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী পর্যন্ত বলেছেন যে এই রাজ্যে বিনিয়োগ কম কেন, লাইসেন্স না দেওয়ার সঙ্গে বিনিয়োগের তো কোনো সম্পর্ক নেই। এই রাজ্যে লাইসেন্সিকৃত মাঝারি শিল্প গড়ে উঠেছে ১৩১টি এবং ক্ষুদ্র শিল্প সংস্থা ১১৭০টি গড়ে উঠেছে। কেন্দ্রীয় সরকার শিল্পের লাইসেন্স দেওয়ার ব্যাপারে ভীষণ গাফিলতি করে, অধিকাংশ ক্ষেত্রে শিল্পের জন্য কোনো লাইসেন্সের অনুমতি দেয় না।

১৯৭৮ সালে যে সময় আমরা পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স রচনা করেছিলাম তখন তার এস্টিমেট কস্ট ছিল ৪২৮ কোটি টাকা, এখন সেটা বেড়ে হল ৮৪৮ কোটি টাকা। আজ পর্যন্ত তার ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স দিলেন না। আমাদের যে রাজনৈতিক দর্শন তাতে আমরা বহুজাতিক শিল্প সংস্থাকে আমরা আহ্বান জানাই না। বিগত ৮ বছর ধরে আমাদের মুখ্যমন্ত্রী এবং প্রয়াত শিল্পমন্ত্রী কানাই ভট্টাচার্য মহাশয় এই বিষয় নিয়ে বার বার দরবার করেছেন। একই সময়ে মহারাষ্ট্রে ১২শো কোটি টাকা দেওয়া হয়েছে। অথচ এই রাজ্যে বেকার সমস্যার সমাধানের জন্য পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সে ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স দেবার ক্ষেত্রে টালবাহনা করছেন। ফলে বহুজাতিক সংস্থাগুলির সঙ্গে আমাদের হাত মেলাতে হয়েছে। এই সম্পর্কে আপনারা জানেন ডিমিট্রিপের একটা থিয়োরি আছে। ওরা বলছেন পশ্চিমবাংলায় এমন শ্রম অশান্তি যে নতুন নতুন বিনিয়োগ হতে পারছে না। ওদের সরকারের পরিচালনায় রিজার্ভ ব্যাঙ্কের যে বুলেটিন প্রকাশিত হয়েছে তাতে বলছেন শ্রম বিরোধের জন্য পশ্চিমবাংলায় ২ পার্সেন্ট কারখানা বন্ধ হয়ে যায়। ওরা বারবার বলেন আমরা কেন্দ্রীয় সরকারের কাছে অনুদানের জন্য ভিক্ষার পাত্র নিয়ে ভিক্ষুকের মতো দিল্লির দরবারে দরবার করতে যাই। আমরা বিগত ৭ বছর ধরে এই রাজ্য থেকে আয়কর, পণ্যশুল্ক, কর্পোরেশন ট্যাক্স বাবদ ৬ হাজার ৯৩২ কোটি টাকা তারা আদায় করেছেন। বিনিময়ে এই রাজ্যকে দিয়েছেন ১ হাজার ৫৪৩ কোটি টাকা — অর্থাৎ ৪০ পার্সেন্ট। এই তথ্য কি এই কথাই প্রমাণ করে যে ওরা আমাদের ভর্তুকি দিচ্ছেন, বরং আমরা বলতে পারি আমরাই ওদের ভর্তুকি দিচ্ছি। আপনি জানেন কেন্দ্রীয় সরকারের নোট ছাপাবার ক্ষমতা আছে। ওরা বিগত কয়েক বছরে ১০ হাজার কোটি টাকা নোট ছাপিয়েছেন। সেখানে রাজ্যগুলির ওভারড্রাফ্‌টের পরিমাণ মাত্র ২ হাজার ৫০০ কোটি টাকা। আইন-শৃঙ্খলার কথা বলেছেন, টাকা খরচ করতে না পারার কথা বলেছেন এবং বলেছেন আমরা ৭শো কোটি টাকা চেয়েছিলাম। কিন্তু আমি একটি কথা বলব আমাদের রাজ্যের সেচ প্রকল্পগুলির মধ্যে আমরা ময়ূরাক্ষী জলাধার প্রকল্পের কাজ শেষ করেছি, দামোদর ভ্যালি প্রকল্পের কাজ শেষ করেছি, তিস্তার ব্যারেজের কাজ শুরু করতে বলেছি। ৮৩ সালের ৪১৫ কোটি টাকার মধ্যে মাত্র ৫ কোটি টাকা দিয়েছেন। অথচ বার বার

বলেন কেন্দ্রের অনুদান নিয়ে আমরা প্রকল্পগুলিকে বাস্তবায়িত করতে পারছি না, ইন্টারন্যাল রিসোর্সেস যোগাড় করতে পারছি না। অথচ কেন্দ্রের যোজনা মন্ত্রী বলেছেন কংগ্রেস শাসিত রাজ্যের তুলনায় আমাদের রাজ্যের রিসোর্সেস অনেক বেশি। আমাদের এই রাজ্য গত বছরে — ভারতবর্ষের সমস্ত ইস্পাত শিল্পকে সম্প্রসারিত করবার জন্য, মডানাইজেশন করবার জন্য, ওরা যে টাকা দিয়েছিলেন তার মধ্যে পশ্চিমবাংলাকে দিয়েছিলেন মাত্র ৪শো কোটি টাকা। টোটাল মিলিয়ে ওরা বলে গেলেন। আমাদের এই রাজ্যে যে সমস্ত আন্ডারটেকিংগুলি আছে, তার মধ্যে এই রাজ্যে ১৫টি টেক্সটাইল মিল আছে; যেগুলিকে কেন্দ্রীয় সরকার জাতীয়করণ করলেন।

[5-40—5-50 P.M.]

আমাদের এই রাজ্যে সেই মিলগুলি চলছে না। ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের সেই টেক্সটাইল মিলগুলিতে প্রতি মাসে ২ কোটি ৬৩ লক্ষ টাকা লোকসান হচ্ছে। কেন্দ্রের অব্যবস্থার জন্য এই মিলগুলি বন্ধ হতে চলেছে, ফলে ২০ হাজার লোক বেকার হতে চলেছে। এই রাজ্যে ১৩টি শিল্পে ১২ হাজারের উপর মানুষ কাজ করে, তার মধ্যে ৪টিকে জাতীয়করণ করা গেল, বাকিগুলি গেল না। কংগ্রেস নিজেদের গরিব জনগণের বন্ধু বলেন, অথচ তাঁরা প্রি-টেক ওভার লায়েবিলিটিজের কথাটা বিগত পার্লামেন্ট অধিবেশনে পাশ করেছেন, যার ফলে এই কারখানাগুলিকে অধিগ্রহণ করা যাচ্ছে না। তাছাড়া আরও ৪৭টি কারখানায় ৩৬ হাজারের উপর মানুষ কাজ করে। ইন্ডাস্ট্রিয়াল ব্যাঙ্ক অব ইন্ডিয়া তাদের সাহায্য দেয়, সেগুলি আজ ব্যর্থ পরিচালনার জন্য বন্ধের মুখোমুখি এসে দাঁড়িয়েছে। ফলে আমরা এইরকম একটা সমস্যার মুখে এসে দাঁড়িয়েছি। কেন্দ্রের অনুসৃত নীতির ফলে আমাদের প্রকল্পগুলি ভেস্তে যায়। ধনতান্ত্রিক রাষ্ট্র গ্রেট ব্রিটেন, সেখানে ৫ বছরে মূল্য বেড়েছে ৪৫ শতাংশ, মজুরি সেখানে হয়েছে ৬৭.৫ শতাংশ। আর ভারতবর্ষে মূল্য বৃদ্ধি হয়েছে ১২৫ শতাংশ, মজুরি বৃদ্ধি হয়েছে ৩০ শতাংশ। সুতরাং এই বৈষম্য থাকবেই। ৩৬ বছরের মধ্যে ২ বছর বাদ দিলে কংগ্রেস দেশ পরিচালনা করছে, এদের পরিচালিত শাসন ব্যবস্থার ফলে আমাদের দেশের ৪৮.১৩ শতাংশ মানুষ আজও দারিদ্র্য রেখার নিচে। সুতরাং একটা রাজ্য সরকার এই বিরাট বেকার সমস্যার সমাধান করতে পারেন না। সমাজতান্ত্রিক দেশ সোভিয়েত দেশে বিগত ৩০ বছরে এক নয়া পয়সা মূল্যবৃদ্ধি ঘটেনি। অথচ এদের সময়ে এইভাবে মূল্যবৃদ্ধি ঘটেছে। বিশ্বনাথপ্রতাপ সিং-এর প্রবল প্রতাপে ১৯৮৪-৮৫ সালে পরোক্ষ করের পরিমাণ দাঁড়িয়েছে ৮১ শতাংশ এবং প্রত্যক্ষ করের পরিমাণ মাত্র ১৯ শতাংশ। দেশের পুঁজিকে আরও বাড়ানো হচ্ছে, ফলে মুদ্রাস্ফীতি হচ্ছে। এরজন্য কেন্দ্রীয় সরকারকে দায়ী করলে সুব্রতবাবুরা বলবেন আমাদের কাজ হচ্ছে কেন্দ্রীয় সরকারের নিন্দা করা। এইরকম একটা সঙ্কটজনক পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আমাদের রাজ্যপাল যে ভাষণ এখানে রেখেছেন সেই ভাষণের মধ্য দিয়ে একটা শুভ প্রচেষ্টার প্রতিফলন এসেছে। ওঁরা শিক্ষা ব্যবস্থার কথা তুলেছেন। আজকে যে মডেল স্কুল তৈরি করার কথা বলেছেন কংগ্রেসি রাজ্যগুলিতে বলছেন ১০ ক্লাস কলেজের মধ্যে পরীক্ষা হবে। এইরকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের রাজ্যপাল যে ভাষণ এখানে রেখেছেন সেই ভাষণকে আমরা সমর্থন করি। আমি শুধু একথা বলব যে আমরা একটা সঙ্কটের মুখে এসে দাঁড়িয়েছি। সম্প্রতি ২৮ তারিখে কেন্দ্রীয় অর্থমন্ত্রী

যে বাজেট পেশ করেছেন তাতে দেখা যাচ্ছে ৩ হাজার ৬৫০ কোটি টাকা থেকে ৪৯শো কোটি টাকা প্রারম্ভিক ঘাটতি দেখিয়েছেন।

এবারে আপনারা বুঝতে পারছেন আমরা কোথায় গিয়ে দাঁড়িয়েছি। দারুণ একটা সঙ্কটের মুখে আমাদের রাজ্য সরকার গিয়ে পড়েছে। কেন্দ্রীয় সরকার আমাদের ভাতে মারবার প্রচেষ্টা চালাচ্ছে। আমরা শুধু ভাবছি কি করে এই সঙ্কট থেকে পরিত্রাণ পাব। আমি কংগ্রেসি বন্ধুদের বলি, আপনাদের তো এই পশ্চিমবাংলা থেকে নির্বাচিত হতে হবে কাজেই পশ্চিমবাংলার কথা ভাবুন। অতীতের কেন্দ্রীয় অর্থমন্ত্রীর পশ্চিমবাংলায় জায়গা জোটেনি তাই তাঁকে গুজরাট থেকে নির্বাচিত হতে হয়েছিল। আমরা দেখেছি তিনি পশ্চিমবাংলার ন্যায্য দাবির কথা জোর গলায় বলতে পারেননি। বাঙালির প্রতি কেন্দ্রের বঞ্চনা আমরা পূর্বেও দেখেছি। দেশ বিভক্ত হবার পর ওপার বাংলা থেকে যখন দলে দলে অসহায় মানুষগুলো এই বাংলায় এল তখন তাদের দায়িত্ব গ্রহণ করার কথা কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছিলেন। কিন্তু পাঞ্জাবের সঙ্গে যদি তুলনা করি তাহলে দেখব কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার ক্ষেত্রে সেই দায়িত্ব পালন করেননি। স্যার, পশ্চিমবাংলার বঞ্চনার ইতিহাস আমরা বারে বারে দেখেছি এবং রাজ্যপালের ভাষণে সেই বঞ্চনার ইঙ্গিত দেওয়া হয়েছে। রাজ্যপালের ভাষণের শেষের দিকে যে কথাটা বলা হয়েছে সে সম্পর্কে আমি মাননীয় স্পিকার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে যে ভুলটা রয়েছে এটা কারেকশন করা দরকার। রাজ্যপাল বলেছেন, "সাধারণ প্রশাসনের উন্নতি বিধানের উদ্দেশ্যে কিছু ব্যবস্থা নেওয়া হয়েছে। বোলপুরে একটি নতুন মহকুমা গঠন করা হয়েছে এবং ২৪-পরগনাকে শীঘ্রই দু-ভাগে বিভক্ত করা হবে।" ২৪-পরগনা অলরেডি ১ তারিখে বিভক্ত হয়ে গেছে। এটা কারেক্ট করবার জন্য অনুরোধ জানাচ্ছি। একথা বলে রাজ্যপালের ভাষণ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী অমরেন্দ্রনাথ ভট্টাচার্য** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বক্তব্য রাখার আগেই সরকার পক্ষের একজন সদস্য বললেন, ওঁরা কি আর বলবেন, বলার কিছুই নেই। এঁরা রাজ্যপালের ভাষণের নাম করে আগামী বছরে যে নির্বাচন হবে তারজন্য একটা প্রাক নির্বাচনী ইস্তাহার প্রকাশ করেছেন বিধানসভার মাধ্যমে। স্মৃতি তর্পন করার পর রাজ্যপালের ভাষণে আইন-শৃঙ্খলার ব্যাপারে একটা কমপ্লিমেন্ট রাখবার চেষ্টা করেছেন। গত বছরের ভাষণটা যদি মিলিয়ে দেখেন তাহলে দেখবেন প্রথম প্যারাগ্রাফের পর ঠিক একই কথা এবারেও রয়েছে যে, এই ধরনের ঘটনা ক্রমশ নিম্নমুখী। এবারের রাজ্যপালের ভাষণেও ইন্টার-পার্টি ক্লাসের সঙ্গে পলিটিক্যাল মার্ডার কথাটা যোগ করে দেখাবার চেষ্টা করা হয়েছে। এখানে বলা হয়েছে, এবারে আরও কম — অন্যান্য বছর এর চেয়ে বেশি ছিল। অর্থাৎ এঁরা প্রতি বছরই বলেন, আগের চেয়ে কম ঘটনা ঘটেছে। তাহলে বলা যায় আগের বছর নিশ্চয়ই এর চেয়ে বেশি ছিল। আগামী বছর যদি এঁদের রাজ্যপালের ভাষণ তৈরি করবার সুযোগ হয় তাহলে হয়ত শুনব, এবারে অনেক ঘটনা ঘটেছে ঠিকই কিন্তু আগের চেয়ে অনেক কম। স্যার, এই ধরনের বক্তব্য আমরা বারে বারেই শুনছি। রাজ্যপালের ভাষণে আইন-শৃঙ্খলার প্রশংসা করা হয়েছে এবং শ্যামলবাবু দিস্তা দিস্তা উদাহরণ দিয়েছেন। কিন্তু সর্বশেষ উদাহরণ হিসেবে নৈহাটির মণীষা কর্মকারের ঘটনা যেটা দেবার কথা ছিল সেটা দিতে কিন্তু এঁরা ভুলে গেছেন। পুলিশ স্টেশন থেকে ঘটনাস্থল মাত্র ১০ মিনিটের রাস্তা কিন্তু পুলিশ আসে ৬/৭

ঘন্টা পর। এরপর যদি আইন-শৃঙ্খলার পরিস্থিতি সন্তোষজনক বলা হয় তাহলে অসন্তোষজনক আইন-শৃঙ্খলার পরিস্থিতি কাকে বলে সেটা আমি জানতে চাই। রাজ্যপালের ভাষণকে আমি অসত্য ভাষণ বলে মনে করি কাজেই তাকে সমর্থন করা সম্ভব নয়। আইন-শৃঙ্খলার পরিস্থিতির কথা বলতে গিয়ে পুলিশের প্রশস্তি করা হয়েছে। কিন্তু কিছুদিন আগে খবরের কাগজে বেরিয়েছে মুখ্যমন্ত্রী বলেছেন, পুলিশ ইজ অ্যাক্টিভ বাট ইন দি রং সাইড।

[5-50—6-00 P.M.]

স্পিকার স্যার, আপনার ডান দিকের লোকরা শুনে রাখুন মুখ্যমন্ত্রী নিজে বলেছেন...the police is active but on the wrong side.

সেখানে আইন-শৃঙ্খলার পক্ষে বলা উচিত ছিল না রাজ্য সরকারের রাজ্যপালের ভাষণের মাধ্যমে। তার পর কৃষি ক্ষেত্রের কথায় আসবার আগে বলতে হয় এই সরকারের দুটি গুণ আছে হয় খরা নয় বন্যা। মানুষের মরার ভিতর দিয়ে এদের কাজ কারবারের অগ্রগতির সূচনা করে—এটা চিরকাল আমরা দেখে যাচ্ছি। এর আগের বছরের ভাষণে ছিল অকস্মাৎ বন্যার জন্য এই এই এই ক্ষতি হয়েছে। এবারের ভাষণে আছে, আগস্ট মাস পর্যন্ত বৃষ্টি না হবার জন্য এই এই এই ক্ষতি হয়েছে। আগের ভাষণে ছিল আউস চাষের জন্য এতখানি জমি আনা হয়েছে। এবারে আর আউস চাষের ব্যাপারে কোনো হদিস নেই কিছু। এবারে আমন চাষের ব্যাপারে কথা বলা হয়েছে। মোটমাট দেখা যাচ্ছে ধান চাষের ক্ষেত্রে—মোট উৎপাদনের ক্ষেত্রে একটা বিবৃতি রেখে দেওয়া হয়েছে। আগুনের কথা বলা হয়েছে রাজ্যপালের ভাষণে। গঙ্গাসাগরের আগুনের কথা বলা হয়েছে, হাওড়ার বাজারের আগুনের কথা বলা হয়েছে, নিউ মার্কেটের আগুনের কথা বলা হয়েছে। কিন্তু যে কথাটা বিস্ময়কর, সে কথাটা বলা হয়নি। সেটা হল এই সরকারের দৃষ্টি যখন যেখানে প্রয়োজন হিসাবে পড়ে সেখানেই আগুন লাগে। হাওড়ার বাজারের যে অংশটা সরকার আইনের জন্য নিতে পারছেন না সেখানেই আগুন লেগেছে। নিউ মার্কেটের যেখানটা সরকার নিতে চান, কিন্তু হাইকোর্টের জন্য নিতে পারছেন না, সেখানে আগুন লেগেছে। আর শুধু এখানেই আগুন লাগালাগি শেষ নয়—বিশ্ববিদ্যালয়েও আগুন লাগে, আলিপুরের মহাফেজখানায় আগুন লেগে যায়। যেখানে যখন দরকার সেখানেই আগুন লাগে। আমরা দেখছি রাজ্যপালের ভাষণে সেটাকে উল্লেখ করা হয়নি যে এই সরকারের প্রয়োজনীয় স্থানের আনফরচুনেটলি না বলে ফরচুনেটলি আগুন লেগে যাচ্ছে। সেচের কথা বলা হয়েছে—ময়ূরাক্ষী সমাপ্ত হয়েছে—আমি ধন্যবাদ দিচ্ছি। তিস্তার কথা বলা হয়েছে। গত বছর দেখেছিলাম চলছিল, এবারে দেখছি চলছে—আশা করি আগামী বছরের বাজেটে—যদি এই সরকার বাজেট করেন তাহলে দেখব 'চলবে'। অর্থাৎ 'চলছিল, চলছে চলবে'—এই হচ্ছে তিস্তা ব্যারেজের কথা। কংসাবতীর কথা—কাজ এগোচ্ছে। কোথায় এগোচ্ছে? হাটি হাটি পা পা যথা ইচ্ছা তথা যা—ইচ্ছাটা কোথায়? আর যাবে কোথায়, কিভাবে গিয়ে পৌঁছাবে কত দিন লাগবে—এসব কিছুই উল্লেখ নেই। ডাচের সাহায্য নেওয়া হয়ছে, বিশ্ব ব্যাঙ্কের সাহায্য নেওয়া হয়েছে—এ তো আমরা জানি যে এই সরকারটাই তো চলে শুধু সাহায্যের উপর। কেন্দ্রের সাহায্যের উপর চলে, ওভারড্রাফটের উপর চলে বিশ্ব ব্যাঙ্কের সাহায্যের উপর চলে—অর্থাৎ সাহায্যের উপরই তো চলে। তবুও বার বার কেন্দ্রের উপর দোষারোপ করা হয়। এবার অবশ্য কেন্দ্রের উপর দু'বার দোষ চাপানো হয়েছে

রাজ্যপালের ভাষণে। কিন্তু একটা সত্য কথা তো বলা উচিত ছিল—জ্যোতিবাবু যা দিল্লিতে বলেছিলেন—আহা এমন সুখের দিন যদি রোজ হত—চেয়েছি ৭৫০—আর পেয়েছি ৭৭৬—যা চেয়েছি তার বেশি আমরা পাব—২৬ কোটি টাকা বেশি আমরা পেয়েছি। একটা ধন্যবাদ পাওয়া উচিত ছিল কেন্দ্রীয় সরকারের রাজ্যপালের ভাষণের মাধ্যমে। কিন্তু তার উল্লেখ তো নেই।

(এ ভয়েস ফ্রম গভর্নমেন্ট সাইড ঃ — আপনারা কি আমাদের ধন্যবাদ দেন?) আমরা নিশ্চিতভাবেই দিয়ে থাকি—এই তো ময়ূরাক্ষীর জন্য ধন্যবাদ দিলাম। কিন্তু আপনারা ধন্যবাদ দিতে জানেন না। উন্নয়নের ক্ষেত্রে অনেক কথা বলা হয়েছে। আমাদের দলনেতা অনেক কিছু উল্লেখ করে গিয়েছেন। আমি একটা শুধু তুলনা করে বলছি যে পশ্চিমবাংলা থেকে অনেক ছোট রাজ্য ত্রিপুরা—ঐ ত্রিপুরাও ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহের ব্যাপারে ১৯ কোটি টাকা সম্পদ সংগ্রহ করতে পেরেছিল। আর এই পশ্চিমবঙ্গ সরকার যারা বচনে খুব দড়, তা কিন্তু পারেননি এবং যার জন্য ১২শত ৬ কোটি টাকা কেন্দ্রের সাহায্য থেকে এই রাজ্যের মানুষ বঞ্চিত হয়েছে, যার নিট ফল হল ২৪শো কোটি টাকার সম্পদ বিনিয়োগের ক্ষেত্র থেকে পশ্চিমবাংলার মানুষরা বঞ্চিত হয়েছে। এটা রাজ্যপালের ভাষণে উল্লেখ থাকা উচিত ছিল। উফসিলি ছাত্রছাত্রীদের শিক্ষা সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে।

কয়েকদিন আগে কাগজে বেরিয়েছে তফসিলি ছাত্রছাত্রীদের হস্টেলের জন্য বরাদ্দ টাকা ফিরে চলে গেছে। শিক্ষা ক্ষেত্রে দাবি করা হয়েছে অমুক করব, অমুক করব। ১৩০০ প্রাইমারি স্কুল খোলা হবে বলে গত বছর শিক্ষা বাজেটে বলা হয়েছিল। কোথায় গেল? আজকে বলা হচ্ছে ২৫০টি জুনিয়র হাই স্কুল খোলা হবে। তাতে ৫ হাজার শিক্ষক লাগবে। আমি ৩৫ বছর ধরে হাই স্কুলে মাস্টারি করছি। একটি প্রতিষ্ঠিত স্কুলে কতজন মাস্টার লাগে সে সম্বন্ধে আমার মোটামুটি একটা ধারণা আছে। ৪০ জনের জন্য একজন করে যদি বরাদ্দ করা হয় তাহলে একটি জুনিয়র হাই স্কুলে ২০ জনের মত শিক্ষক লাগবে, আর ৮০০ ছেলেমেয়ে নিয়ে সেই স্কুল আরম্ভ হবে। একটা সম্পূর্ণ আজগুবি হিসাব ধরে নেওয়া হয়েছে। আসল কথা হল স্কুল খোলার নামে নিজেদের দলের লোক, কর্মীদের কাছে একটা কর্ম বিনিয়োগ কেন্দ্র খুলে দেওয়া হচ্ছে। এ ছাড়া শিক্ষা প্রসারের কোনো পরিকল্পনা এর ভিতর নেই। এটা একটা অঙ্কের হিসাব। একটু আগে যিনি সাত্তার সাহেবকে অঙ্ক শেখাচ্ছিলেন তিনি এই অঙ্কের হিসাবটা একটু ভাল করে শিখে নিন, যদিও আমি সাহিত্যেরই শিক্ষক। কিন্তু এই মোটামুটি সহজ অঙ্কটা ওর জানা উচিত। পানীয় জলের ব্যাপার—১৯৭৭ সাল পর্যন্ত গ্রামে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। তারপর ৮ বছরে আপনারা গ্রামে কতটা পানীয় জল সরবরাহের ব্যবস্থা করেছেন। সেটা উল্লেখ করেননি। শুধু কতকগুলি ধোঁয়াটে কথা দিয়ে এটা এড়িয়ে যাবার চেষ্টা করা হয়েছে। শিল্প ক্ষেত্রে আশাবাদী কথা প্রকাশ করা হয়েছে। মাননীয় সদস্যদের আমি বলতে পারি গতবছরের রাজ্যপালের ভাষণ খুলে দেখলে দেখতে পাবেন ১৪/১৫/১৬ প্যারাগ্রাফে যা যা বলা হয়েছে একটু ঘুরিয়ে ফিরিয়ে এবারেও সেই কথাই বলা হয়েছে ১৫/১৬/১৭ প্যারাগ্রাফের ভিতরে। এবারে বিদ্যুতের কথায় আসুন। এই ২/৩ দিনের ভিতর গ্যাস টার্বাইন নিয়ে মুখ্যমন্ত্রীর বিবৃতি বেরিয়েছে। কালকের কাগজে বেরিয়েছে কোলাঘাট প্রকল্পে ১৮ কোটি টাকা এপাশ ওপাশ হবার সম্ভাবনার ব্যাপারে মুখ্যমন্ত্রীর বিবৃতি। মুখ্যমন্ত্রীর

নিজেরই যেখানে এই বিবৃতি সেখানে বিদ্যুৎ নিয়ে বিদ্যুতের কথা যত বেশি না বলা যায় ততই ভাল। এবার পরিবহন ব্যবস্থায় আসা যাক। কলকাতা রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা চালু করেছিলেন স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় একটা স্বপ্ন নিয়ে যে, বাঙালি ছেলেরা পরিবহনের ভিতর দিয়ে নিজেদের সংসার বহন করবার যোগ্যতা অর্জন করবে। আজ বেসরকারি বাসের দাপটে সরকারি বাস কোথায় সরে যাচ্ছে জানি না। রোজ হিসাব দেখি ১২০০ বাস, ১৪ হাজার কর্মী আছে। ১০ জন কর্মী বাস পিছু নিয়ে ৬০০র মত বাস রাস্তায় বেরোচ্ছে। কিন্তু অদৃশ্য কত হচ্ছে জানি না, তবে দৃশ্যমান হচ্ছে বেরোবার পরেই ব্রেক ডাউন হয়ে রাস্তায় পড়ে আছে। দৃশ্যত পরিবহনের নামেই পরিবহন ব্যবস্থা ভেঙে পড়েছে। পরিবহন চলছে না, বহন করা যাচ্ছে না। বহন নেই অথচ নতুন করে বাস ভাড়া বাড়ানো হচ্ছে। ডাবল ভাড়া বাড়ছে। ভর্তুকি দেওয়া হচ্ছে, ট্যাক্স পেয়াররা বাড়তি ভাড়া দেবে বাসের যাত্রী হিসাবে। এই কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ থাকা উচিত ছিল, তা নেই। এবার সাধারণ প্রশাসনের কথায় আসুন। সাধারণ প্রশাসন ভাল হয়েছে বলে বলা হচ্ছে। সাধারণ প্রশাসনের শিরোমণি মুখ্যমন্ত্রীর নিজস্ব বিভাগ পুলিশ খাতের ৯০ লক্ষ টাকা কয়েকদিন আগে ফিরে গেছে। পুলিশের বাড়ি, গাড়ি, বিভিন্ন যন্ত্রপাতির জন্য উপযুক্ত ব্যবস্থা হবে না বলে এই টাকা ফিরে গেছে। সাধারণ প্রশাসনের মূল প্রশাসন যেখানে পুলিশের হাত দিয়ে চলে, পুলিশ মন্ত্রীর হাত দিয়ে চলে সেখানে যখন কেন্দ্রীয় বরাদ্দকৃত টাকা ব্যবহার করা যায় না তখন প্রশাসন আর শাসন-টাসন নেই, পশ্চিমবাংলায় যা চলছে তা হল দুঃশাসন। রাজ্যপালের ভাষণের এই দুঃশাসনের কথা উল্লেখ করা উচিত ছিল। যাই হোক, মনে হয় এটা আগামী বছরের নির্বাচনী ইস্তাহার হিসাবে চালু করা হচ্ছে রাজ্যপালের ভাষণের নামে। আমি এই নির্বাচনী ইস্তাহারের বিরোধিতা করছি।

[6-00—6-10 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তা আমি সর্বান্তকরণে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, এই ভাষণ খুবই সংক্ষিপ্ত—সরকারের যাবতীয় কর্মকাণ্ডের কথা এই ভাষণের মধ্যে দিয়ে হাউসে হাজির করা সম্ভব ছিল না। সেই কারণে আমরা চলতি বছরের যে কাজগুলি করেছি তারমধ্যে প্রধান প্রধান যেগুলি তার সাফল্যের দিকটা তুলে ধরার চেষ্টা করা হয়েছে। অন্য দিকে আগামী আর্থিক বছর যা শুরু হতে চলেছে সেই আর্থিক বছরে কি কি প্রধান প্রধান কাজ আমরা করতে চাই সেটা এই ভাষণের মধ্যে দিয়ে বলা হয়েছে। গোটা মহাভারত নিয়ে এখানে আলোচনা করা হয়নি। এখন এই ভাষণ নিয়ে যখন এখানে বিতর্ক হচ্ছে তখন একথা অনস্বীকার্য যে যারা সরকার চালাচ্ছেন না বা সরকারের বাইরে আছেন, বিরোধীদল, তাঁরা তাঁদের নিজস্ব অধিকারেই সরকারের কড়া সমালোচনা করবেন—এটাই আমরা চাই। আমরা চাই তাঁরা কড়া সমালোচনা করুন কিন্তু কার সমালোচনা করবেন সেটাই হচ্ছে কথা। বামফ্রন্ট সরকারের সমালোচনা নিশ্চয় করবেন কিন্তু সমালোচনা মানে কি এই যে, যে জনগণ নিয়ে সরকার সেই জনগণেরও সমালোচনা করবেন? তার মানে কি এই, জনগণের যা প্রয়োজন এবং জনগণের যে সব সমস্যা, যার সমাধান দরকার, সেই সমস্যাগুলিও সমালোচনার তোড়ে উড়িয়ে দেবেন? এটাই কি বিতর্কের নিয়ম? আমার মনে হয় সাত্তার সাহেব যেভাবে

বক্তৃতা করলেন সেটা তিনি ভুল করলেন। জনগণের স্বার্থ যেখানে জড়িত সেখানে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারই থাক আর কংগ্রেস সরকারই থাক আমরা কি একই সুরে সেখানে কথা বলতে পারি না, কথা বলতে পারব না? তা যদি হয় তাহলে সেই বক্তৃতাকে আমি বলব, ব্যারেন ডিবেট। এটা অন্তত সাত্তার সাহেবের কাছে আমরা আশা করি না। নেতি নেতি করতে করতে উনি একেবারে নেতিয়ে পড়লেন। এখানে সামান্য কয়েকটি কাজের ফিরিস্তি দেওয়া হয়েছে, বেশি বলা হয়নি, তা যদি বলা হত তাহলে উনি হয়ত শুয়ে পড়তেন। ওঁর নেতি নেতি করতে করতে এমন অবস্থা হয়েছিল যে আমরা ভাবছিলাম, এবারের অধিবেশনের শুরুতে যে সব শোক প্রস্তাব নেওয়া হয়েছে বিশিষ্ট ব্যক্তিদের মৃত্যুতে সেখানে হয়ত বলে বসবেন যে না না ওরা কেউ মরেননি, সব বেঁচে আছেন, এটা চক্রান্ত করা হয়েছে। বামফ্রন্ট সরকার মিথ্যা অপপ্রচার শুরু করেছে, যারা বেঁচে আছে তাদের মেরে ফেলা হয়েছে। যাই হোক, সেটা ওরা বলেননি। কিন্তু আজকে প্রশ্ন হচ্ছে, যে কথা আমি আগে বলছিলাম, সেটা কেন আমরা আশা করব না। ওরা আইন-শৃঙ্খলার কথা বলেছেন। ওদের মুখে যখন আইন-শৃঙ্খলার কথা শুনি তখন আমি লজ্জাবোধ করি। ওরা অনেক দৃষ্টান্ত দিয়েছিল। কিন্তু আমার কথা হচ্ছে, আইন-শৃঙ্খলা যদি ওরা ভাঙেন তাহলে সেই আইন-শৃঙ্খলা রক্ষা করার কথা ওদের মুখে শোভা পায় কি করে। যখন জনৈক এম. পি. এসে এখানে খালি কুঠিতে ঢোকেন এবং পুলিশ যখন তাকে গ্রেপ্তার করে নিয়ে আসবে তখন ওরা বলবেন যে সর্বনাশ হয়ে গেল, বামফ্রন্ট সরকার কংগ্রেস এম. পি.'র উপরে অত্যাচার করছে। যখন ওদের যুবকংগ্রেসের নেতা যার বাড়ি জোনপুটে, কোনো কংগ্রেসের বড় নেতা যার বাড়ি বেনারসে, যিনি মোটর চুরির সঙ্গে জড়িত আছেন, মোটর পাচার করার জন্য যখন পুলিশ তাকে ধরবে তখন ওরা বলবেন যে জ্যোতিবাবুর পুলিশ কংগ্রেস লোকেদের গ্রেপ্তার করছে। কাজেই ওদের মুখে আইন-শৃঙ্খলার কথা শোভা পায় না। যাই হোক, আমি তার মধ্যে যাচ্ছি না, আমি অন্য জায়গায় আপনার দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যপালের ভাষণ সম্পর্কে আমাদের অমরবাবু বসে ডগমগ হয়ে সেচ দপ্তরের কথা বললেন এবং তিস্তা ব্যারেজের কাজ সম্পর্কে কাব্য করে বললেন যে চলছে, চলবে। কেন চলছে সেটা দেখেছেন কি? রাজ্যপালের বক্তৃতায় কি আছে? তিস্তা ব্যারেজ ৪১৫ কোটি টাকার একটা প্রকল্প। আমরা কত টাকা পেয়েছি? সেচ এবং সেচের টাকা কোথা থেকে আসে সেটা তিনি জানেন? আমাদের কন্সটিটিউশনে কি আছে সেটাও তিনি জানেন। এই ৪১৫ কোটি টাকার মধ্যে ১৯৮৩ সাল থেকে আজ পর্যন্ত আমাদের কত দেওয়া হয়েছে? মাত্র ৫ কোটি টাকা দেওয়া হয়েছে। কাজেই এইভাবে যদি টাকা দেওয়া হয় তাহলে অমরবাবু যতই কাব্য বলুন না কেন কাজও সেইভাবে এগিয়ে যাবে। আজকে জ্যোতিবাবুকে কটাক্ষ করে তিনি বললেন, কিন্তু সেখানে বলবার সাহস হল না। এই টাকা না দেবার জন্য শুধু কি পশ্চিমবঙ্গ সরকার মার খাচ্ছে? এর জন্য পশ্চিমবাংলা মার খাচ্ছে, পশ্চিমবাংলার জনগণ মার খাচ্ছে, এই ডিসটিংশনটা তিনি বুঝতে পারেন না? আজকে এই রকম দায়িত্বজ্ঞানহীন কতকগুলি মানুষ বিরোধী দলের আসন শোভা করে বসে আছে। আজকে যে টাকাটা আমরা চেয়েছি সেটা যে তারা দিতে পারেননি তার জন্য একবারও বললেন না যে এটা দেওয়া উচিত, এটা আটকানো উচিত নয়। আপনারা কড়া সমালোচনা করুন, যেখানে সমালোচনা করার আছে, যেখানে নিন্দা করার আছে করুন। আমি বলছি না যে অন্যায়কে প্রশংসা করুন। কিন্তু যেখানে পশ্চিমবঙ্গের স্বার্থ জড়িত আছে

সেখানে আপনারা আওয়াজ তুলবেন এটা আশা করেছিলাম। উনি আমারই জেলার লোক, আজকে সব চেয়ে বেশি দুঃখ পেলাম ওনার কথায়। উনি একথা প্রকাশ্যে গিয়ে বলুন। এই গোল ঘরের মধ্যে যে কথা বলা হয়েছে সেটা বাইরে গিয়ে জনসাধারণের সামনে বলুন।

[6-10—6-20 P.M.]

আজকে পশ্চিমবাংলার স্বার্থকে রক্ষা করা যাচ্ছে না বলছেন এবং পশ্চিম বাংলার কোটি কোটি বেকারের জন্য মায়া কান্না কাঁদছেন। অথচ ওঁরা কেউ পেট্রো-কেমিক্যাল নিয়ে যে চক্রান্ত হচ্ছে সে কথা একবারও উল্লেখ করলেন না। পেট্রো-কেমিক্যালের ব্যাপারে দিল্লির সরকার বামফ্রন্ট সরকারকে যেভাবে বেইমানির রাস্তায় নিয়ে গেছে সেভাবে বেইমানির রাস্তায় নিয়ে যাওয়া অন্যায় হয়েছে, সে কথা ওঁরা কেউ একবারও বললেন না। বললেন না যে, এখানে যে সমস্ত কারখানাগুলির সম্প্রসারণ করার কথা ছিল, আধুনিকীকরণ করার কথা ছিল, সেগুলি কেন হয়নি। সেই কারখানাগুলি এখন এখানে খোলা হচ্ছে, এই কথাই তো রাজ্যপালের ভাষণের মধ্যে বলা হয়েছে। এটা তো বেশি কিছু বলা হয়নি, এ বিষয়ে তো বেশি কিছু চাওয়া হয়নি। তারপরে তিস্তা ব্রিজের কথা বলা হয়েছে। তা এ সম্বন্ধে কি বলা হয়েছে? টাকা না পেলে কি করে কমপ্লিট হবে। রাজ্যপাল বলেছেন এই টাকা যেন দেওয়া হয় এবং যত তাড়াতাড়ি দেওয়া হবে তত তাড়াতাড়ি এই কাজ সম্পূর্ণ হবে। দুঃখের বিষয় বিরোধীরা কেউ আজকে এই আওয়াজ তুললেন না, কারো মুখ থেকে এ বিষয়ে কোনো কথা শুনতে পাওয়া গেল না। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি জানি এই বিতর্ক চার দিন ধরে চলবে, এই চার দিনের মধ্যে আমি জানি ওঁদের কারো এ বিষয়ে একটা কথাও বলার সৎসাহস হবে না। রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের প্রতিটি প্যারায় একটি করে আসল লাইন আছে, সেই আসল লাইনকে বাদ দিয়ে ওঁরা সবাই বক্তৃতা চালিয়ে যাবেন। ঐ আসল লাইন সম্বন্ধে কখনো কোনো আওয়াজ ওঁদের মুখ থেকে বেরোবে না। সাত্তার সাহেব শিল্পের কথা তুলেছিলেন, সে সম্পর্কে আমার বন্ধু সরল দেব মহাশয় বলেছেন। পেট্রো-কেমিক্যালের কথা আমি আগেই বলেছি যে, ফিজিবিলিটি রিপোর্ট তৈরি হচ্ছে, রিভাইজড 'প্রোডাক্ট--মিক্স'এর ভিত্তিতে ফিজিবিলিটি রিপোর্ট তৈরি হচ্ছে। অথচ ওঁরা বলছেন, "একবার বলছেন হবে, একবার বলছেন হবে না, একবার বলছেন হবে, আর একবার বলছেন হবে না, হচ্ছে হবে, হবে হবে, এই খেলা চলছে।" এইভাবে ওঁরা কবিতা পর্যন্ত করে গেলেন। কবিতাই যদি করতে হয়, তাহলে এইসব ব্যাপারগুলি নিয়ে একটু সত্যি সত্যিই কাব্য করুন, আমরা খুশি হই। কিন্তু ওঁরা কেউ এখানে বলতে পারছেন না যে, আমরা পেট্রো-কেমিক্যাল চাই। পশ্চিমবাংলার স্বার্থে চাই, পূর্ব ভারতের স্বার্থে চাই, কোটি কোটি পশ্চিমবাংলাবাসীর স্বার্থে চাই। এ সব না বলে শুধু শুধু বেকারদের জন্য মায়া কান্না কেঁদে লাভ কি? পেট্রো--কেমিক্যাল কারখানা হলে কত লক্ষ লোক কর্মে নিযুক্ত হবে, সে হিসেব আপনাদের জানা নেই। বেকারত্ব দূর করার জন্য আকাশ থেকে কিছু নেমে আসবে না। পরিকল্পনার ভেতর দিয়ে প্রকল্প গড়ে তুলতে পারলেই তা কার্যকর হবে এবং তার মধ্যে দিয়েই বেকার সমস্যার সমাধানের দিকে এগিয়ে যাওয়া যাবে। এই-জাতীয় কোনো কথা বিরোধী বন্ধুদের কারো মুখ থেকে শুনলাম না। সাত্তার সাহেব একবারও বললেন না যে, পেট্রো-কেমিক্যাল কারখানা হওয়া দরকার, অবিলম্বে সরকারকে সাহায্য করতে হবে। তিনি এ সব কথা বললেন না।

রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে পরিষ্কার করে বলেছেন, ''দুর্গাপুর ইস্পাত, 'ইস্কো' এবং হলদিয়া তৈল শোধনাগারের আধুনিকীকরণ ও সম্প্রসারণের মতো অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি সম্পর্কে এপর্যন্ত কোনো সিদ্ধান্ত ঘোষণা করা হয়নি। অনুরূপভাবে ইলেকট্রনিক কমপ্লেক্স, ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরি বা জাহাজ মেরামত-স্থানের মতো নতুন প্রকল্প চালু করার বিষয়ে এই রাজ্য দীর্ঘদিন যাবত যে দাবি জানিয়ে আসছে, সে-বিষয়ে কেন্দ্রীয় সরকার এখনও সম্মতি জানাননি।'' অথচ এগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রকল্প। সাত্তার সাহেবরা কেউ একবারও বলতে পারলেন না যে, আমরা এগুলির সম্প্রসারণ চাই, এগুলির বিষয়ে অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার। পশ্চিমবাংলার বেকারদের স্বার্থে বলতে পারলেন না যে, ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরি আমরা পশ্চিমবাংলায় চাই। পশ্চিমবাংলার জনগণের স্বার্থে এগুলির দরকার। জাহাজ মেরামত স্থান পশ্চিমবাংলায় করতে হবে, এ কথাও বলতে পারলেন না এবং এগুলি কেন করা হচ্ছে না তাও একবার বললেন না। অথচ ওঁরা পশ্চিমবাংলার বেকার ছেলেদের জন্য মায়া কান্না কাঁদছেন। আমি ওঁদের জিজ্ঞাসা করি, বেকার সমস্যা কি ভোজ-বাজীর মত উড়ে যাবে, ধুয়ে যাবে, মুছে যাবে; না যাবে না। এর জন্য চাই প্রকল্প রূপায়ণের পরিকল্পনা। আমরা ১৩টি বন্ধ এবং রুগ্ন কারখানা হাতে নিয়েছি। তবে শুধু ১২/১৩ হাজার মানুষ দিয়েই তো আর কারখানা চলতে পারে না। শুধু পরিচালনভার নিলেই হবে না। মালিকানাও নিতে হবে। সেইজন্য মালিকানাভিত্তিক নিয়ন্ত্রণভার গ্রহণ করা হয়েছে। শুধু পরিচালনভার নিলেই হবে না। তাতে চলতে পারে না। সেখানে চাই ন্যাশনালাইজেশনের অধিকার। ৪টি কারখানা আমরা ন্যাশনালাইজড করেছি। কিন্তু আর ৯টি কারখানা যে ৯টি কারখানা আমরা ন্যাশনালাইজড করতে চাই, ওনারা এই ব্যাপারে সাহায্য করা তো দূরের কথা ব্যাগড়া দিয়ে বসে আছেন। ওনারা বলছেন প্রি-টেকওভার-এর পিরিওড পর্যন্ত সমস্ত লায়াবিলিটিস অর্থাৎ দায়-দায়িত্ব তোমাদের নিতে হবে। যদি তা নাও তাহলে কারখানাগুলি ন্যাশনালাইজড করা যাবে। ওনারা হঠাৎ করে এই সর্ত আরোপ করে দিয়ে যাতে কারখানাগুলি জাতীয়করণ করতে না পারি তার বন্দোবস্ত করে দিলেন। সেইজন্য আমার বলতে দুঃখ হচ্ছে, সাত্তার সাহেব বক্তৃতা দেবার সময় নেতি নেতি করতে করতে নেতিয়ে পড়লেন। রাজ্যপালের ভাষণের প্রতিটি ছত্রে যে দাবি তা পশ্চিমবাংলার দাবি, পশ্চিমবাংলার কোটি কোটি জনগণের দাবি, লক্ষ লক্ষ বেকার যুবক-যুবতীর দাবি, সেই দাবিকে সমর্থন করার ওনার সৎসাহস হল না। রাজীব গান্ধীর ধমকের ভয়, চাকরি যাবার ভয়ে সেগুলি সম্বন্ধে একটি কথা এখানে উল্লেখ পর্যন্ত করতে পারলেন না। কাজেই ওদের কাছে পশ্চিমবাংলার জনগণ এরচেয়ে বেশি কিছু আশা করে না। সুতরাং ওনাদের আর কি বলব, চামচিকের দল বললে খারাপ কথা বলা হয়, আন-পার্লামেন্টারি হয়ে যাবে, সেইজন্য এইসব কথা বলতে চাই না। বিরোধী দলের মাননীয় নেতা সাত্তার সাহেব যে বক্তব্য পেশ করেছেন তাতে মনে হয় পশ্চিমবাংলা কাকে বলে তিনি জানেন না, পশ্চিমবাংলার জনসাধারণকে তিনি জানেন না, বামফ্রন্ট সরকারকে মনে করেন পশ্চিমবঙ্গ, পশ্চিমবঙ্গের সরকারকে মনে করেন পশ্চিমবাংলার জনসাধারণ। সুতরাং ওনাকে বিরোধী দলের নেতার আসনে মানায় না। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আনন্দমোহন বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে রাজ্যপালের ভাষণের উপর

এক বিতর্কের অবতারণা করা হয়েছে। আমি মাননীয় বিরোধি দলের বন্ধুদের বক্তব্য শুনলাম এবং সরকারপক্ষের যেসব সদস্যরা বক্তব্য রাখলেন তাঁদের বক্তব্য শুনলাম। সরকারপক্ষের বন্ধুরা সমর্থন করেছেন এবং চিরাচরিত প্রথা অনুযায়ী আমরা বিরোধিতা করেছি। আমি এই কক্ষে বাস্তব সত্য উপলব্ধি করার জন্য আবদন জানাচ্ছি। সমর্থন এবং বিরোধিতা করা একটা মামুলি ব্যাপার। পশ্চিমবঙ্গে যে সমস্ত মৌল সমস্যা আছে বিরোধী দলের সদস্য হিসাবে আমি মনে করি রাজ্যপালের ভাষণে সেই সমস্ত বিষয়গুলির উপর গুরুত্ব দেওয়া হয়নি। বন্ধুবর সুনীতি চট্টরাজ তাঁর বক্তৃতার প্রারম্ভে একটি কথা বলেছিলেন সেই কথাটি সমর্থন করে বলছি এই ভাষণের মধ্যে এই রাজ্যের ৪০ লক্ষ বেকারের সম্বন্ধে কোনো কথা বলা হয়নি। বিংশশতাব্দীর প্রতিটি যুবকের প্রতিনিধি হিসাবে এখানে দাঁড়িয়ে আমি একটি অমোঘ সত্য কথা বলতে পারি আজকে এই রাজ্যে যারা বেকার, যাদের আজকে উপেক্ষা করা হচ্ছে, অনীহা করা হচ্ছে আগামী দিনে এই অবক্ষয়ী সমাজ ব্যবস্থায় তাদের রদ করা যাবে না। আজকে যদি এইসব যুবকেরা হতাশাগ্রস্ত হয়, যদি আত্মবিশ্বাস হারিয়ে ফেলে তাহলে এইসব যুবকদের কাছে কোনো ন্যায়নীতি এমনকি জীবনের মূল্যবোধ থাকে না। সেইজন্য আজকে তাদের মধ্যে অপরাধ প্রবণতা দেখা দিচ্ছে। অথচ সরকারি তরফ থেকে পুলিশ বাজেট বাড়িয়ে দেওয়া হয়েছে। আমি কি প্রশ্ন করতে পারি পুলিশ বাজেট বাড়িয়ে অপরাধ প্রবণতাকে দমন করা যাবে? দিনের পর দিন লক্ষ্য করে দেখেছি, বিশৃঙ্খলা, উশৃঙ্খলা বিশেষ করে হতাশাগ্রস্ত বেকার যুবকেরা এই সমাজে অবক্ষয়ের একটা নতুন বীজ রোপন করছেন।

[6-20—6-30 P.M.]

এমন সময় হয়ত আসবে যখন সেই বিক্ষুব্ধ বেকার যুবক যারা সমাজ জীবনে রাষ্ট্রজীবনে একটা ভয়াবহ রূপ পরিগ্রহ করবে। আমরা খুবই দুঃখিত যে তাদের সম্বন্ধে কোনো কথা এখানে বলা হয়নি। আমরা দেখছি এই ভাষণে প্রথম থেকে শেষ পর্যন্ত বারে বারে এখানে দুর্বল শ্রেণীর মানুষের কথা বলা হয়েছে, এখানে তফসিলি আদিবাসীদের কথা বলা হয়েছে। আমরা দেখছি যে এখানে নতুন করে পরিসংখ্যান দেওয়া হয়েছে। বারে বারে বলা হয়েছে অনুদানের কথা। আমরা বিশ্বাস করি যে, দরিদ্র মানুষ, মেহনতি মানুষ তাঁরা অনুদান পেতে পারে, অনুদান পাওয়ার পরে জীবনে হয়ত বাঁচতে পারে কিন্তু সমাজে প্রতিষ্ঠা লাভ করতে পারে না। আজকে সমাজের স্তরে তাদের কোনো বিত্ত আছে? আজকে তাদের মধ্যবিত্ত, ধনী, উচ্চবিত্ত কোন বিত্তের মানুষ তাদের আমরা বলব? তাদের আমরা একটা পোষাকী নাম দিয়ে রেখেছি সেই নাম হচ্ছে সর্বহারা, তাদের আমরা এই বলে আখ্যা দিয়ে থাকি। সংবিধানের প্রতিশ্রুতি তফসিলিদের অধিকার আছে, এই সরকারের তরফ থেকে প্রচলিত আইন আছে, কিন্তু একটা সঙ্কট লক্ষ্য করছি আইনটা প্রয়োগ করে তাদের সমাজের কোন বিত্তে পৌঁছে দেওয়া হচ্ছে? এখানে আমি কোনো দলের কথা বলছি না, আমরা ভারতবর্ষের মানুষ স্বাধীনতা লাভ করেছি, যেদিন স্বাধীনতা লাভ করেছি সেদিন আমরা বলেছিলাম, স্বাধীনতা লাভ মানে শুধু পতাকার রং বদলানো নয়, ফ্রিডম ফ্রম পলিটিক্যাল স্লেভারী, ফ্রিডম ফ্রম ইকনমিক এক্সপ্লয়টেশন, ফ্রিডম ফ্রম কালচারাল স্ট্যাগনেশন। আজকে আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি সমাজের সেই সমস্ত মানুষদের ধীরে ধীরে অনুদান দিয়ে বাঁচিয়ে রাখার চেষ্টা করা হচ্ছে। আজকে রাজ্যপালের ভাষণের ভিতরে লক্ষ্য করছি যে তাদের সম্বন্ধে কোনো পরিকল্পনা গৃহীত হয় না যে পরিকল্পনার সাথে তাদের একীভূত করা যাবে, সে পরিকল্পনার দ্বারাই তারা অর্থনীতির ক্ষেত্রে স্বাবলম্বন সেল্‌ফ রিলায়েন্স লাভ করবে। আমরা লক্ষ্য করছি অন্য

দিকে কৃষি ও শিল্পের গতিহীনতা। অগ্রসর হওয়ার কথা অনেকে বলেছেন। আমি একটা কথা বলতে চাই, আজকে পূর্ব ভারতের কৃষির উৎপাদন ক্রমে ক্রমে হ্রাসের দিকে যাচ্ছে তার একটা কারণ হচ্ছে কৃষিতে যে বিনিয়োগ ব্যবস্থা সেটা খুবই স্বল্প ব্যবস্থা। এখানে আমরা জানি শিল্প বিপ্লবের কথা। শিল্পে, শহরে প্রাইভেট লিমিটেড কোম্পানী গড়ে উঠেছে। এই প্রাইভেট লিমিটেড কোম্পানীর পাশাপাশি গ্রামে অর্থনীতির ক্ষেত্রে গ্রামের মানুষ যারা —গ্রামে ১৯৮২ সালে যে সমবায় আন্দোলন গড়ে উঠেছিল সেই সমবায় আন্দোলনে কি দেখা যাবে? পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে যে আন্দোলন গড়ে উঠেছিল আজকে পুঁজিপতিরা সেই সমবায়কে অর্থনৈতিক হাতিয়ার হিসাবে ব্যবহার করছে। গ্রামে গেলে দেখবেন লক্ষ লক্ষ লোক গৃহহারা। আজকে তাদের গৃহ সমস্যার কথার কোনো ইঙ্গিত পাচ্ছি না রাজ্যপালের ভাষণের মধ্যে, আমরা দেখতে পাচ্ছি সেই হাউসিং কো-অপারেটিভ সোসাইটি করার মধ্যে দিয়ে গ্রামের মধ্যবিত্ত যারা তাদের কল্যাণ সাধনের কথা বলা হয়েছিল, আজকে শহরের ধনিক শ্রেণী এবং সমাজের কায়েমী স্বার্থবাদীরা এগুলিকে হাতিয়ার করে পুঁজি বিনিয়োগ করছে। শিল্পের কথা বলা হচ্ছে, কতকগুলি পরিসংখ্যান দেওয়া হয়েছে এতে কতকগুলি সিক ইন্ডাস্ট্রি অধিগ্রহণ করার কথা বলা হয়েছে। সেগুলি বর্তমান সরকারের নিয়ন্ত্রণাধীনে পরিচালিত হচ্ছে।

জাতীয় নীতি হচ্ছে আজকে যেসব রুগ্ন শিল্প গ্রহণ করা হবে তার সব ব্যয়ভারও গ্রহণ করা হবে। কিন্তু এখানে কোনো শিল্প রুগ্ন হলে তার ম্যানেজমেন্টের ব্যয়ভার গ্রহণ করা হবে—সেটা কিন্তু কখনও বলা হচ্ছে না। তাই শিল্পক্ষেত্রে একটা নৈরাজ্য, একটা গতিহীনতার ঝোঁক আমরা দেখতে পাচ্ছি। এ থেকে সজাগ হতে হবে। কৃষি ও শিক্ষার দিকটাও আমরা লক্ষ্য করছি। শিক্ষা সম্বন্ধে আমাদের তরফ থেকে অনেকেই বলেছেন। শিক্ষা সম্বন্ধে এখানে কিন্তু সুনির্দিষ্ট পরিকল্পনার কথা বলা হয়নি, কয়েকটি নেতিবাচক কথা বলা হয়েছে মাত্র। আজকের দিনে মডার্ন টেকনোলজি অনেকেই গ্রহণ করেছেন। আপনাদের মতো বিপ্লবী চরিত্রের সরকারও মাল্টিন্যাশনাল পুঁজির সঙ্গে একত্রে যে শিল্প খুলছেন সেখানেও এই প্রযুক্তির দরকার আছে। কিন্তু মাননীয় রাজ্যপালের এই ভাষণে টেকনোলজিক্যাল রিসার্চের ব্যাপারে কোনো কথাই আমরা দেখছি না। আইন-শৃঙ্খলার জন্য যেসব ব্যবস্থা দায়ী সেইসব ব্যবস্থার মূলে কখনও যাচ্ছেন না। আজকে দেখছি, এখানে ওখানে মানুষ খুন হচ্ছে। নদীয়া জেলা থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি। আজকে সেখানে দিনের পর দিন মানুষ খুন হচ্ছে। অবশ্য এখানে এটা বলতে দ্বিধাবোধ করি না যে, সেখানে আজকে কংগ্রেসের লোকই খুন হচ্ছে না, ক্ষমতাসীন দলের লোকও সেখানে খুন হচ্ছে। কিন্তু দেখতে পাচ্ছি, পুলিশ সেখানে নিষ্ক্রিয়। ওখানকার ফ্রিঞ্জ এলাকার দরিদ্র মানুষদের মধ্যে থেকে ঐসব সমাজবিরোধীদের মধ্যে কিছু মানুষের অনুপ্রবেশ ঘটেছে। বিশেষ করে বেকার যুবকদের বিপথে চরিচালিত করা হয়েছে। আজকে এইসব বেকার যুবকদের কাজে নিয়োজিত করে, সংগঠিত করে ভারতবর্ষের জাতীয় জীবনের শক্তিশালী অংশের দিকে ফিরিয়ে আনবার কোনো প্রয়াস এখানে দেখছি না। হসপিটাল বা চিকিৎসার ব্যাপারে কিছু বলবার নেই কারণ আব্দুস সাত্তার সাহেবই সেসব কথা বলে গেছেন। পরিশেষে বলছি যে, এই ভাষণ আপনারা সমর্থন করছেন, এর ভেতর অলিক সব ছবি দেখছেন; কিন্তু বিরোধী দলের সদস্য হিসাবে আমি হতাশাগ্রস্ত। আমরা ছাড়া ভারতবর্ষে ৬০ কোটি মানুষ আছেন। আজকে তাঁদের সামনে যদি এই বক্তব্য উত্থাপন করা যায় তাহলে

তাঁরা এই সিদ্ধান্তে নিশ্চয়ই আসবেন যে, এই ৯ বছর ধরে এই সরকার সব সময় 'কেন্দ্র দিল না', 'সীমিত ক্ষমতা' ইত্যাদি কথা বলেছেন, কিন্তু নিজস্ব সম্পদকে কাজে লাগিয়ে, বিনিয়োগ করে সম্পদ সৃষ্টি বা উৎপাদন বৃদ্ধির দিকে অবহেলা করেছেন। এই ভাষণের মধ্যেও সেদিকটা দেখতে পাচ্ছি না। আজকে এই ভাষণের মধ্যে চরম হতাশা, পশ্চিমবাংলার সমস্যাবলী রোধ করবার ব্যাপারে চরম ব্যর্থতা এবং নৈরাজ্যের প্রতিধ্বনী নিদারুণভাবে পরিস্ফুট হয়ে উঠেছে। এই ক'টি কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মিঃ স্পিকার, স্যার, দেখতে পাচ্ছি যে হাউসে কোনো পূর্ণ মন্ত্রী নেই। এদিকটা আপনি একটু দেখুন।

**মিঃ স্পিকার ঃ** মান্নান সাহেব, ডিবেট চলাকালীন মন্ত্রিদের থাকতেই হবে এমন কথা নেই, তবে মেনশন কেসে থাকতে হয়, — এটা বোধ হয় আপনার জানা নেই।

**শ্রী সুভাষ বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব উঠেছে তার সমর্থনে আমি দুই-চারটি কথা বলব। আমি অত্যন্ত মনযোগসহকারে বিরোধী দলের নেতার বক্তৃতা শুনলাম। অতীতেও এই হাউসে আমরা বিরোধী দলের নেতার বক্তৃতা শুনেছি। তখন আজকে যিনি মুখ্যমন্ত্রী তিনি ছিলেন বিরোধী দলনেতা। সেই সময় তাঁর যুক্তিপূর্ণ বক্তৃতাকে তদানিন্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় গুরুত্ব দিতেন। বাস্তবসম্মত বক্তৃতা তিনি রাখতেন বলেই ডাঃ তাকে গুরুত্ব দিতেন।

[6-30—6-40 P.M.]

আজকে বিরোধী দলের নেতার বক্তৃতা শুনলাম, বিরোধিতা করতে হবে তাই বিরোধিতা করে বসে পড়লেন। সুনীতিবাবু কেবলমাত্র সিউড়ি নিয়ে বলে গেলেন এবং অমরেন্দ্রবাবু কতকগুলি সাহিত্যের ভাষা দিয়ে কথা বলে গেলেন সঙ্গে সঙ্গে বাস্তব কথাগুলি এড়িয়ে গেলেন। সেইজন্য আমি বলতে চাই যে ছাতায় এত ফুটো সেই ছাতার তলায় দাঁড়িয়ে একটা অঙ্গ রাজ্য হিসাবে পশ্চিমবাংলার কতটুকু ক্ষমতা থাকবে? কেন্দ্রীয় সরকার জাতীয় ঐক্যর ক্ষেত্রে ব্যর্থ হয়েছে, অর্থনৈতিক ক্ষেত্রে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। রাতের অন্ধকারে ঋণ শোধ করার জন্য অর্ডিনান্স করতে হচ্ছে পার্লামেন্ট আছে, পার্লামেন্ট বসার ১৫ দিন আগে মার্তৃসুলভ খনিজ দ্রব্যের দাম বাড়িয়ে দেওয়া হল। আপনারা এখানে বসে শুধু গালাগালি করবেন, এইসব কথা একবারও ভাববেন না? আজকে কেন্দ্রীয় সরকার দেশটাকে কোথায় নিয়ে যাচ্ছে? আজকে বাসের ভাড়া বাড়ানো হয়েছে বলে সেই সুয়োগ নিয়ে আপনারা এখান থেকে চলে যাচ্ছেন। রাতের অন্ধকারে আপনারা পেট্রোলের দাম বাড়াবেন, ডিজেলের দাম বাড়াবেন আর বাসের ভাড়া বাড়বে না? আমি তাই বলতে চাই আজকে এই প্রতিকূল অবস্থার মধ্যে দাঁড়িয়ে যেখানে অর্থনৈতিক সঙ্কট চলছে সেখানে এই সরকার পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যাচ্ছে। ১৯৩০-৩২ সালে যে অর্থনৈতিক সঙ্কট ছিল তার থেকে আরও সঙ্কট বেড়ে গেছে। একটা অর্থনৈতিক ওয়ার্ল্ড ওয়ার শুরু হয়ে গেছে। আগামী দিনে অর্থনৈতিক এবং গোলা বারুদের স্টার ওয়ার শুরু হয়ে যাবে। সেখানে দাঁড়িয়ে একটা অঙ্গ রাজ্য হিসাবে এই পশ্চিমবাংলার কতটুকু ক্ষমতা আছে এটাকে রোধ করার? ওপার বাংলা থেকে আসা

কোটি কোটি উদ্বাস্তুকে ঘাড়ে নিয়ে, ৬০ ভাগ অবাঙালি শ্রমিকদের নিয়ে যারা প্রতিদিন হাওড়ার স্টেশানে বিহার থেকে, উড়িষ্যা থেকে অনাহারে অভুক্ত অবস্থায় পশ্চিমবাংলায় ঢুকছে তাদেরকে এই পশ্চিমবাংলার সরকারকে মোকাবিলা করতে হচ্ছে। এই অর্থনৈতিক অবস্থার মধ্যে দাঁড়িয়ে মানুষকে অনাহারের হাত থেকে রক্ষা করে চলেছে, এর জন্য সকলের প্রশংসা করা উচিত। তা না করে ৫ বছরের সেই ভাঙ্গা টেপ বাজিয়ে বসে পড়লেন। তাই আমি বলতে চাই এই সরকার শুধু পশ্চিমবাংলার নয় সারা ভারতবর্ষের গৌরব। কেন্দ্রীয় সরকারের একটা পয়সা সাহায্য না নিয়ে কেবলমাত্র জনগণের সহযোগিতা নিয়ে যুব ভারতী ক্রীড়াঙ্গণ তৈরি করেছে এই সরকার। এতে কি প্রশংসার দাবি করা যায় না? আজকে এই স্টেডিয়ামকে ঘিরে অনেক অগ্রগতি ঘটেছে, যুব-মানসে অগ্রগতি ঘটেছে এবং তাদের সঠিক পথ উন্মুক্ত হয়েছে। আজকে দিল্লিতে কতকগুলি স্টেডিয়াম হয়েছে এবং তার জন্য কোটি কোটি টাকা খরচ করা হয়েছে। কিন্তু আজকে সেখানে একটা মাছিও উড়ছে না। সেখানে একটা স্টেডিয়াম তৈরি করতে ৪৭ কোটি টাকা খরচ করা হয়েছে কিন্তু আমাদের এখানে যুব ভারতী ক্রীড়াঙ্গণ তৈরি করতে ২০ কোটি টাকাও খরচ হয়নি। আজকে আপনারা এখানে বলছেন সম্পদ সংগ্রহ করতে পারেনি এই বামফ্রন্ট সরকার। কিন্তু প্রণব মুখার্জি এবং অজিত পাঁজা মহাশয় বলেছেন যে সম্পদ সংগ্রহে পশ্চিমবাংলা এগিয়ে। তা না হলে সাধারণ মানুষের কাছ থেকে টাকা সংগ্রহ করে এই স্টেডিয়াম হত না। আজকে খেলাধুলার অগ্রগতি ঘটছে, এখানে শুধু পশ্চিমবাংলার নয় সারা ভারতবর্ষের খেলোয়াড় এখানে অংশগ্রহণ করছে। এই স্টেডিয়ামের মাধ্যমে সারা ভারতবর্ষের মানুষের সামনে খেলাধুলার পথ উন্মুক্ত হয়েছে। শ্রীমতী ইন্দিরা গান্ধির মৃত্যুর আগে এখানে নেহেরু গোল্ড কাপ খেলা হয়েছে। এই স্টেডিয়াম এশিয়ার মধ্যে একটি বৃহত্তম স্টেডিয়াম। আজকে এই সরকার খেলাধুলাকে একটা মামুলি ব্যাপার বলে ধরে নেয়নি, শিক্ষার অঙ্গ হিসাবে এটাকে ঘোষণা করেছে।

আমাদের বাংলার তথা ভারতের গৌরব আজকে লুপ্ত হয়ে যাচ্ছে। আপনারা আজকে বিশ্বের অলিম্পিক এবং এশিয়াড্, যে দিকের কথাই বলুন না কেন, আমরা সব দিকেই ক্রমশ পিছিয়ে যাচ্ছি। সেজন্য পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এই বিভাগটিকে গুরুত্ব দিয়ে, অতীত দিনের দিকপাল খেলোয়াড়দের পরামর্শ ও সাহায্য নিয়ে খেলাধুলার মানকে উন্নত করার চেষ্টা করছেন। শুধু তাই নয়, আজকে যুবকদের সামনে বেকারত্বের যে ছবি দেখা দিয়েছে তা হচ্ছে কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক সঙ্কটেরই ফল। গোটা দেশেই আজকে বেকারত্বে ছেয়ে গেছে। এই বেকার আপনারাই সৃষ্টি করেছেন। যে দেশে কোটি কোটি বেকার, সেখানে আজকে ২,০০০ স্কুলে কম্পিউটার সাপ্লাই করা হয়েছে। আমাদের আজ তাই ভাবতে অবাক লাগে কোন্ দেশে আজ আমরা বাস করছি। যেখানে কোটি কোটি বেকার যাদের বুদ্ধি আছে, জ্ঞান আছে, শিক্ষা আছে, শক্তি আছে, যাদের কাজ করার ক্ষমতা আছে, সেখানে তাঁরা কাজ পাচ্ছেন না। এই অবস্থাতেও ২,০০০ স্কুলে কম্পিউটার সাপ্লাই করলেন আমাদের মাননীয় নবীন কর্ণধার। সেজন্য আজকে বলতে চাই, এখানে যুব দপ্তর যে কাজ করেছে ও করছে তার নজির ভারতবর্ষের বুকে অতীতে বা বর্তমানে কোথাও নেই। ১৬১৩টি সিট সম্বলিত যুব আবাস সৃষ্টি হয়েছে আমাদের এই পশ্চিমবাংলার বুকে এত মনোরম স্থান যে ছিল একথা আমরা আগে জানতাম না। অতীতে পশ্চিমবঙ্গ সরকারের যুব এবং ক্রীড়া দপ্তর ছিল, একথা আমরা জানতাম না। কারণ তখন সবই ফাইল বন্দী হয়ে পড়ে থাকত।

আমাদের সীমিত আর্থিক ক্ষমতার মধ্যেও একটা স্টেডিয়াম, পাঁচতারা একটি হোটেল, স্পোর্টস ম্যানদের এবং যুবকদের জন্য ১,০০০টি সিট সম্বলিত যুব আবাস তৈরি করেছি। এমন নজির আপনারা কোথায় আছে বলে দেখাতে পারবেন না। যদি কোথাও দেখাতে পারেন তাহলে তিরস্কার করবেন আমাদের। কিন্তু আমরা জানি, নজির আপনারা কোথাও দেখাতে পারবেন না। অথচ এই সমস্ত কাজের প্রশংসা আপনারা করলেন না। আপনাদের বক্তৃতার মধ্যে একবারও সে কথা উল্লেখ করতে শুনলাম না। আজকে ৫০টি জায়গায় এইরকম মনোরম স্থান আছে এবং এর দ্বারা পশ্চিমবঙ্গ অর্থনৈতিক দিক দিয়েও লাভবান হচ্ছে। বাইরে থেকে বহু ট্যুরিস্ট এখানে বেড়াতে আসছেন এবং পশ্চিমবাংলার যে সমস্ত মানুষ সাউথে বেড়াতে যেতেন, তাঁরাও ঐ জায়গাগুলোতে বেড়াতে যাচ্ছেন। আজ পশ্চিমবাংলায় ৫০টি জায়গার মনোরম স্থানগুলি উন্মুক্ত করেছেন পশ্চিমবঙ্গ সরকার। ঐ জায়গাগুলিতে পশ্চিমবাংলার বহু মানুষ বেড়াতে যাচ্ছেন। অত্যন্ত অল্প পয়সার বিনিময়ে যুবকরা যুব আবাসে অবস্থানের সুযোগ পাচ্ছেন। কই, এই সমস্ত কাজের প্রশংসা তো আপনারা একবারও করলেন না? শুধু মাত্র এখানেই নয়, বিহারে গিয়ে পশ্চিমবঙ্গ সরকার-এর যুব দপ্তর যুব আবাস খুলেছেন। এখানকার 'নন্দন' আজ সমগ্র ভারত তথা এশিয়ার গৌরবের বস্তু। শুধু খাওয়া নিয়ে ব্যস্ত থাকলেই চলে না; খাওয়া নিয়ে ব্যস্ত থাকে শেয়াল-কুকুর, কিন্তু মানুষ তা কখনও পারে না। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সংস্কৃতির বিকাশের দ্বারা নানাভাবে উন্মুক্ত করে চলেছেন। আপনারা একবারও এই সমস্ত কাজের প্রশংসা করতে পারলেন না। বক্তৃতা করে গেলেন কেবল এই বলে যে, এখানে আইন-শৃঙ্খলা নেই, আইন-শৃঙ্খলা নেই বলে আপনাদের জানিয়ে দিতে চাই যে, সোনার পাথর বাটি কখনও হয় না। কাঁঠালের আমসত্ত্ও কখনও হয় না। দেশের সমগ্র জনসংখ্যার ৫০ ভাগ যেখানে দারিদ্র্য সীমার নিচে চলে গেছে, সেখানে ওয়াগন ব্রেকারের জন্ম তো নেবেই। দেশের শিক্ষিত এবং অশিক্ষিত যুবকরা আজ ওয়াগন ব্রেকারস-এর দলে নাম লিখিয়েছেন। কিন্তু এই ওয়াগন ব্রেকারস এবং ওয়াগন শিল্পী তো আপনারাই তৈরি করেছেন—একথা কি আপনাদের অস্বীকার করার উপায় আছে? আপনারা কি জানেন না, কেন আজকে এই যুবকদের কোনো কাজ নেই, কাজের কোনো সংস্থান নেই? আপনাদেরই একজন সদস্য কিছুক্ষণ আগে ব্যাঙ্গ করছিলেন যে, 'জ্যোতিবাবু বন্যা নিয়ে আছেন, খরা নিয়ে আছেন।' প্রাকৃতিক দুর্যোগটা কি জ্যোতিবাবু এখানে নিয়ে এসেছেন? তিনি কি বলেছেন—'হে সূর্যদেব, তুমি এখানে খরা দাও, হে বরুণদেব, তুমি বন্যা দাও?' সবই আপনাদের জানা আছে, কিন্তু স্বীকার করবেন না। সেজন্য আপনারা এখানে যে সমস্ত কাজ রূপায়িত হয়েছে, তার প্রশংসা করতে পারলেন না। গত বছরেও এখানে প্রায় ৮ লক্ষ মানুষের কর্ম-সংস্থানের ব্যবস্থা হয়েছে এবং শ্রম দিবস সৃষ্টি করা হয়েছে। এগুলো একটু খোঁজ নিয়ে দেখবেন। গ্রামাঞ্চলের মানুষদের সম্বন্ধে আপনারা ভেবেছিলেন যে অ্যালুমিনিয়ামের থালা হাতে নিয়ে কলকাতার পথে পথে 'ফেন দাও, একটু ফেন দাও' করবেন। বামফ্রন্ট সেখানে শ্রম দিবস সৃষ্টি করে কর্ম সংস্থানের ব্যবস্থা করতে পেরেছেন বলেই তাঁরা তা করেননি।

[6-40—6-50 P.M.]

আমাদের মুখ্যমন্ত্রী রেখে দিয়েছিলেন তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করে। আজকে আপনারা আইন-শৃঙ্খলার কথা বলছেন—আজকে হরিজন এবং আদিবাসীদের কি অবস্থা অন্য রাজ্যে,

সেখানে তাদের কি সম্মান আছে? সেই দিক থেকে পশ্চিমবঙ্গে এখনো গৌরব আছে। সেখানে জীবন্ত মানুষকে পুড়িয়ে মারা হচ্ছে। আমাদেরও যে পান পট্টীতে আগুন লেগেছিল তার তদন্ত নিশ্চয় হবে এবং আমরা সেটাকে প্রশংসা করি না। আজকে কি অবস্থা অন্যান্য রাজ্যে জীবন্ত মানুষকে পুড়িয়ে মারা হচ্ছে, যে দেশেই হোক এটা অত্যন্ত দুঃখজনক ঘটনা, কী ভয়াবহ অবস্থা মানুষ চিন্তা করতে পারে, আজকে ৩৮ বছর দেশ স্বাধীন হওয়ার পরেও এরকম ঘটনা ঘটতে পারে ভাবা যায় না। আপনারা বলবেন যে ঘুটে পোড়ে আর গোবর হাসে, আমরা এর জন্য আনন্দ করছি না কিন্তু আমরা গর্বের সঙ্গে বলতে পারি আমাদের এখানে জাতপাত, ধর্ম ইত্যাদির প্রাধান্য দিতে দিইনি। ভারত থেকে আজকে এ সরে যেতে চাইছে ও সরে যেতে চাইছে আমরা তা হতে দিইনি, দেব না। সেখানে আইন-শৃঙ্খলা দেখুন। সেদিন কি করে ৩ ঘন্টার মধ্যে দাঙ্গা থামানো হল সেটা একবার দেখুন। অতীতে আমরা দেখেছি ১৯৬৪ সালে আমরা যখন দমদম জেলে ছিলাম তখন দমদমের আশেপাশে সমস্ত বস্তি জ্বলছে দিনের পর দিন, জীবন্ত মানুষ আমরা জেলের মধ্যে ছোটাছুটি করেছি, তখন আপনারা কি করেছিলেন? আজকে দেখুন আপনারা কি করে দাঙ্গা থামানো গেল। বামফ্রন্ট সরকার ৩ ঘন্টার মধ্যে দাঙ্গা থামালেন, ওই দাঙ্গার সুযোগ নিয়ে আপনারা দলবাজি করবেন বামফ্রন্ট সরকার থাকাকালীন কোনদিন হবে না এটা আপনারা জেনে রাখুন। দ্বিতীয়ত আপনারা আজকে বিদ্যুতের কথা বলছেন—গোটা ভারতবর্ষই তো অন্ধকারে আক্রান্ত হয়ে আছে, তার জায়গায় এখানে তো একটা মামুলি ব্যাপার চলছে। আপনার বিহারের রাঁচিতে আজকে যদি আলো যায় তাহলে ৭ দিনের আগে বিদ্যুৎ দেখা যায় না। সেইদিক থেকে তো আমরা অনেক উন্নত। তার কারণ হচ্ছে কেন্দ্রের ভ্রান্ত নীতির ফলে আজকে সারা দেশকে ভুগতে হচ্ছে। এতদিন কেন্দ্র ভারী শিল্পের দিকে নজর দিয়েছিলেন, আমাদের কৃষিপ্রধান দেশ বিদেশ থেকে ছিবড়ে গম এনে পি. এল. ৪৮০ খাওয়ালেন কিন্তু বিদ্যুতের কোন ব্যবস্থা করবেন না। আজকে পশ্চিমবঙ্গে যা কিছু করেছে এই বামফ্রন্ট সরকারই করেছে। আজকে হাজার হাজার মেগাওয়াট বিদ্যুৎ তৈরি হয়েছে। এই ৮ বছরে যে পরিমাণ করেছে আপনারা দীর্ঘ ৩০ বছরেও তা করতে পারেননি। আপনারা চোখে ঠুলি পরে থাকেন? ৩০ বছরে আপনারা মাত্র ৩ লক্ষ কনজিউমার করতে পেরেছিলেন আমরা সেখানে ৮ বছরে ৯ লক্ষ কনজিউমার করতে পেরেছি। এখন গ্রামে গ্রামে বিদ্যুৎ আমরা পৌছে দিয়েছি। অতীতে বিদ্যুতের ব্যাপারে তৎকালীন যুবক মুখ্যমন্ত্রী গ্রামে গ্রামে বিদ্যুৎ দেওয়ার পরিকল্পনা নিয়েছিলেন, তাতে তার দিয়েছিলেন তো পোল দেননি, আবার পোল দিয়েছেন তো তার টাঙাননি, আর তার আছে তো বাল্ব নেই। আপনাদের সময়ে আপনারা ১০ হাজার গ্রামে বিদ্যুৎ দিতে সক্ষম হয়েছিলেন আর আমরা ইতিমধ্যে ২০ হাজার গ্রামে বিদ্যুৎ দিতে সক্ষম হয়েছি। এখন অজপাড়াগাঁয়ে পর্যন্ত বিদ্যুতের আলো জ্বলছে। তারপরে স্যালোর ব্যাপারে আসা যাক। স্যালোর ক্ষেত্রে আপনারা ২০ হাজার স্যালোতে বিদ্যুৎ দিয়ে গেছেন আর আমরা ৩০ হাজার স্যালোতে এই ৮ বছরের মধ্যে বিদ্যুৎ দিতে সক্ষম হয়েছি। যারফলে আজকে ৩টি চাষ হচ্ছে এবং খাদ্য অবস্থার অনেক অগ্রগতি হয়েছে। আপনারা ভেবেছিলেন ১৯৬৭ সালের মতো খাদ্য সঙ্কট সৃষ্টি করে বামফ্রন্ট সরকারকে বেকায়দায় ফেলবেন কিন্তু তার আর কোনোদিন সুযোগ দেবে না পশ্চিমবঙ্গের মানুষ - বামফ্রন্ট সরকার।

যেখানে ৪ লক্ষ ইউনিট বিদ্যুৎ ছিল সেখানে আজকে ৬ লক্ষ ইউনিট বিদ্যুৎ হয়েছে। সর্বশেষে আমি বলব ভয়াবহ অবস্থায় প্রত্যেক রাজনৈতিক দলের শুভবুদ্ধিসম্পন্ন মানুষের সজাগ হবার সময় এসেছে। চ্যালেঞ্জ অফ এডুকেশনের নামে ৫ টাকা মাইনে নিয়ে যুবকদের ক্যাসেট দিয়ে এডুকেশন দেবেন। অর্থাৎ একটা করে হ্যারিকেন দেবার ব্যবস্থা হচ্ছে। ১০৫ টাকা মাইনে এটাই যথেষ্ট। তার মানে এডুকেশনের নামে হাতে হ্যারিকেন দিয়ে লাল বাতি জ্বালাবার চেষ্টা করছেন। প্রত্যেক জেলায় একটা করে মডেল স্কুল হবে। সেখানে অঙ্ক, বিজ্ঞান ইংরাজিতে পড়ানো হবে এবং হিন্দি হবে দ্বিতীয় ভাষা, আর মাতৃভাষা হবে তৃতীয় ভাষা। এই জিনিস আমাদের মেনে নিতে হবে? আমরা যে শিক্ষা ব্যবস্থা চালু করেছি পশ্চিমবাংলায় তাতে যেখানে ৫৩ লক্ষ ছাত্রছাত্রী পড়ত সেটা আজ হয়েছে ৮৫ লক্ষ। ৪০০ হাজার স্কুলের কোনো চালা নেই। অথচ সেখানে ২ কোটি টাকা খরচ করে তারা মডেল স্কুল করবেন। অর্থাৎ এক ভাগ ছাত্র পড়বে, আর ৯৯ ভাগ ছাত্রছাত্রী বঞ্চিত হবে। তাই আমি বলতে চাই বামফ্রন্ট সরকার গ্রামাঞ্চলে যে শিক্ষার আলো জ্বেলেছেন তাকে আপনারা জ্বালিয়ে রাখুন। সুতরাং আমাদের নবীণ প্রধানমন্ত্রী চ্যালেঞ্জ অফ এডুকেশনের মাধ্যমে যে শিক্ষা ব্যবস্থা চালু করছেন তার বিরোধিতা করে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী শিশির অধিকারী ঃ** স্যার, পশ্চিমবাংলার রাজ্যপালের ভাষণে মন্ত্রিসভা যে বিবৃতি এখানে জারি করেছেন সেই বিবৃতি আমি মনে করি অতীতের চর্বিত চর্বন। যে কথা আমি আগে বলে এসেছি সেই কথা আজকেও বলছি যে মন্ত্রিসভার পিছন থেকে অফিসাররা বসে ভাষণ ঠিক করে দেন যেটা এখানে রাজ্যপালকে দিয়ে পাঠ করা হয়। প্রথমে রাজ্যপাল প্রাকৃতিক দুর্যোগের কথা বলেছেন। তিনি এখানে ২৪ পরগনা এবং মেদিনীপুরের কথা উল্লেখ করেছেন। যে কথা আমি ১৬ই সেপ্টেম্বর বলেছিলাম, আজও বলছি যে বিগত ৮ বছরে পশ্চিমবাংলার পার্বত্য উন্নয়ন এবং সি. এম. ডি. এ.র উন্নয়ন যেভাবে পশ্চিমবাংলার বঙ্গোপসাগর উপকূলবর্তী এলাকায় সমুদ্র অঞ্চলে এক ঝুড়ি মাটিও তারা ফেলেননি, একটা কালভার্টেও আলকাতরা লাগাননি। তারপর ১৬ অক্টোবর মেদিনীপুর এবং ২৪ পরগণার বিস্তীর্ণ এলাকা যে ডুবে গেল যার জন্য ওঁরা বলেন যে বিরোধী দলের কোনো দায়িত্ব নেই। আমি সেইদিন দায়িত্ব নিয়ে বলেছিলাম যে বঙ্গোপসাগরে উত্তরাঞ্চল এবং দক্ষিণাঞ্চলের বাঁধগুলি আপনারা ঠিক করুন। তা না করার ফলশ্রুতি বহু প্রাণ গেল। আপনারা ক্ষতিপূরণ দিয়েছেন কাউকে ১০০ টাকা, ১ খানা ধুতি বা শাড়ি, ৫/১০ কে.জি. গম এবং এই নিয়ে আপনারা অনেক বাহাদুরী করছেন। আমি হাওড়া বা নিউমার্কেটের কথা বলছি না। যেখানে বামফ্রন্ট সরকার গ্রামের মানুষের কথা বলেছেন আমি সেইখান দিয়েই আরম্ভ করতে চাই। এইখানে কেউ বলেছেন হলদিয়া পেট্রো-কেমিক্যালের কথা, কেউ বলেছেন যুবভারতীর কথা, কেউ ভারত সরকারকে আক্রমণ করেছেন। আর কয়েক মাস পরে আমাদের নির্বাচনে যেতে হবে। কিন্তু এখানে কতকগুলি গতানুগতিক কথার উল্লেখ আছে যেখানে না আছে দরিদ্র মানুষের কথা, না আছে ভূমিসংস্কারের কথা।

আজকে ৬ একর, ৪ একর সেচ এবং অসেচ এলাকায় খাজনা ছাড় দিয়ে রায়তী স্বত্ব দেওয়া হয়েছে। এর মধ্য দিয়ে বামফ্রন্ট সরকার এবং তাঁদের দল বিভিন্ন জায়গায় ইনফিলট্রেশান করেছেন। এটা বর্গীর অত্যাচারের কথা নয়, সাধারণ মানুষের বাঁচার কথা। কিন্তু তাদের সম্বন্ধে একটা কথাও বললেন না।

[6-50—7-00 P.M.]

একজন রায়তের ৪ থেকে ৬ একর জমির খাজনা ছাড় দিয়েছেন, সে নিজে চাষ করতে পারবে বা তার আত্মীয়-স্বজনকে দিয়ে চাষ করাতে পারবে। কিন্তু আইনে বিধান আছে তাকে ৮ কি.মি.এর মধ্যে বসবাস করতে হবে। এই জমিকে বর্গা করা যাবে না একথা বলার সাহস বামফ্রন্ট সরকারের নেই। বামফ্রন্ট সরকারের ইতিহাস এরা উৎপাদন করতে দিতে চায় না, কাজ করতে দিতে চায় না। একজন কন্ট্রাক্টর কাজ করতে যাবে, সে চাঁদা না দিলে হল্লাবাজি করবে, মজুরদের খেপিয়ে দেবে। হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল-এর জমির পজিশন সরকার নিতে পারলেন না, অথচ সেই জমির উপর রাতারাতি কয়েক শত টালির ঘর তৈরি করে দিয়ে জবর দখল করা হয়ে গেল। আজকে বিশ্ব ব্যাঙ্কের সাথে চুক্তি করে কলকাতার পরিবহনে শ্রমিক ছাঁটাই-এর ব্যবস্থা করা হয়েছে। হলদিয়া পেট্রো-কেমিক্যালের ব্যাপারে গোয়েঙ্কার সাথে গোপন চুক্তি হয়ে গেল যে গোয়েঙ্কা সমস্ত স্কীল্ড লেবার দেবে, আর আনস্কীল্ড লেবারের অর্ধেক রাজস্থান থেকে আসবে। এইভাবে আমাদের পশ্চিমবঙ্গের ছেলেরা চাকরি থেকে বঞ্চিত হবে। আজ পর্যন্ত আপনাদের রাজত্বে ৮১ হাজার ৬৪২ জন বেকার যুবকের চাকরি হবে না বলে নাম কাটা গেছে। আজকে পশ্চিমবঙ্গের হাওড়া থেকে হুগলি পর্যন্ত গঙ্গার পাড়ে ধোঁয়া ওঠা বন্ধ হয়ে গেছে। আপনি উত্তরপ্রদেশ, মহারাষ্ট্রে যান দেখবেন সরকারি এবং বেসরকারি ক্ষেত্রে প্রতিদিন ৪০ কোটি টাকা ইনভেস্ট হচ্ছে, অথচ পশ্চিমবঙ্গে ইনভেস্টমেন্ট হচ্ছে না। সেল্স ট্যাক্স অফিসে একজন লোক ট্যাক্স দিতে গেলে বলে ফর্ম নেই। কর্পোরেশনে কেউ যদি ২ টাকা ট্যাক্স দিতে যায় তাহলে বলে ফর্ম নেই। এই ফর্মের জন্য তাকে ১০ টাকা খরচ করতে হবে। কেরালায় এই জিনিস নেই। তরুণ প্রধানমন্ত্রী লাইসেন্সের সরলীকরণ করেছেন। তিনি বলেছেন একটা লাইসেন্সে ২৫ রকমের ব্যবসা করা যাবে — ছোট গাড়ি, বড় গাড়ি একই লাইসেন্সে তৈরি করা যাবে। এটা হচ্ছে রাজীব গান্ধীর ম্যান্ডেট, মানুষকে বাঁচাবার ম্যান্ডেট। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী একথা বলতে পারবেন না একটা লোককে নানা রকমের ট্যাক্স দিতে লাইসেন্স দিতে হয় না। পশ্চিমবঙ্গে অঞ্চল পঞ্চায়েত ট্যাক্স থেকে শুরু করে প্রফেসন্যাল ট্যাক্স ইত্যাদি নানা রকমের ট্যাক্স, বিভিন্ন রকমের চাঁদা ব্যবসায়ীদের দিতে হচ্ছে, ফলে তারা অন্য জায়গায় চলে যাচ্ছে। ট্যাক্সের সরলীকরণ এখানে হয়নি যেটা মহারাষ্ট্র, কেরালায় হয়েছে। নবীন মুখ্যমন্ত্রী আর পূর্ব মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করি পশ্চিমবঙ্গে ত্রিস্তর পঞ্চায়েত করেছেন, ২৯শো গ্রাম পঞ্চায়েতে অডিট হয়নি কেন? কেন তাদের ইউটিলাইজেসান সার্টিফিকেট নেই? ২০টি জেলা পরিষদের মধ্যে ১৬টি জেলা পরিষদে অডিট হয়নি কেন? আজকে ৩৪০টি পঞ্চায়েত সমিতির মধ্যে ২৫০টি পঞ্চায়েত সমিতিতে ৮ বছর ধরে অডিট হয়নি। আজকে কোথায় প্রশাসন চলছে? আজকে পঙ্গু হয়ে গেছে প্রশাসন। এটা আমাদের কথা নয়, দিল্লির দরবার ১২৬০ কোটি টাকা এখানে মূলধন নিয়োগ করতে চায় এটা অডিটর জেনারেল অব ইন্ডিয়ার কথা। এখানে যতই পরিসংখ্যান দেন যে এই কাজ আমরা করেছি আজকে সমুদ্র উপকূলবর্তী দক্ষিণ অঞ্চল ত্রাণের কাজ পায়নি। আজকে মাছ ধরার কথা বলেছেন, মৎস্যমন্ত্রীর নিজের এলাকা দেখে আসুন, বুঝতে পারবেন সমস্ত ট্রলার অচল হয়ে গেছে।

যে কয়টা ট্রলার আছে তাও আবার বন্ধক দেওয়া হয় সমবায়ের মাধ্যমে। বলা হচ্ছে

বিরাট উন্নয়ন হয়েছে, কিন্তু বাস্তবে দেখবেন এই মৎস্য সমবায়ে লক্ষ লক্ষ টাকার ঘুষের ব্যবসা চলছে। ১৬১টি সমবায় সমিতিতে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়েছে, বোর্ড বাতিল করা হয়েছে। চাষীরা আই আর ডি পি, পি এল ও লোন পাচ্ছে না। অদ্ভুত কথা সরকার এই ব্যাপারে নীরব। ১৯৭৫ সালের আগে পঞ্চায়েত সমিতিগুলির জন্য গোডাউন তৈরি করা হয়েছিল এবং বলা হয়েছিল ২ লক্ষ ২১ হাজার ৭৭০ মেট্রিক টন খাদ্যশস্য রাখা হবে। কিন্তু দেখে আসুন সেই গোডাউন ভেঙে পড়েছে এবং সেগুলো রিপেয়ারের কোনো ব্যবস্থা হচ্ছে না। কাজেই এই ভাষণে ভুল তথ্য পরিবেশন করা হয়েছে। বলা হচ্ছে ১৪০টি গ্রামে পাইপ লাইন চালু হবে। কিন্তু আমার কাছে খবর আছে ৬৯টি জল সরবরাহ প্রকল্প সম্পূর্ণ রূপে বন্ধ হয়ে গেছে। কেন এগুলো তৈরি করা হল না? এখানে বলা হয়েছে রাতারাতি রাজীব গান্ধী তেলের দাম বাড়িয়ে অন্যায় কাজ করেছে এবং এই কাজ করা হয়েছে অন্ধকারে। এই কিছুদিন আগে রাইটার্স বিল্ডিংস-এ কেন্দ্রীয় রাসায়নিক মন্ত্রীর সঙ্গে আমাদের মুখ্যমন্ত্রীর যে বৈঠক হয় তাতে জানা গেছে ভারতবর্ষকে স্বয়ংম্ভর সভার জন্য রাশিয়া, ইংল্যান্ড এবং পর্তুগালের সঙ্গে একটা চুক্তি করা হয়েছে। ও এন জি সি পরিচালনা করবার জন্য ৪৫০ কোটি টাকা বিনিয়োগ করে পশ্চিমবাংলায় তৈল শোধনাগার তৈরি করা হবে। রাজীব গান্ধী কি ঘর থেকে এইসব টাকা আনবেন? কোথায় আজকে অশোক মিত্র, কৃষ্ণপদ ঘোষ, প্রভাস রায়? কাঠ চুরির কথা এখানে.বলা হয়েছে, যুব কংগ্রেসের নেতার ভ্রষ্টাচারের কথাও বলা হয়েছে। আমি জিজ্ঞেস করি, মন্ত্রীরা যখন রাস্তা দিয়ে চলেন তখন তাঁদের গাড়ির পেছনে কালো কাঁচ লাগানো থাকে কেন? আমরা এই রহস্য জানি এবং আশাকরি আগামী নির্বাচনে দেশের মানুষ এর উত্তর দেবে। একথা বলে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমাদের তরফ থেকে যে সমস্ত অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

জয়হিন্দ—বন্দেমাতরম্।

[7-00—7-13 P.M.]

**শ্রী সেখ ইমাজুদ্দীন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৩রা মার্চ , ১৯৮৬ এই সভায় মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সে সম্পর্কে দু-একটা কথা বলতে চাই। আমি এই ভাষণ আগাগোড়া পড়ে দেখলাম এর মধ্যে পশ্চিমবাংলার মানুষের আশা-আকাঙ্ক্ষার কথা এতটুকু প্রতিফলিত হয়নি। এই সরকার যে ব্যর্থ হয়েছে সেটা এই ভাষণ পড়লেই বোঝা যায়। এই হতাশাব্যঞ্জক ভাষণ রেখে বামফ্রন্ট সরকার যতই আস্ফালন করুন না কেন আমরা জানি বাস্তবে কিছুই হয়নি। আমরা অতীতে দেখেছি এই সরকার শুধু কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করে চলেছে। তবে এবারের ভাষণে কিছু করেননি। এতে বোঝা যাচ্ছে এঁদের কিছু বুদ্ধির উদয় হয়েছে। আইন-শৃঙ্খলার কথা বলেছেন সন্তোষজনক। কিন্তু আপনারা যদি পশ্চিমবাংলার বিভিন্ন এলাকায় যান তাহলে দেখবেন আইন-শৃঙ্খলা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আমি ১৯৮৬ সালের একটা ঘটনা বলি। মুর্শিদাবাদ জেলার এই ঘটনাটা কাগজেও বেরিয়েছে। আমরা দেখলাম সি পি এম-এর সঙ্গে তাদের সমর্থক দলের লড়াই চলছে এবং তাতে ৫ জন নিহত হয়েছে। রায়নগর এলাকার এম এল এ শ্রীমতী ছায়া ঘোষ এই ব্যাপারে কাগজে বিবৃতি দিয়েছেন। এখানে শুধু কংগ্রেসিরাই মার খাচ্ছে তা নয়, শরিকদলগুলি যারা সি পি এম-এর লেজুড় হিসেবে রয়েছে তারাও মার খাচ্ছে। কিছু বললে সরকার থেকে চলে যেতে

হবে সেই ভয়ে শরিকরা সি পি এম-কে কিছু বলতে পারছে না। রায়নগর থানার পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি একদিন বি ডি ও'র অফিসে ঢুকে তাঁকে অপমান করে এবং শেষ পর্যন্ত মারতে যায়। তিনি এক্সটেনসন অফিসারকেও অপমান করেন এবং এক্সটেনসন অফিসার থানায় গিয়ে ডায়রি করেন। কিন্তু অবাক কাণ্ড, থানায় গিয়ে দেখা গেল আসামি থানায় গিয়ে বড়বাবুর সঙ্গে খানাপিনা করছেন, তাঁকে কেউ কিছু বলছে না। আজকের অবস্থা হচ্ছে কেউ যদি সি পি এম-এর সমর্থন হন তাহলে তাঁকে কেউ কিছু বলবে না। হঠাৎ একদিন ঘটনাক্রমে জেলা শাসক ওই থানায় গিয়ে দেখেন সি পি এম-এর লোক যার বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা রয়েছে তিনি বড়বাবুর সঙ্গে বসে চা খাচ্ছেন। তখন তিনি সহ-সভাপতিকে গ্রেপ্তার করার নির্দেশ দেন। ওঁদের এতবড় নেতাকে গ্রেপ্তার করা হয়েছে শুনে চারিদিকে আন্দোলন শুরু হয়। শুনলে অবাক হবেন, কিছুদিন পর দেখা গেল ওই জেলা শাসককে ওখান থেকে বদলি করা হয়েছে। আমরা সকলেই জানি থানায় কিভাবে কাজ হয়। থানার বড়বাবুকে টাকা না দিলে ডায়রি লেখা হবে না। কিন্তু সি পি এম-এর লোক্যাল সেক্রেটারি যদি চিঠি দেন তাহলে সঙ্গে সঙ্গে ডায়েরি লেখা হবে। এইভাবেই চলছে বামফ্রন্ট সরকার। ১৯৭৭ সালের পর যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসেন তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন আমি একটি স্বচ্ছ প্রশাসন পশ্চিমবাংলায় দেব। সেই স্বচ্ছ প্রশাসনের নমুনা হল থানায় টাকা না দিলে ডায়েরি লেখা হয় না, আসামিকে ধরতে হলে টাকা দিতে হয়। আপনার বাড়িতে চুরি হবার পর আপনি যদি থানায় গিয়ে ডায়েরি লেখাতে চান তাহলে বড়বাবু বলবেন, টাকা না দিলে এনকোয়ারি করা হবে না। আমাদের মুখ্যমন্ত্রী স্বচ্ছ প্রশাসনের কথা যতই বলুন না কেন আমরা জানি বাস্তবে কি হচ্ছে।

শিক্ষা সম্পর্কে আমি দু-একটি কথা বলছি। পশ্চিমবাংলায় প্রাথমিক স্তরে কোনো পরীক্ষা নেই, মূল্যায়ন প্রথা চালু হয়েছে। মূল্যায়ন প্রথা বাস্তবে যদি ঠিক ঠিক মতো চালু হত তাহলে এই সম্পর্কে আমাদের কোনো বক্তব্য থাকত না। মূল্যায়ন প্রথা যে খারাপ তা আমি বলছি না। কিন্তু কি করে মূল্যায়ন হবে? একটি ক্লাসে ১০০/১৫০ জন ছাত্রছাত্রী পড়ে। প্রাথমিক স্তরে প্রথম শ্রেণীতে ১৫০ জন, দ্বিতীয় শ্রেণীতে ১৪০ জন, তৃতীয় শ্রেণীতে ১৩০ জন, চতুর্থ শ্রেণীতে ৮০ থেকে ১০০ জন ছাত্রছাত্রী পড়ে। দু'জন শিক্ষক এতজন ছেলেকে কি করে পড়াবে? তাছাড়া বিদ্যালয় গৃহ নেই। আর যেখানে আছে সেখানে বর্ষার সময় চাল দিয়ে জল পড়ে। ছেলেদের বসার কোনো জায়গা নেই, মাস্টারদের বসার চেয়ার নেই, মাটিতে বসে পড়াতে হয়। কাজেই মূল্যায়ন প্রথা কি করে ঠিক ঠিকভাবে চালু হবে? ৩০০ জন ছাত্রের জন্য দু'জন শিক্ষক। কি করে তারা ম্যানেজ করবে? কেউ ম্যানেজ করতে পারে না, কারো পক্ষে ম্যানেজ করা সম্ভব নয়। মাস্টারমশাইরা এই জানেন। পড়াশুনা হয় না, শিশুদের দেখাশুনা করতেই সময় চলে যায়। বছরের শেষে তাদের নতুন ক্লাসে উঠিয়ে দেয়। আমি নিজে মাধ্যমিক স্কুলের শিক্ষক, এটা আমরা সকলেই জানি। আমি একটা কংক্রিট এক্সজাম্পেল দিচ্ছি। এই বছর (১৯৮৬) জানুয়ারি মাসে পঞ্চম শ্রেণীতে ভর্তির জন্য ২৩০ জন ছাত্রের আবদন পত্র পাই। তখন ১০০ নম্বরের একটা পরীক্ষার ব্যবস্থা করি। তাতে দেখা যায় মাত্র ১১০ জন ছাত্র ১৫ নং করে পেয়েছে, বাকিরা ১৫ নং-এর অনেক কম পেয়েছে। আর ১০০ নং পরীক্ষার মধ্যে ৪০ জন ছাত্র জিরো (০) নং পেয়েছে। দেখা যাচ্ছে অনেকেই নিজের নাম পর্যন্ত লিখতে পারছে না। বাস্তব সত্য কথাটা আপনাদের স্বীকার

করতেই হবে। প্রাথমিক স্তরে শিক্ষকরা ছাত্রদের পড়ায় না। সেই জন্য দেখা যাচ্ছে গ্রামে আজকে প্রাইভেট স্কুল তৈরি হচ্ছে। অনেক বেকার যুবকরা স্কুল তৈরি করছে এবং সেই সব স্কুলে গার্জেনরা ২৫/৩০ টাকা বেতন দিয়ে ছেলেদের পড়াচ্ছে। আজকে সরকারি স্কুলে লেখাপড়া হচ্ছে না, সেটা আপনাদের ভাবতে হবে। ঠিক ঠিক মতো মূল্যায়ন প্রথা চালু করে স্কুলে কলেজে যাতে লেখা পড়া হয় তার ব্যবস্থা করুন, তা না-হলে পূর্বেকার পর পরীক্ষা প্রথা চালু করুন। পরীক্ষা প্রথা চালু হলে মাস্টার মশাইদের মধ্যে ভয় থাকবে এবং তারা ছেলেদের পড়াবে। রাজ্যপালের ভাষণের মধ্যে এক জায়গায় বলা হয়েছে বন সৃজন করা হচ্ছে, বন্য প্রাণী সংরক্ষণ করা হচ্ছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন বনাঞ্চল আমি ঘুরেছি। পিটিশন কমিটির সদস্য হিসাবে আমি উত্তরবঙ্গ সফরে গিয়েছিলাম। সেখানকার মানুষের সঙ্গে আমি কথাবার্তা বলেছি। তারা আমাদের সবাইকে বলেছেন এটা খুব দুঃখজনক ঘটনা যে, কংগ্রেস যতদিন ছিল অর্থাৎ ১৯৭৬ সাল পর্যন্ত বনাঞ্চল ঠিক ছিল। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পরে বন বলে আর কিছুই নেই। বাঁকুড়া, পুরুলিয়ার এম এল এ-রা বুকে হাত দিয়ে বলুন, আপনাদের জেলায় বনাঞ্চলের অবস্থা কি ছিল আর এখন কি হয়েছে।

বামফ্রন্ট আসার পরে বনাঞ্চল কিভাবে ধ্বংস করা হয়েছে সেটা পুরুলিয়া, বাঁকুড়ায় গেলেই বোঝা যায়। সরকার গাছ লাগিয়েছিল বামফ্রন্টের শরিক দলের প্ররোচনায় দরিদ্র জনসাধারণ জ্বালানি হিসাবে সেই গাছ ব্যবহার করছে। বামফ্রন্ট আসার পরে বনাঞ্চল ধ্বংস হয়ে যাচ্ছে। আপনারা বলছেন বনাঞ্চল বাড়ছে। কিন্তু আমরা দেখছি বনাঞ্চল ধ্বংস হয়ে যাচ্ছে এবং কি ভাবে ধ্বংস হচ্ছে আপনারা ঐসব জায়গায় গেলেই দেখতে পাবেন।

বন্যপ্রাণীদের কথা এখানে বলা হয়েছে। স্যার, যদি জলদাপাড়ার অভয়ারণ্যে যান সেখানে কাগজে কলমে ২০ টি গণ্ডার থাকলেও সকাল ৫টা থেকে বেলা ১০টা পর্যন্ত ঘুরে তন্ন তন্ন করে খুঁজলেও একটি গণ্ডারও দেখতে পাবেন না। সেখানকার কর্মচারিরা দুঃখ করে বলেন, "স্যার, আমরা কত গণ্ডার দেখেছি, কত হরিণ দেখেছি, ভাগ্য ভাল থাকলে দর্শকদের বাঘ পর্যন্ত দেখিয়েছি কিন্তু সেসব আজ কোথায় চলে গেল।" পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পর এইভাবে দিনের পর দিন বন্যপ্রাণী হত্যা চলছে এবং আজ তা একেবারে নিঃশেষের পর্যায়ে এসে পড়েছে। বামফ্রন্টের সদস্যরা এখানে যতই চিৎকার করুন তারা জেনে রাখুন পশ্চিমবঙ্গের অবস্থা মোটেই সন্তোষজনক নয়, পশ্চিমবঙ্গ দিনে দিনে অধঃপতনে যাচ্ছে। বামফ্রন্টের সদস্যরা ভাবছেন কংগ্রেসের মধ্যে বিরোধ বাড়বে, মারামারি হবে এবং ওঁরা তার ফায়দা লুঠবেন এবং ফায়দা লুঠে আগামী নির্বাচনে আশা করছেন জয়ী হয়ে আসবেন। ওঁদের স্যার, আপনার মাধ্যেমে আমি জানিয়ে দিতে চাই যে আমাদের মধ্যে যতই মতপার্থক্য থাক, বিরোধ থাক দেখবেন নির্বাচনের সময় আমরা এককাট্টা হয়ে নির্বাচনে লড়াই করব এবং আপনারা তলিয়ে যাবেন। স্যার, এই বামফ্রন্ট সরকার আজ প্রশাসনের সর্বস্তরে দলবাজি চালিয়ে যাচ্ছে, গ্রামপঞ্চায়েত ওঁদের দলের প্রধান হলে সেখানে একজন দরিদ্র লোক যদি কংগ্রেসের সমর্থক হয় তাহলে তাকে জি আর, রিলিফ, লোন ইত্যাদি কিছুই দেওয়া হয় না আর অপর দিকে একজন লোক যার দু'তলা বাড়ি আছে সে যদি ওদের দলের সমর্থক হয় তাহলে সে মিনিকিট, লোন সব কিছুই পায়। এইভাবে উৎকট দলবাজি ওঁরা পশ্চিমবঙ্গে চালিয়ে যাচ্ছেন। পশ্চিমবঙ্গের মানুষ আজ এর থেকে অব্যাহতি চায় এবং সেইজন্যই দেখবেন

আগামী নির্বাচনে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ কংগ্রেসকে জয়ী করবেন। স্যার, এবারে আমি বেকার সমস্যার কথা বলব। পশ্চিমবঙ্গ কংগ্রেসের আমলে ১৯৭৭ সালে ১১ লক্ষ বেকার ছিল আর বর্তমানে সেই বেকারের সংখ্যা কোথাও উল্লেখ নেই। স্যার, এই ভাষণ অসার, হতাশাব্যঞ্জক, পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে একজন সচেতন নাগরিক হিসাবে আমি একে সমর্থন করতে পারি না তাই আমি এর বিরোধিতা করছি। পরিশেষে স্যার, বলব, এই ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তারও আমি বিরোধিতা করছি। জয়হিন্দ্ বন্দেমাতরম্।

## Adjournment

The House was then adjourned at 7-13 P.M. till 1 P.M. on Thursday, the 6th March, 1986 in the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 6th March, 1986 at 1-00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 8 Ministers of State, and 104 Members.

### Starred Questions

**(to which oral answers were given)**

[1-00 — 1-10 P.M.]

### Incident of setting fire in a house in Patna village under Khejuri P. S.

***27.** (Admitted question No. *13.) Shri **Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to State—

(a) If it is a fact that a house in Patna village under Khejuri P.S. was set on fire by a violent mob after locking inside the house the owner and his family on 20-12-1985 ;

(b) If so, the political indentity of the miscreants ;

(c) the names of the victims with their age ; and

(d) whether all the persons wanted in this case have been arrested?

**Shri Jyoti Basu :**

(a) Yes.

(b) Reportedly Members of the local Krishak Samity.

(c) The names and ages of the persons who sustained injuries are :-

(1) Smt. Urmila Giri (60-years).

(2) Smt. Sandhya Giri (22-years).

(3) Shri Uttam Giri (45-years).

(4) Shri Krishna Keshab Giri (10-years).

(5) Smt. Namita Giri (30-years).

(6) Shri Goutam Giri (10-years).

(7) Smt. Shibani Giri (4-years).

(d) No. Only seven (7) persons out of 23 F.I.R. named accused persons could be arrested and nine others surrendered in court on 24.2.86. The rest are absconding.

**Shri Gyan Singh Sohanpal :** Will the Hon'ble Minister-in-Charge of Home (Police) Department be pleased to state the extent of loss incurred on account of this fire ?

**Shri Jyoti Basu :** I have no figures about the entent of loss.

**Shri Gyan Singh Sohanpal :** Will the Hon'ble Minister be pleased to give the names of the absconding persons ?

**Shri Jyoti Basu :** Please give me notice.

**Shri Gyan Sing Sohanpal :** There are names in the F.I.R.

**Mr. Speaker :** At this stage how can he answer ? Please give a notice.

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনার কাছে আমার আবেদন এবং আমি জানতে চাচ্ছি, কারণ আমরা সেখানে গিয়েছিলাম এবং দেখেছি যে কি ভয়ানক ভাবে বাড়ির দরজা বন্ধ করে শিশু সহ আগুন জ্বালিয়ে দেওয়া হয়েছে, আজ পর্যন্ত সরকারের পক্ষ থেকে কোনো সাহায্য তারা পেয়েছে কিনা বা পাবার আশা আছে কি না?

**Shri Jyoti Basu :** Sometimes compensations are given. In this case I shall find out what car be done.

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Chief Minister be pleased to state as to whether any compensation has been rendered to the family affected by this incident ?

**Mr. Speaker :** Shri Ambica Banerjee has already asked this question.

### হাডকোর সাহায্যে গ্রামাঞ্চলে গৃহ নির্মাণ

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি, হাডকোর সাহায্যে গ্রামাঞ্চলে গৃহনির্মাণের পরিকল্পনা অনুযায়ী এ পর্যন্ত কি কাজ হয়েছে ও হচ্ছে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

আবাসন বিভাগ হাডকোর সাহায্যে গ্রামাঞ্চলে এখনও কোনো গৃহ নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেনি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, হাডকোর কাছ

থেকে গ্রামাঞ্চলের আবাসন নির্মাণের জন্য কোনো সাহায্য না পেলেও আমাদের সরকারের পক্ষ থেকে সেই রকম কোনো আবাসন গ্রামাঞ্চলের নির্মাণের জন্য প্রকল্প চালু আছে কি না?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** হাডকোর কাছ থেকে আবাসন দপ্তর বা বিভাগ কোনো টাকা পায় না, আবাসন পর্ষদ টাকা পায়। পর্ষদ থেকে আমরা তাঁদের কাছে প্রকল্প পাঠাই এবং সে অনুযায়ী তাঁরা আমাদের টাকা দেন। আমরা ১ কোটি টাকার প্রকল্প দিয়েছি, তাঁরা আমাদের টাকা দিয়ে সাহায্য করছেন। সাধারণত কলকাতা, দুর্গাপুর, আসানসোল, শিলিগুড়ি প্রভৃতি অঞ্চলেই আমরা প্রকল্প রূপায়িত করছি। গ্রামাঞ্চলে যদি জমি জোগাড় করা যায় তাহলে তা প্লট করে বন্টন করা হবে এবং গৃহ নির্মাণের জন্য ঋণ দেওয়া হবে। এ বিষয়ে হাডকোর চেয়ারম্যানের সঙ্গে তিন দিন আগে আমার অফিসে বসে কথা হয়েছে। তিনি আমাদের কাছে একটা প্রস্তাব দিয়েছেন। তিনি বলেছেন; মফঃস্বল শহরে যদি আপনারা জমি সংগ্রহ করতে পারেন এবং সেই জমি উন্নত করে প্লট করে বিক্রি করতে পারেন এবং গৃহ নির্মাণের জন্য ঋণ দিতে পারেন, তাহলে গ্রামাঞ্চলের নিম্নবিত্ত, মধ্যবিত্ত প্রভৃতি দুর্বল শ্রেণীর মানুষের আবাসন সমস্যার কিছুটা সমাধান হবে। আপনারা এইরকম প্রকল্প গ্রহণ করলে আমরা টাকা দেব। আমি তাঁকে বলেছি, 'আপনি গিয়ে আপনার অফিস থেকে আমাদের কাছে লিখে পাঠান, আমরা তাহলে সেই ভিত্তিতে জমি জোগাড় করতে পারি।'

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নির্দিষ্ট ভাবে জানতে চাইছি যে, আবাসন সমস্যা যেমন শহরাঞ্চলের আছে তেমন গ্রামাঞ্চলেও আছে, বিশেষ করে ব্লক অফিসে, মহকুমা অফিসে যে সমস্ত সরকারি কর্মীরা আছেন তাঁদের ক্ষেত্রে এই সমস্যা খুবই প্রকট, সেই জন্য আমি জানতে চাইছি অগ্রাধিকারের ভিত্তিতে গ্রামাঞ্চলের আবাসন প্রকল্পের কোনো পরিকল্পনা কি আপনার বিভাগের আছে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** আমি আগেই বলেছি যে, এখন পর্যন্ত মফঃস্বল শহরে জমি অধিগ্রহণ করার জন্য প্রত্যেক জেলা ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দিয়েছি। যেখানে যেখানে পাচ্ছি সেখানে সেখানে আমাদের সরকারি কর্মচারিদের জন্য আবাসন তৈরি করবার বন্দোবস্ত করছি। কিন্তু গ্রামাঞ্চল পর্যন্ত যাবার এখন পর্যন্ত আমাদের কোনো পরিকল্পনা নেই। কারণ সেটা সাধারণত জেলা পরিষদের মাধ্যমে হবার কথা। আমাদের আবাসন বিভাগ বা আবাসন পর্ষদের পরিকল্পনার মধ্যে সেটা এখনো নেই। তবে হাডকোর চেয়ারম্যানের সঙ্গে যে কথা আমার হয়েছে তাতে এখন পর্যন্ত এই ঠিক আছে যে, আমরা গ্রামাঞ্চলের যে পরিকল্পনা গ্রহণ করব সেই পরিকল্পনা অনুযায়ী আমরা কোনো বাড়ি তৈরি করব না, আমরা প্লট দেব এবং ঋণ দেব। আমরা এখন পর্যন্ত শহরাঞ্চলেই প্রয়োজন অনুযায়ী আবাসনের ব্যবস্থা করতে পারছি না, মফঃস্বল শহরে যে আবাসন ব্যবস্থার প্রয়োজন তা করতে পারছি না, সুতরাং এই অবস্থায় গ্রামাঞ্চলে করা আমাদের পক্ষে সম্ভব নয়।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আমার প্রশ্ন হচ্ছে আজকে পশ্চিমবঙ্গে যে ধরনের আবাসন তৈরি হচ্ছে তা বসবাসের অযোগ্য এটা কি মন্ত্রী মহাশয় জানেন? উনি অযোগ্য টেলিফোন বলে টেলিফোন ফেরত দিয়ে এসেছেন। তাহলে এই সমস্ত আবাসনগুলি—ভাঙা বাড়িগুলি—উনি ফেরত নেবেন কি?

**অধ্যক্ষ মহোদয় :** এ প্রশ্ন হয় না।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, ভি. আই. পি. রোডের পাশ শহরাঞ্চল, না গ্রামাঞ্চল। সেখানে '৬৪ সাল থেকে নোটিফিকেশন আছে হাউসিং করার জন্য এবং আপনার দপ্তর এর সঙ্গে সংশ্লিষ্ট। এ বিষয়ে চিফ মিনিস্টার বলেছিলেন, বিনয়দা বলেছিলেন এবং আপনিও বলেছিলেন, 'ওখানে হাউসিং হবে'। কিন্তু এখানে দেখছি ওটা নিয়ে ডিলেমা হচ্ছে। এখন আপনার কাছে আমার প্রশ্ন ওটা হবে, না হবে না?

**অধ্যক্ষ মহোদয় :** এর জন্য আলাদা নোটিশ দেবেন, এই প্রশ্ন থেকে ওটা আসে না। It does not arise out of this question.

[1-10 — 1-20 P.M.]

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, বারাসাতে নতুন জেলা স্থাপনের পরিপ্রেক্ষিতে সরকারের খাস জমিতে কালেকটারেটের জন্য নুতন হাউসিং করবার কোনো পরিকল্পনা আছে কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** আবাসন দপ্তরের পক্ষ থেকে ইতিমধ্যেই বলা হয়েছে সেখানকার সরকারি কর্মচারী এবং অফিসারদের বাসগৃহের প্রয়োজন। এই সম্পর্কে আমাদের দপ্তর লিখেছে। এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য :** হাডকোর হাউসিং করার জন্য সোদপুরে পিঁজরাপোল সোসাইটির কাছ থেকে ১০০ বিঘা জমি নেওয়ার কথা ছিল। আমার প্রশ্ন ছিল সেখানে আবাসন তৈরি করা হবে কিনা, উনি বলেছিলেন চেষ্টা হচ্ছে সম্প্রতি শোনা যাচ্ছে, সেই জমি হাউসিং বোর্ড ছেড়ে দিয়েছেন। এই ব্যাপারটি জানতে চাই?

**(নো রিপ্লাই)**

**শ্রী সুমন্তকুমার হীরা :** আপনি আবাসন দপ্তরে ৯ বছর আছেন। হাডকোর কাছ থেকে এ পর্যন্ত আপনি কত টাকা নিয়েছেন এবং নিম্নবিত্ত ও গরিব মানুষদের জন্য আপনি কত টাকা ঐ বাবদে ব্যয় করেছেন তার হিসাব দিতে পারবেন কি?

**মিঃ স্পিকার :** প্রশ্ন ওঠে না।

**ফৌজদারি ও দেওয়ানী আদালত চালুর পরিকল্পনা**

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬২।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আগামী আর্থিক বৎসরে রাজ্যে কতগুলি (১) ফৌজদারি ও (২) দেওয়ানী আদালত চালু করা হবে; এবং

(খ) হলদিয়ায় দেওয়ানী ও ফৌজদারি আদালত চালু করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ :**

(ক) অষ্টম অর্থ কমিশনের সুপারিশে এই রাজ্যে আগামী আর্থিক বৎসরে ৮টি দেওয়ানী আদালত এবং ৪টি ফৌজদারি আদালত স্থাপনের প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

(খ) না।

প্রশ্ন যেভাবে করা হয়েছে সেইভাবে দেওয়া যাচ্ছে না। আমি অন্যভাবে দিচ্ছি। অষ্টম অর্থ কমিশনের সুপারিশে এই রাজ্যে আগামী আর্থিক বৎসরে ৮টি দেওয়ানী আদালত এবং ৪টি ফৌজদারি আদালত স্থাপনের প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

আপনি বললেন চালু হবে কবে? আমার উত্তর হচ্ছে, চালু হবে কবে সেটা বলা মুশকিল, কারণ হাইকোর্টের অনুমোদনের দরকার আছে, ঘরবাড়ি করার দরকার আছে। সুতরাং চালু কবে হবে সেটা আল্লা, খোদা জানেন। আর দ্বিতীয় প্রশ্নের উত্তর হচ্ছে, এখন নেই।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** হলদিয়াতে দেওয়ানী ও ফৌজদারি আদালত চালু করবার জন্য ডিস্ট্রিক্ট জ্যুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে একটি কমিটি করা হয়েছিল স্থান নির্দ্ধারণের জন্য। এই বিষয়টি আপনার নজরে আছে কি?

**মিঃ স্পিকার :** সেটা আপনি জানেন। উনি কি করে বলবেন?

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, আপনি বললেন ৪টি ফৌজদারি আদালত স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। এর মধ্যে বাঁকুড়ার খাতরায় ফৌজদারি আদালত স্থাপনের কথা আছে কি?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ :** বাঁকুড়ায় নেই।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—এই যে সব ফৌজদারি এবং দেওয়ানী আদালতগুলি হবে তার জেলাওয়ারি ব্রেক-আপটা কত?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ :** ব্রেক-আপ মানে প্রস্তাবিত আছে। এখন দিলে ওটা অ্যাসিওরেন্সের মত হয়ে যায়, কাজেই সেটা যাতে না হয় সেজন্য আমাকে একটা গার্ডের মধ্যে থাকতে হচ্ছে।

One Court of Assistant District Judge, Alipore, 24 Pgs : One Court of Assistant District Judge, Arambagh, Hooghly : One Court of Assistant District Judge, Ghatal, Midnapore ; One Court of Assistant District Judge, Ranaghat, Nadia ; One Court of Munsiff, Sealdah, 24 Pgs ; One Court of Munsiff, Jangipur, Murshidabad ; One Court of Munsiff, Contai, Midnapore ; One Court of Munsiff, Serampore, Hooghly ; One Court of Judicial Magistrate, Contai, Midnapore ; One Court of Judicial Magistrate, Siliguri, Darjeeling ; One Court of Judicial Magistrate, Purulia (Sadar); One Court of Judicial Magistrate, Asansol, Burdwan.

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নের উত্তরে বললেন যে, আল্লা জানেন। তা আল্লার কাছে যাবার রাস্তাটা একটু বলে দেবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এটা প্রশ্ন হয় না।

**সপ্তম যোজনায় বরাদ্দের খসড়া**

***৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯।) **শ্রী সুব্রত মুখার্জি** এবং **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সপ্তম যোজনায় রাজ্য সরকার কত টাকা বরাদ্দের জন্য যোজনা কমিশনের নিকট খসড়া দাখিল করেছেন; এবং

(খ) ঐ খসড়ায় প্ল্যান ও নন-প্ল্যান খাতে কি কি কাজের জন্য বরাদ্দের দাবি রাজ্য সরকার পেশ করেছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) সপ্তম যোজনার জন্য রাজ্য সরকার যোজনা কমিশনের নিকট ৬,৬৪৬.৫০ কোটি টাকার খসড়া যোজনা পেশ করেছিলেন।

(খ) পরিকল্পনা বাবদ যে অর্থ বরাদ্দ চাওয়া হয় তার সবটাই উন্নয়নমূলক কার্যে ব্যয়িত হয়। কাজের হিসেব মৌখিক উত্তরে দেওয়া সম্ভব নয়। ঐ সংক্রান্ত একটি চারশো পৃষ্ঠার বই রাজ্য সরকারের পরিকল্পনা বিভাগে পাওয়া যায়।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ যে ঐ কত দশমিক কত ঐ সংখ্যাটা আমি ঠিক বুঝতে পারছি না। ওটা একটু বুঝিয়ে বলুন এবং আমি জানতে চাইছি যে উনি কত চেয়েছেন এবং কত পেয়েছেন, না পেলে, তার কারণটা কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি যেমন প্রশ্ন পেয়েছি তেমনই জবাব দিয়েছি। আর সংখ্যাটা হচ্ছে ৬৬৪৬.৫০ কোটি টাকা। আর এখন আপনি যা বলছেন তা এটার মধ্যে নেই, ৪০০ পাতার একটা বই আছে, তার মধ্যে পাওয়া যাবে। এখন যা বললেন সেটার সংখ্যাটা হচ্ছে ৬ হাজার ৪ শত ১৫ কোটি আমরা পেয়েছি। ৬ হাজারের জায়গায় ৪ হাজার পেয়েছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** কেন কম পেলেন, কেন্দ্রীয় সরকার কি তার পরিপ্রেক্ষিতে কোনো কারণ দেখিয়েছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** কতকগুলি নিয়ম আছে। কোনো সরকার রেভিনিউ দ্বারা কত যোগাড় করতে পারবেন, কোথা থেকে টাকা পাবেন এইসব আলোচনা হয়, বিভিন্ন খাত সম্বন্ধেও আলোচনা হয়। কাজেই যেটা চাওয়া হয় সেটা পাওয়া সব সময় যায় না। যেমন এবারে ৬ হাজারের জায়গায় ৪ হাজার পেলাম।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** এটা সার্বিক ব্যাপার। রাজ্য সরকারের পর্যালোচনা করার যথেষ্ট কারণ রয়েছে। চুক্তি যোজনার খসড়াতে কোনো গন্ডোগোল হল কিনা,—যেটা পান নি সেটা সামান্য টাকা নয়, এতে রাজ্যের পক্ষে ক্ষতি হতে পারে—কারণটা কি, রিসোর্স মোবিলাইজেশন

ঠিক মতো করতে পারেন নি, ঠিক মতো খরচা করতে পারেন নি, এই বিভিন্ন রকম কারণ থাকতে পারে, সেই কারণগুলিই আমি জানতে চাইছি।

**শ্রী জ্যোতি বসু ঃ** একটাই কারণ, সমস্ত বিষয়েই তাঁরা আমাদের সঙ্গে বসে হিসাব করেন। ৫ বছরে টাকাটা তুলতে পারা যাবে কিনা সে সম্বন্ধে বলেন, বিগত দিনের হিসাব নিয়েও বলেন, ভবিষ্যতের কথাও বলেন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** ভবিষ্যতের কথা এখন কি করে বলা যাবে?

**শ্রী জ্যোতি বসু ঃ** ভবিষ্যৎ ৫ বছরের কথা বলতেই হবে।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** ষষ্ঠ যোজনার সাকসেসের উপরই নির্ভর করে সপ্তম যোজনার অ্যালটমেন্ট এবং সেটাই আমি ক্যাটাগরিক্যালি জানতে চাই। দিজ্ ম্যাটার ইজ অফ পাবলিক ইমপর্টেন্স। বিগত ষষ্ঠ পরিকল্পনায় ব্যর্থ হয়েছেন বলেই কি সপ্তম যোজনায় কম পেয়েছেন?

**মিঃ স্পিকার ঃ** উত্তর তো আপনিই দিয়ে দিলেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** সপ্তম যোজনায় রাজ্যের বরাদ্দের যা হিসেব দিলেন, বিগত ষষ্ঠ যোজনার টোটাল প্ল্যান আউটলের ব্যর্থতার জন্যই কি এই টাকাটা কম পাচ্ছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** ব্যর্থতার প্রশ্ন ওঠে না। গতবার প্রশ্ন উঠেছিল এখানে রিসোর্সেস তোলা যাবে কিনা। আমরা সেখানে বলেছিলাম, এইভাবে পশ্চিমবঙ্গে রিসোর্স তোলা যায় না। এখানে এইটথ্ ফিনান্স কমিশনের সমস্ত কিছু বুঝিয়ে আপনাদের মধ্যেও তা বিলি করা হয়েছে। তাছাড়া ট্যাক্স তোলার ব্যাপারে এখানে কোথায় অসুবিধা সেটাও এখানে অনেক বারই বলেছি। বলা হচ্ছে যেন ১২০০ কোটি টাকা ওঁরা ছালা করে পাঠিয়ে দিলেন, আমরা সেটা ছালা করে ফেরত পাঠিয়ে দিলাম! এইটথ্ ফিনান্স কমিশন ২৫০০ কোটি টাকার যে সুপারিশ করেছিলেন তার মধ্যে ৩২৫ কোটি টাকা আটকে রেখে আমাদের বঞ্চিত করা হোল, কেন্দ্রীয় সরকার সেটা দিলেন না। কংগ্রেসি রাজ্যগুলো ৫০ কোটি টাকা পাবে আর আমরা ৩২৫ কোটি টাকা পাব! সেজন্যই আমরা ঐ টাকাটা পেলাম না।

**ডাঃ জয়নাল অবেদিন ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী অনুগ্রহ করে জানাবেন কি, গত বছর আপনার প্রস্তাবিত সপ্তম যোজনার বরাদ্দ ২,০০০ কোটি টাকা কেটে যাবার ফলে আমাদের রাজ্যের অগ্রগতি ব্যাহত হবে কিনা এবং সমস্যা জর্জরিত এই রাজ্যের এই সমস্যা আরো বাড়বে কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** কেন্দ্রীয় সরকারের অর্থনীতির জন্য সমস্ত ভারতবর্ষেরই সমস্যা বাড়বে, সঙ্কট বাড়বে, বেকারি বাড়বে, জিনিসের দাম বাড়বে, মুদ্রাস্ফিতি ঘটবে, দারিদ্র সীমারেখার নিচের মানুষদের উপরের দিকে তোলা যাবে না। আমরা ভারতবর্ষের মধ্যেই আছি, আমাদের রাজ্যও ভারতবর্ষের মধ্যেই আছে।

## পুলিশের কাজকর্ম তদারকির জন্য "ক্রাইম কো-অর্ডিনেশন কমিটি" গঠন

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৫১।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুলিশের কাজকর্ম তদারকি করার জন্য জেলা ও মহকুমা স্তরে "ক্রাইম কো-অর্ডিনেশন কমিটি" নামে তদারকি কমিটি গঠনের কোনো প্রস্তাব রাজ্যের স্বরাষ্ট্র দপ্তরের বিবেচনাধীন আছে কি;

(খ) থাকলে, রাজ্য সরকারের কোনো্ কোনো্ ব্যক্তিকে নিয়ে ঐ কমিটি গঠন করা হবে; এবং

(গ) ঐ কমিটির কোনো কর্মসূচী নির্ধারিত হয়েছে কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, জাতীয় পুলিশ কমিশনের রিপোর্টে এই ধরনের কোনো সুপারিশ ছিল কিনা যে, অমুক ধরনের কমিটি করতে হবে? অর্থাৎ তদারকি কমিটি গঠন করতে হবে এই ধরনের কোনো সুপারিশ পুলিশ কমিশনের রিপোর্টে ছিল কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** অনেক সুপারিশই ছিল, তার দুই-একটি আমরা মেনেছি। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গেও আলোচনা হয়েছে। তার অনেকগুলো মানা যায়নি এটা হচ্ছে কথা।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এই যে সুপারিশ ছিল, তাতে জনসাধারণের বিভিন্ন অংশের প্রতিনিধি নিয়ে এই ধরনের তদারকি কমিটি গঠনের সুপারিশ ছিল জনসাধারণের দিকে তাকিয়ে ভবিষ্যতে এই ধরনের কমিটি গঠনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** আপনি যে ভাবে লিখেছেন যে জনগণের প্রতিনিধি কাকে নিয়ে হবে, এত ডিটেলস নেই, আমার যতদূর মনে আছে, আমরা কতকগুলি গ্রহণ করেছি এবং বাকি গ্রহণ করা যায়নি কারণ তাতে সুবিধার থেকে অসুবিধার সৃষ্টি হবে বেশি।

## সরকারি ফ্ল্যাট বিক্রয় বাবদ আয়

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৬।) **শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৫-৮৬ সালে বর্তমান সময় পর্যন্ত বসবাসের জন্য কতগুলি ফ্ল্যাট নির্মাণ হয়েছে;

(খ) তন্মধ্যে কতগুলি ফ্ল্যাট বিক্রয় করা হয়েছে; এবং

(গ) উক্ত সময়ে ফ্ল্যাট বিক্রয় বাবদ কত টাকা লাভ হয়েছে?

**শ্রী যতীন চক্রবর্তী :**

(ক) ১৯৮৫-৮৬ সালে বর্তমান সময় পর্যন্ত বসবাসের জন্য বিভিন্ন প্রকল্পের অধীনে আবাসন বিভাগ মোট ১০৯৮ টি ফ্ল্যাট নির্মাণ করেছে।

(খ) উপরিউক্ত ১০৯৮ টি ফ্ল্যাটের মধ্যে একটিও ফ্ল্যাট বিক্রয় করা হয় নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী লক্ষ্মীকান্ত দে :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যতগুলি ফ্ল্যাট তৈরি হয়েছে সেইগুলি ভাড়া দেওয়া হয়েছে কি না?

**শ্রী যতীন চক্রবর্তী :** আমরা দুটি প্রকল্প হাতে নিয়ে ছিলাম, তার মধ্যে বেহালা একটি। সেখানে যে ভাড়া নির্দিষ্ট করে দেওয়া হয়েছিল অর্থ দপ্তর থেকে, যাদের জন্য করা হয়েছিল—মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত—তাদের পক্ষে সেই ভাড়া দেওয়া সম্ভব নয়। সেই জন্য সেই গুলো আমরা তাদের মধ্যে বিক্রি করে দিয়েছি সস্তা কিস্তিতে। তারা যাতে পেতে পারে সেই ভাবে বন্দোবস্তো করে সেইগুলি বিক্রি করে দেওয়া হয়েছে। এ ছাড়া দুর্গাপুরে যে ফ্ল্যাট তৈরি করা হয়েছিল মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্তদের মধ্যে বন্টন করা হবে বলে। সেখানেও দেখা গেল যে ভাড়া স্থির করা হয়েছে সেটা তাদের পক্ষে দেওয়া সম্ভব নয়। সেই জন্য সেইগুলি বিক্রি করে দেওয়া হয়েছে।

**শ্রী লক্ষ্মীকান্ত দে :** মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা বললেন সেটা আমি ঠিক ভাবে বুঝতে পারলাম না। উনি একবার বললেন যে বিক্রি করা হয়নি আবার বললেন বিক্রি করে দেওয়া হয়েছে। যাই হোক আমার প্রশ্ন হ'ল নিম্ন আয়ের জন্য কতগুলি ফ্ল্যাট তৈরি করা হয়েছিল।

**শ্রী যতীন চক্রবর্তী :** আমি যে সংখ্যার কথা বলেছি সবশুদ্ধ অতোগুলোই ফ্ল্যাট তৈরি করা হয়েছিল মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্তদের জন্য। আর আপনার প্রশ্ন ছিল যে এই ফ্ল্যাট বিক্রি করে কোনো লাভ হয়েছে কি না। এখানে লাভের কোনো প্রশ্নই ওঠে না কারণ বিক্রি করা হয়েছে নো প্রফিট নো লস এই ভিত্তিতে। সুতরাং আমাদের কোনো লাভ হয় নি।

**শ্রী সরল দেব :** বেহালায় যে আবাসন বিক্রি করেছেন তার মধ্যে পশ্চিমবাংলার কত লোকের নিকট বিক্রি করেছেন আর ওপারবাংলার কত লোকের নিকট বিক্রি করেছেন এটা জানাবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** এই প্রশ্নের জবাব আমি কি করে দেব? এই প্রশ্ন করা ঠিক নয়।

**মিঃ স্পিকার :** উনি এটা কি করে বলবেন। এপারবাংলা ওপারবাংলা এই ভাবে প্রশ্ন করা ঠিক নয়।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি হলদিয়ায় নূতন ফ্ল্যাট নির্মাণের কোনো প্রস্তাব আছে কি না এবং থাকলে কতগুলি নির্মাণ হবে?

**শ্রী যতীন চক্রবর্তী :** এই সম্পর্কে আলাদা ভাবে প্রশ্ন করবেন তাহলে আমি উত্তর

দিতে পারব।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় যে সুন্দর উত্তর দিয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি লোয়ার ইনকাম গ্রুপের একটা ভাড়া বাড়ি পেতে গেলে কি পদ্ধতি আছে সেটা আমার জানা নেই। এই পদ্ধতিটা আপনি আমাকে জানাবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** এই ব্যাপারে আমাকে নির্দিষ্ট ভাবে প্রশ্ন করবেন এবং আমার সঙ্গে দেখা করবেন তাহলে আমি দেখে বলে দিতে পারব।

**মিঃ স্পিকার :** মিঃ চক্রবর্তী, মিঃ মন্ডল একটা রুল আপনার কাছ থেকে জেনে নিতে চাইছেন যে ফ্ল্যাটগুলি ভাড়া পেতে গেলে কি পদ্ধতি আছে।

[1-30 — 1-40 P.M.]

**শ্রী যতীন চক্রবর্তী :** মাননীয় সদস্য পদ্ধতি সম্পর্কে যে প্রশ্ন করেছেন সে সম্পর্কে জানাই যে পদ্ধতিটি খুবই সোজা। আমাদের অফিসে যে প্রেসক্রাইবড ফরম্ আছে, সেই প্রেসক্রাইবড ফরম্ পূরণ করে দরখাস্ত করতে হবে। সেই দরখাস্ত অনুসারে যেখানে ফ্ল্যাট খালি হয় বা খালি থাকে, সেখানে দেবার ব্যাপারে আমরা বিচার-বিবেচনা করে দেখি। দরখাস্তটি কতদিন আগে করা হয়েছে, কতদিন ধরে দরখাস্তকারি বসে আছেন, এই সমস্ত বিষয়গুলো আমরা বিচার বিবেচনা করে থাকি।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় পূর্ত ও আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি—আপনি ফ্ল্যাট নির্মাণের যে হিসাব এখানে একটু আগে দিলেন, তারমধ্যে উত্তর বঙ্গে কিয়দাংশ নির্মিত হয়েছে, এবং কতগুলো?

**শ্রী যতীন চক্রবর্তী :** হ্যাঁ, উত্তরবঙ্গে নির্মিত হয়েছে। উত্তবঙ্গের মালদহ জেলায় সরকারী কর্মচারিদের জন্য বাড়ি তৈরি করি। এছাড়া মফস্বল এলাকায় বিশেষ কোনো এলাকার খবর জানতে চাইলে তা আমি জানিয়ে দেব।

**শ্রী ধীরেন্দ্রনাথ সেন :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ফ্ল্যাটগুলো আপনি বিক্রি করছেন, যেমন বেহালায় কিছু বিক্রি করেছেন, তার ন্যুনতম মূল্য কত?

**শ্রী যতীন চক্রবর্তী :** মধ্যবিত্তদের জন্য ন্যূনতম মূল্য হচ্ছে ৬৮,০০০ টাকা এবং নিম্নবিত্তদের জন্য হচ্ছে ৪০,০০০ টাকা।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** প্রেসক্রাইবড ফরমে দরখাস্ত করে দরখাস্তকারিকে অপেক্ষা করতে হবে বলে মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের জানালেন। ঐ দরখাস্তকারিদের নাম কি ওয়েটিং লিস্টে টাঙিয়ে দেওয়া হয় যাতে জনসাধারণ তা থেকে দেখে নিতে পারেন যে তাঁর নাম কত নম্বরে আছে?

**শ্রী যতীন চক্রবর্তী :** না, সেটা সম্ভব নয়।

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় একটু আগে যে ক্রাইটারিয়ানের কথা

বললেন, ফার্স্ট কাম ফার্স্ট সার্ভড, সেই ব্যাপারে বহু লোক তো কমপ্লেন করছেন। আপনি দয়া করে বলবেন কি, ফার্স্ট কাম ফার্স্ট সার্ভড্ বেসিসে ফ্ল্যাটগুলো দেওয়া হয়, না, অন্য ভাবে দেওয়া হয়?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** ফার্স্ট কাম ফার্স্ট সার্ভড্ অনুসারে দেওয়া হয় না। কারণ আমাদের অনেকের সুপারিশ—যেমন, আপনি সুপারিশ করলে, অন্যান্য কোনো এম. এল. এ. বা মন্ত্রীদের মধ্যে কেউ করলে—সেই অনুযায়ী আমাদের বিবেচনা করতে হয় এবং সেগুলোর প্রতি অগ্রাধিকার দেওয়া হয়।

**সোদপুর স্টেশনের কাছে উড়াল পুল নির্মাণ**

***৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং ***৬৮৮।**) **শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** গত ৫.৯.১৯৮৫ তারিখের প্রশ্ন নং *৫৬ (অনুমোদিত প্রশ্ন নং *৩১৫)-এর উত্তর উল্লেখে পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সোদপুর স্টেশনের কাছে উড়াল পুল তৈরি করার কাজ বর্তমানে কতদূর অগ্রসর হয়েছে;

(খ) কবে নাগাদ ঐ কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) টেন্ডার ডাকা হয়েছে। টেন্ডার চূড়ান্ত হলেই উড়াল পুলের মূল কাজ শুরু করা যাবে বলে আশা করা যায়।

(খ) এখনই বলা সম্ভব নয়।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** সোদপুর স্টেশন যশোর রোড এবং বি. টি. রোডের সংযোগ রাস্তা। রেলওয়ে কোম্পানি তাদের কাজ শুরু করে দিয়েছে, ফলে রাস্তা বন্ধ হয়ে গেছে কিন্তু স্টেট গভর্নমেন্ট ব্রিজের অনেক ব্যাপারে তাদের ডিপার্টমেন্ট টেন্ডার কল করেছে। এই টেন্ডার কবে নাগাদ শেষ হবে এবং ১৯৮৬-৮৭ সালে এই টেন্ডার সম্পন্ন করে কাজ শুরু করতে পারবেন কি না জানাবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য আগেও চিঠি লিখেছিলেন আমি জবাব দিয়েছি এবং মাঝে মাঝেই ভুল খবর দিয়ে চিঠি দেন, বামফ্রন্টের চেয়ারম্যানকেও চিঠি দিয়েছেন তিনিও জবাব দিয়েছেন। আমি এখানে বললাম যে অ্যাপ্রোচ রোডে যে রাস্তাগুলি আছে তারজন্য আমরা টেন্ডার ডেকেছি। টেন্ডার হয়ে গেলে কাজ শুরু করে দেব। আর ডাইভারশন রুট করে দেব জনসাধারণের সুবিধার জন্য এবং তার কাজও শুরু হয়ে গেছে।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** আমার প্রশ্ন হচ্ছে একই স্কীমে রেলওয়ে কোম্পানি টেন্ডার কল করে তার কাজ শুরু করে দিলেন অথচ পি. ডাব্লিউ. ডি. তার টেন্ডার কাজ সম্পন্ন করতে পারলেন না তার কারণ কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** আপনার জানা উচিত যে আমরা ৬টি কাজে হাত দিয়েছি।

সোদপুর, মালদা, বর্দ্ধমান ছাতিমপুরে এবং বেলঘরিয়া, যাদবপুর এবং শ্রীরামপুরের কাজে হাত দিয়েছি। এরজন্য টোটাল খরচ হওয়ার কথা ৮ কোটি ১৫ লক্ষ টাকা, এই টাকা আমরা পেয়ে থাকি রেলওয়ে সেফ্টি ফান্ড থেকে। সেই ফান্ডে মাত্র এখন ২ কোটি ৪ লক্ষ টাকা হাতে রয়েছে। আগামী ৫ বছরের মধ্যে ১ কোটি টাকা জমা পড়বে। তাছাড়া আর্থিক অসঙ্গতি কিছু রয়েছে সেইজন্য এই কাজ নির্দিষ্ট সময়ে করা সম্ভবপর হচ্ছে না। আর্থিক অসঙ্গতি থাকা সত্ত্বেও যতখানি করা সম্ভব আমরা করে চলেছি। রেলওয়ে বোর্ডের টাকার অভাব নেই। এই অ্যাপ্রোচ রোড অনেক দায়িত্ব নিয়ে করতে হয়। এই অ্যাপ্রোচ রোড করার জন্য আমরা ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনকে এস্টিমেট দিতে বলেছিলাম তার কারণ হচ্ছে রাস্তায় তাদের যে কেবেল্ লাইন আছে সেগুলি সরাতে হবে, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে চিঠি দিয়েছি তারা এখনো এস্টিমেট দেয় নি। কিন্তু ইলেট্রিক সাপ্লাই এস্টিমেট দিয়েছে তাদের টাকা দিয়ে দিয়েছি। টেলিফোনের কেবেল্ সরানোর প্রয়োজন নেই। রেলওয়ে কে এইসব দায়িত্ব পালন করতে হয় না। একটা অ্যাপ্রোচ রোড করতে গেলে টেলিফোনের কেবেল্ সরাতে হয়, নানা রকম কিছু বাধা আছে যার জন্য আমাদের সময় লাগে।

**শ্রী বিজয় পাল :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আসানসোলের কল্যানপুরে হাউসিং স্টেটে যে সমস্ত ফ্ল্যাট নির্মাণ করা হয়েছিল এবং দেওয়া হয়েছিল তার মধ্যে বহু দুর্নীতি হয়েছিল, সেইজন্য আপনার কাছে আমার জিজ্ঞাসা নতুন যে ২০০টি ফ্ল্যাট এল. আই. জি. স্কীমে হয়েছে তাতে ফ্ল্যাট ডিস্ট্রিবিউশন করার জন্য কোনো অ্যালটমেন্ট কমিটি করবেন কি?

**মিঃ স্পিকার :** এই প্রশ্ন ওঠে না।

[1-40 — 1-50 P.M.]

**ডাঃ মানস ভুঁইয়া :** আপনি সংবাদপত্রে বলেছেন যে পদত্যাগ করবেন এই সরকারের উপর বীতশ্রদ্ধ হয়ে। আমি জানতে চাই কবে পদত্যাগ করবেন?

**মিঃ স্পিকার :** এ প্রশ্ন হয় না।

**পশ্চিমবঙ্গ থেকে বিভিন্ন খাতে কেন্দ্রীয় সরকারের আয়**

***৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৫১।) **শ্রী শীশ মহম্মদ :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ হইতে কেন্দ্রীয় সরকার ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫ সালে বিভিন্ন খাতে মোট কত টাকা আয় করিয়াছেন; এবং

(খ) ঐ আয়ের কত অংশ পশ্চিমবঙ্গ সরকার পাইয়াছেন?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) কেন্দ্রীয় সরকার বিভিন্ন খাতে এ রাজ্য থেকে যে রাজস্ব সংগ্রহ করে থাকেন তার পরিমাণ জানা নেই। আমরা কেন্দ্রীয় সরকারকে এ ব্যাপারে লিখেছি। সঠিক তথ্য পেলে জানাব।

(খ) অষ্টম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকারের বিভিন্ন খাতে সংগৃহীত (মোট) রাজস্ব থেকে এই রাজ্য সরকারের প্রাপ্য অংশ এইরকম ঃ- আয়কর বাবদ—৭.৮% (সিকিম সহ) ৭.৮০৩% (সিকিম বাদে) মূল অন্তশুল্ক বাবদ—৭.৪৪৯% অতিরিক্ত অন্তশুল্ক বাবদ—৮.৬২৪% এছাড়া এষ্টেট ডিউটি বাবদ ১৯৮৫-৮৬ সাল পর্যন্ত নির্দ্ধারিত নিয়মানুযায়ী অর্থ পাওয়া গেছে। বর্তমান বছর থেকে এস্টেট ডিউটি উঠে গেছে বলে জানা গেছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** অষ্টম অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে রাজ্যের প্রাপ্য হার আয়কর ইত্যাদি থেকে যা হয় সেই প্রাপ্য অংশ কি আমরা পেয়ে থাকি?

**মিঃ স্পিকার ঃ** এটা একটা ওপিনিয়নের ব্যাপার।

**শ্রী জ্যোতি বসু ঃ** অষ্টম অর্থ কমিশন যেগুলি সুপারিশ করেছেন সেগুলি আমরা পেয়েছি যার শতকরা হিসাব কতগুলি দিলাম, আরো হিসাব আছে। আরো যেসব খাত আছে সেইগুলি কেন্দ্রীয় সরকার দিয়েছেন।

## পশ্চিমবঙ্গ থেকে কেন্দ্রীয় সরকারের সংগৃহীত রাজস্বের পরিমাণ

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৯।) **শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকার প্রতি বছর পশ্চিমবঙ্গ থেকে কি পরিমাণ রাজস্ব সংগ্রহ ক'রে থাকেন; এবং

(খ) ঐ সংগৃহীত অর্থের কি পরিমাণ প্রতি বছর অনুদান হিসাবে পশ্চিমবঙ্গকে দিয়ে থাকেন?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) কেন্দ্রীয় সরকার বিভিন্ন কেন্দ্রীয় কর বাবদ এ রাজ্য থেকে যে রাজস্ব সংগ্রহ করে থাকেন তার পরিমাণ রাজ্য সরকারের জানা নেই। আমরা কেন্দ্রীয় সরকারকে এ ব্যাপারে লিখেছি। সঠিক তথ্য পেলে জানাব।

(খ) রাজস্ব খাতে সংগৃহীত অর্থের যে অংশ রাজ্য সরকার পান, তা অনুদান নয়। রাজ্যগুলি এই অর্থ সংবিধানের নির্দেশক্রমে পেয়ে থাকেন। ১৯৮৪-৮৫ ও ১৯৮৫-৮৬ সালে প্রাপ্য অংশের পরিমাণ এইরকম ঃ—

(কোটি টাকার হিসাবে)

| | | ১৯৮৪-৮৫ (প্রকৃত) | ১৯৮৫-৮৬ (বাজেট) |
|---|---|---|---|
| ১. আয়কর বাবদ | — | ১২২.২৯ | ১০৪.৫৯ |
| ২. এস্টেট ডিউটি বাবদ | — | ১.৩২ | ১.০৬ |
| ৩. মূল অন্তশুল্ক বাবদ | — | ২৭৩.৭১ | ৩৬৯.৪৯ |
| ৪. অতিরিক্ত অন্তশুল্ক বাবদ | — | ৭৫.১০ | ৭৩.৩১ |

**শ্রী রবীন মন্ডল ঃ** এটা তো জেলাওয়ারি কোনো ব্রেক-আপ করা যাবে না। কিন্তু তাহলেও সেই রকম কোনো তথ্য আছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** সেইসব তথ্য নেই।

**জঙ্গীপুর-রঘুনাথগঞ্জ শহরে গঙ্গার উপর সেতু নির্মাণ**

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) জঙ্গিপুর-রঘুনাথগঞ্জ শহরে গঙ্গার ওপর সেতু নির্মাণের প্রস্তাব বর্তমানে কোনো পর্যায়ে আছে; এবং

(খ) সীমান্তের নিরাপত্তার ক্ষেত্রে এই সেতুর জরুরি প্রয়োজন সম্পর্কে ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) সরকারের অর্থিক সঙ্গতি ও সেতুটির আনুমানিক খরচের বিষয়টি পর্যালোচনা করা হচ্ছে। তবে, ৭ম পরিকল্পনায় সড়ক ও সেতু নির্মাণ খাতে বরাদ্দ অর্থে যে সকল প্রকল্পের কাজ চলছে, সেগুলি অগ্রাধিকার পাবে। ঐ সকল প্রকল্পের খরচ সংকুলান করে নতুন কোনো প্রকল্পের কাজ ৭ম পরিকল্পনার মধ্যে হাতে নেওয়া সম্ভব হবে না বলেই অনুমান করা হচ্ছে।

(খ) না, সীমান্তের নিরাপত্তার বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচ্য বিষয়।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে জঙ্গীপুর রঘুনাথগঞ্জ শহরে গঙ্গার এপার-ওপার ব্রিজের প্রয়োজন, সেই ব্রিজ আমাদের আর্থিক সংগতি নেই বলে আমাদের পক্ষে হয়ত করা সম্ভব হবে না আপাততঃ। আমি যেটুকু জানি ভারত সরকার পুরো টাকা দেন এমন স্কীম ভারত সরকারের আছে, সেই টাকায় বিভিন্ন জায়গায় ব্রিজ করা হয় এবং আমাদের রাজ্যেও হয়েছে ইতিপূর্বে। আমি জানতে চাই আমাদের আর্থিক সংগতিতে না কুলালেও ভারত সরকারের সেই সেই নির্দিষ্ট স্কীম থেকে যাতে টাকা আমরা পাই এবং ব্রিজ হয় তারজন্য রাজ্য সরকার চেষ্টা করছেন না কেন?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** চেষ্টা করছি। মাননীয় সদস্য বোধ হয় জানেন না তিনি যে সেতুটির কথা বলছেন সেটা যদি তৈরি করতে হয় তাহলে ৪ কোটি ৭৮ লক্ষ ১৫ হাজার টাকার প্রয়োজন হবে। সপ্তম পরিকল্পনায় সড়ক খাতে মোট বরাদ্দ আছে ৫৪ কোটি টাকা এবং ষষ্ঠ পরিকল্পনায় অসম্পূর্ণ কাজের জন্য আমাদের প্রয়োজন আছে, যেগুলি হাতে নিয়েছি অন গোইং প্রোজেক্ট, তারজন্য প্রয়োজন আছে ১২৫ কোটি টাকা। আমরা কয়েকটি পরিকল্পনা নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করছি এবং কিছু সাহায্য তাঁরা দিয়েছেন, সেগুলি অন্য প্রকল্প। আমাদের যত প্রকল্প আছে সবই কেন্দ্রীয় সরকারের কাছে দেব তাতো হয় না। মাননীয় সদস্য জানেন যে একটা বড় প্রকল্প নিয়ে কাজ শুরু করেছি, ওখান থেকে টাকার

বরাদ্দ সমস্ত প্রকল্প নিয়ে সম্ভব নয়। সীমান্তবর্তী রাস্তার দায়িত্ব যদিও কেন্দ্রীয় সরকারের তবুও কিছুদিন আগে যিনি এখন নিরাপত্তা দপ্তরের ভারপ্রাপ্ত কেন্দ্রীয় সরকারের, তাঁর কাছে আমরা চিঠি দিয়েছি, অনেকগুলি রাস্তার নাম দিয়ে দিয়েছি এবং সেগুলি তাঁরা বিচার বিবেচনা করে দেখবেন। আমার কাছে খবর পাঠিয়ে ছিলেন যে আমাদের বাজেট বরাদ্দ শেষ হয়ে যাবার পর এই সম্পর্কে বিচার বিবেচনা করে দেখব। সেই রাস্তাগুলিতে তাঁরা কত টাকা দিতে পারবেন এটা যদি আমাদের জানান তখন আমরা যে সীমান্তবর্তী রাস্তাগুলির নাম পাঠিয়েছি সেগুলি অগ্রাধিকারের ভিত্তিতে গ্রহণ করতে পারব।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যেসব ফান্ডে টাকা পেয়েছেন বললেন আমি সেইসব ফান্ডের কথা তুলিনি। যে ফান্ডগুলি থেকে হানড্রেড পার্সেন্ট ভারত সরকার টাকা দেন সেই ফান্ডের কথা বলছি, সেই ফান্ড থেকে আমার মনে হয় কোনো টাকা পানি এবং সেই ফান্ড থেকে কোনো কাজ হচ্ছে বলে জানি না। হানড্রেড পার্সেন্ট টাকা দেন এমন ভারত সরকারের ফান্ড থেকে এই বর্ডার রোড ইমপর্ট্যান্স পায়, বর্ডার রোড হিসাবে জঙ্গীপুর, লালগোলা, করিমপুর রোডের নাম যদি গিয়ে থাকে তাহলে সেই সেন্ট্রাল ফান্ড থেকে টাকা নেবার চেষ্টা করবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** আমি তো বললাম অরুণ সিংএর কাছে আমি লিখেছি, এই রকম বর্ডার রোডের জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর সাথে আলাপ করে তাঁর অনুমতি নিয়ে তাঁদের কাছে বিশেষ তহবিল আমি চেয়েছি। তিনি এই সম্পর্কে আমার কাছে চিঠি দিয়েছেন যে বাজেট বরাদ্দ শেষ হয়ে গেলে আমাকে জানাবেন অর্থ সাহায্য করা কতখানি সম্ভব। সেই অর্থ সাহায্য যতখানি সম্ভব হবে তার মধ্যে আমরা অগ্রাধিকারের ভিত্তিতে কোনো কোনো রাস্তা আমাদের হাতে নেওয়া প্রয়োজন তা বিচার বিবেচনা করব। কিন্তু কত টাকা পাব সেটা এখনও ঠিক হয়নি। আপনি যেমন এই সেতুর কথা বললেন সেই রকম গোসাবায় মুখ্যমন্ত্রীকে ধরেছে, মুখ্যমন্ত্রী আমার কাছে এসটিমেট চেয়েছেন, সেখানে একটা সেতু করে দিতে হবে। সেই সেতু করতে গেলে ৪।। কোটি টাকা লাগবে। আমি এসটিমেট দিয়েছি। কেন্দ্রীয় সরকারের কাছে আর কত চাওয়া যাবে।

[1-50 — 2-00 P.M.]

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্য অমলবাবু ক্যাটিগরিক্যালি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চেয়েছেন এবং আমিও সেটা জানতে চাই, জঙ্গীপুরের এই ব্রিজের সঙ্গে যখন সীমান্তের নিরাপত্তার প্রশ্ন জড়িত তখন ডিফেন্স ডিপার্টমেন্টকে সেন্ট পারসেন্ট টাকা দিতে হবে এরকম কোনো প্রস্তাব আপনি রেখেছেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** আমরা যে প্রস্তাব পাঠিয়েছি তাতে কতগুলি রাস্তার নাম দিয়েছি যেগুলো খুবই প্রয়োজনীয়। এই ব্যাপারে যতক্ষণ পর্যন্ত না আশ্বাস পাচ্ছি ততক্ষণ পর্যন্ত কিছু বলা যাবে না।

**মিঃ স্পিকার ঃ** মিঃ চক্রবর্তী, মাননীয় সদস্য জানতে চেয়েছেন ডিফেন্স মিনিস্টারের কাছে টাকার জন্য দাবি করেছেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডিফেন্স ডিপার্টমেন্ট থেকে তাঁরা প্রতিনিধি পাঠিয়েছিলেন বর্ডার রোডস-এর ব্যাপারে। এই ব্যাপার নিয়ে চিফ সেক্রেটারির সঙ্গে আলাপ আলোচনা হয়েছে। আমরা কতগুলি রাস্তার নাম যা পাঠিয়েছিলাম সেই ব্যাপারে ডিফেন্স ডিপার্টমেন্ট কোনো সিদ্ধান্ত নেয়নি বলে আমি মুখ্যমন্ত্রীর অনুমতি নিয়ে অরুণ সিংহের কাছে লিখেছি এবং বড় একটা লিস্ট দিয়েছি। তিনি দিল্লি থেকে খবর পাঠিয়েছেন বাজেট শেষ হয়ে গেলে জানাবেন কত টাকা দেওয়া সম্ভব হবে। সেই টাকা পেলে আমরা অগ্রাধিকারের ভিত্তিতে যেটা আগে নেওয়া প্রয়োজন সেটা নেব।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** আমরা জানি গঙ্গা নদীতে যে ফেরি আছে সেখানে কয়েক লক্ষ টাকার ডাক হয় এবং তার মাধ্যমে জঙ্গীপুর মিউনিসিপ্যালিটির প্রচুর টাকা আয় হয়। আমার প্রশ্ন হচ্ছে, স্থানীয় জনসাধারণের চাহিদা নেই বলেই কি মন্ত্রী মহাশয় কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চান না ব্রিজের জন্য?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন জানেন রায়গঞ্জের ওখানে ঠিক একই অভিযোগ উঠেছিল। ওখানে আমরা অ্যালাইনমেন্ট বদলাচ্ছি এবং সেই কাজ শুরু হয়েছে। কাজেই যেসমস্ত অভিযোগ উঠেছে ওগুলি ধর্তব্যের মধ্যে নয়।

### পশ্চিমবঙ্গে গ্রামীণ বৈদ্যুতিকরণ

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮।) শ্রী **দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ তথ্যানুযায়ী এই রাজ্যে (১) মোট কতগুলি গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে এবং (২) কতগুলি গ্রাম এখনও বিদ্যুৎবিহীন আছে;

(খ) গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজে অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের অগ্রসরতা বা অনগ্রসরতার বিষয়ে কোনো তথ্য আছে কি; এবং

(গ) থাকিলে, সর্বভারতীয় গড় হিসাবে শতকরা কত ভাগ গ্রামে বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে এবং পশ্চিমবঙ্গেই বা শতকরা কত ভাগ গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ**

(ক) (১) ১৯৮৬ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট ১৯৮৭৯টি মৌজায় বৈদ্যুতিকরণ হয়েছে।

(২) ১৯৮৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ১৮১৯৫টি মৌজা বিদ্যুৎবিহীন আছে।

(খ) হ্যাঁ।

(গ) সর্বভারতীয় গ্রাম বৈদ্যুতিকরণের পরিসংখ্যান শতকরা ৬৩.৫ ভাগ (প্রায়)

এবং পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই হিসাব ১৯৮৬ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত শতকরা ৫২.২ ভাগ।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি—আপনি যে গড় হিসাবে দিলেন তাতে দেখা যাচ্ছে তুলনামূলকভাবে পশ্চিমবাংলা গ্রামীণ বৈদ্যুতিকরণ কার্যে পিছিয়ে আছে এবং কংগ্রেস আমলে যে রেট অব প্রোগ্রেস ছিল আপনাদের আমলে আরও কমে গেছে এর কারণ কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** কংগ্রেস আমলে যে রেট অব প্রোগেসন ছিল বর্তমানে তার থেকে বেশি হয়েছে। সেই সময়ে যেভাবে হিসাব দেওয়া হত সেটা ভুল। একটা স্কীম হল—কিন্তু দেখা গেল মাঝখানের গ্রামে বিদ্যুৎ দেওয়া হল না, আবার নূতন বর্তমানে সেই সব গ্রামে বিদ্যুতিকরণ করতে হচ্ছে। অনেক সময় বলা হয়েছে পোস্ট পোঁতা হয়েছে—কিন্তু আসলে কিছুই হয় নি—কোনো লাইনই নাই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ইকনমিক রিভিউতে তাই আছে, এটা চেঞ্জ হয় নি গভর্নমেন্টের তরফ থেকে। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে ৭ম যোজনাকালে গ্রামীণ বৈদ্যুতিকরণের লক্ষ্যমাত্রা কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** নোটিশ চাই।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রামীণ বৈদ্যুতীকরণের কাজে কত টাকা ব্যয় হয়েছে, এবং কত টাকা ফেরত গেছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এটা অপ্রাসঙ্গিক—নোটিশ দিতে হবে।

**শ্রী সরল দেব ঃ** আগে দেখা গেছে গ্রামীণ বৈদ্যুতিকরণের ব্যাপারে একটা গ্রামে ২/৪টি খুঁটি বসিয়ে দেওয়া হয়েছে, এবং বলে দেওয়া হয়েছে পুরো গ্রাম বৈদ্যুতিকরণ করা হয়েছে। এখনও এই ধারা চলছে। এই ধারার কোনো পরিবর্তনের কথা ভাবছেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এটা আগে ছিল। একটা মৌজায় দুটো পোল পেতে দিয়ে বা একটা লাইট জ্বালিয়ে দিয়ে বলে দেওয়া হল সব মৌজাতেই বৈদ্যুতিকরণ করা হয়েছে, পশ্চিমবাংলায় এটা আর ই সি করে এবং সর্বভারতীয় স্তরে এই ব্যবস্থা আছে।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** যেসব গ্রামে বৈদ্যুতিকরণ করা হয়েছে, সেখানে যদি তার কাটে বা তার চুরি করে নেয় সেখানে আপনারা ঠিক করেছেন অ্যালুমিনিয়ামের তার দেওয়া হবে এবং তার পরেও যদি এইরকম চুরি হয় তাহলে লোহার তার দেবেন। এবং এই লোহার তার দিয়ে বৈদ্যুতিকরণ করা হলে আলো কম হবে—ছেলেপুলেরা ভালভাবে পড়াশুনা করতে পারবে না এবং নানা রকম অসুবিধা হবে—এ সম্বন্ধে আপনি ভাবছেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** যখন চার পাঁচ বার চুরি হয়ে যায় তখন লোহার তার দেওয়া হচ্ছে। তবে বর্তমানে এক রকম তার বেরিয়েছে যেটা চুরি হয় না। কিন্তু তার দাম খুব বেশি। তবে আমরা ধীরে ধীরে সে কথাও চিন্তা করছি।

[2-00 – 2-10 P.M.]

**শ্রী অনন্ত সোরেন ঃ** উড়িষ্যা সরকারের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুত সরবরাহের ব্যাপার নিয়ে কোনো চুক্তি আছে কি?

**মিঃ স্পিকার ঃ** উড়িষ্যা সরকারের সঙ্গে কি আছে, এই প্রসঙ্গে ওটা ওঠে না।

## Starred Questions

## (to which written answers were laid on the table)

### লৌহ ও কয়লার মাশুল সমীকরণ

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৮।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ** ঃ অর্থ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে লৌহ ও কয়লার মাশুল সমীকরণের প্রস্তাব কেন্দ্রীয় সরকার অনুমোদন করেন নি; এবং

(খ) সত্য হলে, এর ফলে এই রাজ্যের বার্ষিক আনুমানিক কত টাকা ক্ষতি হচ্ছে?

**Minister-in-charge of the Finance Deptt :—**

(ক) না।

(খ) 'ক' অংশের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

### শহীদ প্রফুল্ল চাকী ও হরেন মুন্সীর স্মৃতিরক্ষার পরিকল্পনা

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩।) **শ্রী অমলেন্দ্র রায়** ঃ পূর্ত বিভগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) শহীদ প্রফুল্ল চাকী এবং হরেন মুন্সীর স্মৃতিরক্ষার ব্যাপারে রাজ্য সরকারের তরফে কোনো পরিকল্পনা আছে কি; এবং

(খ) উত্তর হ্যাঁ হলে ঐ পরিকল্পনা কতদিনের মধ্যে কার্যকরি হবে বলে আশা করা যায়?

**Minister-in-charge of the Public Works Deptt :—**

(ক) ও (খ) শহীদ প্রফুল্ল চাকীর ব্রোঞ্জের আবক্ষ মূর্তি নির্মিত হইয়াছে। উহা বসাইবার উপযুক্ত স্থান নির্বাচনের বিষয়টি বর্তমানে বিবেচনাধীন আছে। শহীদ হরেন মুন্সীর স্মৃতি রক্ষার কোনো পরিকল্পনা নাই।

### সাউথ বিষ্ণুপুর এলাকায় ৩৩/১১ কে ভি পাওয়ার সাব-স্টেশন স্থাপন

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯।) **শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, লো ভোল্টেজের সমস্যা নিরসনের জন্য চব্বিশ পরগনা জেলার সাউথ বিষ্ণুপুর এলাকায় ৩৩/১১ কে ভি পাওয়ার সাব-স্টেশন স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্য হলে—

(১) বর্তমানে ঐ কাজ কতদূর অগ্রসর হয়েছে, ও (২) কবে নাগাদ সাব-স্টেশনটি চালু করা হবে বলে আশা করা যায়?

**Minister of state in-charge of the Power Deptt :—**

(ক) সাউথ বিষ্ণুপুর এলাকায় ৩৩/১১ কে-ভি সাব স্টেশন স্থাপনের কোনো পরিকল্পনা নাই তবে সাউথ বিষ্ণুপুর সংলগ্ন শ্রীরামপুর মৌজায় (জয়নগর) একটা ৩৩/১১ কে-ভি সাব-স্টেশন স্থাপন করা হচ্ছে।

(খ) (১) এই সাব স্টেশন এবং তার সঙ্গে সংশ্লিষ্ট ৩৩ কে. ভি লাইনের কাজ এই মাসে শুরু করা হবে।

(২) আগামী জুন-জুলাই মাস নাগাদ এই সাব-স্টেশনটি চালু করা হবে বলে আশা করা যায়।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received three notices of Adjournment Motion. The first is from Shri Kashinath Mishra on the subject of apprehended damage of 'Boro' crops for want of irrigation water. The second is from Shri Shamsuddin Ahmed on the subject of forcible lifting of cattles at the border areas of the State and the last is from Shri Ambica Banerjee on the subject of fire incident in Howrah Panbazar causing death of 11 persons.

The Members will get early opportunity to raise the matters during the discussion on governor's Address which is continuing. Moreover, they may invite the attention of Ministers concerned through Questions, Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to all the Motions. One Member of the party may, however, read out the text of the Motion as amended.

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জানসাধারণের পক্ষে জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এইসভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল —

'সমগ্র পশ্চিমবঙ্গের সীমান্ত জেলাগুলির সীমান্ত যেহেতু সম্পূর্ণ উন্মুক্ত তাই ঐ সীমান্ত দিয়ে শয়ে শয়ে গবাদি পশু দিবালোকে প্রকাশ্যে পাচার হইয়া যাইতেছে। ইতিপূর্বে চাষীদের হালের বলদ, দুধের গাভী প্রভৃতি চুরি বা ডাকাতি হইয়া পাচার হইত, এখন ট্রাকে বোঝাই হইয়া পাচার হইতেছে। যদি বিহিত ব্যবস্থা অবলম্বন না করা হয় তবে এর ফল খুব সুদূরপ্রসারী হইবে।'

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE :

**Mr. Speaker :** I have received 10 notices of Calling Attention, namely :-

| | | |
|---|---|---|
| 1. | Sinking of Land at Assansol and Raniganj coalfield area. | — Shri Bejoy Pal. |
| 2. | Apprehended Closure of the Cycle Corporation of India at Assansol. | — Shri Ajit Kr. Chakraborty. |
| 3. | Diplorable condition of roads in Howrah City. | — Shri Ambica Banerjee. |
| 4. | Protection against or action of Ganga and Polhar rivers in Malda district. | — Shri Samar Mukherjee. |
| 5. | Apprehension of communal tension at line Baser near Ichapur Railway Station over the death of 2 persons. | — Shri Gopal Krishna Bhattacharyya. |
| 6. | Stopping of purchases of jute by Jute Corporation of India. | — Shri Jayanta Kumar Biswas. |
| 7. | Alleged alarming law and order situation in Santipur P.S., Nadia. | — Shri Gour Chandra Kundu. |
| 8. | Strong resentment amogst the public over the assault on the Principal and Vice-Principal of Harembo Chandra College. | — Shri Saral Deb. |
| 9. | Alleged black marketing of text books published by West Bengal Board of Secondary Education. | — Shri Kasinath Mishra. |
| 10. | Reported unfairmeans adopted by students in Law Examination. | — Shri Shamsudin Ahmed. |

I have selected the notice of Shri Jayanta Kumar Biswas on the subject of stopping of purchase of Jute Corporation of India.

The Minister-in-Charge will please make a statement today, if possible, or give a date.

**Shri Patit Paban Pathak :** Sir, the statement will be made on 11th March, 1986.

## MENTION CASES

**শ্রী শিশির অধিকারী :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ

বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার ৫৪টি ব্লকে ১৯৮১ সালে খরার সময় পাট্টা দেওয়া বর্গাদার এবং চাষীদের যে সামান্য টাকা লোন দেওয়া হয়েছিল সেই লোন আদায়ের জন্য এই ৫৪টি ব্লকের চাষীদের লাল নোটিশ ধরিয়ে দিয়ে সম্পত্তি ক্রোক করার আদেশ জারি করা হয়েছে। আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে দাবি রাখছি ১৯৮১ সালে খরার সময় দেয় লোন আদায়ের জন্য ডিস্ট্রিক্ট অথরিটি যে চাপ দিচ্ছে তা সম্পূর্ণভাবে মকুব করে দিয়ে হাজার হাজার পাট্টা বর্গাদার এবং সাধারণ চাষীদের এর হাত থেকে রক্ষা করা হোক। এই বিষয়ে সরকার পক্ষ থেকে আজ পর্যন্ত কোনো নোটিশ দেওয়া হয়নি। তার কারণ, পঞ্চায়েত এবং লোকসভার নির্বাচন ছিল। তাই ভোটের দিকে তাকিয়ে এতদিন নোটিশ জারি করা হয়নি। এখন লাল নোটিশ জারি করে গরু, বাছুর ক্রোক করার পরিকল্পনা নিয়েছেন। এর ফলে মেদিনীপুর জেলার কৃষক, পাট্টা বর্গাদার, চাষী, সাধারণ মানুষ অত্যন্ত বিব্রত বোধ করছেন। আমি আপনার মাধ্যমে নিবেদন করছি ১৯৮১ সালে খরার সময় যে লোন চাষীদের দেওয়া হয়েছে তা সম্পূর্ণভাবে মকুব করা হোক।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকাল প্রায়ই দেখছি পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে বিশেষ করে সীমান্ত অঞ্চলগুলিতে ব্যাঙ-এর ছাতার মতন গরুর হাট গজিয়ে উঠছে এবং সেই সমস্ত হাটে ভালো ভালো গরু, বলদ ইত্যাদি আসছে ও বিক্রি হচ্ছে। বিক্রির পর সেগুলি কোথায় যাচ্ছে আমরা জানি না তবে বিশ্বস্ত সূত্রে জানলাম সেগুলি বাংলাদেশে যাচ্ছে এবং টিনউমিট হয়ে ফার ইস্ট ও মিডল ইস্ট ইত্যাদি জায়গায় যাচ্ছে। আমরা শুনেছি এই সব হাট করতে গেলে লাইসেন্স লাগে। এইভাবে স্যার, আমাদের গো সম্পদ যদি নষ্ট হয়ে যায় তাহলে সেটা নিশ্চয় আমাদের দেখা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে তাই আমার অনুরোধ, সীমান্তের বেশ কিছুদুর এলাকা পর্যন্ত যেন নূতন গরুর হাট করবার অনুমতি না দেওয়া হয়। স্যার, এখান থেকে যখন গরু চলে যায় তখন ওরা কিছু বলেন না কিন্তু এখানে যখন হাটে বাজারে ছাগল, মাছ ইত্যাদি বিক্রি হয় তখন ওরা গন্ডগোল করেন। ছাগল, মাছ ইত্যাদির গায়ে কোনো ছাপ আছে কিনা জানি না তবে পুলিশ এবং বি. এস. এফ ইত্যাদিরা গন্ডগোল করেন এই বলে যে এগুলি বাংলাদেশ থেকে এসেছে। এইসব কথা বলে ওরা মাসোহারা নেন, ঘুষ নেন ও গন্ডগোল করেন। আমি এ দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার এবং বিশেষ করে ক্ষুদ্র ও কুটিরশিল্প দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাঁকুড়া জেলার বড়জোরাতে রাজ্য সরকারের মাধ্যমে একটি স্পিনিং মিল তৈরির কাজ আরম্ভ হয়েছে এবং ইতি মধ্যেই এরজন্য প্রায় ৪৯ লক্ষ ৫ হাজার টাকা খরচ হয়ে গিয়েছে। এত টাকা খরচ হয়ে যাবার পরও স্যার, জলাভাবের জন্য এর কাজ বন্ধ হয়ে গিয়েছে। গত সেপ্টেম্বর সেশানে এ সম্পর্কে মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয় একটি প্রশ্নের জবাব দিয়েছিলেন এবং সেখানে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং দপ্তর থেকে জলের ব্যবস্থা করার চেষ্টাও হয়েছিল কিন্তু সে চেষ্টাও ব্যর্থ হয়েছে। সেখানে

প্রায় আধ কোটি টাকা খরচ হয়ে গিয়েছে কিন্তু সরকার এমন জায়গায় সেই কারখানা করবার প্ল্যান নিয়েছেন যে তার কাজ তরান্বিত হচ্ছে না। এখানে ঐ জেলার মাননীয় মন্ত্রী মহাশয় আছেন, তিনি সবই জানেন। সেখান থেকে ইঁট চুরি যাচ্ছে, লোহা-লক্কড় এবং অন্যান্য জিনিসপত্রও চুরি যাচ্ছে। স্যার, বাঁকুড়া শিল্পবিহীন এলাকা, এখানে ঐ স্পিনিং মিলের কাজ তরান্বিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করার জন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-10 – 2-20 P.M.]

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে শিল্প এবং শ্রম দপ্তরের ভার প্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে বঙ্গোদয় কটন মিল প্রায় ২ মাস ধরে বন্ধ এবং প্রায় ৭শত শ্রমিক সেখানে কাজ না পেয়ে অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছে। আজ পর্যন্ত এই অবস্থার কোনো সুরাহা রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে করা হয়নি। সম্প্রতি তারা উইভিং ডিপার্টমেন্ট বন্ধ করে দিয়ে শুধু স্পিনিং চালানোর জন্য কেন্দ্রীয় সরকারের কাছে ৮ কোটি টাকা দাবি করেছে এবং কারখানার যে ১০০ বিঘা জমি আছে সেটা বিক্রয় করার ব্যবস্থা করেছে। আমরা শুনতে পাচ্ছি যে কেন্দ্রীয় সরকার বা কটন কর্পোরেশন নাকি তাদের সেই জমি বিক্রি করার অধিকার দিয়েছে। এই অবস্থায় যদি জমি বিক্রি করে দেওয়া হয় তাহলে শ্রমিকদের বক্তব্য হচ্ছে যে কারখানাটি জীবনে আর কোনো দিন খুলবে না। তাই, আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে শিল্প দপ্তরের পক্ষ থেকে অবিলম্বে মালিকদের ডেকে সেই জমি যাতে বিক্রি করতে না পারে তার ব্যবস্থা করা এবং কারখানাটি অবিলম্বে খোলার জন্য যা কিছু করা দরকার সেটা করার জন্য আমি আপনার মাধ্যমে শিল্প মন্ত্রীর কাছে অনুরোধ করছি।

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, I want to draw the attention of the Minister for Urban Development as well as the Chief Minister. Sir, in the middle of December, 1985 serious fire broke out at S. S. Hogg Market causing damage to more than 400 shops. Though shopowners' representatives were assured by the Chief Minister as well as by the Urban Development Minister at the Writers' Buildings that they would be rehabilitated at the temporary shops which would be constructed at Lindsay Street within two months. Sir, three months have passed but construction has not yet started, not to speak of completing construction within two months. Sir, many shop-owners have no place and they are lying in some vacant places and footpaths. You know, Sir, the rainy season is approaching. So the Government is requested to take up the work immediately for construction of the shops at the Lindsay Street and also to see that after repair of the S.S.Hogg Market they may be rehabilitated in their original shops and they are not deprived in it.

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই জানেন যে গত ১লা তারিখে বারাসাত উত্তর ২৪-পরগনার জেলা শহর হিসাবে ঘোষিত হয়েছে। এখানে পরিবহন ব্যবস্থা সামগ্রিক ভাবে একেবারে বেহাল অবস্থায় এসে দাঁড়িয়েছে। এক হাজার সি. এস. টি. সি বাস, কিন্তু চলে ৪৯৫টি। ওখানে কল্যাণী এক্সপ্রেস বাস তার স্যাংশান হচ্ছে ১২টি কিন্তু চলে ৭টি। ৭৮ রুটের বাস হচ্ছে ১৭০টি কিন্তু তার মধ্যে চলছে ৭০টি। এই বাসগুলি বারাসাত থেকে কলকাতা, বারাসাত থেকে বনগাঁ, বারাসাত থেকে জাগুলিয়া, বারাসাত থেকে খড়িবাড়ী পর্যন্ত পর্যাপ্ত পরিমাণ না থাকায় প্রতিদিন অসংখ্য যাত্রী নিয়মিত অফিসে আসতে পারছে না, তারা একটা বিপর্যস্ত অবস্থার মধ্যে পড়ছে। আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যদি সরকারি বাস দিতে না পারেন তাহলে প্রাইভেট বাস কিছু দিন যাতে যাত্রীরা নিজেদের কর্মস্থলে নিয়মিত আসতে পারে। প্রতিদিন আমরা যখন বাসে আসি তখন বাসের মধ্যে আমাদের ঘেরাও করছে এবং নানা কুৎসিত কথা ব্যবহার করছে। কারণ বারাসাত থেকে আমডাঙ্গা, বারাসাত থেকে দে গঙ্গা, বারাসাত থেকে খড়িবাড়ী টু শ্যামবাজার আসার কোনো ব্যবস্থা নেই। আমি ইতিমধ্যে ডঃ অসীম দাসগুপ্ত কমিটির কাছে অ্যাপ্রোচ করেছি এবং আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে নতুন জেলা স্থাপনের পরিপেক্ষিতে বারাসাত-এর পরিবহন ব্যবস্থার উন্নতি করার জন্য লক্ষ্য দিন। এই বিষয়ে আমি বারবার আবেদন করেছি। আপনি ঐ মহকুমার মানুষ, সেজন্য আপনার কাছে আবেদন করব যে আপনি আপনার নির্বাচনী কেন্দ্রের প্রতিনিধি হিসাবে পরিবহন মন্ত্রীকে বিষয়টি বলুন। আজকে বারাসাতের পরিবহন ব্যবস্থা অত্যন্ত চরম অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে, এর হাত থেকে পরিত্রাণের ব্যবস্থা করুন। আশে পাশে এত মিনিবাস রয়েছে কিন্তু এই রুটে কোনো মিনিবাস নেই। কাজেই এই ব্যাপারে যাতে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হয় তার জন্য আপনার মাধ্যমে আবার দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বহু চেষ্টার পর গত বছর হাওড়ার শিবপুর কলেজ রোডে খুব ধুমধামের সঙ্গে দু'জন মন্ত্রী এবং আমাদের সকলের উপস্থিতিতে ৫০ শয্যার একটি হাসপাতালের উদ্বোধন করা হয়। হাওড়া সদর হাসপাতালের উপর থেকে রোগীর চাপ কমাবার জন্য এবং দক্ষিণ হাওড়ার মানুষদের চিকিৎসার সুযোগ দেওয়ার জন্য এটি করা হয়। কিন্তু দুঃখের কথা হচ্ছে উদ্বোধনের পরে দু' এক দিন আউট-ডোর চিকিৎসা সেখানে চালু হয়েই সমস্ত কিছু বন্ধ হয়ে পড়ে থাকে। অথচ সেখানে বেশ কয়েক জন স্টাফ রয়েছে। কিন্তু সেখানে কোনো ডাক্তার নেই, ওষুধ নেই, অন্যান্য সাজসরঞ্জাম নেই। যদিও সেখানে লক্ষ লক্ষ টাকা সরকারের খরচ হচ্ছে, কিন্তু সেখানে একজন রোগীরও কোনো উপকার হচ্ছে না। তাই আমি বিষয়িটির প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি, অবিলম্বে ডাক্তার পাঠিয়ে হাসপাতালটি চালু করার ব্যবস্থা করা হোক।

**শ্রী গৌরচন্দ্র কুন্ডু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবেশ মন্ত্রী

একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার বিস্তীর্ণ অঞ্চলের মধ্যে চূর্ণী নদী প্রবাহিত, সেই নদীর জল গত চার বছর যাবত দূষিত হয়ে পড়েছে। এ বিষয়ে আমি গত বিধানসভায় একটা নোটিশ দিয়েছিলাম এবং সেটা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে পাঠানো হয়েছিল। কিন্তু বর্তমানে দেখা যাচ্ছে যে, সেখানে অবস্থার আরো অবনতি হয়েছে। প্রধানত বাংলাদেশের দর্শনা সুগার মিলের দূষিত জল ঐ নদীটিকে দূষিত করছে। নদীর সমস্ত মাছ নষ্ট হয়ে যাচ্ছে, ফিশার-ম্যানরা মাছ ধরে জীবন নির্বাহ করতে পারছে না, তাদের জীবন বিপন্ন হয়ে উঠেছে, তারা না খেয়ে আছে। এমন কি নদীর জল স্নান করারও অযোগ্য হয়ে উঠেছে। এ বিষয়ে আড়ংহাটার কনফারেন্স হয়েছিল বলে আমি শুনেছি, কিন্তু কনফারেন্স করে এই সমস্যার সমাধান হবে না। বাংলাদেশ সরকারকে যাতে ভারত সরকার নদীতে সুগার মিলের কালো জল ফেলতে নিষেধ করেন তার জন্য মন্ত্রী মহাশয়কে উদ্যোগ গ্রহণ করতে হবে। সেই উদ্যোগ গ্রহণ করবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রী সামসুদ্দিন আহমেদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি সামাজিক ব্যাধির প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং আবগারি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সংক্রমণ রোধ করার জন্য আবেদন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানতাম শহর এলাকায় পুলিশের চোখের সামনে সাট্টা, মদ, জুয়া ইত্যাদি চলে। কিন্তু আজকে গ্রামাঞ্চলের হাট-মাঠেও এই সামাজিক ব্যাধির সংক্রমণ চলছে। ছোটো ছোটো ছেলেরা পর্যন্ত এই ব্যাধির শিকার হয়ে পড়েছে। মদ খেয়ে রাস্তায় নৃত্য করছে। এসব ক্ষেত্রে আজকে গ্রাম-গঞ্জের কোথাও কোনো আইন মানার প্রশ্ন নেই। কারণ আমরা জানি পুলিশের সঙ্গে যোগসাজসে এই সমস্ত চলছে। বিভিন্ন গ্রামে গম্ভীরা গান এবং বিভিন্ন গানের নাম করে সারা রাত ধরে জুয়া ও মদের আড্ডা বসানো হচ্ছে। সব চেয়ে দুঃখের এবং খারাপ বিষয় হচ্ছে ছাত্রছাত্রীরাও আজকে আর এর বাইরে নেই, তাদের মধ্যেও এই সামাজিক সংক্রমণ হয়েছে। আজকে কেউ মদ বিক্রির জন্য লাইসেন্সের ধারধারে না, ঘরে ঘরে মদ তৈরি হচ্ছে। এই অবস্থায় এই সামাজিক ব্যাধির হাত থেকে মানুষকে বাঁচাবার জন্য, সমাজকে রক্ষা করবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং আবগারি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী মনোহর তিরকী :** মাননীয় স্পিকার স্যার, প্রাথমিক স্কুলগুলিতে সরকারের পক্ষ থেকে পাঠ্য-পুস্তক পাঠাবার কথা, কিন্তু আজ শিক্ষা বৎসরের তৃতীয় মাস চলছে, এখনো পর্যন্ত পাঠ্য পুস্তক সরবরাহ করা হয় নি। বিশেষ করে প্রথম এবং দ্বিতীয় শ্রেণীর জন্য রবীন্দ্রনাথ ঠাকুরের "সহজ-পাঠ" এখনো পর্যন্ত সরবরাহ করা হয় নি। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি, অবিলম্বে প্রাথমিক স্কুলগুলিতে পাঠ্য-পুস্তক পাঠানো হোক যাতে ছাত্রছাত্রীদের লেখাপড়ায় সুব্যবস্থা হয়।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় কৃষি ও সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, হুগলি জেলায় বিশেষ করে আরামবাগ মহাকুমা এবং চুঁচড়া মহকুমা এলাকায় যে সমস্ত চাষীরা

বোরো চাষ করেছিলেন তাঁরা আশা করেছিলেন প্রতি বৎসর যেমন বোরো চাষের জন্য জল দেওয়া হয় তেমনি এ বৎসরও বোরো জল দেওয়া হবে। কিন্তু দেখা যাচ্ছে, সেই সমস্ত চাষীদের ফসল জমিতেই রয়েছে কিন্তু বোরো জল দেওয়া হচ্ছে না। এরফলে সমস্ত ধান গাছ শুকিয়ে যাচ্ছে। কিছু কিছু এখনও অবশিষ্ট আছে। অবিলম্বে কৃষি ও সেচমন্ত্রী মহাশয় যদি প্রয়োজন পড়ে তাহলে ডি. ভি. সির সঙ্গে কথা বলে ডি. ভি. সির যে ক্যানেলগুলি আছে সেই ক্যানেলগুলিতে জলসরবরাহের ব্যবস্থা করে বোরো ধান রক্ষার ব্যবস্থা যাতে করেন তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী দীনবন্ধু মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, হলদিয়াতে বিভিন্ন শিল্প কারখানা গড়ে উঠছে এবং আগামী দিনেও গড়ে উঠবে। সেইজন্য হলদিয়াতে জল সরবরাহ করার জন্য গেঁওখালিতে কাজ শুরু হয়েছে। নদী থেকে জল নিয়ে সরবরাহ করা হবে। কিন্তু গত ৫ ফেব্রুয়ারি আই. এন. টি. ইউ. সির কিছু বিক্ষুব্ধ কর্মী সিটুতে যোগদান করার জন্য এবং সিটুর সঙ্গে কাজ করার জন্য আই. এন. টি. ইউ. সির কর্মীরা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অফিস ভেঙ্গে দেন এবং ফ্ল্যাগ পুড়িয়ে দেন। এইরকম করে ওঁরা অরাজকতা সৃষ্টি করছেন। এমনকি ঠিকাদাররা যাতে কাজ করতে না পারেন তারজন্য তাঁদের গাড়ি পর্যন্ত ভাঙচুর করছেন। প্রতিদিন পথে-ঘাটে তাঁরা অরাজক অবস্থা সৃষ্টি করে চলেছেন। ওখানে যে সমস্ত দোকানদাররা আছেন, যাঁরা বামফ্রন্টের সমর্থক তাঁদের দোকানের মধ্যে ঢুকে মারধোর করেছেন যারজন্য সেখানকার সমস্ত দোকানদারেরা এমন কি যাঁরা কংগ্রেসকে সমর্থন করেন তাঁরাও হরতাল পর্যন্ত করেছেন। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, ঐ সমস্ত আই. এন. টি. ইউ. সি গুন্ডারা এবং কংগ্রেসিরা যাতে সেখানে অরাজক অবস্থা সৃষ্টি করতে না পারেন এবং হলদিয়ার মতন জায়গায় জল সরবরাহের গুরুত্বপূর্ণ কাজ যাতে অব্যাহত থাকে তারজন্য উপযুক্ত ব্যবস্থা নেবেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, সারা রাজ্যে কেরোসিনের প্রচন্ড সংকট চলছে। মফঃস্বলে এবং গ্রামাঞ্চলের ছাত্রছাত্রীরা অবর্ণনীয় দুর্দশার মধ্যে পড়েছে। ১১ মার্চ মাধ্যমিক ফাইনাল পরীক্ষা শুরু হবে, কিন্তু কেরোসিনের অভাবে তারা পড়াশুনা করতে পারছে না। উপরন্তু যেখানে বিদ্যুৎ ব্যবস্থা সম্প্রসারিত হয়েছে সেখানেও দেখা যাচ্ছে লোড-শেডিং এবং এই লোড-শেডিং প্রচণ্ড মাত্রায় চলছে। আমি আপনার মাধ্যমে খাদ্য ও সরবরাহ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি কেরোসিন সরবরাহ করার জন্য বিশেষ করে পরীক্ষার সময়কালে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা দরকার। কারণ পরীক্ষার সময়ে ছাত্র-ছাত্রীরা পড়তে পারছে না। এটা মেনে নেওয়া যায় না। আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর কাছেও আবেদন জানাচ্ছি যেখানে যেখানে বিদ্যুৎ ব্যবস্থা সম্প্রসারিত হয়েছে সেইসব জায়গায় পরীক্ষার সময়ে যাতে ভালভাবে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি। কারণ আমরা দেখেছি, টেস্ট খেলা যখন হয় তখন বিদ্যুৎ ব্যবস্থা রাখা হয় সেইসব জায়গায়।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হলদিয়াতে শিল্প নগরী গড়ে উঠেছে, পশ্চিমবঙ্গের মানুষের এবং বেকার যুবকদের আশা সেখানে অনেক চাকুরি হবে।

কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের ব্যাপার সেখানকার কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে চূড়ান্ত নৈরাজ্য এবং দুর্নীতি দানা বেঁধে উঠেছে। এক শ্রেণীর অসাধু মানুষ মেদিনীপুর হলদিয়ার স্থানীয় ঠিকানা বিক্রি করতে শুরু করেছে। ৮/১০ হাজার টাকার বিনিময়ে কেয়ার অফ দেওয়া স্থানীয় ঠিকানা বিক্রি হচ্ছে। মেদিনীপুর হলদিয়ার মানুষ ছাড়া বিভিন্ন প্রান্তের লোক নিয়ে গিয়ে প্রলুব্ধ করে কয়েক হাজার টাকার ঠিকানা বিক্রি হয়েছে এবং চাকুরিতে ঢুকিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। আমরা ব্যক্তিগত ভাবে বিস্তারিত খবর জেনেছি, এতদিন ধরে হলদিয়াতে যে চাকুরির বেলুন ওড়ানো হচ্ছে তাতে মেদিনীপুর জেলার প্রকৃত বেকার যুবকরা পেয়েছে মাত্র ১.০৮ পারসেন্ট। দেশের বিভিন্ন প্রান্তের লোকদের কাছে ঠিকানা বিক্রির একটা সাংঘাতিক চক্রান্ত শুরু হয়েছে। এর ফলে ওখানে একটা ভীষণ বিপর্যয় শুরু হবে এবং আইন প্রশাসন সামগ্রিকভাবে ক্ষতিগ্রস্ত হবে। সমগ্র জেলার মানুষ সোচ্চার হয়ে উঠেছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ প্রার্থনা করছি তাঁরা যেন এ ব্যাপারে হস্তক্ষেপ করে বিষয়টির সুরাহা করেন এবং স্থানীয় বেকার যুবকদের নাম যাতে বিভিন্ন কর্মকেন্দ্রে পাঠানো হয় তার ব্যবস্থা করেন।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের শিল্প এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। হলদিয়ার একটি কারখানা, ইউরেকা কেমিক্যাল প্রাইভেট লিমিটেড এই কারখানায় কার্বন প্রস্তুত হয়, একটি লাভজনক সংস্থা, এর বাজারেরও কোনো অসুবিধা নেই, কাঁচা মাল তৈল শোধনাগার থেকে পাওয়া যায়। কিন্তু দুর্নীতিগ্রস্ত ম্যানেজমেন্ট এবং কিছু অযোগ্য কর্তৃপক্ষের পরিচালনায় কারখানাটি আজ ৫/৬ মাস বন্ধ হয়ে আছে। গত ৩রা মার্চ ক্লোজার নোটিশ দেওয়া হয়েছে। ৭২ জন শ্রমিক এই কারখানাটিতে কাজ করেন। এই কারখানার ৪০ শতাংশ টাকা আছে ডবলিউ. বি. এ. আই. ডি. সি মতো। রাজ্যসরকারের একটি সংস্থা প্রায় ৬ ভাগের বেশি টাকা বিভিন্ন ঋণদানকারী সংস্থা ফিনানশিয়াল ইনস্ট্রিটিউশনের রুংতা একটা আলাদা গোষ্ঠী যৌথ প্রকল্প লাভজনক প্রকল্প, সেই প্রকল্পের সঙ্গে এটাও বন্ধ হয়ে গেছে শুধুমাত্র ম্যানেজমেন্টের অপদার্থতার জন্য। আমি কিছুদিন আগে শ্রমিক কর্মচারিদের নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে ডেপুটেশন দিয়েছিলাম, তিনি আশ্বাস দিয়েছিলেন কোনো একটি বেসরকারি মালিকের সঙ্গে কথা কয়ে এই কারখানাটি বিক্রি করে দেবেন যাতে ওটি চালু হয়, ৩রা মার্চ থেকে বন্ধ হয়ে আছে। হলদিয়া উন্নয়নশীল, সম্ভাবনাপূর্ণ শিল্প এলাকা, কাজেই এ ধরনের যৌথ প্রকল্প অচিরে যদি বিনষ্ট হয় তাহলে ভবিষ্যতে ঐ শিল্প এলাকায় বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে কারখানাটি অবিলম্বে চালু করানো যায় এবং কর্মচারিরা ৫/৬ মাস ধরে বেতন পান নি তাঁরা যাতে বেতন পান সে ব্যাপারে উনি একটু হস্তক্ষেপ করেন।

[2-30 — 2-40 P.M.]

**শ্রী অজিত বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। নৈহাটি হাবড়া পর্যন্ত যে রাস্তা, জিরাট রোড এ রাস্তাটি বৎসরের অধিকাংশ সময়ে যানবাহন চলাচলের অযোগ্য থাকে এবং ঐ রাস্তায় চলাচলকারি ৭৩নং রুটের বাস প্রায় বছরে সব মাসেই অচল থাকে। এই অবস্থায়

ঐ জনবহুল রাস্তায় যান বাহন চলাচলের অসুবিধা এবং রাস্তার জন্য লোক চলাচলেরও অসুবিধা দেখা দিচ্ছে সেজন্য ঐ অঞ্চলের সমস্ত মানুষকে অত্যন্ত ক্ষুব্ধ করে তুলেছে। গত ১২/১৩ দিন ধরে একটি কালভার্ট ভেঙ্গে যাওয়ার ফলে নৈহাটি-বরদা ব্রিজের পূর্ব দিকের বাস টার্মিনাসে কোনো বাস আসতে পারছে না। এই হচ্ছে সেখানকার অবস্থা। তাই সেখানে সরকারি বাস এবং মিনিবাস চালানো যায় কিনা—এই ব্যাপারে মাননীয় পরিবহন মন্ত্রীকে এবং রাস্তা সচল ও পরিষ্কার যাতে থাকে—সে ব্যাপারে মাননীয় পূর্তমন্ত্রীকে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানাচ্ছি।

**Shri Mohammad Ramjan Ali :** Mr. Speaker, Sir, I want to draw the kind attention of the Hon'ble Chief Minister over the incident of brutal lathi charge at the Islampur Court in the 10th February over a peaceful demonstration by an order of S.D.O. and S.D.P.O. In this connection one memorandum has been submitted and the Chief Minister is kind enough to take action for an enquiry. There will be no fruitful enquiry if the S.D.O. and S.D.P.O. are allowed to remain there. I submit that the S.D.O. and S.D.P.O be removed from the scene of enquiry till it is completed so that the fact may come before the enquiry authority and the officers found guilty be punished. As a result of this brutal lathi charge some persons are still in the hospital having fracture injuries. It is a very serious matter. I therefore once again request the Hon'ble Chief Minister to see that the enquiry is properly done and in the scene of enquiry S.D.O. and S.D.P.O should not be present to that the material evidence may come out to substantiate the allegations which have been brought against them in the memorandum.

**শ্রীমতী অঞ্জু কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করছি। বিষয়টি হচ্ছে, গ্রামের মানুষদের পানীয় জলের সমস্যার কথা চিন্তা করে বর্ধমান জেলার মেমারি থানার দুটি গ্রাম—একটি তেঁতুলগাছি এবং অপরটি দেবীপুরে প্রায় ৭ বছর আগে গ্রামীণ জল সরবরাহ প্রকল্প রাজ্য সরকার অনুমোদন করেন। গত দুই বছর আগে থেকে দেখতে পাচ্ছি এ-ব্যাপারে যন্ত্রপাতি এবং অন্যান্য মেশিন এসে পড়ে আছে। এইসব জিনিসপত্রও এসেছিল ঐ দপ্তরে পারস্যু করবার ফলে, কিন্তু আজ পর্যন্ত কোনো রকম কাজ আরম্ভ করবার কোনো লক্ষণ দেখতে পাচ্ছি না। জানি না কাজ শুরু করতে তাদের কি অসুবিধা হচ্ছে। ঐসব যন্ত্রপাতি এইভাবে আর কিছুদিন পড়ে থাকলে সবটাই চুরি হয়ে যেতে পারে। এ পর্যন্ত ঐসব জিনিস গ্রামের মানুষরাই পাহারা দিয়ে রেখে দিয়েছে। যত বাধাই থাকুক না কেন, সেইসব দূর করে অবিলম্বে ঐ প্রকল্পের কাজ শুরু করতে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি এখানে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি এবং বক্তব্য রাখার শেষে এ-সম্পর্কিত দলিলপত্র আপনার কাছে দেব এটা জানাচ্ছি। বিষয়টি হল—ওয়েস্ট বেঙ্গল ফিনান্স কর্পোরেশনের কাছে যারা কাজকর্ম পেতে যান তাদের হয়রানি করা হচ্ছে, দুর্নীতি হচ্ছে সেখানে। এ ব্যাপারে ডকুমেন্ট আছে। গুরম্যাক

কোম্পানী—যারা রেজিস্ট্রেশন নাম্বার পেলেন ৩১.৭.৮৪ তারিখে ডাইরেক্টর অফ স্মল স্কেল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজের কাছ থেকে, হুগলির ডি. আই. সির জেনারেল ম্যানেজার যেক্ষেত্রে বললেন, দি স্কীম ইজ ইকোনোমিক্যালি ফিজিবেল্ এবং ক্লিয়ারেন্স দিলেন, সেক্ষেত্রে তাদেরকে সেখানে হয়রানি করা হচ্ছে। তারপর তিনি লোনের জন্য অ্যপ্লাই করলেন ওয়েস্ট বেঙ্গল ফিনান্স করপোরেশনের কাছে। যখন এই ফাইনানসিয়াল কর্পোরেশন বিজ্ঞাপন দিয়ে বলছেন যে, ক্ষুদ্র কুটির শিল্প উন্নয়ন সংস্থার সঙ্গে ঘনিষ্ঠ ভাবে যুক্ত, অনুগ্রহ করে ডবলু. বি. এফ. সি-তে আসুন, আমরা হয়ত হব আপনার সাফল্যের মাধ্যমে। এই ভদ্রলোক জবলু. বি. এফ. সি-তে বারে বারে ঘুরেছেন এবং সেখানে যখন তিনি ঘুষ দিতে অস্বীকার করেছেন তখন তাঁকে ঘোরানো হয়েছে। তিনি যখন মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করেছেন তখন ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রীর পক্ষ থেকে ডিপার্টমেন্টের সেকরেটারি ডবলু. বি. এফ. সি-র কাছে সমস্ত কাগজ এনডোর্স করে পাঠিয়েছে বিবেচনা করা হোক বলে। তাঁর সেই এনডোর্সমেন্ট ডিপ্রাইভড করেছেন। আমি যখন টেলিফোন করেছিলাম ম্যানেজিং ডিরেক্টরকে যে কোনো কারণে এই ভদ্রলোককে ঘোরাচ্ছেন এটা আমি জানতে আগ্রহী, আপনি আমাকে জানান। তিনি আমাকে একটা চিঠির কপি পাঠিয়ে দিলেন যে সেকরেটারিকে জানিয়ে দিয়েছি, এই তার কপি, এর মধ্যে সব কিছু বলা আছে। তারপর তাঁকে আমি চিঠি দিয়েছি ১০ই ফেব্রুয়ারি মিঃ ব্যানার্জি এম. ডি The only thing which I would like to emphasize is that the purpose for which the WBFC was set up should not be allowed to be defeated. I hope that every care would be taken so that the endeavour of the small entrepreneurs would not be jeoparited কি তুঘলকী রাজত্ব এই প্রতিষ্ঠানে চলছে! আমি চাই স্যার, আপনি অর্থ দপ্তরকে বলুন, আমি ডকুমেন্ট দিচ্ছি এনকোয়ারি হোক এবং দায়ী ব্যক্তি এবং যারা ঘুষ নিয়ে মানুষকে প্রবঞ্চনা করে তাদের জন্য সরকার কড়া ব্যবস্থা নিন। আমি বিশ্বাস করি হাউসের সবাই এই ব্যাপারে একমত হবেন।

**শ্রী সমর মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে আবার বলতে দেবার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসে উত্থাপন করছি। বীরভূম জেলায় বাংলার শেষ স্বাধীন নবাব মহারাজ নন্দ কুমারের যে বাড়ি সেই বাড়ি ধ্বংস হয়ে গেছে। মহারাজ নন্দ কুমারের বাড়ির দরজা, জানালা চুরি করে নিয়ে যাচ্ছে এবং বসত ভিটা বিক্রি করে দেওয়া হচ্ছে। আমি জানিনা মহারাজ নন্দ কুমার কোনো পার্টি করতেন। আমি এই সরকারের কাছে অনুরোধ করতে চাই অনুগ্রহ করে এই মহারাজ নন্দ কুমারের স্মৃতি রক্ষার্থে একটা মর্মর মূর্ত্তি স্থাপন করা হোক। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যেন নিজে তদারকি করে ব্যবস্থা নেন। এই বামফ্রন্ট সরকার অনেক মর্মর মূর্ত্তি স্থাপন করলেন। এই বামফ্রন্ট সরকার তথাকথিত জনদরদি সরকার বলে সকলেই জানে। আমি সেই জন্য বলছি বাংলার শেষ স্বাধীন নবাব মহারাজ নন্দ কুমারের স্মৃতি রক্ষার জন্য যদি কোনো ব্যবস্থা করেন তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার :** এখন মাননীয় মন্ত্রী শ্রী ভবানী মুখার্জি মহাশয় মাননীয় সদস্য গৌর

কুন্ডুর মোসনের উপর একটা স্টেটমেন্ট দেবেন।

[2-40 — 3-15 P.M.] (including adjournment)

**শ্রী ভবানী মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, মাননীয় বিধায়ক গৌর কুন্ডু মহাশয় এই সভায় চূর্ণী নদী জল দূষণ সমস্যা নিয়ে প্রশ্ন রেখে বলেছেন চূর্ণী নদীর জল দূষণ ক্রমশ বেড়ে যাচ্ছে। এই সম্বন্ধে তিনি ব্যবস্থা গ্রহণ করার কথা তুলেছেন। এই সম্বন্ধে আপনারা জানেন যে চূর্ণী নদী জলদূষণ সম্বন্ধে ইতিপূর্বে আমি হাউসে বলেছিলাম যে এই দূষণ মনে হচ্ছে বাংলাদেশ থেকে উদ্ভূত হচ্ছে। সেইজন্য এই দূষণের ব্যাপারে ইন্দো-বঙ্গ যে কমিশন আছে সেই কমিশন যৌথ ভাবে এই এলাকাগুলির স্যামপেল নিয়ে দেখাশোনা করে এবং ব্যবস্থা নেয়; এই আলোচনা কয়েক বছর ধরে আমাদের সেচ দপ্তর কেন্দ্রীয় সরকারের মারফত বাংলা দেশের সঙ্গে আলোচনা করছে। এখনও পর্যন্ত আমরা কোনো ফল পাই নি। সম্প্রতি এই নদীর ব্যাপারে আমরা নিজেরা 'পশ্চিমবঙ্গ দূষণ পর্ষদ' ৩০ বছর আগে থেকে প্রতি মাসে একটা করে স্যাম্পেল নিয়ে জল দূষণের মাত্রা কতখানি তার হিসাব রাখছি। কাজটি এখন ভালো করে করার জন্য—আমরা শুনছিলাম বাংলাদেশের পক্ষ থেকে বলা হচ্ছে যে তাঁরা জল দূষণ করছেন না, তাঁরা যে জল ছাড়ছেন তার মধ্যে কোনো দূষণ নেই, এই সমস্ত কথা বলার জন্য এবং সত্যিকারের ঘটনাটা কি তা জানার জন্য চূর্ণী নদীর জলের স্যাম্পেল নিয়ে জয়েন্টলি মনিটারিং প্রোগ্রাম তৈরি করেছি। এই ব্যাপারে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ফিশারি ডিপার্টমেন্টের প্রধান ডঃ কোনোর'এর আন্ডারে থেকে আগামী দু'বছর ধরে জলের স্যাম্পেল (প্রতি মাসে অন্তত দুবার করে স্যাম্পেল নিয়ে) দশটা জায়গা থেকে সংগ্রহ করে মনিটারিং করবেন। কাজটি শুরু হয়েছে গত ১৮ই ফেব্রুয়ারি থেকে। আরংঘাটাতে যখন কাজটি শুরু হয় তখন আমাদের মাননীয় বিধায়ক গৌরবাবুকে ওখানে আমরা আশা করেছিলাম যে তিনি উপস্থিত থাকবেন। কিন্তু ওখানে আমরা তাঁকে দেখতে পাই নি। সেচ বিভাগ থেকে আমরা ইতিমধ্যে একটি সংবাদ পেয়েছি—ভারত সরকারের ইন্দো-বাংলাদেশ নামে যে কমিশন আছে এবং তাঁদের লোক্যাল যে কমিটি আছে, তাঁদের কাছে জানতে চেয়েছেন যে মার্চ মাসের ৩য় সপ্তাহ থেকে বাংলাদেশের পক্ষ থেকে প্রতিনিধিরা যদি আসেন, তাহলে দূষণ মাত্রা দেখার কাজে তাঁরা থাকতে পারেন এবং এই ব্যাপারে কোনো আপত্তি আছে কিনা। আমরা জানিয়েছি যে উই শ্যাল রিসিভ দেম। আমরা আরও জানিয়েছি যে তাঁরা জলের যে স্যাম্পেল নেবেন তা পরীক্ষার ব্যাপারে আমরা তাঁদের সাহায্য করব এবং আমরা যা করব তাও তাঁরা দেখবেন। এই ব্যাপারে মুশকিল হচ্ছে এই যে, অন্য রাষ্ট্রের সঙ্গে সম্পর্কের ব্যাপারে ভারত সরকারের মাধ্যমে মীমাংসা করতে হয়। যাই হোক, কাজটি আমরা শুরু করেছি। জলে দূষণের মাত্রা কি আছে, এই সমস্ত তথ্য আমরা তাঁদের সামনে হাজির করবার জন্য এটা আমরা শুরু করেছি। জলের দূষণ তাঁদের জন্য হচ্ছে, না কি স্থানীয় ভাবে কোনো কারণে হচ্ছে—ওখানে তো কোনো কারখানা নেই, তবে মাঠে ফসলের জন্য ব্যবহৃত পেস্টিসাইড বা সারের জন্য হচ্ছে তা ইম্‌প্যাক্ট পরীক্ষার মধ্যে দিয়ে ধরবার চেষ্টা আমরা করব। মাননীয় সদস্য এবারে নিশ্চয়ই বুঝতে পারছেন। যৌথ কমিশন পর্যালোচনা করে দেখবেন এবং আমরা ভালো করে দেখব যে বাংলাদেশ থেকে যে জল ছাড়া হচ্ছে তার মধ্যে দূষিত কিছু থাকছে কিনা অথবা আমাদের দিকে কোনো ত্রুটি আছে কিনা। পরে আমরা সেই সমস্ত ত্রুটিগুলো দূর করতে

পারব এবং জল দূষণের বিষয়টি দূর করতে পারব।

(এই সময়ে ৩-১৫ মিনিট পর্যন্ত হাউস মুলতুবি ঘোষণা করা হয়)

(After adjournment)

[3-15 — 3-25 P.M.]

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে আমাদের মাননীয় সদস্যদের প্রিভিলেজের ব্যাপার। এই বিধানসভা ভবন থেকে রেলওয়ে কাউন্টারে যে টিকিট দেওয়া হয় সেখানে দেখা যাচ্ছে যে ইস্টার্ন রেলওয়ে ছাড়া অন্য কোনো অর্থাৎ সাউথ ইস্টার্ন রেলওয়ের টিকিট সেখানে পাওয়া যায় না। আমি টিকিট কাটতে গিয়েছিলাম আমাকে সেখানে থেকে ঘুরিয়ে দেওয়া হল। এটা একটা আমাদের প্রিভিলেজ কার্টেল করা হচ্ছে। সুতরাং এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের যে টিকিট দেওয়া হল না এটা একটা আমাদের প্রিভিলেজের ব্যাপার এবং আশা করি আপনি এর ব্যবস্থা করবেন।

**মিঃ স্পিকার :** এই বিষয়ে রেলওয়ের সঙ্গে চিঠি লেখালিখি চলছে তবে এখনো পর্যন্ত কোনো ফাইনাল পয়েন্টে আসা যায় নি। সাউথ ইস্টার্ন রেলওয়ের নাকি স্টাফ কম আছে এবং ডেফিনেটলি ইট সুফড বি দেয়ার। রেলওয়ে যদি রাজি না হন, তাদের যদি লিমিটেশনস থাকে তাহলে আমরা We are communicating as to how this can be solved.

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, the speech which the Left Front Government has made the Governor to state on the floor of this House is a to say the least.**

**Mr. Speaker :** Dr. Abedin, I think 'fraud' is not a parliamentary word.

**Dr. Zainal Abedin :** Sir, it is absolutely. We have consulted it. It covers the misdeeds and misrules of the Left Front Government. It is a Shameful partisanship. It is completely ideological bankruptcy and it is incredible, inefficient and egregious corruption. Sir, you know that during the last great war the regime of Stalin in Russia was known to be the regime of terror. The epitome of Stalin is Shri Jyoti Basu. The regime of Shri Jyoti Basu is corrupted. It is my contention.

**Mr. Speaker :** You contend that the regime of Stalin was a regime of corruption.

**Dr. Zainal Abedin :** I say he is the epitome of Stalin. This Stalin had made a group of paranoids. Sir, the bureaucracy is being led by Shri Jyoti Basu as the Chief Minister and he is leading a group of Kleptomaniacs in West Bengal which includes elements. [* * *]

** Note [ Expunged as order by the chair ]

**Mr. Speaker :** Like Mr. Birendra Narayan Roy will be expunged.

**Dr. Zainal Abedin :** Sir, Mr. Birendra Narayan Roy is my friend. I think it is a complement to him. Everybody is running after the Ministers. Everybody is making money, to say the least. Sir, even if any Minister made any trip to the western countries...............

**Mr. Speaker :** Dr. Abedin, I interrupt. I have consulted the book of Shri A. R. Mukherjee. The word 'fraud' is an unparliamentary word. So the word 'fraud' should be deleted.

**Dr. Zainal Abedin :** Sir, as you know that the Ministers of the Cabinet of Shri Jyoti Basu are free to go to the western countries whenever they so wish. Sir, I do not know from where the finance comes. Only yesterday the written answers came up that as many as six Ministers of his Cabinet have gone abroad and exhausted the exchequer.

**Mr. Speaker :** Dr. Abedin, I was also in abroad.

**Dr. Zainal Abedin :** Sir, if you are a Minister of that Cabinet, then should you be there ? If so, I should gag you there in the Treasury Bench.

Sir, never before in the history of democracy, corruption has been institutionalised as Mr. Jyoti Basu's Government has done, and the scope and the abode of corruption are the Panchayat Raj bodies, the ad-hoc municipalities, the ad-hoc school boards and the corporations and the undertakings including the Zilla Parishads, I mean the Panchayat Raj bodies. Sir, they have institutionalised corruption. Never before in the history of any country in any age corruption has been institutionalised to the extent as you have done, Mr. Patit Paban Pathak, and you are not afraid of this.

**Mr. Speaker :** Is it a personal allegation ?

**Dr. Zainal Abedin :** Sir, it is total allegation. Sir, as you know, under the able leadership of former Prime Minister Shrimati Indira Gandhi, the glory of India, there had been a 20-point programme for the amelioration of the down-trodden people of India and by way of 20-point programme like, NREP, RLEGP, IRDP, DRDA, money comes to the State. It is shameful on the part of the Cabinet that they have not been able to exhaust that money and spend it fruitfully for the amelioration of the people of West Bengal. They have not done anything through any scheme. The Electricity Minister—the Power Minister—is not here. Even the money allocated for rural electrification has gone

back which had been lying unutilized. Again we find the clamour of 'step-motherly attitude of the Centre' from the mouth of the left Front Government. Is it fit to utter this ? Hasn't the Government a little shame ? Hasn't the Government a little etiquette ? Possibly no. Sir, we have this bureaucracy set up by the former British rulers. Everywhere, under certain rules, that bureaucracy has been carefully and cleverly replaced by the corrupt party cadres of the CPI(M) and the Left Front partners they are taking the money which is coming from the coffers of the Government of India for the amelioration of the people. Sir, everybody, barring seventy per cent of the people for whom these welfare schemes are intended, is being benefited. That is why we find that Gram Panchayat Pradhans are purchasing motor cycles and the Sabhapatis and the Sabhadhipatis are constructing palatial buildings, and Mr. Birendra Narayan Roy is a partner to them He is a champion of that. So shameless are these people. Sir, the Government of India can reasonably be proud for launching the programme for the amelioration of the people. And this Government should be cornered and should be put to the dock to explain why they have not been able to ameliorate the lot of the down-trodden people of rural Bengal for so long. Sir, the Justice Minister is the Law Minister who is here. Sir, you had been a criminal lawyer, a prominent criminal lawyer. The Judicial Minister is here who was also in the Law Court. As many as 15 lakhs cases are pending because this Left Front Government has destroyed the fabrics of social and economic structure of the rural India. As such they take shelter to the Court of Law.

[3-25 — 3-35 P.M.]

Sir, Justice delayed is justice denied. What measures these people have taken to deliver that Justice ? They have set up Gana Adalat. Sir, to-day a question arose in the House that Midnapore had been affected by arson and loting but even the Chief Minister was not in the know of the extent of damage of the compensation rendered to the poor victims there. This is the state of affairs in West Bengal. Where do we live ? We live in absolute hell under this Left Front regime and Shri Jyoti Basu happens to the captain of corruption, captain of these loots and arsons. We decry it. Regarding co-operation. I have seen it in the newspapers,—Sir, you will not allow me to cite it–Mr. Chief Minister has stopped the different departments to value, to correlate the performance and you have seen the sector of co-operation, a powerful co-ordination in between Government and in between the private sectors. The haggards on the private co-operative sector have not been able to spend the money allotted for them by the co-operation Depart-

ment. Sir, regarding the Takavi loans, the crop loans, here the recovery percentage is below 20 per cent. The outstanding amount is over Rs. 100 crores. Through out India a scheme has been adopted to prepare godowns for storage of food. The Agriculture Minister is not here. Sir, we see it that they have mentioned about the Crop Insurance Scheme. The nodal department has not been identified whether it will be monitored by the Co-operation Department or by the Agriculture Department. This is the state of crop insurance. It has not covered even one per cent of the agriculturists and farmers in West Bengal and even then they claim better performence and success! They blame the Central Government all the time. Sir, I propose to take them to task for their upheaval failures. When the whole of India is progressing, West Bengal is limping under the captaincy of Shri Jyoti Basu—epigram of late Mr. Stalin. Sir, in the Governor's Address the farmers give this assurance that they themselves will come forward for this crop loan. What is the machinery that you have set up ? What is the message that would be carried forward to the farmers ? Nil. Infrastructure is nil. Equally, Sir, is the case in the industrial field of West Bengal. In the Industrial field West Bengal was leading in the whole of the country but, Sir, during their regime they have not filled up the backlogs by any substantial investment for building up the infrastructure although the past Government built up the Infrastructure Development Corporation. So, due to lack of investment, lack of insight, lack of management of the infrastructural facilities in West Bengal industry has not grown up to sizable extent. And they claim that industrial climate is better. They have made frequent trips abroad. They have met the Oxbridges, I mean students from Oxford and Cambridge and millionaire non-resident Indians to invest in West Bengal. What is the result ? Can the Chief Minister, can the Industry Minister, can the small Scale Industries Ministers come forward and say that this is the net result, this is the investment which has produced so much result, so much has been set up here ? On the other hand, the picture is dismal one, sir, the Leader of the opposition has rightly mentioned that the sickness of industry is largest in West Bengal, man-days lost in industry is the highest in West Bengal and the industry is gasping and collapsing here. I mention further that value added to the production is the lowest here and as such there is flight of capital from this State to other States. You cannot prevent it by police action, neither by your so-called kelptomaniacs and corrupted cadres. Sir, this is the fate of West Bengal. Sir, there are endless wrangles and we find wrangles between the partners of the different

constituuent parties of the Left Front.

Sir, we have seen the fight between the Forward Block and the C.P.M. The Forward Block should be little ashamed. The other day as many as five people were murdered by C.P.M. in Murshidabad but now they were shouting with the C.P.M. They should be little ashamed. We would come to their protection and not the C.P.M.

Sir, this government is little proud of land reforms. Sir, I must contend that the estates acquisition was initiated by the great late Dr. B. C. Roy. Land reform was initiated and introduced by Shri Siddhartha Shankar Ray. They have not brought any land reform measure so far and the tall talk of the over-haunted Operation Barga is lying in a low profile. It has been a boomerang upon the Left Front Government. They evicted the non-partisan poor share croppers and they have settled those who belong to their cadres and those provided with jobs have been recorded as share croppers. Sir, even the college students have been recorded as Bargaders : So they are in a very low profile now. What is the result, Sir ? They have engendered and created animosities and hatred between the communities and between the social groups in the rural areas which have taken the proportion of a civil war. They are intending a civil war in the rural areas and now the war is concentrated between R.S.P. and the C.P.M. or the Forward Block and the C.P.M. It is civil war I say because you have created hatred in between the different social groups and communities and you are clapping. These clashes between the different communities and groups have assumed the proportion of a civil war in West Bengal, I again say. Sir, the Leader of the Opposition has rightly said where is the rule of law. Sir, if anything is absent here in West Bengal it is the rule of law that is absent. If the rule of law is absent here, if everything is absent here, it is the rule of the jungle that prevails here under the captaincy of Shri Jyoti Basu. Sir, has it been in the vally of Chambal even the captain of Chambal would have been ashamed to see the performance of the Left Front Government, to see the performance of the captain of this Left Front Government. Corruption is everywhere.

Sir, In the Governor's address there is a reference with regard to jute industry in West Bengal. I am sorry that the Left Front Government has failed to understand the jute economy in West Bengal. Nowhere it is the custom to say that the maximum price of jute will be so and so. But our Chief Minister came forward in support of the jute barons and declared that the maximum price of jute should be Rs. 400/- per quintal. Sir, the custom demands and what the farmers, the jute growers demand is that the lowest price has always to be declared

and not the maximum price. But in connivance with the jute barons, the Chief minister, and now the Finance Minister, declared the maximum price. He connived with the jute barons for their interest and declared the maximum price of jute to be Rs. 400/- per quintal. There was a wrangle between the Agriculture Minister and the Chief Minister, and as such, Sir, he mentioned the maximum price.

**Shri Birendra Narayan Roy :** You do not know the facts.

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, will you kindly stop him. He is possibly under the influence of something else. Sir, I say that our Chief Minister connived with the jute barons. Sir, the cultivators increased their production by 38 per cent but the price fell, I should say by 80 per cent, The prevalent price of Rs. 1000/- per quintal came down only to Rs. 200/- quintal.

[3-35 — 3-45 P.M.]

Who is responsible for this ? They are now shedding crocodile tears in their eyes. It is the Left Front Government who is responsible for the loss of the Jute growers. The Agriculture Department has not been able to monitor and forecast that so much areas will be cultivated and brought under jute cultivation, aus cultivation, aman cultivation and so on and so forth, They have failed to monitor anything and everything. There was a constant demand that the food production has risen and it has made a record. It is not true. Had it been so, the Central Food Minister would not have to come here and the State Government would not have to go to Delhi with a begging bowl of 4 lakh metric tons of food per month, and demanded 50 lakhs metric tons per annum. So it the picture of the food production here in this State. Where the surplus goes ? If your figure in regard to the production during the year is correct then there is no dificit. Then why do you go to the Centre with a beggar's bowl for wheat and rice, and why for all the time you are blaming the Central Government that they are not dispensing with your demands ? Sometimes it is found that you are conniving with the black marketeers, and it is assumed that a part of this Cabient can be described as black-marketeers. Are they not enemies of the society ? They have elevated them to the highest position here in this State.

After long deliberations, after passing of three decades, now Shri Jyoti Basu, the captain of the Left Front Govt. has come back to his senses. He has thrown away, has given away his preceding slogans against multi-nationals and against monopoly houses, and now he has invited them for setting up of a joint sector. We suppose, it may be

repetition, but I like to hear from you that you have come back to your senses. After passing of three decades this Government have compromised with the multinational corporations and with monopoly houses, and here they are having the best of terms. We do not know the underground link between them, and the underground give-and-take measures. The Tatas, Birlas and Goenkas have become friends of them. The catch words have been "চলছে না চলবে না, মানছি না মানব না" They have given it a red banner and they have become the friends of Tata. In Alipore Zoo birds will not come but the birds have become now the Tata and Birla. Is it so, Sir? Then, Sir, natural corollary follows. Shri Jyoti Basu has come forward to apologise to the nation by saying whatever we have said for the last three decades we apologise to the nation. We have prevented the growth of industries in West Bengal and India at large. Whatever we have said is wrong, we apologise to the nation. It is very common to apologise. I think, they have now come back to their senses. It is a common term. I like to pity them. After 70 they have come back to their senses.

At the ripe age, Shri Amritendu Mukherjee who is now here is monitoring certain department. It should be an ancillary occasion for the people. They have enough to say. But, what we find? For rearing a single sheep here the exchequer has to spend Rs. 3500/-. What is the net product?—Not even 500 gms. of wool per sheep. This is the performance of the Department of Animal Husbandry. With regard to roads and others, less said is the better. The expenses are numerous but the maintenance is poor, and everything we see is in doldrum. This doldrum should be discouraged and discontinued.

Sir, what the Left Front Government has achieved so far ? What the Left Front Government has achieved so far is that there is erosion of authority. It is my contention here. I accuse and impeach the Left Front Government that they have been able to achieve erosion of authority everywhere. The lowest employees does not have any respect for the upper ones. They do not obey the orders issued from the authority capable of issuing such orders. Erosion of authority brings about state of indiscipline. That is why we see West Bengal is in a mess. Erosion of authority brings about indiscipline, indiscipline brings about inefficiency and inefficiency brings about absolute loss to the State. This is the state of affairs that prevails here in West Bengal. Nobody has any respect to the social fabric. Last year we found this because of loss of respect to one another. We know Left Front Government has successfully been able to do so and claim purposefully that they have been able to prove that in West Bengal nobody have any

command even over a constable. The constable takes recourse to firing and pushes the button of his own accord. We found more than 500 times this Jyoti Basu has been able to order the police and the police have taken recourse to firing. The police firings have been more than 500 times in West Bengal. It has surpassed all past records compared to any part of India. Then, Sir, another feature is, the Left Front Government has again been successfully able to erase and remove the work ethôs. We have lost the motive to work at all and so nobody works here. In government office nobody works, in private office nobody works, in corporation office nobody works. They are not in the mood to work at all. They have been able to destroy the work ethos in the State. As such our performance in national level is the poorest. Work ethos has been totally destroyed by the Left Front Government. There is no motive to work. They have been successfully able to do it. As I mentioned earlier, the Left Front Government has failed to identify the priority. In a country where we cannot provide school buildings for the primary schools you are clamouring for Rabindra Bharati and Yuba Bharati stadia. Should this be a priority of a government where the children of the rural areas have no shelter under the canopy of the sky? They have taken up the construction of stadium and stadia at different parts of the State on a priority basis, and they are neglecting the construction of school buildings at primary, secondary and collegiate levels. They are indulging in this priority business. They have lost their sense of priority. I mentioned it that instead of constructing school buildings for mitigating illiteracy in the countryside they have built stadia here and there and led long processions on the roads. This is the picture in West Bengal.

[3-45 — 3-55 P.M.]

As I have mentioned earlier this Government have no sense of direction on which this State is marching on. There is no direction. What is the goal that this Government propose to achive ? It is an egalitarian society where we are intending to bring about socialist society. Are you bringing about equal opportunity for all ? Are you bringing concessions to the downtrodden ? There is no sense of priority and there is no sense of direction of this Government. The administration has been totally collapsed. They are at the beck and call of the party cadres. Every administrative work is dictated by them as I told you earlier. Sir, the West Bengal Government always tells the people that the Central Government is neglecting them. On a number of occasions we have quoted the figures that whatever amount of assistance is necessary for this State of West Bengal Centre has been able to do.

Centre has taken up the projects like Durgapur Steel Projects and Panagarh Currency Note Press project. Other factories and workshops are also to be established by the Centre. But the State Government have not been rendering proper facilities for these. On a number of occasions the Programme Implementation Minister of the Government of India told us that the Government of West Bengal was not co-operating as in the case of Metro Rail Project and the Circular Rail Project. Sir, with regard to transport system here in the city and outside the city periphery there is total collapse. There is no evaluation. There is no regularity. There is no check. Sir, you remember as a Speaker of the House that this legislature has passed an amendment so that somebody from this House is elected as Chairman of the C.S.T.C. We find that after much doldrum he resigned from the post. The transport system in Calcutta is in a mess. People are going by bus in hanging position and accident occur. I am sorry to mention here that even I have suffered an accident for this bad transport system. With regard to the Housing scheme we find that certain areas are neglected and certain areas even have not been looked after. Sir, here I am mentioning with regard to regional imbalances. West Bengal had developed much during the time of Dr. B.C.Roy, Shri P.C.Sen and during the time of Shri S.S.Ray. But regioal imblances are there. There is no mention in the Governor's address with regard to three zones—of which one is Sundarban Development Board, the second is Darjeeling and North Bengal Development Board and the third is Jhargram Backward Area Development Board. They are not all prepared to remove these regional imbalances. Even they are not prepared to correct the regional imbalances. They are fanning regionalism and reaping a rich harvest out of the regional problems. Now this Government is fanning regionalism in one mouth and then they are saying that we are for the national integration. What we find to-day ? This can go against the national integration. It is also happening here. But they are not correcting the regional imbalances in West Bengal. Even the minimum necessity of drinking water, they are not able to provide. There are 5000 villages in West Bengal which have been identified as problem villages where drinking water and potable water are not available. Is there any proposal here for this ? It is not mentioned in the Governor's address.

Sir, unless the drinking water is available can the other civic amenities—health service and medical care, etc., go up ? It is not possible. All the clinical institutions, all the premier medical institutions here in Calcutta are in a doldrum and mess. The eminent scholars are not getting any opportunity here for improving their knowledge. The eminent scholars are going elsewhere.

Sir, Calcutta was famous for everything. Peoples were migrated here for treatment, and what we find now ? The eminent scholars are driven out of the State for the wrong measures of this government—for the wrong measures of Shri Jyoti Basu. There is a total absence of health measures and medical cares. Sir, this is a decade of 1990—'Health for everyone'. But there is no progress at all. The institutions created by Dr. B.C.Roy, his predecessor, are being not taken care of. Peoples do not get common medicines even. Sir, we are afraid that we in the Assembly also would not get any medicine if there is any violence in the Assembly. I would request you to kindly improve the medical unit here.

Sir, what is the fate of West Bengal ? Unless this government abandon, unless they regenerate their working efforts, unless they bring back discipline, unless they forego partisanship attitude—there is no prospect for West Bengal.

Sir, our P.C.C. President made a clarion call to the Chief Minister on the eve of the Bundh in the last month—'Let us go to Delhi together and bring forth the problems of the State and seek the central assistance to solve those problems, to Oure the defects. Is there any single occasion—I challenge the Chief Minister I challenge his cabinet colleagues, I challenge all the members of the Treasury Bench here—to enlist the cooperation of the Opposition for the amelioration of West Bengal, for the benefit of West Bengal ? The answer is no. They have taken the path of agitation only. Yesterday, the Hon'ble Chief Minister declared here that the bus fare would be increased by 5 paise minimum. Well, I remember that in the year, 1954 one paise tram fare was increased and this Jyoti Bose incited his followers to burn as many as 16 trams and buses. Will he apologise for this now ? He always says that there is a price hike. He puts the blame on the increase of price of petrol, diesel and other things. Sir, if you, in one hand are claiming for money, then on the other the Central Government must call for raising the resources. They have taxed the upper class—not the poor people, not the down-trodden people—to raise the resources for the implementation of the 7th Five Year Plan of Rupees one lakh eighty thousand crores. Sir, you cannot ride on two horses on one occasion. The practice that you will demand for money and on the other you will decide not to raise the resources—cannot be continued. This is a hostile proposition.

Sir, under this regime, West Bengal has gone to bankruptcy not only financial bankruptcy but ideological bankruptcy also and I would

request the Chief Minister to correct the corruptions and failures and apologise to the nation for the betterment of Bengal-tobuild a Golden Bengal—Soner Bangla. Sir, Bengal was the leading State and now it has gone to bankruptcy.

Sir, with regard to education, our Leader of the Opposition has said many things as to what is happening in the Calcutta University, In the Jadavpur University and in the other fields—everywhere there is total doldrum. Sir, problems are here. But I would request the Chief Minister to bring a sense of whip either in agriculture or in industry. Unemployment problem has become a volcanic problem. More than 4.8 million unemployed youths are here in West Bengal. I would request Chief Minister to do something for them. We are here to extend co-operation.

With these words, Sir, I support the amendments of my colleagues and oppose the Motion of Thanks on the Governor's Address. Thank you, Sir, for your patience hearing.

[3-55 — 4-05 P.M.]

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** স্যার, আমার একটা পার্সোনাল এক্সপ্লানেশন আছে। স্যার, একজন প্রবীণ দায়িত্বশীল সদস্য হয়ে ডাঃ জয়নাল আবেদিন সাহেব কিছুক্ষণ আগে নাবালক এবং বালখিল্যের মতো একটা উক্তি করেছেন। তিনি বলেছেন—আমি নাকি চুরির অংশিদার! আমি ওঁকে বলছি, যদি উনি এ বিষয়ে একটা কিছু প্রমাণ করতে পারেন তাহলে আমি রাজনীতি ছেড়ে দেব, সদস্য-পদ ছেড়ে দেব। আর ওঁকে জিজ্ঞাসা করছি, উনি যদি প্রমাণ করতে না পারেন তাহলে কি উনি সদস্য-পদ ছেড়ে দেবেন?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Sir, he belongs to the category of [..]

**অধ্যক্ষ মহোদয় ঃ** ডাঃ জয়নাল আবেদিনের উক্তি থেকে ''কপ্লেটোমেনিয়াক্'' কথাটি বাদ যাবে।

**শ্রী দেবীপ্রসাদ বসু ঃ** স্যার ডাঃ জয়নাল আবেদিনের বক্তৃতা শুনে আমার রবীন্দ্রনাথের একটি কবিতার দুটি লাইন মনে পড়ে যাচ্ছে। যথা—

''কোনো দিকে কোনো লক্ষ্য না করে —
পড়ি গেল শ্লোক বিকট হ্যাঁ করে,
মটর কড়াই মিশাই কাঁকরে —
চিবাইল যেন দাঁতে।''

**শ্রী নিখিলানন্দ সর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর এই সভায় মাননীয় সদস্য শ্রী শচীন সেন মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করেছেন

* Note [Expunged as order by the chair]

তার সমর্থনে আমি আমার বক্তব্য উত্থাপন করছি। ইতি মধ্যে আমি কয়েকজন বিরোধী বন্ধুর বক্তব্য শুনলাম। কিন্তু দুঃখের কথা হচ্ছে প্রতিবারই ডাঃ জয়নাল আবেদিন সাহেবের বক্তব্যের পরেই আমার বক্তব্য রাখার পালা পড়ে। দু'দিনে সাত্তার সাহেব, সুনীতি-বাবু, জয়নাল সাহেবের বক্তব্য শুনলাম। এ ব্যাপারে আমরা যদি গত ৬/৭ বছরের প্রোসিডিংস গুলি ঘাঁটি এবং টেপ্ রেকর্ড যদি শুনি তাহলে ওঁদের একই বক্তব্য শুনতে পাব। অর্থাৎ আগের টেপ্ শুনে এসে, একই কথা ওঁরা বার বার বলে যাচ্ছেন।

প্রথম কথা হচ্ছে, মহামান্য রাজ্যপালের ভাষণে থাকেটা কি? থাকে, রাজ্যের অর্থনৈতিক অবস্থার কথা, সরকারের অ্যাচিভমেন্ট এবং কর্মসূচীর একটা ব্রড আউট-লাইন। এই সমস্ত কিছুই মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে তুলে ধরা হয়। কিন্তু ওঁরা পরিপ্রেক্ষিত ভুলে গিয়ে বক্তব্য রাখলেন, যেন পশ্চিমবাংলা একটা আলাদা স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। সব কিছু এখানে দেখতে চান, সাজানো-গোছানো সুন্দরভাবে চলবে পশ্চিমবাংলা এটা কি করে আশা করেন? প্রবীণ সদস্য যদি এই আশা করেন তাহলে নিশ্চয়ই বলা যায় পুঁজিবাদি পথে একটি দেশ চলবে আর সেই দেশের একটি অঙ্গ রাজ্য গড় গড় করে উন্নতির পথে এগিয়ে যাবে এই কি আশা করা যায় এবং এটা জয়নাল সাহেব ভাল করেই জানেন। তিনি কি ভারতবর্ষের সংবিধান বোঝেন না—কোনো রাজ্যের কতটুকু ক্ষমতা তিনি জানেন না? আজকে একটা দেশের অবস্থার কথা চিন্তা করতে গেলে এটা পরিষ্কার হয়ে ওঠে পুঁজিবাদি পথ গ্রহণের ফলে যে সংকট সেই সংকট আজকে গোটা সমাজব্যবস্থার সামনে হাজির হয়েছে। সেই সংকটের হাত থেকে পরিত্রাণ পেতে মানুষেরা ছটফট করছে। আজকে প্রতিটি জিনিসের দাম বেড়েছে, মুদ্রাস্ফীতি, বিদেশিদের লাভ, বেকার সমস্যা প্রভৃতির ফলে বিরাট একটা জাতীয় সমস্যা হিসাবে দেখা দিয়েছে। সুতরাং পশ্চিমবাংলা কি তার বাইরে থাকবে? দায়িত্বশীল বিরোধীদলের নেতা আজকে বিভ্রান্তিকর কথা ছড়াচ্ছেন। অন্য যে সে দল নয়, এই দল ভারতবর্ষের বহু রাজ্য চালাচ্ছেন। বলতে গেলে গোটা দেশটাকে তাঁরাই চালাচ্ছেন। এখন তাদের মুখেই উল্টো-পাল্টা কথা শুনতে পাচ্ছি। সাত্তার সাহেব, জয়নাল সাহেব আত্মা প্রসাদ ভোগ করলেন ভূমি সংস্কারের কথা বলে, স্বর্গীয় বিধান রায়ের কথা বলে। কিন্তু আমি জিজ্ঞাসা করি, আজকে গোটা দেশের ৭৫ ভাগ মানুষ ভূমির সাথে জড়িত প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে সেই দেশের মানুষের উপকারের জন্য ভূমি সংস্কার প্রয়োজন—এটা তাঁরা স্বীকার করেন কি না? আমি জানি এতে ওদের অ্যালার্জি আছে, কারণ এই কথা বললে ওদের অ্যালার্জি বেড়ে যায়। কিন্তু আমি ব্যক্তিগত মালিকানা উচ্ছেদ করতে বলছি না—এটা বিরাট ব্যাপার। কিন্তু পুঁজিবাদি বিকাশের পথে সামন্ততন্ত্রের পর্যায় শেষ হওয়ার কথা। আজকে ভারতবর্ষের কি অবস্থা—দুটোকে মাঝামাঝি রেখে অদ্ভুত পথে এগিয়ে চলেছে। আমার প্রশ্ন, এতে কি এগুনো যায়? পুঁজিবাদি পথে দেশ কি কখনও এগিয়েছে? সুতরাং এ থেকে আমরা কি শিক্ষা পেতে পারি? ওদের দল ভূমি সংস্কার ছেড়ে দিয়েছেন। সপ্তম পরিকল্পনায় ভূমি সংস্কারের কথা নেই। ঐ চ্যাপটার শেষ হয়ে গেছে। অন্যদিকে আমরা দেখছি, কৃষিপণ্যের দর বেড়েছে, অথচ কৃষি পণ্যের দাম কৃষকেরা পাচ্ছে না। আজকে পশ্চিমবাংলা থেকে কয়েক হাজার কৃষক দিল্লিতে ছুটে গেছে। আপনারা তো চাষীদের জন্য দরদে মাথা কুটছেন, কই কাগজে তো দেখলাম না—আপনাদের তো অনেকজনকে পার্লামেন্ট-এ সদস্য করে পাঠিয়েছেন—ঐ কৃষকদের প্রতিনিধির সামনে

কোনো কথা বলতে? তাই আজকে প্রশ্ন, সংগ্রহ মুল্য ৪০ কোটি টাকা বাড়িয়েছেন। ধান চালের দাম, গমের দাম এবং আরও কত জিনিস থেকে কত কত টাকা বাড়তি আদায় করছেন এবং এই বাড়তি আদায়ের মুল্য হচ্ছে ৪০০ কোটি টাকা। সারের দাম ৪০০ কোটি টাকা বাড়িয়েছেন। রেশনে জিনিসপত্রের দাম বাড়িয়েছেন। অদ্ভুত কৃষক দরদের নমুনা? এই দরদ এতকাল কোথায় ছিল? আমরা এও জানি, বিদেশি প্রভুদের জন্য, আই. এম. এফ এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নেবার জন্য এবং তাদের নির্দেশ মত দিল্লির পুতুলরা কাজ করে যাচ্ছেন।

[4-05 — 4-15 P.M.]

তাঁদের মতো আপনারাও আজকে এখানে একই সুরে কথাবার্তা বলতে শুরু করেছেন। নিজের দলের তো আজকে এই অবস্থা। ওঁরা বলুন, একা রাজ্য সরকার কি করতে পারে? মানুষের ক্রয় ক্ষমতা তো শেষ করে এনেছেন। একদিকে বলছেন আমরা খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা অর্জন করেছি, ভাল কথা, উৎপাদন বেড়েছে কেউ অস্বীকার করে না। কিন্তু দেখাতে পারেন বিরোধীদলের বন্ধুরা যে ভারতবর্ষের প্রতিটি মানুষ দু বেলা পেট ভরে খেতে পান? একদিকে বলছেন ৩ কোটি টন খাবার মজুত আছে, অভাব নেই, অপর দিকে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ বছরের একটা বিরাট সময়ে ন্যূনতম খাবারও পাচ্ছে না, অস্বীকার করতে পারেন? এই তো অবস্থা। তাই আজকে প্রয়োজন—আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় প্রস্তাব রেখেছিলেন ৩ কোটি টন খাবার মজুত, রেখে দেবার মতো গুদাম নেই, পলিথিন দিয়ে ঢেকে রাখা হয়েছে, ইঁদুরে নষ্ট করছে, রোদে জলে নষ্ট হচ্ছে সেটা সহ্য হবে, আর আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় অনুরোধ করেছিলেন মাত্র ৫০ লাখ টন খাদ্য, বেশি নয়, আর শুধু পশ্চিমবঙ্গকে নয় ভারতবর্ষের রাজ্যগুলিকে দিয়ে দিন। আজকে জল নিকাশি খালের প্রয়োজন আছে কিনা, সেচের জন্য খাল কাটার প্রয়োজন আছে কিনা, আজকে যোগাযোগ রক্ষার জন্য রাস্তাঘাটের প্রয়োজন আছে কি না? ঐ খাবারের পাহাড় আই. এম. এফের নির্দেশে কোনো মানুষের উপকারে লাগতে দেন নি। এই তো নীতি। আজ আপনাদের বলতে হবে আপনারা কোনোটা সৃষ্টি করতে চান? আমরা সম্পদ সৃষ্টি করতে চাই। কেবল একটা কথা শুনেছি সাত্তার সাহেব কাল বলেছিলেন সম্পদ তৈরি করেছেন ইনটারন্যাল রিসোরসেস সৃষ্টি করতে পারেন নি। কি করে হবে? সব শেষ করে ফেলেছেন। আজকে রুগ্ন শিল্পের কথা তুলেছেন, আজকে কি বলছেন, সাত্তার সাহেব গতকাল ঠাট্টা করে বললেন বামফ্রন্ট সরকারও কি রুগ্ন। জিজ্ঞাসা করি ভারতবর্ষের অর্থনীতিটা রুগ্ন নয় তো? গোটা দেশটাকে তো বিকিয়ে দিয়েছেন বিদেশের কাছে। কথা বলতে লজ্জা করছে না? ৭৪ কোটি ভারতবর্ষের মানুষ, এতবড় একটা বিরাট দেশ, গোটা ইউরোপের চেয়ে বেশি জনসংখ্যা, সেই বাজারে কতগুলি কারখানা আছে? মাল তৈরি হয়েও বিক্রি হয় না। আজকে তো বিদেশের বাজারের খোঁজ করছেন, সস্তায় মজুরি দিয়ে এখানে মাল তৈরি করে বিদেশে মজুত করতে চান। সেখানেও রেহাই পাচ্ছে না। তাই আজ পশ্চিমবঙ্গে নয়, গোটা দেশের সমস্যা এবং এই সমস্যা সম্পর্কে আপনাদের বক্তব্য কি সেটা আমাদের জানতে ইচ্ছা করে। বলুন আপনাদের যে ইনডাসট্রিয়াল পলিসি নেগেটিভ অ্যাটিচিউড নেতিবাচক ভূমিকার ফল আজ ফলতে শুরু করেছে এবং তাতে কি হচ্ছে? তারপর খাবারের পরই যেটা অত্যন্ত প্রয়োজনীয় জিনিস কাপড়, বস্ত্র সেই বস্ত্র শিল্প যে আজকে ধুঁকছে তার

জবাব কে দেবে? পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার দেবে? কেন মিলগুলো বন্ধ হচ্ছে? আগে ১৯৭৯ সালে ভারতবর্ষের মানুষ মাথাপিছু ১৩ মিটার করে কাপড় ব্যবহার করেছে আজ সেটা ১০ মিটারে নেমে গেল কেন? সুনীতিবাবু জবাব দেবেন? আজকে শীতের সময় কেন শয়ে শয়ে মানুষ শৈত্যপ্রবাহে মারা যাচ্ছে? কাপড়ের কলগুলো বন্ধ হয়ে যাচ্ছে? বেকারদের কথা বলছেন তাদের জন্য তো আপনাদের ঘুম হচ্ছে না। তাদের সমস্যার কথা এই হাউসে বার বার আলোচিত হয়েছে। পশ্চিমবঙ্গে শিল্পে উন্নয়নের ক্ষেত্রে সমস্যাটা কি? রেল ভাড়ার অসমতা, এবং শিল্প লাইসেন্স দেওয়ার সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের অনীহার কথা বার বার আলোচিত হয়েছে। ইনভেস্টমেন্টের ক্ষেত্রে পশ্চিমবাংলাকে উপেক্ষা করবার যে নীতি সেটা এখানে বহুবার আলোচিত হয়েছে এবং বরাবর পশ্চিমবঙ্গ সরকার গোটা ভারতবর্ষের মানুষের কাছে সেটা তুলে ধরেছেন। এসব বাদ দিলেও গোটা ভারতবর্ষের যা সমস্যা, তার থেকে পশ্চিমবাংলার সমস্যাকে আলাদা করে দেখা যায় না। আজকে ওঁরা বেকার সমস্যা সমাধানের কথা বলছেন। এখানে জয়নাল সাহেব একসটেম্পোর মাথায় বক্তৃতা শেষ করলেন। আমি জিজ্ঞাসা করি, বেকার কি শুধু পশ্চিমবাংলায়? ভারতবর্ষের অন্য রাজ্যে বেকার নেই? ধনবাদী, পুঁজিবাদী দুনিয়াতে এটাই নিয়ম, বেকারি সেখানে ছায়ার মত অনুসরণ করে। দেখছেন না যে, মার্কিন মুল্লুকে কি হচ্ছে, ব্রিটেনে কি হচ্ছে, পশ্চিম জার্মানীতে কি হচ্ছে? পুঁজিবাদের অবশ্যম্ভাবী ফল হচ্ছে এটা। আমরা সমাজতন্ত্র এখানে প্রতিষ্ঠিত করিনি। আজকে এখানে টাটা, বিড়লার সাথে যৌথ উদ্যোগে আমরা এগিয়েছি বলে ওঁরা হয়ত খুব আনন্দিত। তবে এটা মনে রাখবেন যে, দুটো হলদিয়া হলেও রাজ্যের বেকার সমস্যার সমাধান হবে না এবং এটা বুঝবার কারণে এবং এ-ব্যাপারে মানুষের সচেতনতা বাড়াবার জন্যই পশ্চিমবঙ্গ আজকে এই রাস্তা নিয়েছে। বেকার সমস্যা সমাধানের পথ কি তাহলে অটোমেশন, কমপিউটারাইজেশন, রোবোটাইজেশন? আজকে রোবোট চালু করবার কথা চিন্তা করছেন ভারতবর্ষের শিল্পক্ষেত্রে। আপনারা পাবলিক সেকটরের সাথে সাথে অর্গানাইজড সেকটরে এই বেকার সমস্যা সমাধানের জন্য কি কোয়ালিটিটিভ চেঞ্জের ব্যবস্থা করেছেন সেকথা কিন্তু বক্তৃতার মধ্যে কেউ বললেন না। শুধু পশ্চিমবাংলায় বেকার, পশ্চিমবাংলায় বেকার বলে এড়িয়ে যাবার উপায় নেই আপনাদের। আজকের দিনে প্রযুক্তি বিদ্যার অগ্রগতির ব্যাপারটা কেউ অস্বীকার করতে পারি না। আজকের দিনে ২০০ বছর আগে শারীরিক মেহনতে কাজ হত এর দোহাই দিয়ে মেশিনে ব্যবহার করব না—এটা বলা নির্বুদ্ধিতা। তবে ভারতবর্ষের মতো একটা দেশে এই অবস্থায় কতখানি মেকানাইজেশন সম্ভব? কারণ এটা সমাজতান্ত্রিক দেশ নয়। সমাজতান্ত্রিক দেশেও মেকানাইজেশন হয়েছে, তবে বেকার হয়নি কেউ সেখানে। উপযুক্ত জায়গা তাদের জন্য রেখে সেখানে মেকানাইজেশন হয়েছে। কিন্তু ধনতান্ত্রিক দেশে ব্যক্তিগত মুনাফাই হচ্ছে একমাত্র লক্ষ এবং ভারতবর্ষে সেই পথই আপনারা আজকে দেখাচ্ছেন। এর ফলে যুব সমাজের সামনে আরো অন্ধকার ঘনিয়ে আসবে। অবশ্য আপনারা ভেবেছেন এখানে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধেও যাবে এখানকার যুবসমাজ। কিন্তু জেনে রাখবেন পশ্চিম বাংলার যুবসমাজ অতখানি নির্বোধ নয়। তাঁরা চিন্তা করে যেটা সঠিক পথ সেটাই গ্রহণ করবেন। এখানে আইন-শৃঙ্খলার প্রশ্নটা সকলেই তুলেছেন। ও পক্ষের যিনিই বক্তৃতা করেছেন, তিনিই এই কথা বলেছেন। এই প্রশ্নে বেশি আলোচনা আমি করতে চাই না। কারণ ওঁরা পশ্চিমবাংলায় থাকবেন, আর পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা থাকবে—এটা হতে পারে না। জানিনা এটা আনপার্লামেন্টারি হবে কিনা, তবু

বলি যে, ওঁরা যতদিন থাকবেন ততদিন আইন-শৃঙ্খলা থাকবে না। সাত্তার সাহেব এখানে হুঙ্কার তুলে বলে গেলেন যে, সমাজ বিরোধীদের কঠোর হস্তে দমন করা উচিত।

[4-15 — 4-25 P.M.]

কোথাও পুলিশ পেটালে, লোকে পেটালে, ওয়াগেন বেকারদের গুলি করলে সঙ্গে সঙ্গে কংগ্রেসি ছাপ দিয়ে বলা হচ্ছে কংগ্রেস কর্মীকে খুন করা হচ্ছে। এই যাদের অবস্থা তাঁরা আবার আইন-শৃঙ্খলার প্রশ্ন তোলেন, রুল অফ ল-এর কথা বলেন! জয়নাল আবেদিন সাহেব আজকে বক্তব্যের মধ্যে এই সব প্রশ্ন তুলে বাজার মাত করার চেষ্টা করলেন। বিদ্যুৎ প্রসঙ্গে গত কাল এবং আজকে বিরোধী পক্ষের বক্তব্য শুনলাম এবং সাত্তার সাহেব বললেন বিদ্যুৎ একটা ভাইটাল সেকটার। খুব ভাল কথা। কিন্তু এই রিয়ালাইজেশনটা আসতে ওনার একটু দেরি হয়ে গেছে। ১৯৭০ থেকে ১৯৭৬ সাল পর্যন্ত ওনারা যদি বিদ্যুৎকে ভাইটাল সেকটার হিসাবে গণ্য করতেন তাহলে ভাল হ'ত। তখন তাঁরা বুঝতে পারেন নি, বিপদ হয়েছে সেখানেই। বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় যত দিন এসেছে তার কথা ছেড়ে দিন। ১৯৪৭ সাল এই ২০ বছর গোটা ভারতবর্ষের চেহারা দেখলে সব কিছু বোঝা যাবে। মাদ্রাজ, তামিলনাড়ুতে ১৯৪৭ সাল থেকে ১৯৬৭ সাল এই ২০ বছরে শতকরা ৪০টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে গিয়েছিল আর সেই জায়গায় পশ্চিমবাংলায় ২০ বছরে শতকরা ৪টি গ্রামে বিদ্যুৎ পৌঁছে ছিল। এটা ভাইটাল সেকটার আজকে বুঝতে পারছেন! আপনারা জানেন যে কত ব্যাকলগ নিয়ে, কত মাথাভারি প্রশাসন নিয়ে পশ্চিমবাংলা এগিয়ে যাচ্ছে। বিদ্যুতের ক্ষেত্রে কি ভাবে ধীরে ধীরে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠছে সেটাও আপনারা জানেন। বিদ্যুতের ব্যাপারে কেন্দ্রীয় সরকার যদি সহযোগিতার হাত বাড়িয়ে দেয় তাহলে আগামী ৫ বছরে বিদ্যুৎ এখানে উৎবৃত্ত হবে। এই ব্যাপারে আপনারা সাহায্য করবেন নাকি বিরোধিতা করবেন জানিনা। আজকে ডি. ভি. সির ভূমিকা আমরা দেখতে পাচ্ছি। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ডি. ভি. সির ভূমিকা আমাদের কাছে পরিষ্কার হয়ে গেছে। এখানে শিক্ষা নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। শিক্ষা একটা সভ্য জগতে অত্যন্ত জরুরি বিষয়। আজকে একটা পরিষ্কার কথা বলতে গেলে বলতে হয়, কলোনিয়াল প্যাটার্ন অফ এডুকেশান আপনারা টিকিয়ে রাখতে চান, ফিরিয়ে আনতে চান। আজকে প্রযুক্তিবিদে গোটা পৃথিবীর মধ্যে ভারতবর্ষের স্থান তৃতীয়। নিরক্ষরতার ক্ষেত্রে গোটা পৃথিবীর মধ্যে ভারতবর্ষের স্থান সর্ব্বনিম্নে। এই জিনিস আপনারা আরো চাঙ্গা করতে চান। আপনারা মডেল স্কুল করে টেকনিসিয়ান তৈরি করে তার একটা চূড়ান্ত রূপ দিতে চান। এই ভাবে আপনারা গোটা ভারতবর্ষকে অন্ধকারের করাল গ্রাসে ডুবিয়ে দিতে চান। জাতীয় শিক্ষা নীতি নিয়ে যে প্রশ্ন উঠেছে সেই প্রশ্নে কংগ্রেস বিধায়কদের ভূমিকা কি, তাদের বক্তব্য কি সেটা আমরা এই হাউসে শুনতে চাই। আপনারা গণ শিক্ষা চান কিনা, গণ শিক্ষার প্রয়োজনীয়তা আছে কিনা, মাতৃভাষায় শিক্ষার প্রয়োজন আছে কিনা সেটা বলুন। অবৈতনিক শিক্ষা আমাদের দেশে প্রয়োজন আছে কিনা সেটা আপনাদের কাছ থেকে জানতে চাই। ব্যায় বহুল যে শিক্ষা ব্যবস্থা চালু করতে চলেছেন সেই ব্যাপারে আপনাদের পরিষ্কার বক্তব্য আমরা শুনতে চাই। আপনারা যে একটার পর একটা প্রশ্ন তুলেছেন সেইগুলি ধোপে না টিকলে তাকে প্রতিষ্ঠিত করতে আপনাদের চেষ্টার ত্রুটি নেই। আজকে জয়নাল সাহেব কোরাপশনের কথা বলেছেন। দুর্নীতিতে যাদের জন্ম তাঁরা আবার কোরাপশনের কথা বলেন! গোটা ভারতবর্ষের কেলেঙ্কারির

লজ্জা জনক খবর আমাদের কাছে আসছে আর এখানে বসে আপনারা দুর্নীতির কথা বলছেন, লজ্জা করে না আপনাদের? পঞ্চায়েতগুলিতে আপনারা তো প্রায় তিন ভাগের এক ভাগ আসন দখল করেছেন, সেখানে আজ কি অবস্থা? আদর্শ পঞ্চায়েত গড়ে তুলতে পেরেছেন কোথাও যা দেখে পশ্চিমবাংলার মানুষ আপনাদের বেছে নিতে পারেন? আর বেশি দেরি নেই, অপেক্ষা করুন, আর তো দু মাস সময়ও নেই মিউনিসিপ্যাল নির্বাচনের। তখন প্রমাণ হয়ে যাবে পশ্চিমবাংলার মানুষ কোনো পক্ষে। অদ্ভুত কথা, যাদের নিজেদের মধ্যে কোনো ঐক্য নেই, তারা খোঁজ করছে বামফ্রন্টের ফাটল। তারা খুঁজছে বামফ্রন্টের অন্তর্দ্বন্দ। সুনীতিবাবু তাঁদের মধ্যে একজন। ওঁদের মধ্যে একজন নেতা ঘোরাচ্ছেন গদা, আর একজন ঘোরাচ্ছেন সুদর্শন। অদ্ভুত জিনিস। লজ্জা করে না আপনাদের? আপনারা কোনোটা বলতে চান—ডাঃ বিধানচন্দ্র রায় একজন শ্রদ্ধেয় মানুষ, তাঁর নাম উল্লেখ করে আপনারা যা খুশি তাই বলে যাবেন? ভূমি সংস্কারের কৃতিত্ব ছাপার অক্ষরে লেখা আছে। আমরা বললেও নামটা মুছে যাবে না। ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলেই পাস করা হয়েছিল জমিদারি উচ্ছেদ আইন, ভূমি সংস্কার আইন। কিন্তু আমি মাননীয় সাত্তার সাহেবকে জিজ্ঞাসা করতে চাই, ঐ আমলে কত ছটাক জমি উদ্ধার তাঁরা করেছিলেন? কংগ্রেস সরকার ১৯৬৭ সালের আগে পর্যন্ত, অর্থাৎ বামফ্রন্ট এখানে ক্ষমতায় আসার আগে পর্যন্ত কত জমি উদ্ধার করেছিলেন? আইনটা তখন পাস করা হয়েছিল অন্ধকার ঘরে। ওঁরা ওটা মেরে রেখে গিয়েছিলেন। বামফ্রন্ট এখানে ক্ষমতায় এসে তা খুলে দিয়েছিলেন। স্বর্গীয় বিধানচন্দ্র রায়ের নামটা আপনারা বাড়িতে বসে স্মরণ করবেন, তাঁকে পূজো করবেন। ঐ আইনের বাস্তব প্রয়োগ করেছেন এই বামফ্রন্ট সরকার। এই সরকারই তা সাধারণ মানুষের সামনে তুলে ধরেছেন। সুতরাং ঐ আইনের কথা তুলে আপনারা আত্মপ্রসাদ লাভ করার যে চেষ্টা করছেন, তার কোনো কারণ নেই। এই সঙ্গে সঙ্গে আমি জয়নাল সাহেব-এর একটি কথা—আমরা নাকি কোনো সময়ে বিরোধী পক্ষের কো-অপারেশন চাই না—উল্লেখ করতে চাই। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই, এটা কি সত্যি কথা? গত লোকসভার নির্বাচনের পরে কি ঘটেছিল, সেকথা কি তাঁর মনে নেই? তখন আপনারা কতগুলো সেল তৈরি করেছিলেন, এডুকেশন সেল, ইন্ডাস্ট্রিয়াল সেল ইত্যাদি? এই সমস্ত সেলগুলো সব সমুদ্রের হাওয়ায় উড়ে গিয়েছে। তখন আপনারা সাধারণ মানুষকে কি আশ্বাস দিয়েছিলেন? কারখানা খুলে দেব, এই সব কথাবার্তা তো বলেছিলেন। জ্যোতিবাবু সঙ্গে সঙ্গে ফাইলগুলো আপনাদেরই নেতা অশোকবাবুর কাছে পাঠিয়ে দিয়েছিলেন। 'দ্রব্যগুণে' আচ্ছন্ন থাকলে কোনো মানুষের অনেক কিছুই ভুল হয়ে যেতে পারে, কিন্তু পশ্চিমবাংলার মানুষ তা কখনও ভুলতে পারেন না। ঐ সমস্ত কথার প্রতিটি ছত্রই তাঁদের স্মরণে আছে। ঐ সমস্ত কথা আপনারা স্মরণে রেখেও পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্তির মধ্যে নিয়ে যাবার চেষ্টা করছেন। পশ্চিমবাংলার শ্রমিক শ্রেণী একজোট হয়ে এগিয়ে যেতে চাইছেন, সুব্রতবাবু এগিয়ে আসতে চাইছেন, কিন্তু দুঃখের কথা এই যে ঐ ধরনের ম্যাজিকের কথা—'জলে নামব, জল ছিটাব, কিন্তু জল ছোঁব না' বললে কি সব করা যায়? আন্দোলন করব সবাই, শ্রমিক শ্রেণী একজোট হয়ে লড়াই করবে, অথচ বিপ্লবের ধারকাছ দিয়েও যাব না, এই জিনিস কখনও চলে না। তাই একথা আজ পরিষ্কার যে, আগামী দিনে পশ্চিমবাংলার সাধারণ মানুষের প্রতি যদি বিন্দু মাত্র সত্যিকারের মমতা থাকে, তাঁদের প্রতি মমত্ববোধ থাকে, তাহলে সমস্ত দ্বিধা-দ্বন্দ্ব ছেড়ে দিয়ে পরিষ্কার ভাষায় ও দ্বিধাহীন ভাষায় ঘোষণা করুন

কোনোটা প্রকৃতপক্ষে বাঁচার পথ। পশ্চিমবাংলাকে খুঁচিয়ে খুঁচিয়ে না মেরে বাস্তব পরিস্থিতির কথা চিন্তা করে—একটা গোটা দেশ যেখানে শেষ হয়ে যাচ্ছে—তাকে প্রকৃত বাঁচার পথ দেখান। আমরা জানি, এই দারুণ সংকটের মধ্যে কেবলমাত্র অ্যাসিড টেস্ট করে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার নিজ পথে এগিয়ে চলেছেন খুব সংযত ভাবে। দেশের বাস্তব অবস্থার কথা চিন্তা করে এবং গোটা ভারতবর্ষের মানুষের কথা চিন্তা করে বামফ্রন্ট সরকার এগিয়ে চলেছেন। রুল অফ ল'এর কথা চিন্তা করে আপনারাই বলুন না, কি অবস্থা অন্যান্য রাজ্যে চলছে? ভারতবর্ষের আর কোথায় আছে রুল অফ ল'এর অস্তিত্ব? আর কোনো রাজ্যে তা বস্তুত পক্ষে নেই। গত কালই ঐ বেঞ্চের এক বন্ধু গল্প করছিলেন কোনো এক রাজ্য সম্বন্ধে।

[4-25 — 4-35 P.M.]

আপনাদেরই বেঞ্চ থেকে এক বিশিষ্ট বন্ধু আমাকে বললেন যে ডেপুটি মিনিস্টার হলে ১০ হাজার টাকা স্টেট মিনিষ্টার হলে ২৫ হাজার টাকা এবং ক্যাবিনেট মিনিস্টার হলে ১ লক্ষ টাকা দিতে হবে। সুতরাং অন্যান্য রাজ্যে কি চলছে তা জানতে কারুর বাকি নেই। সেইদিক দিয়ে আপনারা মমতা দিয়ে নিজের দেশের কথা চিন্তা করুন, নিজের রাজ্যের কথা চিন্তা করুন, সংকীর্ণ পার্টিবাজি বা দলবাজি ছাড়ুন। আগামী দিনে আমরা চাই আপনারা পশ্চিমবঙ্গে সঠিক পথ দেখবেন। সেইদিক থেকে আমরা বিরোধী দলের বন্ধুদের সহিষ্ণুতা, সহানুভূতি এই নীতির প্রতি যেন থাকে সেটা চাই এবং যে নীতি গণতান্ত্রিক রীতি-নীতি মেনে চলছে তার প্রতি যেন বিশ্বাস থাকে। আমরা বিপ্লব করে ক্ষমতা দখল করি নি। আমরা সমাজতান্ত্রিক ধাঁচের বুলি আউড়ে ধাপ্পা দিই না তবুও আমরা বলি এই পুঁজিবাদী ব্যবস্থা সর্বস্তরে থাকা সত্ত্বেও আমরা সমাজতান্ত্রিক ধাঁচ রাখার চেষ্টা করেছি। বর্তমান পরিস্থিতিতে প্রত্যেকটি ক্ষেত্রে আমরা চাই এবং আশা করি আপনাদের সাহায্য এবং সহানুভূতি। রাজ্যপালের ভাষণের উপরে বিরোধী বন্ধুদের অনেকে অনেক রকমের সংশোধনী এনেছেন, অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা আমাদের খুবই ভারাক্রান্ত করেছে। রাজ্যপালের ভাষণে মূলত বাস্তব চিত্র তুলে ধরা হয়েছে অত্যন্ত সংক্ষিপ্ত আকারে। আশা করব যে সর্বসম্মতভাবে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করবেন এবং এক সঙ্গে সবাই অংশ নিতে পারব, এই আশা রেখে আমার সময় হয়ে গেছে সুতরাং আমার বক্তব্য এখানেই শেষ করছি।

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, the Governor's speech presented before the House is like a story written by a story writer—a non fiction story which is being sought to be made to be believed by the people of West Bengal that it is a fiction. But, Sir, it is a non-fiction. It is not a truth which is in this document. There is no ideology as my senior colleague Dr. Zainal Abedin has said that there is no direction. There is nothing in this document. What is the policy, what is the direction and what is the ideology ? If it is a document, if it is taken to China, even Karl Marx would look to have a turn in his grave, or Mao TSe Tung would have a turn in his grave. Look at this

Governor's speech that has been presented, in paragraph 29. It says, 'Bifurcation of 24-Parganas district will soon take place'. —this is the Governor's speech.

**Mr. Speaker** : Mr. Khaitan, Governor said that this had already taken place. You may have it corrected.

**Shri Rajesh Khaitan** : I stand corrected. Sir. This is not in the speech which I have read. It is now corrected. Anyway, I wish to make it a point that at the time when book was printed and published this government did not know that it would be bifurcated—this particular district of 24-Parganas - before the Session was to meet. They did not even know or they did not decide that this is going to take place. It is a very said state of affairs. This is the thing which demonstrates the manner in which our Left Front Government in West Bengal is functioning.

Now Sir, I want to highlight 3 or 4 points on the Governor Address. I am glad that the Hon'ble Minister for Local Self Government is present in the House. Sir, I ask you and also the members of this house—can India be saved unless West Bengal is saved ? Can West Bengal be saved unless we save Calcutta ? My conscience and my heart respond in only one way that to save India have to save Calcutta. To save Calcutta you have to save West Bengal. It is an interlinked chain. The Writers Buildings, the Assembly, the Chief Minister and this Government are functioning from Calcutta. Some members of this House reside and work in Calcutta. What is being done to save Calcutta ? You are talking about saving of West Bengal. When this Government cannot save Calcutta, is this Government competent to save West Bengal? The answer is, 'no'. Look at the way as presented in the Governor speech, how they deal with the situation in Calcutta ? This has been mentioned in a paragraph containing 10 lines. What is there in the paragraph 27 ? Look at the way they have been treating Calcutta. Look at the way how things are deteriorating in Calcutta. We talk in a big way about the pollution and environment and Ganga cleaning plan. As a member of this august House I wrote a letter to the Hon'ble Chief Minister on the 25th November. In that letter I expressed my concern about the traffic congestion, waterlogging, poor drainage system, bad road condition, air pollution, and the way the people are suffocating in Calcutta. In this way Calcutta is gradually deteriorating. The way Calcutta is being exploited by a handful of people. In my constituency there is a park and which has been given to a handful of people. It is known to everybody that entire Calcutta is given into their hands. It is also known by the Hon'ble Minister of Local Self Government. I

wrote a letter to the Hon'ble Chief Minister and he replied after a month, on the 26th December. He says "the matter is being looked into". To-day we are in the month of March—what has been looked into ?—nothing. I am ashamed that this Government has looked to nothing. In my letter I had mentioned that the Calcutta Metropolitan and Urban Health Organisation was set up by this Government. All the newspapers reported it on the very day. I wrote this letter on the 25th November that this organisation is only on the paper and it has not been taken into account. Then why do you set up such an organisation ? Why do you fool the people when you do not believe what you say ? That organisation is on the paper and has not done any thing. This is a big volume about your intention contains that you do not have any correct intention and to do correct things and not to reply to this letter which I released to the press because it was not concerned with only one human being but it was concerned with every body of us. It was concerned with every person of West Bengal. I am glad that the Hon'ble Chief Minister acknowledged it and said 'I am getting the matter examined'.

[4-35 — 4-45 P.M.]

But what had happened beyond that—nothing. In a letter I have mentioned that a person connected with the development of a market complex in the underground park in my area is reported to have links with two persons detained under COFE POSA. It is a serious. If we say anything against this, the prompt answer from a private party, the Happy Home, would be 'you the legislators, how dare you speak like this. We will see you. You are damaging us. Do not raise your voice. So, this is the state of affairs.

Sir, those in the government, my friend Mr. Nikhilananda Sar spoke as to the manner in which corruption is going in other States.

(Laughter from the Treasury Bench)

Sir, this is not a laughing matter. If it is so, it concerns you and us both. It is our social fabric which is in danger. We all should be ashamed of it. What is the condition of the city ? We should look to our own house first—that is our city of Calcutta. In this august House on a number of occasions I have mentioned about this. I have also mentioned on three different occasions at Writers' Buildings about the unauthorised constructions in the city. But what has happened—nothing. In Central Calcutta, North Calcutta, South Calcutta in Burrabazar area and everywhere in the city there is acute shortage of water. Water is being sold one or two rupees a bucket. So how can we call this

Government a Government of the downtrodden people. In a building having a capacity of 10 persons are given 100 units of water. But if an unauthorised construction is made and 5 persons are increased then how could they all manage themselves with the same quantity of water? So naturally there will be shortage of water. Are you not responsible, rather answerable, to the people of Calcutta ? Unless you do something for the suffering people of Calcutta how could you improve the condition of the suffering people of West Bengal ? I do not understand. In 1990 Calcutta will attain the age of 300 years. In 1987 the Final of World Cup Cricket tournament will be held here. So the Government should be more careful and do something for the development of this prestigious city.

Now I come to the environment problem. What the Department of Environment is doing ? They are doing nothing. They have only prepared a calendar and distributed the same to the legislators and other people. Nothing has been done with regard to environment—just a calendar. Yes, we are ready to receive the calendar. But no action, no deeds, no effort, no improvement has been done with regard to environment. They should apologise for their failure.

Mr. Speaker sir, in para 5 of the speech there is mention about the fires at Howrah, New Market and at Ganga Sagar Mela for which 35 lives were lost. This Government gives them relief. This government assured the people that they would be rehabilitated—the stall keepers, the poor shop keepers would be rehabilitated within this tear. I along with my Councillors of the area met and approached the Chief Minister as well as the Minister for Local Self Government Department for their rehabilitation. They assured us and we extended our hand of co-operation. We do not like to make it a political issue. We approached them to consider it as a human issue, social issue. It is learnt from the news papers that the stall keepers are coming forward in the road with a slogan—'You the Left Government have taken us in the road. It is on your assurance we withdraw our strike, dharna and satyagraha. We believe your promise and we expect that the government would solved our problems. "It is a human problem. The Government should act properly so that the people can repose their confidence. on the Government.

Now we are in the opposition and participating in the debates. But it is a disgrace that some members from the Treasury Benches are laughing at us—it is not a laughing matter. Mr. Speaker, Sir, this is not a laughing matter. I wish that they should appreciate the seriousness of the matter. They should appreciate that their failures everywhere will not only kill themselves but will also kill the people of the State. It is

not a question of friction—it cannot be. This is the state of affairs. The speech is totally false, totally incorrect and depicts a inhuman stand which has been adopted by this government.

Lastly I oppose the Motion of Thanks and support the amendments tabled by us. Thank you Sir.

**Shri Ramjan Ali :** I first support the motion moved by Shri Sachin Sen, M.L.A. on the Governor's Address presented here on the 3rd March. Sir, I failed to understand why the senior Opposition Leader could not appreciate the Governor's Address. Just now Mr. Rajesh Khaitan Delivered his speech and mentioned that it is not a friction.

**Mr. Speaker :** Mr. Ramjan Ali, when you address a member in the House you should say Hon'ble Member.

[4-45 — 4-55 P.M.]

**Shri Md. Ramjan Ali :** I was submitting that the senior Opposition Leader should appreciate the contention which has been brought before this House in the Governor's speech. It reflects the achievement of the Left Front Government who is running the State within the framework of the Indian Constitution having some limitations. Regarding the law and order position of the State, many things have been said by the Opposition. They say that the rule of jungle prevails here : as honourable Dr. Zainal Abedin has tried to justify it in his speech. But it is not a fact that the rule of law is not prevailing here as compared to other States. This State is maintaining the law and order in the wake of communal disturbances in other Congress ruled States where atrocities are being committed on the scheduled castes, scheduled tribes and the minorities in different parts of the country. This State is only the State which maintains the communal harmony in the wake of large scale disturbances throughout India. It is the positive proof that the law and order exists here, Nowhere in India, you can cite such example of communal harmony which exists in this State. Moreover, the crimes like murder, dacoity and rape along with other crimes are being committed throughout India. If you look over all these things, you will find that the rate of crimes in this State is going downward as compared to other States ruled by the Congress government. What is happening in broad day light in Nawda ? There is fighting between the Bhumisenas and the naxalists in the district of Nawda in Bihar. You will find such things in Meerut and in other parts of the country. But in West Bengal, we are living very peacefully. Honourable members of the Opposition will appreciate this that they have got no trouble while travelling in and around Calcutta. This is a metropolitan city having so many different elements of people. So, how peace could be maintained here ? In Delhi

you will find that it is very difficult after sunset to move with the families, daughters and sisters. There is every chance of being humiliated, even of being raped. Rape cases may happen in a reputed place like Lalkella and such other places. Such news are published in the newspapers daily. In West Bengal, these things do not happen. It is very peaceful here. Here the law and order situation is O.K. There is no doubt about this. In the field of agriculture, there was a vast devastation due to cyclone affecting as many as 61 blocks of seven districts. Still then, the government had been able to recoup all the losses and could almost reach the target of the cultivation area which was fixed at 41 lakhs of hectare. Out of that, 40 lakhs of heactare had been brought under cultivation. You see the enormous plight of people due to the wrong policy of the Government of India. You all know that here jute is the main crop but the jute growers have been widely affected due to the wrong policy of the jute Corporation of India and Government of India. It is often said that India is a country of agriculturists. But there is no proper representation in the Agricultural Prices Commission which has been set up by the Government of India. How you can claim that you have got proper representation in the Government in New Delhi ? Now I shall deal with another point, i.e. the development and achievement of this government in all spheres. It may not be so remarkable but work has been done to a great extent. In the field of rural development which is vital for the interest of the State because major population live in the rural areas, Panchayat system has been introduced in a three-tier system in the rural areas. However, there is some lacuna in the implementation of these works due to some local and infra-structural problems. On one point, I rise to submit before the House that we the MLAs have been deprived of our responsibilities as far as planning is concerned.

We, the MLAs, have no say in the Zilla Parishad or in the Block Level Planning Committee. But the MLAs are very much responsible before the people as representatives of particular areas. But in framing the schemes for the rural development by the Panchayats or by the Zilla Parishads, MLAs have got no say. They have no member in the Planning Committee. This is a very sorry state of affairs. All the MLAs are responsible to the voters for the achievements and failures of their constituencies. So I like to submit that this matter should be looked into by the Government and by the Cabinet so that an MLA finds his right place to apply his mind to the development of his particular constituency and so on.

Moreover, in the field of education, this Government's achievement

is highly appreciable and remarkable and they have done much. Regularisation of the examination system has been arranged by this Government. Before the installation of the Left Front Government there was no regular examination in the universities and in the secondary stage of education. There was anarchism in the field of education Under the Left Front Government, it has been brought under proper system. Many boys and girls were not getting the facilities of education. Now they are getting the facilities of education. A number of schools have been opened within this year and many of the schools have been recognised in the rural areas. In those areas where there were necessities, we have given more recognition. One thing I like to submit before the House, otherwise I shall be failing to discharge my obligations. We are now very much advocating for more economic powers for the States. This is a very good thing. We are all in the same field with the Government of this issue. We are fighting for this. As far as the question of regional imbalances is concerned, it exists. It exists from State to State, from district to district, and it also exists from block to block. So regional imbalances should be removed to bring at par the population of the State in the sphere of development and for this regional boards should be constituted for the development of the various regions which are backward in the sphere of education and in the sphere of road communication and many other things. It is a very sordid state of affairs in my district. I represent that area which belonged to Bihar prior to 1956 and it was ceded to West Bengal on the basis of the recommendation of the SRC Commission and after the transfer of this territory, there has been no development in that area worth the name. Few schools have been recognised no doubt and some of them are running by the villagers. There is no pucca road constructed in the Islampur area by the Government. There are 19 schools running here whereas in other sub-divisions there are 63 high schools. But the population is the same. What is the way of bringing them at par in education and in other fields ? So I humbly trust that there should be some master planning here, and, there should be some schemes so that the backward areas could be brought at par with the other areas which are developed. Now I like to submit before the House in appreciation of the Governor's Address that has been done in the spheres of industries also.

[4-55 - 5-05 P.M.]

Some sick industries have been re-opened in some districts but here is a difficulty. That is, when these are taken over and nationalised pre-take-over liabilities will remain because Central Assistance is not

always available in time. So it is very difficult for our Government to take over these sick industries in proper time. If proper share from the Centre is not received in time it would be a burden on the part of our Government to take action on this as our economy is very poor i.e. our economic condition is not good. So we must get our proper share form the Centre timely. In regard to some of our planning also same thing happens. In this case also we do not get our dues in due time. So it cannot be executed in time. The other day our Leader of the Opposition was saying that resources could not be utilised timely but I would say that there are no lapses on the part of our Government but the difficulty which has been created by the Central Government is non-releasing the fund in due time. when it is available from the Centre it is received after the expiry of the time. Therefore, it cannot be utilised by such a short time. To implement it there is the necessity of machinery but the machinery does not get time to execute in time. How it is possible to utilise the fund released by the Centre at the latter part of the year ? When the State is in need the fund is not released in proper time and so this manner fund is being released but still then the opposition members are saying that the State Government has failed to mobilise the resources and utilise the fund released by the Central Government.

Now I would say about Scheduled Caste and Scheduled Tribes. In the field of Scheduled Castes and Scheduled Tribes Government have undertaken many schemes, such as, Special Component Plan, Tribal Sub-Plan and many other things. There has been a tremendous success on the part of our Government, It has done many things for them. Training and schooling facilities have been given. Food and hostel grant have been given and many hostels have been constructed for them. Such things were not done by the previous Government. So I find no point at all to oppose the Governor's Address and I hope all the honourable members even the members of the opposition will support this speech. Thank you, Sir.

**শ্রী সামসুদ্দিন আহমেদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহাশয় যে ভাষণ এখানে রেখেছেন তার কপি আমি পড়ছিলাম। স্যার, এটা তো রাজ্যপাল মহাশয়ের কথা নয়, বামফ্রন্ট সরকার এটা লিখে দিয়েছেন এবং রাজ্যপাল মহাশয় তা এখানে এসে পড়েছেন। এখানে ল অ্যান্ড অর্ডার সম্বন্ধে, বলতে গিয়ে বলা হয়েছে "Overall law and order situation in the state continued to be generally satisfactory." এখানে জেনারেলি কথাটা ব্যবহার করা হ'ল কেন? তার মানে দ্বিধা আছে। বামফ্রন্ট সরকারের সাহস নেই সব কথা বলার। স্যার, ল অ্যান্ড অর্ডার সম্বন্ধে এখানে অনেক কথা বলা হয়েছে কাজেই আমি আর সে সম্বন্ধে বলে তিক্ততা বাড়াতে চাই না। তারপর বলা হয়েছে "three-tier

Panchayat Raj bodies now in their second terms of five years continue to function as strong and viable agencies for rural development" এখানেও স্যার, একটু গুলিয়ে ফেলা হয়েছে। জেলা পরিষদ থাকছে উপরে তারপর পঞ্চায়েত সমিতি, গ্রামপঞ্চায়েত, মাঝখানে যে টায়ারগুলি হয়ে গিয়েছে সেটা হচ্ছে, বি. পি. সি. ডি. পি. সি. ডি. পি. সি. সি যেটা রমজান আলি সাহেব ক্ষোভ করে বলছিলেন যে এম. এল. এ রা তাতে নেই। আমি বলছি, জেলা পরিষদের যে স্থায়ী সমিতি রয়েছে সেই স্থায়ী সমিতির তাহলে ফাংশন কি থাকল? স্থায়ী সমিতিগুলির ফাংশন অটোমেটিক্যালি শেষ হয়ে গেছে, অথচ বলা হচ্ছে র‍্যাটিফাই, র‍্যাটিফাই র‍্যাটিফাই। ডি. পি. সি, ডি. পি. সি. সি'র ব্যাপারে বামফ্রন্ট সরকারের কোনো ক্লিয়ার আইডিয়া নেই যে এদের কার কি ফাংশান। আমরা বিভিন্ন মিটিংয়ে প্রশ্ন করেছি কিন্তু কোনো ক্লারিফিকেশান পাইনি। পঞ্চায়েতকে একটা স্ট্রং বডি বলা হয়েছে। কিন্তু পঞ্চায়েতের স্ট্রং বডিটা, স্ট্রং এজেন্সিটা কোথায়? অর্থাৎ আর একটা থ্রি টায়ার মাঝখানে ঐ থ্রি টায়ারের কার্যকলাপ সব গোলমাল হয়ে যাচ্ছে। আপনাকে আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে, এডুকেশনের ব্যাপারে যে স্থায়ী সমিতি জেলা পরিষদে আছে সেখানে দেখছি যে বিভিন্ন স্কুল আপ গ্রেডেশনের ব্যাপারে যে অ্যাপলিকেশন আসছে বিবেচনার জন্য সেগুলি সুপারিশ করে পাঠানো হয় কিন্তু সেগুলি কোনো ডাস্টবিনে যাচ্ছে সেটা কেউ বলতে পারে না, এমনকি ডি. আই. পর্যন্ত বলতে পারেন না। আর একটা কথা এখানে বলতে চাই। আমি টেকনিক্যাল ব্যাপারে বেশি যাবনা আমার সময় খুব কম। কিন্তু একটা অদ্ভুত ব্যাপার, প্রাইমারি স্কুল বিল্ডিং কন্সট্রাকশন হবে সে জন্য টাকাগুলি দেওয়া হবে জেলাপরিষদকে। আর সিলেকশনের জন্য বলে দেওয়া হল কাকে? সিলেকশন বোর্ড করা হল না কি করা হল জানিনা, ডি. আই প্রাইমারি প্লাস প্রেসিডেন্ট অ্যাড হক ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড এবং আরো সকলে মিলে সাইট সিলেকশন করবেন এবং প্ল্যান করে ঐ ব্যাঙ্কের মতো বলা হল যে ঐ ব্যাঙ্ক চেক দিলাম, টাকাগুলি দিয়ে দাও। অর্থাৎ সিলেকশনগুলি আমরা করলাম, আর তুমি টাকা দিয়ে দাও। এটা কিরকম হল? তা যদি হয় তাহলে টাকাগুলি দেওয়া উচিত ছিল হয় স্কুল বোর্ড বা ডিপার্টমেন্টকে, আর না হয় পুরোপুরি সব কিছু দেওয়া উচিত ছিল জেলাপরিষদকে। আজকে এই স্থায়ী সমিতিগুলির ফাংশান কি আছে, এর গুরুত্ব কি আছে এর মাঝখানে? গভর্নর যে কথা বলেছেন যে এরা স্ট্রং এজেন্সি কিন্তু আমি বলছি যে এই স্ট্রং এজেন্সির মাঝখানে ৬টি টায়ার হয়েছে—থ্রি টায়ার প্লাস থ্রি টায়ার এবং যার ফলে সব কিছু গোলমাল হয়ে গেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইরিগেশনের কথা একটু বলি। মেজর ইরিগেশন দক্ষিণ বঙ্গের সব চেয়ে বড় হাতিয়ার। কিন্তু উত্তর বঙ্গের অবস্থাটা কি? উত্তর বঙ্গে মেজর ইরিগেশন নেই। বহুদিন ধরে শুনছি যে তিস্তা, তিস্তা, তিস্তা। ৫ কোটি টাকা না কি কত কোটি দিয়েছে তারপরে সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দিচ্ছে না বলে হচ্ছে না বলা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলতে চাই যে আমরা মাইনর ইরিগেশনেও সুবিধা করতে পারছি না। উত্তর বঙ্গে তিস্তা আমাদের একমাত্র ভরসা। সেই তিস্তা কোথায় সেটাও আমরা খুঁজে পাচ্ছি না। উত্তর বঙ্গকে তিস্তাকে দেখিয়ে বহুদিন ধরে রাখা হয়েছে। মুর্শিদাবাদও পাচ্ছে না। সেখানে খালের জল কোথায় আছে? বীরভূম, বর্ধমান, মুর্শিদাবাদের মাননীয় সদস্যরা বলুন? আর আমাদের উত্তরবঙ্গে নদী নালা প্রায় নেই, সেখানে মাটির তলার জলই ভরসা। এখানে ডিপ

টিউবওয়েল, স্যালো টিউবওয়েল এবং সামান্য কিছু রিভার লিফট-এর জলই ভরসা। বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী ঐ সেনগুপ্ত মহাশয় তিনি মালদহে গিয়েছিলেন। সেখানে নাকি তিনি আমাদের অসামি করে এসেছেন যে আমরা না কি সব তার-টার চুরি করে নিয়েছি। মুর্শিদাবাদ, পঃ দিনাজপুর এবং মালদহ—এই তিন জেলায় আমাদের আসামি করে এসেছেন, সেখানে নাকি সব চেয়ে বেশি তার চুরি হয়েছে। কিন্তু আমি জানতে চাচ্ছি যে আপনি তার টানলেন, সব কিছু করলেন কিন্তু মেনটেনান্স কে করবে?

[5-05—5-15 P.M.]

একটি ডিপ টিউবওয়েল বা স্যালো টিউবওয়েলের মেনটেনেন্স হচ্ছে না। মুর্শিদাবাদ জেলার কালিয়াচক কেন্দ্রের ১৮'টি ডিপ টিউবওয়েলের মধ্যে মাত্র একটি ফিল্ডে চালু আছে। বাকি গুলির কোনো কিছু নেই, ঘর নেই, তার নেই, কিছু নেই। রিভার লিফট টিউবওয়েল ডাঙ্গায় পড়ে আছে, কারণ নদীতে জল নেই, অথচ কর্মচারিরা বসে বসে মাইনে পাচ্ছে। সেচ ক্ষেত্রে তো এই অবস্থা চলছে। উত্তরবঙ্গে সেচের যেখানে এই অবস্থা সেখানে তিস্তা প্রকল্পের কাজ তরান্বিত না হলে গোটা উত্তরবঙ্গ মরুভূমিতে পরিণত হবে। দক্ষিণ বাংলায় খালের জল আছে, ডি. ভি. সি. আছে, কংসাবতী আছে, অনেক কিছু আছে, থাক, তাতে আমাদের কোনো আপত্তি নেই, কিন্তু তাতে উত্তর-বঙ্গের কোনো লাভও নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গত বার এই বিধানসভায় আলোচনা হয়েছিল, হেলথ সেন্টার থেকে শিশুকে কুকুরে নিয়ে গিয়েছে। আমার এলাকায় এই জিনিস ঘটেছিল। আজও সেখানে হেলথ সেন্টারে কোনো বাউন্ডারি ওয়াল নেই, লেবার রুম নেই, ফেনসিং নেই, ফলে এখনো সেখানে কুকুর ঢুকছে, গরু ঢুকছে, সাপ ঢুকছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অথচ রাজ্যপালের ভাষণের মধ্যে এই সব অব্যবস্থার প্রতিকারের কোনো উল্লেখ নেই। আমি মনে করি এগুলি থাকা উচিত ছিল। আজকে আমাদের সব চেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে স্বাস্থ্য অথচ সেই স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে এই ভাষণের মধ্যে বিশেষ কোনো উল্লেখ নেই, দু' একটি কথা দিয়েই সব শেষ করা হয়েছে। প্রাইমারি এবং সাবসিডিয়ারি হেলথ সেন্টার গুলিতে অবিলম্বে বাউন্ডারি ওয়াল দেওয়া এবং অন্যান্য ব্যবস্থা করা উচিত। গ্রামের মানুষকে যদি কিছুটা চিকিৎসার সুযোগ দিতে হয় তাহলে সেগুলি উন্নতি দরকার। শহরে অনেক হাসপাতাল আছে, মেডিক্যাল কলেজ আছে, কিন্তু গ্রামের ব্যাপারে সেই বৈষম্য এখনো চলছে। সে দিকে এই সরকারের কোনো নজর নেই। সদ্যজাত শিশু হাসপাতাল থেকে কুকুরে নিয়ে যাচ্ছে! অথচ রাজ্যপালের ভাষণের মধ্যে এ বিষয়ে কোনো উল্লেখ নেই। কেন নেই তা আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে জানতে চাইছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পাওয়ার সম্বন্ধে আর দু একটি কথা বলতে চাই। মাননীয় বিদ্যুৎ-মন্ত্রী ১৫ই, ফেব্রুয়ারি মালদহে গিয়েছিলেন এবং আমাদের নিয়ে মিটিং করেছিলেন। তিনি সেখানে মন্তব্য করেছিলেন যে, তিনটি জেলায় সব চেয়ে বেশি চুরি হচ্ছে। সেই তিনটি জেলা হচ্ছে মালদহ, মুর্শিদাবাদ এবং পশ্চিম দিনাজপুর। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করি মাননীয় মন্ত্রী মহাশয় কি এই তিনটি জেলার ভৌগলিক অবস্থানের কথা ভুলে গিয়েছেন? এই তিনটি জেলা হচ্ছে বর্ডার এলাকা। স্যার, আপনি জানেন এই

তিনটি জেলায় '৭১ সালের বাংলাদেশ লিবারেশনের সময় অনেক অবৈধ অস্ত্র ঢুকে গিয়েছে। অস্ত্রশস্ত্র নিয়ে সেখানে বহু গ্যাং পর্যন্ত ঢুকে গিয়েছে। এমন কি সেখানে ৩৩ কে. ভি. তার কাটার গ্যাং পর্যন্ত আছে। সব চেয়ে দুঃখের বিষয় হচ্ছে এই বামফ্রন্ট সরকারের আশ্রয়ে—বামফ্রন্টের বড় দলের আশ্রয়ে—তারা শুধু মাত্র পশ্চিম বাংলায় নয় আন্তর্জাতিক গ্যাং হিসাবে চালু লাইনে বিভিন্ন জায়গায় তার কাটছে। তারা বন্দুক নিয়ে, রাইফেল নিয়ে এই সমস্ত কাজ করছে। সব চেয়ে আশ্চর্য হয়ে যাই যখন দেখি ইলেকট্রিসিটি বোর্ড তার যে কাটা যাচ্ছে তা স্বীকার করছে না। তাই আমি বলতে চাই এই সমস্ত গুরুত্বপূর্ণ বিষয়ের আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে কোনো উল্লেখ নেই।

এই সমস্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের এই ভাষণের মধ্যে উল্লেখ না থাকার জন্য আমি এই ভাষণকে সমর্থন করছি না। বরঞ্চ যে সব অ্যামেন্ডমেন্টগুলি এসেছে সেগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় স্পিকার স্যার, মহামান্য রাজ্যপালের ভাষণ আমি পুঙ্খানুপুঙ্খ ভাবে পড়েছি এবং এই রাজ্যপালের ভাষণের মধ্যে যে মূল কথা প্রতিফলিত হয়েছে তাহল এই যে, বামফ্রন্ট সরকারের বিগত যে কর্মসূচী সেই কর্মসূচীর সাফল্যের কিছু হিসাব-নিকাশ এবং সঙ্গে সঙ্গে বর্তমান আর্থ সামাজিক কাঠামোর মধ্যে থেকে যে সমস্ত ইতিবাচক কাজ করে যাব তার একটা রূপরেখা আঁকা হয়েছে। স্বভাবতই এই বক্তব্য আমাদের দেশের আর্থ সামাজিক যে পরিবেশ তার সঙ্গে অত্যন্ত বাস্তবানুগ। সেইজন্য আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সর্বপ্রথম শিক্ষা প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই। কারণ বিরোধিপক্ষের যে আক্রমণ ছিল সেটা মূলত কয়েকটি বিষয়ের মধ্যে নিবদ্ধ রেখেছে এবং তার মধ্যে শিক্ষা হচ্ছে অন্যতম। এই ব্যাপারে কিছু পরিসংখ্যান দেওয়া দরকার কারণ পরিসংখ্যানের ভিতর দিয়ে শিক্ষাক্ষেত্রে বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি এবং সর্বজনীন শিক্ষা প্রসারের জন্য বামফ্রন্ট সরকারের যে কর্মসূচী সেই কর্মসূচীটা বোঝা যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৬/৭৭ সালে তদানীন্তন কংগ্রেস সরকার শিক্ষাখাতে মাত্র ১১৪ কোটি টাকা বরাদ্দ করতেন। এই শিক্ষা সঙ্কোচনের যে নীতি ওদের ছিল আমরা তার বিরোধী। আমি যখন ছাত্র ছিলাম এবং পরবর্তীকালে যখন শিক্ষক হলাম এরজন্য আমাদের আন্দোলন সংগঠিত করতে হয়েছিল। আমি তুলনামূলক ভাবে এই ব্যাপারে আলোচনা করতে চাইছি। ১৯৮৫/৮৬ সালে বামফ্রন্ট সরকারের শিক্ষাক্ষেত্রে বাজেট ছিল ৫২০ কোটি টাকা। এটা হচ্ছে রাজ্য বাজেট। ২৩ ভাগ শিক্ষাক্ষেত্রে ব্যয় করা হয়েছে। শিক্ষাকে সর্বস্তরের জনগণের মধ্যে পৌঁছে দেবার জন্য বামফ্রন্ট সরকার শিক্ষার উপর গুরুত্ব দিয়েছিলেন। কিন্তু কেন্দ্রীয় সরকার কি করেছিলেন? কেন্দ্রীয় বাজেটে যা বরাদ্দ হয় তার মোট বাজেটের ১ ভাগ মাত্র শিক্ষাক্ষেত্রে বরাদ্দ করেছিলেন। কাজেই এর থেকে দৃষ্টিগত পার্থক্য বোঝা যাচ্ছে। এই পরিসংখ্যানের মাধ্যমে তা পরিস্ফুট হয়েছে। এবারে রাজ্যপালের ভাষণের মধ্যে যে ৫০০ নতুন জুনিয়ার হাইস্কুল খোলার কথা বলা হয়েছে সেই প্রসঙ্গে আমি আমার বক্তব্য রাখছি। এই স্কুলগুলি স্থাপনের ক্ষেত্রে একটা সুনির্দিষ্ট নীতির প্রয়োজন আছে। সুনির্দিষ্ট নীতি ছাড়া যদি স্কুলগুলি স্থাপন হয়ে যায় তাহলে আমরা এই ৫০০ স্কুল স্থাপনের মধ্য দিয়ে যে ফল পেতে চাচ্ছি সেই ফল কিন্তু আমরা পাব না। এখনও পর্যন্ত স্কুলের স্থান

নির্বাচন অর্থাৎ কোনো জায়গায় স্কুল হবে এইসব ক্ষেত্রে সুনির্দিষ্ট নীতি নেই। আমরা দেখছি, যে ইন্সপেকটিং টিম আছে—আজ থেকে ১০/১৫ বছর আগে যে বিদ্যালয়গুলি প্রতিষ্ঠিত হয়েছে প্লাস ২ স্যাংশান হয়ে গেছে—এইসব স্কুল পরিদর্শন করা বা অনুমোদন পাওয়ার সম্ভাবনা দেখা যাচ্ছে না। সুতরাং এইসব ক্ষেত্রে দৃষ্টিভঙ্গির তফাৎ আছে। সুতরাং যদি দৃষ্টিভঙ্গির ক্ষেত্রে প্রসারতা না থাকে তাহলে আমরা যে ফল পেতে চাচ্ছি সেই ফল আমরা পাব না। স্বভাবতই এই প্রসঙ্গটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পশ্চিমবাংলায় শিক্ষার প্রসারের জন্য, যেহেতু প্রাথমিক শিক্ষা প্রসারের ফলে বহু ছাত্র-ছাত্রী প্রাথমিক শিক্ষা লাভ করে মাধ্যমিকে চলে যাচ্ছেন কিন্তু নতুন স্কুল তারা পাচ্ছে না। সুতরাং মাধ্যমিক স্কুলে যাতে তারা ভর্তির সুযোগ পায় তারজন্য দৃষ্টি দিতে হবে। তাছাড়া যে সমস্ত স্কুল নির্বাচন হচ্ছে সেখানে দলীয় দৃষ্টিভঙ্গি এত প্রকট হয়ে উঠছে যে বলবার কথা নয়। শিক্ষাক্ষেত্রে বামফ্রন্টের সাফল্য আজকে সর্বজন স্বীকৃত। কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা বলতে হবে বিশ্ববিদ্যালয়ে যে পরিস্থিতি চলছে সেগুলির প্রতি দৃষ্টি দিতে হবে। শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী এ ব্যাপারে আবেদন জানিয়েছেন এবং দুঃখ প্রকাশ করেছেন। যে বিশ্ববিদ্যালয়ে দাবি-দাওয়ার নামে যে আন্দোলন হয়—নিশ্চয়ই গণতান্ত্রিক আন্দোলনের প্রতি আমাদের সমর্থন আছে—সঙ্গে সঙ্গে একথাও মনে রাখতে হবে বিশ্ববিদ্যালয়ের যে রাজনীতি তা কলকারখানার রাজনীতির মতো হবে না। এটা স্বাভাবিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ অক্ষুন্ন রাখার জন্য, অব্যাহত রাখার জন্য আমাদের সজাগ দৃষ্টি আছে, চেষ্টা আছে। মন্ত্রিসভাকে এ ব্যাপারে কঠোর দৃষ্টিভঙ্গি নিয়ে অগ্রসর হতে হবে। দাবি-দাওয়া নিশ্চয়ই থাকবে কিন্তু মৌলিক পার্থক্য থাকবে। কলকারখানার যে আন্দোলন সেই আন্দোলনের পথে নয় একথা নিশ্চয়ই মনে রাখতে হবে। এবার বিদ্যুতের কথায় আসি। এ বিষয়ে কোনো সংশয় নেই যে কংগ্রেস আমলে যে বিদ্যুৎ উৎপন্ন হত তার দ্বিগুণ উৎপন্ন হচ্ছে এখন।

[5-15 – 5-25 P.M.]

আপনি এটাও জানেন ১৯৫০ সালে স্বাধীনোত্তর ভারতবর্ষে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উৎপাদনে সর্বশ্রেষ্ঠ স্থান অধিকার করেছিল। কিন্তু পরবর্তীকালে যে সমস্ত কংগ্রেস সরকারগুলি এসেছিল তাদের দূরদর্শিতার এবং পরিকল্পনার অভাবের ফলে আজকে বিদ্যুৎ সংকট তৈরি হচ্ছে, এক দিনে হয় নি। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে, বিদ্যুতের চাহিদা মেটাতে গেলে যে দীর্ঘকালীন পরিকল্পনার দরকার তা তাঁরা গ্রহণ করেন নি, যার ফলে আজকে এই বিদ্যুৎ সঙ্কট হচ্ছে। আধুনিক যুগে, আজকের দিনে বিদ্যুতের অপরিহার্যতা সম্পর্কে কোনো প্রশ্ন নেই, সেই কারণেই আমার বক্তব্য হচ্ছে এই যে দীর্ঘকালীন পরিকল্পনাগুলিকে সফল এবং দ্রুত করে বিদ্যুৎ প্রকল্পগুলির রূপায়ণ ত্বরান্বিত করার দিকে তাঁদের দৃষ্টি দিতে হবে। সঙ্গে সঙ্গে আমি আর একটা কথা বলব, সেই কথাটা প্রাসঙ্গিক বলেই উল্লেখ করছি, গ্রামীণ বৈদ্যুতিক প্রকল্পে আমরা সর্বত্র দেখি—যদিও রাজ্যসরকারের পুরোপুরি দায়িত্ব নেই—যা আমরা অনেক সময় দেখি যে গ্রামীণ বৈদ্যুতিক প্রকল্পের জন্য যে টাকা পাওয়া যাচ্ছে সেই টাকা ফেরত যাচ্ছে। রাজ্য সরকারের প্রত্যক্ষ দায়িত্ব নেই বিদ্যুৎ পরিস্থিতির দায়িত্ব, তাকে আমরা ব্যবহার করতে পারছি না, এদিকে কিন্তু ঐ দপ্তর এবং তার ভারপ্রাপ্ত মন্ত্রীকে নজর দিতে হবে। কারণ গ্রামীণ বৈদ্যুতিক প্রকল্পে যে টাকা আসছে তাকে পরিপূর্ণভাবে কাজে লাগাতে পারলে শুধু

গ্রামের ঘরে ঘরেই বিদ্যুৎ পৌছাবে না, কৃষির উন্নয়নের জন্য এবং তার বিকাশের জন্য কৃষির ক্ষেত্রে বিদ্যুতকে পৌছে দিতে পারলে যে কাজ সেই কাজ ত্বরান্বিত হবে। মাননীয় স্পিকার মহাশয়, শিল্পের ক্ষেত্রে আমি যাচ্ছি না, বিশেষ করে সল্ট লেক ইলেকট্রনিক্স, এবং হলদিয়া পেট্রোকেমিক্যালসের মধ্যে দিয়ে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এ ব্যাপারে কোনো সন্দেহ নেই এবং সঙ্গে সঙ্গে যে বিষয়টি নিয়ে বহু বিতর্ক হচ্ছে যে যৌথ উদ্যোগ এবং বহু জাতিক কর্মসংস্থানের ক্ষেত্রে বিতর্ক অনেকদিন ধরে চলবে এবং বিগত প্রশ্নের ফল কি হবে তা ভবিষ্যতের গর্ভে, ভবিষ্যত তার বিচার করবে। আমি ব্যক্তিগতভাবে এই মুহুর্তে মনে করি যে বামফ্রন্টের নেতারা সিদ্ধান্ত গ্রহণ করেছেন বাধ্য হয়ে। সারকামস্ট্যানসিয়াল কমপালসন হিসাবে গ্রহণ করেছেন, কিন্তু তার রেজাল্ট কি হবে এই মুহূর্তে বিতর্কিত এবং সে প্রসঙ্গে আমি যাচ্ছি না। শিল্প প্রসঙ্গে রাজ্যপালের ভাষণে যে সব কথা উল্লেখ করা হয়েছে তার মধ্যে ঐ মুর্শিদাবাদ জেলা, উত্তরবঙ্গ, নদীয়া ইত্যাদির কথা নেই এবং সবচাইতে আফশোষ এবং পরিতাপের বিষয় এই যে এই বিধানসভার কক্ষে প্রয়াত শিল্প বাণিজ্য মন্ত্রী শ্রদ্ধেয় কানাই লাল ভট্টাচার্য মহাশয় বেলডাঙ্গা চিনির কারখানার কথা বলেছিলেন, অনগ্রসর জেলাগুলিতে শিল্প স্থাপনের জন্য বামফ্রন্ট সরকার যে প্রতিশ্রুতি বদ্ধ ছিলেন কার্যত সেইসব কার্যকর হচ্ছে না এই বিষয়গুলির প্রতি দৃষ্টি দিতে হবে। শিল্পের সুষম বিকাশ যাতে হয় সেদিকে আমাদের দৃষ্টি নিবদ্ধ করতে হবে এবং তার মধ্যে এই সীমিত ব্যবস্থা এবং ক্ষমতার মধ্যে বামফ্রন্ট সরকার তার কর্মসুচীকে সফল করতে পারবেন। স্বাস্থ্য কেন্দ্রের ব্যাপার অনেক অগ্রসর হচ্ছে, শয্যা সংখ্যা বেড়েছে পরিসংখ্যান সে কথা বলবে, কিন্তু হাসপাতালগুলির দিকে নজর দেওয়ার দরকার আছে। হাসপাতালগুলিতে প্রশাসন ভেঙ্গে পড়েছে এ বিষয়ে কোনো সন্দেহ নেই। আমরা এমনও দেখেছি সঙ্কটজনক রোগীকে ভর্তি করতে গেলে মন্ত্রীর চিঠিতেও কাজ হয় না। হাসপাতালগুলির কর্তাব্যক্তিরা কোনো প্রশাসন মানতে চাননা। এই সব বিষয়গুলিকে অত্যন্ত কঠোর ভাবে এবং দৃঢ়তার সঙ্গে দেখতে হবে। তা না হলে আজকে সাধারণ মানুষ চিকিৎসার সুযোগ থেকে যে ভাবে বঞ্চিত হচ্ছে তার ফলে মানুষের মনের মধ্যে একটা ক্ষোভ তৈরি হচ্ছে, রাজ্য প্রশাসনকে সেই বিষয়গুলি দেখতে হবে। এখানে ওঁরা আইন-শৃঙ্খলার কথা বলেছেন এবং আইন-শৃঙ্খলার সম্বন্ধে যা বলেছেন তার সঙ্গে আমি একমত নয়। আমার বন্ধু শ্রী নিখিলানন্দ সর মহাশয় সঙ্গত ভাবেই বলেছেন যে পশ্চিমবাংলায় কংগ্রেসিরা থাকবে, কংগ্রেসের ভিত্তি থাকবে আবার এখানে আইন শৃঙ্খলাও থাকবে এটা হতে পারে না। ওঁদের সভাপতি শ্রী প্রিয়রঞ্জন দাশমুন্সী মহাশয় বলেছেন হাত, পা, ভেঙ্গে যাক তবুও সংগঠন চলবে, ওঁদের কোন্দল এবং দৈনন্দিন মারামারি থেকেই বোঝা যায় যে ওঁরা কোনো জায়গায় আছেন। স্বভাবতই এই ব্যবস্থার মধ্যে থেকে আইন শৃঙ্খলার ব্যাপারে আমরা একেবারে আমাদের ইপ্সিত লক্ষ্যের মধ্যে পৌছেছি এ কথা আমরা কেউই মনে করি না। কিন্তু আমি মনে করি আজকে বিভিন্ন শহরে, কলকাতা এবং মফস্বল শহরে মস্তান রাজ নয়, মস্তান সাম্রাজ্য তৈরি হয়েছে। সেই মস্তান রাজেরা হচ্ছে ধনতান্ত্রিক ব্যবস্থার উপজাত সন্তান। ধনতান্ত্রিক ব্যবস্থার ফসল হচ্ছে এই মস্তান এবং এই ধরনের লুমপেন ক্লাশ তৈরি হয়ে যাচ্ছে। আমি সঙ্গে সঙ্গে এই কথা বলছি যে আইন শৃঙ্খলার জন্য সাধারণ মানুষ নিশ্চয় বিব্রত নয়, মস্তানরা যে মারামারি করে তাতে সাধারণ নাগরিকের শান্তি বিঘ্নিত হয় না, তবু একটা আতঙ্ক তৈরি হয়। বিভিন্ন শহরগুলিতে নৈহাটি, কৃষ্ণনগর সর্বত্র যে অবস্থা চলছে মস্তানবাজি

চলছে তার বিরুদ্ধে অত্যন্ত দৃঢ়ভাবে আমাদের মোকাবিলা করতে হবে। ঐ নবদ্বীপের যে সব ঘটনার সংবাদ পাই, সে ব্যাপারে সতর্ক হবার দরকার আছে। যে মস্তানদের হাত সর্বত্র প্রসারিত হয়, আজকে তারা যদি আইন-শৃঙ্খলা রক্ষায় ভূমিকা গ্রহণ করে তাহলে ফল মারাত্মক হবে। এদের রুখতে না পারলে গণতান্ত্রিক আন্দোলন ক্ষুন্ন হবে। তবে সামগ্রিক ভাবে আইন-শৃঙ্খলা ক্ষুন্ন হয়নি এটা বলতে পারি। সঙ্গে সঙ্গে বলব, শহর কলকাতায় এই ধরনের বিভিন্ন যে মস্তান সাম্রাজ্য গড়ে উঠেছে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তা যদি করা যায়, শান্তিপ্রিয় মানুষ অব্যাহতি পাবে। পরিশেষে বলতে চাই, পঞ্চায়েতের বিরুদ্ধে ওঁরা আক্রমণ করছিলেন। কিন্তু একথা বলতে পারি, পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে ক্ষমতা বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে রাজ্যের সাধারণ শ্রমজীবি মানুষের মধ্যে একটা অধিকার বোধ তৈরি হয়েছে। আজকে গ্রাম থেকে পঞ্চায়েত স্তরে নির্বাচিত প্রতিনিধিরা পরিকল্পনা রচনা করছেন, আপন অর্থনীতিকে সুদৃঢ় করবার পরিকল্পনাও তাঁরা নিজেরাই গ্রহণ করতে পারছেন এবং তার ফলে ব্যাপক সাধারণ মানুষ আজকে রাষ্ট্রযন্ত্রের সঙ্গে যুক্ত হয়ে যাচ্ছেন। এই ব্যাপারটা কংগ্রেস রাজত্বের অতীত জমানাতে কল্পনার বাইরে ছিল। আজকে ক্ষমতার বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে সাধারণ মানুষের মধ্যে জাগরণ সৃষ্টি হয়েছে এবং সেই জাগরণের ফলে আজকে বামফ্রন্ট গ্রামে-গঞ্জে প্রতিষ্ঠিত হয়েছে। শহরের মানুষের জন্য এখানে ডি. এ ঘোষণা করা হয়েছে, বেতন বেড়েছে, তাঁদের অর্থনীতি দৃঢ় হয়েছে। কিন্তু মধ্যবিত্ত মানুষ দোদুল্যমানতায় ভোগে। আজকে জীবনযাত্রার উপকরণের পরিমাণ যেভাবে বেড়ে যাচ্ছে সেই চাহিদা নিশ্চয়ই বামফ্রন্ট সরকার পূরণ করতে পারেনি। অবশ্য এ কারণে বামফ্রন্ট বিরোধিতা দেখা দিতে পারে বলে আশঙ্কিত হবার কারণ নেই। মধ্যবিত্ত মানুষের এই কেন্দ্রমুখীনতার কারণে হয়ত এই সরকার তাদের সন্তুষ্ট করতে পারেনি, কিন্তু গ্রামের গরিব মানুষ-শ্রমিক, কৃষক, ক্ষেতমজুর, বর্গাদার—সেইসব মানুষ তাদের জীবনযাত্রা নির্বাহের জন্য ন্যূনতম যা প্রয়োজন সেটুকু তারা লাভ করেছে। আজকে গ্রামে শ্রমদিবস সৃষ্টি হয়েছে, সম্পদ তৈরি হয়েছে এবং গ্রামের মানুষের ন্যূনতম যা প্রয়োজন—সেটা তারা আজ উপার্জন করছেন। তার প্রমাণ হিসাবে যে কথা আমরা বার বার বলে থাকি, কংগ্রেস আমলে প্রতি বছরই খাদ্য আন্দোলন হ'ত, কিন্তু আজকে গ্রামের মানুষ খেতে পাচ্ছে না—এই আওয়াজ উঠছে না। বামফ্রন্ট সরকারের এই সাফল্যের কারণেই আজকে কংগ্রেসের আজ এত অভিযোগ। সেইজন্য মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণকে সমর্থন করছি এবং বিরোধী দলের পক্ষ থেকে যেসব সংশোধনী প্রস্তাব তোলা হয়েছে—সেগুলো অত্যন্ত উদ্দেশ্যমূলক বলে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনুপকুমার চন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে বিতর্ক তাতে অংশ গ্রহণ করে প্রথমে একটি কথা বলতে বাধ্য হচ্ছি যে, রাজ্যপালের ভাষণের নামে বামফ্রন্ট সরকারের রচিত যে বিবৃতি আমরা পেয়েছি তাতে মিথ্যা, ভিত্তিহীন ও অতিরঞ্জিত সাফল্যের চিত্র আঁকা হয়েছে। এতে আইন-শৃঙ্খলার পরিস্থিতি বলা হয়েছে বিশেষ উন্নত। যদি রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিশেষ উন্নতই হয়ে থাকে তাহলে আমরা নিশ্চয়ই এই মর্মে নির্দেশ দিতে দেখতাম না যে, লালবাজারে রিপোটারদের প্রবেশ নিষিদ্ধ! সরকার থেকে যে পুলিশ অফিসারকে দায়িত্ব দেওয়া হবে সেই কেবলমাত্র সাংবাদিকদের কাছে

বলতে পারবেন—এই ধরনের ফরমান দেখতে পেতাম না। আমরা এই জিনিসও দেখতে পেতাম না যে, পুলিশের থাকবার যে জায়গা—সেই বাসস্থানেও বিশৃঙ্খলা। যেসব বাসস্থানে একটি রাজনৈতিক দল, নাম করতে বাধ্য হচ্ছি, মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির বিভিন্ন মস্তান রয়েছে, সেখানে যত বিশৃঙ্খলা হচ্ছে।

[5-25—5-35 P.M.]

এই জিনিস আমরা দেখতে পেতাম না। কয়েকদিন আগে আমরা একটা ঘটনা দেখতে পেলাম সেটা আমি বলছি। পশ্চিমদিনাজপুরে গঙ্গারাম থানায় একটা ছোট ছেলে, সে একজন খেলোয়াড়, সে খেলাধুলা ছাড়া আর কিছু করে না, কোনো জায়গায় মস্তানী সে করে না। খেলাধুলার মাধ্যমে, লেখাপড়ার মাধ্যমে সে জীবিকা নির্বাহ করে। তাকে পুলিশ হাতে গুলি করে এবং সেই অবস্থায় পুলিশ তাকে ১ ঘন্টা লক আপে দেয় এবং সেখানে তার হাত পুলিশে থেঁতলে দেয়। তাকে যখন পুলিশ হাসপাতালে নিয়ে যায় তখন একজন পুলিশ অফিসার ডাক্তারকে বলে যে লিখে দিন বোমার আঘাতে ছেলেটির হাত ফেটে গেছে। এই সরকার না থাকলে এই জিনিস দেখতে পেতাম না। আমরা এখানে দেখতে পাচ্ছি পুলিশকে দলীয় স্বার্থে ব্যবহার করা হচ্ছে। মার্কসবাদী কমিউনিস্ট পার্টি পুলিশকে তাদের দলীয় স্বার্থে ব্যবহার করে বিভিন্ন জায়গায় অত্যাচার চালিয়ে যাচ্ছে। দায়িত্ব নিয়ে বলছি সেখানে কিছু ডাকাত এই ব্যাপারে জড়িত আছে এবং মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেদের সঙ্গে হাত মিলিয়ে ফেব্রুয়ারি মাসে বাড়ি-ঘর, দোকানপাট লুঠ করে সেই অঞ্চলের মানুষের উপর অত্যাচার চালিয়ে যাচ্ছে। ময়না এবং গুনে ডাকাতের গ্রেপ্তারী পরোয়ানা আছে, তা সত্ত্বেও ওদের গ্রেপ্তার করা হচ্ছে না। উপরন্তু তারা এস. পি এবং ডি. এম-এর সঙ্গে ঘোরাফেরা করছে। এর পরেও কি বলতে হবে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা ভাল আছে? পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা বিপর্যয়ের মধ্যে থাকলেও বলতে হবে আইন-শৃঙ্খলার খুব উন্নতি হয়েছে, এটা মানতে আমরা অপারগ, এই ব্যাপারে আপনাদের সঙ্গে আমরা একমত হতে পারছি না। এত অত্যাচার হওয়া সত্ত্বেও যে ঘটনা ঘটছে সে সব প্রাসঙ্গিক, এটা আমরা বলতে পারব না। পশ্চিমবাংলায় আগে কি ঘটত এবং এখন কি ঘটছে তার উপরই সব কিছু বিচার করা উচিত। পশ্চিমবাংলাবাসীরা কি রকম, তাদের মনোভাব কি এবং সেখানে কি ঘটছে তার উপর নির্ভর করে এখানকার আইন-শৃঙ্খলা। দিল্লিতে কি হয়েছে, হরিয়ানায় কি হয়েছে, বিহারে কি হয়েছে তার সঙ্গে পশ্চিমবাংলাকে তুলনা করে আইন-শৃঙ্খলা বিচার করা ঠিক নয়। পশ্চিমবাংলাবাসী হিসাবে পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় কি ঘটনা ঘটছে তার উপরই বিচার বিবেচনা করা যায়, দায়িত্ব এড়ানোর জন্য অন্য রাজ্যের সঙ্গে তুলনা করা যেতে পারে এবং হুঙ্কার দিয়ে জনগণকে ভুল বোঝানো যেতে পারে। আজকে পুলিশ যে ভাবে কাজকর্ম করছে তার জন্য আপনাদের লজ্জা হওয়া উচিত। পুলিশের মধ্যে যে ধরনের বিভ্রান্তি দেখা দিয়েছে তা বলার অপেক্ষা রাখে না। কেউ কাউকে মানে না, একজন কনসটেবল একজন আই. জি-কে হুমকি দিয়ে কথা বলছে। তাহলেই বুঝতে পারা যায় পশ্চিমবাংলায় রাজনীতি কোথায় কি গিয়ে দাঁড়িয়েছে। কিন্তু এই দিকে রাজ্যপালের ভাষণকে খুব সুন্দর ভাবে লেখা হয়েছে যে এখানে সব কিছু ভাল। লেখা দেখে মনে হল রাজ্যপালের ভাষণ এমন ভাবে তৈরি করা হয়েছে যে মাইকের সামনে জনগণকে বিভ্রান্ত করার জন্য। এটাই হ'ল মার্কসবাদী

কমিউনিস্ট পার্টির একমাত্র অস্ত্র জনগণকে বিভ্রান্ত করার। এটা যে পশ্চিমবাংলার ক্ষেত্রে কতখানি ক্ষতিকারক, গোটা দেশের পক্ষে সেটা কতখানি ক্ষতিকারক তার জলজ্যান্ত উদাহরণ আপনারা জানেন। পশ্চিমবঙ্গের মানুষের কাছে ক্ষমা চাওয়া তো দুরের কথা, তাঁরা কিন্তু একবারও বললেন না যে, বিগত বছরগুলিতে পশ্চিমবঙ্গকে কোনো অবস্থায় নিয়ে গিয়েছেন। পশ্চিমবঙ্গের স্বার্থে, পশ্চিমবঙ্গের জনগণের স্বার্থে কেন্দ্রীয় সরকার যেখানে সাহায্যের হাত বাড়িয়েছিলেন, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার কিন্তু সেই সাহায্য গ্রহণ করতে পারেন নি। কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে তাঁরা কোনো কাজ যে করতে পারলেন না, সে কথা একবারও বললেন না। তাঁরা একবারও বলতে পারলেন না যে, 'আমাদের এই সমস্ত প্রোগ্রাম ছিল তা রূপায়িত না করতে পারার ফলে আমাদের টাকা কেন্দ্রে ফেরত চলে গেছে।' পশ্চিমবঙ্গ থেকে যে টাকা কেন্দ্রে ফেরত চলে গেল, সেগুলো কিন্তু বড়লোকদের জন্য দেয় টাকা নয়, গরিব লোকদের জন্য যে টাকা কেন্দ্র থেকে দেওয়া হয়েছিল, সেগুলো ফেরত চলে গেল। টাকা দেওয়া হয়েছিল গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহের জন্য, কিন্তু আপনারা তা খরচ করতে পারলেন না। ১,৯৬০টি গ্রামে আপনারা বিদ্যুৎ সরবরাহ করতে পেরেছেন। কিন্তু মোট ২,২০০টি গ্রামে সরবরাহ করার যে কথা ছিল, আপনারা তা করতে পারলেন না। খাদ্যশস্য উৎপাদনের লক্ষ্যে আপনারা পৌঁছতে পারলেন না। কাগজে কলমে অপনারা বড় বড় বিবৃতি দেন যে, খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অনেক উন্নতি করতে পেরেছে। কিন্তু উৎপাদনের যে লক্ষ্য ছিল—৯৪ লক্ষ মেট্রিক টন, সেই লক্ষ্যে আপনারা পৌঁছতে পারলেন না। আপনারা ৫১ লক্ষ মেট্রিক টনে পৌঁছতে পেরেছেন। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে যেখানে কথা ছিল ৮৯০ কিলো ওয়াট, সেখানে আপনারা ৭৭০ কিলো ওয়াট উৎপাদন করতে পেরেছেন। এরপরেও আপনারা বলবেন, আপনারা অনেক কিছু করেছেন? অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহ না করতে পারার জন্য ১,১০০ কোটি টাকা আপনারা খরচ করতে পারলেন না। এর পরেও আপনারা বলবেন এরজন্য দায়ী কেন্দ্রীয় সরকার? এরজন্য কেন্দ্রীয় সরকারকে বলতে হবে যে, 'তোমরা কিছু দাও, তোমরা কিছু দাও, তোমরা না দিলে পশ্চিমবঙ্গ চলছে না?' কোনো্ লক্ষ্যে তাহলে আপনারা পৌঁছতে পারলেন? আপনারা বলছেন যে অনেক কাজ আপনারা করেছেন। গরিব মানুষের তথা সাধারণ মানুষের স্বার্থে আপনারা বিভিন্ন কাজ যা করতে পেরেছেন তার নমুনা আমি একে একে পেশ করছি। বয়স্ক শিক্ষার স্বার্থে যে লক্ষ্যে পৌঁছান'র কথা ছিল, সেই লক্ষ্যে আপনারা পৌঁছতে পারেন নি। গ্রামের বুকে জল সরবরাহের লক্ষ্যে আপনারা পৌঁছতে পারেন নি। গ্রামের বুকে টিউবওয়েল খননের লক্ষ্যে আপনারা পৌঁছতে পারেন নি। অথচ গ্রামের চাষীদের প্রতি আপনাদের ভীষণ দরদ, তাই আমরা মাঝে মাঝে আপনাদের কুম্ভীরাশ্রু বর্ষণ করতে দেখি। আই. আর. ডি. পি.র লক্ষ্যে আপনারা কিছু মাত্র পৌঁছতে পারেন নি। এন. আর. ডি. পি.-র ক্ষেত্রেও আপনারা লক্ষ্যে পৌঁছতে পারেন নি। গ্রামের বুকে সড়ক নির্মাণের ক্ষেত্রেও আপনারা লক্ষ্য পূরণ করতে পারেন নি। আপনারা কোনো লক্ষ্যই পূরণ করতে যে পারেন নি তার কারণ হচ্ছে, পশ্চিমবঙ্গকে উন্নত করতে যে চিন্তা থাকা দরকার, তা আপনাদের মধ্যে নেই। অথচ পশ্চিমবঙ্গকে উন্নত করার জন্য তা আরও বেশি করে চিন্তা করার প্রয়োজন ছিল। শুধু মাত্র পশ্চিমবঙ্গের মানুষের কথা মুখে বললেই হয় না, কাজের মাধ্যমে নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানো যায়। কিন্তু সেই চেষ্টা আপনারা করলেন না। আপনারা শুধু মাত্র একটা জিনিসই করলেন তা হচ্ছে, কিছু কমরেডের পকেট ভরাবার ব্যবস্থা করলেন।

স্কীমগুলো এত সুন্দর ভাবে করেছেন, যতটুকু কাজ হয়েছে, সেই কাজের মধ্যে কেবল ফাঁকি আর টাকা চুরি, এই দুটো জিনিস সুন্দর ভাবে করা হয়েছে, বিভিন্ন রকম প্রোগ্রামগুলো আপনারা যে ভাবে নষ্ট করলেন, তা করার অধিকার আপনাদের নিশ্চয়ই কেউ দেয় নি? আশা করি, একথা আপনারা স্বীকার করবেন। এই চুরির জন্য গ্রামাঞ্চলে বা শহরাঞ্চলে কেউ কোথাও প্রতিবাদ করলে তাদের ঘরবাড়ি আপনারা জ্বালিয়ে দিয়েছেন এবং তাদের ডাকাতি কেসে, চুরির কেসে জড়িয়ে দিয়ে নানা ভাবে অত্যাচার করেছেন ও করছেন। আপনারা এই সমস্ত অত্যাচার ও জুলুম এই জন্য করছেন যাতে ঐ মানুষরা তাঁদের প্রতিবাদ ও বিক্ষোভ বন্ধ করেন। আজকে আপনারা হাসপাতালগুলোর দিকে একবার তাকিয়ে দেখুন। এই ব্যাপারে তো আমরা এবং আপনারা সকলেই ভুক্তভোগী। সেখানে আজকে কি অবস্থা চলছে? ক্লাস ফোর স্টাফ, নার্স, ডাক্তার, ওয়ার্ড মাস্টার, ওয়ার্ড বয়—এঁদের কারোর সঙ্গে কারোর কোনো সম্পর্ক নেই।

[5-35—5-45 P.M.]

একজন আরেকজনের কথা শোনে না, আরেকজনের কথা মানে না আর সুপারেনটেনডেন্টের অবস্থা তো আরো দুর্ভোগের—তার কথাও কেউ শোনে না, তার সঙ্গে কেউ নেই, পাশে কেউ নেই, সামনে কেউ নেই। উনি যদি কোনো অর্ডার দেন সেটা কেউ মানে না, মুখ ঘুরিয়ে চলে যায়। বেশি কিছু বলতে গেলে তাঁকে ঘেরাও করে, লালঝান্ডা দেখিয়ে তার উপরে যখন অত্যাচার করে সেই অত্যাচারের প্রতিকার আর তিনি পান না। আবার ডাক্তারদেরও সেই একই অবস্থা। কোনো ডাক্তার যদি বললেন যে আমার ওয়ার্ড বয় ঠিকমতো কাজ করছে না, নার্স ঠিকমতো কাজ করছে না তাহলে সেই ডাক্তারকে কেউ আর সাহায্য করবে না। আবার এও দেখা গেছে যে শেষপর্যন্ত ডাক্তারকে অপমানের বোঝা মাথায় নিয়ে মাথা হেঁট করে চলে যেতে হয় আর রোগীরা ছটফট করে মরে। এরপরে ইস্কুলগুলির দিকে যদি তাকাই তাহলে দেখা যাবে যে ইস্কুলগুলিতে বিভিন্ন কমিটির মাধ্যমে যেসব লোকগুলিকে বামফ্রন্ট সরকার শিক্ষক নিয়োগ করেছেন তাদের শিক্ষকতা যোগ্যতা কতখানি সেই বিষয়ে সন্দেহ আছে। শিক্ষকতা যোগ্যতা যাই হোক না কেন যেহেতু কমরেড সেহেতু তাদের শিক্ষক হিসেবে নিয়োগ করতে কোনো বাধা নেই। কেউ হয়ত ব্যবসা করেন, কেউ চোলাই মদ বিক্রি করে, আবার কেউ কেউ জুয়া খেলে সেইসব লোককে শিক্ষক করা হল আর যে ২-১ জন প্রকৃত মাস্টার রয়েছেন তাদের কথা আর কেউ শোনে না। সব কিছু জেনেও ওই কমরেডদের কথাতেই তাদের হ্যাঁ হিসাবে সায় দিতে হয়। অতএব তাদের কেউ ধর্তব্যের মধ্যে ধরে না। আপনারা শুধু এইটুকুই পারেন সাধারণ মানুষের পাশে গিয়ে বলতে যে আমরা আপনাদের সাথে আছি, সর্ব হারার স্বার্থে, সাধারণ মানুষের স্বার্থে বামফ্রন্ট সরকার আছে। আর কারুর যদি ঘর বাড়ি পুড়ে গিয়ে আপনার কাছে প্রতিকার চায় তাহলে তাঁদের আপনারা বলেন যে প্রতিক্ষা কর আমরা দেখছি এবং যার বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে সে যদি কমরেড হয় তাহলে উল্টো ফল হবে। অভিযোগকারির নাম পুলিশের খাতায় সঙ্গে সঙ্গে লেখানো হবে এবং সমাজবিরোধী বলে তাকে আখ্যা দেওয়া হবে। আপনারা সংবাদপত্রের অবস্থা কি করেছেন? তাদের প্রায় পঙ্গু করে রেখেছেন, আপনাদের বিরুদ্ধে বলার কিছু তাদের নেই। আপনারা সরকারি অফিসারদের এবং পুলিশকে পর্যন্ত টুটি চেপে রেখেছেন। আপনারা লাল

পতাকা উড়িয়ে পশ্চিমবঙ্গকে শেষ করে দিচ্ছেন। হাউসে যেমন লাল আলো জ্বলে উঠেছে আপনারাও সেইরকম লাল পতাকা দেখিয়ে সারা বাংলার লাল বাতি জ্বালিয়ে দিলেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর মাননীয় বিধায়ক শ্রী শচীন সেন যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন তাকে আমি সমর্থন করছি। আমাদের মাননীয় বিরোধী দলের বিধায়কগণ শ্রী আবদুস সাত্তার এবং ডাঃ জয়নাল আবেদিন সাহেব অনেকগুলি আদর্শের কথা বললেন, আইডিয়োলজির কথা বললেন তারা বললেন দেয়ার ইজ নো আইডিয়োলজি অফ দি লেফ্টফ্রন্ট। আমি আপনাদের সামনে বলছি যে টাইমস্ অফ ইন্ডিয়ার এডিটর শ্রী গিরিলাল জৈন তার পত্রিকায় লিখেছেন যে ভারতবর্ষের প্রধানমন্ত্রী এক স্বতন্ত্র প্রধানমন্ত্রীতে পরিণত হয়েছেন। আপনি জানেন যে ১৯৫০ সালে এবং ৬০ দশকের ভারতবর্ষে বম্বের কাছে যে বিজনেসম্যানরা এবং প্রিন্সেস বা রাজন্যবর্গরা ছিলেন তারা একটা স্বতন্ত্র দল খুলেছিলেন। তাদের মূল অর্থনীতি ছিল জওহরলাল নেহেরু যে রাষ্ট্রায়ত্ত শিল্প গড়ে তুলতে চেয়েছিলেন তার বিরোধিতা করা এবং তারা চেয়েছিলেন বেসরকারি ক্ষেত্রে শিল্প গড়ে তাদের সুযোগ করে দিতে।

১৯৭০ সালে স্বতন্ত্র একটা পার্টি ভেঙে গেল। তাদের যে আদর্শ, যে অর্থনীতি, যে রাজনীতি সেটাই আজকে ভারতের প্রধানমন্ত্রী গ্রহণ করেছেন এবং তার নাম দিয়েছেন স্বতন্ত্র রাজীব। কাজেই ভারতবর্ষের পার্লামেন্টকে এড়িয়ে গিয়ে নূতন করে পেট্রোল, ডিজেল, গ্যাস, কেরোসিন ইত্যাদির দাম বাড়ানোর ফলে জিনিসপত্রের দাম বাড়ল এবং এর ফলে ভারতবর্ষের অর্থনৈতিক ও রাজনৈতিক সংকট দেখা দিয়েছে। তাই গিরিলাল জৈন এই বক্তব্য রেখেছেন। আজকে ভারতবর্ষ তো পশ্চিমবঙ্গ থেকে বিচ্ছিন্ন নয়, একটা স্বাধীন রাষ্ট্র নয় এবং একটা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আজকে বামফ্রন্ট সরকার চলছে। কালকে শ্যামলবাবু বললেন অনেক রাজ্য ছিটকে বেরিয়ে গেছে। আজকে অনুপবাবু বললেন পশ্চিমবাংলার ব্যাপারে যখন বলবেন তখন বিহার বা অন্যান্য কংগ্রেসি রাজত্বর সঙ্গে তুলনা করবেন না। তাহলে কি বলতে চান এগুলি খারাপ রাজ্য, ওদের সমর্থনে কিছু বলবার নেই। কাজেই ৭ম পরিকল্পনা আমরা যা নিয়েছি তা হল মাত্র ৭২৬ কোটি টাকা। এই যে মূল্যবৃদ্ধি হল তার ফলে পরিকল্পনার জন্য প্রকৃত কত অর্থ দাঁড়াচ্ছে? কাজেই আমরা যে ৭২৬ কোটি টাকার পরিকল্পনা নিয়েছি তাতে আর্থিক বাধা আসবে। ওরা খুবই সোচ্চার হয়েছেন যে ল অ্যান্ড অর্ডার নেই, ডিসিপ্লিন নেই। আমি অন্য রাজ্যের তুলনা বেশি দেব না। উড়িষ্যা, বিহারে ক্ষেত মজুর, হরিজন নিধন চলছে, অন্য রাজ্যে কোনো ডিসিপ্লিন নেই, দিল্লিতে খুনের সংখ্যা বাড়ছে আমরা জানি ওদের ল অ্যান্ড অর্ডার কার স্বার্থে। পশ্চিমবাংলায় ল অ্যান্ড অর্ডার যেটা বামফ্রন্ট সরকারের আমলে আছে সেটা খেটে খাওয়া মানুষের স্বার্থে প্রয়োগ করা হচ্ছে। জমিদার জোতদার, মিল মালিক যে ল অ্যান্ড অর্ডার বোঝে আমরা বামফ্রন্ট তা বুঝি না। আমরা মনে করি দেশের বেশির ভাগ লোকের স্বার্থ রক্ষা করার জন্য যে ল অ্যান্ড অর্ডার সেটা আমরা করি। মিল মালিকরা ফোন করলে গভর্নমেন্ট থেকে আরম্ভ করে লাট সাহেব পর্যন্ত অর্ডার দিতেন যাও গুলি কর জেলে ভরো। এখন আর তা হয় না। কৃষক তার দাবি নিয়ে লড়াই করলে আগে থানার দারোগা তাদের টেনে নিয়ে এসে মিথ্যা মামলা করত এবং জমিদার

জোতদাররা বাড়িতে গিয়ে বসে খানাপিনা করতেন যেটা এখন হচ্ছে না। কাজেই ল অ্যান্ড অর্ডার বলতে যা বোঝা যায় সেটা সংগ্রামী মানুষের পক্ষে, সংগ্রামী মানুষের বিরুদ্ধে নয়। দ্বিতীয় কথা বামফ্রন্ট সরকারের সাফল্যের পটভূমি হচ্ছে ভূমি সংস্কার যেটা ওরা বুঝতে পারেননি। ওরা ভাবছেন জমিদার আবার জমিদার হবে, কৃষককে আবার ঠেঙানো যাবে সেদিন আর ঘুরে আসবে না। পশ্চিমবাংলা এবং ত্রিপুরা এমন একটা জায়গা যেখানে ভূমিসংস্কার হয়েছে, কিন্তু বাধা আছে। কেন্দ্রে আমাদের যে শাসক শ্রেণী, ধনিক শ্রেণী যারা আছে তারাই বাধাই দিচ্ছে। এর ফলে দেখা যাবে আমরা যে ভূমি বন্টন করেছি তাতে সারা ভারতবর্ষের মোট যত জমি উদ্বৃত্ত ছিল যা ৪৪ লক্ষের একটু বেশি তার মধ্যে পশ্চিমবাংলা একাই বিলি করেছে ৮ লক্ষের উপর জমি।

[5-45 – 5-55 P.M.]

কিছু বিলি করতে পারিনি, মামলা ইত্যাদির জন্য আটকে গেছে। কাজেই পশ্চিমবঙ্গে ভূমি সংস্কার হয়েছে, কৃষক অনেকখানি স্বাধীন হয়েছে, অর্থনৈতিক পরিবর্তন ভালোর দিকে হয়েছে, আর ১৩ লক্ষ বর্গাদারকে আমরা জমি দিতে পেরেছি, তাদের বর্গা রেকর্ড করাতে পেরেছি। কাজেই এই যে অত্যাচার সেটা গ্রামে চলছে না। এছাড়া সম্প্রতি বামফ্রন্ট থেকে একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে পরিকল্পনাগুলি গ্রাম ভিত্তিক হবে, ব্লক লেভেলে হবে, জেলা লেভেলে হবে এবং সেই পরিকল্পনা আমাদের রাজ্যে আসবে, ফাইন্যান্স সেখান থেকে হবে। এটার যে কি তাৎপর্য সেটা ওরা বুঝতে পারছেন না। গ্রামের সাধারণ মানুষ খেটে খাওয়া মানুষ এই পরিকল্পনার অংশীদার, এই পরিকল্পনা তাদের জীবনের সঙ্গে জড়িত। আগামী দিনে এর যে বিশাল তাৎপর্য এবং বিশাল পরিবর্তন সে সম্বন্ধে ওদের কোনো চিন্তা নেই। এই অধিকার কখনও ওরা দেননি, ওরা কেবল অধিকার হরণ করতেই জানেন। এছাড়া শিক্ষার ব্যাপারে আজকে চ্যালেঞ্জ অব এডুকেশনের নাম দিয়ে মডেল স্কুল করার নাম দিয়ে কেন্দ্র যে শিক্ষা নীতি চালু করেছেন সেটা কাদের জন্য—সেটা হবে একদম প্রাইভেটাইজেশন অব স্টেট সেকটর, ব্যক্তিগত মালিকদের হাতে শিক্ষার সমস্ত দায়িত্ব ছেড়ে দেওয়া হচ্ছে। এর ফল কি হবে—যারা অবস্থাপন্ন লোক তারা শিক্ষার সুযোগ পাবে, যাদের অবস্থা নেই, শিক্ষার পণ্য কিনবার যাদের পয়সা নেই তারা শিক্ষা পাবে না। এলিটদের জন্য শিক্ষা ব্যবস্থা তৈরি হচ্ছে যার আমরা ঘোরতর বিরোধী। আমরা পশ্চিমবঙ্গের নিরক্ষর মানুষের মধ্যে শিক্ষা বিস্তারের জন্য চেষ্টা করছি, তার যেটুকু অসুবিধা ছিল তা দূর করার জন্য চেষ্টা করছি এবং অগ্রসর হচ্ছি। কিন্তু ভারত সরকারের শিক্ষা বিষয়ে যে নীতি দেখা যায় তাতে আগামী দিনে ভারতবর্ষ প্রথম স্থান পাবে। মিঃ স্পিকার, স্যার, আমার ১০ মিনিটের বক্তব্য আমি শেষ করছি। কাজেই আমি আর একবার বলছি রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধী পক্ষ যে সমস্ত সংশোধনী এনেছেন তার বিরুদ্ধে বক্তব্য বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি মাননীয় রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার সংক্ষিপ্ত বক্তব্য রাখছি। আমার প্রথম বক্তব্য হচ্ছে রাজ্যের আইন-শৃঙ্খলা সম্বন্ধে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তা সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে ভাষণ রেখেছেন, তাঁকে যা বলতে বলা হয়েছে তাই তিনি বলেছেন। তাই তাঁর রাজনৈতিক বক্তব্য আমরা

মেনে নিতে পারছি না। আইন-শৃঙ্খলার ব্যাপারে যে পরিস্থিতি দেখানো হয়েছে সেটা তিনি সন্তোষজনক বলেছেন। একটু আগে আমার পূর্ববর্তী বক্তা বললেন ল অ্যান্ড অর্ডার সম্বন্ধে কংগ্রেসিরা যা ভাবে আমরা বামপন্থীরা অন্যরকম ভাবি।

তিনি আরও বললেন আগেকার দিনের গভর্নর নাকি বলতেন কোনো জায়গায় স্ট্রাইক ডিকলিয়ার্ড হলে সেখানে পুলিশ পাঠিয়ে গ্রেপ্তার করা হত, স্ট্রাইক ভাঙ্গা হত, কিন্তু এখন সেটা হয়না। কিন্তু আমরা দেখেছি বহু জায়গায় স্ট্রাইকের সময় যখন গোলমাল হয়েছে তখন মজুরদের উপর লাঠিচার্জ করা হয়েছে, গুলি চালানো হয়েছে এবং এই ঘটনা এই বছরেই পশ্চিমবাংলায় ঘটেছে। কাজেই উনি যে সমস্ত কথা বললেন সেটা ঠিক কথা নয়। আবার এমনও দেখা গেছে হাইকোর্টের অর্ডার মানা হয়নি—পুলিশ যায়নি। সর্বপ্রথম কথা হল আইন শৃঙ্খলা বজায় রাখতে হবে। পশ্চিমবাংলার মানুষ আপনাদের এখানে ভোট দিয়ে পাঠিয়েছে কাজেই তারা জানতে চায় পশ্চিমবাংলায় কি ঘটনা ঘটছে, পশ্চিমবাংলার আসল রূপ কি? দিল্লি, বোম্বে এবং মাদ্রাজে কি ঘটছে সেটা তারা জানতে চায় না। পশ্চিমবাংলায় এমন একটা দিন যায় না যেদিন নারী ধর্ষণ হয়না, খুন, রাহাজানি, ডাকাতি হয় না। কাগজে এমন একটা দিন দেখিনা যেদিন একটা না একটা ঘটনা ঘটছে না। সবচেয়ে আশ্চর্যের বিষয় সাধারণ মানুষ যাদের কাছে আইন শৃঙ্খলা রক্ষার জন্য সাহায্য চাইতে যাবে তারা নিজেরাই আইন শৃঙ্খলা মানছেনা। সিনিয়র অফিসারদের নিচের অফিসাররা মানছেনা। থানায় গিয়ে দেখুন রাজনৈতিক পার্টির নেতা বক্তৃতা করছেন, এম. এল. এ. মিটিং করছেন—অর্থাৎ থানায় পর্যন্ত পলিটিক্স ঢুকিয়ে দেওয়া হয়েছে। ডিসিপ্লিন বলতে কিছু নেই। বহুক্ষেত্রে দেখছি রাজনৈতিক খুন হচ্ছে। সাধারণ মানুষ পুলিশ অফিসারের কাছে গিয়ে প্রাণ ভিক্ষা চেয়েছে কিন্তু দেখা গেছে তারই সামনে পিটিয়ে মারা হচ্ছে। কিছুদিন আগে মেদিনীপুরের পাটনা গ্রামে দেখেছি একটা গোটা পরিবারকে ঘরে বন্ধ করে আগুন লাগিয়ে মেরে ফেলা হয়েছে। চাষী মাঠে ধান চাষ করেছে এবং কোর্টের অর্ডার থাকা সত্ত্বেও সেই ধান কেটে নিয়ে গেছে। এক্ষেত্রে চাষী সরকারের তরফ থেকে কোনো প্রোটেকশন পায়নি। এথেকেই বোঝা যায় পশ্চিমবাংলার পরিস্থিতি অত্যন্তই খারাপ সারা ভারতবর্ষের মধ্যে। রাজ্যপাল বলেছেন, বৃষ্টিপাত হয়নি বলে এবছর ফসল হয়নি। এতো ভাল কথা। বৃষ্টিপাত হলে তবে চাষ হবে, নাহলে হবেনা? আপনারা ইরিগেশন সিসটেমকে উন্নতি করবার জন্য কোনো ব্যবস্থা করেন নি তাই এই অবস্থা। যেখানে ৭৫০টি ডিপ টিউবওয়েল হবার কথা ছিল সেখানে আপনারা মাত্র ৮০টি করেছেন। হাওড়ায় ১টির বেশি করতে পারেন নি এবং যে প্রকল্প হবার কথা ছিল সেটা করতে পারেননি। নিম্ন দামোদর সংস্কার করবার কথা যা ছিল সেক্ষেত্রে আপনারা কি করেছেন? আজকে ফরাক্কার জল আসছে এবং স্যালাইনিটি কমে যাবার ফলে চাষের সুবিধা হয়েছে। কিন্তু খাল কাটা হয়নি এবং ইরিগেশন সিসটেম বলে আপনাদের কিছু নেই। এই ব্যবস্থা করতে পারলে হাওড়ার ইকনমিক প্রবলেম সলভ্ড হত। আজকে জলের অভাবে হাওড়ায় চাষবাস ভালভাবে হয়নি। প্রতিবছর একটা করে ঝড় ঝঞ্ঝা আসে, গত বছরও হয়েছে এবং মেদিনীপুরের কিছু অংশে দেখেছি এই ধরনের ঘটনা ঘটেছে। কিন্তু এর প্রতিকারের জন্য আপনারা স্থায়ী ব্যবস্থা কিছু করতে পারেন নি। শুধুমাত্র দেখছি লক্ষ লক্ষ টাকা খরচ করে নামকোয়াস্তে ছোট ছোট কিছু বাঁধ তৈরি করা হয়েছে।

[5-55—6-05 P.M.]

এই ধরনের বাঁধ কখনও দুরন্ত জলচ্ছাসকে আটকাতে পারে না। তারপর আবার সেই বাঁধগুলিকে বহু টাকা খরচ করে রিপেয়ার করা হচ্ছে এবং কনট্রাকটারদের পেট ভরানো হচ্ছে। প্রতি বছর সেই সব বাঁধ আবার ধ্বসে যাচ্ছে। আবার তৈরি করতে হচ্ছে। এটা টাকার অপব্যয় ছাড়া আর কি? এতে মানুষের কোনো উপকার হয় নি। এই যে রিলিফ দেওয়া হয়েছিল সেই সব জায়গায়—সেইখানে আমরা গিয়েছি এবং আমরা দেখেছি যে সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে সেই সব রিলিফ দেওয়া হয়েছে। সেখানকার মানুষেরা এস. ডি. ও., ডি. এম-এর কাছে কমপ্লেন করেছে যে সরকার যেটুকু দিয়েছিল তা সমভাবে বন্টন করা হয় নি। আর যে রিলিফ দেওয়া হয়েছিল তা সম্পূর্ণ ইনঅ্যাডিকোয়েট। সেই সময়ে এই পশ্চিমবাংলায় সেন্ট্রাল গভর্নমেন্টের মিনিস্টার এসেছিল এবং ২৫ কোটি টাকা দিতে চেয়েছিল—কিন্তু আপনারা সেই অনুদান নিতে পারেন নি। এখানে সেন্ট্রাল মিনিস্টার ঘুরে গিয়েছে। আপনারা এই টাকাটা নিতেই পারেন নি। মাত্র ৫/৬ কোটি টাকা খরচ করা হয়েছিল এবং সেটা অত্যন্তই ইনঅ্যাডিকোয়েট। স্যার, তফসিলি জাতি উপজাতিদের কল্যাণের সম্বন্ধে অনেক কিছু বলা বা দেখানো হয়েছে। আমি জানি তারা আজও সেই খানেই পড়ে আছে—যে তিমিরে ছিল আজও সেই তিমিরে পড়ে আছে। কয়েকদিন আগে সংবাদপত্রে দেখেছি যে তারা এখনও পর্যন্ত এ বছরের বই পর্যন্ত পায় নি। হোস্টেলে গিয়ে আমরা দেখেছি—এই বিধানসভার তরফ থেকে বহু বিধায়ক কমপ্লেন করেছে যে, যে সমস্ত হোস্টেল আছে, সেগুলি বাসের অনুপযুক্ত। বর্ষার সময় ছেলে মেয়েরা ভেজে। সরকারের তো দায় দায়িত্ব আছে—কিন্তু সরকারের তরফ থেকে কিছুই দেখা হয় না। গ্রামীণ জল সরবরাহের ব্যাপারে বলা হয়েছিল ডিপ টিউবওয়েল তৈরি করে সেখান থেকে জল সরবরাহ করা হবে। কিন্তু এই জল সরবরাহ হবে কোথা থেকে—সেখানে এখনও ডিপ টিউবওয়েলই হয় নি। আপনারা জল সরবরাহের কথা বলছেন। শিল্পে বিনিয়োগ সম্বন্ধে বলি—পশ্চিমবাংলায় এমন একটা আবহাওয়ার সৃষ্টি হয়েছে যেখানে শিল্পপতিরা আসতে চায় না। আমি অভিনন্দন জানাচ্ছি মুখ্যমন্ত্রীকে যে তিনি তাঁর আগের ভুল বুঝতে পেরেছেন—তিনি আজকে ইন্ডাসট্রিয়ালিস্টদের সহযোগিতা চাইছেন। হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্সের ব্যাপারে তিনি গোয়েঙ্কার সাহায্য নিয়েছেন। তিনি বড় বড় শিল্পপতিদের সাহায্য চেয়েছেন। এই জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। এখানে সকলেই একমত হবেন—এবং এটা অত্যন্ত বড় প্রশ্ন—কয়লা লোহা হচ্ছে পশ্চিমবাংলার ব্যাকবোন। ইন্ডাস্ট্রিতে সমানীকরণের যে নীতি নেওয়া হয়েছে সেটা খুবই ভাল এবং এই নীতিই হওয়া উচিত। এটা না হলে ইঞ্জিনিয়ারিং শিল্পের প্রভূত ক্ষতি হবে। আমার একটা সাজেশন হচ্ছে আমি মুখ্যমন্ত্রীকে বলছি যে আপনি একটা হাই লেবেল কমিটি করুন এবং তাতে সমস্ত কংগ্রেস এম. পি. এবং আপনাদের এম. পি-দের নিন এবং দিল্লিতে দরবার করুন। এ না করলে ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি এমন একটা জায়গায় এসে পড়বে, যাকে আর রিভাইভ করতে পারবেনী না। আপনি এর জন্য একটা অল ইন্ডিয়া লেভেলে কমিটি করে সমস্ত কংগ্রেস এম. পি.-দের নিয়ে একসঙ্গে প্রধানমন্ত্রীর সঙ্গে সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে দরবার করুন। এই কথা বলে আমরা যে অ্যামেন্ডমেন্টগুলি এনেছি তাকে সমর্থন করে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে আমি তাকে সম্পূর্ণ আন্তরিক ভাবে সমর্থন করে আমার বক্তব্য রাখতে চাইছি। গতকাল এবং আজকে বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের বক্তব্য শুনলাম। কংগ্রেসি সদস্যরা তাদের বক্তব্যে বলেছেন যে, এটা রাজ্যপালের ভাষণ নয়, বামফ্রন্ট রাজ্যপালের মুখ দিয়ে তাদের কথা বলিয়ে নিয়েছেন। একটি জিনিস খুবই আশ্চর্যের যে, আমাদের দেশের সংবিধানে যেসব রীতি নীতি বা বিধি লেখা রয়েছে সে সম্পর্কে মাননীয় বিরোধী দলের সদস্যরা সম্পূর্ণ রূপে ওয়াকিবহাল নন। সংবিধানে কি বলা আছে? রাজ্যপাল কিম্বা রাষ্ট্রপতি তারা শাসন পরিচালনা করবেন মন্ত্রী পরিষদের পরামর্শ অনুযায়ী। এখানে রাজ্যপাল বা রাষ্ট্রপতির নিজস্ব কিছু বলার থাকে না। রাজ্যপাল এবং রাষ্ট্রপতিকে মন্ত্রিসভার বক্তব্যই বিধানসভা এবং লোকসভায় পেশ করতে হয়। এখানে যেহেতু রাজ্যপাল ওদের মনোমতো ভাষণ দেন নি সেই জন্য এই কথা বলছেন। তাই যদি হয় তাহলে দিল্লিতে পার্লামেন্টে রাষ্ট্রপতি বিরোধী দলের ভাষণ পেশ করলে সেটা কি ওরা বরদাস্ত করবেন? সেটা যদি বলেন তাহলে একটা চমৎকার ব্যাপার হবে। ওরা কি সেটাই চালু করার চেষ্টা করছেন? সুতরাং এই কথা বলে খুব বেশি কিছু লাভ হবে না যে, এটা রাজ্যপালের ভাষণ নয় বামফ্রন্টের ভাষণ। নিশ্চয় বামফ্রন্ট সরকারের ভাষণ হবে, যেহেতু বামফ্রন্ট সরকার ক্ষমতায় প্রতিষ্ঠিত রয়েছে, শাসন কার্য পরিচালনা করছে কাজেই বামফ্রন্টের রাজনৈতিক মতাদর্শ, অর্থনৈতিক নীতি রাজ্যপালের ভাষণের ভিতর দিয়ে প্রতিফলিত হবে, কংগ্রেসি চিন্তাধারা, কংগ্রেসি নীতি এর মধ্য দিয়ে প্রতিফলিত হবে না, এটাই খুব স্বাভাবিক কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণে ওরা অনেক কিছুই খুঁজে বের করবার চেষ্টা করছেন। কিন্তু ওরা কোনো আদর্শ এর মধ্যে খুঁজে পেলেন না। বেকার সমস্যার কথা বলে গেছেন। বিংশ শতাব্দীর একজন বেকার বলে গেলেন যে, আমি বিংশ শতাব্দীর বেকার। এই বেকারদের জন্য কিছু আছে বলে মনে হল না। এখানে অবস্থাটা কি? সাংবিধানিক রীতি হিসাবে যেটা বলা হয় সেটা হচ্ছে এই, বিগত বছরের কাজের সাফল্যের খতিয়ান, আগামী দিনের কাজের ইঙ্গিত রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে তুলে ধরার চেষ্টা করা হয়। এই রাজ্যপালের ভাষণের মধ্যে কোন শ্রেণীর মানুষদের অবস্থার উন্নতির কথা, অর্থনৈতিক অবস্থার উন্নতির কথা, কোন সমাজের পরিবর্তনের কথা বলা হয়েছে? সাধারণ মানুষ, মেহনতি মানুষ, শ্রমিক, কৃষকদের কথা বলা হয়েছে। সুতরাং এদের মধ্য দিয়ে বামফ্রন্ট সরকারের আদর্শ, চিন্তাধারা খুঁজে পাওয়া গেল না, এটা খুব একটা অসম্ভব ব্যাপার। রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে আমরা দেখতে পাচ্ছি যে, গ্রামে গঞ্জে পঞ্চায়েতের মাধ্যমে কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টির কথা বলা হয়েছে। সাধারণ মানুষ, মেহনতি মানুষ, শ্রমিক, কৃষকদের কথা বলা হয়েছে। সুতরাং এদের মধ্য দিয়ে বামফ্রন্ট সরকারের আদর্শ, চিন্তাধারা খুঁজে পাওয়া গেল না, এটা খুব একটা অসম্ভব ব্যাপার। রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে আমরা দেখতে পাচ্ছি যে, গ্রামে গঞ্জে পঞ্চায়েতের মাধ্যমে কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টির কথা বলা হয়েছে। বলা হয়েছে নতুন নতুন স্কুল প্রতিষ্ঠা করা হবে এবং তার মধ্য দিয়ে কর্ম সংস্থানের সুযোগ হবে। শিল্প প্রতিষ্ঠা করার কথা বলা হয়েছে। এই কাজগুলি যদি আমরা করতে পারি তাহলে এর মাধ্যমে বেকার সমস্যা সমাধানের ইঙ্গিত থাকবে না বা বেকার সমস্যার সমাধান সম্ভব হবে না, এই কথা বলা যায় না। এই কথা ঠিক, ওরা যে পরিমাণ বেকার এই বামফ্রন্ট সরকারের ঘাড়ে

চাপিয়ে দিয়ে গেছেন তাতে ৮ বছরের মধ্যে বা খুব অল্প সময়ের মধ্যে ৩৮ লক্ষ বেকারের কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া সম্ভব নয়। সুতরাং এই পরিস্থিতির মধ্যে, এই অবস্থার মধ্যে আজকে রাজ্যপালের ভাষণকে বিশ্লেষণ করতে হবে। একটা উন্নত রাষ্ট্রের সঙ্গে আর একটা উন্নয়নশীল রাষ্ট্রের তুলনা চলবে না। আমরা গুজরাট, বম্বে, মহারাষ্ট্রের সাথে পশ্চিমবাংলার তুলনা করছি। এটা কি কখনও হতে পারে? এদের মতো ইকোয়াল কনডিশন, ইকোয়াল অপারচুনিটি, ইকোয়াল ফেসিলিটিজ দেবার পর গুজরাট, বম্বে, মহারাষ্ট্রের মতো পশ্চিমবাংলা উন্নতি করতে না পারলে তখন এই কথা বলার একটা যুক্তি থাকে। হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্সের ব্যাপারে ৮ বছর খেলিয়ে খেলিয়ে তারপর বলে দেওয়া হল পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স তোমাদের দেওয়া হবে না।

[6-05—6-15 P.M.]

অথচ গুজরাটকে ১২০০ কোটি টাকা দিয়ে দেওয়া হ'ল। আগামী বছর আবার এঁরাই বলবেন, গুজরাট এত বেকারের কর্মসংস্থান করে ফেলল আর তোমরা পশ্চিমবঙ্গে তা পারলে না। কাজেই আমি বলব, অবজেকটিভ কনডিশানস পর্যালোচনা না করে যদি রাজ্যপালের ভাষণ বিশ্লেষণ করে তার ভেতর থেকে অন্য কিছু পাবার চেষ্টা করা হয় তাহলে নিশ্চয় তাঁদের হতাশ হতে হবে। তারপর আর একটা কথা এঁদের মনে রাখতে হবে যে, এই যে সমস্ত উন্নয়নমূলক কাজ এর সবটাই কিন্তু রাজনৈতিক বক্তব্যের দ্বারা সমাধান হয়না। রাজনৈতিক বক্তব্যের দ্বারা আমরা কী করতে পারি? রাজনৈতিক বক্তব্যের দ্বারা দেশের মানুষের যে গণতান্ত্রিক অধিকার রয়েছে মানুষকে সে সম্পর্কে আমরা সচেতন করতে পারি যাতে সে তার ন্যায্য অধিকার আদায়ের জন্য জোটবদ্ধভাবে লড়াই করতে পারে অন্যায়ের বিরুদ্ধে, পুঁজিবাদের বিরুদ্ধে। কিন্তু উন্নতিটা হবে কিসের উপর ভিত্তি করে? উন্নতিটা হবে অর্থনীতির উপর নির্ভর করে। আজকে সেই অর্থনীতি, মুদ্রানীতি নিয়ন্ত্রণ করার মতন বা প্রবর্তন করার মতন ক্ষমতা সারা ভারতবর্ষের অঙ্গরাজ্যগুলির নেই। এটা নিয়ন্ত্রণ করেন ভারত সরকার। ভারত সরকারই মুদ্রানীতি, শিল্পনীতি, অর্থনীতি চালু করেছেন। তা ছাড়া অন্য জায়গায় যেখানে তাঁদের অধিকার ছিল না আজকে তাঁরা সেইসব জায়গাতেও হস্তক্ষেপ করতে শুরু করেছেন। যেমন শিক্ষার ক্ষেত্রে—শিক্ষা আগে রাজ্য তালিকায় ছিল সেই শিক্ষাকে যুগ্ম তালিকায় এনে কেন্দ্রীয় সরকারের নিজস্ব শিক্ষানীতি আজ সারা ভারতবর্ষে চালু করার ব্যবস্থা করা হচ্ছে। আজকে এই অবস্থার মধ্যে রাজ্যগুলিকে কাজ করতে হচ্ছে। তারপর জিনিসপত্রের দাম ক্রমশই বাড়ানো হচ্ছে। কিছুদিন আগে আবার খাদ্যদ্রব্য, তেল, সার ইত্যাদির দাম বাড়ানো হ'ল। এই জিনিসপত্রের দাম বাড়ানোর ফলে দেশের অর্থনীতির উপর কি তার প্রতিক্রিয়া হবে, দেশের মানুষকে কি দুরাবস্থার মধ্যে পড়তে হবে সে সম্পর্কে এখানে বিরোধীদল একটি কথাও বললেন না। সাধারণ মানুষের প্রতি তাদের মমত্ববোধ আজকে কোথায় এসে দাঁড়িয়েছে এটা থেকেই তা প্রমাণিত হয়। তারপর পশ্চিমবঙ্গের জন্য ৭৭৬ কোটি টাকার যোজনা বরাদ্দ করা হয়েছে। আমরা চেয়েছিলাম ৭৫০ কোটি টাকার, ওঁরা সেটা আরো ২৬ কোটি টাকা বাড়িয়ে ৭৭৬ কোটি টাকা করেছেন। ওঁরা ২৬ কোটি টাকা বাড়িয়ে দিয়ে নানান ভাবে তা প্রচার করছেন এবং বলছেন, দেখ, পশ্চিমবঙ্গের যোজনা বরাদ্দ আমরা কত বাড়িয়ে দিলাম। এ ক্ষেত্রে যেটা চিন্তা করা দরকার সেটা হচ্ছে, এই যে জিনিসপত্রের দাম বাড়িয়ে দেওয়া হ'ল এতে তো

১০০/১৫০ কোটি টাকার মতন মূল কাজের মানটাই কমে গেল। অর্থাৎ ৭৫০ কোটি টাকার মাধ্যমে যে উন্নয়নমূলক কাজ হবে বলে আমরা আশা করেছিলাম মূল্যবৃদ্ধির আগে, মূল্যবৃদ্ধির পরে ঐ টাকায় সেই কাজ আর হবে না, তার চেয়ে কম কাজ হবে। এ সম্পর্কে কিন্তু বিরোধীদল একটি কথাও বললেন না। এই যেখানে অবস্থা সেখানে আপনারা কি করে আশা করেন যে এই টাকার মাধ্যমে সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে—রাস্তাঘাটের উন্নতি হবে, বিদ্যুৎ উদবৃত্ত হবে, স্কুল কলেজ বাড়বে ইত্যাদি। কাজেই আমি বলব, জিনিসপত্রের দাম এইভাবে বাড়বে এটা চলতে পারে না। তাই আমি বিরোধী দলের মাননীয় সদস্যদের বলব, গত দু দিন ধরে আপনারা যেসব বক্তব্য রাখলেন সেগুলি সবই গতানুগতিক বক্তব্য। তবে আমার আগের বক্তা বিরোধী দলের মাননীয় সদস্য অম্বিকাবাবু একটা ভালো কথা বলেছেন, সেটা হচ্ছে, মাশুল সমীকরণের ব্যাপারে। এ ক্ষেত্রে বামফ্রন্টের বক্তব্যের সঙ্গে তিনি একমত হয়েছেন সেজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তবে এর সঙ্গে আর একটা কথা বললে ভালো হ'ত, যেটা নিয়ে আমরা অনেক দিন ধরে চিৎকার করছি, মাননীয় রাষ্ট্রপতির কাছে লাখো লোকের গণ-দরখাস্তও দিয়েছি, সেটা হচ্ছে, ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস ন্যায্য মূল্যে সারা ভারতবর্ষে ন্যায্যমূল্যের দোকান মারফত সরবরাহ করতে হবে। আমরা এ দাবি শুধু পশ্চিমবঙ্গের জন্য করি নি, আমরা এ দাবি সারা ভারতবর্ষের জন্য করেছি। তা না করে যদি জিনিসপত্রের দাম এইভাবে বাড়ানো হয় এবং সেটা কে অ্যাডমিনিস্টার্ড প্রাইস করে স্থিতিশীল করার চেষ্টা করা হয় এবং সেই অনুপাতে মানুষের উপার্জন যদি না বাড়ে তাহলে মানুষের দুর্দশা বাড়বেই, এ জিনিস চলতে পারে না। সরলবাবু গতকাল বলছিলেন, জাপানে জিনিসপত্রের দাম যে হারে বেড়েছে তার থেকে মজুরির হার অনেক গুণ বেড়েছে আর ভারতবর্ষে জিনিসপত্রের দাম যা বেড়েছে মজুরির হার তার থেকে অনেক কম বেড়েছে। সুতরাং এই রকম অবস্থায় শ্রমজীবী মানুষ, সাধারণ মানুষ, দারিদ্রের চাপে নিস্পেষিত হবে, তাদের আর্থিক অবস্থা সঙ্গীন হয়ে উঠবে। এর ফলে বেকার সমস্যা দিনের পর দিন প্রকট হয়ে দেখা দেবে সে বিষয়ে কোনো সন্দেহ নেই। সুতরাং রাজ্যপালের ভাষণের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকার বিগত দিনে যে কাজ করেছে এবং আগামী দিনে যে কাজগুলি করতে চলেছেন সেই কথাই বলা হয়েছে। এই কাজগুলি করতে পারলে আরো কিছুটা অগ্রগতির দিকে আমরা এগিয়ে যাব। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সমর মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের যে ভাষণ তথা বামফ্রন্ট সরকারের শরিক দল সি. পি. এম. সংগঠনের যে নির্বাচনী ইস্তাহার, সেই নির্বাচনী ইস্তাহারের প্রতিবাদ জানিয়ে এবং আমাদের তরফ থেকে যে সংশোধনী প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমার ছোট্ট বক্তব্য এখানে রাখছি। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির বন্ধুরা কিছু দিন আগে বলতেন, 'কেন্দ্র থেকে এল গাই সঙ্গে বাছুর সি. পি. আই। 'আজকে আর. এস. পি. ফরোয়ার্ড ব্লক, আর. সি. পি. আই এরা ছাগলের তৃতীয় ছানার মতো এই সরকারের দুধ না পেয়ে অনেকটা শীর্ণকায় হয়ে পড়েছে। মাননীয় সদস্য জয়ন্ত বাবু যে কথা বলছিলেন আমি তাকে সমর্থন করি। এই যে সি. পি. এম দল তারা বর্তমান আর্থিক বছরে এবং আগামী আর্থিক বছরে যে ৫ শত জুনিয়ার হাই স্কুল এবং হাই মাদ্রাসা দেবেন বলেছেন সে সম্পর্কে মাননীয় সদস্য জয়ন্ত বাবু সমালোচনা করেছেন। যে কথা আগে বলেছি, যে সঙ্গে

থেকে এল গাই সঙ্গে বাছুর সি. পি. আই। সেই রকম সি. পি. আই. এম দলের বাছুরের মতো, ছাগলের তৃতীয় ছানার মতো আর. এস. পি. ফরোয়ার্ড ব্লক, আর. সি. পি. আই এরা পশ্চিমবাংলায় চিৎকার করে বেড়াচ্ছে যে বামফ্রন্ট সরকারের শরিক দলের সদস্য হয়েও তারা আজকে ন্যায্য অধিকার থেকে বঞ্চিত। স্যার, আজকে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় এক দলীয় শাসন ব্যবস্থা কায়েম করছে। এটা নামে বামফ্রন্ট সরকার কিন্তু আসলে সি. পি. এম। আজকে আমরা তো দূরের কথা, ওদের দলের অন্য শরিকরাই তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত। এই যে ৫শত স্কুল গ্রাম বাংলায় দেওয়া হচ্ছে, এটা কাদের দেওয়া হচ্ছে? আগামী নির্বাচনের দিকে তাকিয়ে সি. পি. এম দল গ্রামবাংলায় যেখানে স্কুলের দরকার নেই সেই সমস্ত জায়গায় এগুলি করা হচ্ছে যাতে তাদের কমরেডরা পার্টিবাজি করতে পারে। আজকে সেই ভাবে সি. পি. আই. এম পশ্চিমবাংলায় জুনিয়ার হাই স্কুল করার চেষ্টা করছে। আজকে বামফ্রন্ট সরকার তাদের নিজেদের জনদরদি সরকার বলছে, গরিব মানুষের সরকার বলছে, মেহনতি মানুষের সরকার বলছে। এটা যে কত অবাস্তব কথা সেটা মানুষ ভাল ভাবে বুঝে গেছে। সি. পি. আই. এম দলের সদস্য, গ্রাম পঞ্চায়েতের সদস্য থেকে আরম্ভ করে শাসক দলের মন্ত্রী পর্যন্ত যে সব কথা বলছেন তাতে দেখা যাবে যে গরিবের ভাল করতে গিয়ে ওরা নিজেদেরই আর্থিক অবস্থা ভাল করছেন। গ্রাম বাংলার মানুষের কথা ওরা চিন্তা করছেন না। স্যার, আপনি যদি হাটে যান এবং সেখানে গিয়ে যদি চুপ করে দাঁড়িয়ে থাকেন তাহলে দেখবেন যে একটা বড় মাছ বাজারে এলে সেই মাছটা কারা কেনে।

[6-15—6-25 P.M.]

স্যার, আপনি খোঁজ নিয়ে দেখবেন তা এক-মাত্র কিনতে পারে সি. পি. এম. দলের কোনো গ্রাম পঞ্চায়েত সদস্য, না হয় পঞ্চায়েত সমিতির সদস্য, না হয় জেলা পরিষদের সদস্য, আর তাও না হলে সি. পি. এম দলের কোনো এম. এল. এ-র কোনো আত্মীয় বা মন্ত্রীর কোনো ভাই বা ভাতিজা। আজকে গ্রাম বাংলার গরিব মানুষের নামে দলীয় শাসন ব্যবস্থার মধ্যে দিয়ে এক শ্রেণীর মানুষ আর্থিক দিক দিয়ে ধনবান হচ্ছে। এটা কোনো জনমুখী সরকারের লক্ষণই নয়।

দ্বিতীয় কথা হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের মধ্যে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সন্তোষ প্রকাশ করা হয়েছে। অথচ আমরা দেখছি গ্রামবাংলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি এমন জায়গায় এসে পৌঁছেছে যে সর্বত্র শুধু ক্রন্দনের রোল। সি. পি. এম. সমর্থন পুষ্ট বাড়ি ছাড়া গ্রাম-বাংলায় একটাও বাড়ি দেখতে পাবেন না যে বাড়িতে হাহাকার নেই। প্রতিটি মানুষকে আজকে জি. আর, টি. আর থেকে বঞ্চিত করা হচ্ছে, খাবার থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। অথচ মুখে বলা হচ্ছে জনগণের সরকার। গ্রাম বাংলায় আজকে সি. পি. এম-এর বিরুদ্ধে একটা কথা বললেই সি. পি. এম-এর ঠ্যাঙাড়ে বাহিনীর হাতে মার খেতে হয়। এখানে মস্তানদের কথা অনেকে বলেছেন। আজকে গোটা পশ্চিম বাংলার সমস্ত সমাজবিরোধীরা লাল-ঝান্ডার নিচে এসে আশ্রয় নিয়েছে। এদের বিরুদ্ধে কেউ কোনো কথা বললেই তাকে খুন করা হয়। এদের বিরুদ্ধে থানায় ডায়রি করতে গেলে থানার দারোগা-বাবু ডায়রি নেন-না। কারণ সমস্ত সমাজ-বিরোধীরাই তো আজকে সি. পি. এম-এর কমরেড, সি. পি. এম-এর লোক। সুতরাং আইন-শৃঙ্খলা পরিস্থিতির কথা রাজ্যপালের ভাষণে

১০০/১৫০ কোটি টাকার মতন মূল কাজের মানটাই কমে গেল। অর্থাৎ ৭৫০ কোটি টাকার মাধ্যমে যে উন্নয়নমূলক কাজ হবে বলে আমরা আশা করেছিলাম মূল্যবৃদ্ধির আগে, মূল্যবৃদ্ধির পরে ঐ টাকায় সেই কাজ আর হবে না, তার চেয়ে কম কাজ হবে। এ সম্পর্কে কিন্তু বিরোধীদল একটি কথাও বললেন না। এই যেখানে অবস্থা সেখানে আপনারা কি করে আশা করেন যে এই টাকার মাধ্যমে সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে—রাস্তাঘাটের উন্নতি হবে, বিদ্যুৎ উদবৃত্ত হবে, স্কুল কলেজ বাড়বে ইত্যাদি। কাজেই আমি বলব, জিনিসপত্রের দাম এইভাবে বাড়বে এটা চলতে পারে না। তাই আমি বিরোধী দলের মাননীয় সদস্যদের বলব, গত দু দিন ধরে আপনারা যেসব বক্তব্য রাখলেন সেগুলি সবই গতানুগতিক বক্তব্য। তবে আমার আগের বক্তা বিরোধী দলের মাননীয় সদস্য অম্বিকাবাবু একটা ভালো কথা বলেছেন, সেটা হচ্ছে, মাশুল সমীকরণের ব্যাপারে। এ ক্ষেত্রে বামফ্রন্টের বক্তব্যের সঙ্গে তিনি একমত হয়েছেন সেজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তবে এর সঙ্গে আর একটা কথা বললে ভালো হ'ত, যেটা নিয়ে আমরা অনেক দিন ধরে চিৎকার করছি, মাননীয় রাষ্ট্রপতির কাছে লাখো লোকের গণ-দরখাস্তও দিয়েছি, সেটা হচ্ছে, ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস ন্যায্য মূল্যে সারা ভারতবর্ষে ন্যায্যমূল্যের দোকান মারফত সরবরাহ করতে হবে। আমরা এ দাবি শুধু পশ্চিমবঙ্গের জন্য করি নি, আমরা এ দাবি সারা ভারতবর্ষের জন্য করেছি। তা না করে যদি জিনিসপত্রের দাম এইভাবে বাড়ানো হয় এবং সেটা কে অ্যাডমিনিস্টার্ড প্রাইস করে স্থিতিশীল করার চেষ্টা করা হয় এবং সেই অনুপাতে মানুষের উপার্জন যদি না বাড়ে তাহলে মানুষের দুর্দশা বাড়বেই, এ জিনিস চলতে পারে না। সরলবাবু গতকাল বলছিলেন, জাপানে জিনিসপত্রের দাম যে হারে বেড়েছে তার থেকে মজুরির হার অনেক গুণ বেড়েছে আর ভারতবর্ষে জিনিসপত্রের দাম যা বেড়েছে মজুরির হার তার থেকে অনেক কম বেড়েছে। সুতরাং এই রকম অবস্থায় শ্রমজীবী মানুষ, সাধারণ মানুষ, দারিদ্রের চাপে নিস্পেষিত হবে, তাদের আর্থিক অবস্থা সঙ্গীন হয়ে উঠবে। এর ফলে বেকার সমস্যা দিনের পর দিন প্রকট হয়ে দেখা দেবে সে বিষয়ে কোনো সন্দেহ নেই। সুতরাং রাজ্যপালের ভাষণের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকার বিগত দিনে যে কাজ করেছে এবং আগামী দিনে যে কাজগুলি করতে চলেছেন সেই কথাই বলা হয়েছে। এই কাজগুলি করতে পারলে আরো কিছুটা অগ্রগতির দিকে আমরা এগিয়ে যাব। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সমর মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের যে ভাষণ তথা বামফ্রন্ট সরকারের শরিক দল সি. পি. এম. সংগঠনের যে নির্বাচনী ইস্তাহার, সেই নির্বাচনী ইস্তাহারের প্রতিবাদ জানিয়ে এবং আমাদের তরফ থেকে যে সংশোধনী প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমার ছোট্ট বক্তব্য এখানে রাখছি। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির বন্ধুরা কিছু দিন আগে বলতেন, 'কেন্দ্র থেকে এল গাই সঙ্গে বাছুর সি. পি. আই। 'আজকে আর. এস. পি. ফরোয়ার্ড ব্লক, আর. সি. পি. আই এরা ছাগলের তৃতীয় ছানার মতো এই সরকারের দুধ না পেয়ে অনেকটা শীর্ণকায় হয়ে পড়েছে। মাননীয় সদস্য জয়ন্ত বাবু যে কথা বলছিলেন আমি তাকে সমর্থন করি। এই যে সি. পি. এম দল তারা বর্তমান আর্থিক বছরে এবং আগামী আর্থিক বছরে যে ৫ শত জুনিয়ার হাই স্কুল এবং হাই মাদ্রাসা দেবেন বলেছেন সে সম্পর্কে মাননীয় সদস্য জয়ন্ত বাবু সমালোচনা করেছেন। যে কথা আগে বলেছি, যে সঙ্গে

যে ভাষণ দিয়েছেন সেই ভাষণ দেওয়ার জন্য এবং আমাদের মাননীয় সদস্য শ্রী শচীন সেন মহাশয় যে ধন্যবাদ-সূচক প্রস্তাব উত্থাপন করেছেন তারজন্য তাঁদের সমর্থন করে আমি আমার বক্তব্য রাখতে চাই। গতকাল থেকে আমি বিরোধী দলের বক্তব্য শুনছিলাম এবং সেই বক্তব্য শুনে আমার যা মনে হয়েছে তা হল ওঁরা বাস্তবটা স্বীকার করেন না। এই আর্থ সামাজিক কাঠামোর উপর দাঁড়িয়ে, সীমিত ক্ষমতার উপর দাঁড়িয়ে একটা রাজ্যের পক্ষে কি কি কাজ করা যায় এবং আমাদের বামফ্রন্ট সরকার ১৯৮৫/৮৬ সালে মুল মুল কয়েকটি কাজ করেছেন তার সংক্ষিপ্ত ইতিহাস রাজ্যপালের ভাষণের মধ্যে তুলে ধরা হয়েছে এবং আগামী বছর ১৯৮৬/৮৭ সালে বামফ্রন্ট সরকার কি কি কর্মসূচী নিতে চলেছেন, তার লক্ষ্য এবং উদ্দেশ্য সেটা এই ভাষণের মধ্যে পরিস্ফুট হয়েছে। ওদের বক্তব্য শুনে মনে হয়েছে বাস্তবের সঙ্গে যোগ নেই। এখানে মাননীয় সদস্য সমরবাবু পঞ্চায়েত নিয়ে কিছু বক্তব্য তুলে ধরেছেন। আমি জানি না উনি কোনো বাজারে গিয়েছিলেন। তিনি নাকি সেখানে দেখেছেন সি. পি. এমের গ্রাম পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সমিতির প্রধান এবং জেলা পরিষদের সদস্যরা বড় বড় মাছ কিনছেন আর ওনারা কিনতে পারছেন না। ওনার বক্তব্য শুনে মনে হচ্ছে গ্রামাঞ্চলের সঙ্গে কোনো সম্পর্ক নেই। এই কারণে আমি বলছি, আজকে যদি উনি গ্রামে যেতেন তাহলে দেখতে পেতেন ১৯৭৭ সালের পূর্বে গ্রামের কি অবস্থা ছিল আর এখন কি অবস্থা হয়েছে। আপনাদের আমলে কোনো গ্রামে কি রাস্তাঘাট ছিল? ছোটখাট যে খালগুলি ছিল যে খালগুলির মাধ্যমে চাষবাস করার জন্য জল সরবরাহ করা হত সেই খালগুলি কি সংস্কার করা হয়েছিল? এই বামফ্রন্ট সরকার যেদিন থেকে পঞ্চায়েতের নির্বাচন করেছেন সেদিন থেকে ওনারা চিৎকার করছেন পঞ্চায়েতের মাধ্যমে টাকা পয়সা চুরি হচ্ছে। ১৯৮৩ সালে পশ্চিমবঙ্গের জনগণ তার বিচার করেছেন। কিন্তু এখনও এরা সেই জেদ ছাড়েননি। আজকে গ্রামাঞ্চলে যান, গ্রামাঞ্চলে গিয়ে গ্রামের মানুষের সঙ্গে যোগাযোগ করুন, তাদের কাছ থেকে ফিরিস্তি নিন গ্রামাঞ্চলের রাস্তাঘাট তৈরি হয়েছে কিনা, খালগুলি নিকাশি করা হয়েছে কিনা—তাহলে আসল চিত্র দেখতে পাবেন। একথা আজকে পরিষ্কার যে বামফ্রন্ট সরকার গ্রামাঞ্চলের মানুষের দিকে নজর দিয়েছেন। এন. আর. ই. পির মাধ্যমে ৫ কোটি শ্রম দিবস সৃষ্টি হয়েছে।

[6-25—6-40 P.M.]

গ্রামের মানুষ গ্রামে কাজ না পেয়ে শহরে এসে ভিক্ষা করতে বাধ্য হতেন, আজকে আর সে অবস্থা দেখা যায় না। মানুষের আর্থিক উন্নতির জন্য আই. আর. ডি. পি. স্কীমের মাধ্যমে ১৯৮৪-৮৫ সালে গত বছর প্রায় দু লক্ষের বেশি পরিবারকে আই. আর. ডি. পি. স্কীমের মধ্যে আনা হয়েছে। ২,৭৫,১০০ পরিবারকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। প্রতিটি পরিবারকে গড়ে ২২৩৬ টাকা করে দিয়ে বাঁচার জন্য এই স্কীম আমাদের সরকার তৈরি করে দিয়েছেন। যদিও আরো বেশি টাকার দরকার ২২০০ টাকায় গোটা পরিবারের আর্থিক ব্যাপারে স্বয়ং সম্পূর্ণ করা যায় না। আই. আর. ডি. পি. প্রকল্পে সেন্ট্রাল কমার্সিয়াল ন্যাশনালাইজড ব্যাঙ্ক, তারা কিছুটা অংশ ঋণ হিসাবে দেয়—প্রথমে তাঁরা গরিব মানুষদের টাকা ঋণ দিতে চান নি, যাদের সামান্যতম জমি জিরাত আছে তাঁদের ঋণ দেবার দিকে লক্ষ্য থাকে। আমাদের অভিজ্ঞতা থেকে বলছি প্রয়োজন মতো ঋণ অনেকে পায় না। গ্রামের মানুষের সঙ্গে ব্যাঙ্কের যোগাযোগের মাধ্যমে আমরা ব্যাঙ্ককে বোঝাতে পেরেছি যে গরিব

মানুষকে ঋণ দিলে তারা ঋণ পরিশোধ করে। পরিসংখ্যান দেখলে বুঝতে পারবেন ১৯৮০-৮১ সালে পরিবার পিছু ২২০০ টাকা দিতে পেরেছি। আমরা জানি কেন্দ্রের সরকার যেভাবে জিনিসপত্রের দাম বাড়িয়েছেন যে ভাবে জনগণের উপর অর্থনৈতিক শোষণ চাপিয়ে দিয়েছেন এর দ্বারা মানুষের আগামী দিনে বাঁচার পথ নেই। রেলের ভাড়া বাড়াবেন, সাধারণ মানুষ যে জিনিসগুলি ব্যবহার করেন সেসব জিনিসের দাম বাড়াবেন। আপনাদের সংসদের ভয়ে এবং তাদের নির্দেশ মারফত জিনিসের দাম বাড়াচ্ছেন।

সমালোচনা করুন, বিরোধীপক্ষ যখন তখন নিশ্চয় সমালোচনা করবেন, কিন্তু পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের মানুষকে ভালবেসে সমালোচনা করুন। সংসদকে মর্যাদা দিন কিন্তু জিনিসপত্রের দাম যাতে আর না বাড়ে সেটা সংসদে আলোচনা করুন। দয়া করে কেন্দ্রীয় সরকারকে একটু বলবেন কি—বলবেন না জানি।

বেকারদের জন্য এবং শিল্পের জন্য চোখের জল ফেলছেন। পশ্চিমবঙ্গে কংগ্রেস সদস্য আজকে বিধানসভায় চোখের জল ফেলছেন। হলদিয়ায় পেট্রোকেমিক্যাল করার জন্য আমরা কয়েক বছর ধরে চিৎকার করে এসেছি কেন্দ্রে দরবার করে এসেছি যে, পেট্রো-কেমিক্যাল চালু হোক। পশ্চিমবঙ্গের কথা চিন্তা করে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যখন গোয়েঙ্কার কাছে পেট্রো-কেমিক্যাল করার জন্য যুক্তি করেছিলেন তখন আপনারা বলেছিলেন মার্কসবাদী কমিউনিস্ট পার্টিরা পুঁজিবাদের সঙ্গে গাঁটছড়া বেঁধেছে। আমি স্মরণ করিয়ে দিতে চাই একটা রাজ্য সরকার একটা অঙ্গ রাজ্য থেকে মানুষের কি কি সমস্যার সমাধান করতে পারে, এটাই হল আমার মূল কথা। আপনারা কেন্দ্রীয় সরকারকে বলুন হলদিয়াতে পেট্রো-কেমিক্যাল খুলতে, সেদিকে ওঁরা পা বাড়াবেন না। যে প্রকল্পগুলিতে বেকার সমস্যার সমাধান হবে সে প্রকল্পগুলির কথা ওঁরা বলবেন না। আমি শেষ করার আগে বিনীত ভাবে কংগ্রেসিদের কাছে আবেদন করতে চাই পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে আপনারা দয়া করে কেন্দ্রীয় সরকারকে একটু বলুন এই প্রকল্পগুলিকে রূপায়িত করতে। মাশুল সমীকরণ—অম্বিকা বাবুর কথায় সায় না দিয়ে—দয়া করে মাশুল সমীকরণের নীতিকে চালু করুন। এই কথা বলে শ্রী শচীন সেন মহাশয় রাজ্যপাল মহাশয়ের বক্তব্যের উপর যে প্রস্তাব রেখেছেন তাকে সমর্থন করে এবং বিরোধী পক্ষ যে সংশোধনীগুলি এনেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শচীন সেন মহাশয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমরা এতদিন ধরে বিরোধী দলের যে বক্তব্য শুনেছি তাতে উল্লসিত হবার কারণ রয়েছে। ওঁরা বলেছেন, আমরা কিছুই করতে পারিনি, শুধু অসত্য কথার উল্লেখ রয়েছে এতে। তাহলে তো আগামী দিনে ওঁদের জয়জয়কার হবে এবং এই বইটা নিয়ে যদি বাজারে বিলি করেন, ওঁদের উপকারই হবে। তবে বলতে চাই যে, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে যেসব কথা বলেছেন তাতে এতটুকু অসত্যতা নেই। সুব্রতবাবু এখানে আইন-শৃঙ্খলার কথা তুলেছেন। উনি হয়ত ভুলে গেছেন, তিনি এক সময় হোম মিনিস্টার ছিলেন। ওঁদের আমলের অবস্থা ফিরে এলে হয়ত ওঁদের কাছে ভাল অবস্থা হবে। মায়ের বুক থেকে ছেলে কেড়ে নেবার সেই অবস্থা ফিরে এলে হয়ত ভাল অবস্থা হবে। আজকে রাজ্যপালের ভাষণে বলা হয়েছে যে, সাধারণভাবে আইন-শৃঙ্খলা সন্তোষজনক রয়েছে। তা বলে কি কোনো জায়গায়

চুরি হবে না, বধূ হত্যা হবে না? সাধারণ ভাবে যেসব ঘটনা ঘটে থাকে সেসব তো ঘটবেই। আজকে পাশের রাজ্য বিহারে কি ঘটছে? হরিজনদের জমি সব চলে যাচ্ছে উচ্চবর্ণের হিন্দুদের হাতে। সেই হরিজনদের ১২জনকে সেখানে পুড়িয়ে খুন করা হ'ল বিগত নভেম্বর মাসে। আজকে মীরাটে কি হচ্ছে? কাজেই আজকে এ-সব বিচার করতে হবে এবং বলতে হবে যে, বামফ্রন্ট সরকার গৌরবজনক ভাবেই চলছে এবং এখানকার আইন-শৃঙ্খলা পরিস্থিতিও ভালই রয়েছে। ওঁরা সেচের কথা, তিস্তার কথা বলেছেন। কিন্তু ৪৩৫ কোটি টাকার মধ্যে এ-পর্যন্ত মাত্র ১৫ কোটি টাকা দিয়েছেন কেন্দ্রীয় সরকার। এ-ব্যাপারে আপনারা একটু অনুরোধ করুন তাঁদের! কলকাতার মেট্রোরেলের কাজ যে শেষ হচ্ছে না তার মূলেও ঐ একই কারণ—অর্থের অভাব। এসব খাতে কেন্দ্র টাকা দিলে নিশ্চয়ই কাজ হবে। আজকে এসব চিন্তা করতে হবে। গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ যেখানে ৪ভাগ জমির অধিকারী, সেখানে গোটা ভারতবর্ষের মধ্যে ৩০ ভাগ খাস জমি এখানে বিলি করা হয়েছে। এটা বামফ্রন্ট সরকারের পক্ষে গর্বের কথা। হতে পারে ডাঃ বিধানচন্দ্র রায় এ-ব্যাপারে আইন করে গিয়েছিলেন, কিন্তু সেটা ইমপ্লিমেন্ট করেছে এই সরকার। ওঁরা পঞ্চায়েতের কথা তুলেছেন। সুনীতিবাবু বলেছেন যে, পঞ্চায়েতে বৈষম্যমূলক আচরণ করা হচ্ছে। কিন্তু আমি দেখতে পারি বীরভূম ও অন্যত্র ওঁদের পঞ্চায়েত যত টাকা পায়, আমাদের পঞ্চায়েতও সেই একই টাকা পায়—৪০ হাজার টাকা। এইভাবে মিথ্যা কথা বলে জনমত সৃষ্টি করা যায় না। জনগণ জানে যে, কারা কি ধরনের কাজ করেছে। শিক্ষার ব্যাপারে ওঁরা অনেক কথা বলেছেন। শিক্ষাকে নাকি আমরা ডুবিয়ে দিতে বসেছি। কারণ শিক্ষাকে আজকে সর্বজনীন করা হয়েছে। আজকে গ্রামের গরিব চাষীর ছেলেমেয়েও বিদ্যালয়ে শিক্ষা গ্রহণ করছে এবং সেইজন্যই ওঁরা মনে করেছেন যে, এই শিক্ষা-ব্যবস্থা ডুবে গেছে। এখন তফসিলী জাতি এবং উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য স্কলারশিপ দেওয়া হচ্ছে। আপনারা তো ফর্মে সই করেন, আপনারা তো জানেন। আপনারা অনেক ছাত্রদের ফর্মে সই করে পাঠিয়েছেন তারা বৃত্তি পেয়েছে। আপনাদের আমলে এই সব ছিল! শিক্ষার মান উন্নয়নের কথা আপনারা বলেন! বলুন তো আপনাদের আমলে কি ছিল? গণটোকাটুকি হত আপনাদের আমলে। এখন পর্যন্ত তার রেস চালিয়ে আসছেন। লজ্জা করে না আপনাদের? আপনারা কাগজ পড়েন নি? আজকে কাগজে বেরিয়েছে, কোর্টের রায় এখনো বার হয় নি, বেরোলে চিফ মিনিস্টারের চাকরি চলে যাবে। কেন যাচ্ছে সেটা আপনারা ভাল করেই জানেন। এই তো আপনাদের দৃষ্টান্ত, এই তো আপনাদের উদাহরণ। আপনারা গোটা ভারতবর্ষকে কি ভাবে চালাচ্ছেন? আপনারা আবার এখানে বসে বড় বড় কথা বলেন। আপনারা পাঞ্জাবে বিচ্ছিন্নতাবাদকে সমর্থন করেছেন, আসামে বিচ্ছিন্নতাবাদকে সমর্থন করেছেন। ত্রিপুরায় বিচ্ছিন্নতাবাদকে সমর্থন করেছেন। এই সব জিনিস আপনারা করে চলেছেন আবার বলছেন গোটা ভারতবর্ষকে এক করব এবং সকলের স্বার্থ রাখব। আপনারা আবার কি বলেছেন? ইলেকট্রিকের কথা বলেছেন, ইলেকট্রিকের এখানে খুব অভাব রয়েছে, সবাই পাচ্ছে না। বিগত বছরগুলিতে যখন আপনারা ছিলেন তখন আপনারা কি করেছেন? ১১ হাজার লোককে ঢুকিয়ে দিয়েছেন এবং একটা মাথা ভারি প্রশাসন সৃষ্টি করেছেন। তারা এখন বামফ্রন্ট সরকারের নীতির সুযোগ নিয়ে সব জায়গায় অকাজ করে চলেছে। এই ১১ হাজার লোককে আই. এন. টি. ইউ. সি-র পক্ষ থেকে সুব্রতবাবু বলুন তারা যেন অন্তত পক্ষে বাংলার স্বার্থে ভাল ভাবে কাজ করে। আপনারা পূর্বে তো অনেক অপকর্ম করে

এসেছেন, সেইগুলো শুধরে নেবার চেষ্টা করুন। আমি আর একটা ব্যাপারে আপনাদের কাছে অনুরোধ করব। আপনারা অনেক আগে বিগত লোকসভা নির্বাচনে বলেছিলেন যে, যে সমস্ত উদ্বাস্তু ভাইরা এখানে এসেছে তাদের পুরোপুরি পূনর্বাসন দেওয়া হবে। আজকে তাদের কথা চিন্তা করা দরকার। পশ্চিমবাংলায় যে উদ্বাস্তু এসেছে তাদের এখনও পুনর্বাসনের সমস্ত ব্যবস্থা হয় নি। সেই ব্যবস্থা যাতে হতে পারে তার জন্য আমি আপনাদের মারফত কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছি। কেন্দ্রীয় সরকার তাদের যেন লিজ দলিল এবং পুনর্বাসনের সমস্ত অর্থ দিয়ে দেন। এই কথা ঘোষণা করলে নির্বাচনের সময় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা ফলপ্রসু হবে। শুধু বামফ্রন্ট সরকারের নিন্দা করলে শুধু কথায় চিঁড়ে ভিজবে না। কারণ আমরা আমাদের অভিজ্ঞতায় জানি, গোটা পশ্চিমবাংলার লোক জানে কে মিত্র কে শত্রু। তারা আপনাদের শাসন দেখেছে এবং আমাদের শাসন দেখেছে। এখন তারা চিন্তা করছে আপনারা যদি আবার ফিরে আসেন তাহলে দুঃস্বপ্নের রাজত্ব সৃষ্টি হবে। তারা এটা চায় না। শুধু এখানে নয়, গোটা ভারতবর্ষে দেখুন কোথায় আছেন আপনারা। এখানে সমস্ত মিথ্যা কথা বলবেন আর কাগজে ছাপাবেন। এতে জনমত সৃষ্টি করা যায় না। এটা যদি করতে পারতেন তাহলে বোলপুরের নির্বাচনে ১ লক্ষ ভোটে হারতেন না, জিতে যেতেন। পশ্চিমবাংলায় আপনাদের যে পায়ের তলায় মাটি নেই সেটা আপনারা ভাল করেই জানেন। সুতরাং আপনাদের কাছে অনুরোধ পশ্চিমবাংলাকে আপনারা যদি ভাল বাসেন তাহলে কুম্ভিরাশ্রু ত্যাগ করে সত্যিকারের অশ্রু ত্যাগ করুন। পশ্চিমবাংলার উন্নয়নের জন্য বামফ্রন্ট সরকার যা করছে সেটা স্বীকৃতি দিন এবং সঙ্গে সঙ্গে সাহায্য করুন। কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের যে সব দাবি যেমন, মাশুল সমীকরণের দাবি, কয়লা মূল্যের দাবি, ট্যাক্স বাবদ আমাদের যা প্রাপ্য তা দেবার দাবি, এইগুলি যেন কেন্দ্রীয় সরকার স্বীকার করেন এবং মিটিয়ে দেন। কেন্দ্রীয় সরকারের কাছে এই সমস্ত দাবি উত্থাপনের ব্যাপারে বিরোধী দলের সদস্যরা যেন আমাদের সঙ্গে সহযোগিতা করেন, এই আশা আমরা করি। তা না হলে আমি বলব, তাঁরা পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের কোনো মঙ্গল চান না। সুতরাং সামগ্রিক ভাবে পশ্চিমবাংলার স্বার্থে এবং পশ্চিমবাংলার মানুষের স্বার্থে তাঁদের এই ব্যাপারে এগিয়ে আসা উচিত। তা হলেই পশ্চিমবঙ্গবাসীর হিতসাধনে প্রকৃত কাজটুকু করা যাবে। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের প্রতি আমি আরো একবার আমার সমর্থন জ্ঞাপন করে বক্তব্য শেষ করছি।

## ADJOURNMENT

The House was then adjounned at 6-40 p.m. till 1 p.m. on Friday, the 7th March, 1986 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 7th March, 1986 at 1-00 P.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 10 Ministers of State and 119 Members.

### Starred Questions
### (to which oral answers were given)

[1-00 - 1-10 P.M.]

### পশ্চিমবঙ্গের মেডিক্যাল কলেজসমূহে দ্বৈত শাসন ব্যবস্থা

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার (১) মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলির অধ্যক্ষদের হাতে সমস্ত ক্ষমতা তুলে দিচ্ছেন এবং পুনরায় দ্বৈত শাসন ফিরিয়ে আনার সিদ্ধান্ত কার্যকর করছেন, এবং (২) প্রশাসনিক ক্ষেত্রে সুপারকে যে একচ্ছত্র সর্বোচ্চ ক্ষমতার অধিকারী করা হয়েছিল সে ব্যবস্থা বাতিল করা হচ্ছে;

(খ) সত্য হলে, ১৯৮০ সালে মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলিতে অধ্যক্ষ ও সুপারদের মধ্যে কি কারণে দায়িত্ব-বিভাজন হয়েছিল; এবং

(গ) বর্তমানেই বা কি কারণে পূর্ববতী ব্যবস্থার পরিবর্তন ঘটিয়ে অধ্যক্ষের হাতে সমস্ত দায়িত্ব ও ক্ষমতা অর্পণ করা হচ্ছে?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ**

(ক) বিষয়টির বিভিন্ন দিক নিরন্তর বিবেচনাধীন। এখনও কোনো সিদ্ধান্ত হয় নি।

(খ) এবং (গ) — প্রশ্ন ওঠে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৮০ সালে যে ক্ষমতার বিভাজন হয়েছিল তাতে যে সমস্যা বা অসুবিধা পরিলক্ষিত হয়েছিল এবং তারজন্য বিবেচনাধীন আছে বলেছেন সেই অর্থে আমি বলছি যে অসুবিধা যদি পরিলক্ষিত হয়ে থাকে সেটা কি ধরনের হয়েছে?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমরা হাসপাতাল এবং কলেজের অধ্যক্ষদের অধ্যাপনা, আর্তসেবা, রোগী সেবা ইত্যোদি সবগুলির মধ্যে একটা সমন্বয় সাধন করার চেষ্টা করছি। বিষয়টি বিবেচনাধীন আছে এবং এই বিষয়ে এম. সি. আই. কেন্দ্রীয় সরকার এবং বিভিন্ন রাজ্য ভাবছেন। আমরা এই ২টি বিষয় নিয়ে সমন্বয় সাধন করতে চাই এবং সেইজন্য বিবেচনাধীন আছে বিভিন্ন স্তরে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমি কোনো স্পেসিফিক রিপ্লাই পেলাম না। আমি বললাম যে ১৯৮০ সালের যে পরিবর্তন হল তার ফলে ইতিমধ্যে নির্দিষ্ট কোনো অসুবিধা দেখা দিয়েছে কিনা এবং আপনি বলেছেন বিবেচনাধীন তাহলে অসুবিধাগুলি কি কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** এই প্রশ্নটি সমন্বয় সাধনের সঙ্গে সম্পর্কযুক্ত। যারা অধ্যাপনা করেন তারা নিয়ন্ত্রণাধীন এবং তারা আবার হাসপাতালের রোগী সেবার সঙ্গে যুক্ত। সেখানে সুপারেনটেনডেন্টের সঙ্গে তাদের সম্পর্ক খুবই শিথিল। এই দুটির সমন্বয় করবার জন্য আমরা বিভিন্ন পদক্ষেপ নিয়েছি। এই বিষয়ে ম্যানেজিং বোর্ড তৈরি করেছি। সবাইকে এক সঙ্গে নিয়ে যাতে কো-অর্ডিনেশন করা যায় তার চেষ্টা করছি এবং এরজন্য আমরা নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। অধ্যাপনা এবং রোগী সেবার ক্ষেত্রে যাতে আরো উন্নতি করা যায় সেইজন্য হাসপাতাল এবং কলেজগুলিতে প্রিন্সিপালকে সবার উপরে রেখে তার নিচে সুপারেনটেনডেন্ট, ডেপুটি সুপারেনটেনডেন্ট এবং ভাইস প্রিন্সিপালকে রাখা যায় কিনা সেটা বিবেচনা করছি। পশ্চিমবাংলার বাইরে অনেক জায়গায় এটা হয়েছে আবার অনেক জায়গায় নেই। অ্যাডমিনিস্ট্রেশন, পড়াশুনো এবং রোগী সেবার ব্যাপারে বিবেচনা করছি। এই নিয়ে অনেক এক্সারসাইজ করেছি, এখনো আলোচনা চলছে সিদ্ধান্তে আসা যায় নি, একটা ইউনিফরমেটিভ স্টেজে আছে।

* ৪৩ (স্থগিত)।

## Abnormal increase in the number of unemployed youths in the State

* **44** (Admitted question No. * 148.) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to State—

(a) Whether it is a fact that there has been an abnormal increase in the number of job-seekers in the State during the last eight years;

(b) If so, the reasons thereof;

(c) The total number of job-seekers as on (i) 31-12-1977 and (ii) 31-12-1985;

(d) Whether the State Government have prepared any scheme(s) for providing employment to the vast majority of unemployed youths during the Seventh Plan period; and

(e) If so, the total number of persons expected to be benefited by the aforesaid scheme(s) during the first/second/third/fourth and fifth year of the Seventh Plan ?

**Shri Santi Ranjan Ghatak :**

(a) There is an increase in the number of job seekers as evidenced from the registrations figures of the live registers of 62 Employment Exchanges.

(b) The major factors for such increase is due to shrinkage of job opportunities in the private sector, banks on recruitment by public sector undertakings and departments of the Central Government including banks etc.

(c) The total number of registrants in the live register as on

(1) 31.12.77 was 14,03,899 and as on

(2) 31.12.85 was 39,51,799.

(d) Yes.

The State Government in the Labour Department have introduced Self-employment Scheme to enable registered unemployed youths for embarking on economically meaningful projects.

(e) 4000 cases have been sponsored to banks for sanction so far during the current year. The target for the 2nd year of the 7th five year plan in about 10,000 cases.

**Shri Gyan Singh Sohanpal :** In reply to question No. (b) the Hon'ble Minister has stated that one of the reasons for increase in the number of unemployed youths is the shrinkage of employment opportunities in the private sector. My question is whether this is a fact that shrinkage of employment opportunities in the private sector is due to labour unrest in the industrial under-takings of the State ?

**Shri Santi Ranjan Ghatak :** No.

**Shri Gyan Singh Sohanpal :** My second supplementary on question No. (d) Whether the State Government have prepared any scheme(s) for providing employment to the vast majority of unemployed youths during the 7th plan period ? The Hon'ble Minister has stated that the Government have referred the cases to self-employment scheme. My question is, apart from referring some cases about which he mentioned in his reply, am I to take it that the State Government have no other scheme — the State Govt. have not drawn any scheme during the 7th

Five year plan period for providing employment opportunities to the unemployed youths.

**Shri Santi Ranjan Ghatak :** I have stated that the Labour Department has sponsored scheme for self-employment in which the Government is also giving subsidy of 25% of the total value of the scheme and there involved registered unemployed youths, the job seekers about whom I have mentioned. They are covered under the scheme of Labour Department.

**শ্রী শচীন সেন ঃ** গত ৮ বছরে চাকরির প্রার্থীর সংখ্যা বেড়ে গেছে এইটা ঠিক নয়। চাকরির প্রার্থী এবং বেকারের সংখ্যা দিন দিন বাড়ছে। ১৯৪৭ সালের যেদিন থেকে কংগ্রেস ভারতবর্ষের গদিতে আসীন হয়েছে সেদিন থেকেই প্রতিদিনই বেকারের সংখ্যা বাড়ছে — এটা কেন্দ্রের কংগ্রেস সরকারের পুঁজিবাদী অর্থনীতির ফল কি না?

[1-10—1-20 P.M.]

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আমি বলেছি খানিকটা অর্থনৈতিক কাঠামো আছে, খানিকটা অর্থনৈতিক সঙ্কটের ফল নিশ্চয়ই আছে এই বিষয়ে কোনো সন্দেহ নেই।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে এম. এল. এ.-দের অ্যাডভাইসারি কমিটির মেম্বার করে রেখেছেন, অথচ বছরের কোনো সময় আমাদের ডাকা হয় না, আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সম্বন্ধে জানান হয় না, কিন্তু আমাদের সাজিয়ে একটা কমিটি করে রেখেছেন, সেই এক্সচেঞ্জে এমপ্লয়মেন্ট সম্বন্ধে আমরা কোনো বক্তব্য বলতে পারি না।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** এই প্রশ্ন ওঠে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় মাননীয় সদস্য শচীন সেন মহাশয়ের প্রশ্নের উত্তরে তাঁর প্রশ্নের সঙ্গে সায় মিলিয়ে বললেন কেন্দ্রের পুঁজিবাদী অর্থনীতি দায়ী। এই কাঠামোর মধ্যে অন্যান্য রাজ্য রয়েছে, দেখা যাচ্ছে সারা ভারতবর্ষে যা বেকার রয়েছে তার ৫ ভাগের এক ভাগ বেকার রয়েছে এই পশ্চিমবাংলায় এবং বিশেষ করে ১৯৭৭ সাল থেকে বেকারের সংখ্যা আরো বেড়ে যাচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে এরজন্য কি রাজ্য সরকারের কোনো দায়িত্ব নেই? দায়িত্ব থাকলে কতটুকু তাঁরা পালন করেছেন?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আমি বলেছি যে জাতীয় অর্থনৈতিক সঙ্কট চলছে সেটা খানিকটা দায়ী বেকারি বাড়ার জন্য এই হচ্ছে প্রথম কথা। দ্বিতীয়ত আমাদের এখানে যারা বেকার তারা তাদের নাম যাতে রেজিস্ট্রি করতে পারে এই বিষয়ে আমরা যতটা পারি সুযোগ দিচ্ছি। আমার উত্তরে আছে ৬২টি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ পশ্চিমবঙ্গের বেকারদের সংখ্যাটা প্রতিফলিত হচ্ছে আমাদের রাজ্যে। তৃতীয়ত আমাদের ডিপার্টমেন্ট থেকে একটা সেলফ এমপ্লয়মেন্ট স্কীম নিয়েছি বেকারদের স্বনির্ভর করার জন্য সেকথা বলেছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই বামফ্রন্ট সরকার অত্যন্ত যত্নশীল হয়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে বহু পরিমাণে কংগ্রেসি বেকারদের সুযোগ দিয়েছেন?

**মিঃ স্পিকার ঃ** এ প্রশ্ন ওঠে না।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি সপ্তম প্ল্যানে কেন্দ্রীয় সরকারের কোনো পরিকল্পনা বেকার সমস্যা সমাধানের জন্য আপনার কাছে আছে কিনা এবং তাঁদের কাছ থেকে টাকাকড়ি কোনো পরিকল্পনার জন্য দেওয়া আছে কি না?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আমার দপ্তরে কেন্দ্রের কাছ থেকে এই রকম কোনো পরিকল্পনা আসেনি।

## মাছের চাহিদা ও উৎপাদন

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৭।) **শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৫-৮৬ সালে পশ্চিমবঙ্গে কি পরিমাণ মাছ উৎপাদিত হয়েছে;

(খ) ঐ সময়ে মাছের চাহিদাই বা কত ছিল; এবং

(গ) কিভাবে ঘাটতি মেটানো হয়েছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ**

(ক) ৪ লক্ষ ২ হাজার মেট্রিক টন।

(খ) পশ্চিমবঙ্গের অধিবাসীদের খাদ্যাভ্যাসের ভিত্তিতে মাছের বার্ষিক চাহিদা আনুমানিক ৮ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন।

(গ) ঘাটতির কিছু অংশ অন্য রাজ্য থেকে প্রাপ্ত মাছের সরবরাহ থেকে মেটানো হয়েছে।

**শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল ঃ** মন্ত্রী মহাশয় বললেন ঘাটতি মেটানো হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, মাছের চাষ বাড়াবার জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** ৮ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন চাহিদা। এর মধ্যে ৪ লক্ষ ২৪ হাজার মেট্রিক টন আমাদের উৎপাদন হয়, ৩০ হাজার মেট্রিক টন আমদানি করা হয় এবং ঘাটতি মেটাবার জন্য আমরা আন্তঃদেশীয় মৎস্য চাষ শুরু করেছি। বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় ৩৪ হাজার হেক্টরে কাজ শেষ হয়েছে এবং এবারে ১০ হাজার হেক্টর ধার্য করেছি। আশা করি মার্চ মাসে সেটা পূরণ হবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মন্ত্রী মহাশয় বললেন আমাদের চাহিদা হচ্ছে ৮ লক্ষ মেট্রিক টন। মাছের চাহিদা নির্ভর করে মাছের দামের উপর। বর্তমানে বাজারে মাছের যা দাম তাতে সাধারণ মানুষ মাছ কিনতে পারে না এবং তার ফলে চাহিদাও কম। আমার প্রশ্ন হচ্ছে মাছের দাম কমিয়ে চাহিদা বাড়াবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** সারা ভারতেই নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে। আমরা বার বার দাবি করেছি ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেঁধে দেবার জন্য। কিন্তু তাঁরা সেটা করেন নি। সব জিনিসের দাম বাড়বে এবং মাছের দাম কমবে এটা হয়না। বর্তমানে আমাদের ভারতবর্ষের যা অবস্থা তাতে একটা কাঠামোর মধ্যেই সব কিছু থাকবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৮২/৮৩, ১৯৮৩/৮৪ এবং ১৯৮৪/৮৫ এই আর্থিক বছরে কি পরিমাণ মাছের উৎপাদন বেড়েছে? অর্থাৎ আমি জানতে চাই, তুলনামূলকভাবে উৎপাদনের দিক থেকে অগ্রগতি হয়েছে কি না?

**শ্রী কিরণময় নন্দ ঃ** ১৯৮২/৮৩ সালে উৎপাদন ছিল ২ লক্ষ ৭২ হাজার মেট্রিক টন, ১৯৮৩/৮৪ সালে ৩ লক্ষ ৫৫ হাজার মেট্রিক টন এবং ১৯৮৪/৮৫ সালে ৪ লক্ষ ২ হাজার মেট্রিক টন। ১৯৮৫/৮৬ সালের সার্ভে রিপোর্ট এখনও পাইনি বলে ১৯৮৪/৮৫ সালের রিপোর্টের ভিত্তিতে ১৯৮৫/৮৬ সালের উৎপাদনের কথা বলেছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** সংবাদপত্রে প্রকাশিত হয়েছে কতগুলি মাছ চাষের ভেড়ি দেশি এবং বিদেশি কিছুলোক অন্য খাতে এবং অন্যভাবে ব্যবহার করবার জন্য কিনে নিচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, এতে কি মাছ চাষ ক্ষতিগ্রস্ত হবে বলে মনে করেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** কোনো জায়গা বিদেশি কোম্পানী কিনেছে জানিনা, কাজেই এখন কিছু বলতে পারবনা।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** বর্তমানে কি পরিমাণ মাছ সাপ্লাই করতে পারছেন জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমাদের এই রাজ্যে সামুদ্রিক মাছ ৩৫/৪০ হাজার মেট্রিক টন উৎপন্ন হয়।

**শ্রী সরল দেব ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিভিন্ন জায়গায় এই যে ব্যাপকভাবে মাছের ভেড়ি লুঠ হচ্ছে এটা বন্ধ করবার জন্য কী ব্যবস্থা অবলম্বন করছেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** এটা আইন শৃঙ্খলার প্রশ্ন বলে পুলিশ দেখে। আমার দপ্তর থেকে এটা কন্ট্রোল করা হয়না।

* ৪৬ (স্থগিত)।

**তফসিলী ও আদিবাসী ছাত্রদের জন্য মেইনটেনান্স গ্রান্ট**

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭১।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** তফসিলী ও আদিবাসী উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার তফসিলী ও আদিবাসী ছাত্রদের জন্য "মেইনটেনান্স গ্র্যান্ট" চালু করেছেন কি; এবং

(খ) এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার আর্থিক সাহায্য করেছেন কি?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ**

(ক) হ্যাঁ।

(খ) না।

**শ্রী অনন্ত সরেণ ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, রাজ্য সরকার আদিবাসী কতজন ছাত্রছাত্রীকে মেন্টেনেন্স গ্র্যান্ট দেন এবং কেন্দ্রীয় সরকার এই বাবদ রাজ্য সরকারকে কত টাকা দেন?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** রাজ্য সরকার ৩৪ হাজার আদিবাসীকে মেন্টেনেন্স গ্র্যান্ট দেন — এই খাতে কেন্দ্রীয় সরকার কিছু দেননা।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, তপশিল এবং আদিবাসী ছাত্রদের জন্য মেন্টেনেন্স গ্র্যান্ট বাবদ রাজ্য সরকার এ পর্যন্ত কত টাকা ব্যয় করেছেন এবং বেনিফিসিয়ারির সংখ্যা কত?

**মিঃ স্পিকার ঃ** নোটিশ দিতে হবে।

[1-20 – 1-30 P.M.]

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** আপনি বললেন কেন্দ্রীয় সরকার এক পয়সাও দেয় না। কিন্তু রাজ্য সরকারের তরফে তপসিলী ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের যে মেন্টেনেন্স গ্র্যান্ট দেন সেটা ঠিক সময়ে যায় না এবং বেশির ভাগ তপসিলী ও আদিবাসী ছাত্র-ছাত্রী'ই খুব গরিব, সেই জন্য তাদের খুব অসুবিধা হয়। এই গ্র্যান্ট যাতে ঠিক মতো তাড়াতাড়ি তাদের কাছে পৌঁছায় সেটা আপনি চেষ্টা করবেন কি?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** আমরা চেষ্টা করছি। কিন্তু স্কুলের প্রধান শিক্ষক, শিক্ষিকা, সভাপতি মহাশয়দের কাছে অনুরোধ জেলা অফিসে যত তাড়াতাড়ি লিস্ট পাঠাবেন তত তাড়াতাড়ি জেলা থেকে দেওয়া হবে।

**শ্রী মনোহর তিরকী ঃ** আপনি জানালেন ৩৪ হাজার ছাত্র-ছাত্রীকে মেন্টেনেন্স গ্র্যান্ট দেওয়া হয়। এদেরকে কত টাকা দেওয়া হয় এবং ভবিষ্যতে এই টাকা বাড়ানোর কোনো প্রস্তাব আছে কি?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** এখন'ই মেন্টেনেন্স গ্র্যান্টের টাকা বাড়ানোর সামর্থ আমাদের নেই। ভবিষ্যতে সামর্থ হলে নিশ্চয় টাকা বাড়াব। তবে যারা বাড়ি থেকে যাতায়াত করছে তাদের মাসিক ২০ টাকা হারে ১২ মাসের টাকা দেওয়া হচ্ছে।

**শ্রী সতীশচন্দ্র বিশ্বাস ঃ** আপনি বললেন কেন্দ্রীয় সরকার এই বাবদ কোনো টাকা দিচ্ছে না। এই ব্যাপারে আপনি কি কোনো আবেদন বা প্রতিবাদ করেছেন? আজকের এই বাজার দরে মেন্টেনেন্স গ্র্যান্ট হিসাবে যে টাকা দেওয়া হচ্ছে তাতে তাদের চলে না। এই বিষয়ে আপনি কেন্দ্রীয় সরকারকে কিছু লেখেন নি?

**ডাঃ শম্ভুনাথ মান্ডি ঃ** এই ব্যাপারে আমি কেন্দ্রীয় সরকারের কাছে বার বার আবেদন করেছি এবং খুব জোর দিয়েই আবেদন করেছি। কয়েকদিন আগে একটা মিটিং হয়েছিল। সেখানে জানিয়েছি পশ্চিমবাংলার তফসিলী ও উপজাতিদের শিক্ষার হার অত্যন্ত নিম্ন। কাজেই এদের একটু সাহায্য করলে আমরা অনেক এগিয়ে যেতে পারব, এই আবেদন করেছি এবং আমি লড়াই'ও করেছি।

## বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে উপযুক্ত শিক্ষক নিয়োগ

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬।) **শ্রী অনুপকুমার চন্দ্র** এবং **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে বর্তমানে উপযুক্ত মানের শিক্ষকের অভাব থাকা সত্ত্বেও বিভিন্ন বিভাগের ও ভিজিটিং প্রফেসর ও ভিজিটিং সার্জেনদের অন্যত্র বদলি করা হচ্ছে এবং তাঁদের শূন্যস্থানে কোনো শিক্ষক নিয়োগের ব্যবস্থা করা হয় নি;

(খ) সত্য হলে, উক্ত বিভাগগুলি থে'ক কত জন বদলি হয়েছেন; এবং

(গ) নূতন বিভাগীয় প্রধান আজ পর্যন্ত উক্ত কলেজে নিয়োগ না করার কারণ কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) উক্ত কলেজে প্রতি বিভাগে বিভাগীয় প্রধান আছেন।

## পান্ডুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সীমানা প্রাচীর নির্মাণ

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় পান্ডুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে সীমানা প্রাচীর তৈরি করার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, সরকার কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী রামনারায়ণ গোস্বামী :**

(ক) হ্যাঁ।

(খ) প্রাচীর তৈরির জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি নেওয়া হচ্ছে।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** এই হাসপাতাল প্রাচীর দিয়ে ঘেরার কাজ কতদিনের মধ্যে রাজ্য সরকার সম্পন্ন করবেন?

**শ্রী রামনারায়ণ গোস্বামী :** এই সম্পর্কে পি. ডব্লিউ. ডি. কনস্ট্রাকশন বোর্ড আমাদের একটা এস্টিমেট দিয়েছিলেন। সেই এস্টিমেটের পরিমাণ হচ্ছে ৭ লক্ষ ২২ হাজার ৮৩০ টাকা। পরবর্তীকালে জেলা পরিষদের সঙ্গে যোগাযোগ করা হলে তারাও ঐ একই ব্যাপারে যে এস্টিমেট পাঠিয়েছেন তার পরিমাণ হচ্ছে ৩ লক্ষ ৮০ হাজার টাকা। স্বভাবতই জেলা পরিষদের এস্টিমেট সুবিধাজনক মনে করে আমরা এর স্পেসিফিকেশন, এস্টিমেট-এর বিষয়ে মতোামতো দিয়ে ফাইন্যান্সের কাছে পাঠিয়েছি। আমরা আশা করছি এই বিষয়ে শীঘ্রই ফাইন্যান্সের অনুমোদন পাব।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** ওখানে যারা চাকরি করেন ডাক্তার, নার্স এদের নিরাপত্তার জন্য এবং সরকারি জায়গা রক্ষণাবেক্ষণের জন্য হাসপাতালের এই বাউন্ডারি ওয়াল দেওয়াটা আপনি খুব জরুরি বলে মনে করেন কি না?

**শ্রী রামনারায়ণ গোস্বামী :** মিঃ স্পিকার, স্যার, বিশেষ প্রয়োজন বলেই আমরা এস্টিমেট আনিয়েছি এবং ফাইন্যান্সে পাঠিয়েছি। এই ব্যাপারে আমি আপনার সঙ্গে সম্পূর্ণ একমতো।

## বিভিন্ন হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য নিযুক্ত বয়েল মেনের সংখ্যা

***৫০।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭।) **শ্রী সাধন পান্ডে ও শ্রী কাশীনাথ মিশ্র :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন কলেজ হাসপাতালগুলিতে ১৯৮২ সালের জুলাই মাস হতে ১৯৮৬ সালের জানুয়ারি মাসের মধ্যে অপারেশন থিয়েটারের জন্য বয়েল মেন পোস্টে কতজন কর্মচারী নিয়োগ করা হয়েছে;

(খ) বাঁকুড়া মেডিক্যাল কলেজে উক্ত সময়ের মধ্যে বয়েল মেন পোস্টে কতজন লোক নিয়োগ হয়েছে; এবং

(গ) উক্ত পদে বেতনের হার কত এবং পদটি কোন্ শ্রেণীভুক্ত?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :**

(ক) বয়েল মেন পোস্ট বলিয়া কোনো পোস্ট নাই।

পশ্চিমবঙ্গে বিভিন্ন কলেজ হাসপাতলগুলিতে ১৯৮২ সালের জুলাই মাস হইতে ১৯৮৬ সালের জানুয়ারি মাসের মধ্যে অপারেশন থিয়েটারের জন্য বয়লারম্যান পোস্টে কোনো কর্মচারী নিয়োগ করা হয় নাই।

(খ) বাঁকুড়া মেডিক্যাল কলেজে উক্ত সময়ের মধ্যে বয়লারম্যান পোস্টে কোনো লোক নিয়োগ করা হয় নাই।

(গ) উক্ত পদ বেতনের হার এইরূপ ঃ—

টাকা — ২৬০-৭-১৯৫-৮-৩১১-১০-৪২১-১২-৪৮১-১৪-৫৩৭.

উক্ত পদটি ননমেডিক্যাল টেকনিক্যাল পার্সোনেল ক্যাডারভুক্ত (এন. এম. টি. পি.) ক্যাডার 'খ' শ্রেণী ভুক্ত (গ্রুপ ডি)।

**শ্রী অনুপকুমার চন্দ্র ঃ** আপনি বললেন, বয়েলমেন পোস্ট বলে কোনো পোস্ট নেই। এই অবস্থায় আপনি বলুন, ঐ পোস্টে লোকের প্রয়োজনীয়তা আছে কিনা এবং লোক না থাকার জন্য ওখানে অবস্থাটা কি দাঁড়িয়েছে?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আমি আমার উত্তরটা আবার পড়ে দিচ্ছি। বয়েলম্যান পোস্ট বলে কোনো পোস্ট নেই। মাননীয় সদস্য হয়ত বয়লারম্যান বলতে চেয়েছেন সেইজন্য আমি বলেছি, 'পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজ হাসপাতালগুলিতে ১৯৮২ সালের জুলাই মাস হইতে ১৯৮৬ সালের জানুয়ারি মাসের মধ্যে অপারেশন থিয়েটারের জন্য বয়লারম্যান পোস্টে কোনো কর্মচারী নিয়োগ করা হয় নাই'। ঐ সময়ে মেডিক্যাল কলেজেও হয়নি। তারপর মাননীয় সদস্য বেতন হার জানতে চেয়েছেন, আমি সেটা জানিয়েছি। এটা নিত্যই খতিয়ে দেখা হচ্ছে আপারেশন থিয়েটারের জন্য কি কি দরকার। এখন ধরুন অ্যাডভান্সমেন্ট অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি হচ্ছে, আমরা এই মুহূর্তে আই ক্যান নট ক্যাপ আপ উইথ, আমরা চেষ্টা করছি। মাননীয় সদস্য যদি লক্ষ্য করেন তাহলে প্রয়োজনের সঙ্গে আমাদের সরবরাহের একটা সঙ্গতি লক্ষ্য করে আন্দন পাবেন।

**শ্রী অনুপকুমার চন্দ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে পোস্টগুলি খালি রেখেছেন এগুলি কি মনে করেছেন যে প্রয়োজন নেই, সেইজন্য খালি রেখেছেন?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর আমি দিয়েছি যে প্রয়োজন ক্রমবর্দ্ধমান এবং এর সঙ্গে সঙ্গতি রেখে আমরা অপারেশন থিয়েটারগুলির ইমপ্রুভমেন্ট করার চেষ্টা করছি। অনেক জায়গায় নূতন অ্যাপয়েন্টমেন্ট দিয়েছি, অনেক জায়গায় শীততাপ নিয়ন্ত্রিত করেছি। আমি বলছি, অ্যাবস্ট্রাক্ট ডিমান্ড বলে কিছু হতে পারে না প্রগেসিভ সোসাইটিতে যেখানে টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট হচ্ছে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** বয়লার থাকলে নিশ্চয় বয়লারম্যানের দরকার হবে। এখন যদি সেখানে বয়লার না থাকে তাহলে স্টেরিলাইজেশনের কাজ কি ভাবে হচ্ছে জানাবেন নি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** মাননীয় সদস্য জিজ্ঞাসা করেছেন, নিয়োগ করা হয়েছে কি না? আমি উত্তর দিয়েছি, 'না', তারপর জিজ্ঞাসা করেছেন বেতনক্রম কি? আমি তারও উত্তর

দিয়েছি। এখন যদি জিজ্ঞাসা করেন কতগুলি বয়লার আছে, কত বয়লারম্যান আছে তাহলে নোটিশ চাই।

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** আপনি বললেন বয়লারম্যান নেই।

**Mr. Speaker :** The Hon'ble Minister has stated that there is no post of Boilmen but he has not denied that there is no recruitment for Boilerman during a particular period. If you would have put a question in regard to post of Boilerman, he would have given the reply. Now, *51

**বিভিন্ন সংস্থা কর্তৃক শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা নিয়মিত জমা**

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী :** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রভিডেন্ট ফান্ডের সুবিধাপ্রাপ্ত শ্রমিক-কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ডের টাকা নিয়মিত জমা হয় না এরূপ সরকারী, আধা-সরকারী ও গোষ্ঠী মালিকানাধীন সংস্থাগুলোর বিরুদ্ধে কোনো অভিযোগ সরকারের নিকট এসেছে কি; এবং

(খ) ঐ ধরনের সংস্থাগুলোর প্রভিডেন্ট ফান্ডের টাকা নিয়মিতো জমা করানোর জন্য কোনো কার্যকর ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :**

(ক) হ্যাঁ।

কর্মচারী ভবিষ্যনিধি আইন, ১৯৫২-এর আওতাভুক্ত ১১৩৬টি সংস্থা এবং ৮০টি উক্ত আইন হইতে ছাড় পাওয়া সংস্থা প্রভিডেন্ট ফান্ড বাবদ কাটা টাকা জমা দেয় নাই।

(খ) আইন ভঙ্গকারি সংস্থাগুলির নিকট হইতে প্রভিডেন্ট ফান্ডের টাকা আদায়ের জন্য কর্মচারী ভবিষ্যনিধি আইনের শাস্তিমূলক ব্যবস্থাগুলি প্রয়োগ করা হইয়াছে।

[1-30—1-40 P.M.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয়, প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা না দেওয়াটা ক্রিমিন্যাল অফেন্স। আমরা লক্ষ্য করেছি যে বহু বেসরকারি ফার্ম প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেয়নি। বহু সরকারি প্রতিষ্ঠানও প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেয়নি। বহু জায়গায় বেসরকারি ফার্মের বিরুদ্ধে ক্রিমিন্যাল চার্জ আনা হয়েছে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে সমস্ত সরকারি প্রতিষ্ঠান টাকা জমা দেয়নি তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** কর্মচারী ভবিষ্যনিধি আইন অনুযায়ী কোনো সংস্থা প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেয়নি বলে তাদের বিরুদ্ধে যখন অভিযোগ আনা হয় আমাদের সরকারি

দপ্তরে তখন পুলিশকে দিয়ে যাদের বিরুদ্ধে অভিযোগ আছে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়।

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন যে কারখানা আজ ৪ বছর আগে বন্ধ হয়ে গেছে, সেই কারখানা বন্ধ হওয়ার আগে কারখানার মালিক ঠিক মতো প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেয়নি। তার আগে যে টাকা জমা দেওয়া হয়েছিল সেটা ফেরত পাবার জন্য সরকারি কোনো ব্যবস্থা আছে কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** আপনি নির্দিষ্ট কারখানার নাম দিলে খোঁজ করে দেখতে পারি এবং যাতে ঐ টাকা পাওয়া যায় সেই ব্যাপারে আমাদের পক্ষে যতটা সম্ভব সাহায্য করব।

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় :** আমি এখানে নাম বলে দিতে পারি। হুগলি জেলার নর্থ ব্রুক জুট মিল।

**মিঃ স্পিকার :** এই ভাবে হয়না। আপনি লিখিত ভাবে পরে দিয়ে দেবেন।

**শ্রী অজিত চক্রবর্তী :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি জানেন যে সাইকেল কর্পোরেশন অফ ইন্ডিয়া, যেটা সেন্ট্রাল গভর্নমেন্টের অধীনে, সেই কারখানাতেও প্রভিডেন্ট ফান্ডের টাকা তারা জমা দেয়নি?

**মিঃ স্পিকার :** এটার উত্তর এখন কি করে হবে। এটা নোটিশ দিতে হবে।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, যে সমস্ত শিল্প সংস্থা প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেয়নি তাদের সংখ্যা কত এবং পরিমাণ কত?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** আমাদের প্রভিডেন্ট ফান্ডের কভারেজ হচ্ছে যে সংস্থা আছে সেটা হচ্ছে ২০৬৯৩। তার ভিতরে এক্সজেম্পটেড এবং আনএক্সজেম্পটেড আছে। আনএক্সজেম্পটেড হচ্ছে ১৯,৮৩৮। আর তার মধ্যে এক্সজেম্পটেড কারখানার সংখ্যা হচ্ছে ৮৫৩, আমার কাছে যে খবর আছে। তার মধ্যে ৮০ জন মালিক তারা ঐ টাকা জমা দেন নি। ৩১/১২/৮৫ পর্যন্ত আনএক্সজেম্পটেড টাকা জমা না দেওয়ার পরিমাণ হচ্ছে ৮৫৯.৮০ লক্ষ। আর এক্সজেম্পটেড টাকা জমা না দেওয়ার পরিমাণ হচ্ছে ৬৫১১.৯৬ লক্ষ।

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, রাজ্য সরকার পরিচালিত কতগুলি শিল্প এবং কেন্দ্রীয় সরকার পরিচালিত কতগুলি শিল্প প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দিচ্ছে না, অথচ শ্রমিকদের বেতন থেকে সেই বাবদ টাকা ডিডাক্ট করছে?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** রাজ্য, কেন্দ্র ভাগ করে কোনো তথ্য আমার কাছে এই মূহুর্তে নেই। এটা জানতে হলে আলাদা নোটিশ দিতে হবে।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা না দেওয়ার জন্য কতগুলি ক্ষেত্রে আপনি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** অম্বিকা বাবুর প্রশ্নের উত্তরে আমি বলেছি যে, এই সমস্ত কেসগুলি সব হাইকোর্টে চলে যাচ্ছে এবং সেখান থেকে মালিকরা স্টে অর্ডার নিয়ে আসছে।

এই রকম ২২৬'টি কেস হাইকোর্টে আছে। প্রভিডেন্ট ফান্ডের টাকা, ই. এস. আই.-র টাকা, গ্র্যাচুইটির টাকা না দিয়ে সে বিষয়ে হাইকোর্ট থেকে স্টে অর্ডার নিয়ে আসছে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, বাই ভার্চু অব পোস্ট আপনি এ বিষয়ের স্ট্যাচুটরি কমিটির চেয়ারম্যান, সুতরাং আপনাকেই এগুলি দেখাশুনা করতে হয়। টাকা জমা না দেওয়াটা একটা ক্রিমিনাল অফেন্স এবং সেই হিসাবে আপনি তাদের স্থাবর ও অস্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত করতে পারেন। অতএব এখন পর্যন্ত আপনি ক'টি জায়গায় বেসরকারি বা আধা সরকারি মালিকদের বিরুদ্ধে স্টেপ নিয়েছেন?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** স্টেপ কোর্ট নিতে পারে, আমি কোনো স্টেপ নিতে পারি না।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** যেগুলির ক্ষেত্রে কোর্টের ইঞ্জাংশন থাকে সেগুলির ক্ষেত্রে আপনি স্টেপ নিতে পারেন না, কিন্তু যেগুলিতে ইঞ্জাংশন থাকে না সেগুলির ক্ষেত্রে আপনি কি অ্যাকশন নিচ্ছেন এবং কতগুলি ক্ষেত্রে অ্যাকশন নিয়েছেন?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আমি লেবার মিনিস্টার হিসাবে কোনো অ্যাকশন নিতে পারি না।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, লেবার মিনিস্টার হিসাবে হি ইজ ইন চার্জ অব দি স্ট্যাচুটরি কমিটি, অথচ উনি অ্যাকশন নিতে পারেন না!

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** স্যার, লেবার মিনিস্টার হিসাবে আমি কোনো অ্যাকশন নিতে পারি না।

**Mr. Speaker :** You can get half an hour's discussion arising out of your question. Why don't you use that ? Without putting further supplementaries you can give notice of half-an-hour discussion.

**Shri Subrata Mukherjee :** Thank you, Sir.

### দুর্গাপুর মহকুমা হাসপাতালে শিশুর জন্ম ও মৃত্যুর সংখ্যা

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৫।) **শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর মহকুমা হাসপাতলে ১৯৮৫ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট কত শিশুর জন্ম হয়েছে; এবং

(খ) তন্মধ্যে মোট কতজনের মৃত্যু হয়েছে?

[1-40 – 1-50 P.M.]

**শ্রী রামনারায়ণ গোস্বামী :**

(ক) ২১১৪টি।

(খ) ৭৮ জনের।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, যে ৭৮ জন শিশু মারা গিয়েছে, তার মধ্যে কতজন ডাক্তারদের অবহেলার জন্য মারা গিয়েছে?

**শ্রী রামনারায়ণ গোস্বামী :** ডাক্তারদের অবহেলার জন্য মারা গেছে এই রকম কোনো রিপোর্ট নেই।

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minister be pleased to state the reasons of death of these 78 children. What are the reasons, what are the causes ?

**Shri Ramnarayan Goswami :** I can't say without having any notice.

**Dr. Zainal Abedin :** What is the average span of life of these children ?

**শ্রী রামনারায়ণ গোস্বামী :** আমাদের পশ্চিমবঙ্গে মোটামুটি মৃত্যুর হার হচ্ছে .....

**Dr. Zainal Abedin :** I mean of Durgapur.

**Shri Ramnarayan Goswami :** Forty per thousand.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই শিশু মৃত্যুর কারণ কি কি এবং এই যে ৭৮জন শিশু মারা গেছে তাদের জন্মের কত দিন পর পর মারা গেছে?

**শ্রী রামনারায়ণ গোস্বামী :** স্পেসিফিক নোটিশ চাই, তাছাড়া বলা যাবে না।

**ডাঃ সুশোভন ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় যে পরিসংখ্যান দিলেন সেটা সাধারণত হাসপাতাল থেকে বার্থ অ্যান্ড ডেথ রেজিস্টার থেকে নেওয়া হয়েছে। কিন্তু বীরভূম জেলায় এমন কয়েকটি হাসপাতাল আছে যেখানে আজ পর্যন্ত বার্থ অ্যান্ড ডেথ রেজিস্ট্রেশন নেই। আমি যদি সেইসব হাসপাতালের প্রশ্ন করি তাহলে তো অসুবিধার সৃষ্টি হবে?

**শ্রী রামনারায়ণ গোস্বামী :** আমি খোঁজ করে দেখব যাতে সব হাসপাতালে থাকে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, শিশু মৃত্যু সম্বন্ধে আপনি ক'টা অভিযোগ পেয়েছেন এবং ক'টা শিশুকে হাসপাতাল থেকে কুকুরে তুলে নিয়ে গেছে — এই রকম কোনো অভিযোগ পেয়েছেন কি?

**শ্রী রামনারায়ণ গোস্বামী :** নোটিশ দেবেন।

## ভূতুড়ে রেশন কার্ড

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৬।) **শ্রী অমলেন্দ্র রায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভূতুড়ে রেশন কার্ডের সংখ্যা কি বাড়ছে; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে এর কারণ কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :**

(ক) ভূতুড়ে রেশন কার্ড ইস্যু করার কোনো সরকারি ব্যবস্থা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী অমলেন্দ্র রায় :** আপনি কিছুদিন আগে সমস্ত এম. এল. এ.-দের চিঠি দিয়ে বলেছিলেন যে যখন কার্ড রেকমেন্ড করবেন তখন বিশেষভাবে দেখেশুনে রেকমেন্ড করবেন। আপনার কাছে এইরকম অভিযোগ কি পৌঁচেছে যে এম. এল. এ.-রা যারা বাংলাদেশ থেকে বা অন্যান্য জায়গা থেকে এসেছে তাদের ঢালাও ভাবে রেশন কার্ড দেবার জন্য সুপারিশ করেছেন?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** না, সেইভাবে আমি দিইনি। আমি এম. এল. এ. এবং এম. পি.-দের কাছে মন্ত্রী হিসাবে আবেদন করেছিলাম যে আপনারা যখন রেশন কার্ডের জন্য সুপারিশ করবেন তখন সমস্ত জেনেশুনে দায়িত্ব নিয়ে করবেন। আমি সেই অনুরোধ করেছিলাম।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি — আপনার দপ্তর থেকে এক ধরনের দুর্নীতির বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে কিনা? দুর্নীতিটা হচ্ছে রেশন দোকানে বিশেষ করে গ্রামাঞ্চলে মডিফায়েড রেশনিং যেখানে সেখানে বেশি করে দেখা যায় যে লোক রেশন তুলতে পারে না। কার্ডগুলো ডিলারদের কাছে জমা থাকে এবং ডিলাররা সেগুলি যথারীতি নিজেরা নিয়ে ব্ল্যাক করে, পাচার করে। এই যে দুর্নীতি, এই দুর্নীতির খবর আপনার দপ্তরের কাছে আছে কি না এবং থাকলে এটা বন্ধ করার জন্য কোনো ব্যবস্থা নেওয়া হয়েছে কি না?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** কোনো সুনির্দিষ্ট খবর যখন আমাদের কাছে আসে, তখন আমরা অফিসার পাঠিয়ে অনুসন্ধান করি, তারা ধরা পড়লে বন্ধ করা হয়।

**শ্রী অমরেন্দ্রনাথ ভট্টাচার্য :** আমরা এমন একটি এলাকায় থাকি যে সেখানে বাংলাদেশের হিন্দু এবং মুসলমান উভয় সম্প্রদায়ের অধিবাসীরা থাকেন, তাদের সার্টিফিকেট দিতে গেলে আমাদের লিখতে হয় — যা নিয়ম করেছেন তাতে বলা হয়েছে — হি ইজ অ্যান ইন্ডিয়ান সিটিজেন, হি হ্যাজ নো রেশন কার্ড এলস হোয়ার হি ইজ অ্যান ইন্ডিয়ান সিটিজেন এই কথাটা আমরা বলতে পারি কিন্তু হি হ্যাজ নো রেশন কার্ড এনি হোয়ার এই কথাটা আমাদের পক্ষে বলা সম্ভব নয়। এটা লিখলে ডিপার্টমেন্ট থেকে সরাসরি ফেরত আসে। আমাদের যদি এনকোয়ারি করতে হয় তাহলে তো ডিপার্টমেন্টের যৌক্তিকতা থাকে না। তাই

আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ডিপার্টমেন্টের উপরই এই দায়িত্বটা দেওয়া হোক।

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** পশ্চিমবঙ্গের সকল অধিবাসীরই প্রায় ব্যক্তিগত রেশন কার্ড আছে। নূতন করে যদি কারো রেশন কার্ড নেওয়ার দরকার হয় তাহলে এটা লিখে দিতে হয়। রেকমেন্ডিং অথরিটি, যিনি আবেদন করছেন সরকারের কাছে যে এঁকে রেশন কার্ড দেওয়া হোক, তাঁকে শুধু এটুকু বলে দিতে হবে ভারতবর্ষের নাগরিক, পশ্চিমবঙ্গের অন্য কোথাও রেশন কার্ড নেই। এম. এল. এ. বা কমিশনার যিনি লিখে দেবেন। যেমন ধরুন একজন মেদিনীপুরের বাসিন্দা তিনি বরানগরে একটি রেশন কার্ড করাবেন, তখন এই কথা লিখে দিতে হবে, না হলে মেদিনীপুরে রেশন কার্ড চালু রইল আবার বরানগরেও রেশন নিতে লাগল, সরকার এ জিনিস বরদাস্ত করতে পারেন না।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই বিধানসভায় বলেছিলেন যে কয়েক লক্ষ ভূতুড়ে রেশন কার্ড আছে, লোক নেই কার্ড রয়েছে, কিসের ভিত্তিতে বলেছিলেন?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** আমি বিধানসভায় এই রকম কোনো বিবৃতি দিই নি।

**শ্রী আব্দুর রউফ আনসারী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আপ টু ৩১শে ডিসেম্বর, ১৯৮৫ কত ভুয়া রেশন কার্ড ইস্যু হয়েছে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** একটা সুনির্দিষ্ট প্রশ্ন করলে জবাব দেব।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি — এই যে রেশন কার্ডগুলি রেশন দোকানে ডিলাররা আটকে রাখে এই সম্পর্কে নিষেধাজ্ঞা জারি করে — তারা এটা রাখতে পারবে না — এই নির্দেশ দেবেন কি?

[1-50—2-00 P.M.]

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** সেটা দেবার প্রয়োজন পড়ে না কারণ রেশন কার্ড দোকানদারদের রাখার কোনো অধিকার নেই।

**শ্রী সমর মুখার্জি ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনার দলের অর্থাৎ মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির ভোটার বাড়াবার স্বার্থে আপনার দলের এম. এল. এ.-রা ভুয়া বিদেশি নাগরিকদের রেশন কার্ড দেবার সুপারিশ করেছেন — এই বিষয়ে অবগত আছেন কি না?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** অবগত নই।

## পশ্চিমবঙ্গে আই পি পি ৪-এর অন্তর্ভুক্ত জেলা

***৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫১২।) ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আই পি পি ৪-এর আওতায় পশ্চিমবঙ্গের কোন কোন জেলাগুলি পড়েছে; এবং

(খ) বীরভূম জেলায় এই প্রকল্পের অধীনে ১৯৮৫-৮৬ সালে (১) কি কি কর্মসূচী নেওয়া হয়েছিল, (২) এ পর্যন্ত তা কতটা রূপায়িত হয়েছে, ও (৩) বর্তমান আর্থিক বছরের শেষ পর্যন্ত কতটা রূপায়িত হওয়ার সম্ভাবনা আছে?

**শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ**

(ক) জেলাগুলি হল বীরভূম, বর্ধমান, বাঁকুড়া এবং পুরুলিয়া।

(খ) (১) কর্মসূচীর মধ্যে ছিল ঃ (অ) ১৯টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ৫৪টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্রের নব রূপদান, (আ) কর্মরত ফার্মাসিস্ট, অকজিলিয়ারি-নার্স-মিডওয়াইফ (এ. এন. এম.), দাই এবং হেলথ গাইডদের প্রশিক্ষণ, (ই) পরিবার কল্যাণের আদর্শে যাত্রানুষ্ঠান, প্রশিক্ষণ শিবির এবং ডাক্তার, স্বাস্থ্যকর্মী, পঞ্চায়েত সদস্য ও প্রশাসকদের অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠিত প্রকল্প-কর্মশালা, (ঈ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণের পটভূমিতে জনগণের বর্তমান অবস্থা এবং ডাক্তার ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের পরিবার কল্যাণ সম্পর্কে দক্ষতা ও জ্ঞানের ঘাটতি বিষয়ে নিরীক্ষণ (সার্ভে) এবং (উ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত কার্যক্রমগুলির অগ্রগতির বিষয়ে মূল্যায়ন ও রিপোর্টিং করার নূতন ব্যবস্থার উদ্ভাবন।

(খ) (২) (অ) ১৫টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও ৩৮টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্রের নব রূপদানের কাজের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে এবং মোট ২৩টি কেন্দ্রের জন্য ওয়ার্ক-অর্ডার দেওয়া হয়েছে। (আ) ১৯৮৫ খ্রিস্টাব্দের ১৬ ডিসেম্বর থেকে প্রশিক্ষণের কাজ শুরু হয়েছে। (ই) জেলা প্রশাসন, পঞ্চায়েত, ডাক্তার ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের নিয়ে একটি প্রকল্প-কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। (ঈ) সার্ভের কাজগুলি চলছে এবং (উ) নূতন রিপোর্ট পদ্ধতির একটি কাঠামো তৈরি করা হয়েছে।

(খ) (৩) (অ) প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্রগুলির নব রূপদানের কাজে ২০ লক্ষ টাকা ব্যয় করা যাবে বলে আশা করা হচ্ছে। (আ) প্রশিক্ষণ-চলতে থাকবে। (ই) জনশিক্ষা ও সম্প্রসারণের কর্মসূচীর লক্ষ্যমাত্রা পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে। (ঈ) সার্ভের কাজ শেষ হবে বলে আশা করা হচ্ছে এবং (উ) আগামী আর্থিক বছরে নূতন রিপোর্টিং ব্যবস্থা চালু করার আয়োজন ৩১ মার্চের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** এই যে টেন্ডার ডেকেছেন বলছেন, বীরভূম জেলার কোনো কোনো ব্লকের জন্য ডেকেছেন এবং কয়টি?

**শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ** নোটিশ চাই।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** কোনো কোনো হেলথ সেন্টারের জন্য টেন্ডার ডেকেছেন?

**শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ** বিরাট তালিকা, পড়ব কি?

**মিঃ স্পিকার ঃ** আপনি ওটা টেবিলে লে করবেন, উনি দেখে নেবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** এগুলো ওপেন টেন্ডার হয়েছে কি?

**শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ** ওপেন টেন্ডার হয়েছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** এ ব্যাপারে লোয়েস্টকে না দিয়ে জেলা সভাধিপতির মনোনীত ব্যক্তিকে কাজ দেওয়া হয়েছে — এই রকম কোনো অভিযোগ পেয়েছেন কি না?

**শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ** না, পাইনি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আই. পি. পি. কর্মসূচীর আওতায় পড়ছে তাঁর জেলা বর্ধমান, বীরভূম এবং আরো কয়েকটি জেলার নাম করলেন। আমার প্রথম প্রশ্ন হ'ল আই. পি. পি.-র আওতা থেকে মেদিনীপুর বাদ পড়ল কেন? দ্বিতীয় প্রশ্ন হ'ল এই কর্মসূচী কি কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের যৌথ, সমস্তটা কি কেন্দ্রীয় সরকারের টাকায়?

**শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ** আমরা কেন্দ্রীয় সরকারকে লিখিত ভাবে জানিয়েছি মেদিনীপুরকে আই. পি. পি.-৪ কর্মসূচীর আওতার আনার জন্য। এই নিয়ে তাদের সঙ্গে আমরা পত্রালাপ করেছি এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ককে বারে বারে জানিয়েছি যে মেদিনীপুরকে এই কর্মসূচীর আওতায় আনার জন্য। আপনারা জানেন যে এই ব্যাপারে আমরা সার্ভে করেছি। কিন্তু তাদের ওপিনিয়ন হল মেদিনীপুরকে আই. পি. পি.-৪-এর আওতায় নেব না। আমরা বারে বারে চেষ্টা করা সত্ত্বেও এটা হয় নি। দ্বিতীয় প্রশ্নের উত্তর হ'ল এটা মোট ১০৭ কোটি টাকার প্রোজেক্ট এবং এটা তিন ভাগে ভাগ করা আছে। এই টাকা ওয়ার্ল্ড ব্যাঙ্ক, কেন্দ্রীয় সরকার এবং আমরা দিচ্ছি। আমাদের ভাগে সাড়ে বারো পারসেন্ট পড়েছে।

## চা-বাগান শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা জমাকরণ

***৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৭।) **শ্রী মনোহর তিরকে ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৫ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত চা-বাগানের শ্রমিক-কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ডের টাকা যথাস্থানে জমা দেয়নি এমন চা- বাগান কোম্পানিগুলির নামের তালিকা প্রকাশ করবেন কি;

(খ) প্রভিডেন্ট ফান্ডের টাকা আইনসম্মতভাবে জমা না দেওয়ার দরুন ঐ সকল চা-বাগান কোম্পানিগুলির সম্পর্কে আইনানুগ কি ব্যবস্থা নেওয়া হয়েছে; এবং

(গ) সংশ্লিষ্ট শ্রমিক-কর্মচারিদের স্বার্থ সংরক্ষিত করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ**

(ক) হ্যাঁ, এ সম্পর্কীয় একটি তালিকা পৃথকভাবে লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) কর্মচারী ভবিষ্যনিধি আইনের বিভিন্ন শাস্তিমূলক ধারা অনুযায়ী এবং ভারতীয় দন্ডবিধির ৪০৬ ও ৪০৯ নম্বর ধারা অনুযায়ী অপরাধী চা-বাগান সংস্থাগুলির বিরুদ্ধে ব্যবস্থা

গ্রহণ করা হইয়াছে। এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে কিছু কিছু ক্ষেত্রে মাননীয় কলিকাতা হাইকোর্টের স্থগিতাদেশের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হইতেছে না।

(গ) সংশ্লিষ্ট কর্মচারীদের স্বার্থরক্ষার জন্য কিছু কিছু প্রচেষ্টা চালানো হইতেছে। কোম্পানী প্রদত্ত রিটার্নের ভিত্তিতে যে সকল কর্মচারী চাকুরি হইতে চলিয়া যাইতেছে তাহাদের প্রদত্ত অংশের টাকা ভবিষ্যনিধি প্রকল্পে বিশেষ সংরক্ষিত তহবিল হইতে অন্তর্বর্তী ব্যবস্থা হিসাবে দেওয়া হইতেছে।

**শ্রী মনোহর তিরকে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে চা-বাগান মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। আমি জানতে চাই এই রকম আইন থাকা সত্ত্বেও মালিকরা প্রভিডেন্ট ফান্ড ফাঁকি দিচ্ছে, সেই জন্য এই আইনকে কড়া করার কথা আপনি ভাবছেন কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মোট ৩১২টি চা-বাগান আছে, তার মধ্যে ২০০টি হচ্ছে আনএক্স জেম্পটেড এবং ২২টি এক্স জেম্পটেড। আনএক্সজেম্পটেডদের মধ্যে ২৭টি চা-বাগান-এর প্রভিডেন্ট ফান্ড ডিউ আছে এবং টাকার পরিমাণ এখন পর্যন্ত আছে তা হ'ল ৫০,০০০ টাকা। এদের বিরুদ্ধে সেকশন ১৪ এবং ১৪ (বি) প্রভিডেন্ট ফান্ড অ্যাক্ট অনুযায়ী মামলা করা হয়েছে। ডি. আই. জি. পুলিশ এবং প্রভিডেন্ট ফান্ড কমিশনারকে বলা হয়েছে যখন মামলার নোটিশ দেবেন তখন তাদের বিরুদ্ধে ইন্ডিয়ান পেনাল কোর্ট অনুযায়ী ব্যবস্থা নেবেন। ২২৬ ধারা অনুযায়ী হাইকোর্ট হয়ে যাচ্ছে এবং সেই জন্য আটকে যাচ্ছে।

**শ্রী মনোহর তিরকে ঃ** বাকি শ্রমিকদের জন্য গ্রুপ ইনসিয়োরেন্সের কোনো পরিকল্পনা সরকারের আছে?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** এখনও এটা ভাবা হয় নি।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** চা-বাগানের যে প্রভিডেন্ট ফান্ড ট্রাস্টি বোর্ড আছে তারা ৩০ বছর চাকুরি হয়ে যাবার পরও পারমানেন্টলি ৫০ পারসেন্ট টাকা তোলার যে রীতি আছে সেই টাকা তারা দিচ্ছে না। সেই টাকা তারা নিজেরা ব্যবহার করছে, শ্রমিকদের স্বার্থে লাগাচ্ছে না। এই অভিযোগ এলে আপনি কোনো ব্যবস্থা করবেন কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** এই ধরনের নির্দিষ্ট কোনো নোটিশ দিলে সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করব।

[2-00—2-10 P.M.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, প্রভিডেন্ট ফান্ডের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি বিষয়ে অনুরোধ করতে চাই যে, বহু জায়গায় প্রভিডেন্ট ফান্ডের টাকা এবং ফিন্যানসিয়াল ইনস্টিটিউশনের টাকা নিয়ে মালিকরা বাইফারকেট করছে এমন নজির আছে। সবচাইতে বেশি পরিমাণে আমাদের এখানে মালিকরা মেরে দিচ্ছে। প্রভিডেন্ট ফান্ডের বিষয়ের উপরে মাননীয় মন্ত্রী মহাশয় যদি একটি প্রস্তাব এখানে নিয়ে আসেন, তাহলে আমরা তার উপরে আলোচনা করতে পারি এবং একটি সিদ্ধান্তও নিতে পারি। মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ জানাই, তিনি যেন বিষয়টি বিবেচনা করেন।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** এ পর্যন্ত যা হয়েছে তা হচ্ছে যে, এখানে প্রভিডেন্ট ফান্ডের রিজিওন্যাল যে বোর্ড আছে, তাঁদের নিয়ে আমরা একটি মিটিং ডেকেছিলাম। সেখানে ট্রেড ইউনিয়নের যে সমস্ত প্রতিনিধিরা আছেন, তাঁদের সঙ্গে আমরা আলোচনা করেছি। তাঁদের কাছে বলেছি যে অবস্থা খুবই সিরিয়াস। মালিকরা এই সমস্ত টাকা মেরে দিচ্ছেন। এই ব্যাপারে আমরা রিজিওন্যাল প্রভিডেন্ট ফান্ডের কমিশনারের সঙ্গেও কথা বলেছি। তাঁদের বলেছি যে, তাঁরা যেন ডিটেলড নোটস দিয়ে একটা প্রস্তাব আমাদের কাছে দেন। এছাড়া, এই ব্যাপারে বর্তমান আইনের কতকগুলি সংশোধনও করতে হবে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** প্রভিডেন্ট ফান্ডের টাকা নিয়ে মালিকরা যে আচরণ করছেন, তার জন্য দরকার হলে ঘেরাও করতে হবে। এটা আপনারা করুন। শ্রমিকের টাকা এই ভাবে মেরে দেওয়া একটা বড় রকমের অপরাধ। [**] মাস্ট বি অ্যাটাকড। ইট ইজ এ [***]

**মিঃ স্পিকার ঃ** 'ক্রিমিন্যাল অফেন্স' এবং 'হাইকোর্ট' কথা বাদ যাবে।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আইনের কিছু সংশোধনের প্রস্তাব আমরা তাঁদের কাছে রেখেছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আইনের সংশোধনের যে কথা এখানে বললেন তা খুবই গুরুত্বপূর্ণ। এটি এখনই করা উচিত।

**Mr Speaker :** Mr. Mukherjee, non-official resolutions will be taken up in this session. I think you can avail yourself of the opportunity to discuss this matter.

## Starred Questions

### (to which written answers were laid on the table)

### রঘুনাথপুর স্টেট জেনারেল হাসপাতালকে মহকুমা হাসপাতালে রূপান্তরকরণ

***৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২৭০।) **শ্রী নটবর বাগদী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) রঘুনাথপুর স্টেট জেনারেল হাসপাতালটি মহকুমা হাসপাতালে রূপান্তরিত হয়েছে কি না;

(খ) না হয়ে থাকলে কবে নাগাদ উহা মহকুমা হাসপাতাল রূপে ঘোষণা করা হবে; এবং

(গ) উক্ত হাসপাতালে কোনো অ্যাম্বুলেন্স আছে কি?

---

** Note [Expunged as order by the chair]

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) ও (খ)

রঘুনাথপুর মহকুমা নয়। সুতরাং এ প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ।

### "ক্রিটিক্যাল কেয়ার ইউনিট" নামে ভ্রাম্যমান চিকিৎসা ব্যবস্থা চালুকরণ

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০।) **শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "ক্রিটিক্যাল কেয়ার ইউনিট" নামে ভ্রাম্যমান চিকিৎসা ব্যবস্থা এ রাজ্যের কোনো কোনো স্থানে চালু করা হয়েছে;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, কোন সময় থেকে এবং কোন স্থানে এই ব্যবস্থা চালু করা হয়েছে; এবং

(গ) ১৯৮৬ সালের জানুয়ারি পর্যন্ত কতজন রোগী এই চিকিৎসা ব্যবস্থার সুযোগ গ্রহণ করেছে?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) (১) ভ্রাম্যমান ক্রিটিক্যাল কেয়ার ইউনিটটি চালু করা হবে।

(২) এস. এস. কে. এম হাসপাতালে Static ক্রিটিক্যাল কেয়ার ইউনিট চালু আছে।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) Static Unit টি এস. এস. কে. এম. হাসপাতালের C. G. Buffer-র Respiratory Unit এর অধীনে চালু আছে।

(গ) এস. এস. কে. এম. হাসপাতাল ও অন্যান্য হাসপাতালের প্রেরিত ৯৩১ জন রোগী গত ১ বৎসরে (১৯৮৫) ঐ চিকিৎসার সুযোগ গ্রহণ করিয়াছেন।

### রাজ্য কেরোসিনের মাসিক চাহিদা

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭১।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায়** এবং **শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) এই রাজ্যে কেরোসিন তেলের মাসিক প্রয়োজনীয়তার পরিমাণ; এবং

(খ) ১৯৮৫ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত কেন্দ্রীয় সরকারের পক্ষ হইতে বরাদ্দের পরিমাণ কি?

**Minister-in-charge for the Food and Supplies Deptt :**

(ক) প্রতি মাসে আশি হাজার মেট্রিক টন। বছরে নয় লক্ষ ছয় হাজার।

(খ) পাঁচ লক্ষ পঞ্চান্ন হাজার একশ নব্বই মেট্রিক টন।

**বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছের পরিমাণ**

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৩।) **শ্রী শীশ মহম্মদ ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমানে মাসে কি পরিমাণ এবং কিভাবে বাংলাদেশ হতে এই রাজ্যে মাছ আমদানি হয়;

(খ) বাংলাদেশ হতে আমদানিকৃত এই মাছ কি দরে পশ্চিমবাংলায় বিক্রয় হয়; এবং

(গ) কি কি ধরনের এবং কত টাকা মূল্যের মাছ গড়ে প্রতি মাসে আমদানি করা হয়?

**Minister of State-in-charge for the Fisheries Deptt :**

(ক) বর্তমানে বাংলাদেশ থেকে এই রাজ্যে কোনো মাছ আমদানি করা হয় না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**বগুলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরকরণ**

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৬।) **শ্রী সতীশচন্দ্র বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বগুলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরের কোনো পরিকল্পনা আছে কি;

(খ) থাকলে, বর্তমানে তা কোন পর্যায়ে রয়েছে; এবং

(গ) কবে নাগাদ উহা বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) ও (খ)

হ্যাঁ। প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন।

(গ) এ সম্বন্ধে কোনো সময় সীমা বলা সম্ভব নয়।

**মেডিক্যাল কলেজ হাসপাতালে ভিজিটিং ডাক্তারদের ডিউটি আওয়ার**

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৮।) **শ্রী লক্ষ্মীকান্ত দে** : স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মেডিক্যাল কলেজ হাসপাতালে ভিজিটিং ডাক্তারদের কত ঘন্টা কাজ করতে হয়;

(খ) উক্ত ডাক্তাররা নির্দিষ্ট সময়টুকু হাসপাতালে থাকেন কি;

(গ) নির্দিষ্ট সময়টুকু হাসপাতালে না থাকলে এদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের কোনো রীতি চালু আছে কি; এবং

(ঘ) উক্ত ডাক্তাররা নির্দিষ্ট সময় হাসপাতালে থাকছেন কিনা দেখার জন্য কারো উপর দায়িত্ব ন্যস্ত আছে কি?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) প্রতি সপ্তাহে ৩০ ঘন্টা। এছাড়া রবিবার পর্যায়ক্রমে কাজ করেন এবং আপতকালীন প্রয়োজনে যে কোনো সময়ে ডেকে পাঠানো হয়। অবশ্য রোগী (বহির্বিভাগ) থাকা পর্যন্ত তাঁরা সাধারণত চিকিৎসা করেন।

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ।

(ঘ) হ্যাঁ হাসপাতালের অধীক্ষকের উপর দায়িত্ব ন্যস্ত আছে।

**প্রশাসনিক আদেশে সিমেন্টের দরবৃদ্ধি**

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৪।) **শ্রী হিমাংশু কুঙর** : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮০-৮৬ সালের (জানুয়ারি, ১৯৮৬ পর্যন্ত) মধ্যে কেন্দ্রীয় সরকার প্রশাসনিক আদেশ দিয়ে কতবার সিমেন্টের দাম বাড়িয়েছে;

(খ) প্রত্যেক বার টন প্রতি কত পরিমাণে দাম বাড়ানো হয়েছে; এবং

(গ) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের চাহিদা অনুযায়ী সিমেন্ট বরাদ্দ করছেন কি?

**Minister of State-in-charge for the Food and Supplies Deptt :**

(ক) ঐ সময়ের মধ্যে কেন্দ্রীয় সরকার আঠারো বার লেভি সিমেন্টের দাম বাড়িয়েছেন।

(খ) বিভিন্ন সময়ে বিভিন্ন পরিমাণে দাম বাড়ানো হয়েছে।

(গ) না।

**নদীয়া জেলা হাসপাতালকে স্বতন্ত্র হাসপাতালে বিভাজন**

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৫।) **শ্রী সাধন চট্টোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় গত ৯-৫-১৯৮৫ তারিখের লিখিত প্রশ্ন নং ৫০৩ (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৬)-এর উত্তর উল্লেখপূর্বক জানাইবেন কি —

(ক) নদীয়া জেলা হাসপাতালকে একাধিক স্বতন্ত্র হাসপাতালে বিভাজনের কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) উক্ত বিভাজনের কাজ কিভাবে হইবে বলিয়া স্থির হইয়াছে?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) ও (খ)

আলোচ্য বিষয়টি সরকারের বিবেচনাধীন।

**ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করার পরিকল্পনা**

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৫।) **শ্রী সরল দেব :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করার কোনো পরিকল্পনা স্বাস্থ্য দপ্তরের আছে কি; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে কিভাবে তা বাস্তবায়িত হবে?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) ও (খ)

১৯৮২ সালের জুন মাসে স্বাস্থ্য দপ্তরের অধীন সমস্ত ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করে সরকারি আদেশনামা জারি করা হয়েছিল। কিন্তু ঐ আদেশনামার বিরুদ্ধে হাইকোর্টের স্থগিতাদেশ দেওয়ার ফলে আদেশনামাটি কার্যকর করা সম্ভব হয় নি।

**রেজিস্টার্ড বেকারদের জন্য স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প**

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫২।) **শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার সম্প্রতি রেজিস্টার্ড বেকারদের জন্য স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প চালু করেছেন;

(খ) সত্য হলে, এই প্রকল্প অনুযায়ী বেকাররা কি ধরনের সাহায্য পাবেন;

(গ) এই প্রকল্পের অন্তর্ভুক্ত হওয়ার ক্ষেত্রে সরকারি বিধিনিষেধ কি; এবং

(ঘ) অদ্যাবধি কতজন বেকারকে এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে?

**Minister of State-in-charge of the Labour Deptt :**

(ক) হ্যাঁ।

(খ) কর্মবিনিয়োগ কেন্দ্রে নথিভুক্ত বেকার যুবক-যুবতীরা অনধিক ২৫,০০০ টাকা পর্যন্ত উপযুক্ত কোনো প্রকল্পের জন্য আর্থিক সাহায্যের জন্য বিবেচিত হইবেন। ইহার মধ্যে রাজ্য সরকার প্রদত্ত শতকরা ২৫ ভাগ অর্থ অনুদান হিসাবে গণ্য হইবে।

(গ) ১। পশ্চিমবঙ্গস্থিত যে কোনো কর্ম বিনিয়োগ কেন্দ্রে কমপক্ষে সেই বৎসরের ১লা এপ্রিল তারিখে এক বৎসর বা তার অধিককাল নাম নথিভুক্ত হওয়া আবশ্যক।

২। সেই বৎসরের ১লা এপ্রিল পর্যন্ত বয়স ১৮ হইতে ৪০ এর মধ্যে হওয়া চাই। তবে দৈহিক প্রতিবন্ধী, তফসিলী জাতি, উপজাতি প্রভৃতির ক্ষেত্রে উর্দ্ধতম বয়সসীমা ৫ বৎসর শিথিল যোগ্য।

৩। পারিবারিক আয় মাসে ১,০০০ টাকার বেশি হইবে না।

৪। বেকারভাতা প্রকল্প, ডি. আই. সি. মারফত স্বনিযুক্তি প্রকল্প বা অনুরূপ কোনো সংস্থায় ঋণ গ্রহণকারীরা এই ঋণ পাইবেন না।

৫। পরিবারের একজন মাত্র এই ঋণ পাইবেন।

(ঘ) এই পর্যন্ত প্রাপ্ত খবরে জানা গিয়াছে যে ৬৪৯৫ জন প্রার্থী স্ব-নিযুক্তি প্রকল্পে সাহায্য লাভের জন্য নাম নথিভুক্ত করিয়াছেন।

**চাল, গম ও চিনির কেজি-প্রতি দরবৃদ্ধি**

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২।) **শ্রী সুধাংশুশেখর মাঝি** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১-১-১৯৮৪ থেকে ১৯৮৫ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত প্রতি কেজিতে চাল, গম ও চিনির দর ক'দফায় এবং কত টাকা বাড়ানো হয়েছে?

**Minister of State-in-charge for the Food and Supplies Deptt :**

১.১.৮৪ থেকে ৩১.১.৮৫ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কর্তৃক চাল ও চিনির সরবরাহ মূল্য বৃদ্ধির দরুন রেশনে চাল ও চিনির দাম একবার বাড়ানো হয়েছে। গমের কোনো দাম বাড়ানো হয়নি। ১৬.১.৮৪ তারিখ হইতে চালের দাম বাড়ানো হয়। প্রতি কেজিতে বৃদ্ধির হার নিম্নরূপ ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| সাধারণ চাল | ২.১৩ পয়সা | থেকে | ২.৩৪ | পয়সা |
| মিহি চাল | ২.২৬ ” | ” | ২.৪৬ | ” |
| অতিমিহি চাল | ২.৪১ ” | ” | ২.৪১ | ” |

চিনির দাম বাড়ানো হয়েছে ১.২.৮৪ থেকে। প্রতি কেজিতে ৩.৭৫ পয়সা থেকে বাড়িয়ে ৪.০০ টাকা করা হয়।

**বাঁকুড়া মেডিক্যাল কলেজের বিক্রেতা কর্তৃক প্রদত্ত বিলের বিরুদ্ধে অভিযোগ**

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭।) **শ্রী অনুপকুমার চন্দ্র** এবং **শ্রী কাশীনাথ মিশ্র** ঃ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য, বাঁকুড়া মেডিক্যাল কলেজে ১৯৮৪-৮৫ বর্ষে মেটিরিয়াল সাপ্লাইজ ও মেশিনারি ইকুইপমেন্টস ক্রয় বাবদ ১৬ লক্ষ ৯০ হাজার ৬৬ টাকা ১ পয়সার বিল সম্পর্কে অভিযোগের তদন্ত করা হইয়াছে;

(খ) সত্য হইলে, এই তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে;

(গ) এ ব্যাপারে কাহাকেও কোনো শাস্তি দেওয়া হইয়াছে কিনা; এবং

(ঘ) এ ব্যাপারে কোনো মামলা দায়ের হইয়াছে কি?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) প্রাথমিক তদন্ত হইয়াছে এবং পূর্ণাঙ্গ তদন্ত এখনও শেষ হয় নাই; প্রাথমিক তদন্তের ভিত্তিতে মোট কত টাকার ক্রয় সম্পর্কে অভিযোগ তা সঠিকভাবে বলা সম্ভব নয়।

(খ) প্রাথমিক তদন্তের ভিত্তিতে কলেজের অধ্যক্ষ সহ তিনজনকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছিল।

(গ) ও (ঘ)

বিষয়টি বিচারাধীন আছে।

### "স্টেট ফুড কর্পোরেশন" গঠন

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গ রাজ্যের জন্য "স্টেট ফুড কর্পোরেশন" গঠন করার কোনো পরিকল্পনা আছে কি?

**Minister of State-in-charge for the Food and Supplies Deptt :**

না, কোনো পরিকল্পনা নাই।

### হেলথ অ্যাসিস্ট্যান্ট পদে চাকুরি প্রার্থীদের ন্যূনতম যোগ্যতা

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৮।) **শ্রী সুব্রত মুখোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পশ্চিমবঙ্গ সরকারের হেলথ অ্যাসিস্ট্যান্ট পদে চাকুরি প্রার্থীদের ন্যূনতম যোগ্যতা কি;

(খ) মেদিনীপুর জেলায় ১৯৮৫ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত উক্ত পদে মোট কতজনকে নিয়োগ করা হয়েছে; এবং

(গ) কি পদ্ধতিতে এই নিয়োগ করা হয়েছে?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) স্কুল ফাইনাল/মাধ্যমিক কিংবা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া।

(খ) ৯ (নয়) জনকে;

(গ) সকলকেই কর্মরত অবস্থায় মৃত্যু এবং শারিরীক অসুস্থতা হেতু অবসরগ্রহণকারী সরকারি কর্মচারীর পরিবারের নির্ভরশীল ব্যক্তি হিসাবে নিয়োগ করা হইয়াছে।

**বিভিন্ন শিল্পে শ্রমিকদের ন্যূনতম মজুরি**

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩০১।) **শ্রী অমলেন্দ্র রায়** ঃ শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পাট, কাপড়কল, ইঞ্জিনিয়ারিং ও চা শিল্পে বর্তমানে কত ন্যূনতম মজুরি দেওয়া হয়; এবং

(খ) ঐ সকল শিল্পে সর্বশেষ বেতন বৃদ্ধি কবে হয়েছিল?

**Minister of State-in-charge for the Labour Deptt :**

(ক)

| | | |
|---|---|---|
| পাট | প্রতিমাসে | ৯২৪ টাকা ৫০ পয়সা |
| কাপড়কল | ,, | ৮১৬ টাকা ০৫ পয়সা |
| ইঞ্জিনিয়ারিং | ,, | ৯৬৪ টাকা ৯০ পয়সা |
| ইঞ্জিনিয়ারিং (২৫০ জন ও তদুর্ধ্বে | ,, | ৯৬৮ টাকা ৯০ পয়সা |
| ইঞ্জিনিয়ারিং (৫০ জন থেকে ২৪৯ জন) | ,, | ৯২৫ টাকা ৯০ পয়সা |
| চা-ডুয়ার্স (৫০০ একর এবং তদুর্ধ্বে | প্রতিদিন | ১১ টাকা ২৫ পয়সা |
| ডুয়ার্স (৫০০ একরের কম) | ,, | ১১ টাকা ২২ পয়সা |
| তরাই এবং কোচবিহার | ,, | ১১ টাকা ১৯ পয়সা |
| দার্জিলিং | ,, | ১০ টাকা ৮৭ পয়সা |

(খ)

| | |
|---|---|
| পাট | ৭.৪.১৯৮৪ |
| কাপড়কল | ১৪.৩.১৯৭৯ |
| ইঞ্জিনিয়ারিং | ২.৯.১৯৮৩ |
| চা | ১৮.৭.১৯৮৩ |

**মুরারই গ্রামীণ হাসপাতাল সংলগ্ন এলাকায় যক্ষ্মা হাসপাতাল নির্মাণ**

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৮।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বীরভূম জেলার মুরারই গ্রামীণ হাসপাতাল সংলগ্ন এলাকায় যক্ষ্মা হাসপাতালটির নির্মাণকার্য আরম্ভ হয়েছে কি;

(খ) না হয়ে থাকলে, বিলম্বের কারণ কি; এবং

(গ) কবে নাগাদ উহার নির্মাণকার্য আরম্ভ হবে বলে আশা করা যায়?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) না।

(খ) জমি অধিগ্রহণের কাজ সম্পন্ন না হওয়ার জন্য। অধিগ্রহণ সম্পূর্ণ হলে আনুষঙ্গিক ব্যবস্থা নেওয়া হবে।

(গ) সময়সীমা বলা সম্ভব নয়।

**পুরুলিয়া সদর হাসপাতালে বেডের সংখ্যা**

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৭১।) **শ্রী নটবর বাগদী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পুরুলিয়া শহরে সদর হাসপাতালে বেডের সংখ্যা কত; এবং

(খ) উক্ত হাসপাতালে রুম এবং বেডের সংখ্যা বাড়ানোর কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) ৩৫০।

(খ) হ্যাঁ।

## নন-প্র্যাকটিস ভাতা গ্রহণ করা ডাক্তারদের বাইরে প্র্যাকটিস

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৮।) **শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) নন-প্র্যাকটিস ভাতা গ্রহণ করা সত্ত্বেও যেসব সরকারি চিকিৎসক হাসপাতালের বাইরে প্রাকটিস করেন বা কোনো-না-কোনো নার্সিং প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত আছেন তাঁদের সম্পর্কে কোনো ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কি; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে কি প্রকার ব্যবস্থা গ্রহণের কথা সরকার চিন্তা করছেন?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) এবং (খ) —

ঐরূপ অভিযোগ পাওয়া গেলে তদারকি কমিশনকে (ভিজিল্যান্স কমিশন) তদন্ত করতে বলা হয় এবং তদন্তে অভিযোগ প্রমাণিত হলে সরকারি বিধি অনুযায়ী বিভাগীয় পদ্ধতির (ডিপার্টমেন্টাল প্রসিডিংস্) মাধ্যমে অভিযুক্তের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়।

## কমিউনিটি হেলথ গাইডদের বেতন বৃদ্ধি

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৬।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) কমিউনিটি হেলথ গাইডদের বেতন বৃদ্ধির ব্যাপারে রাজ্য সরকার ভাবছেন কি;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, রাজ্য সরকার এ বিষয়ে কি পদক্ষেপ গ্রহণ করেছেন; এবং

(গ) কমিউনিটি হেলথ গাইডদের বেতন প্রদানে বিলম্বের কারণ কি?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) যেহেতু এই প্রকল্পটি পুরোপুরি কেন্দ্রীয় সরকারের অর্থানুকূল্যে পরিচালিত এবং অনুমোদন সাপেক্ষ তাই এই সব কর্মীদের ভাতা বাড়ানোর প্রস্তাব রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেছিলেন। কিন্তু কেন্দ্রীয় সরকার প্রস্তাবটি অনুমোদন করেন নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) এই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের বারাদ্দ অর্থ যখন যেমন পাওয়া যায় সেইমতো ভাতা প্রদান করা হয়। সেইহেতু ভাতা প্রদানে কখনও কখনও বিলম্ব ঘটে।

**কমিউনিটি হেলথ গাইডদের মাসিক ভাতা**

***৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৭২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) কমিউনিটি হেলথ গাইডরা (সি. এইচ. জি.) কতদিন যাবত তাঁদের মাসিক ভাতা পাচ্ছেন না;

(খ) নিয়মিত ভাতা না পাবার কারণ কি; এবং

(গ) সি. এইচ. জি.-দের ভাতা বৃদ্ধির জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট কোনো বক্তব্য বা আবেদন জানিয়েছেন কি?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) কমিউনিটি হেলথ গাইডরা (সি. এইচ. জি.) জানুয়ারি, ১৯৮৬ যাবত তাদের মাসিক ভাতা পাচ্ছেন না।

(খ) স্বেচ্ছাসেবী জনস্বাস্থ্য রক্ষা কর্মসূচী (সি. এইচ. জি. স্কীম) একটি কেন্দ্রীয় কর্মসূচী কেন্দ্রীয় অর্থেই এই কর্মসূচী রূপায়িত হয়। কেন্দ্রীয় অর্থ বরাদ্দের ক্ষেত্রে বিলম্ব হওয়ায় মাঝে মাঝে নিয়মিতো ভাতা প্রদানে বিলম্ব ঘটে।

(গ) হ্যাঁ।

**পশ্চিমবঙ্গে এফ. সি. আই. গোডাউনে ক্যারিং কন্ট্রাকটার নিয়োগ**

***৮২।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯০।) **শ্রী বিভূতিভূষণ দে ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এফ. সি. আই. গোডাউনগুলিতে ক্যারিং কন্ট্রাকটার নিয়োগের পদ্ধতি কি; এবং

(খ) এই পদ্ধতি অনুসরণে সরকার কোনো অসুবিধার সম্মুখীন হয়েছেন কি?

**Minister of State-in-charge for the Food and Supplies Deptt :**

(ক) টেন্ডারের মাধ্যমে এফ. সি. আই. নিজস্ব ক্যারিং কন্ট্রাকটার নিয়োগ করেন।

(খ) পশ্চিমবঙ্গ সরকার এ ব্যাপারে যুক্ত নয়।

**মেয়ো এবং লেডী ডাফ্রিন হাসপাতালকে মেডিক্যাল কলেজ হাসপাতালের অধীনে আনার পরিকল্পনা**

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৯।) শ্রী **লক্ষ্মীকান্ত দে** ঃ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মেডিক্যাল কলেজ হাসপাতালে রুগীর সংখ্যা কমানোর জন্য মেয়ো হাসপাতাল ও লেডী ডাফ্রিন হাসপাতালকে মেডিক্যাল কলেজের অধীনে আনার কোনো পরিকল্পনা আছে কি; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে কবে নাগাদ তা কার্যকর হবে?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) প্রস্তাবটি নিরন্তর বিবেচনাধীন তবে এখনও নির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয় নি।

(খ) এখনই বলা সম্ভব নয়।

**রঘুনাথ শাস্ত্রী আয়ুর্বেদ কলেজে ডিগ্রী কোর্স শিক্ষাক্রম চালুকরণ**

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৪।) শ্রী **প্রবোধচন্দ্র সিন্‌হা** ঃ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) কাঁথি রঘুনাথ শাস্ত্রী আয়ুর্বেদ কলেজে ডিগ্রী কোর্স শিক্ষাক্রম চালু করার কোনো পরিকল্পনা আছে কি; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, কোন শিক্ষাবর্ষ হতে এই পাঠক্রম চালু করার সম্ভাবনা আছে?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) বিষয়টি বিবেচনাধীন আছে।

(খ) সঠিক ভাবে কিছু জানানো এখনই সম্ভব নয়।

## পানিহাটি সাধারণ হাসপাতালে শয্যাসংখ্যা বৃদ্ধিকরণ

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৯।) **শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পানিহাটি সাধারণ হাসপাতালের শয্যাসংখ্যা বৃদ্ধি করার জন্য কোনো অনুমোদন দেওয়া হয়েছে কি; এবং

(খ) না হয়ে থাকলে কারণ কি?

**Minister of State-in-charge for the Health and Family Welfare Deptt :**

(ক) না।

(খ) শয্যাসংখ্যা বৃদ্ধির প্রস্তাব বিবেচনাধীন।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion by Shri Samar Mukherjee on the subject of rehabilitation of the people affected by the erosion of the Ganges and Phulhar rivers in Malda district.

The Member will get early opportunity to raise the matter during discussion on the Governor's Address which is continuing. Moreover, the Member may call the attention of the Minister concerned on the subject through Calling Attention, Question, Mention etc.

I, therefore, with hold my consent to the Motion. The Member may however, read out the text of the motion as amended.

**শ্রী সমর মুখার্জি ঃ** স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল — মালদহ জেলার রতুয়া বিধানসভা কেন্দ্রের মহানন্দ ধোনা বিনটমারী গ্রাম পঞ্চায়েতের প্রায় ৪৫ হাজার লোক উদ্বাস্তু হতে চলেছে। তিন দিক নদী বেষ্টিত এই দ্বীপে ইতিমধ্যেই ১০ হাজার লোক গঙ্গা এবং ফুলহার নদীর ভাঙ্গনে সংলগ্ন বিহার বাঁধে সাময়িক ভাবে আশ্রয় নিয়ে আছে, বিহার পুলিশ তাদের জোর করে সেই বাঁধ থেকে তাড়াবার চেষ্টা করছে এবং উক্ত গঙ্গা ভাঙ্গনে উপদ্রুত লোকদের সঙ্গে বিহার পুলিশের সংঘর্ষ হচ্ছে। অনতিবিলম্বে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক জমি অধিগ্রহণ করে উক্ত বসতভিটাহীন লোকদের পুনর্বাসনের ব্যবস্থা করা হউক।

**CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE**

**Mr. Speaker** : I have received nine notices of Calling Attention Namely :—

1. Fire in Howrah Pan Bazer — Shri Ashok Ghosh.

2. Scarcity of Kerosine Oil — Shri Deba Prasad Sarker.

3. Police firing at Krishnanagar on 26.2.86 — Shri Gour Chandra Kundu.

4. Insanitary condition in the Jails of the State — Shri Samar Mukherjee.

5. Shifting of site for General Hospital for Bidi workers from Dhulian to Aurangabad in Murshidabad district — Shri Abul Hasanat Khan and Shri Sumanta Kumar Hira.

6. Ration dealer's movement against public interest — Shri Jayanta Kumar Biswas.

7. Non publishing of results of post Graduate Examination of 1984 in Calcutta University — Shri Kashinath Misra and Shri Anup Kumar Chanda.

8. Circular Rail from Ultadanga to Dum Dum — Shri Saral Deb.

9. Closer in Hindusthan Pilkington Glass Works — Shri Ambica Banerjee.

I have selected the notice of Shri Abul Hasanat Khan and Shri Sumanta Kumar Hira on the subject of shifting of site for General Hospital for Bidi Workers from Dhulian to Aurangabad in Murshidabad district.

The Minister-in-charge will please make a statement to-day, if possible or give a date.

**Shri Patit Paban Pathak** : On the 20th instant.

**শ্রী শচীন সেন** : মাননীয় স্পিকার স্যার, অত্যন্ত গুরুতর একটি সংবাদ এসেছে। সংবাদটি হচ্ছে বিভিন্ন হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজগুলিতে ডি. এম. এস. পরীক্ষা নেওয়া যাচ্ছে না। আমার কাছে ছাত্রদের বহু গার্জেন এসেছে যে ছাত্র পরিষদ সেখানে ঘেরাও করে রেখেছেন। এই বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ তিনি এখানে আছেন এই বিষয়ে একটা বিবৃতি দিন। হাজার হাজার ছাত্র পরীক্ষা দিতে পারছে না ছাত্র পরিষদের জন্য।

(নয়েজ)

**শ্রী রামনারায়ণ গোস্বামী ঃ** ১১ তারিখে স্টেটমেন্ট দেব।

(নয়েজ)

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** ওই কথাটি এক্সপাঞ্জ করুন, আমাদেরও বলতে দিন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** আমাদেরও বলতে দিন।

**মিঃ স্পিকার ঃ** এটা জয়েন্ট অফ অর্ডার, আমার এতে ডিসক্রিশন আছে যে আমাকে আগে না বললে আমি বলার অনুমতি দিই না।

(নয়েজ)

## MENTION CASES

**ডাঃ সুশোভন ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমার জেলার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করতে চাই। মর্ডানাইজেশন অফ ময়ূরাক্ষী ক্যানেল রিজার্ভার প্রোজেক্ট সম্বন্ধে উল্লেখ করতে চাই। এই ময়ূরাক্ষী রিজার্ভার প্রোজেক্টটির মর্ডানাইজেশনের জন্য ১১০ কোটি টাকার একটি প্রকল্প রাইটার্স বিল্ডিংয়ে জমা দেওয়া হয়েছিল। সেই প্রকল্পের উদ্দেশ্য ছিল যে ক্যানেলে কিভাবে বেশি জল রাখা যায় তার ব্যবস্থা করা। ক্যানেল সিমেন্টিং করে মাটিতে যাতে আরো বেশি জল রাখা যায় তার জন্য আমরা একটা প্রজেক্ট সাবমিট করে দিয়েছি। কিন্তু জানা গেল যে সেই প্রজেক্টের কোনো হদিশ পাওয়া যাচ্ছে না। মাননীয় সেচমন্ত্রী এই হাউসে আছেন, আমার তার কাছে অনুরোধ তিনি যাতে দয়া করে জানান যে প্রোজেক্টটি কি অবস্থায় আছে, কোথায় আছে এবং কেন এখনো আটকে আছে। এটা যদি জানান তাহলে আমাদের জেলার লোকেদের উপকার হবে। আমাদের জেলা শুধুমাত্র কৃষিনির্ভরশীল, সুতরাং এই প্রোজেক্টটি কার্যকর হলে বহু মানুষ উপকৃত হবে। মাননীয় মন্ত্রী মহাশয় যদি জানান যে একটি জায়গায় আটকে আছে তাহলে বীরভূম জেলায় এম. পি. এবং এম. এল. এ-রা মিলে একটা লবি তৈরি করতে পারি যাতে এই প্রোজেক্টটি তাড়াতাড়ি রূপায়িত হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে সংবাদপত্রে একটি উল্লেখযোগ্য সংবাদ দেখলাম। সত্যযুগে প্রকাশিত হয়েছে যে আসামে আবার নূতন করে বাঙালি বিতাড়ন চলছে। আসামের নওগাঁ পৌরসভায় যে সমস্ত বাঙালিদের বাস আছে বিশেষ করে ছোট এবং মাঝারি দোকানদার তাদের পরিকল্পিত ভাবে উচ্ছেদ করার চেষ্টা চলছে এবং সেখানে আসাম গণতান্ত্রিক পরিষদের নেতৃত্বে সেখানে সামরিক বাহিনী এবং পুলিশের সাহায্যে উচ্ছেদ করছে। এতে ওখানকার সাধারণ বাঙালিরা আতঙ্কিত হয়ে পড়েছে। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় এবং বারে বারে এই অবাঙালি বিতাড়নের চক্রান্তের ঘটনা দেখছি এবং তার পুনরাবৃত্তি আবার ঘটেছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ তিনি যাতে অবিলম্বে বাঙালি বিতাড়নের যে চক্রান্ত চলছে সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেন

এবং আসামে বসবাসকারি বাঙালিদের যাতে নিরাপত্তার ব্যবস্থা নেওয়া হয় তারজন্য তিনি যেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করেন এই আবেদন আমি জানাচ্ছি।

[2-10—2-20 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মিঃ স্পিকার স্যার, আপনি জানেন কলকাতায় এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গত কয়েক বছর ধরে সেখানে চরম বিশৃঙ্খলা চলছে রাজ্য সরকারের দুই মুখো নীতির জন্য। কলকাতা বিশ্ববিদ্যালয়ে দলীয় সমর্থক কর্মচারিদের দিয়ে উপাচার্যকে হেনস্থা করা হচ্ছে। আবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে দলীয় সমর্থকদের দিয়ে বিশ্ববিদ্যালয়ের কর্মচারিদের গণতান্ত্রিক আন্দোলন দমন করার কৌশল আমরা দেখতে পাচ্ছি। কোর্টের ১০ জন সদস্য থাকতে পারবেন কিনা সেই বিষয়ে একটা মামলা চলছে যেটা এখনও বিচারাধীন এবং রায় এখনও পর্যন্ত বেরোয়নি। এর মধ্যে আমরা দেখতে পাচ্ছি সেখানে এস. এফ. আই. একটা হ্যান্ড বিল প্রচার করে যার মাধ্যমে বিচারপতি পদত্যাগের সম্বন্ধে নানা রকম কটুক্তি করে স্লোগান দিচ্ছে। যারা এর বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছে তাদের মারধর পর্যন্ত করা হচ্ছে। সেখানে লেখাপড়ার পাট একেবারে চুকে গেছে, সমস্ত কিছু বন্ধ হয়ে গেছে এবং কর্মচারিদের ভীতি প্রদর্শন করা হচ্ছে। কর্মচারীরা ইউনিভার্সিটি ক্যাম্পাসে যেতে পারছে না। শাসক দলের কর্মচারী প্রতিনিধিরা এই ভাবে প্রচারপত্র প্রকাশ করে কর্মচারিদের ঢুকতে দিচ্ছে না। বিচারপতিদের সম্বন্ধে যদি এই রকম কটুক্তি করা হয় তাহলে আমরা কোনো রাজত্বে বাস করছি? তাই আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন করছি এই সমস্ত পত্রিকা অবিলম্বে প্রকাশ করা বন্ধ হোক এবং সেখানে যাতে শান্তি শৃঙ্খলা ফিরে আসে তার ব্যবস্থা করুন।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে সভার সামনে রাখছি। সংবিধানের ৩১০/৩১১ (২) ক, খ, গ ধারা বাতিলের দাবিতে ভারতব্যাপী সমস্ত রাজ্যে রাজ্যে সরকারী কর্মচারীরা গত ২৬শে ফেব্রুয়ারি, '৮৬ যে ধর্মঘট পালন করেন নদীয়ায় তার সমর্থনে শ্রমিক-কৃষক, ছাত্র-যুব, মহিলা ও অন্যান্য গণতান্ত্রিক মানুষ এগিয়ে আসেন। কৃষ্ণনগরে এই দিন ১১টা — ১১-৩০টার সময়ে নদীয়া কালেক্টরীর সামনে রাজ্য সরকারি কর্মচারীগণ যখন শান্তিপূর্ণ ভাবে অবস্থান করছিলেন। সেই সময়ে কংগ্রেস আইয়ের কর্মী ও আশ্রিত গুন্ডারা তাদের উপর আক্রমণ করে। বহু কংগ্রেসি ও আশ্রিত গুন্ডারা ইঁট পাটকেল ছোঁড়ে, ফলে বহু ব্যক্তি আহত হন। সেই সমস্ত আক্রমণকারিদের না আটকে কৃষ্ণনগরের মহকুমা শাসক সেই সমস্ত অবস্থানকারিদের বিরুদ্ধে গুলি চালনার নির্দেশ দেন বলে ৮/১০ রাউন্ড গুলি চলে। আমি আপনার মাধ্যেমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন করছি এই বিষয়ে পূর্ণাঙ্গ তদন্ত করা হোক এবং তদন্তের সাপেক্ষে দোষী ব্যক্তিদের শাস্তি দেওয়া হোক।

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, this is the Budget Session and the Treasury Bench is fully empty. Only two State Ministers are present — half plus together one. This shows their regard for the House. This is the attitude of all the Ministers. Sir, if it so happens then you are to decide the next course of action.

**(Noise)**

**মিঃ স্পিকার ঃ** এটা ঠিক যে মেনশন আওয়ারের সময় আমি বারবার করে বলেছি যে এটা একটা ইম্পর্ট্যান্ট ব্যাপার। তখন সমস্ত মিনিস্টারদের এখানে থাকা দরকার। কারণ মেম্বাররা যা উল্লেখ করেন তাকে তারা গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণেই করেন। সুতরাং আমি আশা করব মিনিস্টাররা সকলেই উপস্থিত থাকবেন ডিউরিং মেনশন আওয়ারে।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টা উল্লেখ করছি সেটা হচ্ছে ২ দিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কলকাতা সহ সারা পশ্চিমবাংলার কর্মচারিদের ডি. এ. সম্বন্ধে যে ঘোষণা করলেন যদিও কোর্টের নির্দেশ মতো, হাওড়ার পৌর কর্মচারীরা বিগত ১/৪/৮৫ তারিখ থেকে ১২টা ডি. এ.-র টাকা পায়নি। স্যার, এই সরকারের গঙ্গার এপারে একটা নীতি, ওপারে আর একটা নীতি — হাওড়ার পোর কর্মচারীরা ১২টা ডি. এ.-র টাকা পায়নি। মাননীয় পৌর মন্ত্রীর কাছে বার বার বলার পর সেই টাকা তাঁর পৌর দপ্তর থেকে হাওড়া কর্পোরেশনে পাঠিয়ে দেওয়া হয় কিন্তু হাওড়া কর্পোরেশনের যিনি মেয়র তিনি সেই টাকা কন্ট্রাক্টরকে পেমেন্ট করতে ব্যয় করে দিলেন। হাওড়া পৌর কর্মচারীরা এত কম মাইনে পান যে তাঁরা দিনের পর দিন সরকারের বিরুদ্ধে স্ট্রাইক করেছেন, সেজন্য তাঁদের মাইনে কেটে নেওয়া হচ্ছে, অথচ তারা ১২টা ডি. এ.-র টাকা পায়নি, একটা অসহায় অবস্থার মধ্যে পৌর কর্মচারীরা আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি তিনি যেন হাওড়া পৌরসভার মেয়রকে নির্দেশ দেন সেই টাকাটা পেমেন্ট করে দেওয়ার জন্য। আর একটা কথা হচ্ছে সেখানে পেনশন স্কীম চালু হওয়ার কথা ছিল, সেই স্কীম পৌর দপ্তর মেনে নিচ্ছে না।

**শ্রী সরল দেব ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। ব্যাপারটা হচ্ছে প্রতিদিন সংবাদপত্রের শিরোনামায় দেখতে পাচ্ছি কলকাতা বিশ্ববিদ্যালয়ে আজকে অশিক্ষক কর্মচারীরা আন্দোলন করছে, কালকে ছাত্ররা আন্দোলন করছে, প্র্যাক্টিক্যালি কলকাতা বিশ্ববিদ্যালয় বন্ধ হতে চলেছে। আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি কলকাতা বিশ্ববিদ্যালয় একটা কারখানা নয় যেখানে শ্রমিকরা আন্দোলন করতে পারে। বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা সৃষ্টি হওয়ায় ছাত্ররা শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। সারা ভারতবর্ষ যেখানে এগিয়ে যাচ্ছে সেখানে আমাদের দেশের ছেলেরা শিক্ষা থেকে পিছিয়ে যাচ্ছে। এই অবস্থা চলতে পারে না। তাই আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি তাঁরা যেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের এই অচলাবস্থার অবসান ঘটিয়ে একটা সঠিক পরিচালন ব্যবস্থা গ্রহণ করেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইদানিংকালে আপনি জানেন মেদিনীপুর জেলার খড়গপুর শহর সমাজ বিরোধিদের স্বর্গপুরীতে পরিণত হয়েছে। অত্যন্ত দুঃখের বিষয় হল প্রকাশ্য দিবালোকে সেখানকার স্থানীয় পুলিশ প্রশাসনকে দারোয়ানের মতো দাঁড় করিয়ে জুয়া মদের আড্ডাখানা এমন একটা পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে যে খগড়পুর শহরে যে নূতন বাস স্ট্যান্ড হয়েছে সেই বাস স্ট্যান্ডে কোনো যাত্রীকে প্ল্যাটফর্ম থেকে যেতে হলে সে দিনের বেলায় হোক, সন্ধ্যা বেলায় হোক আর দুপুর বেলায় হোক তার কাপড় ধরে টানাটানি হচ্ছে, এই রকম পর্যায়ে চলে গেছে।

[2-20—2-30 P.M.]

আরও দুর্ভাগ্যের ব্যাপার হল স্কুলের ছোট ছোট ছেলে মেয়েদের নষ্ট করে ফেলা হচ্ছে। প্রকাশ্যে ঢালাওভাবে ভি. ডি. ও. হল তৈরি করে সেখানে ৩/৪টি সিফটে খারাপ খারাপ ছবি দেখান হচ্ছে অর্থাৎ যাকে বলে ব্লু প্রিন্ট। এই ব্যাপারে পুলিশ প্রত্যক্ষভাবে মাসোহারা নিচ্ছে। প্রশাসনকে বার বার জানানো সত্ত্বেও কোনো ফল হয়নি। স্যার, খড়গপুর হচ্ছে মিনি ইন্ডিয়া, এটি একটি বিরাট রেলওয়ে জংশন, বিভিন্ন সম্প্রদায়ের লোক এখানে বাস করে চাকুরি সূত্রে। আপনি শুনলে অবাক হবেন এই যে সমাজ বিরোধিদের কার্যকলাপ চলছে, রেলওয়ে মালপত্র চুরি হচ্ছে তাতে রেলওয়ে পুলিশ এবং রাজ্য সরকারের পুলিশ যৌথভাবে মদত দিচ্ছে। আমি এই সমস্ত দুর্নীতি বন্ধ করবার জন্য অবিলম্বে মুখ্যমন্ত্রীকে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

**Mr. Speaker :** Mr. Subhas Basu, your mention is disallowed as it is not according to rules. However, you can refer to your problem while you speak on the Motion of Thanks on the Governor's Address.

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, through you, I want to draw the attention of the Minister-in-charge of Health, Government of West Bengal. The citizens of Calcutta as well as the people of West Bengal are facing all sorts of difficulties and problems due to mismanagement in the different medical college hospitals of the city, particularly because of shortage of beds, shortage of equipments and because of bad quailty food supplied to the patients. On the top of it which is more surprising is the exchange new born male bodies with new born female babies. These things are happening frequently and have become a regular feature. So I would request the Hon'ble Health Minister to visit the places and stop the nuisance and solve all these problems so that the people of West Bengal are relieved. I further request the Hon'ble Health Minister to check up the Government hospitals in the city which are being run in a most unmannerly and undignified way. As my honourable friend was telling in all these places corruption is rampant and these places have become the meeting places of criminals with all kinds of criminal activities like Satta, gambling and theft. I would again request the Hon'ble Minister to visit these hospitals with the local M. L. A.'s.

Thank you, Sir.

**শ্রী লক্ষ্মীকান্ত দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমহার্স্ট স্ট্রিটের ওখানে সেন্ট্রাল রিসার্চ ইন্সটিটিউট অব হোমিওপ্যাথি বলে কেন্দ্রীয় সরকারের একটা সংস্থা রয়েছে। ওখানে দিলীপ দাস বলে একজন কর্মচারীকে গুন্ডারা ঢুকতে দিচ্ছে না এবং বিভিন্ন ভাবে ভয় দেখাচ্ছে। দিলীপ পুলিশের কাছে ডায়রি করেছে, কিন্তু পুলিশ তেমন কিছু ব্যবস্থা নিচ্ছে না। গুন্ডারা

তার উপর হামলা করছে এবং সে অত্যন্ত ভয়ে ভয়ে দিন কাটাচ্ছে। তার অপরাধ হল, সেন্ট্রাল রিসার্চ ইন্সটিটিউট অব হোমিওপ্যাথির কিছু কিছু দুর্নীতি সে ফাঁস করেছে এবং সেটা নিয়ে কাগজে লেখালেখি করেছে। এতে এই অঞ্চলের কংগ্রেস কর্মীরা হৈ চৈ শুরু করেছে এবং তাকে ভয় দেখাচ্ছে। আমি অনুরোধ করছি মুখ্যমন্ত্রী এই ব্যাপারে অবিলম্বে দৃষ্টি দিন এবং দিলীপের নিরাপত্তার ব্যবস্থা করুন যাতে সে নির্ভয়ে কাজকর্ম করতে পারে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মিউনিসিপ্যাল মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে কলকাতা শহরে সমাজ বিরোধিদের দ্বারা যে কমিউন্যাল টেনসন-এর সৃষ্টি হয়েছিল তারই একটা রিফ্রেকশন কিন্তু হাওড়ায় পড়তে শুরু হয়েছে। হাওড়ায় অন্তর্গত ব্যাঁটরায় একটা কবরস্থান আছে। হাওড়ার ৪ লক্ষ মুসলমান এই কবরস্থান ব্যবহার করে। দীর্ঘদিন আগে এই কবরস্থানের পাঁচিল ভেঙ্গে যাবার ফলে ওখান থেকে মাটি লুঠপাট করে নিয়ে যাচ্ছে এবং ওই জায়গাটা সমাজ বিরোধিদের একটা আড্ডাখানায় পরিণত হয়েছে। আশপাশে হিন্দু বসতি থাকাতে সেখানে শূয়োর ঘুরে বেড়াচ্ছে। কিছুদিন ধরে সেই জায়গায় সাধারণ সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ ভিতরে ভিতরে গুমরোচ্ছে। তারা আমাকে বলেছে। আমি বহুবার এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, কিন্তু তা সত্ত্বেও এখনো কিছু হয়নি। হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের যা অবস্থা তাতে তারা এটা করতে পারবে না। তাই আমার অনুরোধ সরকার এই বিষয়ে বিশেষ দৃষ্টি দিয়ে প্রাচীরটি তৈরি করে দিয়ে একে সুরক্ষিত করার ব্যবস্থা করুন। আর তা না হলে ল অ্যান্ড অর্ডার সিচুয়েশন খারাপ হবে এবং এটা একটা প্রবলেম হয়ে দাঁড়াবে। তাই আমি এই বিষয়ে বিশেষ দৃষ্টি দিতে মিউনিসিপ্যাল মিনিস্টারকে অনুরোধ জানাচ্ছি। তিনি সব সময় এখানে আসেন না, তাঁকে দেখতেও পাই না। আমি আগেই একটা লিখিত দরখাস্ত তাঁর কাছে দিয়েছি, এখনো পর্যন্ত কিছুই হয়নি। আমি আবার আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি এই বিষয়ে তিনি একটা কিছু বিহিত করুন।

**শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে বর্ধমান জেলার রাস্তাঘাটের ক্রমাবনতি সম্পর্কে এখানে উল্লেখ করতে চাই। বর্ধমান জেলার পি. ডবলিউ. ডি.-র রাস্তাগুলি দেখলেই জানা যায় যে কি দুরবস্থার মধ্যে আমরা রয়েছি। পরিবহনের গাড়ি ঘোড়া সেখান দিয়ে যেতে পারে না। সড়াই থেকে রায়না এই পি. ডবলিউ. ডি.-র রাস্তাটি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা। এই রাস্তাটি মেরামতো করার ব্যাপারে আমি অনেকবার বলেছি কিন্তু দীর্ঘ ২ বছর যাবত এই রাস্তাটি মেরামতো করা হচ্ছে না। একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে বার বার বলা হচ্ছে এবং জেলা শাসককেও ইনফর্মেসন্স দেওয়া হচ্ছে কিন্তু রাস্তাটির সংস্কার কিছুতেই হচ্ছে না। এই রাস্তাটি সত্বর মেরামতো করার জন্য আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সাধন পান্ডে ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে স্বায়ত্ব শাসন এবং নগর উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কলকাতা শহরে আমরা সবাই খাবার জলের খুব কষ্ট পাচ্ছি। অধিক পরিমাণে জল দেবার কোনো পরিকল্পনা কলকাতা কর্পোরেশন বা সি. এম. ডি. এ.-র তরফ থেকে দেখা যাচ্ছে না। জলের প্রেসার যা চলছে তাতে উত্তর

কলকাতার বস্তি অঞ্চলের মানুষরা কোনো রকম জল পাচ্ছে না। তারা খুব কম জল পাচ্ছে। ফলে দেখা যাচ্ছে বিভিন্ন জায়গা থেকে তাদের বালতি পিছু ৫ টাকা দিয়ে জল কিনতে হচ্ছে। ক্যানেল ওয়েস্ট রোড এবং ক্যানেল ইস্ট রোডের ধারে যে ক্যানেল রয়েছে সেখান দিয়ে নোংরা জল বয়ে যাচ্ছে। সেই জল ফিলটার্ড ওয়াটার পাইপের মধ্যে ঢুকে পড়ছে। সেই অঞ্চলের মানুষ এই জল ব্যবহার করছে। আমি আপনাকে অনুরোধ করছি আপনি এখান থেকে দু তিন জন প্রতিনিধিকে সেটা দেখে আসার জন্য পাঠান। এই জল মানুষ যদি খেতে পারে তাহলে আমাদের আর কোনো বক্তব্য থাকবে না। এইঁ জল মানুষের পানের অযোগ্য, মানুষ খেতে পারে না। এই অঞ্চলে কংগ্রেসি এম. এল. এ., কাউন্সিলার আছেন, তাই কোনো জল পাওয়া যাচ্ছে না। আমরা শহরের মানুষরা নিশ্চয় পানীয় জল চাই। আমরা সল্ট লেকের মানুষের বিরুদ্ধে নই। সল্ট লেক বড় শহর, সেখানে জলের পরিকল্পনা হওয়া দরকার। কিন্তু কলকাতা কর্পোরেশনের পাইপ ওয়াটার কলকাতা শহরের মানুষ পায় না। সেই পাইপ নিয়ে গিয়ে সল্ট লেকের মধ্যে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। ৭ কোটি টাকার পরিকল্পনা করা হয়েছে। সেই পরিকল্পনা মন্ত্রিসভা রূপায়ণ করতে পারছেন না। ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় আপনারা সেই পরিকল্পনা রূপায়ণ করুন। ওখানে জল নিয়ে যাচ্ছেন বলেই প্রেসার এদিকে কমে যাচ্ছে এবং সাধারণ মানুষ জল পাচ্ছে না। আপনারা এর একটা ব্যবস্থা করুন।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয় উল্লেখ করতে চাই। আপনি নিশ্চয় অবগত আছেন যে, পশ্চিমবাংলার কৃষকরা পাট, পানের ন্যায্য মূল্য পাচ্ছে না। বেঁচে থাকার মতো ন্যূনতম ফসলের দাম বারে বারে তারা দাবি করে আসছে। কৃষকরা মহাজনের কাছ থেকে, ব্যাঙ্কের কাছ থেকে টাকা ধার করে জমিতে সেই পুঁজি বিনিয়োগ করে তারা ফসল উৎপাদন করেন। সেই পুঁজি বিনিয়োগ করে দেবার পরে ঝড়, জল, শিলাবৃষ্টি ইত্যোদিতে ফসল নষ্ট হয়ে গেলে তাদের পুঁজিটা একেবারে হারিয়ে যাচ্ছে। ফলে কৃষক তার মেরুদন্ড আর খাড়া রাখতে পারছে না। মহাজনদের কাছে তাদের জমি বন্ধক পড়ে যাচ্ছে। শস্য বিমা প্রকল্প চালু আছে। এটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের আইন। এটা সম্পূর্ণভাবে কৃষকের কাছে একটা ধাপ্পা ছাড়া আর কিছুই নয়।

[2-30 – 2-40 P.M.]

ইন্ডিয়ান কনট্রাক্ট অ্যাক্ট অনুযায়ী অপারেশন এবং অ্যাকসেপটেন্স যে শস্য বিমার ভেতর দিয়ে হয় সেটাতে সাধারণ মানুষকে ধাপ্পা দেওয়া হয়েছে। স্যার, হাউসের কাছে আমার আবেদন, পশ্চিমবাংলার কৃষকদের বাঁচানোর জন্য এ ব্যাপারে আলোচনা করে কেন্দ্রীয় সরকারের কাছে এই শস্য বিমা প্রকল্পের যে সমস্ত ত্রুটি আছে সেগুলি তুলে ধরে তা সংশোধন করার জন্য আবেদন জানানো হোক। পশ্চিমবাংলার কৃষকদের বাঁচানোর স্বার্থে এই আবেদন স্যার, আমি আপনার মাধ্যমে হাউসে রাখলাম।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমাজ বিরোধিদের সরকার সমাজ বিরোধিদের প্রশ্রয় দেবে এটা নূতন কথা নয় কিন্তু দেয়ার শ্যুড বি লিমিট। স্যার, বাবা চিৎকার করছে, 'আমার ছেলেকে মেরো না'। মিঃ কল, —'আমার ছেলেকে আমার সামনে

কুপিয়ে কুপিয়ে মেরো না, আমি তার প্রাণ ভিক্ষা করছি'। কিন্তু স্যার, বাবার সামনেই ছেলেকে কুপিয়ে কুপিয়ে কাটা হ'ল। ছেলের রক্ত বাবার মুখে মাখিয়ে দেওয়া হ'ল। বাবাকে বলল, 'তোমার ছেলে কংগ্রেস করত, এই এলাকার ছেলেরা আর যেন কংগ্রেস না করে, এর শাস্তি তোমার মুখে আমরা লেপে দিলাম'। দুর্গাপুরের বেনাচিতি গ্রামের ৬ই ফেব্রুয়ারির ঘটনার কথা আমি বলছি। ৫ই ফেব্রুয়ারি দুর্গাপুর পুলিশকে জানানো হ'ল যে আশিস ব্যানার্জিকে খুন করতে চাইছে ওখানকার লোক্যাল সি. পি. এম. কর্মীরা। সেখানে জেনারেল ডায়রি করা হল, পুলিশকে ইনফরমেশন দেওয়া হল। পুলিশ এই সমাজ বিরোধী সরকারের কিছু কর্মীর দ্বারা পরিচালিত তাই পুলিশ সেখানে এগিয়ে যেতে পারল না। আশিসের বাড়ির সামনে যখন আশিস প্রাণ ভয়ে চৌধুরী বাড়িতে আশ্রয় নিল তখন চৌধুরী বাবু এবং তার স্ত্রীকে ভয় দেখিয়ে বলা হ'ল যে আশিসকে বার করে দাও। হাতে লাল পতাকা, 'লাল সেলাম' স্লোগান মুখে, তারা বললে আশিসকে বার করে দাও। আশিস তখন প্রাণ বাঁচানোর জন্য টেবিলের তলায় আশ্রয় নিয়েছে। সাঁই বাড়ির ঘটনার মতোন আশিসকে টেনে বার করা হ'ল এবং বাড়ির বাইরে নিয়ে এসে প্রথমে কুড়ুল, তারপর ভোজালি দিয়ে মারা হ'ল এবং তারপর মাংস কাটার দা দিয়ে কুচি কুচি করে কাটা হ'ল। পুলিশ কখন এ'ল? ঘটনাস্থলে আশিসের ডেড বডি নিতে পুলিশ এল। স্যার, ৫ই ফেব্রুয়ারি পুলিশকে জানানো হয়েছে অথচ ৬ই ফেব্রুয়ারি তার বাবার সামনে আশিস খুন হয়ে যাবার পর পুলিশ এল। স্যার, ঘটনাটা কি হ'ল? [*****] এই সরকার এখনও কাউকে অ্যারেস্ট করার নির্দেশ দেন নি।

**মিঃ স্পিকার ঃ** 'সমাজ বিরোধী নেতা কমরেড জ্যোতি বসু' বাদ যাবে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাই এইভাবে কতদিন সমাজ বিরোধিদের প্রশ্রয় এই সমাজ বিরোধী নেতা দেবেন।

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলাতে এখন বিদ্যুতের একেবারে বেহাল অবস্থা চলছে। আমার নির্বাচন কেন্দ্র পাঁশকুড়ার অবস্থা আরো খারাপ। এখানে ২৪ ঘন্টার মধ্যে ৬ ঘন্টাও বিদ্যুতের সরবরাহ থাকে না। ক্ষণে আসে ক্ষণে যায় এই হচ্ছে সেখানকার বিদ্যুতের অবস্থা। তা ছাড়া অনেক সময় ভোল্টেজ এত কমে যায় যে তাতে কোনো কাজ হয়না — অগভীর নলকূপের মোটর তাতে চালানো যায় না। এটা দূর করার জন্য অনেক আলাপ আলোচনা হয়েছে কিন্তু কোনো কাজ হয়নি। পাঁশকুড়ার মেচ গ্রামে একটি পাওয়ার সাবস্টেশন করার কথা ছিল কিন্তু তা হয়নি। অগভীর নলকূপের মালিকরা টাকা জমা দিয়ে রেখেছেন কানেকশনের জন্য কিন্তু কানেকশন দেওয়া হচ্ছে না। এমন কি এখন নূতন কানেকশনের জন্য দরখাস্ত দিতে গেলেও নেওয়া হচ্ছে না, অথচ সেখানে বিদ্যুৎ দপ্তর বলছেন আমাদের উৎপাদন বেড়েছে। বিদ্যুৎ সচিব জেলাশাসকের কাছে রেডিওগ্রাম পাঠাচ্ছেন এই বলে যে নূতন নূতন লোক বিদ্যুতের জন্য যাতে দরখাস্ত দেন সেটা দেখুন। স্যার, এর ফলে সেখানকার মানুষরা একটা বিভ্রান্তিকর অবস্থার মধ্যে পড়েছেন। স্যার, আপনি জানেন এখন পশ্চিমবাংলায় কেরোসিনের সঙ্কট চলছে তার উপর যদি বিদ্যুতের এই বেহাল

---

** Note [Expunged as ordered by the chair]

অবস্থা হয় তাহলে সেখানকার মানুষরা খুবই সঙ্কটের মধ্যে পড়বেন। এর ফলে মাধ্যমিক পরীক্ষার্থীরাও অসুবিধায় পড়বে। স্যার, বিষয়টিকে অত্যন্ত জরুরি বিষয় হিসাবে দেখে এর সমাধানের জন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি।

**শ্রী কমলাকান্ত মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পুরুলিয়া পৌরসভার প্রাইমারী শিক্ষকদের কাছ থেকে একটা টেলিগ্রাম পেয়েছি। সেই টেলিগ্রামে বলা হয়েছে যে পুরুলিয়া মিউনিসিপ্যাল টিচার্স 'স্টার্টেড মুভমেন্ট ডিউ টু নন-পেমেন্ট অব ৩ মান্থস' স্যালারী। স্যার, এই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক দপ্তরের শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই কথা বলতে চাচ্ছি যে পুরুলিয়া পৌরসভার আর্থিক অসচ্ছলতার দরুন ওরা এই প্রাথমিক বিদ্যালয়কে রাজ্য সরকারের হাতে তুলে দিয়েছে এবং তুলে দেবার পর থেকে তারা কোনো টাকা পাচ্ছেন না। এই বিষয়ে আর একটা বিষয় জানা দরকার যে পুরুলিয়া পশ্চিমবঙ্গের সঙ্গে যখন মিশলো তার পর থেকে রাজ্য সরকার অ্যাড হক ভিত্তিতে কয়েক লক্ষ টাকা পৌরসভাকে দিত। বিগত্ বছর রাজ্য সরকারের শিক্ষা বিভাগ ৭ লক্ষ টাকা অ্যাড হক ভিত্তিতে দেবার জন্য অর্থ দপ্তরের কাছে সুপারিশ করেছিল কিন্তু অর্থ দপ্তর সেটা না মঞ্জুর করেছেন এবং তার ফলে শিক্ষকরা বেতন পাচ্ছেন না। কাজেই এই বিষয়টা যদি খতিয়ে না দেখা হয় তাহলে এই সমস্ত শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা, মাইনার টাকা, হাউস রেন্ট ইত্যোদি কিছুই দেওয়া যাবে না এবং তার ফলে শিক্ষকরা একটা অসহায় অবস্থার মধ্যে পড়বেন।

**শ্রী হেমন্তকুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়ে এখানে উল্লেখ করতে চেয়েছিলাম সেটা ইতিমধ্যে এই সভার মাননীয় সদস্য শচীন সেন মহাশয় আপনার কাছে রেখেছেন এবং মাননীয় মন্ত্রী মহাশয় ১২ তারিখে এই ব্যাপারে একটা বিবৃতি দেবার কথা বলেছেন। আমি শুধু এই কথা বলতে চাই যে এটা একটা জটিল ব্যাপার। যারা হোমিওপ্যাথি কলেজে ডি. এম. এস. পরীক্ষা দিতে চায় তাদের পরীক্ষা দেবার পথে বাধা সৃষ্টি করা হচ্ছে। এমন কি কাউন্সিলে যে সমস্ত কলেজ অ্যাফিলিয়েটেড নয় সেই সব কলেজের ছেলেরা দাবি করছে যে তাদেরও এই পরীক্ষায় বসতে দিতে হবে, তারাও এই পরীক্ষা দেবে। এটা একটা অযৌক্তিক ব্যাপার। এই বিষয়ে যথাযথ তদন্ত করে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গৌরচন্দ্র কুন্ডু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রানাঘাটে একটা কারখানা ১৯৭৯ সাল থেকে চলছিল। সেই কারখানার মালিক ২রা ডিসেম্বর থেকে কারখানাটি বন্ধ করে দিয়েছে এবং তার ফলে আজকে ১৫০ জন শ্রমিক সম্পূর্ণ ভাবে বেকার হয়ে পড়েছে। সবচেয়ে দুঃখের বিষয় কল্যাণীর অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনারকে বারবার জানানো সত্ত্বেও রাইটার্স বিল্ডিং-এর শ্রম দপ্তরকে জানানো সত্ত্বেও তারা কোনো ততপর ভূমিকা গ্রহণ করে নি। তাই, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যাতে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়। এই শ্রমিকদের মধ্যে অনেক অবাঙালি শ্রমিক আছে, তারা অত্যন্ত কষ্টের মধ্যে দিন কাটাচ্ছে।

## ZERO HOUR

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে বলার জন্য সময় দেওয়ায় আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনি নিজেও জানেন যে পশ্চিম দিনাজপুর জেলা হচ্ছে একটা অভিশপ্ত জেলা। এই জেলা পশ্চিমবাংলার রাজধানী থেকে অনেক দূরে। এই জেলার মানুষেরা অর্থনৈতিক দিক থেকে অনেক পিছিয়ে রয়েছে। যে কোনো সরকার আসুক না কেন তারা কোনো সময় কোনো অর্থনৈতিক সুষ্ঠু সাহায্য পায়না।

[2-40—3-15 P.M.] **(Including Adjournment)**

স্যার, আপনি এও অবগত আছেন যে, ১৯৭৯ সালে পশ্চিম দিনাজপুর জেলার কুশমুন্ডি, ইটাহার এবং বংশীহারী থানায় নকশাল মুভমেন্ট হয়েছিল, সেখানে অনেক মানুষ খুন হয়েছিল। সেই সময়ে ওখানে আমরা সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ মিলিত ভাবে দল মতো নির্বিশেষে 'শান্তি পদযাত্রা' করেছিলাম। সে ক্ষেত্রে সর্বশ্রেণীর মানুষ আমাদের সাহায্য করেছিল। কিন্তু এবারে আবার দেখছি গত জানুয়ারি মাস থেকে ঐ জেলার বিশেষ করে কুশমুন্ডি থানা এলাকায় প্রায়ই মানুষ খুন হচ্ছে। গত জানুয়ারি মাসে — এক মাসে — কুশমুন্ডি থানায় তিনটি খুন হয়েছে। (১) কংগ্রেস কর্মী কাহ্চিলু বর্মণ, (২) কংগ্রেসের সাধারণ সম্পাদক রাজেন সরকার, (৩) কংগ্রেসের গ্রাম পঞ্চায়েত প্রধান ইবনে সাউ। এই ঘটনাগুলির পরিপ্রেক্ষিতে ওখানে প্রদেশ কংগ্রেস সভাপতি শ্রী প্রিয়রঞ্জন দাসমুন্সীর নেতৃত্বে পদযাত্রা হয়েছে। কিন্তু বার বার অভিযোগ করা সত্ত্বেও আজ পর্যন্ত পুলিশ এই সমস্ত খুনের কোনো কিনারা করতে পারে নি। কারা এই সমস্ত মানুষদের খুন করছে, তাও পুলিশ বলতে পারছে না। এর আগে বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এই বিধানসভায় ঘোষণা করেছিলেন, 'নকশালরা মানুষ খুন করছে'। কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে তারা কি বেছে বেছে কংগ্রেসিদের খুন করছে, অন্য কোনো পার্টির কোনো মানুষকে খুন করছে না বা করে নি। স্যার, এবারে এক মাসের মধ্যে তিন জন মানুষ খুন হল, তিন জন মানুষই কংগ্রেসি। সি. পি. এম. দলের এক জন মানুষও খুন হয় নি। পুলিশকে যখন বলা হচ্ছে, কারা খুন করছে বলুন, তখন পুলিশ বলছে, 'আমরা চেষ্টা করছি উদ্ধার করতে'। এ বিষয়ে আমরা ও. সি., এস. পি., ডি. এম.-এর কাছে ডেপুটেশন দিয়েছি, কিন্তু কোনো কিছুই হচ্ছে না। কেবল মাত্র সান্ত্বনা দেবার জন্য পুলিশ কিছু কিছু নিরীহ ব্যক্তিকে অ্যারেস্ট করে বলছে; আমরা খুনের কিনারা করছি। স্যার, আজকে এখানে মুখ্যমন্ত্রী উপস্থিত নেই, তথাপি আমি আপনার মাধ্যমে এই বিষয়টির প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই সঙ্গে আমি এ কথাও বলছি যে, এই অবস্থা আর বেশি দিন চলতে থাকলে পশ্চিম দিনাজপুর জেলার মানুষ সহ্য করবে না। বিশেষ করে কুশমুন্ডি, ইটাহার, বংশীহারী থানা এলাকায় আইনের শাসন অবিলম্বে চালু করতে হবে। এই তিনটি এলাকায় যে অবস্থা চলছে তা কখনই চলতে পারে না। কাজেই বর্তমান বামফ্রন্ট সরকারের অনেক মন্ত্রী এখানে উপস্থিত আছেন তাঁদের কাছে আমি আবেদন করছি, তাঁরা পশ্চিম দিনাজপুর জেলার জেলা শাসককে অবিলম্বে নির্দেশ দিন খুনীদের খুঁজে বার করতে এবং প্রতিবিধান করতে। আপনি আমাকে বিষয়টি উল্লেখ করতে সুযোগ দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**(At this stage the House was adjourned till 3.15 P.M.)**

[3-15—3-25 P.M.] (After Adjournment)

**Statement under rule 346.**

**Mr Speaker :** Now I call upon the Minister-in-charge of Education (Secondary and Primary) to make a statement under rule 346.

**শ্রী কান্তি বিশ্বাস :** পশ্চিমবাংলার মাধ্যমিক বিদ্যালয়গুলিতে সংবিধান স্বীকৃত ১৫টি ভাষাতেই পঠন-পাঠনের ব্যবস্থা বলবৎ আছে। ৬টি ভাষায় মাধ্যমিক পরীক্ষায় উত্তর দেওয়ার সুযোগ আছে। বাংলা, নেপালী ও ইংরাজী ভাষায় উক্ত পরীক্ষার প্রশ্নপত্র ছাপা হয়। ভাষার ক্ষেত্রে এই প্রকার উদারনৈতিক মনোভাব ভারতবর্ষের আর কোনো রাজ্যে আছে বলে আমাদের জানা নেই। উর্দু ও হিন্দী ভাষাভাষী ছাত্র-ছাত্রীদের প্রশ্ন বুঝতে কিছুটা অসুবিধা হয়। এই অবস্থা বিবেচনা করে উক্ত পরীক্ষার প্রশ্নপত্র উর্দু এবং হিন্দীতেও মুদ্রিত করার বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করার জন্য পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদের নিকট পশ্চিমবঙ্গ সরকার অনুরোধ করেন। কিন্তু পরীক্ষার গোপনীয়তা এবং প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থার কথা বিবেচনা করে এ ক্ষেত্রে কোনো সিদ্ধান্ত ইতিপূর্বে গ্রহণ করা সম্ভব হয় নি।

এ বৎসর পরীক্ষামূলক ভাবে গণিতের প্রশ্ন বাংলা, নেপালী ও ইংরাজীর সাথে উর্দু এবং হিন্দী ভাষাতেও মুদ্রিত করার সিদ্ধান্ত পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ গ্রহণ করেছে। আসন্ন মাধ্যমিক পরীক্ষায় এই ব্যবস্থা কার্যকর হবে। এই ব্যবস্থা সাফল্যমন্ডিত হলে পর্যায়ক্রমে একে সম্প্রসারিত করার বিষয়টি পর্ষদ বিবেচনা করে দেখবে বলে রাজ্য সরকারকে জানিয়েছে।

**Mr. Speaker :** Now I call upon Mr. Manas Bhunia to submit his point of information.

**ডাঃ মানস ভুঁইয়া :** অন এ পয়েন্ট অফ ইনফরমেশন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ব্যাপার আপনার সামনে উপস্থিত করছি। বিষয়টি হচ্ছে, আজকে বেলা ১টা থেকে ক্যালকাটা ন্যাশনাল মেডিক্যাল কলেজ ও তার সংলগ্ন চিত্তরঞ্জন হাসপাতালের জুনিয়র ডাক্তার, সমস্ত হাউস স্টাফ, ইনটারনিরা কর্ম বিরতি আরম্ভ করেছেন এমারজেন্সি সমেতও। এতে করে সাধারণ মানুষের চিকিৎসার ক্ষতি হবে। গতকাল রাত্রে একটি রুগী মারা গিয়েছিলেন। হঠাৎ একদল লোক মেডিক্যাল ওয়ার্ডের মধ্যে ঢুকে সিনিয়ার ডাক্তার, জুনিয়ার ডাক্তার এবং প্রফেসার সমেত সকলকে মারধোর করে। এই ঘটনার পর আজ সকালে নিগৃহীত ডাক্তাররা প্রফেসার জি. সি. পান্ডে সমেত সুপারিনটেনডেন্ট ডাক্তার এস. কে. পাত্রের অফিসে যখন অভিযোগ জানাতে গেল সেখানে ও. সি. (বেনিয়াপুকুর) এবং এ. সি. (ই. এস. ডি.) উপস্থিত ছিলেন। আলোচনা চলাকালীন হঠাৎ একদল সমাজ বিরোধী সুপারিনটেনডেন্টের অফিসে ঢুকে ডাক্তার পান্ডেকে নিগ্রহ করতে শুরু করেন। হাউস স্টাফরা আটকাতে গেলে তাঁরাও নিগৃহীত হন। তখন সেখানে উপস্থিত বিরাট পুলিশ বাহিনী, ও. সি. (বেনিয়াপুকুর), এ. সি. (ই. এস. ডি.), এবং তারপর উপস্থিত হন ডি. সি. (ই. এস. ডি.)। পুলিশের উপস্থিতিতে সমাজ বিরোধিদের চিহ্নিত করা সত্ত্বেও ডাক্তারদের এই যে নিগ্রহের ঘটনা ঘটল

তার জন্য ন্যূনতম নিরাপত্তার দাবিতে এবং দোষী ব্যক্তিদের শাস্তির দাবিতে সমস্ত ডাক্তাররা এমারজেন্সি সমেত বেলা ১ টা থেকে কর্ম বিরতি শুরু করেছেন। স্যার, বিষয়টি অত্যন্ত জরুরি। আপনি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে এখানে ডাকুন। তিনি যেন ব্যাপারটি হস্তক্ষেপ করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এই ব্যাপারটি জানান যাতে সাধারণ মানুষের চিকিৎসার কোনো ব্যাঘাত না ঘটে।

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কয়েক বৎসর যাবত এখানে দাঁড়িয়ে রাজ্যপালের ভাষণ নিয়ে আমরা আলোচনা করছি। এবারেও করব, সরকারি দলও করেন এবং আমরাও করি। তবে আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের অনুরোধ করব, আমরা যারা বিরোধী দলের লোক, আমরা যে তথ্য দিই এবং যে কথা বলি তার মধ্য দিয়ে আপনারা যদি কিছু শিক্ষা লাভ করেন তাহলে পশ্চিমবাংলার মানুষের ভাল হবে বলে বিশ্বাস। আরো আপনাদের বিশ্বাস যে আপনারা পশ্চিমবাংলার মানুষের বিরাট ভোট নিয়ে এসেছেন। আপনাদের কাছ থেকে পশ্চিমবাংলার মানুষ অনেক আশা করেন। কিন্তু এই ৯ বছরে কি পেয়েছে? এ বছরও মন্ত্রিসভার লিখিত ভাষণ রাজ্যপাল পাঠ করেছেন বলে জানি। তফাৎটা কোথায়? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এপার বাংলায় আছি, ওপার বাংলায় আমাদের কিছু ভাইয়েরা আছে, ওপার বাংলায় একটা জঙ্গী শাসন প্রতিষ্ঠিত হয়ে আছে, মিলিটারি রুল, সশস্ত্র বাহিনী নিয়ে চালিত হয়। আমাদের এখানেও পুলিশ প্রশাসন দিয়ে একটা সরকার চলছে, এও সশস্ত্র। সেখানে একজন হেড আছেন। আমাদের হেড বর্তমান মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু মহাশয়। তবে একটা নীতিভ্রষ্ট সরকার কোথায় গিয়ে দাঁড়াতে পারে সেটা আপনার কাছে এবং অন্যান্য সদস্যদের কাছে আমি বলব। জ্যোতি বাবু মার্কসবাদী কমিউনিস্টের কথা বলেন, মার্কসীয় নীতিতে তিনি বিশ্বাসী এ ধারণা আমাদের আছে, তবে আজকাল তিনি নূতন ধনতন্ত্রের মধ্যে মার্কসের রূপ দেখতে পাচ্ছেন। টাটা, বিড়লা, গোয়েঙ্কাকে তিনি মার্কসের মধ্যে দেখতে পাচ্ছেন। গোয়েঙ্কার সঙ্গে ব্যবসা করলে এই রাজ্যের সাধারণ মানুষের উন্নতি হবে। ডাঃ বিধানচন্দ্র রায়ের সময়ে তিনি আমাদের, কংগ্রেসকে বলতেন টাটা, বিড়লার দালাল। আমি আজকে বিধানসভার সদস্যদের সকলকে বলি মার্কসের কোনো পদ্ধতিতে একচেটিয়া পুঁজিপতিদের সঙ্গে মার্কসীয় নীতিতে মিলিত হয়ে আপনারা সরকারে বসে পশ্চিমবঙ্গের মানুষের কথা ভাবছেন। আমি জানিনা এ সব মার্কসীয় নীতিতে কোথায় আছে? নীতিভ্রষ্ট সরকার হলে যা হয়। মাননীয় সদস্যরা চিৎকার করে বললেন কেন্দ্রে গিয়ে হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেকসের কথা বলুন, বলুন ইলেট্রনিক্স ফ্যাক্টরী করার জন্য, খুব ভাল লাগল। নিশ্চয়, পশ্চিমবঙ্গের মানুষের জন্য বলতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা অত্যন্ত পরিষ্কার এখানে হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেকসের কথা বললেন, নিশ্চয়, পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থে দরকার হলে সকলে মিলে পশ্চিমবঙ্গের মানুষের কথা ভাবব। ৮/৯ বছর হয়ে গেল পশ্চিমবঙ্গের মানুষের কথা ভাববার সময় পেলেন না? কখন সময় পেলেন যখন একজন শরিক হয়ে গোয়েঙ্কার পদলেহন করছেন। চার আনার ব্যবসাদার হয়ে ৭৫ ভাগ ব্যবসাদারের কাছে মাথা নিচু করে বসে আছেন। লাভ হলে ভাগ নেবেন। হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেকসের কথা বলছেন, এদিকে ১৫৭টি শিল্প ১০ কোটি টাকার জন্য বিক্রি

করছেন। মাত্র ১০ কোটি টাকার জন্য ১৫৭টি কারখানা বিক্রি করে দিচ্ছেন। এটা সরকার ঠিক করছেন? কেন? না, চলছে না। তার জন্য বিক্রি করে দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা খুব বড় বড় কথা বলেন, হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেকসে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা খরচ করা হোক। আমাদের উপকার হবে কিন্তু ওঁদের ক্ষমতা নেই। যার জন্য সামান্য ১০ কোটি টাকার জন্য ১৫৭টি শিল্প বিক্রি করে দিচ্ছেন এবং তার সঙ্গে যুক্ত ১২ হাজার শ্রমিক তাদের কপাল নিয়ে ছিনিমিনি খেলেছেন। আজকে হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেকস করার জন্য মাথা ব্যথা। নির্বাচনের আগে ইলেকট্রনিক্স ফ্যাক্টরী কারখানা করার জন্য মাথা ব্যথা। ওয়েস্ট বেঙ্গল ফাইনানসিয়াল কর্পোরেশন সব জায়গায় আছে, আপনাদের লজ্জা হবে গুজরাট, কর্ণাটক, অন্ধ্র, মহারাষ্ট্র তাঁদের দেশে তাঁরা বিনিয়োগ করেন ৬০ টু ৮০ পারসেন্ট রিয়েলাইজ করে, শিল্প বাড়ছে, আপনাদের সেখানে রিয়েলাইজেশনের ক্ষমতা ৩০ টু ৪০ পারসেন্ট।

[3-25—3-25 P.M.]

ওয়েস্ট বেঙ্গল ফিনানসিয়াল কর্পোরেশনের চেয়ারম্যান শ্রী রবীন্দ্রনাথ ব্যানার্জি মহাশয় একটা লিখিত বিবৃতি দিয়েছেন। সেটা আমি এখানে বলছি। ইট ইজ অথেন্টিকেটেড। ফিনান্স কমিশনের চেয়ারম্যান বিবৃতি দিয়েছেন যে, এখানকার রিয়ালাইজেশন হচ্ছে ৩০ থেকে ৪০ পারসেন্ট, কর্ণাটকে ৬০ থেকে ৮০ পারসেন্ট। আজকে রাজ্যে টাটা, বিড়লার দালালি করতে নেমে বলছেন, 'আমরা পশ্চিমবঙ্গের মানুষের জন্য খুব ভাবছি। হলদিয়া পেট্রো-কেমিক্যাল আমাদের চাই'। মিঃ স্পিকার স্যার, অযোগ্যতার একটা সীমা থাকবে তো! একটা লোক যখন নীতিভ্রষ্ট হয়, লক্ষ্যভ্রষ্ট হয় তখন সে চেষ্টা করে কাউকে ধরে বাঁচা যায় কিনা এবং সেইমতোই আজকে এঁরা টাটা, বিড়লাকে ধরে বাঁচবার চেষ্টা করছেন। কিন্তু তারা জানে যে, কি করে আপনাদের পাঁকে পুতে দিতে হয়, কি করে আপনাদের পথে বসান যায়। আজকে ১৫৭টি ফ্যাক্টরী বিক্রি করে দিয়ে টাটা, বিড়লার সাথে ব্যবসায় নামছেন, কিন্তু যেদিন ওরা লোকসানের হাঁড়ি আপনাদের মাথায় চাপিয়ে দেবে সেদিন জ্যোতি বাবুকে রাইটার্স বিল্ডিং মর্টগেজ দিতে হবে। ব্যবসা করবার বুদ্ধি আছে আপনাদের? যদি থাকত তাহলে ঐসব ছোটখাটো শিল্পগুলি বিক্রি করতেন না, সেগুলোকে বাঁচিয়ে রাখতেন। আজকে ওঁদের দেখে আমাদের দুঃখ হয়। এখানে পরিসংখ্যান দিয়ে বলি, আজকে ওঁরা কোথায় দাঁড়িয়ে আছেন। ওঁরা পশ্চিমবাংলার মানুষের কাছে সব সময়ে বলেন যে, আমরা বামপন্থী দল। আজকে ঐকথা না বলে বলুন যে, আমরা ধনতান্ত্রিক দল; বলুন যে, আমরা আমেরিকার কাছে যেতে চাই। চিনে একবার সাংস্কৃতিক বিপ্লব হয়েছিল, রক্তের নদী বয়ে গিয়েছিল সেই সময়ে। আজকে মার্কসীয় নেতা জ্যোতি বাবু চেষ্টা করছেন, কি করে ধনতান্ত্রিক পদ্ধতিতে পশ্চিমবাংলার উপকার করা যায়। কোনো সরকার যখন নীতিভ্রষ্ট হয় তখন এই রকমই হয়। কিছুদিন আগে রেলের ভাড়া বাড়বার পর জ্যোতি বাবু বলেছিলেন যে, ওরা ভাড়া বাড়াবার জন্যই এসেছেন। কিন্তু দেখা গেল লোক্যাল প্যাসেঞ্জারের ভাড়া বাড়েনি, ডেইলি প্যাসেঞ্জারের ভাড়া বাড়েনি, থার্ড ক্লাসের ভাড়া বাড়েনি; বেড়েছে শীততাপ-নিয়ন্ত্রিত ক্লাসে, ফার্স্ট ক্লাসে, রাজধানী এক্সপ্রেসে যাঁরা যাবেন তাঁদের ভাড়া। জ্যোতি বাবু আজকে ভ্রষ্ট। তাই তিনি ফার্স্ট ক্লাস, এ. সি. ইত্যাদি ট্রেনের ভাড়া বাড়ায় সর্বনাশ হয়ে গেছে বলছেন, কারণ আজকে ওঁদের কথাই

তিনি বেশি ভাবছেন। শিল্পপতির পিতা হলে সঙ্গদোষ হয় এবং সেইজন্যই ভাবছেন যে, মার্কসবাদীদের কমিউন ঘরেতে আর কতদিন পড়ে থাকব! বড় হবার বাসনা থেকেই এইসব আরম্ভ হয়। তাই ভাবছেন, টাটা বিড়লাকে ধরে যদি বড় হওয়া যায়, যদি সরকার বড় হয়! কাজেই মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির কথা আর বলবেন না; বলুন যে, আমাদের মার্কসবাদী কম্যুনিস্ট পার্টি ধনতান্ত্রিক দল। একথা বললে আমরা আপনাদের স্বাগত জানাব। মনে রাখবেন সোনার পাথরবাটি হয়না। আজকে এটা সোনার পাথরবাটিতে পরিণত করতে চাইছেন। দুর্ভাগ্যের বিষয়, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আজকে বসে আছেন রাইটার্স বিল্ডিংয়ে। আইন-শৃঙ্খলা নিয়ে অনেক কথাই বলেছেন। পুলিশের ডিরেক্টর জেনারেল, তিনি পাশেই বসে আছেন। বক্তৃতা দিচ্ছেন ডিরেক্টর জেনারেল। বলছেন, 'যদি পুলিশকে দিয়ে রাজনীতি করা হয় তাহলে শৃঙ্খলা থাকবে না। ডিরেক্টর জেনারেল বলছেন এই কথা এবং সেখানে স্বয়ং মুখ্যমন্ত্রী উপস্থিত আছেন! ইনিই ছিলেন সাঁই বাড়ির ঘটনার সময়কার সেই এস. পি.। কিন্তু তিনি ঠিকই বললেন, মুখ্যমন্ত্রী তাকে তাড়াতে পারেন নি, আজও তিনি বসে আছেন। ডিরেক্টর জেনারেল বলছেন পুলিশদের দিয়ে যদি রাজনীতি করানো হয় তাহলে পুলিশ প্রশাসন নষ্ট হয়ে যাবে। তিনি যে কথা বলেছেন সেটা আজ পরিষ্কার হয়ে গেছে। আজকে আপনাদের বক্তব্যে শুনলাম জজকে অপমান করা হয়েছে বলে আপনারা অত্যন্ত লজ্জিত, দুঃখে চোখের জল ফেলছেন। আর আপনারা জজের রক্ত নিজেদের হাতে লাগিয়েছেন। আপনারা কলকাতায় জজকে হত্যা করে সেই রক্ত আপনারা হাতে মেখেছিলেন, সেই দিন তো আপনাদের দুঃখ হয় নি। আজকে জজকে অপমান করা হয়েছে বলে সেই দুঃখে চোখের জল ফেলছেন। সেই জজকে যারা খুন করেছিল সেই আসামিদের মধ্যে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা ছিল।

**মিঃ স্পিকার ঃ** মিঃ বাপুলি, সেই কেস আমি ডিফেন্ড করেছিলাম, সেখানে সি. পি. এম.-এর কোনো আসামি ছিল না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি এই কথা বলতে পারেন না, আপনি এখানে বসে আছেন স্পিকার হিসাবে, জজ হিসাবে নন।

**মিঃ স্পিকার ঃ** মিঃ বাপুলি, আমি এখানে স্পিকার আছি বলে সব কথা শুনে যেতে হবে? কোনো অসত্য কথা বললে আমি কিছু বলতে পারব না? এই ব্যাপারে আমি আপনার সঙ্গে একমত হতে পারছি না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমিও এই ব্যাপারে আপনার সঙ্গে একমত হতে পারছি না, সেখানে সি. পি. এম.-এর লোক ছিল। আপনি সেখানে আপনার ওকালতির জোরে কেস জিততে পারেন কিন্তু আমি বলতে পারি সেখানে সি. পি. এম.-এর লোক ছিল। সেই রক্তাক্ত হাত আজও রয়েছে। আপনারা এই সব করে আবার বড় বড় কথা বলেন। নদীয়ার অবস্থা দেখলে চোখে জল আসে, দক্ষিণ ২৪-পরগনায় মাথা মুন্ডু নিয়ে আপনারা ফুটবল খেলেছেন। শুধু কলকাতায় নয় সারা পশ্চিমবাংলায় আজ গুন্ডাদের রাজত্ব হয়েছে। সেই গুন্ডা দমন করতে এই সরকার ব্যর্থ হয়েছে। এই কলকাতার বুকে সি. পি. এম.-এর গুন্ডা এবং মস্তানদের অত্যাচারে মানুষ জর্জরিত। তাদের নায়ক এখানে বহাল তবিয়তে বসে আছে।

পশ্চিমবাংলার যা কিছু অবনতি হয়েছে তার জন্য দায়ী একটি মাত্র লোক এবং সেই ভদ্রলোক হলেন জ্যোতি বসু। এই ভদ্রলোক যদি সোজা হয়ে বলতেন যে এটা দমন করব তাহলে পারতেন। কিন্তু সেটা তিনি আজ আর পারবেন না, কারণ তিনি ফ্রাংকেনস্টাইন সৃষ্টি করেছেন। তারা একটা অন্য প্রশাসনকে সাহায্য করছে। কয়েক দিন আগে জ্যোতি বাবু একটি নন গেজেটেড পুলিশ অ্যাসোসিয়েশনের মিটিং-এ গিয়েছিলেন। সেখানে [**] আই. পি. এস. অফিসারদের বিরুদ্ধে কিছু বলাতে তাকে ট্রান্সফার করে দেওয়া হয়।

**মিঃ স্পিকার ঃ** এখানে কোনো ব্যক্তির নাম করা যাবে না। নামটা বাদ যাবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** একজন অফিসারকে ট্রান্সফার করে দেওয়া হল। তিনি জ্যোতি বাবুর বিরুদ্ধে যান নি, প্রশাসন যন্ত্রের বিরুদ্ধে গেলেন বলে তাকে ট্রান্সফার করে দেওয়া হল। জ্যোতি বাবু মন্ত্রী হওয়ার জন্য একটা জিনিস পশ্চিমবাংলায় দেখা যাচ্ছে যে কেউ কারোর কথা শোনে না। রাইটার্স বিল্ডিং-এর হুমকি লোকে মানে না, রাইটার্স বিল্ডিং-এর কথা একজন কনসটেবল মানে না, শুধু তাই নয় রাইটার্স বিল্ডিং-এ জ্যোতি বাবুর কথা একজন কেরানিও শোনে না। এই কথা আমরা বলতে বাধ্য হচ্ছি। আজ পশ্চিমবাংলা কোথায় দাঁড়িয়ে আছে! রাইটার্স বিল্ডিং-এ তিনি ক্ষমতায় আছেন, সেখানে তাঁর কথা কেউ শোনে না। আমরা একবার তাঁর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম রাইটার্স বিল্ডিং-এ, সেখানে আমাদের সঙ্গে কথা বলার সময় তিনি আমাদের বলেছিলেন পুলিশ ইজ গোইং অন আওয়ার রং সাইড, আমার কিছু করার নেই। দুর্ভাগ্যের বিষয় মুখ্যমন্ত্রী নিজে এই ধরনের হতাশাগ্রস্ত কথা বলছেন। বীরেন বাবু এখানে হৈ চৈ করছেন উনি জানেন মুর্শিদাবাদে সোহরব খুন হয়েছে এবং তার জন্য ৯ জন অ্যারেস্ট হয়েছে। যারা অ্যারেস্ট হয়েছিল তাদের বীরেন বাবু প্রত্যক্ষ ভাবে সাহায্য করেছেন। তিনি নিজে ডি. এম. এবং এস. পি.-র কাছে গেছেন যাতে তাদের গ্রেপ্তার করা না হয়। আমি আঙ্গুল দেখিয়ে বলছি বীরেন বাবু তাদের সাহায্য করেছেন আর এখানে তিনি বসে বড় বড় কথা বলছেন।

[3-35—3-45 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা শুধু বক্তৃতা দেওয়া নয়, ঘটনা যেটা, যেটা সত্য, তা এখানে দাঁড়িয়ে টেবিল চাপড়ে নয়, নিজেদের কপাল চাপড়ে বলুন, পশ্চিমবাংলাকে কোনো জায়গায় দাঁড় করিয়েছেন, আপনারা? আমরা বললে খুব খারাপ হয় কিন্তু মুখ্যমন্ত্রী নিজে বলেছেন বিদ্যুতের অবস্থা শোচনীয়, বিদ্যুতের জন্য যা করা উচিত ছিল, যে টাকা খরচ করা উচিত ছিল, তা তাঁর সরকার করতে পারে নি। আমরা যদি বলি তাহলে তা অন্যায় হবে। কিন্তু মুখ্যমন্ত্রী যদি বলেন, যেহেতু তিনি আপনাদের নেতা, তাহলে তা ঠিক হবে। তাহলে বলুন, বিদ্যুৎ মন্ত্রী কেন এখনও পদত্যাগ করেন নি? পশ্চিমবঙ্গের বুকে বিদ্যুতের ব্যাপক ঘাটতির জন্য গ্রামেগঞ্জে এবং ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে সমস্ত শিল্পের আজ অবস্থা কোথায় এসে দাঁড়িয়েছে? আপনারা তবুও বলবেন গ্রামে গ্রামে বিদ্যুৎ আমরা পৌঁছে দিয়েছি? একথা যে আপনারা বলবেন তা আমাদের জানা আছে। মাত্র কয়েকদিন আগে জ্যোতি বাবু শম্ভু বাবুর

** Note [Expunged as ordered by the chair.]

বিভাগ নিয়ে দ্ব্যর্থহীন ভাষায় যা উল্লেখ করেছেন, আমরা তা নিয়ে এখানে বলতে চাই না। আমরা জানি, আলোচনা করে কিছু হবে না। বিদ্যুতের অভাবে পশ্চিমবঙ্গের ক্ষতি হয়েছে সবচেয়ে বেশি। এই ব্যর্থতা ঢাকতে জ্যোতি বাবু বলবেন, আন্দোলন করতে হবে, সংগ্রাম করতে হবে। বলবেন, 'আমাদের অনেক কিছু বাকি আছে, আমাদের দিল্লি যেতে হবে'। দিল্লি যাবার কথা তো উনি বলবেনই। কেননা, উনি তো আমাদের নেতাজী হয়েছেন। দিল্লি যাবার কথা নেতাজী এক সময়ে বলেছিলেন, তার বিশেষ এক অর্থ ছিল। কিন্তু 'চামচিকে' একটা পার্টি যখন কথায় কথায় বলে 'দিল্লি যেতে হবে, আমাদের লক্ষ্যস্থল দিল্লি', তখন অবাক লাগে। এটা কি কখনও ভাবা যায়। দিল্লি যাবার কথা যখন উনি বলেন, তখন একটা কথা ভাবি যে, কে উনি যিনি ঐ কথা বলেন। জ্যোতি বাবু আন্দোলন করার কথা বলছেন কার বিরুদ্ধে? আন্দোলন করতে হবে, কিন্তু লক্ষ্য জানা নেই। কার বিরুদ্ধে সংগ্রাম করতে হবে তা জানা নেই। কোথায় করতে হবে আন্দোলন তা জানা নেই। টাটা বিড়লার দালালি করে কি সংগ্রাম করা যায়? সরকারি পয়সায় নিজের বাড়িতে লিফট বসিয়ে শিল্পপতি, পুঁজিপতিদের বিরুদ্ধে আন্দোলনের কথা বললে কী কখনও শোভা পায়? মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিসভায় ওঁর এক সময়ে ধর্মগুরু, এক সময়ে ওঁরা মোরারজী ভাইকে সমর্থন করতেন; আমি মোরারজী ভাইয়ের একটি বক্তৃতা, এই মন্ত্রিসভার সদস্যদের কিছু জ্ঞান এর উদ্দেশ্যে, আশা করি কিছু জ্ঞান তাঁরা লাভ করবেন, আপনার সামনে রাখছি। এই বক্তব্যটি আমি মাননীয় মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে বিশেষ করে রাখতে চাই, কারণ উনি এক বিশেষ স্টাইলে সব কিছুর — ইয়েস অর নো — উত্তর দেন তো। মোরারজী দেশাই জওহরলাল মেমোরিয়ালে লেকচার দেবার সময়ে বলেছিলেন,—

It was said by one Lord Morely that a Minister is very busy person whose answers 'yes' or 'no' to a question offers imperfect information perhaps that was merely a caricature of the Minister's functions.

আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কোনো কিছু উত্তর দেবার সময় ক্যারিকেচার করেন তো, সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এটা উল্লেখ করলাম। মন্ত্রিসভার যে ভাষণ তা মাননীয় রাজ্যপাল এখানে রেখেছেন, আর আমরা সেই ভাষণ নিয়ে আলোচনায় বসেছি কেবলমাত্র এখানে ক্যারিকেচার দেখানো মন্ত্রী দু-একজন যাঁরা আছেন তাঁদের কথা নিয়ে আলোচনা করার জন্য। মাননীয় মুখ্যমন্ত্রী কয়েকদিন আগে — সাতদিন আগে — রেসপনসিবল করেছিলেন ওয়ান আই. এ. এস. অফিসারকে যেহেতু তিনি তাঁর (মুখ্যমন্ত্রী) কথা মতো কাজ করেন নি। আমি মোরারজী দেশাইয়ের আর এক জায়গা থেকে পড়ে শোনাতে চাই। তিনি বলেছেন,—

If a Minister is laxed in his supervision of the Ministry and does not keep control over omissions and commissions of the civil servant then he is responsible not the civil servant.

নিজের ব্যর্থতা, নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য মাঝে মাঝে উনি অফিসারের ঘাড়ে সব কিছু চাপিয়ে দিয়ে পালিয়ে যান।

আজকে এটা একটা অত্যন্ত পরিতাপের বিষয় যে আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী আমাদের এইরকম একটা জায়গায় নিয়ে গেছেন। নির্বাচনের আগে তার ভাষণের মধ্যে দিয়ে বলতে চাইছেন যে এবং মানুষের কাছে বোঝাতে বাধ্য করছেন যে আমরা সরকার চালাচ্ছি জনগণের ভালোর জন্য। সবচেয়ে দুঃখের কথা যে রাজ্যপালের ভাষণের মধ্যে মন্ত্রিসভার কথা থাকা উচিত ছিল, এইরাজ্যের মন্ত্রীদের অপদার্থতার কথা থাকা উচিত ছিল। রাজ্যপালের ভাষণে থাকা উচিত ছিল যে এই রাজ্যের সরকার সাধারণ মানুষের নিরাপত্তা রক্ষা করতে ব্যর্থ হয়েছেম। দরিদ্র লোকেদের ন্যূনতম চিকিৎসা ব্যবস্থা করতে ব্যর্থ হয়েছে এই সরকার তাও রাজ্যপালের ভাষণে থাকা উচিত ছিল। ৫ কোটি টাকা প্রাইমারি স্কুল এবং শিক্ষা প্রতিষ্ঠানকে খরচ করার জন্য দেওয়া হয়েছিল তার ৩ কোটি টাকা খরচ করেছেন আর বাকি ১ কোটি খরচ করতে না পারায় ফেরত চলে যাবে। রাজ্যপালের ভাষণে এও থাকা উচিত ছিল যে আমাদের সরকার এক বছরে এই পশ্চিমবঙ্গে জঙ্গলের রাজত্ব কায়েম করেছে। সরকারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গের মানুষের কাছে জানানো উচিত ছিল যে আমরা সব ব্যাপারে অক্ষম হয়েছি। আমি একটি কথা শেষ কালে বলে শেষ করব। অত্যন্ত দুঃখের বিষয় পশ্চিমবঙ্গের মানুষ আজকে কি দেখতে পাচ্ছে! দীর্ঘ ৮ বছরের বেশি আপনারা এই বিধানসভায় উপস্থিত আছেন, আপনারা বলতে পারেন কত উৎপাদন ক্ষমতা বাড়াতে পেরেছেন? দুর্ভাগ্যের বিষয় আপনারা মাঝে মাঝে বলেন যে আমরা এতগুলো ম্যানডেস সৃষ্টি করেছি। কাল এক বন্ধু মাননীয় সদস্য বললেন অন্য কথা। এম. আর. ডি. পি. এবং আই. আর. ডি. পি. কেন্দ্রের স্কীম, এবং এর টাকা কেন্দ্র থেকে আসছে। আর সেই টাকা আপনারা আই. আর. ডি. পি. তে খরচ করছেন। আমরা মাস লোন চালু করবার চেষ্টা করছি, ব্যাঙ্কের মাধ্যমে ঋণ দেওয়ার চেষ্টা করছি। ১৯৫৭ সালে এই ব্যাপারে আইন হয়েছিল এবং অনেকেই জানেন যে মাস লোনের মাধ্যমে লক্ষ লক্ষ গরিব লোকদের টাকা দেওয়া হবে ৪ পারসেন্ট সুদে। এর ফলে ২ হাজার লোক উপকৃত হবে বলে আশা করা যাচ্ছে। এই খবর পাওয়ার সঙ্গে সঙ্গে জ্যোতি বাবু গ্রামে গ্রামে নোট পাঠিয়ে দিলেন তোমরা বন্ধ কর তা না হলে কংগ্রেসের সংখ্যা বেড়ে যাবে। কিন্তু আমি আপনাদের জানিয়ে রাখি এই ব্যাঙ্ক ঋণ ব্যবস্থা চালু আছে এবং কেন্দ্রীয় সরকারের নেতৃত্বে এটা চালু থাকবে। জ্যোতি বাবুর পুলিশ, জ্যোতি বাবুর ক্যাডার তাদের ক্ষমতা দিয়ে এই মাস লোন বন্ধ করে দিতে পারবেন না। গরিব লোকেরা যদি এই মাস লোন ব্যাঙ্কের মাধ্যমে পায় তাহলে তো বিরাট ক্ষতি হয়ে যাবে। তাই জ্যোতি বাবু ক্যাডারদের বলতে লাগলেন গ্রামের গরিব লোকেরা যদি লোন পায় তাহলে তো সব ধ্বংস হয়ে যাবে। গ্রামের লোকেরা যদি টাকা পায় তাহলে তো আর বাঁচা যাবে না। এই কথা ভেবে জ্যোতি বাবু পাগল হয়ে গেছেন, মাথার গন্ডগোল হয়ে গেছে। গরিব লোকেদের ঋণ দেওয়া যাবে না, কংগ্রেসের মাধ্যমে, ব্যাঙ্কের মাধ্যমে তাদের ঋণ দেওয়া যাবে না। কেন তাদের এই ঋণ দেওয়া যাবে না, তারা কি অচ্ছুত। সেইজন্য আজকে মুখ্যমন্ত্রী ব্যস্ত হয়ে পড়েছেন কি করে গ্রামের হাজার হাজার গরিব লোকেদরে ঋণ দেওয়ার কাজ বন্ধ করা যায়, কি করে তাদের চেপে দেওয়া যায়। আরেকটি কথা বলে আমি শেষ করছি। মাননীয় সদস্যরা এখানে বসে আছেন শ্যামল বাবু প্রায়ই গল্প বলেন, আমি একটা গল্প বলে শেষ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যতীন বাবু এখানে না থাকলেও যতীন বাবুর স্থাপিত মূর্তি দেখার কোনো অসুবিধা নেই, তাঁর স্থাপিত মূর্তি সব জায়গা ভরে গেছে। একদিন তিনি লেনিনের

স্ট্যাচুর পাশ দিয়ে যাচ্ছেন তখন দেখেন যে লেনিনের স্ট্যাচুর মাথায় কাকে হেগে টেগে দিয়েছে। তাই দেখে যতীন বাবু খুব রেগে গেলেন। এমন সময়ে কে যেন ডাকছে 'এই যতীন শোন'। কে ডাকছে তাঁকে এইভেবে তিনি ফিরে দেখলেন, দেখেন যে লেনিনই তাঁকে ডাকছেন — তোদের প্রথমে মন্ত্রী করলাম, মন্ত্রী যখন করলাম তখন তোদের অবস্থা খারাপ ছিল, আবার ফের মন্ত্রী করেছি, তোদের মুখ্যমন্ত্রীর ছেলে শিল্পপতি হয়েছে।

[3-45—3-55 P.M.]

গান্ধীজির হাতে একটা লাঠি দিলে, নেতাজীকে একটা ঘোড়া দিলে আমাকে একটা কিছু দাও। তিনি এসে মুখ্যমন্ত্রীকে গল্পটা বললেন মুখ্যমন্ত্রী বললেন আমি বিশ্বাস করি না, আমি নিজেই যাব। জ্যোতি বাবু এলেন এবং এসে সেই একই কথা শুনলেন যে স্ট্যাচু বলছে (এই যতীন শোন) — আমি তোকে বলেছিলাম যে গান্ধীজিকে একটা লাঠি দিয়েছিস, যেটা ধরে তিনি দাঁড়িয়ে আছেন, নেতাজীকে একটা ঘোড়া দিয়েছিস, আমাকে একটা হাতি দেওয়া উচিত ছিল তা না দিয়ে আমাকে একটা খচ্চর দিয়েছিস এটা আমি চাই না তোরা নিয়ে যা। সেই রকম পশ্চিমবাংলার মানুষকে তারা এমন এক জায়গায় নিয়ে এসেছে যেটা লেনিন সাহেব জ্যোতি বাবুকে বলেছিলেন তার সমস্তই মিলে যাচ্ছে। সেইজন্য আমি বলব রাজ্যপালের ভাষণ আমি সমর্থন করিনা এবং আমরা যে সমস্ত সংশোধনী প্রস্তাব দিয়েছি সেইগুলিকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশন, আপনার রুলিং আছে যে কোনো সদস্যকে বলতে গেলেই মাননীয় সদস্য বলতে হবে। সেইজন্য আমি ওকে মাননীয় সদস্য বলেই বলছি। বৈষ্ণব সাহিত্যে বলে "অমানীনা মানদেন"। অসত্য বাপুলি বললেন যে আমি নাকি এক খুনিকে প্রোটেকশন দিয়েছি এটা অত্যন্ত অসত্য কথা। ব্যাপারটা হচ্ছে একজন জোয়ান খুন হয়েছিল তার বদলা হিসাবে আর একজন খুন হল এখন তাঁকে কংগ্রেস বলে দাবি করছেন। যিনি এস. পি. তার সঙ্গে দু'দিন মাত্র দেখা হয়েছে, একবার ঔরঙ্গাবাদে নির্বাচন করতে গিয়ে, আর একবার হেলিপ্যাডে। নবগ্রামের ও. সি.-কে আমি দেখিনি। আমি ওদের মতো কোনো লোককেই এই রকম প্রোটেকশন দিইনা।

**(Shri Dilip Kumar Mazumdar rose to speak)**

**Mr. Speaker :** Mr. Mazumdar, please take your seat. Shri Gopal Krishna Bhattacharya — will now speak.

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত দু'দিন রাজ্যপালের ভাষণের উপর পক্ষে এবং বিপক্ষে অনেক কথাবার্তা হয়েছে। আজকে শুরুতেই বিগত দিনে কংগ্রেস পক্ষ থেকে যে সমস্ত বিষয়ে প্রতিবাদ করা হয়েছিল আজকেও তার কোনো ব্যতিক্রম নেই। মাননীয় সত্য বাপুলি মহাশয় একই ভাবে এই সরকারের বিরুদ্ধে একই কথার উপর তার বক্তব্য রাখলেন বলে খুব বেশি কিছু বলবার নেই। তিনি আইন শৃঙ্খলার কথা বলেছেন। আমি জানিনা ১৯৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত তিনি এই সভায় ছিলেন কিনা। এই সভার

সদস্য ছিলেন পঙ্কজ ব্যানার্জি — খুব সম্ভব এখন তিনি কংগ্রেসে আছেন — তিনি এই সভায় বলেছিলেন শ্রী সন্তোষ রায়ের বিরুদ্ধে সাক্ষী দিতে আসছিলেন কোচবিহারের এক সহকারি স্কুল শিক্ষক চন্দন রায়। তার এই অপরাধের শাস্তি স্বরূপ চন্দন রায়কে কুপিয়ে কুপিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে টুকরো টুকরো করে কেটে মেরে ফেলা হয়েছে। আর একজন রামকৃষ্ণ পাল এই সাক্ষ্য দেবার অপরাধে গতকাল রাত্রে দুটোর সময় তার বাড়ি জ্বালিয়ে পুড়িয়ে ভস্মীভূত করা হয়েছে। শেষে পঙ্কজ ব্যানার্জি বলেছিলেন আমরা বর্তমানে এই অগণতান্ত্রিক বিধান সভায় আসা বর্জন করব যদি তাদের ব্যবস্থা করা না হয়। সুতরাং তারা এসে আইন-শৃঙ্খলার কথা বলবেন আর সেটা সংবাদপত্রের মাধ্যমে প্রচারিত হবে, ওদের সংবাদপত্রে প্রচারিত হবে। কিন্তু একথা মনে রাখা দরকার যে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার বারবারই ওদের নীতির বিরোধী এবং আজও আমরা এই কংগ্রেসি নীতির বিরোধী। কেন্দ্রীয় কংগ্রেস সরকারের নীতির সঙ্গে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের নীতির পার্থক্য আছে একথা বারবার বলা সত্ত্বেও এটা ওদের মাথায় ঢুকছে না। আমরা বিগত দিনে সমালোচনা করেছিলাম স্বাধীনতার পরবর্তীকালে কংগ্রেসের পক্ষ থেকে দেশে একচেটিয়া পুঁজিপতির বিকাশ ঘটাতে চাইছে এবং দেশের অর্থনীতিকে একচেটিয়া পুঁজিপতি, জমিদার-জোতদারদের হাতে নিয়ে যাবার চেষ্টা করছে এবং ৩৭/৩৮ বছরের মধ্যে তারা টাটা বিড়লার হাতে ৪ হাজার কোটি টাকা মুনাফার পাহাড় জমাতে সাহায্য করেছে। একথা অস্বীকার করার কোনো কারণ নেই যে একচেটিয়া পুঁজিপতি, বৃহৎ জমিদার-জোতদাররা হচ্ছে তাদের পৃষ্ঠপোষক যার বিরুদ্ধে আমরা লড়াই করেছি এবং এতকাল লড়াই করার ফলে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার শুধু মাত্র ভোটের মাধ্যমে আসেনি, ভোট মানুষ বামফ্রন্ট সরকারকে দিয়েছে, কিন্তু তার মূলে ছিল কংগ্রেসি অপশাসন, গ্রামের মানুষের খাদ্যাভাব। ১৯৫৯ সালে ডাঃ বিধানচন্দ্র রায়, প্রফুল্ল সেনের পুলিশ যখন গ্রাম থেকে মানুষ খাদ্যের দাবি জানাতে এসেছিল তখন ৮০ জন মানুষকে লাঠি পেটা করে হত্যা করেছিল। ১৯৬৬ সালে পুলিশ আনন্দ হাইতো, নুরুল ইসলামকে হত্যা করেছিল। সুতরাং সেই অগ্নি গর্ভ অবস্থার মধ্য দিয়ে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার এসেছেন। যে কথা অতীতে আমরা বলেছিলাম আজও বলছি দেশের যদি পুনর্গঠন করতে হয় তাহলে বৃহৎ পুঁজির দিকে নজর দিলে চলবে না, গ্রামীণ অর্থনীতি জোরদার করতে হবে, গ্রামের মানুষকে স্বয়ংসম্পূর্ণ করতে হবে, ক্ষেত মজুর, ভূমিহীন কৃষককে জমি দিতে হবে। এটা ছিল তখনকার আমাদের নীতি, এই নীতি আমরা বিগত ৮ বছর ধরে চালিয়ে এসেছি। গ্রামীণ অর্থনীতিকে জোরদার করতে যদি না পারতাম তাহলে পশ্চিমবঙ্গের মানুষ দু'বার আমাদের এখানে পাঠাত না। একথা অনস্বীকার্য যে গ্রামাঞ্চলের মানুষ বামফ্রন্ট সরকারের আমলে উপকৃত হয়েছে। সেজন্য রাজ্যপাল তাঁর ভাষণে সঠিকভাবে বলেছেন যে সুসংহত গ্রামীণ উন্নয়ন কর্মসূচীকেও সদ্য গত কয়েকটি বছরে আরো গতিময় করে তোলা হয়েছে। ১৯৮৪-৮৫ সালের প্রকৃত লক্ষ্যমাত্রাকে ছাড়িয়ে ঐ বছরে ২,৭৫,৪০৬টি পরিবার এ থেকে সহায়তা পেয়েছে। এই যে বৃহৎ কর্মযজ্ঞ এটা ওরা বুঝতে পারবেন না। ইন্দিরা গান্ধী থেকে রাজীব গান্ধী যেভাবে দেশ চালিয়েছেন তাতে টাটা বিড়লার উন্নতি হয়েছে, কিন্তু বিগত ৮ বছর ধরে বামফ্রন্ট সরকার যেভাবে চালাচ্ছেন তাতে গ্রামাঞ্চলের লক্ষ লক্ষ কৃষিজীবী মানুষ উপকৃত হয়েছে একথা আজকে ওদের মানতে হবে। স্যার, আপনার মাধ্যমে আমি ওদের বলতে চাই যে ক্ষুদ্র শিল্প, কুটির শিল্প আমরা গড়ে তুলতে

চাই, আমরা বৃহৎ পুঁজি তৈরি করতে পারব না বড় বড় শিল্প স্থাপন করে। আমরা পশ্চিমবঙ্গে ছোট, মাঝারি শিল্প তৈরি করবার চেষ্টা করছি যার ফল ফলতে শুরু করেছে, রেকর্ড সংখ্যক ক্ষুদ্র শিল্প পশ্চিমবঙ্গে সৃষ্টি হয়েছে।

[3-55—4-05 P.M.]

আমি রেকর্ড দেখিয়ে প্রমাণ করতে পারি আমাদের জনসংখ্যা ডাবল হওয়া সত্ত্বেও যেখানে উত্তরপ্রদেশে ক্ষুদ্র শিল্প ৫৮ হাজার ৮৫৭, পাঞ্জাবে ৫৭ হাজার ৪৮৫, অন্ধ্রে ৩৮ হাজার ৫৩০, মধ্যপ্রদেশে ৩৮ হাজার ৯৯৩, মহারাষ্ট্রে ৩৫ হাজার ৮৬৮ সেখানে পশ্চিমবাংলায় ১ লক্ষ ৫৮ হাজার ৮০২টি ক্ষুদ্র শিল্প চলছে। এটাই হচ্ছে বামফ্রন্ট সরকার এবং কংগ্রেস সরকারের মধ্যে পার্থক্য এবং এই জিনিসটা আপনাদের বুঝতে হবে। আমরা গ্রামীণ অর্থনীতিকে জোরদার করতে চাই কিন্তু সেই জিনিসটা কংগ্রেসিদের মাথায় ঢুকছেনা। রাজ্যপালের ভাষণে রয়েছে কি পরিমাণ জমি গ্রামের ভূমিহীন কৃষকদের দেওয়া হয়েছে। বিগত ৮ বছর ধরে বামফ্রন্ট সরকার যে ধারা বহন করে চলেছে তার এক বছরের মধ্যে সরকার কি কি কাজকর্ম করেছে সেটাই রাজ্যপাল তাঁর ভাষণে রেখেছেন এবং তাঁর সেই ভাষণের জন্য আমরা তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। ক্ষুদ্র শিল্পের ব্যাপারে কংগ্রেসিরা বড় বড় কথা বলে, কিন্তু মাননীয় সদস্য শ্যামল বাবু দেখিয়েছেন সারা ভারতে কত কারখানা বন্ধ হয়েছে। এই সংখ্যা বিগত কয়েকমাস আগে ছিল ৮৭ হাজার, তারপর হল ৯৭ হাজার এবং এখন সেটা ১ লক্ষ ছাড়িয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের নীতির ফলে সারা ভারতবর্ষে প্রচন্ড শিল্প সঙ্কট সৃষ্টি হয়েছে। কিন্তু বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে বেশি বেশি করে সাহায্য দেবার ফলে বৃহৎ, মাঝারি এবং ক্ষুদ্র শিল্পের অনেক উন্নতি হয়েছে। আমরা দেখছি যেখানে তামিলনাড়ুতে ২০.৩ পারসেন্ট কারখানা বন্ধ হয়ে গেছে, মহারাষ্ট্রে ১৮.৯ পারসেন্ট ক্ষুদ্র শিল্প বন্ধ হয়ে গেছে, কর্ণাটকে ১৪.৫৪ পারসেন্ট কারখানা বন্ধ হয়ে গেছে সেখানে পশ্চিমবাংলায় মাত্র ১০.০৩ পারসেন্ট কারখানা বন্ধ হয়ে গেছে। অবশ্য এতে আমরা সন্তুষ্ট নই — আমরা আরও উন্নতি চাই। তাঁরা বড় বড় কথা বলেন, নানা রকম চিৎকার করেন এবং সেসব কথা সংবাদপত্রে বের হয়। কিন্তু আপনারা জানেন কিনা জানিনা, রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলি টাকা পয়সা দেবার ব্যাপারে প্রচন্ড বাধা সৃষ্টি করছে। তারা বলছে যারা টাকা পরিশোধ করতে পারবে শুধু তাদেরই টাকা দেওয়া হবে। কিন্তু বামফ্রন্ট সরকারের শুভ প্রচেষ্টায় ছোট এবং মাঝারি ক্ষুদ্র শিল্পকে বাঁচাবার জন্য রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক গত ২ বছরে ৪৩ হাজার ৬৪৫টি ইউনিটকে মঞ্জুর করতে বাধ্য হয়েছে। বামফ্রন্ট সরকারের এটা একটা বড় সাফল্য এবং এই সরকার জ্যোতি বাবুর দ্বারা পরিচালিত হচ্ছে। বিভিন্ন দিকে এই সরকার আজ ব্যাপক পরিকল্পনা নিয়েছে। তবে একটি কথা আপনারা মনে রাখবেন কেন্দ্রীয় সরকার যেটা বলবেন সেটাই মেনে নিতে হবে এই জিনিস কিন্তু বামফ্রন্ট সরকারের কাছে পাওয়া যাবেনা। আমরা পশ্চিমবাংলাকে স্বয়ং সম্পূর্ণ করবার চেষ্টা করছি কাজেই আপনারা মানুষকে বিভ্রান্ত করতে পারবেননা। আজকে সারা দেশে, গ্রামে এবং শহরে বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে। সুখের কথা এর মধ্যেও বামফ্রন্ট সরকারের প্রচেষ্টায় ১ লক্ষ ৫৭ হাজার ৩৬৪ জন গ্রামীণ মানুষ নূতন করে কাজ পেয়েছে।

এটা কম বড় কথা নয়। একটা কংগ্রেস সরকার বিরোধী বামপন্থী সরকারের পক্ষে রাজ্য প্রশাসন চালাতে গিয়ে এই রকম বৃহৎ কাজ করা কারো পক্ষে সম্ভব ছিল না পশ্চিমবাংলা ছাড়া বামপন্থী সরকার ছাড়া কারো পক্ষে করা কিছুতেই সম্ভব ছিল না। ১৯৭৬ সাল পর্যন্ত আপনারা শ্মশান করে দিয়ে গিয়েছিলেন। ধীরে ধীরে তাকে আমরা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও জাগিয়ে তুলছি, যার জন্য রাজ্যপাল বলছেন শিল্পে একটা সুস্থতা ফিরে আসছে। শিল্প ক্ষেত্রে আপনারা একটা অন্ধকারের রাজত্ব সৃষ্টি করেছিলেন এবং আজও করছেন। রাজীব গান্ধী মশাই কি বলছেন? তিনি এলেন। তিনি এসে বললেন আমাদের কমপিউটারাইজেশন করতে হবে, মডার্নাইজেশন করতে হবে। দেশের শিল্পোৎপাদন বাড়াতে হবে এবং পার ক্যাপিটা প্রোডাকশন বাড়াতে হবে। এটা অস্বীকার করতে পারবেন? ধীরে ধীরে চলছিলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী। এ পার্টস আনতে পারবেন, অর্ডার নিয়ে কমপিউটার মেশিন আনতে পারবেন? রাজীব গান্ধী এসে বলে দিলেন কোনো বাধা নেই, যে কোনো শিল্প সংস্থা শিল্প কারখানায় কমপিউটার মেশিন আনতে পারবে। এই মডার্নাইজেশনের নাম করে হাজার হাজার কোটি ব্যাঙ্কের টাকা মেরে দেবার জন্য এটা করতে যাচ্ছেন। ঐ সমস্ত কারখানার মালিকদের সুবিধা করে দিচ্ছেন। এটা অস্বীকার করতে পারবেন? এই জন্যই লক্ষ লক্ষ কোটি কোটি লোক বেকার হচ্ছে। এই হচ্ছে রাজীব গান্ধীর গতিশীল সরকারের নীতি। রাজীব গান্ধী সাংঘাতিক অবস্থা সৃষ্টি করছেন। তিনি মালিকদের বলছেন তারা কমপিউটার আনতে পারবেন এবং ছোট ছোট কারখানার মালিকরাও কমপিউটার মেশিন আনতে পারবেন। কারা বসাবেন, টাটা, বিড়লা? প্রতিটি কারখানা বসাবেন, এই হচ্ছে অবস্থা আজকে লক্ষ লক্ষ মানুষকে ছাঁটাই করবার জন্য ব্যাপক পরিকল্পনা চলছে। আর এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আপনারা বলছেন পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কিছুই করতে পারেনি, এটা মুর্খতা ছাড়া আর কিছুই নয়। আমাদের হাতে কাঁচা মাল নেই, আমদানি করবার ক্ষমতা আমাদের হাতে নেই, সেই ব্যবস্থাও আমাদের নেই। রাজ্য সরকারের ক্ষমতা সীমাবদ্ধ। সমস্ত কিছুই বাইরে থেকে আনতে হবে। বিদেশি সাম্রাজ্যবাদ বৃটিশ কয়লা, লোহা, পাওয়া যায় বলে এখানে শিল্প গড়ে তুলেছিলেন। কিন্তু পরবর্তীকালে বিভিন্ন শিল্পের এই সমস্ত কাঁচা মালগুলি বাইরে থেকে আমদানি করার ব্যবস্থা ছিল। তা রুদ্ধ করে দিয়েছেন কেন্দ্রীয় সরকার। এটা কি অস্বীকার করবার উপায় আছে? মাশুল সমীকরণের প্রশ্নে এবার আসছি। আমাদের কারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে। পশ্চিমবাংলা শিল্পে যেখানে প্রথম স্থানে ছিল আজকে সেখানে অষ্টম বা নবম স্থানে নেমে গেছে। কার দৌলতে এটা হয়েছে? কার অন্যায়, অত্যাচারে এই সব ঘটনা ঘটছে? কংগ্রেস পক্ষ থেকে এর জবাব দেবেন কি? আপনারা বলছেন বামফ্রন্ট সরকারের আমলে কিছুই হয়নি। এখানে এসে বললেন ব্যাঙ্ক ন্যাশনালাইজেশন হবে। ন্যাশনালাইজেশন হল। কিছু কারখানা ন্যাশনালাইজেশন করলেন। এখন বলছেন ডি-নোটিফিকেশন হবে। সুব্রত বাবু আই. এন. টি. ইউ. সি. করেন, তিনি জানেন, বাকিরা জানেন না। কোনো নীতিতে ডি-নোটিফিকেশন হচ্ছে? কে চালাচ্ছে কারখানাগুলি কেন্দ্রীয় সরকারের প্রশাসক। আজকে তারা ব্যর্থ হচ্ছেন কারখানা চালাতে। এখন বলছেন মালিকদের হাতে ফিরিয়ে দেব। রাজীব গান্ধী এসে বললেন, জ্যোতি বাবু আপনি কারখানা টেক ওভার করতে পারবেন না। এটা কোনো দেশি নীতি? এটা তো কোনোদিন কংগ্রেসে ছিল না। জাতীয়করণ করার নিয়ম ছিল — টেক ওভার করার আগের যে দায় দায়িত্ব সেটা পুরানো মালিকের উপর বর্তাবে এবং জাতীয়করণ করার

পরের দায় দায়িত্ব নূতন করে সরকার বহন করবেন। রাজীব গান্ধী বলে দিলেন এখন থেকে কোনো কারখানা ন্যাশনালাইজেশন হবে না। ন্যাশনালাইজেশন যদি করতে হয় তাহলে চুরি করা মালের টাকায় তাদের আবার দিতে হবে। কেন না, মালিকরা হাজার হাজার কোটি টাকা চুরি করে পালিয়ে যায়, সেই টাকা তাদের আবার দিতে হবে এবং তারপর ন্যাশনালাইজেশন হবে। এই হচ্ছে রাজীব গান্ধীর নীতি। এটা অস্বীকার করতে পারেন? ১ লক্ষ কারখানা বন্ধ হচ্ছে, নূতন নূতন শিল্প কারখানা গড়ে উঠছে না। বড় বড় মালিকগুলি উত্তরপ্রদেশে যাবেন।' উত্তরপ্রদেশের প্রতিটি জেলায় একটি দুটি করে কারখানা হচ্ছে। এখন মালিকরা নূতন নিয়ম করছেন। পুরানো কারখানা বর্জন করবেন। কেন না, নূতন কারখানা তৈরি করলে নানা রকম সুযোগ সুবিধা পাওয়া যায়। একসাইজ ডিউটি, ইনকাম ট্যাক্স, লাইসেন্স ফি ইত্যোদি বিভিন্ন রকম সুযোগ সুবিধা ৫ বছরের জন্য রিল্যাক্সেসন একজেম্পশন থাকে। কাজেই ৫ বছর সেই কারখানা চলবে। ৫ বছর পরে সেই কারখানা লিকুইডিশনে দিয়ে তারা আবার অন্য একটি কারখানা করবে। তার জন্য ব্যাঙ্ক আবার তাদের নূতন করে লোন দেবে, এই হচ্ছে অবস্থা। অধিকাংশ মালিকই হচ্ছে কংগ্রেসি এবং কংগ্রেসের রেকমেনডেশনের মধ্য দিয়ে, কংগ্রেসি নীতির মধ্য দিয়ে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা মালিকরা মেরে দিয়ে চলে যাচ্ছে। সেই টাকা মালিকদের কাছ থেকে আদায় করা হয় না। আমার এলাকায় ওরিয়েন্টাল মেটাল কারখানা আছে। তার দুই মালিক, পুরো কংগ্রেসের লোক। ২।। কোটি টাকা ব্যাঙ্ক থেকে নিলেন। কারখানা লিকুইডিশনে দিলেন। এখন হাইকোর্ট থেকে ৪০ লক্ষ টাকায় কারখানাটি বিক্রির ব্যবস্থা হচ্ছে। মালিক টাকা মেরে চলে গেলেন। এই অবস্থায় কারখানাটির ৭০০ শ্রমিক মরছে। এই হচ্ছে কংগ্রেসি নীতি।

[4-05—4-15 P.M.]

ওঁরা সমালোচনা করে বলেন যে পশ্চিমবঙ্গে শিল্পের বিকাশ ঘটছে না, পশ্চিমবঙ্গ রুগ্ন হয়ে যাচ্ছে ইত্যোদি ইত্যোদি। নির্বাচনের সময় ওঁরা বললেন, 'রাজীব গান্ধী যদি সরকার তৈরি করেন তাহলে আমরা সমস্ত কারখানা খুলে দেব'। কিন্তু কি অবস্থা হ'ল? আমরা দেখলাম, ওঁরা উল্টো প্রেসার দিলেন, বললেন, নো ন্যাশানালাইজেশন এবং বললেন সমস্ত জাতীয়করণ করা কারখানাগুলি ডি-নোটিফিকেশন হবে। অদ্ভুত সমস্ত যুক্তি। সুব্রত বাবু এখানে নেই, তিনি জানেন, ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন হচ্ছে দেশের সবচেয়ে বড় পুঁজিপতি। এটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের সংস্থা। ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন সারা ভারতবর্ষে ১১৪টি কারখানা চালাচ্ছে। পশ্চিমবাংলার মোহিনী মিল, সেন্ট্রাল কটন মিল, বঙ্গশ্রী কটন মিলে যান, গিয়ে দেখুন সেখানকার শ্রমিকদের কি অবস্থা। ওঁরা বলছেন, এইসব কারখানা চলে যাবে তারা চালাতে পারছেন না। বলছেন, তুলোর দাম খুব বেশি, পড়তায় পোষাচ্ছেনা। ৩।। টাকা মিটার কাপড় বিক্রি করবেন, হিসাবপত্র হবে এবং তা নিয়ে পড়তা হবে না, কোটি কোটি টাকা লোকসান হবে এবং তারপর এই অবস্থা চলবে এই হচ্ছে অবস্থা। এই ব্যবস্থার বিরুদ্ধেই আমাদের সংগ্রাম এবং এর বিরুদ্ধেই আমরা লড়াই করতে চাই। একজন হঠাৎ

করে বললেন হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স কেন করতে গেলেন জ্যোতি বসু মহাশয়? তিনি আরো বললেন, করলেনই যখন তখন নির্বাচনের মুখে করলেন কেন? এতদিন পড়ে থাকল কেন ইত্যোদি ইত্যোদি। অদ্ভুত সব কথা। সত্য বাবু বললেন, আমরা ধনতান্ত্রিক পথে চলছি, তাহলে সত্য বাবুকে বলব, কংগ্রেসের ঝান্ডা ছেড়ে দিয়ে আমাদের পথে চলুন কারণ আপনারাও তো ধনতান্ত্রিক পথের লোক, আপনারা তো টাটা বিড়লার পৃষ্ঠপোষক, আপনারা তো রাজীব গান্ধীর লোক। তাহলে আপনি বলুন না যে এখন তোমরা এখানে পেট্রো-কেমিক্যাল করছ অতএব তোমাদের সঙ্গে আমাদের আর কোনো বিরোধ নেই কাজেই তোমাদের সব কিছু আমরা সমর্থন করছি। তাও কিন্তু বলছেন না। আমরা জানি, আপনারা এসব কথা বলছেন কারণ আপনাদের গায়ে জ্বালা ধরছে। এখানে শিল্প হচ্ছে না, বন্ধ হয়ে যাচ্ছে শিল্পের অগ্রগতি, বেকার বাড়ছে ইত্যোদি নানান কথা গত কয়েক বছর ধরে আপনারা প্রচার করছেন আর যেই হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স হ'ল তখন আপনারা মাথায় হাত দিয়ে বসেছেন। আজ এর ফলে পশ্চিমবঙ্গের বেকারদের মনে একটু আশার আলো দেখা দিয়েছে এবং তাতেই আপনাদের গায়ে জ্বালা ধরছে। এতে ২২ হাজার লোক প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে কাজ পাবে। ৮শো থেকে ২ হাজার লোক ওখানে কাজ পাবে এবং সাবসিডিয়ারি ইন্ডাস্ট্রিজের ক্ষেত্রে পশ্চিমবাংলায় একটা নূতন আবহাওয়ার সৃষ্টি হবে। গত ৮ বছর ধরে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় থেকে আরম্ভ করে আমরা সকলে কেন্দ্রের কাছে দরবার করেছি যে হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স করতে হবে, সেখানে কেন ধাপ্পা দিয়েছেন কেন্দ্রীয় সরকার, কেন ধাপ্পা দিয়েছেন শ্রীমতী ইন্দিরা গান্ধী? কেন বার বার বলেছেন করছি, করব? হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্সের জন্য জায়গা কেনা হ'ল, লোকদের উচ্ছেদ করা হ'ল তারপর কেন্দ্রীয় সরকার বললেন যে, না, আমরা হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স করব না। এ ক্ষেত্রে সঠিক ভাবেই চ্যালেঞ্জ জানিয়েছেন পশ্চিমবাংলার মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়। পশ্চিমবাংলার মানুষের আশীর্বাদ নিয়ে সেই কারখানা করা হচ্ছে। যারা এখান থেকে কোটি কোটি টাকা শোষণ করে নিয়ে যাচ্ছে তাদের কাছ থেকে তার একটা অংশ ছিনিয়ে আনার জন্য এই কৌশল অবলম্বন করা হয়েছে। এতে সত্য বাবুর গায়ে জ্বালা ধরলে আমাদের কিছু করার নেই। তারপর শ্রমিক আন্দোলনের কথা। বললেন কারখানা চলে গেলে শ্রমিকদের কি হবে? ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনে, টাটা বিড়লার ফ্যাক্টরীতে, রাজ্য সরকারের কারখানায় আমরা কি শ্রমিক আন্দোলন করি না? কোথায় শ্রমিক আন্দোলন বন্ধ হচ্ছে? শ্রমিক আন্দোলন বাড়ছে। কর্তৃপক্ষ যদি অন্যায়, অগণতান্ত্রিক, স্বৈরাচারী কাজ করে তাহলে শ্রমিক শ্রেণী কাউকে ক্ষমা করবে না এটাই হচ্ছে শ্রমিক আন্দোলনের প্রধান বিচার্য বিষয়। এইসব কথা বলে মানুষকে বিভ্রান্ত করার জন্য একটা অগণতান্ত্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে ওঁরা চলবার চেষ্টা করছেন। তাই বলব যে যৌথ উদ্যোগে যেভাবে আজকে বাহিরে রাজ্যে গড়ে উঠেছে, আমরা আশা করব যে আগামীদিনে রাজ্য-কেন্দ্রীয় সম্পর্কের ক্ষেত্রে তারা যদি সেই ব্যবস্থা না করতে পারে তাহলে রাজ্য সরকার বিভিন্ন ভাবে সেই অগ্রগতি সম্পন্ন করবেন। এটাই হচ্ছে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের পরিষ্কার নীতি এবং এই নীতির ভিত্তিতে আমরা এগিয়ে যাব। আমি এই কথা খুব পরিষ্কার ভাবে বলে দিতে চাই যে আমাদের পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের

প্রতিটি ক্ষেত্রে যে অগ্রগতি সেটা বিচার করতে হবে। কেন্দ্রীয় সরকারের যে নীতি, তারা অগ্রগতির ভূমিকা করে কি করছে, আর পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার যে নীতি গ্রহণ করেছে, এই দুটো পরস্পর শ্রেণী দৃষ্টিভঙ্গিতে বিচার্য বিষয়ে আনতে হবে। গ্রামের ক্ষেত মজুর, গরিব চাষী, গ্রামের অভাবি মানুষ, গ্রামে নূতন করে শিল্প সঞ্চার এগুলি সবই আমাদের দৃষ্টিভঙ্গি। আমরা মনে করি যে শ্রমিক শ্রেণী, মধ্যবিত্ত মানুষ, মেহনতি মানুষ, সকলকে জাগ্রত করতে হবে। একচেটিয়া পুঁজিপতি, জমিদার জোতদারের বিরুদ্ধে আরো বেশি লড়াই করার জন্য তৈরি করতে হবে। এই কাজ বামফ্রন্ট সরকার একটু একটু করে গ্রামে-গঞ্জে বিভিন্ন শহরে করছে এবং প্রতিটি ধাপের মধ্যে দিয়ে তার প্রকাশ ঘটছে। শিক্ষার ক্ষেত্রে, শিল্পের ক্ষেত্রে, অন্যান্য সমস্ত ক্ষেত্রে আমরা সেই নীতিতে পরিচালিত হচ্ছি। এই কাজগুলি আমরা করব তাতে যদি ওদের গায়ে জ্বালা ধরে তাহলে আমাদের কিছু করার নেই। আজকে এই কথা ওদের পরিষ্কার ভাবে বলে দিতে চাই। অদ্ভুত জিনিস। পুরানো মন্ত্রী, তার নাম নেওয়া যাবে কি না জানিনা, প্রনব মুখোপাধ্যায় যখন ছিলেন, ৮ম অর্থ কমিশন যখন বলেছিলেন যে ৩২৫ কোটি টাকা পশ্চিমবাংলাকে দিতে হবে তখন তিনি বলেছিলেন যে না দেওয়া হবেনা। যুক্তি কি ছিল? অনেকদিন ঘোরাবার পরে তিনি বলেছিলেন যে পশ্চিমবাংলার মানুষ খুব ধনী হয়ে গেছে, অতএব তাকে দেওয়া হবেনা। বাইরে বলবেন পশ্চিমবাংলার সর্বনাশ হয়ে যাচ্ছে, আর মন্ত্রী হিসাবে যখন বলবেন তখন বলবেন যে ধনী হয়ে গেছে। এটা কি ধরনের বক্তব্য? আজকে এই জিনিসগুলি বোঝা দরকার। গত ৮ বছর ধরে মানুষ আমাদের এমনিতে সমর্থন করছে না। আমাদের ঠিকা মজদুর, আমাদের গ্রামের বিড়ি শ্রমিক, বিভিন্ন রিক্সা শ্রমিক, কলকারখানার সাধারণ মানুষ তারা শ্রেণী সংগ্রাম-এর মধ্যে দিয়ে আন্দোলনের মধ্যে দিয়ে তাদের আয় বৃদ্ধি ঘটিয়েছেন। এই বিষয়ে বিভিন্ন পরিসংখ্যান আমি দিতে পারি। একথা ঠিক যে এক সময়ে বোম্বেতে তাদের পারিশ্রমিক পার ক্যাপিটা ইনকাম অনেক বেশি ছিল। কিন্তু আজকে পশ্চিমবাংলায় পার ক্যাপিটা ইনকাম, ওয়ার্কিং পিপলদের ইনকাম বোম্বে থেকে ছাড়িয়ে গেছে। বেশির ভাগ মানুষ আজকে লড়াই করে, সংগ্রাম করে দাবি আদায় করতে পেরেছে। আজকে এটাই হচ্ছে বামফ্রন্ট সরকারের কৃতিত্ব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা গণতন্ত্রের কথা বলে। এত বড় গণতন্ত্র ভারতবর্ষের আর কোথায় আছে? কোনো জায়গায় নেই। কালকে শুনলাম মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী পরিবর্তন হচ্ছে। আবার সেখানে নূতন একজন আসবেন। ওরা বলে কংগ্রেস গণতান্ত্রিক পার্টি, গণতন্ত্র রক্ষা করছেন। [.....] ... [...] এই হচ্ছে ওদের মন্ত্রীদের চেহারা। কিন্তু পশ্চিমবাংলায় বামফ্রন্টের রাজত্বে কোনো মন্ত্রীর বিরুদ্ধে কোনো জায়গায় এই রকম হয়নি। ৮ বছর ধরে এই সরকার চলছে একটা মন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির কথা বলতে পারবেন কংগ্রেসি বন্ধুরা? পশ্চিমবাংলায় আদর্শবাদী সত্যিকারের একটা গণতান্ত্রিক সরকার চলছে, এটা অস্বীকার করার কোনো কারণ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত সমস্যায় আমরা ভুগছি সে সম্পর্কে কয়েকজন মন্ত্রী মাঝে মাঝে বলেন। কিন্তু বাস্তব অবস্থাটা কি সেটা বুঝতে হবে। এখানে হাইকোর্টের কথা বলা হয়েছে। মহামান্য হাইকোর্ট, আমি জানিনা একজন বিচারপতি ওখানে আছেন, নাম নেওয়াও মহাপাপ যে

*** Note [Expunged as ordered by the chair]

কোনো কারণে সরকারের বিরুদ্ধে পিটিশান করলে ২২৬-এ তিনি সেখানে ইঞ্জাংশন দিয়ে দেন। সমস্ত কাজে এইভাবে বাধা দেওয়া হচ্ছে। যাতে কাজ করা না যায় তার জন্য সত্য বাপুলি দলের লোকেরা হাইকোর্টের আশ্রয় নিচ্ছে।

[4-15—4-25 P.M.]

এ কথা আজকে বলতে হচ্ছে যে, আমরা অনেক কষ্ট অনেক সংগ্রামের মধ্যে দিয়ে যে পরিবেশ সৃষ্টি করেছি আইনের মাধ্যমে আজকে তাকে বানচাল করার চেষ্টা করা হচ্ছে। এখানে হাইকোর্টের নিরপেক্ষতার কথা বলা হয়। এই সে দিন শংকর প্রসাদ মিত্র নদীয়ায় মিটিং করতে গিয়ে কংগ্রেসের লোকেদের হাতেই মার খেয়েছেন। তিনি হাইকোর্টের প্রধান বিচারপতি ছিলেন, তার আগে তিনি কংগ্রেসের মন্ত্রী ছিলেন, রেজিগনেশন দিয়ে জজ হয়েছিলেন এবং পরবর্তীকালে আবার তিনি কংগ্রেসি রাজনীতি করছেন। অর্থাৎ পরিষ্কার বোঝা যাচ্ছে তিনি যখন বিচারপতি ছিলেন তখনও কংগ্রেস মাইন্ডেড ছিলেন, একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থে কাজ করতেন এবং সাধারণ গরিব মানুষদের বিরুদ্ধেই রায় দিতেন। এই দৃষ্টিভঙ্গি আজও হাইকোর্টে চলছে। সেই জন্যই তো আমরা বলি রাষ্ট্রীয় অক্টোপাসের একটা পা হচ্ছে বিচার ব্যবস্থা। কিন্তু বিচার ব্যবস্থায় ঐ দৃষ্টিভঙ্গি সারা ভারতবর্ষের মতো পশ্চিমবাংলায়ও কাজ করছে এবং শ্রেণী স্বার্থে কাজ করছে। আমাদের বোঝানো হয় হাইকোর্টের রায় সর্বজন গ্রাহ্য হতে হবে, কিন্তু আমরা এ কথা বলতে পারি যে, হাইকোর্টের রায় পশ্চিমবাংলার ক্ষেত্রে সর্বজন গ্রাহ্য হতে পারে না, তা কংগ্রেসি দুঃশাসনকে রক্ষা করবার চেষ্টা করছে। হাইকোর্টের চরিত্র আজকে পশ্চিমবাংলার মানুষ বুঝতে পারছে এবং আরো বুঝতে পারবে, ঐ সত্য বাপুলিদের চাকরি যাবে। হাইকোর্টের উকিল ব্যারিস্টারদের কথা আর পশ্চিমবাংলার মানুষ বিশ্বাস করবে না, আগামী দিনে এই জিনিস হবে।

এখানে আজকে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে অভিযোগ আনা হচ্ছে। অথচ গোটা দেশে দু' মাস, চার মাস অন্তর অন্তর জিনিস-পত্রের দাম বেড়ে চলবে, আর বামফ্রন্ট সরকারকে এর মধ্যে কাজ করতে হবে? মূল্য বৃদ্ধির এই যে অবস্থা চলছে, এর একটা বিহিত করা উচিত। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, দেশকে যে পথে নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে তা মানুষ সহ্য করবে না, কেউ ক্ষমা করবে না। স্বৈরাচারীকে কেউ ক্ষমা করে না। '৭২ সাল থেকে '৭৭ সাল পর্যন্ত যা ঘটেছিল তা যেমন মানুষ ক্ষমা করে নি, তেমনি আজকে রাজীব গান্ধী যা করছে — কোটি কোটি মানুষের মুখের অন্নকে কেড়ে নিয়ে টাটা বিড়লার সম্পদ বৃদ্ধি করছে — তাও মানুষ সহ্য করবে না, কেউ সহ্য করবে না।

পরিশেষে আমি কংগ্রেসি বন্ধুদের উদ্দেশ্যে বলছি, আপনারা যতই চিৎকার করুন, সংবাদপত্রগুলি যতই চিৎকার করুক কোনো দিনই পশ্চিমবাংলার মানুষ আপনাদের আর ফিরিয়ে আনবে না। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সর্বান্তকরণে সমর্থন করে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** মিঃ চট্টরাজ, আপনার পার্সোনাল এক্সপ্লানেশন দিন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পিকার স্যার, মাননীয় সদস্য শ্রীমান গোপাল বাবু বললেন যে, চুরি করার জন্য ওয়াংচু কমিশনের রিপোর্টে সুনীতি চট্টরাজের মন্ত্রিত্ব যায়। ওয়াংচু কমিশনের রিপোর্ট ইংরাজীতে বেরিয়েছিল, উনি হয়ত ইংরাজী ঠিক মতো পড়তে পারেন না বলে, রিপোর্টটি পড়তে পারেননি। কমিশনের সামনে বলা হয়েছিল আমি আমার বড় ভাইকে ব্যাঙ্ক থেকে লোন পাইয়ে দিয়েছিলাম, কিন্তু সেখানে ডাইরেক্ট এভিডেন্স কিছু ছিল না আমি লোন পাইয়ে দিয়েছি বলে। তা সত্ত্বেও যেহেতু আমি মন্ত্রী ছিলাম এবং আমরা বড় ব্যাঙ্ক থেকে লোন নিয়েছিলাম সেহেতু কমিশন ওটা গ্রহণ করেছিল। যখন জ্যোতি বাবুর ছেলে ব্যাঙ্ক থেকে লোন নিলে জ্যোতি বাবুর মন্ত্রিত্ব যায় না, তখন ঐ কথা আর ওঠে না। মাননীয় স্পিকার স্যার, বর্তমানে শ্রীমান গোপাল বাবু যা বললেন তা সম্পূর্ণ অসত্য। যদিও আমার বড় ভাই ব্যাঙ্ক থেকে লোন নিয়েছিল তবুও সে সম্বন্ধে ওয়াংচু কমিশন কোনো কথাই বলতে পারে নি। তা সত্ত্বেও আমি রেজিগনেশন দিয়েছিলাম যে কোনো কারণেই হোক।

**মিঃ স্পিকার ঃ** সুনীতি বাবুর বিরুদ্ধে গোপাল বাবু যেটা বলেছেন সেটা গোপাল বাবুর বক্তব্য থেকে বাদ যাবে। আমি আবার মেম্বারদের কাছে বলছি যে, কোনো মেম্বারের বিরুদ্ধে কোনো অভিযোগ আনবার আগে তাঁকে নোটিশ দিতে হয়। আমি এ কথা হাউসের উভয় পক্ষের সদস্যদের কাছেই বলছি। হাউসের এস্টাবিলশড প্রিনসিপল্ হচ্ছে কোনো মেম্বারের বিরুদ্ধে কোনো রকম অভিযোগ আনতে হলে আগে থাকতে তাঁকে নোটিশ দিতে হবে। এটাই পার্লামেন্টারি প্র্যাকটিস। কিন্তু আমরা এখানে একটা ব্যাড প্র্যাকটিস লক্ষ্য করছি যে, যখন তখন অ্যালিগেশন আনা হচ্ছে। অভিযোগ আনতে গেলে ইউ স্যুড অ্যাট লিস্ট ইনফর্ম মি বিফোর হ্যান্ড এবং যাঁর বিরুদ্ধে অভিযোগ তাঁকেও জানাতে হবে, যাতে তিনি নিজেকে ডিফেন্ড করতে পারেন, তাঁর বিরুদ্ধে কি বলা হচ্ছে, কি বলা হচ্ছে না, তা তিনি জানতে পারলে তবেই তিনি নিজেকে ডিফেন্ড করতে পারবেন। অতএব কেউ উইদাউট নোটিশ কোনো রকম অভিযোগ করবেন না।

**শ্রী শান্তিমোহন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণ আমি শুনেছি কিন্তু নুতন কথা কিছু পাইনি। যেকথা প্রত্যেকবার রাজ্যপালের ভাষণে শুনি সেই একই কথা শুনেছি। আমাদের পশ্চিমবাংলার মানুষ বামফ্রন্টের অত্যাচারে এবং এদের রক্ত চক্ষুতে সম্পূর্ণ বোবা হয়ে গেছে, কালা হয়ে গেছে। তাই দিনের পর দিন আমাদের শাসক দলের ব্যক্তি মহাশয়দের কথা শুনতে তারা বাধ্য হন। আমাদের এই পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা আছে বলে আমার জানা নেই। আমি প্রত্যেকবার বলি এবং এবারেও বলছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দয়া করে হুগলি জেলার আরামবাগ মহকুমার গোঘাটে একটি প্রতিনিধি দল পাঠিয়ে খোঁজ নিয়ে জানবেন যে সেখানকার মানুষের কোনো স্বাধীনতা আছে কিনা, মানুষ জীবন সম্পত্তি নিয়ে সেখানে নিরাপদে বাস করতে পারে কি না? আমি একটি থানার কথা বললাম। এইরকম সারা পশ্চিমবাংলার যে কোনো জায়গায় যে কোনো শান্তি প্রিয় মানুষের কখন যে মাথা চলে যাবে তার ঠিক নেই এই সি. পি. এম. গুন্ডাদের হাতে। আমাদের পশ্চিমবাংলার সরকার এর চেয়ে আরো কঠোর কঠোর মার পশ্চিমবাংলার মানুষকে দিচ্ছে। আইন-শৃঙ্খলার কথা বলাই বাহুল্য। আমি দ্বিতীয় কথা বলতে চাই। আজকে পশ্চিমবঙ্গের

সরকার সর্বক্ষেত্রে ব্যর্থতার প্রমাণ দিয়েছে, যেমন আইন-শৃঙ্খলার কথা বললাম তেমনি কৃষিক্ষেত্রে ব্যর্থতার পরিচয় দিয়েছে। পশ্চিমবাংলার মানুষ যেসব ফসল তৈরি করছে তার দাম কিন্তু পাচ্ছে না। পাটের দাম ২ বছর ধরে পায়নি। আলুর দাম কয়েক বছর ধরে পাচ্ছে না। এ বছর যা পাচ্ছিল তাও আমাদের কমল বাবু কোল্ড স্টোরেজ মালিকদের দালালি করবার জন্য, জোতদারদের দালালি করবার জন্য পশ্চিমবাংলাকে সিল করে দিয়েছেন যাতে পশ্চিমবাংলার আলু অন্য কোনো স্টেটে যেতে না পারে। চাষীরা যাতে দু-পয়সা না পায় তার জন্য কোল্ড স্টোরেজের মালিকেরা কম দামে আলু নিয়ে কোল্ড স্টোরেজের হাওলায় জমা দিচ্ছে বেশি দামে বিক্রি করবার জন্য। এদিকে হঠাৎ আমরা দেখছি, চালের দাম, গমের দাম বেড়ে গেছে। বলা হচ্ছে, ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া তারা নাকি ঠিক ঠিক ভাবে প্রকিওর করতে পারছে না। আমি পশ্চিমবাংলার সরকারের কাছে বলতে চাই যে, পশ্চিমবঙ্গ সরকার জোতদারদের কাছ থেকে, রাইস মিলের কাছ থেকে কতটা চাল প্রকিওর করেছে?

[4-25—4-35 P.M.]

যতদিন কংগ্রেস সরকার ক্ষমতায় ছিলেন জোতদার, মহাজন, মিল মালিকদের মুখ না চেয়ে, ততদিন জ্যোতি বাবুরা ঐ সরকারের মন্ত্রীকে দুর্ভিক্ষ মন্ত্রী বলেছেন। আজকে দেখা যাচ্ছে যে সেই সরকার ক্ষমতায় এসে জোতদারদের দালালি করছে, মিল মালিকদের দালালি করছে। পশ্চিমবঙ্গে প্রোকিওরমেন্ট না করে দিল্লির গভর্নমেন্ট চাল পাঠালে তবে পশ্চিমবঙ্গের মানুষেরা খাবে। পশ্চিমববঙ্গে, দিল্লির সরকারের টাকাতে গরিব কৃষক এবং কৃষি মজুরদের যে সব স্কীম চালু আছে, আমরা খোঁজ নিয়ে দেখলে দেখব সেই সব স্কীম যেসব জায়গায় পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিতে সি. পি. এম. যুক্ত আছে সেই সব জায়গায় খরচ করা হয়েছে। দলবাজি হচ্ছে। যেসব জায়গায় ঐ সব সংস্থার সঙ্গে কংগ্রেস যুক্ত আছে সেইসব জায়গায় টাকা দেওয়া হয় নি। আমরা দেখেছি ক্ষুদ্র সেচ পরিকল্পনার টাকা, অর্থাৎ এম. আই. সি.-র টাকা সেই টাকা খরচ করতে পারছে না। সমবায়ের টাকা, খরচ করতে পারছে না। রাস্তার কথায় বলেছেন ১৬০ কিলোমিটার নূতন রাস্তা করেছেন কোথায় করেছেন? সেটা আমাদের জানা নেই। আমি আমার জেলার কথা বলছি, বিশেষ করে আরামবাগ থানার কথা বলছি, মালপুর থেকে কাটল পর্যন্ত দামোদরের যে বাঁধ আছে সেই বাঁধ আজ পর্যন্ত পাকা করা হয় নি। মলয়পুর থেকে বর্ধমান জেলা পর্যন্ত যে ৫ কিলোমিটার রাস্তা সেই রাস্তাকে কয়েক বছর আগে গ্রহণ করা সত্ত্বেও সেই রাস্তার কাজ আজ পর্যন্ত হয় নি। যেহেতু সেখানে কংগ্রেস প্রার্থী জয়যুক্ত হয়েছে। পুরশুড়া থানায় কংগ্রেস প্রার্থী জয়যুক্ত হয়েছে। আমি মাননীয় পূর্তমন্ত্রী শ্রী যতীন চক্রবর্তী মহাশয়কে আমার সঙ্গে নিয়ে গিয়ে আরামবাগ থানার রাস্তাগুলো দেখাতে চাই, সেই রাস্তায় বাস চলে না, লরি চলে না, মোটর গাড়ি তো দূরের কথা। এই হচ্ছে ১৬০ কিলোমিটার নূতন রাস্তা নির্মাণের নমুনা। তারপর শিক্ষার কথা বলি, নূতন নূতন অনেক বিদ্যালয় করা হয়েছে, জুনিয়ার হাই স্কুল করে নাকি শিক্ষক নিয়োগ করা হবে। আমরা আজ পর্যন্ত জানিনা, কোথায় স্কুল স্থাপন করা হচ্ছে, শিক্ষক নিয়োগ করা হচ্ছে? নিশ্চয় জানব, যেসব নূতন প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হবে, সেখানে সি. পি. এমের ক্যাডার ছাড়া অন্য শিক্ষিত যুবকদের কর্মসংস্থানের কোনো সুযোগ থাকবে না। আগে যেসব

বিদ্যালয় করা হয়েছে সেখানে সি. পি. এম. ক্যাডারদের নিয়োগ করা হয়েছে, অ-সি. পি. এম. ক্যাডারদের নিয়োগ করা হয় নি। বঞ্চিত করা হয়েছে। এমন কি অর্গানাইজ টিচার, তাদের পর্যন্ত নিয়োগ করা হয় নি। ট্রেন্ড টিচাররা মামলা করে জিতে এসে আজও বসে আছে। তার কারণ হচ্ছে আজকে পশ্চিমবঙ্গ সরকার তো আইন-শৃঙ্খলা মানেন না, আদালত মানেন না, এমন কি হাইকোর্ট এর অর্ডারও মানেন না, তুচ্ছ করেন, এই হল পশ্চিমবঙ্গ সরকার। শিক্ষা, রাস্তা, সেচ এবং আইন-শৃঙ্খলা কোনো ক্ষেত্রেই পশ্চিমবঙ্গের মানুষদের বাঁচবার সব জায়গাতেই তাঁরা ব্যর্থতা প্রমাণ করেছেন। স্বাস্থ্য ক্ষেত্রে আমি নিজে জানি আমাদের খানাকুল থানাতে একটা স্বাস্থ্য কেন্দ্রের উল্লেখ করলে বুঝতে পারবেন। সেই স্বাস্থ্য কেন্দ্র চেরিটেবল ডিসপেনসারি, তার জমি জায়গা, ঘর বাড়ি সব পশ্চিমবঙ্গ সরকারকে দেওয়া সত্ত্বেও অজিত পাঁজা মহাশয়ের আমলে ফরমালি টেক ওভার করা সত্ত্বেও আজ পর্যন্ত সেই হেলথ সেন্টার চালু হয় নি। এমন কি সেই হেলথ সেন্টারে ডাক্তার অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে, কিন্তু তিনি মানকুন্ডু না চন্দননগর বা কোনো চুলোয় থাকেন জানা যায় না। তবে রঘুনাথপুরে ডাক্তারি করছেন বলে প্রমাণ পাই। বার বার বলা সত্ত্বেও এ ব্যাপারে কিছু হয়নি। এই হচ্ছে স্বাস্থ্য কেন্দ্রের অবস্থা। শিক্ষার অবস্থা আগেই বলেছি। প্রতি ক্ষেত্রেই বামফ্রন্ট সরকার ব্যর্থতার পরিচয় দিচ্ছেন। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে যেসব কথা শুনেছি তাতে আমরা কেউই উৎসাহিত বোধ করিনি। আমি বার বার বলবার চেষ্টা করেছি যে, আপনি একবার নিজে উদ্যোগ নিয়ে সফলতার যেসব কথা এতে বলা হয়েছে সেগুলো সরেজমিনে তদন্ত করে আমাদের রক্ষা করুন। যাতে ধন সম্পদ জীবন নিয়ে বাস করতে পারি, কথায় কথায় প্রাণহানী না হয় এদিকটা দয়া করে দেখুন। অপর পক্ষে এখানে যাঁরা বসে আছেন তাঁরা কেউই গণতন্ত্র বিশ্বাস করেন না। তাঁরা সর্বহারারও কেউ নন; এতকাল এখানে কেবল টাটা বিড়লার দালালি করে চালাচ্ছেন। আমরা জানি, এখানকার এই পশ্চিমবঙ্গ সরকার আজকে টাটা, বিড়লা, সাহু জৈনের পক্ষে দালালি করছেন। সর্বহারার সরকার বলা সত্ত্বেও গ্রাম-গঞ্জে দেখছি মহাজনের হয়ে দালালি করছেন। এই দালালি করা ছাড়া এই সরকার সেখানে আজ পর্যন্ত কিছু করেনি বা পশ্চিমবঙ্গে গরিব মানুষের জন্য কিছু করেছেন বলেও আমার জানা নেই। তাই আমি মাননীয় রাজ্যপালের ভাষণের তীব্র বিরোধিতা করছি।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহাশয়, গভর্নরের স্পিচে প্রথমে যে কথা লেখা আছে তার জন্য আমি মাননীয় গভর্নরকে ধন্যবাদ দিয়ে কয়েকটি বিষয় এখানে আলোচনা করতে চাই। এর ৬ নং প্যারাগ্রাফে বলা আছে, এখানে যেসব বক্তব্য রাখা হবে তার সবটাই হবে পলিসি ডিসিশনের উপর। সেইজন্য এখানে যেটুকু বলা উচিত সেটা পলিসির উপরই বলা উচিত। আমি দেখেছি, যেখানে সেচ-প্রকল্পের কথা বলা হয়েছে সেখানে মোটামুটি কয়েকটি নূতন জিনিস লেখা আছে। তার মধ্যে কয়েকটি জিনিস যা কমিশন্ড হয়ে গেছে সে সম্বন্ধে বলা উচিত। সেটা হচ্ছে, তিনটি প্রকল্প — ময়ূরাক্ষী, কংসাবতী এবং ডি. ভি. সি. সম্বন্ধে বলা হয়েছে। তাছাড়া তিস্তা সম্বন্ধে টাকার কথাও এতে বলা হয়েছে।

[4-35—4-45 P.M.]

কিন্তু এখানে আর একটা প্রকল্প যেটা অনেকবার বলা হয়েছে সেটা এবারে বলা হয় নি। সেটা হচ্ছে সিদ্ধেশ্বরী প্রকল্প। এই সিদ্ধেশ্বরী প্রকল্প যদি হয় তাহলে ৫০ হাজার একর জমির চাষ হবে। সেই জন্য সিদ্ধেশ্বরী প্রকল্প বাদ পড়েছে এটা আমি মনে করিয়ে দিতে চাই, এটাকে পলিসিগত ভাবে নেওয়া উচিত বলে আমি মনে করি। সেই জন্য আমি এটা বামফ্রন্ট সরকারকে মনে করিয়ে দিয়ে চাই। আজকে আমরা যারা অ্যাসেম্বলির মেম্বার আছি তাদের মধ্যে কিছু কিছু তফাৎ আছে এবং থাকবে। সেই জন্য তাঁদের যেটা ভুলভ্রান্তি আছে সেটা আমাদের জানিয়ে দেওয়া উচিত। তা না হলে প্রাইভেট মেম্বারদের এই অ্যাসেম্বলিতে থাকার কোনো প্রয়োজন ছিল না। সেই জন্য আমি এটা কনসিডার করতে বলছি, অপোজ করছি না, মন্ত্রী মহাশয় এটা কনসিডার করতে পারেন। ৪০০-৪৫০ কোটি টাকা যে তিস্তা ব্যারেজের জন্য দিয়েছেন — শুনলে অবাক হয়ে যাবেন — সেখানে ড্যামের কোনো প্রভিসন নেই। সেখানে যদি ড্যামের প্রভিসন না থাকে তাহলে অনেক ঘর-বাড়ি তৈরি হবে, আলটিমেটলি দেখা যাবে সেচ হবে না। সেই জন্য আমি এটা মনে করিয়ে দিতে চাই ইরিগেশন মিনিস্টারকে। সেখানে যে বুরোক্রাট প্ল্যান আছে সেই বুরোক্রাট প্ল্যান অনুযায়ী কাজ হলে এত টাকা দিয়েও একটা অদ্ভুত জিনিস তৈরি হবে। পরবর্তীকালে এমন অবস্থা আসবে যে সেখানে আর সত্যিকারের জলসেচ হবে না। কেন এই প্রকল্পে ড্যাম হয় নি সেটা বুঝতে পারলাম না। ড্যাম না হয়ে যে ইমপ্লিকেশন হওয়ার কথা সেই মতো করে দেওয়া উচিত। ইরিগেশন মিনিস্টার আছেন এবং তার সঙ্গে সঙ্গে আর যাঁরা মন্ত্রী আছে তাঁদের জয়েন্ট রেসপনসিবিলিটি হিসাবে মনে করিয়ে দিতে চাই এবং এই ব্যাপারে কমিউনিকেট করবেন এই আশা রেখে আমি এই সব কথা বলছি। স্মল ইরিগেশন স্কীমের ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়কে কয়েকটি ব্যাপার বলতে চাই যে কয়েকটি ব্যাপার তাঁদের পলিসি হিসাবে দেখা উচিত। একটা হচ্ছে ডিপ টিউবওয়েল বা আর. এল. আই., এই যে সমস্ত মাইনর ইরিগেশনের ব্যাপার আছে এখানে একটা মস্ত বড় অসুবিধা দেখা দিয়েছে। এটা যদি খারাপ হয়ে যায় তাহলে কৃষককে টাকা দিতে হবে, বি. ডি. ও.-কে ডিপোজিট দিতে হবে এবং দেওয়ার পরও সারানো সম্ভব এই জন্য যে টেকনিক্যাল নো-হাউ লোক থাকে। সুতরাং মেনটেনেন্সের অসুবিধা রয়েছে, এটা যদি মন্ত্রী মহাশয় বিচার বিবেচনা করেন তাহলে ভাল হয়। বাজেটে যখন এই নিয়ে আলোচনা হবে তখন এই সম্বন্ধে বিস্তারিত ভাবে বুঝিয়ে দেবার চেষ্টা করব। সেই অনুযায়ী তিনি কাজ করবেন এই আশা আমি রাখি। ল্যান্ড রিফর্মস সম্বন্ধে এখানে মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় বললেন। সত্য বাপুলি মহাশয়ের মার্কসইজম সম্বন্ধে কতটা জ্ঞান আছে আমি সেটা বলতে পারব না। না পড়ে যদি কেউ মার্কসইজম নিয়ে আওড়ায় তাহলে অবস্থা এই রকম হয়। নিজেদের মধ্যে আলোচনা করার ক্ষেত্রে সব জিনিসের উপর একটা স্থির বিশ্বাস হয়। মার্কসইজম বোঝা অত সহজ ব্যাপার নয়। মার্কস, লেনিন এবং পরে মাও এসেছে, এদের সমন্বয় করে বুঝতে হলে অনেক পড়াশোনার দরকার, অনেক জ্ঞান দরকার। আমি ভদ্রলোককে অনুরোধ করব একটু পড়াশোনা করে এই সব কথা বলবেন। আমি ল্যান্ড রিফর্মস সম্বন্ধে

বলতে চাচ্ছি। ল্যান্ড রিফর্মস নিয়ে একটা পলিসিগত ব্যাপার আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেটা হচ্ছে মেটিরিয়াল ইনসেনটিভ যেটা দেওয়া হবে সেটা ইনডিভিজুয়াল লাইনে বা কো-অপারেটিভ লাইনে দেওয়া হবে এটা একটু চিন্তা ভাবনা করা দরকার। আমি ল্যান্ড রিফর্মস মিনিস্টার বিনয় বাবুকে অনুরোধ করব যে, তিনি যেন এটা চিন্তা ভাবনা করে দেখেন। কারণ, তা যদি না করা যায়, তাহলে আমরা জানি — বিশেষ করে আমাদের সীমিত ক্ষমতার মধ্যে সোশ্যালিস্ট যে চিন্তাধারা, সেটাকে কালেকটিভাইজেশন করার একটা পদ্ধতি যদি না নেওয়া হয়, তাহলে ইনডিভিজুয়াল ইনসেনটিভ গ্রো করে যেতে পারে। এর ফলে আমাদের যে দৃষ্টিভঙ্গী, সেই দৃষ্টিভঙ্গির কিছুটা ক্ষতি হতে পারে। সেজন্য আমি তাঁকে অনুরোধ করি — ল্যান্ড ডিস্ট্রিবিউট করে যে পাট্টা দেওয়া হয়েছে এই পাট্টা দেওয়ার বিষয়টা যদি একটু পরিবর্তন করেন, কালেকটিভলি শিডিউল্ড কাস্ট অ্যান্ড শিডিউল্ড ট্রাইবস'এর মধ্যে যাঁরা ল্যান্ডলেস্ আছেন তাঁদের নিয়ে যদি একটি কন্ডিশন ক্রিয়েট করেন, একটা কো-অপারেশন ফার্ম করলে কি হতে পারে, তা যেন তিনি একটু ভেবে দেখেন। ইনপুটস্ যা আছে, তা একটু কম হতে পারে। এটা যাতে না হয় সেজন্য তাদের যাতে আমাদের স্টেট থেকে ইনপুটস্ যেমন, ইনসেকটিসাইডস্, সার এই সমস্ত জিনিসগুলো দেওয়া হয়, সে ব্যাপারে একটু চিন্তা ভাবনা করে দেখবেন। আমার মনে হয়, তিনি এগুলো একটু বিচার বিবেচনা করে দেখবেন। সেই সাথে সাথে এটা যাতে কালেকটিভাইজেশন করে করা যায় সে ব্যাপারেও তাঁর চিন্তা করা উচিত এবং আশা করি, তিনি চিন্তা করবেন। আর একটা জিনিস আমি এখানে উল্লেখ করতে চাই, যেগুলো গভর্নর'স অ্যাড্রেসের ৮ম প্যারাতে আছে — ডি. টি. পি. সি. সম্বন্ধে অর্থাৎ পঞ্চায়েত সম্বন্ধে। বামফ্রন্ট ক্যাবিনেট এই ব্যাপারে যা করেছেন, সে সম্বন্ধে আমাদের এই ক্যাবিনেটকে আমাদের অধিকার সম্বন্ধে বিশেষ ভাবে বলা উচিত বলে আমি মনে করি। আমাদের এখানে যাঁরা প্রাইভেট মেম্বার আছেন, এই ব্যাপারে আমি বিশেষ ভাবে তাঁদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনারা নিশ্চয়ই জানেন যে, ডি. টি. পি. সি. যেটা করা হয়েছে, সেই ডি. টি. পি. সি.তে — তার জেনিসিস্ হচ্ছে ডি. টি. পি. সি., এবং স্পেসিস্ হচ্ছে ব্লক ডেভেলপমেন্ট প্ল্যানিং কমিটি। এই ব্লক ডেভেলপমেন্ট প্ল্যানিং কমিটিতে এম. এল. এ.-রা নেই। আমার মনে হয়, পঞ্চায়েতের ক্ষেত্রে যেমন ভাবে অ্যাডাল্ট ফ্রানচাইজ নিয়ে মেম্বার হচ্ছে, ঠিক সেই ভাবে প্রত্যেকটি কনস্টিটিউয়েন্সিতে এম. এল. এ.-রা যাতে ডেভেলপমেন্টের যে কোনো বিষয়ে বাদ না পড়ে যান তা দেখা উচিত। কোনো ডেভেলপমেন্টের ব্যাপারে তাঁরা যদি বাদ পড়ে যান, তাহলে, আমার মনে হয় একটা অন্যায় হয়ে যাচ্ছে। সুতরাং এই ব্যাপারে ফ্রম দি স্ট্যান্ড পয়েন্ট অফ ডেমোক্রেটিক রাইটস্ আমরা যাঁরা এম. এল. এ. আছি, তাঁরা ক্যাবিনেট মিনিস্টারস'এর কাছে অনুরোধ করছি যে, তাঁরা যেন এই বিষয়ে একটু চিন্তা করে দেখেন। তাঁরা একটা প্রভিসন করেছেন, ডি. টি. পি. সি.'র ব্যাপারে যে জেলার যিনি মন্ত্রী, তিনি প্রিসাইড করবেন প্রেসিডেন্ট বা চেয়ারম্যান হিসাবে। সেই রকম যদি হয়, তাহলে একটু নিচু থেকে নাম আসা দরকার ব্লক ডেভেলপমেন্ট প্ল্যানিং কমিটিতে। সেখানে এম. এল. এ. যাঁরা আছেন, সেই এম. এল. এ.-দের কেন সেখানে চেয়ারম্যান করা

হবে না সেটা আমাদের অ্যাসেম্বিলিতে জেনারেল বডি যেটা আছে, তাঁদের সঙ্গে আলোচনা করে করা উচিত। আমি মনে করি এটা নিশ্চয়ই আলোচনার বিষয়। কেননা, এটা রাইটস্ এর প্রশ্ন। ক্যাবিনেট মিনিস্টার'এর ক্ষেত্রে যদি এই রাইটস্ থাকে, তাহলে ইট ইজ এ রাইট ইনভলভিং দি মেম্বারস্ অফ দি অ্যাসেম্বলি। তাঁদেরও একই অধিকার থাকা উচিত। সেজন্য এই বিষয়টি আমি তাঁকে দেখতে বলছি। কারণ এটা যদি না দেখা হয়, তাহলে ইন অ্যাকচুয়াল ফ্যাক্টস অ্যাসেম্বলি মেম্বারদের কোনো দাম থাকবে না।

[4-45 – 4-55 P.M.]

সেইদিক থেকে ইন অ্যাকচুয়াল ফ্যাক্ট আমরা কিছুই করতে পারি না। তাই আমাদের সেখানে দায়িত্ব আছে পাবলিকের কাছে, সেখানে পাবলিক আমাদের পাঠিয়েছে তাদের যদি কাজে না লাগি তাহলে সেটা ভাবার দরকার আছে। সেইজন্য এই কথাটি বিবেচনা করবার জন্য বলেছি, বিরোধিতা নয়, এটা বিবেচনা করতে হবে। তাহলে জেনারেল বডি হিসাবে আমাদের অ্যাসেম্বলিতে ডাকার প্রয়োজন ছিল না। সেইজন্য আমরা ভুলভ্রান্তি হলে নিশ্চয় পয়েন্ট আউট করে দেব। সেই পয়েন্ট আউট হিসাবেই বলছি সেখানে অবস্থা কি দাঁড়াচ্ছে — যে ৫০ পারসেন্ট টাকা দিয়ে দেওয়া হবে জেলা পরিষদকে। ডিসেন্ট্রালাইজ করার পক্ষে এটা খুব ভালো জিনিস। ডিসেন্ট্রালাইজ হলে আরো বেশি কাজ হবে আমরা জানি। সেই হিসাবে বামপন্থী গভর্নমেন্ট ডিসেন্ট্রালাইজ করে ভালো করেছেন। কিন্তু সঙ্গে সঙ্গে আমাদের যে রাইট এম. এল. এ.-স রাইট সেই রাইটকেও দেখা উচিত এবং সেটা যদি না দেখা হয় তাহলে ভুল হবে। আমি অবাক হলাম দেখে যে ডি. টি. পি. সি.তে যেখানে একটা আনম্যানেজেবেল বডি, কোনো কাজ হয় না, ২০০ মতো লোক, ২-১ ঘন্টা মিটিং হয় সেখানে আমরা থেকে ইয়েস বলা ছাড়া কিছু থাকে না। শুধু তাই নয় আরেকটি জিনিস যেটা আমি জানাতে চাই যে ইট ইজ দি রাইট অফ দি এম. এল. এ.-স এবং এই রাইট একসারসাইজ করার জন্য আমি ক্যাবিনেট মন্ত্রী, কাউন্সিল অফ মিনিস্টার্সদের অনুরোধ করেছি, সেটি হচ্ছে প্ল্যানিং কমিটি যে গঠিত হয়েছে সেই কমিটিতে কোনো এম. এল. এ. থাকবে না এই সিদ্ধান্ত নাকি নেওয়া হয়েছে। ডিস্ট্রিক্ট যে প্ল্যানিং কমিটি তাতে জেনারেল বডি থাকবে কিন্তু প্ল্যানিং কমিটিতে কোনো এম. এল. এ. থাকবে না। সুতরাং আমাদের তাহলে কোনো স্কোপ কোথায় থাকছে? সাধারণ মানুষ আমাদের ইলেক্ট করছে অথচ ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিংয়ে কোনো স্কোপ থাকবে না, কেবলমাত্র ব্লকে নিয়ন্ত্রণ থাকবে যেটা নাকি একটা আনম্যানেজেবেল বডি ২-১ মধ্যে যার মিটিং শেষ হয়ে যায় সেখানে থেকে আমাদের লাভ কি? সত্যি যদি কোনো এফেকটিভ মেজার না থাকে এবং যদি কোনো মিটিংয়ে আমরা পার্টিসিপেট করতে না পারি তাহলে আমাদের থাকার কোনো দরকার আছে বলে তো মনে হয় না। মুখ্যমন্ত্রীর কাছে আমার এই বিষয়ে অনুরোধ তিনি নিশ্চয় এই বিষয়টি চিন্তা করবেন এবং বিষয়টি রিকনসিডার করবেন। অ্যাজ এ প্রাইভেট মেম্বার অফ দি অ্যাসেম্বলি আমি এই কথা প্রে করছি। আশা করি তিনি সেটা করবেন, মুখমন্ত্রী এখানে আছেন, তিনি বিষয়টি বিবেচনা করবেন। আমি এই বিষয়টি খতিয়ে দেখার জন্য বলছি। প্ল্যানিংয়ে পঞ্চায়েতের

সদস্যরা যারা আছেন, এতে তাদের উপরই দৃষ্টিভঙ্গিটি পড়ছে। এখানে এম. এল. এ.-দের প্রাধান্য দিলে ভালো হয়। এই বিষয়ে সবার উপরে এম. এল. এ. থাকবে, তেমনি এম. এল. এ. তার কনস্টিটিউয়েন্সির মধ্যে চেয়ারম্যান হিসাবে থাকবেন তাহলে ভালো হয়। ওই ডি. টি. পি. সি.-র বিষয়টিও ভেবে দেখা উচিত। আমি আরো একটি-দুটি কথা বলব। বনসৃজন করা হচ্ছে এটা খুব ভালো কথা, রাস্তায় রাস্তায় যেতে দেখা যায় বহু জায়গায় গাছ লাগানো হচ্ছে। কিন্তু একটা জিনিস লক্ষ্যও করা যায় অনেক গাছ দিনের পর দিন কাটা হচ্ছে এবং সেগুলি চলে যাচ্ছে। এইগুলি কি করে রক্ষা করা যায় সেটা যদি গভর্নরসের স্পিচের মধ্যে থাকত তাহলে ভালো হত। এবং এই বিষয়টি থাকা উচিত ছিল। শহরের ৬০-৭০ শতাংশ গাছ যেগুলি কাটা হয়ে চলে যাচ্ছে এগুলি সম্বন্ধে একটু বিচার-বিবেচনা করতে বলছি। আরেকটি ডিবেটেবেল পয়েন্ট সেটা না বলে পারছি না, সেটা হচ্ছে জয়েন্ট সেক্টর সম্পর্কে। এই জয়েন্ট সেক্টর সম্পর্কে অ্যাজ এ মেম্বার অফ দি লেজিসলেটিভ অ্যাসেম্বলি আমি কিছু বলব। সেটা হচ্ছে যে জয়েন্ট সেক্টর যেটা করা হয়েছে সেটা আমাদের কাছে নিম তেঁত বড়ির মতো গিলতে হচ্ছে। এই বিটার পিল যে গিলতে হচ্ছে এর জন্য দায়ী কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় সরকার যে টাকা দিচ্ছে না তার জন্য আমরা কি করতে পারি? সেইজন্য বাধ্য হয়েই আমরা জয়েন্ট সেক্টর, প্রাইভেট এন্ট্রিপ্রেনিওর বা মাল্টি ন্যাশনালদের কাছ থেকে সাহায্য নিচ্ছি। ধনতান্ত্রিক রাষ্ট্রের চেহারা আছে সেন্টারে এবং সেই সেন্টার লোকের কাছে হেয় করার জন্য টাকা দেয় না এবং টাকা না দেবার জন্য ডেভেলপমেন্টের ব্যাপারে আমাদের এই পথে যেতে হচ্ছে। কিন্তু মনে রাখতে হবে এটা হচ্ছে বিটার পিল। এটাকে যদি আমরা ভালভাবে কন্ট্রোল না করি — তার মানে এই নয় যে জয়েন্ট সেক্টর আর মাল্টিন্যাশনালের কাছ থেকে আমরা টাকা নিচ্ছি বলে আমরা তাদের কাছে পশ্চিমবাংলা বা ভারতবর্ষকে বিক্রি করে দেব। এই পলিটিক্যাল স্ট্যান্ড যদি না থাকে তাহলে আমাদের সর্বনাশ আমরা এনে দেব। এটা হচ্ছে একটা বিটার পিল। আগে ম্যালেরিয়া হলে আমাদের কুইনাইন খেতে হত কিন্তু এটা ঠিক নয়। আমরা রাজনীতি যদি ঠিকভাবে রাখতে না পারি তাহলে যেটুকু উপকার হত তার চেয়ে ক্ষতি বেশি হবে। সেইজন্য জয়েন্ট সেক্টর সম্বন্ধে চিফ মিনিস্টারকে অনুরোধ করব স্ট্রিক্টলি এটা দেখতে হবে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে কতটা ক্ষতি করতে পারে এবং আমরা তাদের কাছ থেকে কতটা নিতে পারি। কারণ এটা আমাদেরকে বাধ্য করেছে সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা না দেওয়ায় পশ্চিমবাংলায় আমাদের শিল্প তৈরি করতে হবে কাজেই আমাদের সেইদিকে যেতে হয়েছে। কিন্তু সব সময় কুফল মনে রেখে আমাদের কমব্যাট করতে হবে। আমাদের নিজেদের মধ্যে থেকে রিসোর্স সংগ্রহ করতে হবে। এরপর আমি আর দু-একটি কথা বলতে চাই সেটা হচ্ছে শিক্ষার ব্যাপারে কয়েকটি ঘটনা প্র্যাকটিক্যাল অ্যাসপেক্টে জাজ করে দেখবেন, বিশেষ করে ইনফর্মাল এডুকেশন সম্বন্ধে। এই ইনফর্মাল এডুকেশন যেখানে এত পারসেন্ট শিক্ষিত সেখানে এর খুব প্রয়োজন আছে। কিন্তু ইমপ্লিমেন্টেশন অফ ইনফর্মাল এডুকেশন সম্বন্ধে চিন্তা করতে হবে। ইমপ্লিমেন্টেশন অফ ইনফর্মাল এডুকেশন যদি ঠিক ভাবে না করতে পারি তাহলে আগেকার দিনে যেমন নাইট স্কুলগুলি ছিল তারা টাকা পেলে, সেই টাকা নানা রকম লোকের নামে লেখা হত। এটা সেই রকমই হয়ে যাবে। সেইজন্য আমি বলতে চাই এই ইনফর্মাল এডুকেশন সম্বন্ধে আমাদের ভাবতে হবে এবং এই বিষয়ে একটা পলিসি ডিসিসান নিতে হবে। আর একটা কথা হচ্ছে মাদ্রাসা বোর্ড এবং ইন্সপেকশন সম্বন্ধে।

পশ্চিমবাংলায় একটা ওয়েস্ট বেঙ্গল মাদ্রাসা বোর্ড আছে — অনেক তাঁর মেম্বার আছে, কিন্তু এটা একটা ডিফাংট বডি। এই বডির কোনো কাজ হয় না। তা যদি হয় তাহলে সমস্ত বোর্ডের অ্যাকটিভিটি অ্যাট দি মার্সি অফ দি এডুকেশন মিনিস্ট্রি হয়ে যায়। গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গি দিয়ে যদি এই মাদ্রাসা বোর্ড ফাংশান করে এবং তার ডেমোক্রেসি রাইট যদি বজায় থাকে তার চেহারা হবে অন্য রকম এটা আপনাদের করা দরকার। রিসেন্টলি ডিসেম্বর মাসে ডাইরেক্টোরেট থেকে একটা সার্কুলার দিয়েছে ইন্সপেকশন সম্বন্ধে যে কোথায় কোথায় স্কুল হবে। এই ইন্সপেকশন সম্বন্ধে এডুকেশন মিনিস্ট্রি যেন একটু দেখেন। এর আগে ৩/৪ জন করে করা হয়েছে তারা ইন্সপেকশন করত কিন্তু এখন আর তা নেই। ডিরেক্টোরেট থেকেই বলে দেবে কোথায় কোথায় ইন্সপেকশন হচ্ছে। যার ফলে লোকাল নিডের খুব অসুবিধা হবে। সেইজন্য আমি বলতে চাই The cabinet must consider this matter in democratic outlook. আমি এইগুলি মনে করি কিছু কিছু কমিশন হয়েছে, কিন্তু অন দি হোল গভর্নর অ্যাড্রেসের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাবটি রাখা হয়েছে এবং যে অ্যাড্রেস মাননীয় গভর্নর রেখেছেন তাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-55 – 5-05 P.M.]

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এক ঘন্টা আগে এই হাউসের মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া ন্যাশনাল মেডিক্যাল কলেজের একটা ঘটনা এখানে উল্লেখ করেছিলেন এবং সে সম্বন্ধে তিনি যে তথ্য দিয়েছেন সেই ব্যাপারে আমি সেই হাসপাতালে গিয়েছিলাম এবং হাসপাতাল ঘুরে এলাম। আমি সেখানকার প্রিন্সিপ্যাল, ডাক্তার, মেডিক্যাল সুপারিনটেন্ডেন্ট, ছাত্র সবার সঙ্গে দেখা করেছি এবং যেসব অ্যাগ্রিভড পেসেন্ট পার্টি ছিল তাদের সঙ্গেও দেখা করেছি। মোটামুটি একটা নর্ম্যাল অবস্থা সেখানে এসেছে। মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া যেকথা এখানে বলেছেন যে ডাঃ পান্ডেকে মারধোর করা হয়েছে, আমি ডাঃ পান্ডের সঙ্গে দেখা করি, তিনি বললেন, "আমাকে কেউ মারেনি, এমন কোনো ঘটনা ঘটেনি"। আমি ডাঃ মানস ভুঁইয়াকে অনুরোধ করব তিনি একজন হাউসের মাননীয় সদস্য, হাউসের মর্যাদা তাঁর রাখা উচিত, হাউসকে সত্য তথ্য পরিবেশন করা উচিত। অথচ তিনি একটা ওয়াইল্ড অ্যালিগেশন করে দিলেন যে ডাঃ পান্ডেকে মারা হয়েছে। আমার অনুরোধ মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া যখন কোনো তথ্য পরিবেশন করবেন হাউসে তখন সত্য তথ্য দেবেন, হাউসকে বিভ্রান্ত করবেন না।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্যার, আমি পার্সোনাল এক্সপ্ল্যানেশন দিতে চাই। মাননীয় সুমন্ত হীরা মহাশয় একজন এই সভার সদস্য এবং তিনি গভর্নমেন্টের পার্ট কিনা জানি না, অ্যাডমিনিস্ট্রেশনের পার্ট কিনা জানি না, তিনি কতটা অফিসিয়াল পাওয়ার এনজয় করেন জানি না। তিনিও একজন সাধারণ সদস্য হিসাবে ঐ হাসপাতালে গিয়েছিলেন এবং তাঁর তথ্য এখানে পরিবেশন করেছেন। আগামী সোমবার মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এই ব্যাপারে যাতে এখানে একটা স্টেটমেন্ট দেন সেজন্য আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি আপনাকে ডাকছিলাম, এবারে আপনি গভর্নর অ্যাড্রেসের উপর আপনার যা বক্তব্য আছে বলুন।

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় যে বক্তব্য লিখিত আকারে এই সভায় উপস্থাপিত করেছেন এবং মাননীয় সদস্য শ্রী শচীন সেন মহাশয় তাকে সমর্থন করে যে প্রস্তাব রেখেছেন তার বিরুদ্ধে কিছু বক্তব্য আমি উপস্থাপিত করতে চাই। এই হাউসের ভেতরে গত ৩ দিন ধরে সরকারি বিভিন্ন দলের সদস্যরা যে বক্তব্য রাজ্যপালের লিখিত ভাষণের পরিপ্রেক্ষিতে রেখেছেন সেগুলি যদি উল্লেখ করি তাহলে আমার সময় শেষ হয়ে যাবে। তাঁদের বক্তব্য থেকে বোঝা যায় মনের ভেতর একটা আক্ষেপ চাপা ক্ষোভ একটা আক্রোশের সৃষ্টি হয়েছে, বিগত ৮ বছর ধরে ওদের যে অত্যাচার চলছে সেগুলি বেরিয়ে পড়েছে। স্যার, ডাঃ মোতাহার হোসেন মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীকে একটা প্রশ্ন করেছিলেন এবং ৫ তারিখে বিনয় বাবু তার উত্তর দিয়েছেন। মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর লিখিত আকারে প্রস্তাবে বলেছেন যে আমার সরকার গ্রামীণ ভূমিহীন শ্রমিক মজুরদের জন্য এমন একটা বিরাট কর্মকান্ড সৃষ্টি করেছেন যার দ্বারা একটা গোলাপী স্বপ্ন, একটা সবুজ বিপ্লব, মানুষের বেঁচে থাকার একটা বিরাট সাফল্যের কথা তিনি বলতে চেয়েছেন। কিন্তু কি দেখলাম — ৫ তারিখে ডাঃ মোতাহার হোসেনের একটা প্রশ্নের উত্তরে বিনয় বাবু উত্তর দিচ্ছেন ১৯৮৩ সালে সারা ভারতবর্ষে প্রতিটি রাজ্যের জন্য প্রয়াত নেত্রী ইন্দিরা গান্ধী লালকেল্লায় দুটি কর্মসূচী ঘোষণা করেছিলেন — একটি হচ্ছে আর. এল. ই. জি. পি., আর একটি হচ্ছে এস. ই. পি.।

রুর‍্যাল ল্যান্ডলেস্ এমপ্লয়মেন্ট গ্যারানটিড প্রোগ্রাম এবং এস. ই. পি. হল গ্রামীণ শ্রমিকদের কাজের একটা সুনিশ্চিত প্রকল্প। এতে বলা হয়েছে গ্রামের প্রতিটি পরিবারে অন্তত একটি করে শ্রমিক থাকবে। যখন মাঠে কাজ থাকে না, চাষের কাজ থাকেনা তখন তারা এর মাধ্যমে কাজ পাবে। এরজন্য টাকা এবং গম আসবে, শ্রমজীবী মানুষের শ্রম ব্যবহার করে রাস্তা হবে, মোরাম রাস্তা হবে, সেচ প্রকল্প হবে, বিভিন্ন রকম উন্নয়ন হবে, সম্পদ সৃষ্টি হবে, শ্রমজীবী মানুষরা অসময়ে কাজ পাবে। এই ব্যাপারে ৫৮ কোটি ৫২ লক্ষ টাকা কেন্দ্র থেকে এসেছে ১৯৮২/৮৩, ১৯৮৩/৮৪ এবং ১৯৮৪/৮৫ আর্থিক বছরের জন্য। এই প্রকল্পের প্রতিটি পয়সা কেন্দ্রের এবং প্রতিটি রাজ্য এটা পায়। শুনলে অবাক হবেন বিনয় বাবু একটা প্রশ্নের উত্তরে বলেছেন ৩ বছরে আমরা খরচ করেছি মাত্র ২৫ কোটি ৩৫ লক্ষ টাকা — অর্থাৎ বাকি টাকা ফেরত গেছে। পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষ, চাষী মানুষ যারা মহাজনের শিকার হয়ে ১মন ধান নিয়ে দেড়মন দেয় তাদের প্রতি বামফ্রন্ট সরকার কি কর্তব্য পালন করেছেন দেখুন। অথচ এই বামফ্রন্ট সরকার এই সমস্ত শ্রমজীবী মানুষের জন্য চেখের জল ফেলে এবং বলে তারা নাকি শ্রমজীবী মানুষের আন্দোলনের প্রতিভু। মাননীয় স্পিকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি শ্রমজীবী মানুষের কল্যাণে এই সরকারের হাতে ৩৩ কোটি ১৭ লক্ষ ৩৩ হাজার টাকা খরচ হলনা। এটা অবশ্য ঠিক কথা বিনয় বাবু এই ব্যাপারে কি আর করবেন। তাঁর দপ্তরের অফিসাররা এঁদের নির্বাচিত পঞ্চায়েতের মাতব্বররা এবং ওই লাল জামা পরা লোকগুলো গ্রামের লোকদের গ্রাস করে রেখেছে। গ্রামে কোথায় মাটি কাটা হবে, পুকুর কাটা হবে সেই স্থান নির্বাচনের ব্যাপারেও নানা রকম অসুবিধা হচ্ছে। কারণ স্থান নির্বাচনের ব্যাপারেও ওই লাল জামা পরা লোকগুলোকে আগে সুবিধা দিতে হবে। আমি জানতে চাই গ্রামের শ্রমজীবী মানুষের কাছ থেকে ৩৩ কোটি ১৭ লক্ষ ৩৩

হাজার টাকা কেড়ে নেবার কি অধিকার এই সরকারের কাছে? গত বছরে বলেছিলেন শান্তির মরুদ্যান — এবারে দেখছেন গোলাপী স্বপ্ন। সি. পি. আই.-র সদস্য ডাঃ ওমর আলি বলেছেন আমার নির্বাচনী কেন্দ্রে বিদ্যুৎ ক্ষণে ক্ষণে আসে ক্ষণে ক্ষণে যায়। এসব কি হচ্ছে? রবীন্দ্র সঙ্গীত গাইছেন নাকি? বিদ্যুতের অভাবে স্যালো টিউবওয়েলের মোটর চলছেনা, খালে জল নেই এবং এমনভাবে পুকুরগুলি কেটেছেন যে ব্যাঙ-এরও স্নান করা হবেনা। এসব আমার কথা নয়, সরকার পক্ষের সদস্য ডাঃ ওমর আলি বলেছেন। মাননীয় সদস্য সরল দেব বলেছেন শিক্ষার ধারক এবং বাহক কলকাতা বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থার জন্য তিনি উদ্বিগ্ন। আমি সরল বাবুকে ধন্যবাদ জানাচ্ছি কারণ সরকারি দলে থেকেও এতবড় কথা তিনি বলতে পেরেছেন — তাঁর বুকের পাটা আছে। কিন্তু এসব কথা তো আমরা গত ৪ বছর ধরে বলে আসছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সরল বাবুর দলের উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে জিজ্ঞাসা করছি, কলকাতা বিশ্ববিদ্যালয়কে ঠান্ডা করবার জন্য কি করতে হবে বলুন? তাঁর পায়ে ধরব, না হাতে ধরব, না মাথায় ধরব সেটা বলুন।

[5-05 – 5-15 P.M.]

কলতাতা বিশ্ববিদ্যালয়কে ঠান্ডা করার জন্য, পশ্চিমবঙ্গের ছাত্র-ছাত্রীদের পড়াশুনার পরিবেশ শান্ত করার জন্য এবং যাতে তারা পড়শুনা করতে পারে, অধ্যাপকরা থাকতে পারেন, উপাচার্য ঠিকভাবে কাজ করেত পারেন সেই ব্যবস্থা করার জন্য — গতকাল হাউসে আর. এস. পি.-র মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস মহাশয় কি বলেছিলেন? মস্তানদের সাম্রাজ্য প্রতিষ্ঠা হয়েছে। এই কথা কার বিরুদ্ধে? মস্তানদের সাম্রাজ্য কে চালাচ্ছে? তার হোম মিনিস্টার কে, কে তার মুখ্যমন্ত্রী? এই কথা আমরা পশ্চিমবাংলার মানুষের কাছে বিগত ৮ বছর ধরে বলে আসছি, জয়ন্ত বাবু কালকে তা বলে দিয়েছেন। এই কথা আমরা চারিদিকে বলছি যে, মস্তানদের সাম্রাজ্য প্রতিষ্ঠা হয়েছে। কোথাও (এম), কোথাও (আই), কোথাও এফ. এম., কোথাও এস. ডি., কোথাও আবার আর. আর., টি. এম. নামে এবং আরো কি নূতন বিপ্লবী দল আছে তারাও ঢুকে যাচ্ছে। এইগুলি হচ্ছে। আমরা কি বলব? মাননীয় সদস্য জয়ন্ত বাবু আরো বলেছেন স্কুল নিয়ে দলবাজি হচ্ছে। সাইড সিলেকশনের ক্ষেত্রে সংযত ভাবে গণতান্ত্রিক চেতনা সম্পন্ন মানুষের গণতান্ত্রিক অধিকারকে সম্মান দেবার চেষ্টা আপনারা করুন — এটা জয়ন্ত বাবুর কথা আমরা আজকে কি শুনলাম? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি গালে হাত দিয়ে কি শুনলেন? স্যার, আপনি একটি রাজনৈতিক দলের প্রতীক চিহ্নে জিতেছেন। আপনাদেরই দলের অন্যতম প্রাক্তন মন্ত্রী, বিধানসভার মাননীয় সদস্য ভক্তি বাবু প্ল্যানিং সম্বন্ধে বক্তৃতা দিতে গিয়ে কি বললেন? জ্যোতি বাবু প্ল্যানিং-এর স্বপ্ন দেখছেন, পরিকল্পনার স্বপ্ন দেখছেন। পরিকল্পনায় জনপ্রতিনিধিদের আগে কাঁচি দিয়ে কেটে দাও ব্লক থেকে শুরু করে জেলা অবধি এবং যে কিছুই বোঝে না তাদের দিয়ে বৃদ্ধি করে দাও। লাভটা কি? কোনো প্রতিবাদ হবে না। আর একটা কি হবে? রাইটার্স বিল্ডিংয়ের বুরোক্রাসিকে আরো বেশি করে এসস্ট্যাবলিস করা যাবে। গণতন্ত্রের ধারক বাহক আজকে তারা গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত প্রতিনিধিদের ব্লক থেকে আরম্ভ করে জেলা অবধি কেটে বাদ দেওয়া হয়েছে। এর জন্য তিনি প্রতিবাদ করলেন, সেই জন্য ভক্তি বাবুকে ধন্যবাদ জানাচ্ছি। এই

বয়সে এসে, এই অবস্থার পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে তাঁর বিবেকের তাড়নায় তিনি এই কথা বলতে পেরেছেন পশ্চিমবাংলার মানুষের কাছে। স্যার, আর ৬ মাস বাদে নির্বাচন হতে চলেছে। কিছু বিরোধিতা মিষ্টি মিষ্টি কথা বার্তা সরকারে থেকে সরকারি কথা না বলার প্রবণতা এবং রাজত্ব ভোগী বিপ্লবী মনোভাবের একটা নূতন স্টাইল বামপন্থীদের মধ্যে ইদানীং চালু হয়েছে, আমরা দেখতে পাচ্ছি। ইদানীংকালে যারা রাজত্ব চালাচ্ছেন সেই প্রধান দলের মুখ থেকে প্রাগমেটিক মার্কসবাদের কথা শোনা যাচ্ছে অর্থাৎ বাস্তববাদী মার্কসবাদ এই রকম একটা কথা বলার নূতন স্টাইল শুরু হয়েছে। এটা আবার কোনো কথা? এটা মার্কসবাদের কোনো ধারায় লেখা আছে? প্রাগমেটিক মার্কসবাদ কথাটা কোথায় লেখা আছে? জনগণতান্ত্রিক বিপ্লবের স্লোগান দিয়ে যারা দ্বাদশ কংগ্রেস করে, যারা রাস্তায় বিপ্লবের মধ্য দিয়ে সরকার প্রতিষ্ঠিত করব বলে গ্রাম গ্রামান্তরের রাজপথ জনাকীর্ণ করে দেয়, যারা বিপ্লবের স্বপ্ন দেখিয়েছিল সেদিনের যুবকদের, আজকের যুবকের কিছু কিছু অংশকে আজও যারা স্বপ্ন দেখায়, যারা পুঁজিপতি, শিল্পপতিদের নামে আন্দোলন করেছিল, যারা একচেটিয়া পুঁজিপতি মালিকদের বিরুদ্ধে আন্দোলনের স্বপ্ন দেখিয়েছিল তাদের সরকারের নেতা আজকে গোয়েঙ্কার কোলে বসে চুমু খেয়ে বলছেন জয়েন্ট সেক্টর শিল্প করতে হবে। আমাদের প্রধান বিরোধী দলের সদস্য গোপাল বাবু বক্তব্য রাখতে উঠে টাটা বিড়লা, টাটা বিড়লা বলে ঢাক পেটালেন। কেন, গোয়েঙ্কা কোলে বসে গেছে বলে তার নাম একবারও বললেন না! চুমু খাওয়ার পর্ব এখন শেষ, কোলে বসে গেছে তাই গোয়েঙ্কার কথা আর বলব না। টাটা, বিড়লার কথা বলবেন না। দু দিন পরে টাটার কথাও আর বলবেন না। কেন না, টাটা হোটেল খুলছে, দু দিন বাদে সেখানে গিয়ে থাকতে হবে। সবাই গিয়ে সেখানে ঠান্ডা ঘরে থাকবেন। চিড়িয়াখানার পাশেই হোটেল খুলছে। পশুপাখীদের আপনারা বিরক্ত করে মারছেন, মানুষকে তো বিরক্ত করে শেষ করে দিলেন। পশ্চিমবঙ্গকে লিজ দিয়ে দিয়েছেন। আমাদের কথা বলবার সুযোগ নেই। রাজ্যপালের ভাষণের মধ্যে যে সমস্ত কথার অবতারণা করা হয়েছে সেটা আপনি একটু ঠান্ডা মাথায় চিন্তা করে দেখুন। একটা ছল চাতুরির মধ্য দিয়ে এই ভাষণ উপস্থাপন করা হয়েছে। বেকারদের কর্ম নিযুক্তি প্রকল্প ক্ষুদ্র শিল্পের অধীনে কয়েকটি কথা ঢোকানো হয়েছে। কিন্তু একটি তথ্য ঢোকাতে আপনাদের হাত কেঁপেছে। কেন্দ্রীয় সরকার যুবকদের জন্য ১৯৮৩ সালের ১৫ই আগস্ট এই প্রকল্পটি চালু করেছিলেন সারা ভারতবর্ষ ব্যাপী ২।। কোটি শিক্ষিত গ্রামীণ বেকার যুবকদের জন্য এবং এটা শুধু পশ্চিমবঙ্গের ব্যাপার নয়, সারা ভারতবর্ষের প্রত্যেকটি রাজ্যের ২।। কোটি বেকার যুবক প্রতি বছর সাহায্য পাবে এবং পশ্চিমবঙ্গের ৩৮ হাজার বেকার যুবক এই সাহায্য পাবে। সেই মতো এখানকার ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রীর একটি পয়সাও কন্ট্রিবিউশন নেই। এটা সম্পূর্ণ ব্যাঙ্কের টাকা। জি. এম. ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন খালি অ্যাপ্লিকেশনগুলি প্রসেস করবেন এবং ব্যাঙ্ক প্রতিনিধি, জেলা পরিষদের সভাধিপতি দরখাস্তগুলি ঠিক ঠাক করে ব্যাঙ্কের কাছে পাঠিয়ে দিলেই টাকা পাবে। এই কথা তো একবারও বললেন না, এর জন্য একটিবারও তো ধন্যবাদ দিলেন না! এই পরিকল্পনার গায়ে গা ঘেঁষে 'রাজ্য সরকারিয়' ছাপ মারার জন্য এ বছর বেকারভাতা তুলে দিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী মাননীয় কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয়কে বগলদাবা করে ইদানিংকালে একটি পরিকল্পনার কথা ঘোষণা করেছেন। পশ্চিমবঙ্গের বেকার যুবকরা টাকা পাক, তার জন্য ধন্যবাদ কিন্তু চক্রান্তটা ধরা পড়ে গিয়েছে যে! কেন্দ্রীয় সরকার একটা

বেকারের সংখ্যা ঠিক করে দিয়েছেন, সেটাকে ঠিক রেখে, একটিও না বাড়িয়ে, ৩৮ হাজার প্রতি বছর পশ্চিমবঙ্গে পাবার কথা অথচ এখানে লেখা হয়েছে ২৮ হাজার। সংখ্যা একটিও না বাড়িয়ে তাতে পশ্চিমবঙ্গীয় ছাপ মেরে বেকার যুবকদের প্রকল্প বলে চালু করার চেষ্টা করা হচ্ছে। এই চক্রান্তের বিরুদ্ধেই আমাদের প্রতিবাদ। আমাদের কথা হচ্ছে, সহজ কথাটা সহজভাবে বলবার চেষ্টা করুন, আমরাও সেখানে এগিয়ে আসব, দেখা যাক কতটা কি করা যায়। আপনাদের যে সব ত্রুটি বিচ্যুতি আছে সেগুলি আমরা দেখিয়ে দেব, আমরা যতখানি পারি সাহায্য করব কিন্তু আমাদের কথা হ'ল, আপনারা সহজ কথাটা সহজ ভাবে বলার চেষ্টা করুন। ব্যাঙ্কের বিরুদ্ধে গোপাল বাবু অনেক কথা বললেন। স্যার, ওঁদের প্রাক্তন অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্রের মদতে ব্যাঙ্ক এমপ্লয়িস ফেডারেশন বলে একটি সংস্থা তৈরি হয়েছিল। সেটাই নাকি ব্যাঙ্ক কর্মচারিদের জোরদার সংগঠন। আমি আপনাদের বলছি, খোঁজ নিন কি ধরনের নাটক ব্যাঙ্কগুলিতে চলছে। সেখানে প্রতিটি জেলায় জেলায় বেকারত্বের জ্বালায় যারা মাথা কুটে মরছে সেই বেকাররা যখন ব্যাঙ্কে ডি. আই. সি.'র অ্যাপ্লিকেশনগুলি নিয়ে, স্যাংশান লেটার নিয়ে ২৫ হাজার টাকা প্রকল্পের টাকা নিতে ব্যাঙ্কে ব্যাঙ্কে যাচ্ছে তখন ঐ ইউনিয়নের সদস্যরা প্রতি পদে পদে তাদের হয়রানি করে তাদের টাকা পেতে বাধা দিচ্ছে। জেলায় জেলায় ব্যাঙ্কগুলিতে আপনারা খোঁজ নিয়ে দেখুন এসব কথা সত্য কিনা। রাজ্যপাল মহাশয়কে দিয়ে এখানে জোর করে অনেক কথা বলানো হয়েছে, তাঁর উপায় ছিল না, তাঁকে পড়তে হয়েছে, সই করতে হয়েছে, এটাই নিয়ম, এটাই সাংবিধানিক কাঠামো। স্যার, যে কথা গতবার বলেছিলাম সেকথা আবার বলছি যে, ভন্ড মার্কসবাদীরা গণতান্ত্রিক কাঠামোতে বিশ্বাস না করে, গণতান্ত্রিক পদ্ধতির প্রতি বিন্দুমাত্র শ্রদ্ধাশীল না হয়েও এবং এই সেদিন পর্যন্ত জনগণতান্ত্রিক বিপ্লবের স্লোগান দেওয়ালে দেওয়ালে লিখে আজকে দুর্ভাগ্যবশত এই পবিত্র বিধানসভা কক্ষে এসে বসেছে। ভারতবর্ষ তথা পৃথিবীর রাজনৈতিক ইতিহাসে এটা একটা চরম বঞ্চনা ও একটা হাস্যকর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এঁরা গণতন্ত্রে বিশ্বাস করেন না অথচ সেই গণতন্ত্রের কাঠামোর সুযোগ নিয়ে এই পবিত্র বিধানসভায় এসে আইনকে নিজেদের হাতে নিয়ে আইনের গলা টিপে ধরছে। স্যার, ১৯৮৩/৮৪ সালে আমি অভিযোগ করেছিলাম যে তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষ যারা কংগ্রেস আমলে জমির পাট্টা পেয়েছিল তাদের জোর করে উৎখাত করা হচ্ছে। পাট্টা নম্বর, মৌজা নম্বর দিয়ে সেসব কথা ছবি সহ সংবাদপত্রে ছাপাও হয়েছিল। মাননীয় মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী মহাশয় শ্রদ্ধাস্পদ মানুষ, তিনি কথা দিয়েছিলেন এই হাউসের ফ্লোরে দাঁড়িয়ে যে ইনভেস্টিগেশন করে দেখে সেই সমস্ত গরিব আদিবাসী ও তফসিলি সম্প্রদায়ের মানুষদের আবার তাদের নিজেদের জায়গায় বসিয়ে দেবেন, তাদের পাট্টা ফিরিয়ে দেবেন। স্যার, দুর্ভাগ্যের কথা, আজ পর্যন্ত সেই সমস্ত হতভাগ্য তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষেরা তাদের পাট্টা ফেরত পেয়ে নিজেদের জায়গায় ফিরে যেতে পারেন নি। শুধু এ. ডি. এম. এল. আর.-কে দিয়ে ইনভেস্টিগেশন করিয়ে চুপ করে বসে গিয়েছেন। সেখানে তাঁদের হিম্মত নেই, সৎ সাহস নেই এইসব কজ করার। স্যার, আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়কে বলছি, যদি তাঁর বিন্দুমাত্র সৎ সাহস থাকে তাহলে এই চলতি অধিবেশনে দাঁড়িয়ে একটা স্টেটমেন্ট করুন যে ঐ আদিবাসী এবং তফসিলি সম্প্রদায়ের মানুষ সম্পর্কে যে বক্তব্য তিনি রেখেছিলেন, যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তাদের আবার পাট্টা ফিরিয়ে দিয়ে তাদের পুরানো জায়গায় বসিয়ে দেবেন যেটা

তিনি করবেন। এটা যদি করেন তাহলে তাঁকে সম্মান জানিয়ে ধন্যবাদ দেব। তারপর স্যার, স্বাস্থ্য দপ্তরে চূড়ান্ত নৈরাজ্য চলেছে অথচ তার কথা মাত্র ৪ লাইনে বলে শেষ করা হয়েছে। হাসপাতালে শিশুকে কুকুরে, ইঁদুরে টেনে খাচ্ছে, শিশু চুরি হচ্ছে — সাংঘাতিক অবস্থা। স্যার, এইসব ঘটনার প্রতি প্রতিবাদ জানিয়ে এবং মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণকে সমর্থন করতে পারছি না তা বলে এবং যে সব সংশোধনী আনা হয়েছে তা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-15 – 5-25 P.M.]

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার উপরে মাননীয় সদস্য শচীন সেন মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন, আমি তাকে সম্পূর্ণ ভাবে সমর্থন করছি। স্যার, একটা কথা আছে, যার দুই কান কাটা সে গ্রামের মধ্যে দিয়ে চলে, আর যার এক কান কাটা সে গ্রামের বাইরে দিয়ে চলে। এই কংগ্রেসিদের অবস্থা হয়েছে সেই রকম। কংগ্রেস বামফ্রন্ট সরকারকে বলে কোরাপটেড। যাদের সর্বাঙ্গে কোরাপশন লেগে আছে তারা বলে বামফ্রন্ট সরকার কোরাপটেড। এই গোল ঘরে দাঁড়িয়ে এই রকম মিথ্যা কথা ওরা বলছে। স্যার, ১৯৭১ থেকে ৭৭ সাল পর্যন্ত দুর্নীতির পঙ্কে যারা ডুবে ছিল তারা বামফ্রন্ট সরকারকে দুর্নীতিগ্রস্ত বলছে। কংগ্রেস এমন একটা প্রতিষ্ঠান যার কোনো আদর্শ নেই, মতবাদ নেই। সেই কংগ্রেস দল সারা ভারতবর্ষে কি করে টিকে আছে সেটা গবেষণা করা দরকার। ভবিষ্যতে কোনো গবেষককে দিয়ে সেটা গবেষণা করে দেখা উচিত। এই রকম হিংস্র দুর্নীতিবাদ কতগুলি মানুষ কি করে একসঙ্গে আছে সেটাও গবেষণা করে দেখা দরকার। স্যার, প্রাক্তন অর্থমন্ত্রী সারা ভারতবর্ষে পশ্চিমবাংলার বিরুদ্ধে বক্তৃতা করলেন। তার আশা ছিল ভারতবর্ষে প্রথম বাঙালি প্রধানমন্ত্রী হবেন। কিন্তু বিয়ন্ত সিং, সন্তবন্ত সিংয়ের ঘটনার পরে সে আশা ধূলিসাৎ হয়ে গেল। তিনি তখন তাড়াতাড়ি চলে এসে পশ্চিমবাংলায় নেমে পড়লেন। এটা এমন একটা দল যার কোনো আদর্শ নেই, মতবাদ নেই, কোনো কিছু নেই, শুধু চুরি করে খাওয়া এবং মিথ্যা কথা বলা ছাড়া। এই রকম দল কি ভাবে টিকে আছে, কি ভাবে চলছে, সেটা একজন গবেষককে দিয়ে গবেষণা করা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এরা পুলিশের বিরুদ্ধে বলছে। পুলিশ তো ওদেরই ত্রাণ কর্তা। ওরা কেউ কেউ একটা, আবার কেউ দুটো করে সিকিউরিটি নিয়েছে। সেটা কি আমাদের জন্য? সেটা ওদেরই অপর দলের লোকের ভয়ে এই সিকিউরিটি নিয়েছে। কিন্তু তাও প্রাণ রক্ষা হচ্ছে না। কিছুদিন আগে কেন্দ্রীয় আইন মন্ত্রী আমার এলাকায় একটা স্কুলে গিয়েছিলেন। সেখানে সালার বলে একটা জায়গায় কংগ্রেস থেকে দুটো মিটিং ডাকা হয়েছিল। একটা মিটিং ডেকেছিল আমার সঙ্গে যিনি কনটেস্ট করেছিলেন তিনি। আর একটা হচ্ছে অফিসিয়াল মিটিং বাজারের মধ্যে। কেন্দ্রীয় আইন মন্ত্রী ভুলক্রমে আমার যে কনটেস্ট্যান ছিলেন তার মিটিংয়ে আগে চলে যান। ওখানে একজন মস্তান আছে তাকে সকলে ভয় করে। তার মিটিংয়ে যাবার পরে যখন ঐ মিটিংয়ে যান তখন সেখানে তাঁকে চেয়ার ছুঁড়ে মারা হয়, গলা ধাক্কা দেওয়া হয়। এত অপমান সহ্য করে কংগ্রেসিরাই মন্ত্রী থাকতে পারে। এই হচ্ছে কংগ্রেসের চরিত্র। এরা এত অসভ্য যে কোনো জায়গায় এদের মিটিং হলে পুলিশ মোতায়েন

করতে হয়। কারণ এদেরই অন্য দল এসে হামলা করবে সে জন্য পুলিশকে মোতায়েন করতে হয়। কিছুদিন আগের একটা ঘটনা বলি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিচারপতি তিনি শ্রদ্ধেয় ব্যক্তি। তিনি এম. এল. এ., মন্ত্রী এদের উর্ধ্বে। কিন্তু তাকেও অপমানিত করা হয়েছে, হ্যাকল করা হয়েছে। সেই কংগ্রেস আবার সংস্কৃতির কথা বলে, আইন-শৃঙ্খলার কথা বলে। ওরা খুন করছে, আবার ল' অ্যান্ড অর্ডারের কথা বলছে! পশ্চিমবাংলায় যা ল' অ্যান্ড অর্ডার আছে তা ভারতবর্ষের কোথাও নেই, এ কথা ইতিপূর্বেই অনেক বক্তা বলে গিয়েছেন। আজকে মুর্শিদাবাদ জেলায় দুটো সম্মেলন চলছে, একটা সরিয়তি সম্মেলন, আর একটা হচ্ছে বিশ্ব হিন্দু পরিষদের সম্মেলন। সব চেয়ে মজা হচ্ছে, দুটি সম্মেলনের উদ্যোক্তারাই কংগ্রেসি করে। উভয় পক্ষেরই চেষ্টা হচ্ছে গন্ডগোল বাধানো মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ওদের উদ্দেশ্য হচ্ছে কোনো রকমে একটা গন্ডগোল বাধিয়ে দিয়ে আপনার চেয়ারের তল দিয়ে সুরুত্ করে আপনার ডান দিকে গিয়ে বসা। ওরা বিদ্যুৎ ঘাটতির কথা বলছে। গোটা রাজ্যে বিদ্যুতের তার কাটা হচ্ছে, ট্রান্সফর্মার চুরি হচ্ছে, এমন কি আর. এল. আই. পাম্পের পাম্প মেশিন পর্যন্ত চুরি হচ্ছে। যে সমস্ত চোরদের ধরা হচ্ছে তারা সবাই হয় কংগ্রেস করে, না হয় কংগ্রেসের জন্য ভোট করে বা কংগ্রেসকে ভোট দেয়। এই সমস্ত চোরেরা কংগ্রেস দলে আছে। কিছু দিন আগে বেলডাঙা থানায় দুটো ডাকাতকে ধরতে গিয়ে পুলিশ তাদের গুলি করে মারল, বেলডাঙার এম. এল. এ. সেখানে ছুটে গিয়ে বলল, "কংগ্রেসিদের মেরে ফেলল'। বেলডাঙার ও. সি. তখন বলেছিল, 'এগোলেই গুলি করে মারব'। এই তো হচ্ছে কংগ্রেস! আর ওরা বলছে, বামফ্রন্ট দুর্নীতিবাজ! ওরা এখানে বেকার সমস্যার কথা বলছে, ৪০ লক্ষ বেকার নাম লিখিয়ে বসে আছে। তা ওরা কি করেছে? সিগারেটের কাগজের উপর সি. এম. ও. এইচ.-কে চাকরি দেবার জন্য লিখে দিয়েছে। বামুনের ছেলেকে সুইপারের পোস্ট খালি পেয়ে তাতেই বসিয়ে দিয়েছে, তারপরে জি. ডি. এ. করে দেবে বলেছে। কত মেয়েকে চাকরি দেবার লোভ দেখিয়ে অ্যাসেম্বলির হস্টেলে নিয়ে এসে নারী দেহ উপভোগ করেছে। আর ওরা বলছে বামফ্রন্ট সরকার দুর্নীতিবাজ এবং আমাদের এই কথা শুনতে হচ্ছে। ওসব কথা এই গোল ঘরেই বলা চলে, বাইরে বললে গ্রামের লোক ওদের পাগল বলে মারত। স্যার, কিছু দিন আগে জঙ্গীপুরে প্রাইমারি শিক্ষক নিয়োগের জন্য ইন্টারভিউ হয়েছিল, আমি ইন্টারভিউ বোর্ডের মেম্বার হিসাবে সেখানে ছিলাম। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম এসেছিল, তা যাদের নাম এসেছিল তাদের বয়স কত, না ৩৫ থেকে ৪২ বছর বয়স। অর্থাৎ তারা ২০ বছর আগেই বেকার হয়েছিল, তখন কংগ্রেস সরকার ছিল, তখন তাদের চাকরি দিতে পারে নি, চাকরি দেয় নি। সমস্ত সাধারণ ছেলেদের বেকার করে রেখে দিয়ে নিজেদের দলের লোকেদের চাকরি দিয়েছে। যার ফলে আজকে পশ্চিমবাংলায় ৪০ লক্ষ বেকার। ওদের দুর্নীতির জন্যই এই বেকার সমস্যার সৃষ্টি হয়েছে। ১০ বছর আগে সরকারের একজন ক্লাস ফোর কর্মচারী মাসের শেষে খেতে পেত না, কোথাও ধার পেত না। আজকে মোটামুটি তারা সারা মাস ডাল ভাত খাচ্ছে। বর্গাচাষীদের ওপর ওদের খুব রাগ, কিন্তু ১৮ লক্ষ বর্গাচাষী পরিবার আজকে দু-মুঠো খেতে পাচ্ছে এবং তারা দু-হাত তুলে বামফ্রন্টকে আশীর্বাদ করছে। ওদের আমলে কৃষি মজুররা দু টাকা মজুরি পেত। আজকে আর সেই অবস্থা নেই। আজকে লিন্ পিরিয়ডে ৮ টাকা মজুরি পাচ্ছে, আর চাষের সময়ে ১৮ টাকা মজুরি পাচ্ছে। বামফ্রন্ট সরকার গরিব মানুষদের মধ্যে খাস জমি

বিলি করেছে এবং ব্যাঙ্ক থেকে লোন পাইয়ে দিয়ে চাষবাসের সুবিধা করে দিয়েছে। তারপরে পেট্রো-কেমিক্যালের নামে ওদের খুব রাগ। তা এটা তো ওরা আগেও শুনেছিলেন, করেননি কেন? তারপরে ফলতায় তো জায়গা ছিল, সেখানে ওরা এক্সপোর্ট বিজনেসের ব্যবস্থা করেন নি কেন? জয়নাল সাহেব বললেন, "স্টেডিয়াম করেছেন, অথচ স্কুলের ঘরে চালা নেই"। আমি জয়নাল সাহেবকে জিজ্ঞাসা করি, কোথায় কোনো্ স্কুলের ঘরে চালা নেই? একটা উদাহরণ দিয়ে দেখিয়ে দিন। আজকে পশ্চিমবাংলায় এমন কোনো গ্রাম নেই যেখানে প্রাইমারি স্কুল নেই।

[5-25 – 5-35 P.M.]

নন্ স্কুল ভিলেজ বামফ্রন্ট সরকারের আমলে একটাও নেই। ২/১টি স্কুলের চালা উড়ে যেতে পারে কিন্তু মাঠে স্কুল হচ্ছে এই ঘটনা সত্য নয়। আপনাদের সরকার ৮০ কোটি টাকা খরচা করে এশিয়াড স্টেডিয়াম করেছেন। কই, এসব কথা তো বলতে পারলেন না? রেলওয়ে লাইন স্থাপন করবার জন্য তো অনেক প্রতিশ্রুতি দিয়েছিলেন, নামখানা, দিঘা রেলওয়ে লাইন করবেন বলেছিলেন, স্টেশন তৈরি হয়ে গেল, এখন সব দরজা-জানালা উঠে গেল, কোথায় গেল আপনাদের সেই মন্ত্রীর তড়পানি? দিল্লিতে যান তো আখের গোছাতে, যা করলে পশ্চিমবাংলার জনসাধারণের মঙ্গল হবে তা করুন। আপনাদের বলতে লজ্জা লাগছে না? কলকাতায় জাহাজ নির্মাণ কারখানা হোক — একথা তো কই বলছেন না? আরে বাবা, এসবের জন্য একটু তদ্বীর করলে আপনারা এম. পি. হতে পারবেন। এই প্রসঙ্গে আমি একটি গল্প বলি শুনুন। ফজলু হক বাংলার মুখ্যমন্ত্রী ছিলেন। তিনি ভোটের আগে গ্রামে যেতেন। তখন গ্রামের লোকেরা তাঁকে বলত, আপনি এতদিন কোথায় ছিলেন। তিনি তখন বলতেন তোমাদের জন্য আমি কত জায়গায় গিয়েছিলাম। তখন গ্রামের লোকেরা জিজ্ঞাসা করল, কোথায় গিয়েছিলেন? আমি তোমাদের জন্য ইংল্যান্ডে গিয়েছিলাম। সেখানে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছিলাম। তখন ইংল্যান্ডের রাণি তার পারিষদদের জিজ্ঞাসা করল ঐ লোকটি কে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে! তখন তাকে বলা হয়েছিল উনি হচ্ছেন বাংলাদেশের কৃষক প্রজা পার্টির নেতা। উনি তখন আমাকে ডাকলেন। আমি তাঁকে তোমাদের প্রজা স্বত্ব দেবার জন্য বললাম। আমার কথা হচ্ছে, ঐসব কথাও তো আপনারা বলতে পারেন। আগে আমাদের দেশে তসর, মসলীন প্রভৃতি কাপড় তৈরি হত, কিন্তু এখন আর তেমন হয় না। কিন্তু এখন পশ্চিমবাংলা তাঁত বস্ত্রে শ্রেষ্ঠ স্থান অধিকার করেছে। মঞ্জুষা, তন্তুশ্রী এবং তন্তুজ তৈরি হয়েছে। তন্তুজ আজকে কাপড় বিক্রি করে সব চেয়ে বেশি প্রফিট করেছে। আজকে ঘরে ঘরে চরকায় সুতো কেটে সুতো তৈরি করছে, তাঁত বোনা হচ্ছে, সিল্ক তাঁত বস্ত্র তৈরি হচ্ছে। পশ্চিমবাংলায় মটকা, জামদানি তৈরি হচ্ছে। ফুলিয়াতে যে কাপড় এখন তৈরি হচ্ছে তা ভারতবর্ষের যে কোনো জায়গার সঙ্গে তুলনা করা যায়। ফুলিয়াতে তাঁত সিল্ক হচ্ছে, জামদানি কাপড় হচ্ছে। বামফ্রন্ট সরকারের আমলে চাষী, মজুর এবং বর্গাদারদের মুখে হাসি ফুটেছে। সেই হাসি আপনারা বন্ধ করতে পারবেন না। এই গোল ঘরে বসে যতই আপনারা মিথ্যা কথা বলুন এইসব লোকেদের আশা-আকাঙ্ক্ষা বামফ্রন্ট সরকার যেভাবে চরিতার্থ করেছেন তা অন্যান্য রাজ্যের চেয়ে পশ্চিমবাংলা হচ্ছে পীঠস্থান। সারা ভারতবর্ষ আজ

পশ্চিমবাংলার দিকে তাকিয়ে আছে। সারা ভারতবর্ষের কৃষকেরা, চাষীরা পশ্চিমবাংলার দিকে তাকিয়ে আছে। এই সরকার একটা বিশেষ ব্যবস্থা সৃষ্টি করেছেন। সেই ব্যবস্থা ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ ব্যবস্থা। আজ আর পাড়া গাঁয়ে গিয়ে বড় বড় কথা বলা যাবে না। সবশেষে আমি একটি কথা স্মরণ করিয়ে দিই, ওরা আজ দাঙ্গা বাঁধাবার চেষ্টা করছেন। শরিয়তি সম্মেলন এবং বিশ্ব হিন্দু পরিষদের মাধ্যমে দাঙ্গা বাধাবার চেষ্টা করছেন। ওরা চাইছেন, "এলো মেলো করে দেমা, লুটে-পুটে খাই"। সুতরাং সতর্ক থাকুন। মুর্শিদাবাদ জেলার সীমান্ত এলাকায় দাঙ্গা বাধাবার চেষ্টা করছেন। এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা কায়েম করা হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণ যেটা আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে সেই রাজ্যপালের ভাষণের উপর আলোচনা করতে গিয়ে আমি প্রথমেই বলতে চাই যে এই ভাষণে দুটি অংশ আমাদের সামনে এসেছে। একটি অংশ হল, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের চলতি বছরের যে কাজকর্ম তার একটা হিসাব-নিকাশ।

ভাষণের ভাষ্য অনুযায়ী সরকারের উল্লেখ যোগ্য অ্যাচিভমেন্ট, এই হচ্ছে একটা অংশ। আর একটা অংশ হচ্ছে যা আগামী বছরে তাঁরা করবেন তার একটা রূপরেখা। এখন দ্বিতীয় অংশটি ভবিষ্যতে কি করবেন সেটা পরীক্ষা সাপেক্ষ, ফলে তার উপর কোনো বস্তু নিষ্ঠ মন্তব্য করা যায় না কাজ না দেখে। কিন্তু প্রথম অংশটি অর্থাৎ যে বছর শেষ হতে চলল সেই চলতি বছরে সরকারের কি কাজকর্ম সে সম্পর্কে পশ্চিমবঙ্গের মানুষের বাস্তব অভিজ্ঞতার নিরিখে আজকে রাজ্যপালের ভাষণে যে বক্তব্য রাখা হয়েছে সে বক্তব্য মেলাতে গেলে মেলে না এবং আমি অবশ্যই বলব ইট ডাজ নট রিফলেক্ট দি অবজেকটিভ পিকচার রাদার ইট ডেপিক্স এ ফলস পিকচার। এটা আমি বলতে বাধ্য হচ্ছি। অ্যাচিভমেন্ট অফ দি গভর্নমেন্ট, তাঁরা ভাষণে বিষয়গুলি যে ভাবে রেখেছেন তার ভিত্তিতে। কারণ প্রথমেই দেখুন এ সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। আইন-শৃঙ্খলা? আমরা তো বিরোধী বেঞ্চে আছি, যাঁরা ট্রেজারি বেঞ্চে আছেন তাঁদেরও আমি বলছি ল অ্যান্ড অর্ডারের ব্যাপারে এই ভাষণে যে কথা বলা হয়েছে সেটা আপনারা নিজেরা বিশ্বাস করেন? বাস্তবিকই কি নিরবচ্ছিন্ন ভাবে চালিত হচ্ছে এবং আইন-শৃঙ্খলার সামগ্রিক পরিস্থিতি সন্তোষজনক? দিনের পর দিন রাস্তাঘাটে ডাকাতি, ট্রেনে, বাসে লুঠতরাজের ঘটনা ক্রমাগত বেড়ে যাচ্ছে এবং তার ফলে পুলিশ প্রশাসনের উপর জনসাধারণের আস্থা বাড়ছে, আপনারা বলুন? আপনারা যাঁরা আছেন সেনার সেকশন আর এই সুইপিং রিমার্ক যেভাবে করা হয়েছে তাতে তো আপনারাও সন্তুষ্ট নন। আজকে এখানে ভূমি সংস্কার সম্বন্ধে বলা হয়েছে যে ব্রাইট পিকচার, আমি তাই সেদিন বিনয় বাবুকে বলেছিলাম, তিনি বলছেন ৮.১০ লক্ষ একর জমি ওঁরা বিলি করেছেন, কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে ক্রেডিটটা কাদের? এই ৮.১০ লক্ষ একর জমির মধ্যে ৬.১৮ লক্ষ একর তো যুক্তফ্রন্টের আমলে বিলি হয়েছে। নট ডিউরিং লেফটফ্রন্ট রেজিম। বরং আমি উল্টো প্রশ্ন করব তাঁরা যদি মাত্র কয়েক মাসে ৬.১৪ লক্ষ একর জমি বিলি করে থাকেন তা হলে আপনারা এতদিনে মাত্র ২ লক্ষ একর জমি বিলি করলেন? ইজ ইট বেটার পারফরমেন্স?

এটা বড় করে বলার বিষয়? বরং যেটা করেছেন, আজও আপনাদের হাতে ৪ লক্ষ একর জমি পড়ে রয়েছে, সরকার সেটা বিলি করতে পারছেন না, যার ফলে এই সব কথা বলছেন। শিল্পনীতির প্রশ্নে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের শিল্পনীতি নিয়ে ঘরে বাইরে সর্বত্র হৈ চৈ হচ্ছে। আমি বলতে চাই বামফ্রন্ট সরকারের শিল্পনীতিতে বিদেশের একচেটিয়া পুঁজিপতিদের, মালটি ন্যাশনাল তাঁদের সাদরে আমন্ত্রণ জানানো হচ্ছে পশ্চিমবঙ্গে শিল্প বিনিয়োগ করতে। এখন এটাকে বামফ্রন্ট সরকারের বড় শরিক সি. পি. এম. রাজ্য সম্মেলনে বামফ্রন্ট সরকারের শিল্পনীতি বেশি করে করিয়ে নিয়েছেন। তাঁদের দ্বাদশ কংগ্রেস সম্মেলনে বেশ ঘটা করে সরকারি কোষাগার থেকে লক্ষ লক্ষ টাকা ব্যয় করে যুব ভারতী ক্রিড়াঙ্গন থেকে পদযাত্রার আয়োজন করেছিলেন সেটা ঢাক ঢোল পিটিয়ে প্রচার করা হচ্ছে।

[5-35 – 5-45 P.M.]

অর্থাৎ তাঁরা এই যে যৌথ উদ্যোগ গ্রহণ করেছেন, এর পক্ষে একটা জনমত সৃষ্টি করবার জন্য দেশের মানুষের কাছে এমন একটা ছবি তুলে ধরতে চাইছেন যে, হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স-এর ধরনের যৌথ উদ্যোগ গ্রহণ করার ফলে পশ্চিমবঙ্গের বেকারদের সামনে নবদিগন্ত উন্মোচন হবে। আমি তাঁদের কাছে সবিনয়ে বলতে চাই, তাঁরা যে কথা বলেছেন, সে-ব্যাপারে বিভিন্ন জায়গা থেকে সমালোচনা ওঠাতে স্বয়ং মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, "পশ্চিমবাংলার যুবকদের তো বেকার রাখতে পারি না, তাদের চাকরি দিতে হবে এবং চাকরি দিতে হলে কিছু চাকরি সৃষ্টি করতে হবে"। এই যুক্তিতে যদি আজকে সাম্রাজ্যবাদের হাতিয়ার — মাল্টিন্যাশনালদের আহ্বান করতে হয় তাহলে তো স্বাধীনতা আন্দোলনটাই ভ্রান্ত হয়ে যায়! কারণ ব্রিটিশ এই দেশে রেল স্থাপন করেছিল, রাস্তা নির্মাণ করেছিল, শিল্প স্থাপন করেছিল এবং স্বাভাবিকভাবেই তার ফলে কিছু চাকরি-বাকরির সুবিধাও হয়েছিল। তাহলে আমাদের দেশের দেশপ্রেমিক যাঁরা ছিলেন তাঁরা এই চাকরি-বাকরির সুযোগ করে দিয়েছিল বলে ব্রিটিশকে স্বাগত না জানিয়ে নিশ্চয়ই মারাত্মক ভুলই করেছিলেন? তাঁরা জ্যোতি বাবুর মতো ব্রিটিশকে স্বাগত জানান নি, কারণ তাঁরা সঠিকভাবেই সিদ্ধান্তে এসেছিলেন যে, ব্রিটিশ পুঁজি আগমনের উদ্দেশ্যই হচ্ছে ভারতবর্ষের সস্তা শ্রম ও প্রাকৃতিক সম্পদকে লুণ্ঠন করা। আজকে মাল্টিন্যাশনালদের পক্ষে কথা বলছেন, কিন্তু আমি তাঁদের কাছে ইতিহাসের ছাত্র হিসাবে প্রশ্ন করতে চাই, যে কোনো একটা দেশের সোশিও-ইকোনোমিক-পলেটিক্যাল কনডিশনে সেই দেশের উৎপাদন ব্যবস্থা একটা নির্দিষ্ট নিয়মে চলে কিনা এবং সেটা ইচ্ছামতো, খুশিমতো পাল্টে দেওয়া যায় কি না? সেদিক থেকে বিচার করলে ভারতবর্ষের মতো পুঁজিবাদী অর্থনৈতিক ও সামাজিক কাঠামোয় এখানকার উৎপাদন ব্যবস্থাও একটা নিয়মে চলছে। তাই যদি হয়, তাহলে বিশেষ করে মল্টিন্যাশনাল সংস্থাগুলির থার্ড ওয়ার্ল্ড ওয়াইড ক্যাপিটালিজম ক্রাইসিস অর্থাৎ তৃতীয় বিশ্বের পুঁজিবাদের সঙ্কট যেখানে চরম প্রতিক্রিয়াশীল রূপ নিয়েছে, সেখানে আজকে তাদের উৎপাদন চালু রাখবার জন্য রথলেস্ এক্সপ্লয়টেশন-এর মধ্যে দিয়ে মার্জিনাল প্রফিটে তারা উৎপাদনকে চালু রাখবে। কাজেই আজকে মাল্টিন্যাশনালকে আহ্বান করে রথলেস্ এক্সপ্লয়টেশনের সুযোগ করে দিয়ে সঙ্কটকেই আহ্বান করছেন। হোয়াট ইজ দি এফেক্ট অফ রথলেস্ এক্সপ্লয়টেশন? আন্ডার এনি প্লি মার্কসবাদী কম্যুনিস্ট হিসাবে যাঁরা কিছু শিখেছেন

এবং বামপন্থার কথা বলেন তাঁরা কি মাল্টিন্যাশনাল গোষ্ঠীকে এইভাবে আহ্বান জানাতে পারেন? কাজেই বামপন্থী বন্ধুদের মধ্যে যাঁরা চিন্তা ভাবনা করেন, যাঁরা আজও বামপন্থার একটা স্বপ্ন নিয়ে চলেন, আমি তাঁদের বিষয়টা ভেবে দেখতে বলব।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যে বিদ্যুৎ একটা বড় প্রশ্ন। কিন্তু এখানে বিদ্যুৎ ক্ষেত্রে সরকার খুব পরিষ্কার এবং সচেতন — এইভাবে তাঁরা বলবার চেষ্টা করেছেন সচেতনতার নমুনা তো আমরা বাস্তব জীবনেই অনুভব করছি, শীতকালেও লোডশেডিং! কিন্তু স্ট্যাটিসটিক্স, ফিগারস্ কি বলছে? আজকে রঙ্গিন চিত্র এখানে তুলে ধরবার চেষ্টা করা হয়েছে। বলা হয়েছে, গ্রামবাংলায় শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবসদের বিনা পয়সায় বিদ্যুতের লাইন দেওয়া হবে। লাইন তো দেবেন, কিন্তু আজ পর্যন্ত এখানকার গ্রামীণ বৈদ্যুতিকরণের যে রেকর্ড — সেটা সর্বভারতীয় রেকর্ড থেকে কোথায় পিছিয়ে আছে? গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে সর্বভারতীয় অ্যাচিভমেন্ট যেখানে ৬৩.৫ পারসেন্ট, সেখানে পশ্চিমবাংলায় সেটা ৫২.৫ পারসেন্ট। কাজেই এ বিষয়ে বিদ্যুৎ মন্ত্রীর কাছে আমি প্রশ্ন রাখছি।

গ্রামীণ বৈদ্যুতিকরণের ব্যাপারে সরকার ট্রেস দিচ্ছেন কিছু দিন ধরে। তার মানে একটা রঙ্গিন চিত্র তুলে ধরার চেষ্টা করা হচ্ছে। এই সরকার বার বার বলে থাকেন যে বিদ্যুতের উপর নজর দেওয়া হয়েছে, উৎপাদন ক্ষমতা বাড়ানো হচ্ছে। সারা ভারতবর্ষের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার ক্ষেত্রে দেখা যায় তাহলে সেখানে কেন্দ্রীয় সরকার সারা ভারতবর্ষে উৎপাদন ক্ষমতার ৫০.১ পারসেন্ট প্রোডাকশন হয়। অথচ ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড তাদের যে উৎপাদন ক্ষমতা তার ৪২ পারসেন্ট তারা প্রোডাকশন করছে। এই তো চেহারা, ফলে আপনারা কি করে দাবি করেন যে উৎপাদন বাড়ছে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পরিবহনের কথা এখানে উত্থাপন করা হয়েছে। আজকে পরিবহনের যা হাল তাতে একটা প্রিকেরিয়াস কনডিশন সৃষ্টি হয়েছে। ফলে জনগণের জীবনযাত্রা আরো সঙ্কটজনক হচ্ছে অথচ তাদের উপর কোটি কোটি টাকা ভাড়া বৃদ্ধি করে আদায় করে নেওয়া হচ্ছে। আবার গত ৫ তারিখে আমাদের মুখ্যমন্ত্রী সরকারের তরফ থেকে নূতন করে বাস, মিনিবাস এবং ট্রামের ভাড়া বৃদ্ধির কথা ঘোষণা করবেন। কেন্দ্রীয় সরকার পেট্রোল, ডিজেল এবং কেরোসিন তেলের দাম বাড়িয়েছে এবং সেই জন্য এখানে পেট্রোল, ডিজেল এবং কেরোসিনের দাম বেড়েছে সেই ভিত্তিতে এখানে বাসের ভাড়া বাড়ানো হয়েছে, এই কথার আমি বিরোধিতা করি। এই ক্ষেত্রে জ্বালানি হিসাবে এই ব্যবহার হয় এবং তার দাম বেড়েছে এটা ঠিক। কিন্তু আমরা হিসাব করে দেখতে পাচ্ছি জ্বালানির খরচ বেড়েছে যেখানে ৩ পারসেন্ট সেখানে ভাড়া বৃদ্ধির হার হল ন্যূনতম ২০ পারসেন্ট। হোয়াই দিস ডিফারেন্স, মালিকদের পাইয়ে দেবার জন্য? আজকে এই প্রশ্ন উঠেছে যে ট্রামের ভাড়া বাড়ালেন কেন? জ্বালানির দাম বাড়ানোর জন্য বাসের ভাড়া বৃদ্ধি করা হয়েছে বললেন। কিন্তু ট্রাম তো বিদ্যুতে চলে, তাহলে ট্রামের ভাড়া বাড়ানো হল কেন? ফলে এইগুলি বিচার করা উচিত। আজকে কেন্দ্রীয় সরকার ডিজেল, পেট্রোল এবং পেট্রোলজাত দ্রব্যের উপর অগণতান্ত্রিক ভাবে দাম বাড়াচ্ছে এবং যার জন্য গোটা ভারতবর্ষ বিক্ষোভে ফেটে পড়েছে। গোটা ভারতবর্ষে কংগ্রেস বিরোধী দলগুলি এই জিনিসের বিরোধিতা করছে, যাতে একটা প্রাথমিক ঐক্যবদ্ধ আন্দোলনের একটা ধাপের সূচনা

হয়েছে। আজকে এই সরকার এইভাবে ভাড়া বাড়িয়ে জনগণের সেই সমর্থন বলুন আর নৈতিক চিন্তাধারা যেটা গড়ে উঠেছে তার ভিত্তিকে দুর্বল করেছে। আজকে এখানে পেট্রোল ডিজেলের দাম বেড়েছে এই কথা বুঝিয়ে ভাড়া বাড়ানো হ'ল। দিল্লিতে যখন ট্রাম বাসের ভাড়া বৃদ্ধি করা হয়েছিল সেখানে সি. পি. এম. বিরোধিতা করে ছিল, একটা লেফট মুভমেন্ট গড়ে উঠেছিল। কিন্তু এখানে এই সরকার সেই বাসের ভাড়া বৃদ্ধি করেছে। ফলে এই সরকার জনগণের এই যে নৈতিক সমর্থন, এই যে গণতান্ত্রিক আন্দোলন, বামপন্থী আন্দোলন তাকে দুর্বল করেছে। শিক্ষা নিয়ে এখানে অনেক কথা বলা হয়েছে। শিক্ষা নিয়ে এখানে যে একটা নৈরাজ্য চলছে এই কথা কে না স্বীকার করবে? আজকে সরকারি বেসরকারি কলেজগুলোতে কি হাল হয়েছে সেই নিয়ে সকল সদস্য এমন কি সরকার পক্ষের সদস্যরাও বলেছেন। বিশ্ববিদ্যালয়গুলির কি হাল হয়েছে? সময়মত ফল প্রকাশ হয় না, সময়মত পরীক্ষা নেওয়া হয় না। কলিকাতা বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয় কি অবস্থা হয়েছে? এই জিনিস বেশি দিন চলতে পারে না। এর জন্য কেন ছাত্ররা সাফার করবে, অভিভাবকরা সাফার করবে? এর ফলে ভাল ভাল ছাত্ররা ভিকটিম হচ্ছে। আজকে মাসের পর মাস এই জিনিস চলছে। এই ব্যাপারে মুখ্যমন্ত্রীর অতি সত্বর ইনটারফেয়ার করা উচিত।

[5-45 – 5-55 P.M.]

খুব স্বাভাবিক ভাবেই এই প্রস্তাব আজকে উঠেছে। শিক্ষাক্ষেত্রে আজকে আপনারা যে দৃষ্টিভঙ্গি নিয়ে চলেছেন, তা খুবই দুর্ভাগ্যের। ওয়ার্ল্ড ব্যাঙ্কের ডিকটেশনে এখানে জলকর বসিয়েছেন, আবার মুখে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বিরোধিতা করে চলেছেন। একথা আজ এই সরকার কখনও অস্বীকার করতে পারেন কি যে তাঁরা ওয়ার্ল্ড ব্যাঙ্কের ডিকটেশনে ক্যালকাটা কর্পোরেশনে জলকর বসান নি? এই সমস্ত জনবিরোধী নীতিগুলো যে কারণে গ্রহণ করেছেন, ঠিক সেই কারণে রাজ্যপালের যে ভাষণ, তার প্রতি আমি সমর্থন করতে পারছি না এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যপাল এই সভায় যে বক্তব্য উপস্থিত করেছেন এবং তার প্রতি সমর্থন জানিয়ে মাননীয় সদস্য শ্রী শচীন সেন মহাশয় যে প্রস্তাব এনেছেন তার প্রতি সমর্থন জানিয়ে আমি এখানে দু একটি কথা বলতে চাই। এখানে গত দুদিন ধরে সরকারপক্ষ এবং বিরোধী পক্ষের সদস্যরা আলোচনা করছেন। সরকার পক্ষের সদস্যরা যুক্তি উপস্থাপিত করছেন এবং বিরোধী পক্ষের সদস্যরা বিতর্ক উপস্থাপিত করে সমালোচনা করছেন অনেক কিছু। তাঁদের সমালোচনার ধারা কোনো জায়গায় তা আমরা জানি। গত ন'বছর ধরে অনেক কিছুই হল। এ যাবত তাঁরা যে ধারা উপস্থাপিত করেছেন সেগুলো বস্তাপচা বুলি ছাড়া আর কিছু নয় এবং বারে বারেই তাঁরা সেই বক্তব্যই এখানে রাখেন। ১৯৮৪ সালের শেষ ভাবে শ্রীমতী ইন্দিরা গান্ধী নিহত হওয়ার পর তাঁর পুত্র রাজীব গান্ধী শাসন ক্ষমতায় আসীন হয়েছেন। তিনি নাবালক। সেই নাবালকের রাজত্বে আমরা চলেছি এবং বাস করছি। স্যার, এই নাবালক রাজত্ব দখল করার পর বিভিন্ন সমস্যা সৃষ্টি করলেন। তিনি ক্ষমতায় এসে দেখতে পেলেন বিভিন্ন সমস্যা এবং তা দেখে

বললেন তার সমাধান তিনি করবেন। তিনি পাঞ্জাব সমস্যার সমাধান করবেন। তিনি আসাম সমস্যার সমাধান করবেন, এইসব তিনি বললেন।

**শ্রী আব্দুল মান্নান :** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার।

**Mr. Deputy Speaker :** Please take your seat. I shall hear your point of order after his speech is finished.

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় :** আমরা এই নাবালকের রাজত্বে বাস করছি। এমন উদাহরণ আছে — যে সমস্ত বিচ্ছিন্নতাবাদ ইত্যাদি আছে, সেই সমস্ত সমস্যার সমাধান তিনি করবেন বলে বলেছিলেন। পাঞ্জাব সমস্যার সমাধান তিনি করলেন। আসাম সমস্যার সমাধানও তিনি করলেন। কি ভাবে সমাধান হয়েছে, তা বিরোধী বেঞ্চের সদস্যরাই বলতে পারবেন। তাঁরা বলতে পারবেন কি করে এই বিচ্ছিন্নতাবাদ সমস্যার সমাধান করলেন তাঁদেরই প্রধান এবং দেশের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী। যাই হোক, ১৯৮৬ সালের শুরুতে তিনি চাইলেন সাবালক হতে। এক ধাপে নাবালক থেকে সাবালক অবস্থায় আসতে চাইলেন তিনি। আমাদের দেশের কথায় যাকে বলে 'ইঁচড়ে পাকা' তাই আর কি? তিনি পেট্রোল, ডিজেল, কেরোসিন, চাল, গম প্রভৃতি জিনিসের দাম এমন ভাবে বাড়িয়ে দিলেন, যার ফলে ওঁদের শত প্রচেষ্টা সত্ত্বেও পশ্চিমবঙ্গে পালিত হ'ল এক স্বতঃস্ফূর্ত বন্ধ।

(গোলমাল)

**Mr. Deputy Speaker :** Honourable Members, please take your seats. I have already said I shall hear you after the member finishes his speech.

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় :** ওঁদের নানা বিরোধীতা সত্ত্বেও বন্ধ পালিত হল ত্রিপুরাতে। সারা ভারতবর্ষে প্রতিবাদ জানাতে যে ভাবে বন্ধ এবং প্রতিবাদ দিবস পালিত হল, সেদিকে তাকিয়ে ওঁরা ঠিক করলেন ঐ সমস্ত জিনিসের দাম কিছু কমাবেন। জিনিসের দাম ওঁরা দু-এক পয়সা কমালেন। কিন্তু কেন্দ্রীয় বাজেটের মধ্যে দিয়ে প্রতিটি জিনিসের দাম যে ভাবে একের পর এক ওঁরা বাড়িয়ে চলেছেন তার ফলে ক্রমান্বয়ে সেগুলো মানুষের ক্রয় ক্ষমতার উর্দ্ধে চলে যাচ্ছে। এইভাবে প্রতিটি জিনিসের দাম সাধারণ মানুষের নাগালের বাইরে নিয়ে চলেছেন।

রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি এই কথা বলতে চাই যে ১৯৬৫-৬৬ সালের থেকে কেন্দ্রীয় সরকার কোনোভাবে বা কোনো রকমে পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে যথা পশ্চিমবঙ্গকে অর্থ লগ্নি করে নি। ১৯৬৫-৬৬ সাল থেকে কোনো ভারী শিল্পে অর্থ লগ্নি করা হয় নি। এইরকম অবস্থায় ১৯৭৭ সালে জনসাধারণের রায়ে বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে জনসাধারণের রায়ে ক্ষমতায় এলেন। এই সরকার আসার পরে হলদিয়া পেট্রো-কেমিক্যাল এবং সল্ট লেক,

ইলেকট্রনিক্স প্রকল্প হাতে নেওয়ার চেষ্টা করেন। এছাড়াও দুর্গাপুরে ভারী যন্ত্রাংশ, ট্রাকটর নির্মাণের যে প্রকল্প নেওয়া হয় সেই সময়ে ১৯৭৭ সালে দিল্লিতে জনতা সরকার ছিলেন তাঁরা সায় দিয়েছিলেন এবং হলদিয়ায় পেট্রো-কেমিক্যাল কারখানা স্থাপনের জন্য লেটার অফ ইনটেন্ট পাঠিয়েছিলেন। কিন্তু তারপরে কংগ্রেস (ই) সরকার কেন্দ্রে আসার পরে তারা এর ইনটেন্ট ছিলেন না। তারা বললেন এরজন্য যা কিছু ব্যয়ভার রাজ্য সরকারকে বহন করতে হবে, কেন্দ্র পারবে না দিতে। তারপরে ইতিমধ্যে যে সমস্ত কারখানা বন্ধ হয়ে গেছে সেগুলি জাতীয়করণ করার ব্যাপারে কেন্দ্রের কাছে বললে তারা নির্দেশ দিলেন যে ওই সমস্ত বন্ধ কারখানার মালিকরা যে কোটি কোটি টাকার দায়ভার করে চলে গেছেন তার ব্যয়ভার রাজ্য সরকারকে বহন করতে হবে তবেই জাতীয়করণ করা যাবে। এই ১৩টি শিল্প জাতীয়করণ করার কথা ছিল কিন্তু মাত্র ৪টি শিল্প জাতীয়করণ হয়েছে। বাকি ৯টি কেন্দ্রীয় সরকার না নেওয়ার ফলে সেই একইরকম অবস্থায় রয়েছে, বন্ধ হয়ে রয়েছে। হলদিয়া পেট্রো-কেমিক্যাল এবং সল্ট লেক ইলেকট্রনিক্স সেই বিষয়ে কেন্দ্র অভিমত দিলেন না কিন্তু মহারাষ্ট্রে ১২০০ কোটি টাকা দিয়ে শিল্প করার জন্য অর্থ সাহায্য করলেন। সেখানে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে মাত্র ৯ কোটি টাকা চাওয়া হয়েছিল তা দিতে পারলেন না। সল্ট লেকে ইলেকট্রনিক্স কারখানা প্রকল্প শ্রীমতী গান্ধী বেঁচে থাকাতেই নেওয়া হয়েছিল তখনই তিনি বলেছিলেন যেহেতু এটি প্রতিবেশি রাষ্ট্রের নিকটবর্তী অংশ সেইজন্য এই ইলেকট্রনিক্স কারখানা স্থাপন করা যাবে না। কিন্তু আমরা দেখলাম গুজরাট, হরিয়ানায় যেসব জায়গা পাকিস্তানের নিকটবর্তী অবস্থিত সেখানে ইলেকট্রনিক্স কারখানা স্থাপনের অনুমতি দেওয়া হল অথচ সল্ট লেক ইলেকট্রনিক্স প্রকল্পের অনুমতি দেওয়া হল না। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে ঠিক করলেন ব্যক্তিগত মালিকদের সাথে মিলে যৌথ প্রকল্প করবেন এবং সেইভাবেই কাজে হাত দিলেন। সল্ট লেক ইলেকট্রনিক্সের জন্য ১০ হাজার একর জমি কেনা রয়েছে কিন্তু কেন্দ্র থেকে কোনো সাহায্য করা হয় নি। কিন্তু শেষ পর্যন্ত ফিলিপস্ রাজ্য সরকারকে সাহায্য করতে রাজি হয়। সুতরাং রাজ্য সরকার এবং অর্থ লগ্নি যে সমস্ত সংস্থা আছে তাদের সহায়তায় এখানে এই প্রকল্প হচ্ছে। এখানে মাননীয় সদস্যরা আছেন তারা অনেকে এই মাল্টিন্যাশনাল সম্পর্কে অনেক কথা বলছেন। তাদের আমি বলে রাখি যে আমরা বহুজাতিক সংস্থার সঙ্গে যৌথ প্রকল্প করলেও ওই সমস্ত ব্যক্তিগত মালিকানারা ২৪ শতাংশ মাত্র দেবেন আর বাকি অংশ রাজ্য সরকারকে দিতে হবে। রাজ্য সরকার যতই দায়িত্ব নিক না কেন আপনারা সমালোচনা করবেনই, সুতরাং আপনাদের সম্বন্ধে এইটুকুই বলব যে লেজ দিয়ে জন্তুকে সরানো যায় না।

[5-55 – 6-05 P.M.]

সুতরাং ২৪ পারসেন্ট যার মালিকানা তা দিয়ে মূল যে উদ্যোগ তাঁকে তারা হারাতে পারে না। পূর্বতন বক্তা মাল্টিন্যাশনাল ইত্যাদি সম্বন্ধে বলে গেছেন বলে এই প্রসঙ্গে আমি একটি কথা বলতে চাই। ১৯৭৭ সালে রাশিয়ায় বিপ্লব হয়েছিল মহান নেতা লেনিনের নেতৃত্বে ১০ দিনে। শহর ঘিরে ফেলে সেখান থেকে বিপ্লব সংগঠিত করে তারপর তাকে গ্রামাঞ্চলে ছড়িয়ে ফেলে সোভিয়েতগুলি দখল হয়েছিল। চিনে কিন্তু ঐ পথে হয়নি, বা ১০

দিনেও বিপ্লব সংগঠিত হয়নি। সেখানে গ্রাম থেকে বিপ্লব শুরু হয়েছিল এবং ১৩/১৪ বছর ধরে সশস্ত্র সংগ্রাম করে শহর দখল করা হয়েছিল। সুতরাং মার্কসবাদ এই শিক্ষাই দেয় যে সেই দেশের পরিস্থিতি জনগণের মেজাজ বিচার করে সমস্ত কিছু ঠিক করতে হবে। আজ যেখানে হাজার হাজার বেকার সেখানে পশ্চিমবাংলায় এই রকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে যদি বামফ্রন্টকে কাজ করতে হয় তাহলে শিল্পোন্নয়ণের নীতি সম্পর্কে পুনর্বিবেচনা করতে হবে এবং তা করা হয়েছে যার ফলে আজকে এই অবস্থা হয়েছে। ব্যক্তিগত মালিক যারা তারাই আজকে এগিয়ে আসছেন। কারণ, পশ্চিমবঙ্গে একটা স্থায়ী রাজনীতি আছে যা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে নেই। অন্য রাজ্যের কথা বলতে গেলেই আমরা দেখছি কংগ্রেসি বন্ধুরা যেখানে ক্ষমতায় আছেন — বিহার, ইউ. পি. ইত্যাদিতে — সেখানে প্রতিদিনই জাতপাতের লড়াই, নারী নির্যাতন, হরিজনদের উপর অত্যাচার হচ্ছে। কিন্তু পশ্চিমবাংলায় হিংসাশ্রয়ী বা জাতপাতের দাঙ্গা হয়না। বিভিন্ন জায়গা থেকে মানুষ রুটি রোজগারের জন্য আসে পশ্চিমবাংলায়। জাতিতে জাতিতে এখানে সম্প্রীতি আছে বলে এখানে শিল্পপতিরা আসতে চান। পশ্চিমবাংলায় অনেকগুলি কলকারখানা বন্ধ হয়ে আছে। ৬টি চটকল দীর্ঘদিন হল বন্ধ হয়ে আছে। আমার এলাকায় চাঁপদানীতে নর্থ ব্রুক মিল ৪ বছরের উপর বন্ধ হয়ে আছে। কেন্দ্রীয় সরকারকে মুখ্যমন্ত্রী বলেছেন যেভাবে অন্য ৬টি চটকল জাতীয়করণ করা হয়েছে সেই ভাবে আরো কয়েকটিকে জাতীয়করণ করা হোক। কিন্তু এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের এখনও পর্যন্ত নিদ্রাভঙ্গ হয়নি। কারখানাগুলি কি ভাবে খুলবে সেই সম্পর্কে বিরোধিপক্ষের বন্ধুরা কেন্দ্রকে বলুন। আপনাদের এত উল্লাস তাই বলছি সামনের জুন মাসে পৌরসভার নির্বাচন হচ্ছে। এবং যেমন করে বিগত ৯/১০টি ক্ষেত্রে পশ্চিমবাংলার জনগণ তাদের মত প্রকাশ করেছেন বিভিন্ন নির্বাচনের মাধ্যমে সেই রকম আগামী পৌর নির্বাচনে পশ্চিমবাংলার জাগ্রত মানুষের জনমত আপনারা যাচাই করে নেবেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমরা এখানে যাঁরা বিধানসভার সদস্য আছি আমরা কেউই বখাটে ছেলে নই, আমাদের এখানে মিনিমাম শালীনতাটুকু বজায় রেখে বক্তব্য রাখা উচিত। মাননীয় সদস্য একটু আগে ভারতবর্ষের প্রধানমন্ত্রী সম্বন্ধে যে সমস্ত মন্তব্যগুলি করলেন সেটা করা উচিত নয়। ভারতবর্ষের প্রধানমন্ত্রী জনগণের রায় নিয়ে নির্বাচিত হয়ে এসেছেন যেখানে ওঁরা ১৫টা সিটও পাননি। প্রধানমন্ত্রী সম্বন্ধে 'এঁচোড়ে পাকা, নাবালক' ইত্যাদি বলা শালীনতার পরিচয় নয় ...........

**Mr. Deputy Speaker :** I will look into the matter whether there is any unparliamentary word in his speech.

**শ্রী রবীন মন্ডল ঃ** স্যার, অন এ পয়েন্ট অব ইনফর্মেশন। আমার পয়েন্ট অব ইনফর্মেশন হল ভারতবর্ষে জাগ্রত জনমতের চাপে কংগ্রেস আবার নতি স্বীকার করতে বাধ্য হল। মার্ক শিটের যে কেলেঙ্কারী চলছিল তাতে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী জাগ্রত জনমতের চাপে ইতিমধ্যে পদত্যাগ করতে বাধ্য হয়েছে। মারপিটের দায়ে অভিযুক্ত শাহ সরকার খারিজ

হয়েছে। কেরালার খবর এখনও আসেনি, তবে শীঘ্রই এসে যাবে। চারিদিকে ভারতবর্ষের জাগ্রত জনমতের চাপে অগণতান্ত্রিক কংগ্রেস সরকার তাসের ঘরের মত ধ্বংস হয়ে যাচ্ছে। স্যার, এরাও শেষ হয়ে যাবে জাগ্রত জনমতের চাপে। এটাই আমার পয়েন্ট অব ইনফর্মেশন।

**Shri Sadhan Pande :** Mr. Speaker, Sir, I would like to say few words on the thanks giving resolution brought by honourable member Shri Sachin Sen on the speech of the Hon'ble Governor. After going through the speech of the Governor I feel that it is totally a directionless and radarless speech which has been given to him by the State Government to read. It was visible from the face of the Hon'ble Governor because he was laughing while reading the speech. So, how untrue the speech can be, is to be imagined. It was our privilege, some time ago, to go to the Governor with some petition that the West Bengal Government could not spend Rs.1200 crores of the development money for the development of the State. The Hon'ble Governor said that he did not receive any reply from the State Government when he wrote letters. This was the most unfortunate part of the functioning of this government, which he was speaking that day. Let us raise some of the points raised in the book. It is an accepted fact that here it is written on the first and second paragraphs that in 24-parganas district when there was a cyclone and 35000 dwelling houses were destroyed. More than 2 lakhs people were affected by the cyclone. We would like to know from the Government what relief materials and what relief money have been spent on that. When we went to the Chief Minister to request him that adequate money should be spent, it came out of the newspapers that the money was not available. The Chief Minister was very kind enough to say, 'yes there is some money but unless money comes from the Centre or unless the Central Government gives money how can we spend' ? I am very sorry that the money was not spent. The poor people are living in the villages without any care and without any substence because this was a single crop area. It is totally affected. I wish the honourable members can have a talk with the Chief Minister on this issue. Sir, what is happening in the North 24-Parganas district ? People are starving there. Nobody is going to help them, and nobody there is getting any help. I wish the Chief Minister should do something for them.

[6-05 - 6-15 P.M.]

Regarding land distribution we would like to say that 8.10 lakh acres of land were distributed. Sir, in the nine years of Left Front rule we have seen that only 2.5 lakh acres of land have been distributed and the rest of the land was distributed during the last United Front regime. The fact is that the poor people got **'Patta'** for land from the Congress Ministry but that was taken away from them. This is the total land that was distributed. To-day Government is holding certain land. Government cannot distribute this land because they know that new revolution will happen in Bengal. Only the privileged classes are getting land from the Left Front and another class of people raising flags to-day. I have seen it with my eyes. Government did not distribute it amongst the landless poor people. It is totally inadequate policy of the Government. Court cases are being lodged every day. Government Law Department is not defending those cases and thus the poor people are not getting any relief.

Regarding Industries Department, I may say that it is better to be called propaganda Ministry, because the only industry that we have seen is the procession of band parties. This Government is bringing in new industrial policy. Some members have said that this Government should go into joint sector projects. But this realisation has come too late. My friends have realised it after running the Government for nine years. I would like to know from the Hon'ble Chief Minister what let him made to change his policy. Is it because that the Congress won 16 parliament seats and the Left Front was going to be wiped out ? That is why they feel that they have to bring change in the industrial policy. Our Chief Minister is a very good and respected man in India. He is also a clever man. He understands how to change and how to win the minds of the people. So he has changed the industrial policy of the Left Front Government for which the leftists fought 30 years in this country. They have changed this policy for Goenka and Tata. To-day we have seen Goenkas and Birlas are meeting with Shri Jyoti Basu and photographs appear in the newspapers of their having tea together with our Hon'ble Chief Minister. I would like to know from you why your Chief Minister wrote letter to Mrs. Gandhi against the taking over of Dunlop Companv by the Goenkas. What consideration made Shri Jyoti Basu to change the view for entering into joint sector project of Petro-Chemical complex with the Goenkas. Sir, I can again remind him that only by procession nothing will come out because sincerity is not there.

Sir, I would also like to State here that this Government has taken a stand that they do not accept the 20 point economic programme. They have 36 point programme of their own. There is no difference. But every paise allotted in the head of 20 point programme is being spent by this Government, used by this Government for their party purpose only. Sir what is happening with the money allotted against NREP, RLEGP, IRDP ? I have seen during the last bie-election this money has been spent to get the vote, to create mandays. It has been stated in the Governor's Address that 63.06 mandays have been created under the RLEGP. But will the Chief Minister tell the truth ? He has said us that some people are corrupted and that is why the people are not getting the benefit. But will he say this on the floor of this House ? So, Sir all the figures which have been printed in this book are totally false. This is a odourless, colourless and rudderless Government. With these words I support the amendments brought by the opposition members and I hope that the Hon'ble Chief Minister will create a new situation in West Bengal.

Thank you, Sir.

**শ্রী এম. আনসারুদ্দিন** ঃ মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, গত ৩ তারিখে মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে উপস্থিত করেছেন এবং আমাদের পক্ষ থেকে মাননীয় সদস্য শ্রী শচীন সেন মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। ৩ দিন ধরে তা নিয়ে এই সভায় যে আলোচনা চলছে আমি খুব মনোযোগ দিয়ে শুনছি। প্রথম দিন উদ্বোধনী বক্তৃতায় বিরোধী দলের নেতা মাননীয় আব্দুস সাত্তার সাহেব যে বক্তব্য রাখলেন তাতে আমার মনে হল বিগত কয়েক বছর ধরে মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে রেখে গেছেন। বিরোধী দলের নেতা হিসাবে তার কাছ থেকে এই বিষয়ে কখনই কোনো ভাল কথা শুনতে পাই নি। এবারে মাননীয় রাজ্যপাল সংক্ষিপ্ত ভাষণ রেখেছেন। বামফ্রন্টের পক্ষ থেকে যেসব জনহিতকর কাজ করা হয়েছে সেগুলি তিনি দেখাবার চেষ্টা করেছেন এবং যে কাজগুলি কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার ফলে করা সম্ভব হয়নি সেগুলিও বলার চেষ্টা করেছেন। কিন্তু কি কি করা হয়েছে সেই ভাল দিকগুলিকে একবারও মাননীয় সাত্তার সাহেব তুলে ধরলেন না এবং এই বিষয়ে একটা কথাও উচ্চারণ করলেন না। স্যার, আপনি জানেন দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদ কিম্বা বন্ধ কলকারখানা খোলার দাবিতে পশ্চিমবাংলার বামপন্থী দলগুলি যখন হরতাল, ধর্মঘটের ডাক দেন এবং তার ফলে সারা পশ্চিমবাংলা যখন অচল হয়ে যায় এবং পশ্চিমবাংলার জাগ্রত জনমত যখন বন্ধ হরতাল পালন করেন ঠিক সেই সময় সেদিন সন্ধ্যাবেলায় আকাশবাণীর সংবাদ শুনলে দেখতে পাবেন সাত্তার সাহেব বলেছেন এই হরতাল সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। আমাদের সামনে রাজ্যপালের যে ভাষণ এসেছে তাতে যেসমস্ত গঠনমূলক কাজ আমরা করেছি সেগুলি উল্লেখ করা হয়েছে, কিন্তু তিনি এই বিষয়ে একটি কথাও বলেন নি। আমরা লক্ষ্য করে দেখছি কয়েকটি

জিনিসের উপর তিনি তার বক্তব্য সীমাবদ্ধ রেখেছেন। বেকার সমস্যা, সাম্প্রদায়িক সম্প্রীতি, দুর্নীতি, আইন-শৃঙ্খলা ইত্যাদি কথার মধ্যেই তিনি তার বক্তব্য সীমাবদ্ধ করে রেখেছেন। বেকার সমস্যা আজকে গোটা ভারতবর্ষের একটা দারুণ সমস্যা। গোটা ভারতবর্ষে ২ কোটি ৬২ লক্ষ বেকার আছে এটা ওরা অস্বীকার করতে পারবেন না। আমরাও নিশ্চয় এটা স্বীকার করব যে পশ্চিমবাংলায় ৪১ লক্ষ বেকার আছে, যাদের নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের খাতায় লেখা আছে।

[6-15 – 6-25 P.M.]

কিন্তু কেন এটা হ'ল? আমরা তো মাত্র ৯ বছর পশ্চিমবাংলায় সরকার পরিচালনা করছি কিন্তু বাকি বছরগুলিতে তো তাঁরাই ছিলেন এবং ভারতবর্ষের যে কেন্দ্রীয় সরকার সেখানেও মাঝখানে ২।। বছর বাদ দিয়ে স্বাধীনতার পর থেকে তো তাঁরাই সরকারে অধিষ্ঠিত রয়েছেন। আমরা বারে বারে বলেছি যে একটা ধনতান্ত্রিক ব্যবস্থার মধ্যে কেন্দ্রীয় সরকার পরিচালিত হচ্ছে কাজেই সেখানে বেকার সমস্যা বাড়তে বাধ্য। আমরা তাই বলেছি, একটা আমূল পরিবর্তন ছাড়া এই বেকার সমস্যার সমাধান করা সম্ভব নয়। তা সত্ত্বেও পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়েও বেকার জীবনের কিছু সুবিধা করার জন্য কিছু প্রকল্প নিয়েছে। স্যার, বামফ্রন্ট সরকার চলতি আর্থিক বছরে ৩৭ হাজার ক্ষুদ্র কুটির শিল্প স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। এর ফলে ১ লক্ষ ৭৪ হাজার বেকারের কর্মসংস্থানের সুযোগ হবে। শুধুমাত্র গ্রামাঞ্চলের ৫৫ হাজার বেকার যুবক যুবতী এর ফলে কাজের সুযোগ পাবেন। ১৯৮৩/৮৪ সালে ২২ হাজার শিক্ষিত বেকার স্বনিযুক্তি প্রকল্পে নিজেদের কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন। এ বছর আরো ২৪ হাজার শিক্ষিত যুবকের কর্মসংস্থানের সুযোগের সৃষ্টি হবে। স্যার, আমাদের পক্ষের মাননীয় সদস্যরা অনেক তথ্য দিয়ে বেকার সমস্যার উপর বক্তব্য রেখেছেন, আমি বেশি বলতে চাই না, শুধু এইটুকু বলতে চাই যে বামফ্রন্ট সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়েও বেকার যুবক যুবতীদের কিছু সাহায্য করার জন্য আন্তরিকভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। স্যার, সাম্প্রদায়িকতার কথা এখানে তোলা হয়েছে। বামফ্রন্টের মাননীয় সদস্য শ্রী সত্যপদ ভট্টাচার্য মহাশয় বলেছেন যে এটা বুঝতে হবে পশ্চিমবাংলা এমন একটা রাজ্য যার সঙ্গে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের পার্থক্য আছে। এখানে অন্তত আমরা সাম্প্রদায়িক সম্প্রীতিকে অক্ষুন্ন রাখতে পেরেছি সে কথা আমরা দৃঢ়তার সঙ্গেই বলতে পারি। আমাদের এই ৯ বছরের কার্যকালের মধ্যে অনেকবার সাম্প্রদায়িক সম্প্রীতিকে ক্ষুন্ন করার চেষ্টা করা হয়েছে। আমাদের মনে আছে, কয়েক বছর আগে ঐ কাবা শরিফের একটি ঘটনাকে কেন্দ্র করে কংগ্রেস নেতা মাননীয় সদস্য সুব্রত মুখার্জির নেতৃত্বে পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক দাঙ্গা করার চেষ্টা করা হয়েছিল। পশ্চিমবাংলার জাগ্রত জনমত এবং বামফ্রন্ট সরকার আমরা দেখেছিলাম সেদিন এর বিরুদ্ধে দাঁড়িয়েছিল ফলে সেদিন দাঙ্গা করা সম্ভব হয়নি। কয়েকদিন আগে রাজাবাজার, কলেজ স্ট্রিট এলাকাতে এইরকমের একটা প্রচেষ্টা হয়েছিল দাঙ্গা করানোর ঐ মুসলিম আইন বা বিল যা আনা হয়েছে তার প্রতিবাদে। আমি জানি না এখানে ঐ মিত্র সাহেবদের কারুর প্রচ্ছন্ন হাত ছিল কিনা কিন্তু এবারেও আমরা দেখলাম তা করা সম্ভব হয়নি। পশ্চিমবাংলার জাগ্রত জনমতের সঙ্গে দাঁড়িয়ে বামফ্রন্ট

সরকার এবারেও তা প্রতিহত করেছেন। আমরা দেখেছি, আমাদের পার্টির সদ্স্য ও কর্মীরা সমস্ত শক্তি নিয়োগ করে সেদিন রাস্তায় নেমেছিলেন একে প্রতিহত করার জন্য। মন্ত্রীরা ঘুরেছেন, সারা রাত জেগে বামফ্রন্টের কর্মীরা কলেজ স্ট্রিট থেকে বাগবাজার পর্যন্ত পাহারা দিয়েছেন, সংখ্যালঘুদের মনে সাহস যুগিয়েছেন। স্যার, এর ফলে ঐ কয়েকটি ফলের দোকান পোড়ানো ছাড়া আর দাঙ্গা বাড়ানো সম্ভব হয়নি। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য আমাদের সত্যদা যে কথা বলেছেন, আজকে যারা এই সাম্প্রদায়িক দাঙ্গা করার চেষ্টা করেছে তারা কারা? আমার এলাকায় আমি দেখেছি যে বিশ্ব হিন্দু পরিষদের সম্মেলন হয়েছে সেখানে কংগ্রেসের যে নির্বাচিত প্রধান তিনি সভাপতিত্ব করেছেন। আর জামায়েত-ই-ইসলামীর যে মিছিল হয়েছে, সেখানে কংগ্রেসের নির্বাচিত পঞ্চায়েত সদস্য তার নেতৃত্ব দিয়েছেন। আমি দেখেছি আমার এলাকায় যারা আর. এস. এস. করেন তারা পরবর্তীকালে ১৯৮২ সালে পঞ্চায়েতের নির্বাচনে কংগ্রেস প্রার্থী হিসাবে জয়লাভ করেছিল। কাজেই আজকে একটা দাঙ্গা বাধাবার প্রচেষ্টা চলছে।

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অব অর্ডার আছে। স্যার, হাউসে কোরাম নেই। এই অবস্থায় হাউস চলতে পারেনা। এই অবস্থায় হাউস যদি চলে এবং বক্তৃতা যদি রেকর্ড হয় তাহলে সেটা ইল্‌লিগ্যাল হবে।

**শ্রী এম. আনসারুদ্দিন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অবস্থা তারা করছেন, এটা বাস্তব অভিজ্ঞতার মধ্যে দিয়ে আমরা দেখছি।

**মিঃ ডেপুটি স্পিকার :** আপনি বসুন, আমি দেখছি।

**(এই সময়ে কোরাম বেল বেজে উঠল)**

**শ্রী এম. আনসারুদ্দিন :** [ * * * * * * * * * * ]

**মিঃ স্পিকার :** সুব্রত বাবু আপনার পয়েন্ট অব অর্ডার কি বলুন?

**শ্রী সুব্রত মুখার্জি :** আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে, আমি অ্যাটেনশন ড্র করেছি থ্রু দি ডেপুটি স্পিকার যে উনি যখন বক্তৃতা করেছিলেন তখন হাউসে কোরাম ছিল না। উনি এগ্রি করেন কারণ উনি বেল বাজান। বেল যখন বাজান দ্যাট মিনস উনি এগ্রি করেছেন যে হাউসে কোরাম নেই। সাধারণ প্রসিডিওর হচ্ছে যদি কোরাম না থাকে তাহলে হাউস অ্যাডজর্ন হয়, হাউসের প্রসিডিংস মেনটেন হতে পারেনা। সুতরাং আপনার কাছে আমি অনুরোধ করব যে বক্তৃতা উনি করেছেন সেটা রিপিট করুন, কারণ হাউসে কোরাম নেই, বেল বাজবে, আবার উনি বক্তৃতা করে যাবেন, এটা হয়না। কাজেই I humbly request you এটাকে প্রসিডিংস থেকে বাদ দিয়ে আবার নূতন করে বক্তৃতা দিতে বলুন।

* * * * [ Expenged as order by the chair ]

**মিঃ স্পিকার ঃ** ঠিক আছে, আমি রুলস দেখে যা করতে হবে সেটা করবো। রুল না দেখে কিছু সিদ্ধান্ত নিতে পারছি না। আপনি বলেছেন, I will go through the rules. I will understand the legal position. Then I will pass the necessary orders.

[6-25 – 6-35 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, এখানে প্রশ্ন উঠেছে, হাউসে যদি কোরাম না থাকে, তাহলে হাউস কি বৈধভাবে চলতে পারে? কোনো মিটিং-এ যদি কোরাম না থাকে তাহলে সেই মিটিং-এর প্রসিডিংস ইনভ্যালিড হয়ে যায়। অতএব কোরাম না থাকার জন্য যে সময়টুকু বেল বেজেছে সেই সময়টুকু আপনি প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করে দিন।

**মিঃ স্পিকার ঃ** I shall go through the rules, এর মধ্যে রুসল-এর ব্যাপার, আমাকে রুলস দেখতে হবে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, হাউসটাকে ধ্বংস করবেন না, হাউসটাকে বাঁচান।

**মিঃ স্পিকার ঃ** লোকসভায় কি হয় জানেন? সুতরাং I shall go through the rules and pass the order.

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত তিন তারিখ মাননীয় রাজ্যপাল এই হাউসে যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের উপর মাননীয় সদস্য শ্রী শচীন সেন মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি।

স্যার, রাজ্যপালের ভাষণ আমি পুঙ্খানুপুঙ্খরূপে পড়েছি এবং দেখেছি তার মধ্যে দুটো দিক আছে। একটা দিক হচ্ছে গ্রাম উন্নয়নের কথা, আর একটা দিক হচ্ছে সাধারণভাবে সমস্ত রকম উন্নয়নের কথা। গ্রাম উন্নয়নকে এই সরকার সব চেয়ে বেশি প্রাধান্য দিচ্ছেন। আমরা যাঁরা গ্রামাঞ্চল থেকে এখানে জনপ্রতিনিধি হয়ে এসেছি তাঁরা নিশ্চয়ই চাইছি এটা হোক। সেই পরিপ্রেক্ষিতেই গ্রামের সাধারণ মানুষ থেকে আরম্ভ করে তফসিলি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষদের জন্য, কৃষক, শ্রমিক প্রভৃতির উন্নয়নের জন্য এই সরকার যা করেছেন তা রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে তুলে ধরা হয়েছে। শহরাঞ্চল সম্বন্ধে এই ভাষণের মধ্যে বিশেষ কিছু উল্লেখ করা হয় নি। আমাদের বিরোধী বন্ধুরা শহরাঞ্চল থেকেই বেশি নির্বাচিত হয়ে এসেছেন, ফলে তাঁদের এই ভাষণের বিরুদ্ধে কিছু ক্ষোভ রয়েছে। আরো একটা তাঁদের ক্ষোভের কারণ হচ্ছে যে রাজ্যপাল রাষ্ট্রপতির এবং প্রধানমন্ত্রীর দ্বারা মনোনীত তিনি বামফ্রন্টের রচিত ভাষণ এখানে পাঠ করে যাচ্ছেন এবং বামফ্রন্ট সরকারের এখানে প্রশংসা করছেন। এই ক্ষোভ থেকে তাঁদের মনে একটা জ্বালার সৃষ্টি হচ্ছে। সেই জ্বালা, ক্ষোভ তাঁরা যেমন এখানে প্রকাশ করছেন তেমনি আবার তা বাইরে গিয়ে করছেন।

স্যার, রাজ্যপালের ভাষণের মধ্যে গ্রাম বাংলার যে সমস্ত জায়গায় বন্যা, খরা হয় সে সমস্ত জায়গার জনসাধারণ, দরিদ্র কৃষকদের কি ভাবে সরকার থেকে সাহায্য করা হচ্ছে, তা উল্লেখ করা হয়েছে। ঘর তৈরি করার জন্য টাকা দেওয়া হচ্ছে, কৃষি ঋণ ছাড় দেওয়া হয়েছে।

এ সব উল্লেখ করার জন্য আমরা নিশ্চয়ই রাজ্যপালকে ধন্যবাদ জানাব।

স্যার, বিরোধী পক্ষ থেকে রাজ্যপালের ভাষণের উপর যে সমস্ত অ্যামেন্ডমেন্টগুলি দেওয়া হয়েছে সেগুলি দেখে আমি আশ্চর্য হয়ে গেলাম। সুনীতি বাবু অ্যামেন্ডমেন্ট দিয়েছেন, "বীরভূম জেলার সিউড়ি আর. ডি গার্লর্স স্কুলের ম্যানেজিং কমিটি কেন বাতিল করা হল? এটা রাজ্যপাল বললেন না কেন"? তারপরে আবার দিয়েছেন, "বীরভূম জেলায় নেতাজী বিদ্যালয়ে নবম ও দশম শ্রেণী চালু করা হচ্ছে না কেন"? এটাও রাজ্যপালের ভাষণে নেই। তা এই সব ছোটখাট জিনিস যদি রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করতে হয় তাহলে তো খুবই মুশকিল! এ রকম তো সারা পশ্চিমবাংলায় অনেক ঘটনা আছে, তাহলে কি রাজ্যপালের ভাষণের মধ্যে যে সমস্ত কিছুই রাখতে হবে? তারপরে বিরোধী দলের হাওড়ার একজন সদস্য বললেন, "হাওড়ার বাঁধাঘাটের শ্মশান ঘাটে কোনো বৈদ্যুতিকরণ হল না, সংস্কার হল না"? এর জন্য তিনি দুঃখ প্রকাশও করলেন। আরো বললেন, "হাওড়া 'হরগঞ্জ বাজার'-এর কথা"। এই সব ছোটখাট আঞ্চলিক কথার অবতারণা করে হাওড়ার ভোটারদের কাছে তিনি দেখাতে চাইছেন যে, বামফ্রন্ট এসব গ্রহণ করে নি, তাঁকে ভোটে হারিয়ে দিয়েছে এবং তিনি বাহবা নিতে চাইছেন। এ রকম কতগুলি অযৌক্তিক অ্যামেন্ডমেন্ট তাঁরা দিয়েছেন।

স্যার, আমরা লক্ষ্য করছি রাজ্যপালের ভাষণের মধ্যে কতগুলি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করা হয়েছে। যেমন — হলদিয়া পেট্রো-কেমিক্যাল, জাহাজ নির্মাণ কারখানা ইত্যাদির কথা। এই প্রকল্পগুলি '৭৮ সালে জনতা সরকার অনুমোদন করেছিল, কিন্তু পরবর্তীকালে ইন্দিরা সরকার বা তাঁর পুত্র রাজীব সরকার আর অনুমোদন দিচ্ছে না। ফলে সঠিক কারণেই আজকে কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করা হচ্ছে। এর দ্বারা পশ্চিমবাংলাকে শিল্প বাণিজ্যের সম্প্রসারণের সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে। কই এইসব কথা অ্যামেন্ডমেন্টের মধ্যে একটি জায়গাতেও আনেননি? আপনাদের কোনো সদস্যই এইসব কথা অ্যামেন্ডমেন্টের মধ্যে আনতে পারলেন না। কিন্তু এটা আনা উচিত ছিল। গ্রামীণ নলকূপের ব্যাপারে যা করা হয়েছে — নিশ্চয়ই সেন্ট্রাল থেকে টাকা আসবে — সেই সম্পর্কে এখানে একটি কথাও রাখতে পারলেন না। কংগ্রেস জানেন, এখান থেকে যে সমস্ত প্রকল্পগুলি গিয়েছিল দিল্লিতে, তারমধ্যে প্রায় সবকটা প্রকল্পের জন্যই আর্থিক অনুমোদন আসেনি অর্থাৎ পশ্চিমবঙ্গের ভাগ্যে আর্থিক অনুমোদন জোটেনি। যার ফলে প্রকল্পগুলি বাস্তবায়িত হচ্ছে না। অথচ এইসব প্রকল্পগুলি আমরা করার চেষ্টা করছি। বামফ্রন্ট সরকার এইসব প্রকল্পগুলি রূপায়িত করার আপ্রাণ চেষ্টা করছে। সুতরাং এ ব্যাপারে আপনাদের সহানুভূতি থাকা উচিত ছিল। সহানুভূতি যদি না থাকে তাহলে কিছুতেই পশ্চিমবাংলার অগ্রগতি হতে পারে না, ডেভেলপ হতে পারে না। এক্ষেত্রে আমাদের সঙ্গে সুর মেলানো দরকার ছিল। আপনারা আইন-শৃঙ্খলার কথা বলছেন। এখানে আদিবাসী অনুন্নত শ্রেণীর উপর কোনোভাবেই কোনো অত্যাচার হয়নি। কংগ্রেস শাসিত রাজ্যে এইসব অত্যাচার হচ্ছে যেমন, উত্তর প্রদেশ, বিহার প্রভৃতি রাজ্যে। এখানে যদি এইরকম হত তাহলে কংগ্রেসিরা খুশি হতেন। রাজ্যপালের ভাষণের মধ্যে এইসব কথা নেই বলে দোষী হয়েছেন। ওঁরা আইন-শৃঙ্খলার কথা বলছেন? বোম্বেতে যে কংগ্রেস অধিবেশন হয়ে গেল তাতে আমরা কাগজে কি দেখতে পেলাম? দেখতে পেলাম, নিজেদের

মধ্যে ওনারা মারপিট করছেন। শেষে পুলিশের সাহায্য নিতে হল। পুলিশের সাহায্য না নিলে এক বিশৃঙ্খল অবস্থার সৃষ্টি হত। এরপর নাগপুরে যে যুব-ছাত্র সম্মেলন হল সেখানেও আমরা দেখলাম এক বিভৎস্য ব্যাপার। সুতরাং এদের মুখে আইন-শৃঙ্খলার কথা মানায়না। আজকের কাগজে দেখলাম, দিল্লিতে প্রণব মুখার্জির গাড়ি পুড়িয়ে দিয়েছে। খোদ দিল্লিতে প্রাক্তন অর্থমন্ত্রীর গাড়ি পুড়িয়ে দেওয়া হল। ৩ তারিখে দেখলাম, ছাত্র পরিষদ বিধানসভায় এসে হামলা করতে শুরু করে দিল। এখন দেখছি, কংগ্রেসিদের হামলা বন্ধ করতে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে সব পুলিশ বাহিনীকে নিয়োগ করতে হবে, এছাড়া আর কোনো গত্যান্তর দেখছি না। আমার এলাকায় কয়েকদিন আগে ডাকাতির কেসে কয়েকজন সমাজ-বিরোধিকে পুলিশ ধরেছিল। তখন দেখেছি ঐ কংগ্রেসি বন্ধুরা তাদের ছাড়াতে গেছে। কারণ তারা নাকি কংগ্রেস (আই) করে। সুতরাং এই হচ্ছে কংগ্রেস। সুতরাং ওদের কাছ থেকে এইসব কথা শোনা হাস্যস্পদ ব্যাপার বলে মনে করি। এই কংগ্রেসিরা ১৯৭০ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য এনেছিলেন। যে সমস্ত শিক্ষকেরা পরীক্ষা নিতেন তাদের ছুরি দেখিয়ে, বোমা দেখিয়ে ছাত্রদের পাশের ব্যবস্থা করেছিলেন। সুতরাং আবার তারা শিক্ষাক্ষেত্রে অরাজকতা আনতে চান। রাজ্যপালের ভাষণে শিক্ষাত্রের শৃঙ্খলা ফিরে আসার জন্য ওনারা অখুশি হয়েছেন। সুতরাং এইসব কথা অ্যামেন্ডমেন্টের মধ্যে আনা উচিত ছিল। আজকে দেখছি, কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিতে যাচ্ছেন যে স্কুল ফাইনাল এবং হায়ার সেকেন্ডারী পরীক্ষা উঠিয়ে দেবার জন্য। এতে করে আমাদের কি অবস্থার মধ্যে পড়তে হবে? বিশেষ করে গ্রামাঞ্চলের ছাত্রদের কি দুরবস্থা হবে? এইসব কথা যদি বলতে পারতেন তাহলে আমরা খুশি হতাম। এইদিকটা আমাদের চিন্তা করার ব্যাপার আছে। আইন-শৃঙ্খলার কথা ওনারা যেটা বলছেন, ভ্রান্ত পথে চলেছেন বলে ওনারা তাই বলছেন। ভ্রান্ত পথের মানুষ তাই ভ্রান্ত পথে যাচ্ছে। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** My attention has been drawn to a point of order raised by Shri Subrata Mukherjee that there was a lack of quorum at certain point of time and when the quorum bell was ringing the honourable member, Shri Ansaruddin continued his speech during that time. In this connection I would refer to page 328 of practice and procedure by Kaul and Shakdher where it has been obsereved that "the quorum to constitute sitting of the House in one-tenth of the total number of the members of the House. If any time during the sitting there was no quorum, it is the duty of the Speaker or the person acting as such either to adjourn the House or suspend the sitting until there is quorum" So, under the circumstances, the House should have been suspended for the time being and as such the speech which has been delivered by Shri Ansaruddin, when quorum bell was ringing, will be expunged from the record.

[6-35 - 6-45 P.M.]

**Shri Bimalananda Mukherjee :** Then what will happen to his Speech ?

**Mr. Speaker :** Nothing will happen. That portion of his speech which he delivered while the quorum bell was ringing would be expunged. He must be in the know of the rules. When he did not sit down while the quorum bell was ringing he did it at his own risk. He should have sat down when the quorum bell was ringing.

Now, I call upon Shri Tarapada Sadhukhan.

**শ্রী তারাপদ সাধুখাঁ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৩ তারিখে আমাদের শ্রদ্ধেয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ এই সভায় দিয়েছেন সেই ভাষণ অধিকাংশ ক্ষেত্রে অসত্য এবং বামফ্রন্ট সরকারের লিখিত একটা মন যোগানো ভাষণ বলে আমি একে অভিহিত করছি। অবশ্য, আমি আইন-শৃঙ্খলা বা বিভিন্ন বিষয়ের উপর মাননীয় সদস্যেরা যে সব বক্তব্য রেখেছেন সেগুলি বাদ দিয়ে একটা অংশের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করব। আমি আপনাদের সামনে যেটা তুলে ধরব আপনারা সেটা ভাল করে বিচার করে দেখবেন। রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণের ২৪ ধারায়, ৮ পাতায় লিখেছেন পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম, আমি আমার বক্তব্যটুকু এই পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমের উপর ধরে রাখতে চাই। এখন আমার দুঃখ লাগে যে রাজ্যপালের ভাষণের ভিতর দিয়ে ওঁরা কেন্দ্রীয় সরকার করেছেন? এই পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমের মধ্যে দিয়ে তাঁরা যে উপকার করেছেন তা আপনাদের কারো জানা আছে? যেমন গত পূজার আগে বাজারে চিনির সঙ্কট সৃষ্টি হয়েছিল। তখন একদিন বিশ্বনাথ প্রতাপ সিং মহাশয় কাগজে প্রকাশ করেছিলেন যে বাইরের চিনিতে বাজারে বন্যা বইয়ে দেব, সে কথা শুনে আমরা হেসে বলেছিলাম এরকম কথা কেন বলা হল। কিন্তু বাস্তব ক্ষেত্রে পূজোর সময় এখানে বাইরের চিনিতে ভরে গিয়েছিল। এই পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম যে আমাদের কতবড় উপকার করেছে এবং এই ডিস্ট্রিবিউশনের মধ্যে দিয়ে আমরা বাঁচতে পেরেছি। কেন্দ্রীয় সরকারের এই সহযোগিতাকে রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে ধন্যবাদ দেওয়া উচিত ছিল। দ্বিতীয় নম্বর হচ্ছে; গমের অনিয়মিত সরবরাহের একটা কথা আপনাদের সামনে তুলে ধরতে চাই। গত ১৯৮৪ সালের আগস্ট মাসে শ্রীমতী ইন্দিরা গান্ধী গমের দাম কুইন্টালে ৩৬ টাকা কমিয়ে দিয়েছিলেন। আমি আপনাদের কাছে তার মেমো নম্বর দিচ্ছি — ডি. ডি. পি. এস./গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল/অর্ডার নং ৬২৭৬/এফ. এস./১৪ এফ-৮/৮২, ডেটেড টোয়েনটিফার্স্ট আগস্ট, ১৯৮৪। সেই তারিখে ২০৮ টাকা থেকে মিলের গমের দাম হল ১৭২ টাকা, অর্থাৎ ৩৬ টাকা কমল। তার ফলে পশ্চিমবঙ্গ সরকার আটার দাম বাঁধলেন ১৭৬ টাকা, ভুমির দাম ১২৫ টাকা, ময়দার দাম ২৭৬ টাকা থেকে ২৩৪ টাকা। এখন একটা প্রশ্ন এই এক বছরে কুইন্টালে ৩২ টাকা গমের দাম কমল। আপনারা গ্রামে গিয়ে জিজ্ঞাসা করবেন তো ঐ ১৯৮৪ সালে ১.৮০ পয়সা কে. জি. দরে কেউ আটা কিনেছেন কিনা?

বামফ্রন্ট সরকার কেন চুপ করে বসে ছিলেন? তাঁরা কি গিয়ে একবার খোঁজ নিয়েছিলেন যে ১ টাকা ৮০ পয়সা কেজির আটা ৩ টাকায় বিক্রি হচ্ছে কেন? সেখানে এই পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমের মাধ্যমে কোনো সুবিধা দিতে পারেন নি। সেদিন ভাষণ দানকালে আপনাদের তরফ থেকে ভূষি কেলেঙ্কারির কথা তোলা হয়েছে। আজকে ১২৫ টাকা গভর্নমেন্টের তরফ থেকে ভূষির দাম বেঁধে দেওয়া হয়েছে, কিন্তু বাজারে ১৮০ টাকা দামে ভূষি বিক্রি হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার কিন্তু চুপ করে বসে আছেন। যে দামেই এসব জিনিস বিক্রি হোক না কেন, কেন্দ্রীয় সরকার ১ টাকা দরে গম দিলেই তাঁরা খুশি। কাজেই এখানে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম নষ্ট হয়ে গেছে। কেরোসিন তেলের ব্যাপারে একটি ডিলার যার ৫০০ কার্ড আছে — সে ১ হাজার লিটার তেল নিচ্ছে। সেখানে কি খবরদারির প্রয়োজন নেই যে, সে ৫০০ লিটারের উপর আরো ৫০০ লিটার কেরোসিন তেল কি করছে? গমের ব্যাপারে কেন্দ্রীয় সরকার ১২ তারিখে একটি সার্কুলার ইস্যু করেছেন। এই নোটিফিকেশনে বলা হয়েছে যে, এখন থেকে মিলগুলি ইচ্ছা করলে যতখুশি গম ফ্রি মার্কেট থেকে কিনতে পারবে। ২৮শে ফেব্রুয়ারি এটা স্টেট গভর্নমেন্টকে জানিয়েও দেওয়া হয়েছে। ১৯৮০ সালে যখন একবার গমের এই রকম ফ্রি মার্কেট হয়েছিল তখন বামফ্রন্ট সরকার ডি. এম.-দের অর্ডার দিয়ে বলে দিয়েছিলেন যে, গরিব লোক ছাড়া এই লাইসেন্স দেবেন না। ওঁদের এম. এল. এ.-রা লাইসেন্সের জন্য সেই সময় ছোটাছুটি করেছেন। সেই সময় ১৫০ টাকা দাম দিয়ে মহারাষ্ট্র গম নিয়ে গেছে, কিন্তু লাইসেন্স না থাকায় আমাদের এখানে গম আসে নি। আপনারা বলে দিলেন যে, ৫০ লক্ষ টাকা যার আছে সে বড়লোক নয় এবং তাদেরকে লাইসেন্স দেওয়া হোক। সেই সময় ঐ লাইসেন্স দেবার ফলে আমাদের রাজ্যে ২০০ টাকা দরে গম আমদানি হল। আজকে ১০ই ফেব্রুয়ারি ফ্রি সেলের অর্ডার হয়েছে, কিন্তু আজ পর্যন্ত লাইসেন্স দেন নি। যাঁরা বামফ্রন্ট সরকার চালাচ্ছেন তাঁরাই পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম চালু করেছেন এবং সেই কারণেই প্রশ্ন উঠেছে যে, সরকারের তরফ থেকে এ ব্যাপারে কোনো খবর নিচ্ছেন না। আজকে কেন্দ্রীয় সরকার যদি ১ টাকা দরে গম চাল দেন, তাহলেও কিন্তু আপনারা সেটা বিলি করতে পারবেন না। আপনারা ভেবেছেন, আর. এল. ই. জি. পি.-র গম পেলেই সব কিছু হয়ে যাবে। কাজেই বর্তমান রাজ্যপাল মহাশয়ের ভাষণ অসত্যতায় পূর্ণ, ভালবাসা নেই এতে। সেইজন্য একে সমর্থন করতে পারছি না। এই ক'টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Before I adjourn the House today, I would make some comments to Shri Patit Paban Pathak. Today there is no quorum. It is the Budget Session and an important debate on Governor's Address is going on. It is very unfortunate that there is no quorum for a certain period of time.

I would request all the Members, more so the Treasury Benches that they will see that there is quorum in the House.

The Hon'ble Parliamentary Affairs Minister will issue proper whips to the M. L. A.-s that the quorum in the House is maintained. It is shameful that when the important business of the House debate on Governor's Address — is going on there is no quorum.

I hope that this will not repeat in future. With this sense, the House stands adjourned till 1 P.M. on Monday, the 10th March, 1986.

## ADJOURNMENT

The House was then accordingly adjourned at 6.45 P.M. till 1 P.M. on Monday, the 10th March, 1986 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House Calcutta on Monday, the 10th March, 1986 at 1-00 p.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 11 Ministers of State and 149 Members.

[1-00—1-10 P.M.]

## Starred Questions
## (to which oral answers were given)

### উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কে সমর মুখার্জি কমিটির রিপোর্ট

*৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬০।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন প্রসঙ্গে "সমর মুখার্জি কমিটির রিপোর্ট" অনুযায়ী এই রাজ্যে উদ্বাস্তুদের ত্রাণ ও পুনর্বাসন সংক্রান্ত অসমাপ্ত পরিকল্পনাসমূহ সমাপ্ত করার জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ কত;

(খ) উল্লিখিত অর্থ কোনো্ কোনো্ রাজ্যে ব্যয় করার জন্য উক্ত কমিটি সুপারিশ করেছেন;

(গ) ১৯৮১তে "সমর মুখার্জি কমিটির রিপোর্ট" প্রকাশিত হওয়ার পর অদ্যাবধি উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বাবদ কি পরিমাণ অর্থ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গেছে; এবং

(ঘ) ইহা কি সত্য যে, এই রাজ্যের উদ্বাস্তুদের ত্রাণ এবং পুনর্বাসন সংক্রান্ত সমস্যাটির প্রতি কেন্দ্রীয় সরকার যথাযথ গুরুত্ব দিচ্ছেন না?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ**

(ক) ৭৫০ কোটি টাকা।

(খ) উল্লিখিত অর্থ নিম্নলিখিত কাজে ব্যয় করার জন্য উক্ত কমিটি সুপারিশ করেছেন ঃ

(১) উদ্বাস্তু পরিবার সমূহের সুষ্ঠু পুনর্বাসন,

(২) পুনর্বাসনের জন্য জমি অধিগ্রহণ

(৩) উদ্বাস্তু কলোনিগুলির উন্নয়ন

(৪) হেরোভাঙ্গা প্রকল্প রূপায়ণ

(৫) উদ্বাস্তু পরিবার সমূহের অর্থনৈতিক পুনর্বাসন।

(গ) ১৯৮১তে সমর মুখার্জি কমিটি রিপোর্ট প্রকাশিত হওয়ার পর উক্ত রিপোর্টের ভিত্তিতে ত্রাণ ও পুনর্বাসন বাবদ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনো অর্থ পাওয়া যায়নি এবং

(ঘ) ইহা সত্য যে, এই রাজ্যের উদ্বাস্তুদের ত্রাণ ও পুনর্বাসন সংক্রান্ত সমস্যাটির প্রতি কেন্দ্রীয় সরকার যথাযথ গুরুত্ব দিচ্ছে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, সম্প্রতি বিভিন্ন রাজ্যের শিক্ষা সচিবদের নিয়ে কেন্দ্রীয় সরকার উদ্বাস্তু পুনর্বাসনের প্রশ্নে যে মিটিং ডেকেছিলেন, সেই মিটিংয়ের এজেন্ডাতে যে নোট দেওয়া হয়েছিল, তাতে এই সমস্যাটিকে—পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তু সমস্যাটিকে—পড়ে থাকা একটি ভগ্নাংশ বা রেসিডিউয়াল প্রবলেম হিসাবে আখ্যা দিয়েছেন, একথা সত্য কি না? যদি সত্য হয়, তাহলে এ সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কোনো প্রতিবাদ কেন্দ্রীয় সরকারের কাছে রেখেছিলেন কিনা; যদি প্রতিবাদ রেখে থাকেন, তাহলে তা কি ভাবে এবং সেটা কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি:** মাননীয় সদস্য অতিরিক্ত প্রশ্ন হিসাবে এখানে যা জানতে চাইলেন সে সম্পর্কে আমি জানাই যে, একথা ঠিক যে ১৯৮৬ সালের ২২শে ফেব্রুয়ারি তারিখে দিল্লিতে 'ত্রাণ ও পুনর্বাসন' সম্পর্কে একটি সম্মেলন হয়েছিল। উক্ত সম্মেলনটি ডেকেছিলেন অভ্যন্তরীণ নিরাপত্তা দপ্তরের মন্ত্রী শ্রী অরুণ নেহরু মহাশয়। ঐ সম্মেলনে আমি উপস্থিত ছিলাম। উক্ত সম্মেলনে শ্রী অরুণ নেহরু মহাশয় যে ভাষণ দিয়েছিলেন, সেই ভাষণের মধ্যে উল্লেখ ছিল যে উদ্বাস্তু পুনর্বাসন সমস্যার মূলত সমাধান হয়ে গেছে।

শ্রী নেহরু বলেন রেসিডিউয়ারি অথবা ছিটেফোঁটা যে কাজ অবশিষ্ট আছে তার জন্য রাজ্য সরকারগুলিকে তৎপরতার সঙ্গে কাজ শুরু করতে বলা হচ্ছে। সেই সম্মেলনে রাজ্যসরকারের পক্ষ থেকে আমি নিজে ছিলাম। এবং যখন সচিব সম্মেলন হয়েছিল সেই সম্মেলনে পশ্চিমবঙ্গের উদ্বাস্তু পুনর্বাসনের সচিব, এই রেসিডিউয়ারি তথ্যের তীব্র বিরোধিতা করেন। আমিও সেখানে তার বিরোধিতা করে এই বিষয়ে একটা ভাষণ দিই। সেই ভাষণ দেওয়ার পরে এই নিয়ে একটা প্রেস কনফারেন্স করেছিলাম। সেই প্রেস কনফারেন্সে আমি এই কথা বলি যে এই রেসিডিউয়ারি তথ্য মারাত্মক, উদ্বাস্তু পুনর্বাসন ব্যাপারে পশ্চিমবঙ্গে রাজ্য সরকার এর সম্পূর্ণ বিরোধী। মাননীয় স্পিকার মহাশয় যদি অনুমতি দেন তাহলে আমি সমস্তটা কোট করে স্পিচের কপি আপনাদের সামনে উপস্থিত করব। Government of West Bengal has strongly opposed the Government of India, residuary theory which sought to minimise the magnitude of the refugee problem in West Bengal.

**শ্রী দেবপ্রসাদ সরকার:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলার এই উদ্বাস্তু পুনর্বাসন সংক্রান্ত সমস্যা সম্পর্কে এই রাজ্যের ন্যায্য দাবি আদায় করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে এই পশ্চিমবঙ্গের বিধানসভার থেকে একটা সর্বদলীয় কমিটির মাধ্যমে একটা ডেপুটেশন দেওয়ার কথা ভাবছেন কি না?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি:** এই সম্পর্কে এখনো আমরা সরকারের পক্ষ থেকে কিছু ভাবি

নি। তবে বিধানসভার যে কার্যবিবরণী বেরোয় তাতে দেখলাম যে মাননীয় সদস্য শ্রী সাধন চট্টোপাধ্যায় ১৮৫ বিধি অনুযায়ী একটি নোটিশ দিয়েছেন মাননীয় স্পিকারের কাছে এবং তাতে বলেছেন যে পশ্চিমবঙ্গের উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা খুবই গুরুতর সমস্যা এবং এটা কেন্দ্রীয় সরকারকে বোঝাতে হবে। তার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কাছে একটা ডেপুটেশন দেওয়া উচিত।

**মিঃ স্পিকার ঃ** আপনার স্পিচের কপি যদি সদস্যদের মধ্যে বিতরণ করতে চান তাহলে আমার কাছে কপি পাঠিয়ে দেবেন, বিতরণ করে দেব।

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** হ্যাঁ কপি পাঠিয়ে দেব, বিতরণ করে দেবেন।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, (ক) প্রশ্নের উত্তরে আপনি বলেছেন ৭৫০ কোটি টাকা প্রয়োজনীয় অর্থ পরিমাণ হিসাবে ধরা হয়েছে। সমর মুখার্জি কমিটির রিপোর্টে যে ৭৫০ কোটি টাকা হিসাব করলেন কোনো সময়ে এই হিসাবটা করেছিলেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** ১৯৮১ সালে

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** ওই সময়ের ভিত্তিতে যে ৭৫০ কোটি টাকা চাওয়া হয়েছিল কেন্দ্রীয় সরকারের কাছে তা দিয়ে এখনকার হিসাবে সেই অভাব পূরণ করতে পারবেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** এই কথাটি ঠিকই যে মূল্যবৃদ্ধি যেভাবে ঘটছে তাতে অসুবিধা হবে। তারপরে খুব সম্প্রতি কেন্দ্রীয় সরকারের বাজেটের ফলে আরো মূল্যবৃদ্ধি ঘটছে। ১৯৮১ সালে ৭৫০ কোটি টাকা অত্যন্ত মডেস্ট টার্মে বা যুক্তিসঙ্গত হিসাবে কত পার্সেন্ট পড়বে তার হিসাব করা হয়েছিল। তবে নিশ্চয় এখন ৭৫০ কোটি টাকায় হবে না আরো বেশি লাগবে।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সমর মুখার্জি রিপোর্ট পেশ করেছিলেন তাতে দণ্ডকারণ্য প্রকল্প উল্লিখিত ছিল এবং সেই দণ্ডক প্রকল্পটিকে পরে ৩টি বিভিন্ন প্রদেশের অন্তর্ভুক্ত করা হয়েছে। এর ফলে এখানে বাঙালি উদ্বাস্তু যারা আছেন তারা তাদের ভাষা এবং কৃষ্টি অচিরে একেবারে ভুলে যাবেন। এই বিষয়ে আপনার দপ্তর কি ব্যবস্থা করছেন?

[1-10—1-20 P.M.]

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্পর্কে নোটিশ চাই। কারণ এটা এই প্রশ্নের মধ্যে আসে না, তবুও বলছি এখান থেকে একটা সর্বদলীয় কমিটি ভারতবর্ষের প্রধানমন্ত্রীর কাছে গিয়েছিল। আমি সেই কমিটির নেতৃত্ব করেছিলাম। তখন প্রধানমন্ত্রী স্বীকার করেছিলেন দণ্ডকারণ্যের বিষয়ে চূড়ান্ত নিষ্পত্তি করার আগে অন্তত পক্ষে সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে একটা সম্মেলন করা দরকার। সেই সম্মেলন পরবর্তীকালে হয়েছিল, তাতে মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু এবং আমি গিয়েছিলাম—উড়িষ্যা, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী বা তাঁদের প্রতিনিধিরাও ছিলেন। সেখানে একটা সিদ্ধান্ত হয়েছিল। তারপর পরবর্তীকালে সেই সিদ্ধান্তের কি ফলাফল হল আমরা মাঝে মাঝে তার একটা রিপোর্ট পাই। আমাদের চিফ

সেক্রেটারি বা রাজ্য সরকারের পক্ষ থেকে কেউ সেখানে যান, কিন্তু আমাদের কথার বিশেষ কোনো দাম থাকে না।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** ৮১ সালের পর উত্তরবঙ্গে আসাম থেকে প্রচুর উদ্বাস্তু এসেছে এবং এখনও আসছে। সেইজন্য একটা উদ্বাস্তু সমস্যা দেখা গিয়েছে। সেই পরিপ্রেক্ষিতে নূতনভাবে অ্যাসেসমেন্ট করার জন্য কোনো ব্যবস্থা রাজ্য সরকার নিয়েছেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** একটা রাজ্য থেকে যখন যে কোনো কারণে সেখানকার মানুষ উচ্ছেদ হয়ে অন্য রাজ্যে আসে তাদের বলা হয় এভাকুই। সুতরাং আসাম থেকে যারা আসছে তারা ভারতেরই নাগরিক এবং যে কোনো কারণেই হোক তারা এখানে এসেছে। এই বিষয়ে স্বরাষ্ট্র দপ্তর একটা হিসাব করছেন। সুতরাং তাদের সমস্যার কি করে সমাধান করা যায় এই বিষয়ে মুখ্যমন্ত্রী আসামের প্রাক্তন মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন। এবং তখন বলা হয়েছিল যে আসাম থেকে যারা আসছে তাদের সেখানে ফেরত নিয়ে যাওয়া হবে এবং তাদের সুষ্ঠু জীবনে ফিরিয়ে আনার চেষ্টা করা হবে। বর্তমানে যে নূতন সরকার এসেছেন তারা কি করবেন জানি না। ২২শে ফেব্রুয়ারি দিল্লিতে পুনর্বাসন মন্ত্রীদের সম্মেলনে গিয়েছিলাম তখন সেখানে আসাম গভর্নমেন্টের পক্ষ থেকে উদ্বাস্তু ত্রাণ পুনর্বাসন মন্ত্রী ছিলেন। তিনি এই সমস্যা সম্পর্কে কিছু বলেননি বরং তিনি বললেন আসাম অ্যাকর্ড কি করে কার্যকর করা হবে সেই বিষয়ে কার্যকর ব্যবস্থা যেন শ্রী অরুণ নেহেরু করেন।

**শ্রী সুভাষ বোস ঃ** পশ্চিমবাংলার সরকার ৩০ বছর পর স্বীকৃত উদ্বাস্তু কলোনির উদ্বাস্তুদের যে দলিল বিলি করেছেন তাতে ৯৯৯ বছরের শর্ত সুপারিশ করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছিলেন কি না এবং পাঠালে এই বিষয়ে কেন্দ্রীয় সরকার কি জানিয়েছেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** গতবার যখন বিধানসভার অধিবেশনে চলছিল সেই সময় মাননীয় সদস্যর প্রশ্নের বিষয় একটা সরকারি প্রকাশিত পুস্তক আমি এখানে উপস্থিত করেছিলাম এর মধ্যে বিষয় বস্তু ছিল পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর কাছে একটা চিঠি লিখেছিলেন তাতে এই প্রশ্ন পুনরায় করেছিলেন যে সরকারি স্বীকৃতি এবং জবরদখল কলোনি যেগুলি আরবান এরিয়ার মধ্যে অবস্থিত সেখানে ফ্রী হোল্ড টাইটেল দিতে ভারত সরকার আবার বিবেচনা করবেন কি না? অথবা পশ্চিমবঙ্গ সরকার তার নিজের জমিতে যেমন কল্যাণীতে, সল্ট লেকে ৯৯৯ বছরের ইজারা দিচ্ছেন সেই রকম ৯৯৯ বছরের ইজারা দেওয়া যায় কিনা তার জবাবে ভারতবর্ষের প্রধানমন্ত্রী আমাদের মুখ্যমন্ত্রীর কাছে লিখেছিলেন যতক্ষণ কেন্দ্রীয় সরকারের নীতির পুনর্মূল্যায়ন না হচ্ছে ততক্ষণ পর্যন্ত ৯৯ বছরের ইজারা ছাড়া আর কিছু দিতে পারবেন না। যে উদ্বাস্তু পুনর্বাসন মন্ত্রীদের সম্মেলন হল সেখানে আমি একথা তুলেছিলাম যে বিধানসভার কিছু সদস্য এই প্রশ্ন তুলেছেন যে কেন ফ্রি হোল্ড টাইটেল চিরস্থায়ী শর্ত দেওয়া হচ্ছে না, কিছু এম.পি. যাঁরা পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত হয়েছেন, বিশেষ রাজনৈতিক দলের পক্ষ থেকে, তাঁরাও আমাদের সরকারের বিরুদ্ধে একটা প্রচার করে বেড়াচ্ছেন যে পশ্চিমবঙ্গ সরকার শহরাঞ্চলে জবর দখল এলাকায় সরকার স্বীকৃত কলোনিতে চিরস্থায়ী শর্ত কেন দিচ্ছে না। সেজন্য আপনি এখানে নির্দেশ দিন কি করা হবে, চিরস্থায়ী সত্বের অথবা ৯৯৯ বছরের ইজারা দেওয়া যাবে কি না। আমি বলেছিলাম আইনগত কোনো বাধা থাকতে পারে না ৯৯৯ বছরের ইজারা দিতে। কিন্তু দুঃখের বিষয় আমি এখনও তার জবাব পাইনি।

## মডেল স্কুল

***৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫।) শ্রী অমলেন্দ্র রায়ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইউনিয়ন সরকার প্রস্তাবিত মডেল স্কুল চালু করা সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত হয়েছে কি; এবং

(খ) হয়ে থাকলে, ঐ স্কুলগুলো কোথায় হবে—গ্রামে না শহরে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) মডেল স্কুলের প্রস্তাব কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত শিক্ষানীতিরই একটি অঙ্গ, শিক্ষানীতি যখন চূড়ান্ত হয়নি তখন মডেল স্কুলের প্রস্তাবও চূড়ান্ত না হওয়ারই কথা, কিন্তু কেন্দ্রীয় সরকারের মানবিক সম্পদ উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রী বিগত শিক্ষা মন্ত্রী সম্মেলনে তাঁর বক্তৃতায় বলেছেন যে কয়েকটি জায়গায় এই মডেল স্কুল ইতিমধ্যে স্থাপিত হয়েছে।

(খ) সর্বশেষ কেন্দ্রীয় সরকারের নিকট হতে প্রাপ্ত তথ্য থেকে জানা যায় যে জেলা সদর শহরের বাইরেই এই বিদ্যালয়গুলি স্থাপন করতে কেন্দ্রীয় সরকার ইচ্ছুক তবে গ্রামে না শহরে তা এখনও জানা যায় নি।

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি মডেল স্কুল সম্বন্ধে কোঠারী কমিশনের যে সমস্ত সুপারিশ বা মন্তব্যাদি আছে তার সঙ্গে ভারত সরকারের যে বর্তমান অবস্থা এবং এই সম্পর্কে রাজ্য সরকারের যে বর্তমান অবস্থা এই দুটো কি সেই মন্তব্যের পরিপ্রেক্ষিতে মিলছে, না মিলছে না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** বিখ্যাত কোঠারী কমিশন মডেল স্কুল সম্পর্কে স্পষ্টভাবে বলেছিলেন যে আমরা সমস্ত শক্তি দিয়ে মডেল স্কুলের বিরোধিতা করছি। ১৭ জন সদস্য বিশিষ্ট কোঠারী কমিশন সর্বসম্মতভাবে মডেল স্কুল প্রকল্পের বিরোধিতা করেছিলেন। তাঁরা মডেল স্কুলের বিকল্প হিসাবে কমন স্কুলের প্রস্তাব করেছিলেন। দেশে যদি কয়েকটা মডেল স্কুল করা হয় তাহলে গুটি কয়েক ছাত্র শিক্ষার সুযোগ পাবে, সমাজের বেশির ভাগ অংশ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হবে। সেজন্য তাঁরা কমন স্কুলের প্রস্তাব করেছিলেন যার মধ্য দিয়ে দেশে সার্বিক শিক্ষার প্রচলন হবে। পশ্চিমবঙ্গ সরকার কোঠারী কমিশনের সাথে সম্পূর্ণ একমত।

[1-20—1-30 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে ১৯৮৬-৮৭ সালে এই বাবদ কত টাকা বরাদ্দ হয়েছে এবং কিভাবে শিক্ষা দেওয়া হবে সে সম্বন্ধে আপনি আমাদের আলোকপাত করতে পারেন কি?

**শ্রী কান্তি বিশ্বাসঃ** ১৯৮৬-৮৭ সালে কেন্দ্রীয় সরকার এই বাবদ ২৫ কোটি টাকা বরাদ্দ করেছেন। ২২টি রাজ্যে এবং ৯টি কেন্দ্রীয় শাসিত রাজ্যে একটি করে ৩১টি মডেল

স্কুল চালু হবে এবং প্রতিটির জন্য ৮১ লক্ষ টাকা ব্যয় করা হবে। শিক্ষার ভাষা হবে অঙ্ক এবং বিজ্ঞান ইংরাজী ভাষায় এবং অন্যগুলি হিন্দী ভাষার মাধ্যমে শিক্ষা দেওয়া হবে।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** তাহলে এইসব মডেল স্কুল যে হচ্ছে, সেখানে প্রাদেশিক ভাষার স্থান কোথায়?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** অহিন্দী এলাকায় মাতৃভাষার স্থান তিন নম্বরে। প্রথম ইংরাজী, পরে হিন্দী এবং শেষে মাতৃভাষা।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে গত ২৩ এবং ২৪শে জানুয়ারিতে জাতীয় শিক্ষানীতির উপর দিল্লিতে যে শিক্ষামন্ত্রীদের সম্মেলন হয়ে গেল, সেখানে কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রকের পক্ষ থেকে চ্যালেঞ্জ অব এডুকেশন সম্পর্কে যে বক্তব্য রেখেছিল, তা ছাড়া বাড়তি কোনো প্রস্তাব রেখেছিল কিনা এবং থাকলে কি প্রস্তাব ছিল এবং সে সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের নির্দিষ্ট কি বক্তব্য ছিল, অর্থাৎ কেন্দ্রীয় সরকারের বক্তব্য এবং পশ্চিমবঙ্গ সরকারের বক্তব্যের প্রতিলিপি, এই বিধানসভার সদস্যদের পাবার কোনো সুযোগ আছে কিনা—সেটা জানাবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** গত ২৩ এবং ২৪ তারিখে যে আলোচনা হয়েছে, সেখানে একমাত্র পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে লিখিত বক্তব্য রাখা হয়েছিল। আমরা এই দপ্তরকে ইতিমধ্যে তার কপি মাননীয় সদস্যদের বিলি বন্টন করার জন্য নির্দেশ দিয়েছি। কেন্দ্রীয় সরকারের প্রস্তাবের শুধু দুটি ক্ষুদ্র ক্ষেত্র ছাড়া, আমরা সর্বক্ষেত্রেই বিরোধিতা করেছি।

**মিঃ স্পিকার ঃ** এই সমস্ত কপিগুলি আমাদের কাছে পাঠিয়ে দিলে, আমরা সেগুলি এখানে বিলি করে দিতে পারি।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** সেই ব্যবস্থা করব।

**শ্রী সরল দেব ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, কেন্দ্রীয় সরকারের প্রয়োগ করা ই.এস.এম.এ, এন.এ.এস.এ আমরা যেমন বর্জন করেছি তেমনি এই মডেল স্কুলকে আমরা প্রত্যাখ্যান করতে পারি কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** সংবিধানে সুযোগ আছে। তবুও এখনও পর্যন্ত আমরা নির্দিষ্টভাবে এই মডেল স্কুল স্থাপন করার কোনো প্রস্তাব আমাদের কাছে আসেনি। আসলে মন্ত্রিসভা সে সম্বন্ধে সিদ্ধান্ত নেবেন।

**শ্রী নীরোদরায় চৌধুরী ঃ** ভারতবর্ষে মোট কতগুলি মাধ্যমিক বিদ্যালয় আছে, এরজন্য কেন্দ্রীয় সরকার কত অর্থ বরাদ্দ করে থাকেন, আর এই প্রস্তাবিত মডেল স্কুলের জন্য কত টাকা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ববাদ্দ করা হবে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** বর্তমানে ভারতবর্ষে সর্বশেষ মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা হল ৫৫ হাজার। এই ৫৫ হাজার মাধ্যমিক বিদ্যালয়ের জন্য কেন্দ্রীয় সরকার কোনো অর্থ বরাদ্দ করেন না তাদের বাজেটে। শুধু কেন্দ্রীয় সরকার কর্তৃক তাদের কর্মচারিদের জন্য পরিচালিত যে ৪১৯ টি সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন স্কুল আছে তারজন্য বরাদ্দ করেছেন,

বাকি বিদ্যালয়ের জন্য কোনো টাকা বরাদ্দ করেন নি।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** জাতীয় সংহতির দিকে লক্ষ রেখে কেন্দ্রীয় সরকার জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন করার কথা ভাবছেন এবং প্রস্তাব নিয়েছেন। এখনো অবধি লোকসভায় জাতীয় শিক্ষা নীতি সরকারিভাবে পেশ করা হয়নি। এই পরিপ্রেক্ষিতে ২৩/২৪ জানুয়ারি পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি হিসাবে আপনি মডেল স্কুল ছাড়া আর কোনো কোনো ইমপর্ট্যান্ট ইস্যুর উপর আপনাদের বক্তব্য, মনোভাব জানিয়েছেন, সেটা কালকে সভায় দেবেন বলছেন, তবুও তারমধ্যে দু-একটি বিষয়ে সভায় আলোকপাত করবেন কি?

**মিঃ স্পিকার ঃ** You will get the statement to-morrow. Why are you asking that question today ? এর মধ্যে যা আছে আপনি কালকে তো সব স্টেটমেন্টই পেয়ে যাচ্ছেন, তখন পড়ে নেবেন। এর পরে কোয়েশ্চেন হয়না।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** Sir, it is a question of privilege

**মিঃ স্পিকার ঃ** Please take your seat. you do not know the meaning of privilege. please go through the rules and proceedings.

**শ্রী অনিল মুখার্জি ঃ** ভারতবর্ষে এই যে মডেল স্কুল হবার কথা হচ্ছে সেটা কি দুন টাইপের স্কুল হবে, যেখানে বড় লোকেদের ছেলেরাই পড়বে, না অন্যকোনো মডেল হবে?

**মিঃ স্পিকার ঃ** That is a matter of opinion. How can you say that is a question? No more. No more.

***90-(Held over)**

### সরকারি মদের উৎপাদন ও সরবরাহ

***৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪০।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যে সরকারিভাবে মদ্য উৎপাদন ও মদ্য সরবরাহ কমে যাচ্ছে; এবং

(খ) সত্য হলে, তার কারণ কি এবং এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ**

(ক) হ্যাঁ।

(খ) এ রাজ্যে মদ্য উৎপাদনের জন্য প্রয়োজনীয় কাঁচা মালের (সুরা-সারের) উৎপাদন প্রয়োজনের তুলনায় অতি সামান্য। প্রতি বছরই অন্যান্য উদ্বৃত্ত রাজ্য প্রধানত উত্তরপ্রদেশ, বিহার ও মহারাষ্ট্র থেকে উক্ত কাঁচামাল আমদানি করে এ রাজ্যের চাহিদা মেটাতে হয়। কিন্তু সারা ভারতে গত বছর এবং এ বছর আখের উৎপাদন অস্বাভাবিক রকম কম থাকায় উদ্বৃত্ত রাজ্যগুলি থেকে আমাদের সবরকম আন্তরিক চেষ্টা সত্ত্বেও প্রয়োজনমতো সুরাসার সংগ্রহ করা সম্ভব হয়নি। ফলে এ

রাজ্যে মদ্য উৎপাদন এবং সরবরাহ কমে যাচ্ছে।

আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এ বিষয়ে বিহারের এবং উত্তরপ্রদেশের মাননীয় মুখ্যমন্ত্রীদের সাথে এবং ভারত সরকারের সংশ্লিষ্ট মন্ত্রকের সাথে যোগাযোগ করেছেন। এর ফলে কিছু পরিমাণ সুরাসার পাওয়া সম্ভব হয়েছে। কিন্তু তার পরিমাণ চাহিদার তুলনায় খুবই কম।

সরকারি সংস্থা ইস্টার্ন ডিস্টিলারিস সুগার বীট থেকে সুরাসার উৎপাদনের এক কর্মসূচী নিয়েছেন আশা করা যচ্ছে এই নূতন কাঁচামাল থেকে সুরাসার উৎপাদন ঠিকমতো করতে আরও ২।১ বছর সময় লাগবে। এই কর্মসূচী সফল হলে দেশী মদের জন্য প্রয়োজনীয় সুরাসার এ রাজ্যে জোগাড় করা যাবে। এছাড়া কাঠের গুঁড়া, পাটকাঠি, মহুয়া ইত্যাদি থেকে সুরাসার উৎপাদনের বিষয়ে পরীক্ষা নিরীক্ষা চলছে।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** এই রাজ্যে বছরে সুরাসারের চাহিদা কত এবং কেন্দ্রীয় সরকারের সাহায্যে আমরা কত পেয়ে থাকি, সেটা বলবেন কি?

**শ্রী বিমলানন্দ মুখার্জি :** আমাদের দু-রকমের সুরাসার প্রয়োজন হয়। মোলাসেস বা ঝোলা গুড় থেকে পাই, আর অ্যালকোহল থেকে পাই। বছরের অ্যালকোহলের হিসাব হচ্ছে ১৯৮৩/৮৪ সালে ২৮ লক্ষ লিটার এখানে উৎপাদন হয়েছিল, আর অন্যান্য রাজ্য থেকে ৮২.৩১ লক্ষ লিটার আমদানি করতে হয়েছিল। মোট হচ্ছে ১১০.৩১ লক্ষ লিটার। আরও ৩০/৪০ লক্ষ লিটার আমাদের প্রয়োজন। এর সবটাই করা।

[1-30—1-40 P.M.]

১৯৮৪/৮৫ সালে ৪৮ লক্ষ লিটার এখানে উৎপাদিত হয়েছিল এবং অন্য রাজ্য থেকে পেয়েছিলাম ৩৫.৪২ লক্ষ লিটার, মোট হচ্ছে ৮৩.৪২ লক্ষ লিটার। এর সবটাই পেয় এবং সরবরাহ করা হয়েছে। ১৯৮৫/৮৬ সালের ৩০শে জানুয়ারি পর্যন্ত এখানে ৫ লক্ষ লিটার উৎপাদিত হয়েছে এবং অন্য রাজ্য থেকে এসেছে ৩.০৮ লক্ষ লিটার, মোট হচ্ছে ৮.০৮ লক্ষ লিটার। এর সবটাই পেয় এবং সরবরাহ হয়েছে।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** উৎপাদন এবং সরবরাহ কমে যাচ্ছে ফলে সরকারের রেভিনিউ-এর ক্ষতি হচ্ছে অথচ বেআইনি উৎপাদন এবং সরবরাহ শহর এবং গ্রামে অব্যাহত আছে। এ সম্পর্কে মন্ত্রী মহাশয় কোনো ব্যবস্থা নিয়েছেন কি?

**শ্রী বিমলানন্দ মুখার্জি :** সরকারি দোকান থেকে সরবরাহ করতে না পারলে এবং সরকারি পদ্ধতিতে সরকারিভাবে অন্য জায়গা থেকে নিয়ে আসার সুযোগ না থাকলে স্বভাবতই বেআইনি কিছু তৈরি হয় এবং সেগুলি বেআইনি গুড় ইত্যাদি থেকে আসে। সেগুলি বন্ধ করার জন্য যথাযথ উদ্যোগ নেওয়া হচ্ছে। এ বছর আমরা খুব সামান্যই পাই কেন্দ্রীয় যে মোলাসিস বোর্ড, যেখান থেকে সিদ্ধান্ত হয় অ্যালকোহল এবং ঝোলা গুড় দেওয়ারও সেখানে অ্যালটমেন্ট যা হয়েছে ফেব্রুয়ারি পর্যন্ত আমরা এখন পর্যন্ত তা পাইনি। ইউ.পি. সরকার বলে দিয়েছেন ইন্ডাস্ট্রিয়াল অ্যালকোহল এক লিটারও তারা দিতে পারবেন না। মহারাষ্ট্র তারা কিছু

হয়ত পেয় অ্যালকোহল দেবেন। আপনারা জানেন, আমাদের পেয় মদ যা সরবরাহ করা হয় সেটা হচ্ছে মোট সরবরাহের ২১ থেকে ২২ ভাগ এবং বাকিটা হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল অ্যালকোহল যা দিয়ে পলিথিন তৈরি হয়, ঔষধপত্র তৈরি হয়, সেলাক তৈরি হয়, হোমিওপ্যাথি মেডিসিন তৈরি হয়, বার্নিস তৈরি হয় ইত্যাদি। আমরা সেটা এখন পাচ্ছি না। বিদেশ থেকে আমদানির ব্যাপারে অ্যালক্যালি কেমিক্যালস, যেটার বর্তমান নাম ইন্ডিয়ান এক্সপ্লোসিভ, তাদের কিছু অনুমতি কেন্দ্রীয় সরকার দিয়েছেন। আমাদের প্রয়োজন মতন না পেলে এই চোলাই বাড়ছে, বাড়ার কারণ স্মাগলিং। সেগুলি ঠেকানোর জন্য আমাদের যে ব্যবস্থা আছে এবং স্বরাষ্ট্র বিভাগের সশস্ত্র পুলিশের যে ব্যবস্থা আছে এই উভয়কে প্রয়োগ করে যতটা সম্ভব আমরা কমানোর চেষ্টা করছি।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** এই সুরাসারের অভাবে কেবল মদ তৈরি কম হচ্ছে তাই নয় এর ফলে ঔষধের কারখানা, বিশেষ করে হোমিওপ্যাথি ঔষধের কারখানাগুলি বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে— মাননীয় মন্ত্রী মহাশয় এটা জানেন কি?

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** জানা আছে। এরা ডেপুটেশনও দিয়েছিলেন। আমরা যতটুকু যোগাড় করতে পারছি তা সরবরাহ করা হয়েছে, সাময়িক কিছু ব্যবস্থা হয়েছে তবে আগামী দিনে হবে কিনা বলতে পারছি না, আমাদের হাতে এটা নয়। সেখানে কেন্দ্রীয় সরকার অ্যালট করলেও রাজ্য সরকারগুলি দিচ্ছেন না। এ ক্ষেত্রে রাজ্য সরকারগুলিকে বাধ্য করার জন্য কোনো স্ট্যাটুটারি আইনও নেই। একটা জিনিস এবারে করতে পেরেছি কেন্দ্রীয় মোলাসিস বোর্ডের মিটিং-এ, সেখানে কেন্দ্রীয় শিল্পমন্ত্রীও ছিলেন যে রেকটিফায়েড স্পিরিট, যা থেকে ঔষধপত্র তৈরি হয় বিশেষ করে লাইফ সেভিং ড্রাগস, হোমিওপ্যাথি মেডিসিন সেই রেকটিফায়েড স্পিরিট যাতে ইমপোর্ট করা হয়। তার ব্যবস্থা করা দরকার তাতে ওরা রাজি হয়েছেন তবে কেন্দ্রীয় অর্থ দপ্তর রাজি হবেন কিনা জানি না। অন্য ইন্ডাস্ট্রিয়াল অ্যালকোহল যেমন দিচ্ছেন কাস্টম ডিউটি রিভোক করে আমরা সেটা চাইছি। দু/একটি সংস্থা ভারতবর্ষের তাদের সঙ্গে কথাবার্তা হচ্ছে। স্টেট ট্রেডিং কর্পোরেশনের তরফ থেকে এটা করা যায়। তবে এটা কোনোক্রমেই পেয় মদের জন্য ব্যবহার করা হবেনা।

**ডাঃ সুশোভন ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, রেভিনিউয়ের কথা তুলছেন বলে একটা কথা আপনাকে জিজ্ঞাসা করছি। এই পানীয়-এর ব্যাপারে আপনাদের যে কোনো পলিসি হোক না কেন, লাইসেন্স প্রাপ্ত যে দোকানগুলি আছে, সেই দোকানগুলি যে যেভাবে পারে দাম নিয়ে এগুলি বিক্রয় করে এবং আপনাদের অনেক অফিসার কানা-ঘুসো এখানে ওখানে ঘোরেন, মদ্যপান করে বলে তারা এই বিষয়টি হয়ত আপনার কানে তুলতে পারেন না। বিভিন্ন শহরে এবং টাউনে যে সমস্ত লাইসেন্স প্রাপ্ত দোকান আছে তারা এক একটা ব্রান্ড এক একজনের চাহিদা অনুযায়ী ভিন্ন ভিন্ন দাম নেয়। এই বিষয়টি কি আপনার গোচরে আছে? এইরকম কোনো লাইসেন্স ক্যানসেল করেছেন কিনা জানাবেন কি?

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** ফরেন লিকার, ইন্ডিয়ান মেড ফরেন লিকার বলে কথিত তার উপরে ক্রমাগত ডিউটি বাড়ছে। কিন্তু তার নির্দিষ্ট করে এখন পর্যন্ত কোনো আইন নেই। আমরা এই বিষয়টি খাতিয়ে দেখছি। আমাদের রেভিনিউটা এই ফরেন লিকার থেকে ডিউটি

বাড়িয়ে বাড়িয়ে খানিকটা যে লস সেটা পূরণ করা যাচ্ছে। ফরেন লিকারের কোনো নির্দিষ্ট সীমা বাড়ানো বা কোনো বাঁধা দাম নেই। সুতরাং ব্রান্ডি, হুইস্কি ইত্যাদি সেগুলি বেশি দামে, যেকোনো দামে বিক্রয় করতে পারে। এটা যারা খান তারা খুবই অবস্থাপন্ন লোক, তাদের উপরে বেশি রেভিনিউয়ের জন্য চাপ দেওয়া হচ্ছে। তবে আমরা দেখছি এটা কি করে কন্ট্রোল করা যায়। তবে যে কোনো দামে তারা বিক্রয় করতে পারে। আর বেশি মদ এবং তাড়ি, এগুলির উপরে নির্দিষ্ট সরকারি দাম আছে। আমার ডিপার্টমেন্টের কোনো অফিসার যদি এই ধরনের অপরাধ করে থাকেন, গোপনে হলেও আমার কাছে যদি মাননীয় সদস্য বলেন তাহলে বিশেষ বিভাগ দিয়ে তদন্ত করিয়ে প্রয়োজন মতো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করব।

**শ্রী মলিন ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে রাজ্য সরকারের পুলিশ এবং আপনার আবগারি পুলিশের মধ্যে একটা সুস্থ যোগাযোগ ব্যবস্থা আছে কিনা, কারণ আমরা দেখছি যে রাজ্য সরকারের পুলিশের একরকম ভূমিকা, আর একসাইজ ডিপার্টমেন্টের আর এক ভূমিকা।

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** এইটুকু বলতে পারি যে একটা গড়াপেটা ব্যবস্থা করা হয় ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস.পি'র মাধ্যমে এবং স্থানীয় অফিসারদের যোগাযোগ করে করা হয়। কিন্তু সমস্তটা একরকম হয়, এটা ঠিক নয়। এই ব্যবস্থাগুলি যাতে সঠিকভাবে হয়, আমরা বিভিন্ন জেলায়, বিভিন্ন এলাকায় যাই এবং অভিযোগ পেলে সে সম্পর্কে কি ব্যবস্থা করা যায় সেগুলির প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়।

[1-40—1-50 P.M.]

**শ্রী মনোহর তিরকী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, মদ্য উৎপাদন ও সরবরাহ কমে যাওয়ার ফলে ভূটান এবং অন্যান্য জায়গা থেকে বেআইনি মদ স্মাগল হয়ে দৈনিক কত পরিমাণ এই রাজ্যে আসছে এবং সে সম্বন্ধে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** বিস্তারিত বিবরণ দিতে হলে নোটিশ চাই। তবে ভূটান থেকে এখন আগের চেয়ে আসার পরিমাণ কমেছে, আমরা চেকপোস্ট ইত্যাদির ব্যবস্থা আরও জোরদার করেছি এবং এদিকে যথেষ্ট নজর রাখা হচ্ছে। এখন মুশকিল হচ্ছে ভূটানে দাম খুব কম এবং ওটা পাহাড় এলাকা, ওখানে স্মাগলিং-এর নানান রাস্তা আছে। সুতরাং এটা সম্পূর্ণভাবে কন্ট্রোল করা কঠিন, তবুও আমরা চেষ্টা চালাচ্ছি।

**শ্রী নিরঞ্জন মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, র-মেটিরিয়ালের মোলাসেস, গুড়, বা ঝোলা গুড়'এর — অভাবে বেশি মদ উৎপাদন করা সম্ভব হচ্ছে না বা উৎপাদন কমে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে বলবেন কি যে, র-মেটিরিয়াল না থাকার জন্য মদ উৎপাদন কম হওয়ার জন্য কতগুলি কারখানা বন্ধ হতে চলেছে এবং কত শ্রমিক বেকার হতে চলেছে?

**মিঃ স্পিকার ঃ** এরজন্য নোটিশ দিতে হবে, নাহলে উনি কি করে বলবেন। মূল প্রশ্ন থেকে এই প্রশ্ন আসেনা। আপনি এমন একটা প্রশ্ন করলেন যা হয়না এবং হাউসে অন্য সদস্যদের একটা প্রশ্ন করার সুযোগ নষ্ট করে দিলেন।

*92 - (Held over)

**পুরুলিয়ায় মানবাজারে নূতন কলেজ**

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩।) **শ্রী সুধাংশুশেখর মাঝি** ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার মানবাজার থানা এলাকায় নূতন কলেজ প্রতিষ্ঠা করিবার জন্য সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী শম্ভুচরণ ঘোষ** ঃ

(ক) এবং (খ) এরূপ কোনো পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

**পশ্চিম দিনাজপুর জেলায় বিভিন্ন স্কুলে প্রশাসক নিয়োগ**

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী** ঃ শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় মোট কতগুলি স্কুলে (জুনিয়র স্কুল, হাই স্কুল ও উচ্চ মাধ্যমিক স্কুল) প্রশাসক দেওয়া হয়েছে; এবং

(খ) ঐ জেলার অ্যাসিসট্যান্ট ইনস্‌পেকটর অব স্কুলস (জেনারেল) বর্তমানে মোট কতগুলি স্কুলে প্রশাসক হিসাবে কাজ চালাচ্ছেন?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ

(ক) ১১টি জুনিয়র হাইস্কুলে, ১২টি হাইস্কুলে ও ১টি উচ্চ মাধ্যমিক স্কুলে প্রশাসক নিয়োগ করা হয়েছে।

(খ) অ্যাসিস্টান্ট ইন্সপেকটার অফ স্কুলস (জেনারেল) পদাধিকারী কোনোও ব্যক্তিকে উপরোক্ত কোনোও বিদ্যালয়ে প্রশাসক নিয়োগ করা হয়নি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, যে স্কুলগুলিতে প্রশাসক নিযুক্ত হয়েছে সেই স্কুলগুলির কি শিক্ষাগত এবং প্রশাসনিক উন্নতি হয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ আমরা সেখানেই প্রশাসক নিয়োগ করি যেখানে পরিচালন-মন্ডলীর মেয়াদ শেষ হয়ে গেছে, ফলে একটা প্রশাসনিক শূন্যতার সৃষ্টি হয়েছে। অর্থাৎ সেখানে প্রশাসনিক কাজকর্মকে চালু রাখার জন্যই প্রশাসক নিয়োগ করা হয় এবং যত শীঘ্র সম্ভব গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত পরিচালক কমিটির হাতে ক্ষমতা হস্তান্তর করা যায় তারজন্য চেষ্টা চালানো হয়। খুবই অল্প সময়ের জন্য প্রশাসক নিয়োগ করা হয়। যে সমস্ত বিদ্যালয়ে প্রশাসক নিয়োগ করা হয়েছে সে সমস্ত বিদ্যালয়ে পরিচালক কমিটির নির্বাচনের জন্য সবরকম উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। আশা করছি অল্প কিছুদিনের মধ্যেই নির্বাচিত পরিচালকদের হাতেই প্রশাসনিক

দায়িত্ব তুলে দিতে পারব। আমরা সাধারণভাবে মনে করি না যে, একজন ব্যক্তি প্রশাসকের দ্বারা কোনোও একটি বিদ্যালয়ের পঠন-পাঠন সুষ্ঠুভাবে হতে পারে বা বিদ্যালয়ের উন্নতি হতে পারে।

*95 & *96 Held over

**বিভিন্ন কলেজে অধ্যক্ষ ও অধ্যাপকের শূন্যপদ**

***৯৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৮।) **শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের কলেজগুলিতে মোট কতজন অধ্যক্ষ এবং অধ্যাপকের পদ শূন্য ছিল; এবং

(খ) এই পদগুলি কবে নাগাদ পূরণ করা সম্ভব হবে বলে আশা করা যায়?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) পশ্চিমবঙ্গে মোট ২৮১টি বেসরকারি কলেজ আছে।

(১) ৩১শে ডিসেম্বর, ১৯৮৫ পর্যন্ত ৩১টি অধ্যক্ষের শূন্যপদ পূরণের জন্য কলেজগুলি হইতে কলেজ সার্ভিস কমিশনের কাছে জানান হইয়াছে এবং

(২) ১৫০টি অধ্যাপকের শূন্যপদ পূরণের জন্য কমিশনের কাছে জানানো হইয়াছে।

(খ) (১) ১০টি শূন্যপদে কমিশন অধ্যক্ষ নিয়োগের জন্য জানুয়ারি, ১৯৮৬ সালে কলেজগুলিতে নাম পাঠিয়েছে। অবশিষ্ট ২১টি শূন্যপদ সংবাদপত্রে বিজ্ঞাপিত করা হইয়াছে। ঐ সকল পদে আবেদনকারিদের সাক্ষাৎকার মার্চ মাসে গৃহিত হইবে এবং এপ্রিল মাস নাগাদ কলেজগুলিতে নাম পাঠানো সম্ভব হইবে বলিয়া মনে হয়।

(২) ১৫০টি অধ্যাপকের পদের মধ্যে জানুয়ারি '৮৬ মাসে কিছু পদে নিয়োগের জন্য কলেজগুলিতে নাম পাঠানো হইয়াছে। বাকি পদগুলি শীঘ্র পূরণের ব্যবস্থা করা হইতেছে।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, যখন কলেজগুলি শূন্যপদের জন্য কলেজ সার্ভিস কমিশনকে জানায় এবং কলেজ সার্ভিস কমিশন যখন নাম কলেজে পাঠায় অর্থাৎ কত সময় লাগে কমপক্ষে একটা শূন্যপদ পূরণ করার জন্য?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** কলেজ সার্ভিস কমিশন তাঁরা বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপন দেন। সেই বিজ্ঞাপন অনুযায়ী আবেদনকারিরা আবেদন পত্র পাঠান। আবেদনপত্রের উপর ইন্টারভিউ করা হয় এবং ইন্টারভিউ করে তাঁর প্যানেল করেন। সুতরাং এই বিজ্ঞাপন দেওয়া, ইন্টারভিউ নেওয়া এবং প্যানেল করা এগুলি করতে কমপক্ষে ৩ মাস সময় লাগে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি যে পদ্ধতির কথা বললেন, সেই পদ্ধতিতে দেরি হচ্ছে। এক্ষেত্রে কলেজ সার্ভিস কমিশনের কাছে উপযুক্ত

প্রার্থীর স্থায়ী কোনো তালিকা রাখা কি সম্ভব অর্থাৎ আমি বলতে চাইছি, ঐ তালিকা থেকে কোনো কলেজ থেকে বা অন্য কোনো জায়গা থেকে চাওয়া মাত্র নাম পাঠিয়ে দেওয়া যেতে পারে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** কলেজ সার্ভিস কমিশন যে প্যানেল তৈরি করেন সেই প্যানেল নির্দিষ্ট সময় পর্যন্ত সময়সীমা থাকে, তারপরে সেই প্যানেল বাতিল হয়ে যায়। আবার নতুনভাবে বিজ্ঞাপন করা হয়, দরখাস্ত আহ্বান করা হয় এবং আবার নতুনভাবে প্যানেল তৈরি হয়।

**বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাসের পয়লা তারিখে বেতন দেবার ব্যবস্থা**

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৬।) **শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা মাসের পয়লা তারিখে বেতন পান না;

(খ) সত্য হলে, এর কারণ কি; এবং

(গ) এই অসুবিধা দূর করার জন্যে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) মাসের ১লা তারিখে বেতন পান তবে কখনও কখনও বিলম্বিত হয়।

(খ) ব্যাঙ্ক ব্যবহার জটিলতাই প্রধান কারণ।

(গ) ব্যাঙ্কের সাথে একাধিকবার আলোচনা হয়েছে।

**শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** সরকারি স্কুলগুলিতে ঠিক এক তারিখে মাইনে দেওয়া হয়, মিউনিসিপ্যাল এলাকাতেও এক তারিখে মাইনে দেওয়া হয়, আপনার বিভাগ থেকেই দেওয়া হয়, কিন্তু গ্রামাঞ্চলে যেসব বিদ্যালয় আছে তাদের ক্ষেত্রেই এটার ব্যতিক্রম দেখা যায়, এর কারণটা কি মাননীয় মন্ত্রী মহাশয় একটু দয়া করে জানাবেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** সরকারি বিদ্যালয়ে নিয়োগ কর্তা সরকার, সেজন্য ট্রেজারিতে সরকারি নির্দেশ দেওয়া থাকে পয়লা তারিখে বেতন দেওয়ার জন্য, আলাদা করে সরকারের কাছ থেকে কোনো নির্দেশের প্রয়োজন হয়না। কিন্তু বেসরকারি বিদ্যালয়ে নিয়োগ কর্তা হচ্ছেন বিদ্যালয়ের পরিচালক মন্ডলি, সরকার নয়। কাজেই আলাদা করে টাকার অ্যালটমেন্ট পাঠাতে হয়, এরজন্য বিলম্ব হয়।

**শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** এই ব্যবস্থা দূরীকরণের জন্য আপনি পুরুলিয়া জেলায় যে ব্যবস্থাটা নিয়েছেন সেটা কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমরা পুরুলিয়ায় একটা নূতন ব্যবস্থা চালু করতে চেয়েছি, কিন্তু সে ব্যবস্থায় উৎসাহমূলক কিছু পাওয়া যায়নি। সেজন্য আমরা ব্যাঙ্ক কর্তৃপক্ষ, পশ্চিমবঙ্গের

অর্থবিভাগের কর্তৃপক্ষ এবং শিক্ষা কর্তৃপক্ষ একত্র হয়ে এই অবস্থা পরিবর্তনের চেষ্টা করছি। পুরুলিয়ার অভিজ্ঞতাকে আমাদের বিবেচনার মধ্যে এনে কিভাবে সরলীকরণ করা যায় সেটা ভাবা হচ্ছে।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** নীরোদবাবুর প্রথম সাপলিমেন্টারিটা আমি বুঝতে পারিনি। তাই আমি জিজ্ঞাসা করছি যে সরকারি বিদ্যালয়ের শিক্ষকদের মিউনিসিপ্যাল এলাকার বিদ্যালয়ের শিক্ষকদের পয়লা তারিখে মাইনেটা সরকারি ভান্ডার থেকেই দেওয়া হচ্ছে, তাহলে অন্য জায়গায় দিতে অসুবিধাটা কোথায় মাননীয় মন্ত্রী মহাশয় সেটা একটু বলবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** ওটা তো আগেই বলেছি যে সরকারি কর্মচারী এবং সরকারি স্কুলের শিক্ষকদের বেতন সরাসরি দেওয়া হয়। কিন্তু বেসরকারি সমস্ত বিদ্যালয়ের টাকা সংস্থার হাতে পৌঁছে দেওয়া হয়। সেখানে টাকা দেওয়ার ফলে সরকারি কর্মচারী কিংবা শিক্ষকদের মতো একইভাবে বেসরকারি কর্মচারী কিংবা শিক্ষকদের বেতনের টাকা দেওয়া যায়না।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন, সরাসরি দায়িত্বটা ব্যাঙ্কের উপর দিয়ে দিচ্ছেন কিন্তু আমরা জানি যে ব্যাঙ্কে কোনোরকম জটিলতা হয়না, জটিলতাটা সরকারি ক্ষেত্রেই হয়ে থাকে। সেই জটিলতাটা কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** ব্যাঙ্কে ৬ মাস আগে ৬ মাসের মতো প্রয়োজনীয় অর্থ যদি দিয়ে রাখতে পারা যায় তাহলে ব্যাঙ্ক এক তারিখে বেতন দিতে পারে। আমাদের যা ওয়েজ অ্যান্ড মিনস—তাছাড়া ওভার ড্রাফটের সুবিধাও এখন নেই এবং যখন ছিল তখনও আমাদের শতকরা ১২ টাকা ইন্টারেস্ট দিতে হত—এখন এই আড়াইশো কোটি টাকা শিক্ষকদের বেতন, তার মধ্যে দেড়শো পৌনে দুশো কোটি টাকা ব্যাঙ্ককে জমা দিতে হবে। কাজেই স্বাভাবিকভাবে এক দেড় মাস আগে টাকা জমা দেওয়া এবং ব্যাঙ্কের ব্যবস্থার যে পদ্ধতি আছে তাতে টাকা দিতে ২০/২৫ দিন লাগে। কাজেই ব্যাঙ্ক যদি এতদিন সময় না নেয় তাহলে সুনিশ্চিত করতে পারা যেত।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—সরকারি স্কুলে যেরকম পদ্ধতি আছে বেতন দেওয়ার বেসরকারি স্কুলেও কি সেই একই পদ্ধতি আছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** না, একই পদ্ধতি নয়। সরকারি কর্মচারিদের মতো যেসব ট্রেজারিভুক্ত সরকারি বিদ্যালয় আছে সেইসব ট্রেজারিতে সরকারের পক্ষ থেকে নির্দেশ দেওয়া থাকে যাতে তারা এক তারিখে বেতন পায়। তারজন্য আলাদা কোনোরকম নির্দেশের প্রয়োজন হয়না। বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রথম মাসে বিল করতে কত টাকা লাগে সেটা রিকুইজিশন করতে হয়। ফলে একই প্রথা প্রবর্তন করতে পারা যায়না।

**শ্রী ননী কর ঃ** অতীতে যে শিক্ষক মহাশয়রা মাসের মাইনে মাসে পেতেন না আপনি সেটা ব্যবস্থা করে দিয়েছেন, এজন্য ধন্যবাদ। কিন্তু বিষয়টা হচ্ছে, বেসরকারি অন্যান্য প্রতিষ্ঠান— পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি কিংবা কর্পোরেশন তাদের অ্যাপয়েন্টিং অথরিটিও আলাদা, গভর্নমেন্ট নয়। কিন্তু টাকা গভর্নমেন্ট দেয় এবং তাঁরা পায়। স্কুলের ক্ষেত্রে অ্যাপয়েন্টিং

অথরিটি ম্যানেজিং কমিটি। এক্ষেত্রেও টাকা গভর্নমেন্ট দেয়, কিন্তু শিক্ষকরা সময়ে টাকা পায়না। প্রাইমারি স্কুলের অ্যাপয়েন্টিং অথরিটি গভর্নমেন্ট, তাঁদের বেতন আপনারা দিতে পারেন বলে তারাও নির্দিষ্ট সময়ে পান। যখন ডি.এ বাড়ে তখন অন্য সমস্ত পক্ষ তা পেয়ে যায়, কিন্তু শিক্ষকদের কাছে সেটা পৌঁছায় না। অবশ্য সেখানে শিক্ষামন্ত্রী মহাশয়ের চেষ্টায় ত্রুটি নেই, কিন্তু দেখছি যে, আটকে যাচ্ছে কোনো জায়গায়। এই আটকানোর জায়গাটা খোলার কোনো ব্যবস্থার কথা ভাবছেন কি না? পুরুলিয়ায় একটা এক্সপেরিমেন্ট করলেন, কিন্তু সেটাও ফেলিওর। কাজেই অন্য জায়গার জন্য কিছু ভাবছেন কিনা সেটাই জানতে চাই।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** সরকারি কর্মচারিদের মতো একইভাবে দেখা যায়না। কারণ অর্থ দপ্তর থেকে সরকারি কর্মচারিদের জন্য ঘোষণা হয় এবং তার বলেই তাঁরা টাকা পেয়ে যান, কিন্তু শিক্ষকদের ক্ষেত্রে ঐ ঘোষণা শিক্ষা বিভাগে আসে এবং তারপর শিডিউল তৈরি হয় এবং তা আবার অর্থ বিভাগে পাঠাতে হয়। এরপর অর্থবিভাগ তা অনুমোদন করবার পরই শিক্ষকরা পেয়ে থাকেন। বিলম্বটা এই কারণেই হয়।

**মাধ্যমিক শিক্ষাস্তরে মূল্যায়ন পদ্ধতি**

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৩।) **শ্রী মনোহর তিরকী ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, প্রাথমিক শিক্ষাস্তরের মতো মাধ্যমিক শিক্ষাস্তরে নিরবিচ্ছিন্ন মূল্যায়ন পদ্ধতি চালু করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** না।

**শ্রী মনোহর তিরকী ঃ** মূল্যায়ন পদ্ধতি কি কারণে চালু করা যায়না জানাবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আপনি যে প্রশ্ন করেছেন তার উত্তর জানাচ্ছি পশ্চিমবঙ্গ সরকারের ঐ পরিকল্পনা চালু করবার কোনো পরিকল্পনা নেই বলে। নতুন প্রস্তাবিত শিক্ষানীতিতে মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক স্তরে পরীক্ষা ব্যবস্থা তুলে দেবার প্রস্তাব করা হয়েছে এবং সেই কারণেই আমরা এর বিরোধী, সেই কারণেই এটা চালু করবার চেষ্টা করছি না।

**শ্রী ননী কর ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন, কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত যে শিক্ষানীতি তাতে মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক স্তরে পরীক্ষায় নানা অসুবিধা, অনেক গোলমালের কারণে পরীক্ষা ব্যবস্থা তুলে দিতে চাইছেন এবং আপনিও প্রাথমিক স্তরে যেখানে পরীক্ষা পদ্ধতি তুলে দিয়ে মূল্যায়ন পদ্ধতি চালু করেছেন, কেন্দ্রীয় সরকারও যেখানে মনে করছেন যে, এতে ভালো হবে সেখানে এই ভালোটাকে আপনি কেন গ্রহণ করতে পারছেন না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য যে কথা উল্লেখ করেছেন যে, আমরা প্রাথমিক স্তরে মূল্যায়ন পদ্ধতি চালু করেছি, ধারাবাহিক পদ্ধতি চালু করেছি পরীক্ষা ব্যবস্থা তুলে দিয়ে। আপনি জানেন যে, কোঠারী কমিশন থেকে শুরু করে প্রতিটি কমিশন, এমনকি ইউনেসকোর যে রিপোর্ট তাতেও বলা হয়েছে যে ১১ বছর বয়স পর্যন্ত একই ক্লাশে দুই বছর আটকে রাখা উচিত নয় এবং এটা শুধু সমাজতান্ত্রিক দেশগুলিই নয়, গণতান্ত্রিক ও ধনতান্ত্রিক সকল দেশই মেনে নিয়েছে। তারসঙ্গে সঙ্গতি রেখেই আমরা প্রাথমিক স্তরে ধারাবাহিক পদ্ধতি চালু করেছি। কোঠারী কমিশন থেকে শুরু করে মুদালিয়র কমিশন, ইউনেসকো সবাই বলেছেন যে,

মাধ্যমিক স্তরে ধারাবাহিক পদ্ধতি চালু করা যায়না।

সেখানে বছরের শেষে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যদি প্রাথমিক স্তরের মতো ব্যবস্থা গ্রহণ করা হয় তাহলে পরীক্ষার প্রতি আগ্রহ বিনষ্ট হবে। আগ্রহ সৃষ্টির জন্য মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরে ধারাবাহিক পদ্ধতি যদি চালু করা হয় এবং পরীক্ষা ব্যবস্থা যদি তুলে দেওয়া হয়, তাহলে আগ্রহের মূলে কুঠারাঘাত করা' হবে। সেজন্য ১৭ বৎসর পর্যন্ত যে সমস্ত ছাত্র-ছাত্রীর বয়স, সেই বয়সের মধ্যে পাবলিক এগজামিনেশন যা আছে, তাকে চালু রাখবার কথা আমরা বলেছি। এটা যদি না করা হয়, তাহলে অভিভাবক এবং ছাত্র-ছাত্রীদের শিক্ষার প্রতি যে আগ্রহবোধ আছে, সেটা বিনষ্ট হবে। এই কারণেই আমরা মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরে ধারাবাহিক ব্যবস্থা প্রবর্তন করতে পারছি না।

**মিঃ স্পিকার :** The question hour is over.

## Starred Questions

(to which written answers were laid on the table)

### মুর্শিদাবাদ জেলার সুতি এলাকায় আবগারি দোকান

***১০০।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৬।) **শ্রী শীশ মহম্মদ :** আবগারি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) ১৯৮৪ সালের জানুয়ারি মাস হইতে ১৯৮৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ের মধ্যে মুর্শিদাবাদ জেলার সুতি থানা এলাকায় দেশি ও বিদেশি মদ, গাঁজা, ও তাড়ির দোকানের কোনো লাইসেন্স দেওয়া হইয়াছে কিনা, (২) দেওয়া হইলে, কোন কোন শ্রেণীর কতগুলি করিয়া দেওয়া হইয়াছে;

(খ) উক্ত থানায় ঐরূপ দোকানের লাইসেন্সের জন্য সম্প্রতি সরকারের নিকট কোনো আবেদনপত্র আসিয়াছে কিনা; এবং

(গ) আসিলে, কতগুলি আবেদনপত্র আসিয়াছে ও আবেদনকারিদের নাম কি?

**The Minister of State-in-charge for Excise Deptt :**

(ক) (১) হ্যাঁ।

(২) একটি মাত্র বিয়ার লাইসেন্স দেওয়া হয়েছে।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

### উলুবেড়িয়া পশুচিকিৎসা হাসপাতাল

***১০১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫০৮।) **শ্রী রাজকুমার মন্ডল :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, উলুবেড়িয়া পশু হাসপাতালের ডাক্তার এবং

অন্যান্য স্টাফদের কোনো কোয়ার্টার না থাকায় উক্ত হাসপাতালে পশুচিকিৎসা কাজের ব্যাঘাত ঘটিতেছে;

(খ) অবগত থাকিলে, কোয়ার্টার তৈয়ারির কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী হইবে?

**The Minister-in-charge for Veterinary Services Animal Husbandary & Deptt :**

(ক) স্টাফ কোয়ার্টার না থাকার জন্য উলুবেড়িয়া পশু চিকিৎসা হাসপাতালে পশু চিকিৎসা কাজের ব্যাঘাত ঘটিতেছে বলিয়া সরকার মনে করেন না। তবে সরকার মনে করেন যে স্টাফ কোয়ার্টার থাকিলে ঐ হাসপাতালের পশু চিকিৎসা ক্ষেত্রে কর্ম দক্ষতা আরও বাড়িতে পারে।

(খ) হ্যাঁ।

(গ) প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলে আগামী আর্থিক বৎসরে উহার নির্মাণ কার্য শুরু করা যাইতে পারে।

### বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সাহায্য

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৫।) **শ্রী বিভূতিভূষণ দে ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের জন্য এ পর্যন্ত কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের সাহায্যের পরিমাণ কত?

**The Minister-in-charge for (Higher) Education Deptt :**

মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট থেকে এখনও পর্যন্ত কোনো সাহায্য পাওয়া যায়নি।

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়কে রাজ্য সরকার এ পর্যন্ত বিভিন্ন খাতে যে অর্থ বরাদ্দ করেছেন তার মোট পরিমাণ হল ২,৫৪,৯৪,৬৬০ (দুই কোটি চুয়ান্ন লক্ষ চুরানব্বই হাজার ছয়শত ষাট) টাকা।

### নারী শিক্ষা প্রসার

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭০১।) **শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার নারীশিক্ষা প্রসারের ক্ষেত্রে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারকে বিশেষ আর্থিক পুরস্কার দিয়েছেন; এবং

(খ) সত্য হলে, (১) পুরস্কারের অর্থ মূল্য কত এবং (২) এই পুরস্কার প্রদানের বিচার্য বিষয় কি ছিল?

**The Minister-in-charge for education (Primary and Secondary) Deptt :**

(ক) হ্যাঁ।

(খ) এক কোটি টাকা।

(২) পশ্চিমবঙ্গে প্রারম্ভিক শিক্ষায় (elementary education) ছাত্রী ভর্তির হার বৃদ্ধির উপর ১৯৮৩-৮৪ সালের জন্য এই পুরস্কার প্রদান করা হয়েছে।

**প্রাথমিক স্কুলে ছাত্রছাত্রীর সংখ্যা ও পুস্তক সরবরাহ**

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪১।) **শ্রী সরল দেব ঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের প্রাথমিক স্কুলগুলিতে বর্তমানে ছাত্রছাত্রীর সংখ্যা কত;

(খ) ১৯৮৬ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত কত সংখ্যক ছাত্রছাত্রীকে পুস্তক সরবরাহ করা হইয়াছে; এবং

(গ) সরবরাহ সম্পূর্ণ না হইলে, কতদিনের মধ্যে উহা সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

**Minister-in-charge for Education (Primary and Secondary) Deptt :**

(ক) ৮০.৪০ লক্ষ

(খ) ৩১শে জানুয়ারি পর্যন্ত সমস্ত ছাত্রছাত্রীদের জন্য অধিকাংশ বই সবগুলি জেলায় পাঠানো হয়েছে। কলিকাতা পুরুলিয়া, মালদা, বাঁকুড়া, হুগলি, নদীয়া ও হাওড়া জেলায় জানুয়ারি মাসের মধ্যে সমস্ত ছাত্রছাত্রীদের হাতে সরকারি পাঠ্যপুস্তক বন্টন হয়েছে। বাকি জেলাগুলিতে ফেব্রুয়ারি মাসে বই বন্টন করা হয়েছে।

(গ) পঞ্চমশ্রেণীর ভূগোল বইখানি বর্তমান বৎসরে নূতন সিলেবাসে লিখে ও ছেপে দেওয়ার ব্যবস্থা করায় বিলম্বের জন্য আগামী ১৫ই মার্চের মধ্যে সকল জেলায় সমস্ত পুস্তক পাঠানো সম্পূর্ণ হবে।

**বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় নির্মাণের জন্য ব্যয়**

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৬।) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় নির্মাণের জন্য কত টাকা ব্যয় হইবে; এবং

(খ) উক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য ইউ জি সি-এর সাহায্য বাবদ অর্থের পরিমাণ কত?

**The Minister-in-charge for Higher Education Deptt :**

(ক) বিশ্ববিদ্যালয়ের জন্য ভবতোষ দত্তের নেতৃত্বে প্ল্যানিং কমিটির সুপারিশ ছিল বিশ্ববিদ্যালয়ের সমস্ত ভবন তৈরির জন্য ব্যয় হইবে ১০ কোটি টাকা। এ হিসাব ১৯৭৯ সালের। বর্তমানে প্রায় তিন গুণ টাকা লাগিবে।

(খ) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের জন্য এখন পর্যন্ত ইউ.জি.সি-র নিকট হইতে কোনোরকম অর্থ সাহায্য পাওয়া যায় নাই।

**গ্রন্থমেলায় প্রকাশক ও পুস্তক বিক্রেতার সংখ্যা**

***১০৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১০২৫।) **শ্রী হিমাংশু কুণ্ডর ঃ** শিক্ষা (সামাজিক অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৫-৮৬ সালে পশ্চিমবঙ্গ গ্রন্থমেলায় কতজন (১) প্রকাশক ও (২) পুস্তক বিক্রেতা অংশগ্রহণ করেছিলেন;

(খ) এই পুস্তক মেলায় আনুমানিক কত টাকার বই কেনাবেচা হয়েছে;

(গ) সরকার এই মেলায় গ্রন্থাগারগুলোর জন্যে কত টাকার বই কিনেছেন?

**The Minister of State in charge for Education (non-formal & Library services). Deptt :**

(ক) প্রকাশক ও পুস্তক বিক্রেতার মোট সংখ্যা ১০৫।

(খ) বলা সম্ভব নয়।

(গ) ৫ লক্ষ টাকার বই কেনার বন্দোবস্ত হয়েছে।

[2-00—2-10 P.M.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To day I have received two notices of Adjournment Motion. The first is from Shri Kashinath Misra on the subject of alleged deadlook in some universities in the State and the second is from Shri Abdul Mannan on the subject of proposed enhancement of bus fare.

Member will get early opportunity to raise the matter during the discussion on Governor's Address which is continuing. Moreover, the Members may ventilate their grivances on the subject through Question, Calling Attention, Mention etc.

I therefore, with hold my consent to the Motions. One member of the party may, however, read out the text of the motion as amended.

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাবটি হল জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-ছাত্রীরা ছাত্র-সংসদ ও ছাত্র সংগঠনগুলির সমালোচনায় মুখর হয়ে উঠেছে। ছাত্র-ছাত্রীদের অভিযোগ কর্মচারিদের আন্দোলনের জন্যই

মাসের পর মাস ধরে বিশ্ববিদ্যালয়ের অচল অবস্থা, ক্লাশ বন্ধ হচ্ছে, লাইব্রেরি খোলা থাকছে না, পরীক্ষা পিছিয়ে যাচ্ছে এবং ফল প্রকাশে বিলম্ব হচ্ছে। বর্তমান উপাচার্য নিয়োগের পর হতে গোটা বিশ্ববিদ্যালয়ে অচল অবস্থা আরও প্রকট হয়ে উঠেছে। রাজ্য সরকারের শিক্ষা সংক্রান্ত ব্যাপারে উদাসীনতার জন্যই শিক্ষা প্রতিষ্ঠানে এই অচলাবস্থা চলছে। যাদবপুর, ডাঃ বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় সহ নব নির্মিত বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়েও একই অবস্থা।

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** I have received five notices of calling Attention, namely :

| | | |
|---|---|---|
| 1. Firing By C.I.S.F at Pandukeswar on 11th February, 1986 | - | Shri Bejoy Pal |
| 2. Unusual rise of price of potato in the open market | - | Shri Santasri Chattopadhyay |
| 3. Fires in three places of Calcutta on 8th March, 1986 | - | Shri Ambica Banerjee |
| 4. Alleged murder of one Police constable and snatching of rifles at Mankundu Station | - | Shri Abdul Mannan, Shri Kashinath Misra & Shri Anil Mukherjee |
| 5. Alleged assault on District Congress President and five others on 9.3.86 | - | Shri Saral Deb |

I have selected the notice of Shri Abdul Mannan, Shri Kashinath Misra and Shri Anil Mukherjee on the subject of Alleged murder of one Police constable and snatching of rifles at Mankundu Station.

The Minister-in-charge will please make a statement today, if possible or give a date.

**Shri Patit Paban Pathak :** On the 20th instant.

**Shri Prasanta Kumar Sur :**

Hon'ble Mr. Speaker Sir,

In continuation of my statement made before this House on the 5th March, 1986, I beg to state with your permission for information of the Hon'ble Members that in consideration of the appeals received from various corners to shift the date of general elections to the 75 Municipalities of the State including Chandernagore Municipal Corpo-

ration from the 1st June, 1986 to any date after the Ramjan month is over, Government has since decided to hold the general elections to the said 75 Municipalities of the State including Chandernagore Municipal Corporation on the 15th June, 1986 instead of 1st June, 1986. The order fixing the 15th June, 1986 as the date of election shall, however, be formally issued by the respective District Magistrates on the 10th April, 1986 in accordance with the West Bengal Municipal Election Rules, 1975. The detailed programme for filing of nomination, withdrawal etc. Shall be published by the respective Election officers in the form of a notice thereafter.

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, it is not quite a happy trend that the senior Ministers are not at all available in the House during the mention hour. You have drawn the attention of the Minister-in-charge for Parliamentary Affairs and that of the Government too. But we find that the position remains the same. I think you can proxy for more than a number of ministers.

**Mr. Speaker :** There are four senior Ministers in the House. So, how can you say that there is no senior Minister?

**Dr. Zainal Abedin :** Sir, out of 44 Ministers, how many are here?

**Mr. Speaker :** Now, there are not 44 Ministers in the Government.

**Dr. Zainal Abedin :** Sir, it is difficult to calculate the number of the Ministers. However, Sir, the Business Advisory Committee has fixed the date for the Financial Statement to be made by the Minister-in-Charge for Finance on the 12th March. 1986. I have drawn your attention on a number of occasions that the Assembly Session is going on simultaneously. So, meetings of the local bodies, Zilla Parishads should not be held on the same date. But to my surprise I find that 12th March happens to be the date fixed for presentation of the Financial Statement by the Finance Minister. The Zilla Parishad, West Dinajpur has also fixed the 12th March for presentation of their Financial Statement. There is only two hours difference and the distance between one place to another is 500 kms. The Budget will be taken up at Zilla Parishads on the same day. Therefore, it should be fixed on a Saturday and no other day excepting Saturday.

**মিঃ স্পিকার ঃ** মিঃ পাঠক, এই ব্যাপারটি একটু দেখুন। লেজিসলেটিভ অ্যাসেম্বলি চলাকালীন পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদ তাদের মিটিং ডাকতে পারেনা। যেদিন অধিবেশন চলবে না শনিবার দিনগুলিতে ডাকা যাবে। এখানেও বাজেট প্লেস হচ্ছে ওখানেও বাজেট

প্লেস হবে তা ঠিক নয়। সুতরাং আপনি এই ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করুন এবং শীঘ্রই ওখানে টেলিগ্রাম বা রেডিওগ্রাম করা হোক যাতে ওই মিটিংগুলি পোস্টপন্ড করা হয়। কারণ ইট ক্যান নট বি প্লেসড অন দি সেম ডেট।

**শ্রী পতিতপাবন পাঠক :** আপনি কপিটি আমাকে দিন, আমি দেখছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** মাননীয় স্পিকার স্যার, শুধু পঞ্চায়েতেই নয় সরকারি বিভিন্ন দপ্তরে বিধানসভা চলাকালীন মিটিং করা হয়। আপনি শীঘ্রই একটা নির্দেশ দেন যে বিধানসভা চলাকালীন মিটিং বন্ধ রাখেন তাহলে সুবিধা হয়।

**Dr. Zainal Abedin :** Sir, you have been pleased to make this general order and it should be communicated.

**Mr. Speaker :** The matter will be taken up by the Minister concerned.

## MENTION CASES

**Mr. Speaker :** Shri Amarendra Nath Bhattacharya, your mention is out of order. You have not furnished any specific mention. Therefore, it is an imaginary mention case. I request you to be more careful on this issue. In the past, I have rejected such mention cases and in the future too, I will reject such cases. However, I am allowing you to mention your case today.

[2-10—2-20 P.M.]

**শ্রী অমরেন্দ্রনাথ ভট্টাচার্য :** স্যার, শিক্ষার উপরে বাইরের লোকের হস্তক্ষেপের ফলে শিক্ষা জগতে যে সঙ্কট ঘনিয়ে এসেছে এবং আপাতত আরও বেশি ঘনাচ্ছে সেইদিকে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে কলকাতার নারকেলডাঙ্গার গার্লস হাইস্কুলে ক্লাস ৯ এর ১৭টি মেয়ে ফেল করবার পর প্রধান শিক্ষিকা তাদের নির্দেশ দেন এই স্কুল থেকে ট্রান্সফার নিতে হবে। অকস্মাৎ সেখানকার নাগরিক সমিতি এই বিষয়ে হস্তক্ষেপ করেন এবং বিধি বিধান নিষেধ অগ্রাহ্য করে যে মেয়েদের একই ক্লাস তিন বছর রাখা যাবে না বলে বোর্ডের নির্দেশ অনুযায়ী হেড মিস্ট্রেস সিদ্ধান্ত নিয়েছিলেন সেই মেয়েদের সেখানে জোর করে রাখার ব্যবস্থা করানো হয়েছে। শিক্ষা জগতের উপর বাইরের কারুর হস্তক্ষেপ যদি এইভাবে চলতে থাকে তাহলে শিক্ষক হিসাবে আমি উদ্বেগ জানাচ্ছি। প্রধান শিক্ষিকা এই বিষয়ে শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন জানিনা তারা কি ব্যবস্থা নেবেন। অথবা একই ক্লাসে তিনবার পড়ানো যাবে কিনা সেই বিষয়ে জনসাধারণ এবং বিশেষ করে যারা শিক্ষা প্রতিষ্ঠানের, যারা যুক্ত তারা সুনির্দিষ্ট নির্দেশ চাইছে।

**শ্রী অনিল মুখার্জি :** স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষের বিভিন্ন জায়গায় কেন্দ্রীয় সরকারের যে সমস্ত অধিগ্রহণ করা শিল্প ছিল সেগুলি আর তারা রাখবেন না। এর ফলে পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ মানুষ বেকার হবে। আর জুট শিল্প সম্বন্ধে নূতন করে চিন্তা করে এর আধুনিকীকরণ

ব্যবস্থা করা দরকার। যেখানে ১৩ লক্ষ গাঁট প্রোডাকশন হয় সেখানে সেটা না বাড়ালে হবেনা। ইট শিল্প সমস্যার সম্মুখীন। এই শিল্পগুলি সম্বন্ধে কেন্দ্রের সঙ্গে আলোচনা করার জন্য এবং জুটশিল্পকে আধুনিকীকরণ করার ব্যবস্থা করার জন্য শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আপনার শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৮১ সালের ১লা এপ্রিল থেকে এই রাজ্যে স্কুল শিক্ষকদের অবসর গ্রহণের বয়সসীমা ৬৫ থেকে কমিয়ে ৬০ বছর করা হয়। কিছু শিক্ষক সংগঠন সরকারের আদেশের বিরুদ্ধে আদালতে দ্বারস্থ হয়। আদালতের নির্দেশ অনুসারে মামলাকারী শিক্ষক সংগঠনের অন্তর্ভুক্ত শিক্ষকদের অবসর গ্রহণের বয়স ৬৫ বছর রাখতে তারা সক্ষম হয়। যেসমস্ত শিক্ষক সংগঠন মামলা করেনি যেমন এ.বি.টি.এ., এ.বি.পি.টি.এ., তারা ৬৫ বছরের সুযোগ পাবেন না এই আশঙ্কা করে সংগঠন ছেড়ে দিয়ে মামলাকারী শিক্ষক সংগঠনের সদস্য হবার জন্য এগিয়ে আসছেন। রাজ্য সরকার শিক্ষকদের সমর্থন হারিয়ে ফেলছেন এই আশঙ্কা করে পুনরায় ৬৫ বছর করেছেন। যেকোনো কারণেই হোক রাজ্য সরকার যে এটা করেছেন তারজন্য আমি তাদের সাধুবাদ জানাচ্ছি। ৬৫ থেকে ৬০ করার জন্য আমরা এখানে এবং বাইরে প্রতিবাদ করেছিলাম। কিন্তু সরকার সেই সময় মানেননি। কিন্তু সবচেয়ে যেটা রিডিকিউলিয়াস ব্যাপার সেটা হচ্ছে এইরকম একটা পলিসি ম্যাটার যার সঙ্গে লক্ষ লক্ষ শিক্ষকের স্বার্থ জড়িত যেটা নিয়ে গত ৫ বছর ধরে একটা তোলপাড় এবং তারপর তারা পলিটিক্স ম্যাটার পরিবর্তন করলেন। শিক্ষামন্ত্রীর বিবৃতি কাগজে এই খবরটা বের হয়েছে, আজকে আনন্দবাজারের এডিটোরিয়ালেও বের হয়েছে। আমি একটি শিক্ষক সংগঠন, মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতির ভাইস প্রেসিডেন্ট। যেদিন এই সংবাদটি আনন্দবাজার কাগজে প্রকাশিত হয় সেদিন আমি সমিতি অফিসে গেলে শিক্ষক মশাইরা আমার কাজ থেকে এই সংবাদের অথেনটিসিটি সম্পর্কে আমি বিধানসভার সদস্য হিসাবে কিছু বলতে পারি কিনা জানতে চান। কিন্তু আমার পক্ষে কিছু বলা সম্ভব হয়নি। স্যার, আপনার প্রেসটিজের প্রশ্নে, হাউসের মর্যাদার প্রশ্নে, বিধানসভার সদস্যদের মর্যাদার প্রশ্নে এইরকম একটা পলিসিগত ব্যাপার বিধানসভাকে জানাবেন না, সংবাদপত্রে বিবৃতি দেবেন এই জিনিস হতে পারেনা। স্যার, আপনি শিক্ষামন্ত্রীকে বলুন ৬০ বছর থেকে যে ৬৫ বছর করেছেন সে সম্বন্ধে একটা বিবৃতি দিতে। আপনি নিশ্চয়ই আমার বক্তব্য অ্যাপ্রিসিয়েট করবেন এবং এই হাউসে এই মর্মে একটা বিবৃতি দেবার জন্য শিক্ষমন্ত্রীকে বলুন।

**মিঃ স্পিকার ঃ** শিক্ষামন্ত্রী এখানে নেই, এলে বলব। মিঃ রায়চৌধুরী, আপনি যে অগ্নি কান্ডের কথা বলেছেন সেই অগ্নি কোথায় হয়েছে তা বলেননি। আজকে বলতে দিচ্ছি, ভবিষ্যতে বলতে দেবনা। মেনশনে টেকনিক্যালি ভুল থাকলে অ্যালাওড হবেনা।

**শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত মর্মান্তিক ঘটনার প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। গত ৫/৩/৮৬ তারিখে হাবড়া বাজারের একটা অংশে ভয়াবহ অগ্নিকান্ড ঘটে। এই অগ্নিকান্ডে ১৩ খানা দোকান একেবারে ভস্মিভূত হয়ে যায়, আরও ৫/৬ খানা দোকান আংশিক ক্ষতিগ্রস্ত হয়। ঐ দোকানগুলির মধ্যে দুটি শিশু একজনের বয়স ১৮/১৯ বছর, আর একজনের বয়স একটু কম. এইরকম দুটি

শিশু ঘুমন্ত অবস্থায় অগ্নিদগ্ধ হয়, তারা হাবড়া হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। ক্ষতির পরিমাণ প্রায় ১৪ লক্ষ টাকা। এই প্রসঙ্গে আমরা সকলে মিলে ডি.এম., এস.ডি.ও. প্রভৃতির কাছে যোগাযোগ করেছি তাদের অর্থনৈতিক সাহায্যের জন্য, কিন্তু কোনো সাহায্য এযাবত পাওয়া যায়নি। আমি জানিনা কি কারণের জন্য এই ধরনের অগ্নিকান্ডগুলি হচ্ছে। গতকালও খবরের কাগজে দেখেছি কলকাতায় আরও ৩টি অগ্নিকান্ড ঘটেছে। এই অগ্নিকান্ডের পিছনে আমার মনে হয়, নিশ্চয়ই কোনো চক্রান্ত আছে। আমি হাবড়া বাজারের যে ক্ষতি হয়েছে তারজন্য ক্ষতিপূরণ দাবি করছি এবং তাদের ব্যবসা করার জন্য সরকারের পক্ষ থেকে যাতে টাকা-পয়সা দেওয়া যায় তারজন্য অনুরোধ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্য সরকারের ভূমি সংস্কার দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের শিল্পাঞ্চলে বিশেষত কয়লা খনি এলাকাতে জমির যে অভাব দেখা দিয়েছে সেই জমির অভাবে বিভিন্ন কয়লা খনিগুলি বন্ধ হতে চলেছে। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে বর্ধমান জেলার রাণীগঞ্জে নিমচা কয়লা খনি যেখানে ৫ শো শ্রমিক কাজ করে সেখানে যে অ্যাকুমুলেশন অব কোল আছে তাতে ১ (এক) মাস কাজ চলবে। সেখানে দৈনিক ১২ শো টন কয়লা উৎপাদন হয়ে থাকে। সেখানে নতুনভাবে জমি না পাওয়া গেলে একমাস পরে সেই কয়লা খনি বন্ধ হয়ে যাবে, ৫শো শ্রমিক আগামী দিনে আর কাজ পাবেনা। এইরকম অবস্থা চলছে। বর্ধমান জেলার রাণীগঞ্জ এলাকার সোনপুর, বাজারিয়া, নিমচা, এইসব এলাকায় এই অবস্থা হয়েছে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে ঐ সমস্ত কোলিয়ারি এরিয়ায় কোলিয়ারি চালু করার ব্যবস্থা হয়েছে কিন্তু জমির অভাবে উৎপাদন ব্যাহত হচ্ছে এবং আগামী দিনে অনেক বেকারের সৃষ্টি হবে। বাঁকুড়া জেলার শালতোড়া থানার বাঁকুড়া, মেজিয়া, অর্ধগ্রাম এই সমস্ত এলাকাতেও সরকার জায়গা দিতে পারেনি। আমি আপনার মাধ্যমে ভূমি রাজস্ব মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে এর ব্যবস্থা নেবার জন্য। অবিলম্বে ঐ সমস্ত কয়লাখনিগুলি চালু করার প্রয়োজনীয়তা আছে। ই এল সি-কে যদি জমি হস্তান্তর করা না হয়, তাদের যদি জমি দেওয়া না যায় তাহলে উৎপাদন ব্যাহত হবে শ্রমিকদের কর্মচ্যুতি ঘটবে, শ্রমিকরা কাজ পাবেনা উৎপাদন ব্যাহত হবে। এবং এতে দেশের সার্বিক ক্ষতি ঘটবে। অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**Mr. Speaker :** Dr. Sukumar Roy, your mention is out of order on technical grounds. You have stated, non-declaration of names by the District Registrar. You have not specified Registrar of which District or which department. However, today I am allowing you next time if these is any technical fault I will not allow.

[2-20—2-30 P.M.]

**শ্রী সুকুমার রায় :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় আইন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি এই কথাটা পরিষ্কারভাবে জানাবেন বলে আপনাকে অনুরোধ জানাচ্ছি। এখানে ডেলি রেটেড ওয়ার্কার সিলেক্ট করার ব্যাপারে আইনগতভাবে ডিসট্রিক্ট রেজিস্ট্রার অর্থাৎ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে লোক চাওয়া হয়েছিল এবং তারা লোক

পাঠালে গত ৩।১১।৮৫ তারিখে তাদের ইন্টারভিউ নেওয়া হয় এবং এই ইন্টারভিউ কমপ্লিট করে একটা প্যালেন তৈরি করা হয় এবং সেটা ফাইন্যাল হয়ে যায়। কিন্তু কোনো এক অদৃশ্য হস্তক্ষেপের ফলে ডি এম সেটাকে বন্ধ করে দিলেন যেটা তাঁর একতিয়ারভুক্ত নয়। বলা হল এটা বেরুলে আইন শৃঙ্খলার অবনতি ঘটবে। স্যার, পুরুলিয়ায় সারা ভারতীয় একটা বেকার সমিতি আছে। আমার কাছে চিঠি আছে। Case has been awaiting higher authority's instructions. এটা আমরা বুঝতে পারছি না। হাইয়ার অথরিটির ইনস্ট্রাকশন কিভাবে হল, এটা আমাদের এই আইন বুঝিয়ে দিন। এটা সোজাসুজি ব্যাপার ডিস্ট্রিক্ট রেজিস্ট্রারে যেটা আছে কেন সেটা বের করা যাচ্ছেনা। এই অবস্থা হলে সেখানে যে বেকার সমিতি আছে তারা একটা আভাস দিচ্ছে আইন শৃঙ্খলার অবনতি ঘটবে। বের করলে আইন শৃঙ্খলার অবনতি ঘটবে বলে যে বলা হচ্ছে, কিন্তু সেখানে এটা বের করা নাহয় তাহলে সেখানে কতখানি আইন শৃঙ্খলার অবনতি হবে সেটা একবার অনুধাবন করুন।

**শ্রী সুকুমার মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অনতিবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি। সেটা হচ্ছে নদীয়া জেলার হাসখালি থানার অন্তর্গত বাদকুল্লা এবং তৎপার্শ্ববর্তী এলাকাসমূহ চরম সন্ত্রাসের কবলিত হয়েছে। এবং একটা খুনের এলাকায় পরিণত হয়েছে। গত দেড় বছরে ঐ বাদকুল্লা এবং তার পার্শ্ববর্তী এলাকায় ১৩টি খুন হয়েছে এবং নকশালপন্থী নামধারী সমাজবিরোধীরা তাদের নির্মমভাবে হত্যা করেছে।

সম্প্রতি গত ৯ই ফেব্রুয়ারি সন্ধ্যা ৭-১০ মিঃ বাদকুল্লার জনবহুল এলাকায় বারাসাত গ্রাম পঞ্চায়েতের সদস্য গৌর গোপাল সেন ও বাদকুল্লা বাজারের চা ব্যবসায়ী মনোজ রক্ষিতকে নির্মমভাবে খুন করা হয়েছে। এই অবস্থায় বাদকুল্লা ও তার পার্শ্ববর্তী এলাকার লোকেরা ভীত সন্ত্রস্ত হয়ে পড়েছে। নদীয়া জেলার পুলিশ প্রশাসন দুর্বৃত্তদের ধরার কোনো চেষ্টাই করছে না, তাদের বিরুদ্ধে কোনোরকম কার্যকর ব্যবস্থা গ্রহণ করছে না বলে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে করুণ আবেদন জানাচ্ছি যে, অবিলম্বে এইসব সমাজ বিরোধীদের ধরে উপযুক্ত শাস্তিদানের ব্যবস্থা করুন এবং ভবিষ্যতে যাতে বাদকুল্লায় আর খুন খারাপি না হয় তারজন্য পুলিশ পিকেট বসাবার ব্যবস্থা করুন। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই আবেদন জানাচ্ছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মিউনিসিপ্যাল মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। একবছর হল হাওড়া ওয়াটার ওয়ার্কস চালু হয়েছে। এই ওয়াটার ওয়ার্কস চালু হওয়া সত্ত্বেও হাওড়ায় পানীয় জলের দারুণ অভাব দেখা দিয়েছে। এই প্রকল্প চালু হবার পর থেকে কোনোরকম সুব্যবস্থা হয়নি। ওয়াটার ওয়ার্কস চালু হবার পর থেকে সেখানকার সমস্ত পাইপ লাইন ফেটে গিয়ে রাস্তার উপর দিয়ে জল চলে যাচ্ছে। ফলে রাস্তার উপর বড় বড় গর্ত হয়ে গেছে। ২৮নং ওয়ার্ডে বাই ইলেকশন হচ্ছে। দুঃখের বিষয় সেখানে জল নিয়ে রাজনীতি হচ্ছে। ওখানে মেয়র নিজে ইলেকশন ক্যাম্পেন করছেন এবং ক্যাম্পেন করতে কয়েকজন মন্ত্রীও সেখানে গেছেন। সেখানে বলছেন আপনারা আমাদের ভোট দিন আপনাদের ওয়াটার ওয়ার্কস আমরা চালু করে দেব। তাহলে এটাই কি ধরে নিতে হবে সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে যেখানে কংগ্রেসি কাউন্সিলর আছে সেখানে জল

দেওয়া হবে না, আর যেখানে কাউন্সিলর নেই, লেফট ফ্রন্টের কাউন্সিলর আছেন সেখানে জল দেওয়া হবে? হাওড়া শহরে এইরকম একটা পরিস্থিতি দাঁড়িয়েছে এবং সেখানে জল নিয়ে হাহাকার চলছে। ওয়াটার ওয়ার্কস চালু হবার পরও বহু প্রতিক্ষিত জল আবার পাওয়া যাচ্ছেনা। অন্যদিকে আবার এই জল রাস্তার উপর দিয়ে চলে গিয়ে রাস্তা ঘাট নষ্ট করছে। তাছাড়া যেখান দিয়ে এই পাইপ লাইন লে আউট করেছেন তার প্ল্যান পর্যন্ত কর্পোরেশনে নেই। সি.এম.ডি.এ. কোটি কোটি টাকার পাইপ লাইন বসিয়েছে, তার প্ল্যানটুকু পর্যন্ত নেই। মন্ত্রী মহাশয় নিজে সবই জানেন। আমার অনুরোধ অবিলম্বে পাইপ লাইন ঠিক করে রাস্তাগুলিকে বাঁচান, প্রচুর জল ওয়েস্টেজ হয়ে যাচ্ছে, এই জলকে সাধারণ মানুষের কাজে লাগান।

**শ্রীমতী অঞ্জু কর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কালনা পান্ডুয়া, কালনা বৈঁচি এই দুটি বাস চলাচলের রাস্তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই দুটি রাস্তা দিয়ে কয়েকশত যাত্রী প্রতিদিন বর্ধমান এবং পান্ডুয়ায় যাতায়াত করেন। কিন্তু দুঃখের বিষয় এই দুটি রাস্তা হুগলি জেলার অধীন বলে দীর্ঘদিন ধরে রাস্তা দুটির সংস্কার হচ্ছে না। আমরা জেলা দপ্তরে গিয়ে বারে বারে খোঁজ নিয়েছি। বর্ধমান জেলার অফিসার বলেন এটা আমাদের দপ্তরের নয়, হুগলি জেলার বিষয়। আমরা লক্ষ করে দেখছি কালনা পান্ডুয়া রাস্তার হুগলি জেলার অংশটুকু সংস্কার হয়েছে, কিন্তু বর্ধমানের দিকে ৪ কিলোমিটার মতো রাস্তার কোনো সংস্কার হয়নি। ফলে দুটি রাস্তার উপর দিয়ে বাস চলাচলের ক্ষেত্রে বিঘ্নিত হচ্ছে। মালিকরা ইচ্ছাকৃতভাবে রিস্ক নিয়ে বাস চালাতে রাজি হচ্ছেনা, প্রায়ই বাস বন্ধ করে দিচ্ছে। অবিলম্বে প্রাশসনিক বাধা দূর করে রাস্তা দুটিকে মেরামত করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি লক্ষ করেছেন বিগত কয়েকদিন ধরে ডি.এন.দে হোমিও মেডিক্যাল কলেজ সহ অন্যান্য ৮টি হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের ছাত্রছাত্রীরা এবং বিশেষ একটি ব্যাচ, ১৯৮৩/৮৪, সেকেন্ড ইয়ার ইন্টারমিডিয়েট গ্রুপের ছাত্রছাত্রীরা আজকে কলকাতার রাস্তায় আন্দোলনে নেমেছে। দুর্ভাগ্যের ব্যাপার হল কলেজগুলির প্রশাসনিক কর্তৃপক্ষ এবং হোমিওপ্যাথিক কাউন্সিল-এর মধ্যে বিরোধের ফলে ছাত্রছাত্রীরা আজকে পরীক্ষা দিতে পারছে না। এর ফলে প্রশাসনিক তরফ থেকে মাঝে মাঝে বলা হচ্ছে হাইকোর্টের নির্দেশ আছে, তাই হচ্ছে না। হাইকোর্টের ইনজাংশান আছে। এই পরিপ্রেক্ষিতে হাইকোর্টের আদেশ কি হবে না হবে সেই অনুযায়ী ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ নির্ভর করবে।

[2-30—2-40 P.M.]

কলেজ কর্তৃপক্ষ যদি অন্যায় করে থাকে নিশ্চয় তার বিচার হওয়া উচিত, নিশ্চিতভাবে প্রশাসনিক দিক থেকে তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া উচিত কিন্তু হোমিওপ্যাথি কাউন্সিল এবং হাইকোর্টের আদেশ বলে যে সমস্ত ছাত্রছাত্রীরা ভর্তি হলেন, রেজিস্ট্রেশনের ফর্ম ফিলআপ করলেন, পরীক্ষার ফর্ম ফিলআপ করলেন, পরীক্ষার অনুমতি পেলেন, ২।। বছর ধরে

পড়াশুনা করলেন তাদের পরীক্ষা দিতে দেওয়া হচ্ছেনা কেন? তাদের অপরাধ কোথায়? এইভাবে তাদের যাতে সর্বনাশ না হয়ে যায় সেটা নিশ্চয় দেখা দরকার। আমি স্যার, তাই আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী, এখানকার মাননীয় সদস্যদের এবং সার্বিকভাবে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি, একটা পথ বার করুন এবং প্রশাসনিক ব্যবস্থার পরিপ্রেক্ষিতে এইসব ছাত্ররা যাতে পরীক্ষা দিতে পারে, তাদের ভবিষ্যত যাতে নষ্ট না হয় সেটা দেখুন।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার জানা আছে যে কয়েক বছর আগে সি.এম.ডি.এ. কর্তৃপক্ষ কতকগুলি ওয়াটার সাপ্লাই স্কীম হাতে নিয়েছিলেন। ডিপ টিউবওয়েলের কাজ সমাপ্ত হবার পর তার পরিচালনভার হস্তান্তর করেছেন ক্যালকাটা মিউনিসিপ্যাল ওয়াটার সাপ্লাই অথরিটির উপর। গত ১/১।। বছরের মধ্যে যতগুলি ডিপ টিউবওয়েল চালু হয়েছে তার সংখ্যা হবে আনুমানিক ৬০/৬২ টি কিন্তু তারমধ্যে ২০/২২ টি ডিপ টিউবওয়েল ১/১।। বছরের মধ্যে বিভিন্ন এলাকায় খারাপ হয়ে পড়ে আছে। সেখানে মানুষ জলের জন্য টাকা জমা দিয়েছেন, বাড়িতে কানেকশন নিয়েছেন কিন্তু সেগুলি খারাপ হয়ে পড়ে আছে। এদিকে গ্রীষ্মকাল আসছে স্বভাবতই জলকষ্ট বাড়বে। স্যার, বহু চেষ্টা করে সব জেনে, আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা যা হয়েছে সে সম্পর্কে আমি কয়েকটি কথা বলব। আমার নির্বাচনি কেন্দ্রে মানুষ সংঘবদ্ধ হয়ে আন্দোলন করে ইঞ্জিনিয়ারদের বাধ্য করেছেন কাজ চালু করার জন্য। আমি শুনেছি বালি এলাকাতেও এরকম ডিপ টিউবওয়েল খারাপ হয়ে পড়ে আছে। বাঁশদ্রোণীতেও খারাপ হয়ে পড়ে আছে। রিগের অভাব সিঙ্গল টেন্ডার হচ্ছে ইত্যাদি নানান রকমের অজুহাত দেখানো হচ্ছে। স্যার, মানুষের পানীয় জলের দরকার — এই কাজে সাহায্য করার জন্য যে প্রশাসনিক উদ্যোগ, যে মানবিক উদ্যোগ নেওয়া দরকার আমরা কোনো কোনো ইঞ্জিনিয়ারের ক্ষেত্রে তার অভাব লক্ষ করছি। একটু আগে দেখছিলাম নগর উন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, তিনি নিশ্চয় এ সম্পর্কে অবহিত, আমি স্যার, আপনার মাধ্যমে তাঁর কাছে অনুরোধ জানাচ্ছি, লক্ষ লক্ষ টাকা খরচ করে যে সমস্ত ডিপ টিউবওয়েল হবার পর খারাপ হয়ে পড়ে আছে এবং তার ফলে পানীয় জলের সঙ্কট দেখা দিচ্ছে তারজন্য অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করুন।

**ডাঃ সুশোভন ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি প্রথমেই বলতে চাই যে এই হাউসে অনেকে মনে করেন যে মেনশন আওয়ারে এখানে মেনশন করে আমরা শুধু শুধু সময় নষ্ট করি, আমি কিন্তু সেই দলের নই। বিগত দিনে আমি দেখেছি, গুরুত্বপূর্ণ বিষয়ে মেনশন করার পর আপনি যথাযথ ব্যবস্থা নিয়েছেন। আমি স্যার, তাতে অনুপ্রানিত হয়ে তাই আবার আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের অবতারণা করছি, আশাকরি আপনি ব্যবস্থা নেবেন। যখন তখন ট্রেন আটকানো, যেখানে সেখানে ট্রেন আটকানো আজকে পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় এত বেড়ে গেছে যে, আমার মনে হয়, সারা পশ্চিমবঙ্গবাসীর ট্রেনে যাতায়াত করা অনিশ্চিত হয়ে পড়েছে। আপনি জানেন যে ট্রেনে অনেক ছাত্রছাত্রী আসে, অফিসাররা আসেন, অনেক রুগীরা আসেন এবং বহুলোক ইন্টারভিউ দিতে কলকাতায় আসেন। আজকে ট্রেন এইভাবে মাঝখানে আটকানোর ফলে তাদের ভীষণভাবে অসুবিধা হয়। আমি নিজে একজন বীরভূম-বর্ধমান ট্রেন যাত্রী সমিতির সভাপতি। আমি কঠোর ভাষায় এই ট্রেন আটকানোর নিন্দা করছি। আমি অনুরোধ করব যে রাজ্য সরকারের এই বিষয়ে কিছু

করণীয় আছে এবং রাজ্য সরকার আজকে যদি এইভাবে ট্রেন আটকানোতে বাধা না দেন তাহলে আগামী দিনে যারা ট্রেন আটকাচ্ছে তারা এটা দিনের পরদিন বাড়িয়ে তুলবে। কাজেই আমার অনুরোধ রাজ্য সরকারকে কঠোর হস্তে এটা দমন করার জন্য বলুন। তারা দাবি আদায় নিশ্চয়ই করব। কিন্তু যারা বহু দুরের যাত্রী তাদের রাস্তার মাঝখানে ৪ ঘন্টা, ৫ ঘন্টা, ৬ ঘন্টা, ৭ ঘন্টা ধরে আটকে রেখে তাদের জীবন দুর্বিসহ করে তুলবে এটা ঠিক নয়। কাজেই এই বিষয়ে সরকার ব্যবস্থা নিন। যদি কঠোর ব্যবস্থা না নিতে চান তাহলে যেভাবে পশ্চিমবাংলায় পরিবার পরিকল্পনা সম্পর্কে পোস্টারের মাধ্যমে জনগণের মধ্যে এটাকে পপুলার করা হয়েছিল সেইভাবে ট্রেন আটকানো বন্ধ করার জন্য আবেদন জানান যাতে এটা দিনের পরদিন কমে আসে। ধন্যবাদ।

**শ্রী [illegible] রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের সদস্যরা প্রায় সব সময়েই বলে থাকেন যে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা বিঘ্নিত। কয়েকটি ক্ষেত্রে তাদের সঙ্গে আমি একমত। গতকাল উত্তর ২৪ পরগনা, মুর্শিদাবাদে আইন শৃঙ্খলা গুরুতরভাবে বিঘ্নিত হয়েছে। গতকাল উত্তর ২৪ পরগনায় কংগ্রেস (আই) এর একটা মিটিং ছিল এবং তাতে কাজী আব্দুল গফর সাহেব সভাপতিত্ব করেছিলেন। বরাহনগরে সেই মিটিংয়ের মধ্যে কিছু ছাত্র পরিষদ যুব কংগ্রেস এবং কংগ্রেসের নামধারী গুন্ডারা ঢুকে পড়ে এবং ক্ষুর, ছুরি, লোহার রড ইত্যাদি নিয়ে মারামারি শুরু করে। মারামারির জন্য কাজী আব্দুল গফর সাহেবের চশমা পড়ে যায়, কয়েকজনকে গুরুতর অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয় এবং কয়েকজনকে পুলিশ খুঁজে বেড়াচ্ছে। ঠিক একইরকমভাবে বহরমপুরে কংগ্রেস(আই) দলের মিটিং হয়। সেখানে জেলা কংগ্রেস (আই) দলের প্রেসিডেন্ট বিধায়ক বঙ্কিম ত্রিবেদীকে মারধর করা হয় এবং তার জামা ছিঁড়ে নেওয়া হয়। অবশেষে তিনি কোনোক্রমে পালিয়ে বাঁচেন। মুর্শিদাবাদ জেলা থেকে আমার কাছে খবর, এই যে গন্ডগোল হয়েছে সেটা নাকি [***] গোপনে দিয়েছেন আমাদের বিধানসভার [***] আমি সত্য কিনা জানিনা। এটা যদি হয় তাহলে এটা অত্যন্ত দুর্ভাগ্যের কথা। আপনার মাধ্যমে আমার বক্তব্য হচ্ছে আমি পুলিশমন্ত্রী জ্যোতিবাবুকে অনুরোধ করছি যে কংগ্রেস (আই)-এর যেখানেই মিটিং হোক সেখানে যেন সশস্ত্র পুলিশ পাঠিয়ে দেওয়া হয়। আইন-শৃঙ্খলা কোনোক্রমেই যাতে বিঘ্নিত না হয় সেজন্য কয়েক ট্রাক সশস্ত্র পুলিশ পাঠিয়ে দেওয়া হোক যাতে ফ্রি ফর অল ফাইট করতে না পারে। কারণ হাজার হোক ওরাতো আমাদের দেশেরই ছেলে সেজন্য জ্যোতিবাবুর কাছে এই অনুরোধ করছি।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকারের রাজত্বে আমরা লোডশেডিং শব্দের সঙ্গে পরিচিত হয়েছি। লোডশেডিং কি সেটা আমরা জানি। লোডশেডিং যখন হয় তখন হ্যারিকেনের আলোয়, মোমবাতির আলোয় আমাদের কাজ করতে হয়, এটা আমরা অভ্যস্ত। কিন্তু এটা লোড্‌শেডিং নয়, বিদ্যুৎ সরবরাহও নয়, এটাকে কোনো ভাষায় অভিহিত করব আমি জানিনা। গত একমাস ধরে আরামবাগ মহকুমায় দেখছি এত লো ভোল্টেজে আলো দেওয়া হচ্ছে যার মাধ্যমে পড়াশুনা করা যাচ্ছেনা। যে আলো দেওয়া হচ্ছে

---

** Note [Expunged as order by the chair]

সেটা এতকম ভোল্টেজ যে ছাত্রছাত্রীরা পড়াশুনা করতে পারছে না এবং সেখানে আলোও জ্বালানো সম্ভব নয়। লো ভোল্টেজ আলো থাকার জন্য সেখানে সমস্ত ডিপ টিউবওয়েলগুলি অকেজো হয়ে যাচ্ছে এবং তার ফলে কৃষি জমিতে, সেচের জমিতে জল দেওয়া যাচ্ছেনা। ডিপ টিউবওয়েলগুলি অকেজো হয়ে পড়ছে বিদ্যুৎ সরবরাহ ঠিকমতো না হওয়ার জন্য। আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন করছি যে অবিলম্বে আরামবাগ মহকুমায় উপযুক্ত পরিমাণে অর্থাৎ যে পরিমাণ ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহ করলে ঠিকমতো আলো পাওয়া যাবে তার ব্যবস্থা করুন, মানুষকে আলো দিয়ে বাঁচান, ডিপ টিউবয়েলগুলি যাতে চলতে পারে তার ব্যবস্থা করুন এই আবেদন রাখছি।

[2-40—2-50 P.M.]

**শ্রী আবদুস সাত্তার ঃ** স্যার, আমার একটা পার্সোনাল এক্সপ্লানেশন আছে। মাননীয় সদস্য বীরেন রায়, তাঁর ৪নং মার্লিন পার্কের বাড়িতে বসে স্বপ্ন দেখে কতগুলি কথা বলে গেলেন। স্যার, তিনি যা বললেন তা সম্পূর্ণ অসত্য কথা। ঐরকম কাল্পনিক, ভিত্তিহীন, অসত্য কথা আশা করা যায়না। বঙ্কিমবাবু এখন হাউসে উপস্থিত নেই, তিনি ২/৪ দিন পরেই আসবেন, আপনি তাঁকে জিজ্ঞাসা করে নেবেন। যে সমস্ত মারামারির কথা বলা হয়েছে, তা সম্পূর্ণ অসত্য, গল্প সাজিয়ে কতগুলি ভিত্তিহীন কথা বলা হয়েছে। উনি বললেন, ব্লু প্রিন্ট নাকি সাত্তার সাহেব করেছেন। ব্লু প্রিন্ট কিংবা মাস্টার মাইন্ড, এই ধরনের কথা উনি বললেন। আমি বলতে চাই বীরেনবাবু আমার সম্বন্ধে যে সমস্ত উক্তি করেছেন তা সম্পূর্ণ অসত্য এবং কাল্পনিক। চরিত্রহননের জন্য এর চেয়ে আর অসত্য কিছুই হতে পারেনা। এইভাবে চরিত্রহননের যে পথ অবলম্বন করা হচ্ছে মেনশন আওয়ারে তা যদি চলতে থাকে তাহলে এপাশ থেকেও এই জিনিস হবে। সুতরাং আমি আপনাকে অনুরোধ করছি, আপনি এই বিষয়টি একটু দেখবেন এবং বঙ্কিমবাবুর প্রশ্নটাও দেখবেন।

**মিঃ স্পিকার ঃ** বীরেন রায়ের বক্তব্য থেকে ব্লু প্রিন্ট, সাত্তার সাহেব ইত্যাদি কথাগুলি বাদ যাবে। বঙ্কিমবাবু আগে সভায় আসুন, তারপর তাঁর বিষয়টি দেখা যাবে। সাত্তার সাহেব, আপনারটা আমি এক্সপাঞ্জ করে দিয়েছি। অর্থাৎ আপনার বিষয়ে বীরেণবাবু যেটা বলেছেন।

আমি মাননীয় সদস্যদের আর একবার স্মরণ করিয়ে দিচ্ছি, কোনোও মেম্বারের বিরুদ্ধে কোনোও অ্যালিগেশন তুলতে হলে আগে তাঁকে নোটিশ দিতে হবে, কারণ হি মাস্ট বি ডিফেন্ড হিমসেল্ফ। তা নাহলে সে কিছু জানল না, বুঝলনা, তাঁর বিরুদ্ধে বলা হল, এটা চলতে পারেনা।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগর পৌরসভার মালিকানাধীন কৃষ্ণনগর শহরে "গোদাডাঙ্গা" নামে একটি কবর স্থান আছে। কৃষ্ণনগর শহর এবং পার্শ্ববর্তী এলাকার সংখ্যালঘু জনসাধারণ এটি ব্যবহার করেন। কিন্তু পৌরসভার অবহেলো ও গাফিলতির জন্য উক্ত কবর স্থানটি নষ্ট হয়ে যাচ্ছে, ব্যবহার করা যাচ্ছেনা। সেখানে কোনোও জলের ব্যবস্থা নেই। এমন কি বর্তমানে পাহারা পর্যন্ত নেই। কারণ পাহারাদারের ঘরটি ভেঙেচুরে গেছে, সেখানে সে বসবাস করতে পারেনা। যার ফলে কবর স্থানে মৃতদের আত্মীয়স্বজনরা ইঁট দিয়ে গেঁথে যে সমস্ত সমাধি সাজিয়ে রেখে যান সেগুলি এবং গাছগুলি

চুরি হয়ে যাচ্ছে। এতে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের মনে বেদনার সঞ্চার হচ্ছে। এমনকি কবর স্থানের জমির সীমানা চিহ্নিত না থাকার জন্য কবর স্থানের জমি পর্যন্ত জবরদখল হয়ে যাচ্ছে। এই সমস্ত অব্যবস্থার প্রতিকারের জন্য "কৃষ্ণনগর মুসলিম সমাজ কল্যাণ সমিতি" পৌরসভার কাছে বার বার আবেদন করেছেন, ডেপুটেশন দিয়েছেন। কিন্তু পৌরসভা তাঁদের কথায় কোনোও কর্ণপাত করছে না। তাই আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সুষ্ঠু প্রতিকারের ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ করছি। স্যার, সম্ভব হলে আপনার মাধ্যমে আমি সংখ্যালঘু কমিশনের দৃষ্টিও বিষয়টির প্রতি আকর্ষণ করছি।

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কিছুদিন যাবত দেখছি, কি শহরাঞ্চলে, কি গ্রামাঞ্চলে দারুণভাবে মশার উপদ্রব বেড়ে গেছে। আপনি জানেন, বেশিরভাগ গরিব লোকেদের মশারি ব্যবহার করা সম্ভব নয় এবং তারফলে তারা মশা-বাহিত রোগের স্বীকার হয়ে পড়ছে। শুধু মানুষেরা নয়, গবাদি পশুরাও মশার কামড়ে অতিষ্ট হয়ে উঠছে এবং স্বাস্থ্য নষ্ট হচ্ছে। এই মশার উপদ্রব যদি ঠেকানো না যায় তাহলে ম্যালেরিয়া, ফাইলেরিয়া এবং এনকেফেলাইটিস রোগের প্রকোপ দেখা দিতে পারে এবং তারফলে আমাদের রাজ্যে সমস্ত স্বাস্থ্য ব্যবস্থা বিপর্যস্ত হয়ে যেতে পারে। আগে মশা মারার জন্য উদ্যোগ নিতেন স্বাস্থ্য দপ্তর। ডি.ডি.টি স্প্রে করতেন বা অন্যান্য জিনিস স্প্রে করতেন। এখন তাও বন্ধ হয়ে গেছে। মাঝেমাঝে মশা মারার জন্য শহরাঞ্চলে দেখছি তেল ছিটানোর উদ্যোগ নেওয়া হয়েছে কিন্তু গ্রামাঞ্চলে এইসব উদ্যোগ নেওয়া হয়নি। আমি স্বাস্থ্য দপ্তরের কাছে অনুরোধ করব, তাঁরা যেন মশার এই প্রকোপ নষ্ট করবার জন্য যথাযথভাবে উপযুক্ত ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করেন।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছুদিন যাবত বনগাঁ মহকুমায় আইন-শৃঙ্খলার দ্রুত অবনতি ঘটছে। সেখানে ৩।৪ মাস ধরে নকশাল নামধারী সমাজ-বিরোধীরা পুলিশের সহযোগিতায় সন্ত্রাস সৃষ্টি করছে। গত ৮-৩-৮৬ তারিখ বেলা ২টার সময়ে একজন ৬০ বছরের বৃদ্ধ শ্রী সহদেব রায়কে, যিনি অগ্রগামী কৃষাণ সভার কর্মী, পুলিশ ইন্সপেক্টর কালিবাবুর সামনে গুলি করে হত্যা করা হয়েছে এবং ৫ জন আহত হয়েছে। এই কালিবাবু, এস.ডি.পি.ও এবং থানার ও.সি এইসব আহত ব্যক্তিদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া তো দূরের কথা, উল্টে তাদের গ্রেফতার করলেন। অথচ নকশাল নামধারী সমাজবিরোধীদের গ্রেফতার করলেন না। এইসব সমাজবিরোধীরা ঐ অঞ্চলে টাকা পয়সার লেনদেন করছে। কয়েকদিন আগে সি.পি.এমের পঞ্চায়েত সদস্যকেও গুলি করে হত্যা করেছে। বনগাঁ মহকুমায় ঐ অঞ্চলের থানার ও.সি, কালিবাবু নকশাল নামধারী সমাজবিরোধীদের সঙ্গে হাতে হাত মিলিয়ে ঐ অঞ্চলে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছে। এই নকশাল নামধারী সমাজবিরোধীরা গত পরশুদিন অগ্রগামী কৃষাণ সভার সদস্য শ্রী সহদেব রায়কে হত্যা করার জন্য আমি ঐসব দোষী ব্যক্তিদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানাচ্ছি। অপরদিকে অগ্রগামী কৃষাণ সভার সদস্য এবং ঐ অঞ্চলের ফরওয়ার্ড ব্লকের ব্রাঞ্চ কমিটির সভাপতি যিনি একজন স্কুল শিক্ষক তাকেও পর্যন্ত পুলিশ গ্রেপ্তার করেছে। আমি অবিলম্বে দাবি জানাচ্ছি ঐ কালিবাবুকে সাসপেন্ড করা হোক। ঐদিন রাত্রে এস.ডি.পি.ও এবং থানার ও.সি ঐসব সমাজবিরোধীদের সঙ্গে কেন বৈঠক করেছে তা আমি জানতে চাই এবং এরজন্য ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

[2-50—3-00 P.M.]

**শ্রী মহঃ নিজামুদ্দিন :** মাননীয় স্পিকার স্যার, একটি চাঞ্চল্যকর খবর আজকে কাগজে বেরিয়েছে। আমি সেইদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছুদিন ধরে আমি দেখছি উর্দু, হিন্দি, বাংলা এবং ইংরাজী কাগজে এইরকম খবর প্রকাশিত করছে। যারফলে পশ্চিমবঙ্গে যে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় আছে তা কি করে নষ্ট করা যায় তার চেষ্টা হচ্ছে। এই সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করবার জন্য জামায়েত-ই-ইসলাম হোক, আর.এস.এস. হোক আর জনসংঘ হোক অর্থাৎ যাইহোক না কেন সকলে মিলে উঠে পড়ে লেগেছে। আমরা দেখলাম, ২১ তারিখে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার চেষ্টা হয়েছিল। কিন্তু এই সরকার তা শক্ত হাতে দমন করেছে। আজকে এইরকম একটা খবর কাগজে বেরিয়েছে। এই কাগজটির নাম হচ্ছে, আকবর-ই-মসরিক। ডাঃ আনন্দ সমেন আর্টিকেলটি লিখেছেন। আর্টিকেলটির হেডিং হচ্ছে, "ইসলাম এবং নারী"। সেখানে আপত্তিকর কথা বলছেন। বলছেন, মদ্যপ বেশ্যাসক্ত ইসলাম ধর্ম তৈরি করেছে, খোদা করেনি। ইসলাম ধর্মে দীক্ষিত নারীরা অবিলম্বে যদি তাদের স্বার্থ রক্ষা করতে চান তাহলে হিন্দু ধর্মে চলে আসুন, হিন্দু ধর্ম অবলম্বন করুন।

এই যে চাঞ্চল্যকর খবর দেওয়া হচ্ছে এরমধ্যে যদি সত্যতা থাকে তাহলে আমি বলব অবিলম্বে এই সমস্ত আর্টিকেল ব্যান করা দরকার। যারা এইরকম উত্তেজনার সৃষ্টি করছে তাদের উপর আইনগতভাবে ব্যবস্থা নিতে হবে। আমরা শুনতে পাচ্ছি যে সকল হিন্দু এক হও, সকল মুসলমান এক হও এইরকম স্লোগান দেওয়া হচ্ছে। এই সমস্ত স্লোগান যারা দিচ্ছে তাদের শক্ত হাতে দমন করতে হবে। আমরা দেখছি প্রতি শুক্রবারে শিয়ালদহ স্টেশনের ওখানে বঙ্গীয় নাগরিক সমিতি না কি ঐ ধরনের একটা সমিতি আছে, এই সমিতির পক্ষ থেকে গালি গালাজ দিয়ে একটা ধর্মের বিরুদ্ধে কুৎসা প্রচার করা হচ্ছে। এই সমস্ত জিনিস অবিলম্বে বন্ধ করার ব্যবস্থা করার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ হৈমী বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ঘটনার ব্যাপারে আমি আপনার মারফত মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন ৩৫/বি, বাগমারি রোডে ডাইরেক্টার জেনারেল অফ পুলিশের স্ত্রীর নামে একটি বাড়ি, সেখানে বে-আইনি কনস্ট্রাকশন হচ্ছিল। অদ্ভুত কথা স্যার, মিসইউজ অফ পাওয়ার কাকে বলে একবার দেখুন। ডাইরেক্টার জেনারেল অফ পুলিশের স্ত্রীর বাড়িতে ইললিগ্যাল কনস্ট্রাকশন হচ্ছে, ঐ বাড়ি মানিকতলা পি.এসের আন্ডারে, কিন্তু লেক টাউন পুলিশ স্টেশন থেকে ওয়েস্ট বেঙ্গল পুলিশের কর্তাব্যক্তিরা ওখানে পুলিশ পোস্টিং করে দিয়েছে। কর্পোরেশনের অফিসাররা থ্রেট করলে তাদের বলা হয়েছে যে এটা ডি.জি.র বাড়ি আপনারা গার্ড করলেও আমরা কাজ করব। আমি স্যার অভিনন্দন জানাই মেয়র ইন কাউন্সিলের সদস্য শ্রী রথীন দাস শর্মাকে, তিনি অত্যন্ত বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন এ ব্যাপারে, কিন্তু তা সত্ত্বেও অদ্ভুত ঘটনা গত কালকেও আমি দেখেছি ঐ ডাইরেক্টার জেনারেল অফ পুলিশের স্ত্রীর ঐ বে-আইনি বাড়ির ওখানে পুলিশ পোস্টিং রয়েছে। গত কালও আমি নিজে দেখেছি। এ জিনিস চলতে পারেনা। শুধু তাই নয় আনন্দ অ্যাপার্টমেন্ট বলে সাদার্ন অ্যাভিনিউতে একটি বাড়ি আছে, মালটি স্টোরিড বিল্ডিং, পোস ফ্ল্যাট, তার ওনার হচ্ছেন আমাদের ডাইরেক্টার জেনারেল অফ পুলিশ। সেখানে অন্ততপক্ষে ১৫ জন কনস্টেবলকে পার্সোনাল বেয়ারা হিসাবে কাজ করানো

হচ্ছে। এই ভদ্রলোকের সম্বন্ধে আরও অনেক কথা জানতে পেরেছি, আনন্দ অ্যাপার্টমেন্টএ পোস ফ্ল্যাট, এবং সল্ট লেকে জমি তার স্ত্রীর নামে বাগমারিতে বাড়ি তৈরি হচ্ছে। আমার আশঙ্কা হচ্ছে কিছুদিন আগে খবরের কাগজে বেরিয়েছে যে বিভিন্ন জায়গার থানার ও.সি.-দের পোস্টিং হচ্ছিল লাখ লাখ টাকা ঘুষ দিয়ে। সেজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের নিকট আবেদন রাখছি যে ইমিডিয়েটলি সেখানে ভিজিলেন্স কমিশন বসানো হোক এই ডাইরেক্টার জেনারেল অফ পুলিশের বিরুদ্ধে এবং এটা অবহিত করানো হোক।

**শ্রী কান্তিচন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয় মাধ্যমিক বেসরকারি বিদ্যালয়ের শিক্ষকদের অবসরকালীন বয়স সম্পর্কে একটি বিষয়ের উল্লেখ করেছেন। আমি প্রথমেই বলতে চাই—আজকের খবর বলছি—আমরা এখন পর্যন্ত সেরকম কোনো সিদ্ধান্ত নিইনি। মাধ্যমিক বেসরকারি বিদ্যালয়ের শিক্ষকদের অবসর কালীন বয়স ৬৫ বছর করা হল এমন কোনো সিদ্ধান্ত নিইনি। যদি নিয়ে থাকি তাহলে নিশ্চয়ই এই সভাকে সে সম্বন্ধে অবহিত করব। আমরা যে নিইনি সেকথা মাননীয় সদস্য জানেন। আমরা দেখেছি, কয়েকদিন আগে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমাদের যিনি পরিকল্পনা বিভাগের রাষ্ট্রমন্ত্রী শ্রী অজিত পাঁজা মহাশয় রাজ্যসভায় বলেছেন যে প্রায় ২২ লক্ষ স্নাতক এবং স্নাতকোত্তর শ্রেণীর লোক বেকার অবস্থায় বসে আছেন। আমাদের এখানে চাকুরির যে সামান্যতম সুযোগ আছে সেই সুযোগ আমরা সঙ্কুচিত করতে চাই না। সেজন্য শিক্ষকদের অবসরকালীন বয়স ৬০ বৎসরের বেশি বাড়াতে চাই না। অনেক ভেবে পশ্চিমবঙ্গ সরকার এই সিদ্ধান্ত নিয়েছেন। মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি বলেছিলেন যে হাইকোর্টের রায়ে একটি শিক্ষক সংগঠনের সদস্য তাঁরা ৬৫ বৎসর অবসর গ্রহণ করবেন এবং বাকি সকলে ৬০ বৎসর গ্রহণ করবেন। এই সভায় দাঁড়িয়ে হাইকোর্ট সম্বন্ধে কোনো মন্তব্য করার ক্ষমতা আমার নেই, তাই আমি হাইকোর্ট সম্বন্ধে কোনো মন্তব্য করছি না। এর ফলে আমাদের অসুবিধাই বাড়ল। কয়েকটি শিক্ষক সংগঠন ৬৫ বছর বয়সে অবসর নেবেন, পশ্চিমবঙ্গের বাকি সবাই ৬০ বছরে অবসর নেবেন এটা হতে পারেনা। এ-ব্যাপারে যদি কোনো স্থির সিদ্ধান্তে আসতে পারি, যদি এই বৈষম্য দূর করতে পারি, তাহলে তা এই সভায় নিশ্চয়ই প্লেস করব।

[3-00—3-30 P.M.] (including adjournment)

**শ্রী নির্মলকুমার বোস ঃ** ইন রিপ্লাই টু মেনশন বাই শ্রী অনিল মুখার্জি, এখানে জানাচ্ছি যে, কেন্দ্রীয় সরকার কর্তৃক অধিগৃহীত কিছু শিল্পকে আর অধিগ্রহণের কার্যকাল বাড়ানো হবেনা, অর্থাৎ যাকে আমরা ডিনোটিফিকেশন বলি সেটা হয়ে যাবে। ফলে কারখানা বন্ধ হয়ে যাবে—এইরকম একটা আশঙ্কা সেখানে দেখা দিয়েছে এবং শ্রমিকরা আতঙ্কে রয়েছে। ইতিপূর্বেও দেখেছি কেন্দ্রীয় সরকার কর্তৃক অধিগৃহীত ও মনোনীত এইরকম তিনটি সংস্থা ডিনোটিফিকেশন হয়ে বন্ধ হয়ে গেছে। ফলে সেখানে ১,০০০ শ্রমিক বেকার হয়ে গেছেন। দীর্ঘকাল ধরে এই অধিগ্রহণের কাজ চলে এবং তারপর আমাদের চিঠি লিখতে হয়, দিল্লি ছুটতে হয়, মাননীয় মুখ্যমন্ত্রীকেও দিল্লি যেতে হয় এবং তারপর দুই-তিন মাস করে এই অধিগ্রহণের সময় বাড়ে। রাজ্য সরকারের হাতে এইরকম ১৩টি শিল্প-সংস্থা রয়েছে এবং যারমধ্যে ৪টি আমরা জাতীয়করণ করেছি। আরও ৯টিও করতে চাই, কিন্তু অধিগ্রহণের পরবর্তী দায়-দায়িত্ব নিতে হবে ওঁরা

এইরূপ সিদ্ধান্ত করবার ফলে কিছু অসুবিধা দেখা দিয়েছে। অবশ্য এই বিষয়ে কেন্দ্রের সঙ্গে আলোচনা হচ্ছে। আশা করছি ব্যাপারটার নিষ্পত্তি হবে। এই শিল্পের মধ্যে কেন্দ্রীয় সরকারের পরিচালিত সংস্থাও আছে, যেমন বেঙ্গল পটারিজ, দি ইন্ডিয়া মেশিনারি। এর একটিও জাতীয়করণ করছেন না। বার বার ধমকি দিচ্ছেন যে, এই সময়ের পর হলে ডিনোটিফিকেশন করব। এদিকে বেঙ্গল পটারিজের অধিগ্রহণের মেয়াদ রয়েছে ৩১শে আগস্ট পর্যন্ত। আমাদেরও ৬টি প্রতিষ্ঠানের কার্যকালের মেয়াদ ৩১শে মার্চ শেষ হচ্ছে। তাঁরা বলছেন যে, কার্যকালের মেয়াদ আর বৃদ্ধি করা হবেনা। কিন্তু আমাদের দাবি ডিনোটিফিকেশন করা চলবে না এবং সমস্ত সংস্থাকে জাতীয়করণ করতে হবে। এমন কি, কেন্দ্রীয় সরকারের সংস্থা—আই.আর.বি.আই. অ্যানড্রু ইউল, গার্ডেনরীচ - এগুলোকেও জাতীয়করণ করতে হবে—এই হচ্ছে রাজ্য সরকারের অভিমত।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন মহাশয়ের পয়েন্ট অফ অর্ডারের উত্তরে জানাচ্ছি যে, আমি স্ট্যান্ডিং অর্ডার দিয়ে রেখেছি যে, যখন অ্যাসেম্বলি চলবে তখন কোনো মিটিং ডাকতে হলে সেটা অ্যাসেম্বলি বন্ধ থাকবার সময়ে করতে হবে। কাজেই তিনি টেলিগ্রাম দেখিয়ে যার জবাব চেয়েছেন, সে ব্যাপারে রেডিওগ্রাম করে জানিয়ে দেবার ব্যবস্থা করছি যাতে ঐ মিটিং না হয়, এটা তাঁকে জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি। আবার অধিবেশন বসবে বিকাল ৩.৩০ মিনিটে।

(After adjournment)

[3-30—3-40 P.M.]

**Mr. Speaker :** Mr. Bapuli, I am sorry, I adjourned the House before hearing your zero hour mention. Now, please mention your case.

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে আপনি বলতে অনুমতি দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে কেন্দ্রীয় সরকারের সঙ্গেও বোধহয় বিষয়টি নিয়ে যোগাযোগ করার প্রয়োজন হতে পারে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, গত জানুয়ারি এবং ফেব্রুয়ারি, এই দু'মাসে ওপার থেকে হিন্দু এবং মুসলমান উভয় সম্প্রদায়ের বাংলাদেশ ন্যাশনালস্ যার সংখ্যা প্রায় ৭০০'র মতো হবে, তাঁরা এখানে এসে উঠেছেন। আজ পর্যন্ত প্রায় ৮০,০০০ এর মতো মানুষ বাংলাদেশ বর্ডার ক্রস করে এপারে এসে উঠেছেন। এঁদের বেশির ভাগ এখন বসিরহাট ও বারাসাত জেলে আটক রয়েছেন। ওখানকার জেলগুলো বাংলাদেশ ন্যাশনালস'এ ভর্তি হয়ে গেছে। এই ব্যাপারে আর একটি খুব খারাপ অবস্থার সৃষ্টি হয়েছে তা হচ্ছে, বর্ডার অঞ্চলে যে সমস্ত অঞ্চল প্রধান আছেন, তাঁরা ঐ লোকদের ইন্ডিয়ান ন্যাশনাল বলে সার্টিফিকেট দিচ্ছেন। আমি নিজে ছ'টি জায়গায় এইরকম ঘটনা কয়েকদিন আগে দেখেছি। বাংলাদেশ থেকে যে সমস্ত বাংলাদেশ ন্যাশনাল মুভ করে এখানে আসছে, তাঁদের ইন্ডিয়ান ন্যাশনাল বলে সার্টিফিকেট দেওয়া হচ্ছে এবং তারফলে তাঁরা এখান থেকে কার্ড যোগাড় করে নিচ্ছেন। এরফলে ঐ সমস্ত লোকরা ইন্ডিয়ান ন্যাশনাল হয়ে যাচ্ছেন। স্যার, বর্ডার অঞ্চলে এইভাবে সার্টিফিকেট দেওয়ার কারবার ফলাও করে চারিদিকে

হচ্ছে। আমি আপনার মাধ্যমে এইকথা বলতে চাই যে, আপনি মাননীয় মুখ্যমন্ত্রীকে এই ঘটনার কথা বলুন এবং ঐ সমস্ত লোকদের পুশ-ব্যাক করে পাঠিয়ে দেবার যে পদ্ধতি আইন অনুযায়ী আছে, সেইভাবে যেন ব্যবস্থা গ্রহণ করা হয়। তাদের ফেরত না পাঠিয়ে ছ'মাস ধরে জেলে আটক রেখে জরিমানার ব্যবস্থা না করে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে দরকার হলে বর্ডার সিকিউরিটি ফোর্সকে আরও জোরদার করার ব্যবস্থা করুন, যারফলে ঐ সমস্ত লোকেদের দেখামাত্র ধরে ওপারে পাঠিয়ে দেওয়া যায়, সেই ব্যবস্থা গ্রহণ করুন। এছাড়া, বর্ডার অঞ্চলে সার্টিফিকেট দেওয়ার ক্ষমতা অঞ্চল প্রধানদের হাতে না রেখে মিনিমাম যাতে বি.ডি.ও.'র হাতে দেওয়া হয়, সে ব্যাপারে আপনি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলুন। বর্ডার অঞ্চলে চারিদিকে যেভাবে সার্টিফিকেট ইস্যু হচ্ছে—প্রধানদের কাছ থেকে সার্টিফিকেট পাওয়া খুবই সহজ ব্যাপার, কেননা, ৫০/১০০ টাকার বিনিময়ে তা সহজেই পাওয়া যায়। এ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী যেন টপ লেভেল, চিফ সেক্রেটারি, ডি.এম., এস.ডি.ও., এঁদের সঙ্গে আলোচনা করে একটা স্থির সিদ্ধান্তে আসেন। সেই সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে বি.এস.এফ.কে আরও জোরদার করে ঐ সমস্ত লোক দেখামাত্রই পুশ ব্যাক করার ব্যবস্থা গ্রহণ করেন। পশ্চিমবাংলার জেলে তাদের যেন আটকে রাখা না হয়। আমি এই ব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি যে, তিনি যেন বিষয়টি দেখেন।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত ভয়াবহ, মারাত্মক এবং বেদনাদায়ক ঘটনা এই বিধানসভার কাছে রাখছি। এই ব্যাপারটি কোনো কোনো সংবাদপত্রে বেরিয়েছে। আমাদের হুগলি জেলায় হিন্দুস্থান মোটর ফেক্টরিতে গত ৭ই মার্চ অত্যন্ত দুঃখজনক ঘটনা এবং ভয়াবহ ঘটনা ঘটে গেছে। একটি কন্ট্রাক্টর শ্রমিক, যুবক নাম হচ্ছে আশীষ ভদ্র যার বাবা চন্দননগর হাসপাতালে চতুর্থ শ্রেণীর কর্মচারী সেই যুবক কন্ট্রাক্টরের অধীনে কয়েকদিন কাজ করেছিল। সেখানকার সিকিউরিটি তাকে ধরে প্রচন্ড প্রহার করে এবং তার গায়ে কেরোসিন ঢেলে পুড়িয়ে মারা হয়। আমাদের ইউনিয়নের অফিসে যখন এই খবর আসে তখন আমাদের সমস্ত শ্রমিকরা দলবদ্ধভাবে সেখানে যায় এবং গিয়ে দেখে তাকে হিন্দুস্থান মোটর ফ্যাক্টরির যে হাসপাতাল আছে তাতে তাকে নিয়ে যাওয়া হয়নি, একটা অ্যাম্বুলেন্সে করে পাচার করার চেষ্টা হচ্ছিল। সেখানে শ্রমিকরা দলবদ্ধভাবে পুলিশকে খবর দেয় এবং মৃতদেহ পোস্ট মর্টম করতে পাঠায়, এখনো রিপোর্ট এসে পৌঁছায়নি। এর প্রতিবাদে গতকাল হিন্দুস্থান মোটর ফ্যাক্টরিতে একদিনের প্রতিক ধর্মঘট পালিত হয়েছে। হাজার হাজার ওয়ার্কার্স কর্তৃপক্ষের কাছে বিক্ষোভ প্রদর্শন করেছে। এতবড় ঘটনা ঘটে গেল অথচ পুলিশকে জানানো হয়নি। আমি শুনেছি এখনো পর্যন্ত নাকি কাউকে গ্রেপ্তার করা হয়নি। আমি এই ব্যাপারে হুগলির এস.পি.র সঙ্গে দেখা করি এবং শুনলাম তিনি নাকি খবরটি সম্পর্কে সেরকম ওয়াকিবহাল ছিলেন না। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যেহেতু বিড়লারা একচেটিয়া পুঁজিপতি, সুতরাং তাদের পক্ষ থেকে যে কাজই করুক কোনো বিচার হয়না, কিন্তু এক্ষেত্রে যেন ন্যায় বিচার হয় এবং স্ট্রিক্টলি ব্যবস্থা নেওয়া হয় এবং নিহত শ্রমিকের প্রতি ক্ষতিপূরণ যেন বিড়লা কর্তৃপক্ষ দেন তার ব্যবস্থা করবেন।

## Discussion on Governor's Address

**Dr. Sisir Kumar Bose :** Mr. Speaker, Sir, I rise in support of the amendments that have been moved to the Motion of Thanks on the Governor's Address. I should first like to put the perspective right. It is admitted on all hands that the Governor's Address is a basic political document. It is a policy statement of the Government in power which, in this case, is a Left Front Government in West Bengal. Why I talked in the first instance of the right perspective? The Left Front, in fact in preliminary form the United Front, made its debut for the control of State power in this State about 19 years ago and then for the last 9 years it has been continuously in power as the Left Front Government. Therefore, it is only in the fitness of things that out concern should be with the state of leftism in West Bengal.

Well, as I open the pages of the Governor's Address, the first page is largely taken up by the obituary and very rightly so on the great number of illustrious persons whom we have lost since we met last. As I turn pages and read the rest of the document, obituary does not seem to end there, Mr. Speaker, Sir, with this document, this Governor's Address is long long laboured obituary on the untimely demise of leftism in West Bengal.

Now, let us come to the first item which is mentioned in the Governor's Address, the question of law and order. I know and I have heard myself many accusations made from one side of the House and counter accusations made from the other side of the House, allegations made by various persons from various sections of this House about law and order. I will not go into such details but the fundamental question remains to the Left Front Government what is the connotation, what is the meaning in the content of law and order. Mr. Speaker, Sir, I concede and I accept that there is such a thing like socialistic legality.

[3-40—3-50 P.M.]

I also concede and I accept that there is such a thing as revolutionary order. Shall we say that in West Bengal there is socialist legality and revolutionary order? Why I am saying so? There is admission here there is admission in respect of law and order and about political violence in this State to which I had referred with poignancy in one of my previous statements. It is mentioned that party clashes, political murders and aggrarian clashes showed a downward trend compared to previous years. This is a questionable statement. But the fact remains that we seem to have agreed that there is political violence in this State. The matter of degree is just a contention. I am asking with

great humility to hon'ble members on the Treasury Benches to understand where we stand. Are we having a socialist legality and revolutionary order? What about the aggrarian clashes, what about the peasants killing another peasant? What about the students killing students? Let us not mention C.P.I.(M) cadres, if any at all, killing Congress (I) cadres if any at all—there may be divergence also. But what is the meaning of C.P.I(M) killing the Forward Block suppoters? We have must heard two hon'ble Members mentioning about gruesome murders of political workers. Just today I have heard some gruesome story. Where do we stand? Why there should be killing between C.P.I.(M) and C.P.I., between C.P.I.(M) and R.S.P., between C.P.I.(M) and R.C.P.I. or for that matter between C.P.I.(M) and S.U.C.I.

Well, this is not a party question, it is question of lives and properties of the common people of West Bengal who want to get rid of this political violence once for all.

Now I will come to the next important question dealt with in this Governor's Address, i.e., the agrarian question. In my maiden speech before this House—we have to go back in 1982—I had called agrarian question,—the agrarian policy—of this government is a policy of bluff and bluster. I regret to have to say that even after nearly 5 years' this Left Front Government have nothing new to say on the agrarian question. After 19 years they stepped into the Writers' Buildings and after 9 years of continuous power over the State of West Bengal the agrarian problem of rural unemployment, the agrarian problem of low productivity, of worklessness, and so on, we have to understand once and for all that it cannot be solved by distribution of fragmentory land among those who are landless or having small holdings. It cannot be solved by any stray imagination like the operation barga. It can be solved only through total integrated people's developmental programme involving entire lives of the people of the rural West Bengal in which the common people of West Bengal will have a say at the planning stage and at the execution stage, and then of course they will reap the fruits of such development. Such plan—plan of total developmental efforts with the participation of the people—is completely absent. We are tinkering on the agrarian question which is against all the principles, which I submit - against the leftism.

Sir, now I have to say a few words about industry in the short time at my disposal because there have been all sorts of novel ideas—novel from the leftists' point of view. All that I can say is on the novel national industrial development of the State. Well, it is said in this Governor's Address—'the climate for industrial investment has shown

a remarkable improvement' and what is more—mark these words,—'there is a growing interest among the entrepreneurs for setting up industries in this State'. I do not have the time to read more. Are we dependent on meteorologists to create the climate for industries? Is this a meteorological question that the climate has improved and then we invest or is it poetic, i.e., the draft has been made by a poet who is just singing that 'if winter comes can spring be far behind'? The climate has improved. The industrial climate depends on many factors, (i) to have a clearly defined aim of industrialisation to link it with the agrarian question, (ii) to draw up an overall plan for such development.

[3-50—4-00 P.M.]

Third, the execution of such plan with the participation, I express this point again as "with the participation of the people". So, this talk is a cliff talk of joint sector, cliff talks of foreign collaborators, cliff talk of foreign consultants. Lies do not lie in the mouth of the pe·ple calling themselves leftists and socialists. The next question that I should like to raise before you together is the question of education and health. Have you noticed, Sir, that in this document a particular point about education is completely absent. There have been vociforours comments and vociforous criticisms. What has been called in the national education policy which was proposed by the Government of India? I am admitting in front of you that I am myself a critic of many of the elements of that education policy. That is a different question. But the Government of West Bengal, the so called Left Front Government of West Bengal, is to answer this question. They agree or they do not agree that there should be a national education policy. If they agree that there should be a national education policy they must spell out the details of the national education policy. There is no indication of any kind or of any degree in this document about any national approach to the education policy that may or may not come in future. As to health I hope you will permit me to say that there is a subject of health where we can say the dictum is very true, the preparation of the but is in the dead. You have been talking in terms of safe water and you have been talking in terms of providing tap water, and so on. If you are able to provide it even to a limited area, I am saying this from the experience that I have gained at the project in which all parties participating in some part of West Bengal. They are depending on the party question which was a project of all parties participating in safe water are assured to a number of villages within 2 years the illness as referred was releaving to Gastro Entereities system which we have brought down as much as by 85%. But, here is something to speak of health and health services

where you can assure result provided for you to adopt project and to carry out all the projects with the participation of the people and with the co-operation of all parties. There is no indication that any such plan at all exists. I have heard some of the speeches delivered from the other side of the House. Many of my honourable members on the other side of the House. I am sorry to say, are living in a world of fantacy. Well they seem to be harbouring an illusion. We have in the medical terms such words of illusion and words of release. They seem to harbouring illusion that the leftism is on the march.

During the last twenty years, thanks to the wrong policies, the sectarian policies pursued by the Left Front Government. Leftism, in fact, had not been harboured all over India. History will record this whatever, howsoever hoarse you may cry for leadership and for guidance for the future development of India. The fact remains that it is not old. Leftism, as you practice it, has not advanced an inch during the last twenty years. Sir, I submit in all humility that there is plenty of historical research amongst those who called themselves leftists. There is room for what you call self-criticism and self-criticism is unlimited. There is reason to see why this has happened. It is for us the people of West Bengal to find out why the red glow in 1967 I have seen that red glow and I admit it—that red glow in 1967 became a pale pink in a decade and today it has turn grey—misty grey. Why? That is why, Sir, I say in the begining itself that this document is a document which can be called at best a long, long laboured obituary of leftism in West Bengal.

Mr. Deputy Speaker, Sir, when as a young person I decided to go in for medical studies I was given a grim warning by a very wise uncle. He gave me this grim warning—'Remember, half doctors are a danger to the community. Quarter doctors are a greater danger to the community. So, remember, if you have to become a doctor you should become a full fledged doctor'. What I would like to state here is that half revolutionaries are a great danger to the community and that is the tragedy of West Bengal which we are trying to overcome.

Mr. Deputy Speaker, Sir, I shall end by expressing a hope that this will not last. We shall survive and overcome the situation. New forces will certainly rise from the soil of West Bengal. New forces with the new message of a new leftism will take us forward to the goal which was set before us by our foregoers. West Bengal has been the birth place of cradle of leftism in India and under this Left Front Government we find here nothing but the graveyard of leftism.

Thank you, Sir.

[4-00—4-10 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** অন এ পয়েন্ট অব ইনফরমেশন, স্যার, আমরা জানি, এই রাজ্যে যে সরকার আছে সেই সরকার কোনো গণ আন্দোলনে পুলিশি হস্তক্ষেপ করেনা বা পুলিশি হস্তক্ষেপ বরদাস্ত করেনা। স্যার, আজকে পশ্চিমবঙ্গের ছাত্র পরিষদের ছেলেমেয়েরা কতকগুলি দাবির ভিত্তিতে গণতান্ত্রিক আন্দোলনের ডাক দিয়েছিলেন এবং তাতে হাজার হাজার ছাত্রছাত্রী সামিল হয়েছিলেন। স্যার, এই আন্দোলন যেহেতু বামফ্রন্ট সরকারের ব্যর্থতার বিরুদ্ধে আন্দোলন সেইহেতু এই আন্দোলনকে দমন করার জন্য পুলিশ বহু জায়গায় নির্মমভাবে ছাত্রছাত্রীদের উপর লাঠিচার্জ করেছে এবং বহু ছাত্রছাত্রীকে গ্রেপ্তার করেছে। স্যার, আমি আপনার মাধ্যমে প্রটেকশন চাইছি এবং বলছি, অবিলম্বে এই পুলিশি অত্যাচার বন্ধ হোক।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** স্যার, উনি যাকে গন আন্দোলন বলছেন সেটা গন নয় তান্ত্রিক আন্দোলন।

**Shri Neil Aloysius O'Brien :** Mr. Deputy Speaker, Sir, the Governor's Address which we are discussing is a picture of the State, if I may be pardoned the repetition, and the State Government should be congratulated for maintaining a stable social and economic environment despite many difficulties. I would like to touch briefly on some of these issues.

First the social communal harmony has been disrupted throughout this country over the last few years and more so in the last one year and the fact that the large scale intercaste and communal erruptions of violence which have stained with blood and crippled with destruction of private and public property many other States in the country, was absent in West Bengal and is in itself no small blessing. My humble submission is that in order to maintain communal harmony and law and order, it is the bounden duty of all political parties, and there can be no exception, to be extremely careful in not allowing their ranks to become a heaven for anti-social elements or a bandwagon for opportunists whose interests are selfish and vested. They are an embarrassment to and a cancer in the infrastructure of any political party worth the name.

Speaking as a representative of a minority community I congratulate the government for not following a few other States who have passed legislation which directly undermines the rights of minorities to administer their own educational institutions as guaranteed by the Constitution of India. But we expect more, a positive view and assistance to these schools. May I give just one example. A few days ago the Hon'ble Chief Minister announced that the instalments of additional Dearness Allowance sanctioned last year which were temporarily frozen were released for payment to State Government employees including

school teachers. I congratulate the Hon'ble Chief Minister on this step. It gives immediate relief to the recipients and avoids state expenditure and redtape in maintaining records for these amounts which were set aside.

I would appeal to the Chief Minister and the honourable Minister-in-charge for Education (Secondary) to please arrange for the long overdue arrears of additional dearness allowance to be paid to the teachers in anglo-Indian schools without any further delay, and thus remove a longstanding grievance.

Many epithets have been prefixed to Calcutta and the recent incidents would suggest one more—an incendiary city. Besides the devastating fires which engulfed the New Market and the Howrah Market, Just a few days ago, in a single day three fires destroyed a godown, a workshop and a factory. The city is a labyrinth of godowns and factories in certain areas with inflamable materials like rubber, plastic, cloth etc. Cheek by jowl with residential buildings. There are genies of death waiting for the lamp to be rubbed. Exposed and leaky wires and outmoded and useless fire fighting equipments make these fire hazards potential death traps. The Government has pledged itself to more stringent rules for safety under the Factories Act. But more important is rigorous enforcement of these rules. More over, the presence of factories in residential areas adds to the ever-increasing problem of pollution. Let us not wait for another Bhopal or Delhi. Experience runs a very dear school and only fools learn it. By now, we should have learnt our lesson.

The large number of petrol and diesel driven transport adds to the pollution problems and it is ironical and sad that the biggest offenders are those who should set the example—the State Transport buses. Need I say more?

Let us now turn to the economic environment which has been generally stable. There are a few economic issues where it is necessary to take a close look and re-assess the way the State is going.

Next the performance on the power front has been impressive at least with the synchronising and commissioning of the power plants. But adding new power plants should not detract from the grave inefficiencies in the existing West Bengal State Electricity Board units. If an infrastructure gets created and is not properly maintained, as we often experience in this State, the consequences are short-term spurts in power generation, followed by long cyclical declines that are in turn followed by more expensive investments in future. How much of our power

problem has been caused by poor management is a question which deserves an immediate answer. The same question can be asked of the State Public Undertakings. Large enterprises, such as, the D.P.L. and the State Transport Corporations must be held accountable for or— ganisational and managerial inefficiencies.

The Left Front Government has spent crores of rupees in alleviating poverty and sometimes allows these undertakings to squander away public funds. So, it is time to take a hard close look and make our public undertakings' cost concious and 'service concious'.

The poverty alleviation programmes have been commendable but here too, introspection is needed and a few questions are to be answered. Have programmes like the Integrated Rural Development Programme really enabled the poor to cross the threshould of poverty? Do others like the National Rural Development Programme and Rural Land less Employment Guarantee Programme create permanent assets?

[4-10—4-20 P.M.]

For example, if the same earthen road in a village is remade every year through these schemes, what sort of an infrastructure are we creating?

Finally, Sir, a good economic climate requires that planned allocations get properly spent every year. West Bengal's allocation for 1985-86 is Rs.776 crores according to the Annual Plan. Are we any where close to utilizing this amount? This too is a question deserving immediate attention.

Sir, that these are some of the questions the Government must look at urgently and objectively for the betterment of the daily lives of the people of this State. I conclude my speech with my support to the Motion of Thanks on the Governor's Address.

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, we have before the House the Address of the Governor of West Bengal. This document, though it is written on an white paper, covers the black-deeds and misdeeds of the Left Front Government, the Chief Minister and his colleagues. So I feel it is the abiding and sacred duty, as a representative of the people, that these misdeeds which had been tried to cover up in this white paper must be exposed through this House to the people of West Bengal. So I am coming to you in those lines wherein a crocodile's tears has been shed when the Howrah Market and the New Market were burnt. Thousands of families were destroyed. What action has been taken by this Government? When the Chief Minister

along with the Local Self-Government Minister met with the representatives of the shopkeepers in his room, he told them that within two months the Government would construct temporary stalls opposite to the Lindsay Street and rehabilitate those persons. More than three months have been passed and still they are on the footpath. You have not been able to provide anything for their future or for their Rehabilitation. You have not mentioned why this fire broke out? Just now the Hon'ble Minister has mentioned that a few days ago a few shops have been gutted. Who is responsible for this? It is the local Government and the Municipal Corporation who is are running these corporations. Thousands of ground hydrants for unfiltered water are not discharging water. It is the duty of the Municipal Corporation that they must check up these hydrants from where the fire men would be getting the unfiltered water. There are inspectors for this too, you will find that, but in cases of emergency when fires break out and when they reach there the hydrants are found out of order. The hydrants are defunct. And it is your Government which is defunct. You are not functioning properly to give ease to the people. An attempt has been made to cover up all these things. I am coming to the other points also. Here my friend, my learned friend, said about NREP and RLEGP programmes. I think, he has not visited the villages. It has been mentioned that there has been a three-tier Panchayat Raj there. It is not actually three-tier. But it is the CPI(M) party tier system which is going on there. Money goes to the CPI(M) party through these Panchayats and a major portion of money goes to them through the local committees. Regarding disbursement, how is it disbursed ? Most unjustly. I do not think even in a dictatorship or even in a Fascist State there is any such discrimination which is going on here. Our poor villagers are only eligible to get those reliefs, if they are the members of the CPI(M) party.

If he can hold red flag, if he can have 'lal romal', if he belongs to lal party then his purpose will be served. Otherwise, he will not get a single furthing from NREP or RLEGP programme. So you can see how the misuse of power is going on. People are now coming forward to see how they are functioning. Young generations are watching very carefully how you are carrying on the Government. How long will you exploit these people ? You are using your power in the name of revolution. What is revolution, can you say ? In this context I remember a 'Kavita'

एक लाश के कफन पर लिखा हुआ मिला,

कातिल ही पहरेदार है, होशियार दोस्तो।

on the body of the coffin it was found written that the man who exercised his power, was my protector and he killed me. So is the case of our Chief Minister and his Cabinet colleagues. He himself created West Bengal and is now killing West Bengal and saying that he is protecting you all. This is happening. I am again quoting the 'Kibita'.

एक लाश के कफन पर लिखा हुआ मिला,

कातिल ही पहरेदार है, होशियार दोस्तो।

So be careful of them. What is happening in regard to power sector? It is completely deteriorating. No new investment has been made. They are approaching business centres but they are shy to invest anything because if they do not have sufficient Security how can they invest money for building factory or for industry? That is why the capitalists are shifting their industries. A few days ago we find from the statement of Labour Minister that the 31st December, 1977 the number of unemployed youths was 14 lakhs and on 31st December, 1985 it had gone up to 40 lakhs. That means, within a span of 10 years the number of unemployed youth has gone up to 26 lakhs. Such is the performance on the part of our Government! You are invited to dinner by business men, by the business houses. They are giving dinner but they do not invest money to the State because they know that they have no power. Then what will they gain ? Their investment will not be an economic one. At the same time they know that it will be of no use to spend more money in this State because there will be labour problem created by CITU. For this reason they do not come forward for setting up of industries here.

Now, I am coming to the transport situation. Sir, transport situation has gone from bad to worse. If you go by bus and tram, you will see people are hanging, just as you might have been goats and shepherds from U.P. and Bihar and are brought here. Such is the condition of the people of this State here. People are facing acute transport problem here. You are getting 40 crores of rupees for development but you have failed to do anything. Here, I found the hard-core communists, during Congress regime, used to say that Congress was going for joint sector. You pronounced these words in this House. Go, and you will find that this is on record. So you are also following the same Congress principle. আপনাদের হচ্ছে মেকি কমিউনিজম। গোলাপী রঙ, জল দিয়ে ধুলে রঙ উঠে যাবে, সব সাদা হয়ে যাবে। You are saying that you want to bring socialism and that socialism can only be brought through communism.

This is the type of your communism.

আপনারা পুঁজিপতিদের গালাগালি দিয়েছেন। আজ তাদের সঙ্গে জয়েন্ট সেক্টরে হাত মিলিয়েছেন। তাদের সঙ্গে হাত মিলিয়ে জয়েন্ট সেক্টর করছেন এবং ঐসব পুঁজিপতিদের বাড়িতে আপনাদের ডিনার হচ্ছে, লাঞ্চ হচ্ছে। বড় বড় নেতাদের অ্যাসিওরেন্স দেওয়া হচ্ছে, আপনাদের প্রভাইড করা হবে, আপনারা আসুন।

[4-20—4-30 P.M.]

You are selling yourselves to them and you are not helping the people.

Now, I come to the bustee affairs and the C.M.D.A. Regarding C.M.D.A., I can say that the World Bank gave Rs.200 crores but you could utilise only about Rs.100 crores. You have received a letter from the World Bank Representative that unless you utilise the money properly they will stop payment. You have said many things about the bustees. Sir, the condition of the bustee dwellers is deteriorating from bad to worse. So far as supply of drinking water in most parts of Calcutta is concerned, it is in a mess. The supply of drinking water has gone down. It has become a chronic problem of the city. Over and above you have added another problem you have imposed tax on water. The poor bustee dwellers, the people of Calcutta never expected such imposition of tax on water. Before the Municipal election, in the election manifesto, you have said that, if you come to power, you will not impose tax on water. But what we see today ? Even the little shop owners have to pay tax ranging from Rs.15 to Rs.100. You have betrayes them. It is a big problem and the people of Calcutta, the people residing in the C.M.D.A. areas, will not tolerate this. They will oppose this and they will come on the street. It is a gross injustice. On the one hand you are unable to give them sufficient water to drink but on the other hand you are asking them to pay tax. You are thinking about installing water metres but this will increase corruption. This is a very bad policy, very unjust policy to impose tax on drinking water. This you have done unilaterally though the Corporation of Calcutta which is an elected body and we have 71 Congress Councillors there. You are not taking the Congress Councillors into confidence. You have formed a cell from amongst your own men and you are appointing many female temporary workers in the health department. Who are authorised to appoint these workers ? Is it a fact that the C.P.M. only will appoint them ?

Sir, what is it that the Councillors of the Corporation cannot discuss about the C.M.D.A. projects and about the housing problem of the

bustee dwellers ? It is only the Mayor-in-Council who will decide these things.

अन्धा बाँटे, अन्धा के देय।

A blind person is distributing things to blind persons. So you will find that the C.P.M. people is giving things to C.P.M. people. Whereas the C.P.M. Councillors are getting all the opportunities, you are discriminating the Congress Councillors. Where from are you getting the money ? It is not coming from your pocket. It is public money. You are not properly distributing the money to the poor. Sir, one of my friends from the Left Front in West Dinajpore district said that there is discrimination between one district and another district. You are demanding justice from the Centre, you are demanding big amount of money from them but you are discriminating yourselves. Money is not spent in the areas where there are Congress M.L.As. What I want to say is that the money should be properly utilised. You have modified the Calcutta Municipal Act. But still it requires immediate amendment so that such things are not decided by the Mayor-in-Council only, but are decided by the elected councillors of the Corporation only after a threadbare discussion. At present no C.M.D.A. Projects can be discussed.

Then, Sir, I come to general administration. About general administration the less said is the better. Sir, you might have seen in the newspapers that the Director General of Police indulges in unauthorised construction. The police instead of arresting the criminals and stopping the crimes are committing the crime themselves! This is the way in which the Government is being run. This is how you are running the Government. If you run the government in such a fashion, corruption, nepotism and red tapisim will multiply. The administration is totally lost. No work is done now-a-days unless money is paid from table to table. This is the State of general administration!

Then I come to price rise. The prices of vegetables have gone up like anything. The price of potato is increasing day by day. You are only helping the black-marketeers. The C.P.M. is only helping the black marketeers and cold-storage owners for keeping potato so that they can get certain percentage. Sir, the prices of almost all the vegetables are beyond the reach of the common people, the working classes. When the poor people go to the market to buy vegetables they cannot buy anything as the prices have gone beyond their reach anything. Nothing is done for them.

...(At this stage the blue light was lit)...

So, Mr. Deputy Speaker, Sir, I fully oppose the Motion of Thanks on the Governor's Address as the Governor's Address has been formulated by this Government which has committed mistakes and done injustice against lakhs and lakhs of common people worked in the fields and factories.

...(At this stage the red light was lit)...

Sir, you have lit the red light. As you know, Sir, red light is a danger signal. So, I must say that the Governor's Address is a dangerous document—it is dangerous for the Government as well as for the people of West Bengal and I oppose it with all the strength at my command and I also request my friends from the Left Front, who are reasonable, to come with us, to join us and let us go to the villages to fight corruption and nepotism for the mal-administration of the Left Front Government.

Thank you, Sir.

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর মাননীয় সদস্য শচীন সেন মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে, মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে দিয়েছেন সেটা সংবিধান অনুযায়ীই এখানে রেখেছেন এবং সংবিধান অনুসারেই মন্ত্রিসভার দ্বারা গৃহিত যে ভাষণ, সেটা তিনি এখানে পাঠ করেছেন। মাননীয় সদস্য ডাঃ শিশির বোস মহাশয় যে কথা বলেছেন সেটুকুই ঠিক, বাদ বাকি সবকিছু বেঠিক এটা ঠিক নয়। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট বিগত ৮।৯ বছর ধরে সরকার পরিচালনা করছেন এবং এই বামফ্রন্ট সরকার জনগণের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই প্রতিশ্রুতির রক্ষার প্রতিফলনই এই ভাষণের মধ্যে ফুটে উঠেছে। সেই কারণে আমরা মনেকরি, এই ভাষণ অত্যন্ত সঠিক ও বাস্তব। এখানে কংগ্রেস পার্টির অনেক মাননীয় সদস্য এবং আজকে মাননীয় ডাঃ শিশির বোস মহাশয় আইন-শৃঙ্খলার প্রশ্ন তুলেছেন। কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করি, মাননীয় রাজ্যপালের ভাষণে রাজ্যের আইন-শৃঙ্খলার পরিস্থিতিকে সন্তোষজনক যে বলা হয়েছে—এটাকি অসত্য, এটা কি বাস্তব নয়? আজকে ভারতের বিভিন্ন দিকে কি সব ঘটনা ঘটছে? গুজরাটে রিজারর্ভেশন, এন্টি-রিজারর্ভেশন নিয়ে কত মানুষ খুন হল? সাম্প্রতিক কালে দিল্লির পার্শ্ববর্তী এলাকাতে সরিয়তী আইন নিয়ে কতগুলি ঘটনা ঘটেছে? সাম্প্রতিক রাম-মন্দির নিয়ে ভারতবর্ষের দিকে দিকে বিভিন্ন প্রান্তে কি ধরনের আইন শৃঙ্খলার পরিণতি হয়েছে এবং কত লোকের প্রাণ গেছে? এগুলি কি সব গোপন ব্যাপার? এইসব ঘটনা কি মাননীয় শিশিরবাবু শোনেন নি, পড়েন নি? সেই ভারতবর্ষেরই একটি রাজ্য—পশ্চিমবাংলায় রিজার্ভেশন, রাম-মন্দির বা সরিয়তী আইন নিয়ে কিন্তু আইন-শৃঙ্খলা ক্ষুন্ন করা যায়নি। এই যে সরিয়তী নিয়ে শত চেষ্টা করা সত্ত্বেও বিতর্ক সৃষ্টি করা যায়না, দ্বন্দ্ব সৃষ্টি করা যায়না - এরজন্য কি পশ্চিমবাংলার জনগণ এবং সরকার গর্ব বোধ করতে পারেনা, সন্তোষ বোধ করতে পারেনা? এরজন্য যদি বিরোধী দলের মাননীয় সদস্যদের এবং মাননীয় শিশিরবাবুর গাত্রদাহ হয়ে থাকে, তাহলে আমাদের কিছু করবার নেই। মাননীয়

রাজ্যপালের ভাষণে এই কথা বলা হয়নি যে, পশ্চিমবঙ্গে একেবারে শান্তির আবহাওয়া বিরাজ করছে; এখানে খুন হয়না, চুরি হয়না। এমন কথা বলা হয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আইন-শৃঙ্খলার সমস্যা যা সৃষ্টি হয়,সেটা নির্ভর করে দেশের অর্থনৈতিক ও সামাজিক অবস্থার উপর। আজকে শিশিরবাবুর দল কংগ্রেস (আই) মাঝে দুই বছর বাদ দিয়ে ৩৬ বছর দেশ শাসনের ক্ষমতায় প্রতিষ্ঠিত রয়েছে।

[4-30—4-40 P.M.]

গত ৩৬ বছরে গোটা দেশের অর্থনীতিকে তাঁরা কোথায় নিয়ে গিয়েছেন, সে কথা মাননীয় সদস্যরা একটু ভাববেন কি? বিরোধিদলের সদস্যরা আজকে এখানে চিৎকার করছেন পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা কিছু নেই। আপনারা ভারতবর্ষের অন্যান্য প্রদেশের দিকে একটু তাকিয়ে দেখুন। দিল্লির দিকে আপনারা একটু তাকিয়ে দেখুন, তাহলেই বুঝতে পারবেন দেশের অর্থনৈতিক এবং সামাজিক পরিস্থিতির ধারা কি এবং কোথায় আপনারা তা নিয়ে গিয়েছেন। বিগত ৩৬ বছরের ইতিহাসে আপনারা কি করেছেন, সে সম্বন্ধে একটু বিচার বিশ্লেষণ করুন। গোটা দেশে আজকে ৫০ শতাংশেরও বেশি মানুষ দারিদ্র সীমার নিচে বাস করছেন, একথা কি আপনারা অস্বীকার করতে পারেন? ১৯৬৪ সালে যে জিনিসের দাম একটাকা ছিল, আজ তার মূল্য দাঁড়িয়েছে (টাকার অঙ্কে) ১২-১০ পয়সাতে। তাহলে আপনারাই বুঝুন, আজ দেশের অর্থনৈতিক পরিস্থিতি কোথায় গিয়ে দাঁড়িয়েছে? দেশের অর্থনৈতিক অবস্থা জাহান্নামে যাবে এবং তাকে আরও বেশি করে সাম্রাজ্যবাদীদের কাছে বন্ধক রাখার চেষ্টা করে যাবেন, দেশটাকে তাদের কাছে বিকিয়ে দেবার চেষ্টা করে যাবেন এবং গরিব জনসাধারণের উপর ট্যাক্সের পর ট্যাক্স চাপিয়ে যাবেন, তারই ফলস্বরূপ দেশের বুকে বাড়বে অভাব ও অনটন। এই অবস্থার পরেও দেশ শান্তিতে চলবে, একি কখনও হতে পারে? এ কোনো মুর্খের রাজত্বে আমরা বাস করছি। এই অবস্থার পরিপ্রেক্ষিতেই দেশের বুকে ক্রমান্বয়ে বাড়বে বেকার, বাড়বে অভাব-অনটন, আর একই পরিণতি-স্বরূপ আইন-শৃঙ্খলার পরিস্থিতি ক্রমান্বয়ে খারাপ হতে থাকবে, তা যাঁরা দেশের শাসন ক্ষমতায় থাকুন না কেন। একথা কি আপনারা অস্বীকার করতে পারেন কখনও? ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ এমনই একটা রাজ্য যেখানে এখানকার জনগণের সাহায্য ও সহযোগিতা নিয়ে ভাতৃঘাতী দাঙ্গা বাধাতে দেয়নি; ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের মানুষ এখানে শান্তিতে বসবাস করেন। এখানে গণতান্ত্রিক আন্দোলন এগিয়ে চলেছে। এমন কোনো শক্তি নেই যে এই আন্দোলনকে বাধা দেয়। মাননীয় সদস্য শিশিরবাবু আন্দোলন নিয়ে এখানে প্রশ্ন তুলেছেন। ভারতবর্ষের বুকে যাঁরা প্রথমদিন থেকে মার্কসবাদ, লেনিনবাদ প্রয়োগ করবার জন্য চেষ্টা করছেন, তাদের প্রথমে রাশিয়ার দালাল এবং পতবর্তীকালে চিনের দালাল বলে চিরদিন গালাগাল দিয়ে এসেছেন, ঘৃণা করে এসেছেন এবং জনগণের কাছ থেকে বিচ্ছিন্ন করবার চেষ্টা করে এসেছেন, তাঁদের কাছে মার্কসবাদ ও লেলিনবাদ'এর শিক্ষা নিতে হবে? মার্কসবাদ এবং লেলিনবাদকে সংশোধন করবার স্পর্দ্ধা তাঁরা কিভাবে দেখান? তাঁদের লজ্জা করা উচিত। তাঁরা মার্কসবাদ এবং লেনিনবাদকে ক্ষতম করবার জন্য চেষ্টা করেছেন, ইতিহাসে এ নজির আছে। হিটলার এবং গোয়েবল কমিউনিস্টদের ধ্বংস করার চেষ্টা করেছিলেন বহুবার। কমিউনিস্টদের ধ্বংস করার জন্য তাঁরা বহু কৌশল নিয়েছিলেন। আমাদের দেশেও এমন ঘটনা অতীতে ঘটেছে। কানপুর ষড়যন্ত্র মামলা থেকে আরম্ভ করে

আজ পর্যন্ত বারে বারে কমিউনিস্টদের ধ্বংস করার চেষ্টা করা হয়েছে। জনগণের কাছ থেকে বিচ্ছিন্ন করার জন্য বহুদিন প্রচেষ্টা নেওয়া হয়েছে। প্রচারের তো অন্ত নেই—রেডিও, টেলিভিশন এবং সংবাদপত্রগুলির মাধ্যমে নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। তাঁদেরই একজন নয়া ফেরিওয়ালা, শিশিরবাবু এখানে আমাদের ভূমিসংস্কার সম্পর্কে উপদেশ দিচ্ছেন। তাঁকে প্রশ্ন করি, তিনি যে দলের অন্তর্ভুক্ত, সেই দলের যাঁরা আজকে ক্ষমতায় আছেন, তাঁরা বিগত ৩৬ বছরে কতটুকু জমি উদ্ধার করেছেন সারা ভারতবর্ষের বুকে? যে জমিটুকু উদ্ধার করা হয়েছে, তা হয়েছে এই পশ্চিমবাংলাতে। সারা ভারতবর্ষের মধ্যে যত জমি উদ্ধার করা হয়েছে তারমধ্যে ৪০.ভাগ জমি উদ্ধার করা হয়েছে এই পশ্চিমবাংলাতে এবং তা হয়েছে বামফ্রন্ট সরকারের ৮ বছরের রাজত্বকালেই। ঐ উদ্ধার করা জমির মধ্যে ৮ লক্ষ একরের বেশি জমি বন্টন করা হয়েছে। তাহলে ভূমি-সংস্কার কি, তা নতুন করে শিশিরবাবুর কাছে আমাদের শিখতে হবে? আমরা জানি, আমূল ভূমি সংস্কার যতদিন পর্যন্ত না হচ্ছে ততদিন পর্যন্ত এই অবস্থা চলতে থাকবে। কৃষকদের সঙ্গে যাঁদের বিন্দুমাত্র সম্পর্ক নেই, তাদের হাতেই জমি থেকে যাবে। যতদিন পর্যন্ত না কৃষি জমির সমস্তটা কেড়ে নিয়ে কৃষকের হাতে দেওয়া যাচ্ছে, ততদিন পর্যন্ত ভারতবর্ষের অর্থনীতিকে কখনও চাঙ্গা করা যাবেনা। সেইজন্য ভারতবর্ষের সার্বিক উন্নতি করার নামে ভূমি সংস্কারের যা করেছেন তা নিজেদের স্বার্থে। ভূমি সংস্কারের নামে যা করেছেন তা হচ্ছে জমিদারতন্ত্র সংস্কার করেছেন। কেবলমাত্র ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার এসে কিছুটা ভূমি সংস্কার করেছিলেন। আইনের দ্বারা কিছুটা জমি বিলি করবার চেষ্টা করেছিলেন এবং পরবর্তীকালে ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পরে সেই লুকানো জমি বার করেছেন। আরও বেশি জমি জোতদারদের হাত থেকে এনে জনসাধারণের হাতে দেওয়ার চেষ্টা করলেন। যে জমি আপনারা নিজেদের নামে না রেখে, মেছো ঘেরি করে লুকিয়ে রেখেছিলেন, ফলের বাগান করে লুকিয়ে রেখেছিলেন সেই জমি উদ্ধার করে কৃষকদের মধ্যে বিলি করেছেন। আজকে আপনারা ভূমি সংস্কারের বিল আনা নিয়ে সমালোচনা করছেন। যারা সেই জমি আটকে রেখে দিয়েছিলেন কেন তাদের চাপ দেননি, সেই সৎসাহস তো আপনাদের নেই। আপনারাতো এক ছটাক, দু ছটাকও জমি ছাড়তে পারেন নি। আপনারা যদি জমি কৃষকদের দিতে পারতেন তাহলে আজকে দেশের এই অবস্থা হত না, লোকে চাষ করে খেতে পারত, শিল্পের উপর এত চাপ আসত না। আজকে যদি শিল্পের দিকটা আপনারা ভেবে দেখতেন তাহলে পশ্চিমবঙ্গের অর্থনীতি এবং ভারতবর্ষের অর্থনীতি কিছুটা চাঙ্গা হত। আজকাল আপনারা খুব শ্রমিক দরদি হয়ে উঠেছেন। শ্রমিক দরদী যদি হন তাহলে আজকে ভারতবর্ষে এবং পশ্চিমবঙ্গ মিলিয়ে ছোটোবড়, মাঝারি ৮৪ হাজার শিল্প বন্ধ হয়ে গেছে কেন? পশ্চিমবঙ্গ তো একটা অঙ্গ রাজ্য, ভারতবর্ষে রাষ্ট্রের বাইরে তো নয়। তাহলে আজকে কেন পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে ৮৪ হাজার ছোটো-বড় মাঝারি বড় শিল্প বন্ধ হয়ে রয়েছে। কি করেছেন আপনারা এগুলি খোলবার জন্য। নির্বাচনের সময়ে আপনারা তো অনেক কথা বলেন কিন্তু বলতে পারেন কটা কলকারখানা আপনারা আজ পর্যন্ত খুলতে পেরেছেন? আজকে মাননীয় মন্ত্রী শ্রী নির্মল বসু মহাশয় বললেন যেগুলি অধিগ্রহণ করা হয়েছে, সেগুলি ন্যাশনালাইজ করার জন্য যুক্ত যে প্রচেষ্টা নেওয়া হয়েছে, সেগুলি কেন্দ্রীয় সরকার বানচাল করে দিতে চাইছেন এবং যে সমস্ত সিক ইন্ডাস্ট্রিজ অধিগ্রহণের প্রয়োজন সেগুলি সম্বন্ধে কেন্দ্র এমন সব শর্ত আরোপ করেছেন যে অধিগ্রহণ করা যাবেনা। আপনারা

আবার জয়েন্ট সেক্টরের প্রশ্ন তুলেছেন। টাটা বিড়লা ভারতবর্ষের যেকোনো প্রান্তে ব্যবসা করতে পারেন অথচ আমরা এখানে দীর্ঘ ৭ বছর ধরে এই পশ্চিমবঙ্গে ২টি কারখানা খোলবার জন্য যথা সল্টলেক এবং হলদিয়া পেট্রো-কেমিক্যাল কারখানা চালু করবার জন্য কেন্দ্রের কাছে আর্জি জানাচ্ছি বারেবারে কিন্তু সেই প্রতিশ্রুতি কেন্দ্র দেওয়া সত্ত্বেও কিছু করছেন না। এইভাবে ৭ বছর অতিবাহিত করে দিয়েছেন। এর ফলে পশ্চিমবঙ্গে বেকারের বোঝা চাপিয়ে দিচ্ছেন। আজকে আপনারা বেকার দরদি সাজছেন। আজকে পশ্চিমবঙ্গ সরকারকে ওই গোয়েঙ্কার সঙ্গে যৌথ ব্যবসা করবার পরিকল্পনা নিতে হয়েছে এবং এরজন্য আপনারা আনন্দিত হচ্ছেন কিন্তু লাইসেন্স ইস্যু তো করলেন না তার বেলা তো ইতস্তত করছেন, লজ্জা করে না আপনাদের। আপনারা শ্রমিক দরদি নন। যারা দীর্ঘদিন ধরে রক্ত, মাংস দিয়ে শ্রমিক আন্দোলন, কৃষক আন্দোলনের সঙ্গে মিশে আছে তারা যতই টাটা, বিড়লার সঙ্গে ব্যবসা করুক না কেন, যখনই দেখবে যে টাটাই হোক বা বিড়লাই হোক এই শ্রমিক শ্রেণীর উপর শোষণ বা অত্যাচার চালাচ্ছে তখনই তার বিরুদ্ধে রুখে দাঁড়াতে একদিনও সময় লাগবে না। রুখে দাঁড়াবেনই। জয়েন্ট সেক্টর সম্পর্কে আপনারা যেকথা বলছেন, তাতে আমি বলি যে, আপনারা মুর্খের স্বর্গরাজ্যে বাস করছেন। আপনাদের এই মেকী কথায় জনগণ ভুলবে না একথা আপনাদের বলে রাখি।

[4-40—4-50 P.M.]

আপনারা বলছেন বামফ্রন্ট সরকার নাকি সবদিক থেকেই ব্যর্থ। আপনারা চোখের সামনে এশিয়ার সল্টলেক স্টেডিয়াম দেখতে পাচ্ছেন না, নন্দন যেটা ভারতবর্ষের গৌরবের বিষয় সেটা আপনারা দেখতে পাচ্ছেন না, কৃষিতে উৎপাদন ও শিক্ষার উন্নতি করবার জন্য সরকার কিভাবে প্রচেষ্টা চালাচ্ছে সেটা আপনারা দেখতে পাননা, গ্রামে স্কুল বাড়ি মেরামত করবার জন্য কিভাবে টাকা দেওয়া হচ্ছে সেগুলো আপনারা দেখতে পাননা? আপনারা কি জেগে ঘুমুচ্ছেন? আপনাদের জাগানো যাবেনা। আমি আমার বক্তব্য শেষ করবার আগে পুনরায় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র :** রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব শচীনবাবু এনেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের যে ৪১৮টি সংশোধনী আছে তার সমর্থনে কয়েকটি কথা বলে রাখা দরকার। মাননীয় সদস্যদের বক্তব্য প্রমাণ করে দেয় আমরা কতটা এগিয়েছি এবং আমাদের লক্ষে আমরা পৌঁছতে পেরেছি কি না? রাজ্যপালের ভাষণের মধ্যে যেটা উল্লেখ নেই, সেটা হল এই সরকার রাজস্ব সংগ্রহে ব্যর্থ হয়েছে এবং যারজন্য ১২০৬ কোটি টাকা নন পার্ফর্মেন্স হয় সেটা হচ্ছে একটা সর্বনাশার দিক। পশ্চিমবঙ্গের রাজস্ব সংগ্রহের ব্যর্থতার জন্য অপরদিকে আমরা দেখছি তারা ভারতবর্ষে ষষ্ঠ যোজনায় ৫.২ পারসেন্ট নির্দিষ্ট লক্ষমাত্রা পুরণ হয়েছে। এই ক্ষেত্রে পশ্চিমবাংলা ব্যর্থতার পরিচয় দিয়েছে, এই ব্যর্থতা কোথা থেকে সৃষ্টি হচ্ছে? আমরা এইজন্য কোনো দলকে বা সরকারকে দোষারোপ করছি না। কিন্তু সেখানে উৎস কোথায়, এই উৎস রাজ্য সরকারের বার করা উচিত। কিন্তু রাজ্যপালের ভাষণে সে সম্বন্ধে উল্লেখ নেই। রাজ্য সরকারের ব্যর্থতা বিভিন্নভাবে কোথায় কি আছে সেটা আমি দেখতে চাই। সেটা তাদের ইচ্ছার বিরুদ্ধে হয়েছে কিনা এবং কোথায় ত্রুটি আছে কিনা সেইগুলি আমরা লক্ষ করেছি। কিন্তু রাজ্যপালের ভাষণে সেইসব কিছু নেই। আমরা দেখতে

পাচ্ছি যেখানে সপ্তম যোজনায় লক্ষ হয়েছে উৎপাদন বৃদ্ধি খাদ্য এবং কর্মসংস্থানের কথা ভারত সরকার বলেছেন। আমাদের এই রাজ্যে ৪৮ লক্ষ রেজিস্ট্রিকৃত বেকারের কথা রাজ্যপালের ভাষণে দেখতে পেলাম না। সপ্তম যোজনায় ভারতবর্ষে বরাদ্দের পরিমাণ ৯৫ হাজার ৫৩৪ কোটি টাকা, আর বাকিটা রাজ্য সরকারগুলিকে তুলতে হবে। এই বিষয়ে ভারতবর্ষে অকংগ্রেসি রাজ্যগুলি, আর একটি বামফ্রন্ট সরকার যদি এগিয়ে আসতে পারেন সেই ক্ষেত্রে পশ্চিমবাংলায় কেন তার লক্ষমাত্রা পূরণ হচ্ছেনা তার কোনো কথা রাজ্যপালের ভাষণে নেই। পশ্চিমবাংলা তার ম্যাচিং গ্র্যান্ট—রাজস্ব হিসাবে সংগ্রহ করতে ব্যর্থ হয়েছে। অর্থাৎ তার ৮০ পারসেন্ট টাকা রাজ্যকে তুলতে হয় এবং ২০ পারসেন্ট কেন্দ্রীয় সরকার দেয়। সেখানে আমাদের পশ্চিমবাংলার সরকার ষষ্ঠ যোজনায় ব্যর্থ হয়েছে এবং বরাদ্দকৃত অর্থ বিভিন্নভাবে খরচ করতে পারেননি। এরই পরিপ্রেক্ষিতে ১২০৬ কোটি টাকা সম্পদ তৈরি করতে পারেননি। তারা কোথায় কোথায় ব্যবহার করতে পারেননি, কোথায় কোথায় ব্যর্থ হয়েছেন সেগুলি আমি বলব। গৃহনির্মাণের ক্ষেত্রে ৯ কোটি টাকা ব্যবহার করতে পারেনি। গৃহের সমস্যা যেখানে এত প্রকট সেখানে গৃহ নির্মাণ বাবদ বরাদ্দকৃত ৯ কোটি টাকা তাঁরা ব্যবহার করতে পারেননি। পশ্চিমবঙ্গে বিদ্যুতের জন্য যেখানে হাহাকার উঠেছে, ব্যাপক লোড শেডিং চলছে, সেখানে ষষ্ঠ যোজনায় ৮৮৬ কোটি ৫৫ লক্ষ টাকার মধ্যে ২৫৭ কোটি ৯ লক্ষ টাকা খরচ করতে পারেননি। যেখানে বিদ্যুৎ সরবরাহে এই সরকার ব্যর্থ হয়েছেন বলে কলকারখানা বন্ধ হতে চলেছে সেখানে এই বিদ্যুৎ উৎপাদনের এই সরকারের কি চিন্তা-ভাবনা আছে আমরা জানিনা। মেজিয়ায় ৬৩৪ মেগাওয়াট তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকার অনুমোদন দিয়েছেন, মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই। বাঁকুড়া অনুন্নত এলাকা, সেই এলাকায় একটা শিল্প হতে চলেছে, তারজন্য কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ দেবার প্রয়োজন মনে করলেন না, রাজ্য সরকারের সেখানে অনীহা দেখতে পাচ্ছি, তাই রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই। আমরা দেখতে পাই বিভিন্ন মন্ত্রী মহাশয় গ্রাম বাংলার মানুষের কথা বলে থাকেন, তাদের সুখ-দুঃখের কথা বলে থাকেন, সেই গ্রাম বাংলার উন্নয়নের জন্য বিভিন্ন পরিকল্পনা বাবদ ২২ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ ছিল, সামাজিক বিভিন্ন উন্নয়ন খাতে রাজ্য সরকার সেই টাকা ষষ্ঠ যোজনায় ব্যবহার করতে পারেননি। আজকে গ্রাম বাংলায় ৫ম শ্রেণী থেকে একাদশ শ্রেণীতে ভর্তি হওয়ার ব্যাপারে একটা বিরাট সমস্যা রয়েছে, সেক্ষেত্রে শিক্ষার প্রসার ঘটানোর জন্য রাজ্য সরকার প্রাথমিক এবং মাধ্যমিক স্কুলের জন্য বরাদ্দকৃত ৯৭ কোটি ৫৭ লক্ষ টাকা ষষ্ঠ যোজনায় খরচ করতে পারেননি। এই যে সরকার বিভিন্ন ক্ষেত্রে ব্যর্থতার পরিচয় দিয়েছেন তার কোনো উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। কলকাতার উন্নতির জন্য এই সরকার বিভিন্ন যে প্রচেষ্টা নিয়েছেন এখানে দেখতে পাওয়া যায় কলকাতার উন্নয়নের জন্য বরাদ্দ ছিল ২৪৭ কোটি টাকা, তারমধ্যে ৭৫ কোটি ৩৪ লক্ষ টাকা ব্যবহার করতে পারেননি। ষষ্ঠ যোজনার রূপরেখাকে বাস্তবে রূপ দেওয়ার জন্য সম্পদ সংগ্রহে এই সরকার ব্যর্থ হয়েছেন। যে ভয়ঙ্কর বন্যার পরিণতির জন্য পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামাঞ্চলের মানুষ একটা অসহায় অবস্থার মধ্যে পড়ে সেখানে ২৮৬ কোটি ৩০ লক্ষ। টাকার কাজ করতে পারা যায়নি। সম্পদ সংগ্রহে ব্যর্থতার জন্য এই টাকা ব্যবহার করতে পারেননি। আজকে আমরা গঙ্গার ভাঙন, বিভিন্ন ভাঙন দেখতে পাচ্ছি, ফলে ঘরবাড়ি নষ্ট হচ্ছে, এক্ষেত্রে রাজ্য সরকার সম্পদ সংগ্রহ করতে ব্যর্থ হয়েছেন। এই ব্যর্থতার জন্য আজকে

[4-50—5-00 P.M.]

দেশের ৭।। কোটি মানুষকে খেসারত দিতে হচ্ছে। এই ব্যর্থতার কারণ হিসাবে আমরা দেখতে পাচ্ছি বিক্রয় কর, চুঙ্গী কর, পৌর কর অনাদায়ী রয়েছে। এই কর যদি আদায় হত তাহলে সম্পদ সৃষ্টি হত এবং এই সম্পদ সৃষ্টি হলে বিভিন্ন উন্নয়নমূলক যে পরিকল্পনা যারজন্য সরকার জনসাধারণের কাছে প্রতিশ্রুতি বদ্ধ তার রূপ দিতে পারতেন। কিন্তু সরকার এক্ষেত্রে ব্যর্থ, এই ব্যর্থতার উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন দিকে এই যে অবস্থা চলছে তার কোনো পরিবর্তনের কিছুই ব্যবস্থা নাই। এটা কংগ্রেস বা বামফ্রন্ট সরকারের ব্যাপার নয়। আমাদের যৌথভাবে এগিয়ে যেতে হবে। বিভিন্ন দিক থেকে গ্রামের মানুষ আজকে বঞ্চিত হচ্ছে। আই.আর.ডি.পি, এন আর ই পি, আর এল ই জি পি প্রোগ্রাম এইরকম বিভিন্ন প্রোজেক্টের মাধ্যমে গ্রাম বাংলার দুস্থ অসহায় মানুষদের আই টি ডি পি প্রোজেক্টের মাধ্যমে যে গ্রাম বাংলার দুস্থ মানুষদের সাহায্য দেবার ব্যবস্থা রয়েছে, সেখানে দেখছি কংগ্রেস দলের সমর্থকরা বঞ্চিত হচ্ছে। এই ধরনের মানুষ সব দলেই আছে। এইভাবে গ্রামবাংলার মানুষ এই সাহায্য থেকে বঞ্চিত হচ্ছে। এই ইতিহাস আজকে কে না জানে? গ্রাম বাংলার সমস্ত স্তরের মানুষ বঞ্চিত হচ্ছে, উপেক্ষিত হচ্ছে। দ্রব্য মূল্য বৃদ্ধি ব্যাপারে নিশ্চয় আমরা শঙ্কিত। কিন্তু কেন্দ্রীয় সরকার গ্রাম বাংলার দুস্থ মানুষদের জন্য ১৫০ পয়সা কেজি দরে তিন কেজি যে এবং ১৮৫ পয়সা দেবে যে ৭০০ চাল দিচ্ছে, তাদের কষ্ট লাঘব করার জন্য, তার কি সুষম বন্টন হচ্ছে? যে রেশন কার্ড গ্রাম বাংলায় প্রয়োজন তা এখনও পর্যন্ত তারা পায়নি এবং সেই কারণে ঐ চাল এবং গম সেই দুস্থ মানুষরা পাচ্ছেনা। সে কথা কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে দেখতে পেলাম না। আমরা অবাক হয়ে যাচ্ছি, যে নূতন কর্মসংস্থান করার যে স্কীম কেন্দ্রীয় সরকার নিয়েছে এবং যারজন্য বিভিন্ন খাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকা আসছে তাঁদের ২০ দফা কর্মসূচীকে রূপায়ণ করার জন্য, সেই টাকা ফেরত যাচ্ছে। তার কোনো কথাই রাজ্যপালের ভাষণে নেই। শিশুদের পুষ্টি সাধন এবং শিশুদের বিকাশের জন্য যে নিউট্রিশন ফুড দেবার ব্যবস্থা, বন সৃজন করা এবং বিভিন্নভাবে তফসিলি জাতি, উপজাতীয়দের এবং দুস্থ মানুষদের উন্নতি সাধন করার জন্য, কেন্দ্রীয় সরকার যে টাকা দিচ্ছে তাঁদের ২০ দফা কর্মসূচীর মাধ্যমে তার কথা কিন্তু রাজ্যপালের ভাষণে নেই। তার সামান্য উল্লেখ থাকা উচিত ছিল। আজকে কেবল মাত্র রেষারেষির মধ্যে মানুষকে ফেলে দিয়ে তাদের দরিদ্র থেকে আরও দরিদ্র করে দেওয়া হচ্ছে। ষষ্ঠ যোজনায় আপনারা কিসে খরচ বাড়িয়েছেন? প্রচারের জন্য যেখানে ৪ কোটি টাকা বরাদ্দ ছিল সেখানে ব্যয় হয়েছে ৬ কোটি টাকা। প্রচারের কার্য থেকে আপনারা বিরত হননি। সে কথা তো রাজ্যপালের ভাষণে দেখতে পেলাম না। আপনারা লক্ষ মাত্রায় যে পৌঁছাতে পারেননি এবং রাজ্য সরকারের সে সম্বন্ধে কি চিন্তা ভাবনা এবং দেশের সার্বিক উন্নয়নের কি কর্মসূচী তা কিছুই রাজ্যপালের ভাষণে দেখতে পেলাম না। আজকে যদি পশ্চিমবাংলার উন্নতি হয়, তাহলে ভারতবর্ষের উন্নতি হবে। আজকে দেশের মানুষ হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। এইসব কথার উল্লেখ পাইনি বলে আমরা যে সংশোধনী দিয়েছি সেগুলি আপনার মাধ্যমে গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়ে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের মাননীয় সদস্যবৃন্দ আজ কয়েকদিন ধরে যে বক্তব্য রাখলেন তার ভিতর কোনো নূতনত্ব কিছু নেই। বিরোধী দলের সদস্য কাশীবাবু একটু আগে রাজ্যপালের ভাষণের উপর যে আলোচনা করলেন সেটা বাজেটের উপর আলোচনা হল না রাজ্যপালের ভাষণের উপর আলোচনা হল কিছুই বোঝা গেলনা। যাই হোক, কাশীবাবু ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এই হাউসে দাঁড়িয়ে পশ্চিমবাংলার যে রূপরেখা এঁকেছিলেন সেটা একটু আমি আপনার কাছে নিবেদন করছি। ওনার ভাষায় ৫ বছর পশ্চিমবাংলা শাসন করে বাঁকুড়া জেলার কি উন্নতি হয়েছিল সেটা আমি একটু পড়ে শোনাতে চাই, যেটা উনি এই হাউসে দাঁড়িয়ে সেই সময় বলেছিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি বাঁকুড়া সম্বন্ধে বলেছিলেন, "সেখানে খাদ্যভাব দেখা দিয়েছে, চালের দাম ৩.৫০ পয়সা, কোনোরকম রেশন সরবরাহ নেই, আটা সরবরাহ নেই, গম সরবরাহের কোনো ব্যবস্থা করা হয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি বাঁকুড়ার দুরবস্থার কথা জানেন। বাঁকুড়া জেলায় দিন মজুর, ক্ষেত মজুর, শ্রমজীবী মানুষ বেশি বাস করে। যারা দিন আনে দিন খায়, এই সমস্ত লোকের এক মুঠো ভাতও জুটছে না।" এটাই হচ্ছে কাশীবাবুর বক্তব্য, যেটা উনি ১৯৭৪ সালে এই হাউসে দাঁড়িয়ে বলেছিলেন। এ বাজেটের শেষে ওরা পশ্চিমবাংলায় দুর্ভিক্ষ সৃষ্টি করেছিলেন। (এই সময় কংগ্রেস বেঞ্চ থেকে মাননীয় সদস্যরা চিৎকার করতে থাকেন।) মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা চিৎকার করবেন, আমি জানি। কারণ ওদের গায়ে জ্বালা ধরেছে। ওরা সেদিনের কথা ভুলে গেছেন। ঐ বাঁকুড়া জেলা সম্পর্কে কাশীবাবু আবার যা বলছেন সেটা আমি আপনার সামনে তুলে ধরছি। "বাঁকুড়া জেলায় কত মানুষ গেছে, কত মানুষ আত্মহত্যা করেছে সেটা একটু শুনুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলা সম্পর্কে সেদিন কাশীবাবু বলেছিলেন—" বাঁকুড়াতে আজকে যে শোচনীয় অবস্থা চলছে সেই সম্পর্কে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৫/৪/৭৪ তারিখে আনন্দবাজারে যে খবর বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে জ্যোৎস্না মালাকার তার বয়স ২৪ বছর, স্বামী বাবলু মালাকার, বাঁকুড়া শহরের কাছে ইদগামহল্লাতে থাকত এবং তার ২/৩ টি সন্তান। তিনি বি.ডি.ও. অফিসে রিলিফ নিতে গিয়েছিলেন। সেখানে অতি ভীড়। প্রচন্ড রোদে রাস্তায় দাঁড়িয়েছিলেন এবং তারপর তিনি অজ্ঞান হয়ে যান। তাকে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। কিন্তু সেই দুস্থা মহিলা রিলিফ নিতে পারলেন না। তিনি তার ২/৩টি সন্তান রেখে অকালে প্রাণ হারালেন।

[5-00—5-10 P.M.]

"মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১১.৪.৭৪ তারিখের আর একটি ঘটনা আপনার মাধ্যমে হাউসের সামনে রাখছি। একজন গর্ভবতী মহিলা, তার নাম শ্রীমতী লতা দাসী, বয়স হচ্ছে ২০ বৎসর, স্বামী ভ্রমর দাস, বয়স হচ্ছে ২৯ বৎসর, বাঁকুড়া শহরের কাছে স্কুলডাঙাতে তাদের বাড়ি, তার স্বামী রাজমিস্ত্রীর কাজ করেন। যখন অন্ন সংস্থানের ব্যবস্থা করতে পারেননি তখন তিন বছরের মেয়েকে নিয়ে বাঁকুড়ার কাছে ভৈরবস্থান বলে যে একটি রেল স্টেশন আছে সেখানে সেই গর্ভবতী মহিলা আত্মহত্যা করেছেন। আজকে আর কিছু বলতে হয়না। বাঁকুড়াতে ১১.৪.৭৪ তারিখের ঘটনা, বাঁকুড়াতে ৫.৪.৭৪ তারিখের ঘটনা, বাঁকুড়াতে ১.৪.৭৪ তারিখের ঘটনা—এইরকম সব ঘটনা হয়েছে এবং আত্মহত্যার ঘটনা ঘটেছে। এই যদি

পরিণতি হয়ে থাকে, আজকে রিলিফ নিতে যেয়ে যদি তাকে হাসপাতালে স্থানান্তরিত হতে হয় এবং সেখানে যদি তার মরণ হয় তাহলে খুবই অবস্থা খারাপ বলতে হবে। আজকে গ্রামবাংলাতে মানুষ একশো গ্রাম গম পাচ্ছেনা, চাল পাচ্ছেনা। আজকে দিনমজুর, ক্ষেতমজুর প্রত্যেকেরই এই অবস্থা। তাই স্যার, আপনার মাধ্যমে বাঁকুড়াজেলার এই অবস্থার কথা জানালাম।" স্যার, শুধু এই একটি/দুটি ঘটনাই নয়, আরও ঘটনা আছে। পুরুলিয়ার সদস্য শ্রী শরৎচন্দ্র দাস মহাশয় ঐ একই সময়ে বলছেন, "ঘরে মানুষের অবর্ণনীয় অবস্থা যা দেখছি তাতে আতঙ্কিত হয়ে গিয়েছি। সেখানে লোকে অনাহারে মারা যাচ্ছে। রবিবার ও সোমবার ঝালদা থানাতে এক ছটাক চালও পাওয়া যায়নি। সেখানে লোকেরা উপবাসে আছে, মানুষের ক্রয়ক্ষমতা নেই। এই সময় যদি সরকার ব্যাপকভাবে ত্রাণের ব্যবস্থা না করেন তাহলে লোক অনাহারে মারা যাবে।" স্যার, গ্রামের পর গ্রাম, শহরের পর শহর, জেলার পর জেলায় অনাহারে মানুষ মরেছে, খেতে না পেয়ে আত্মহত্যা করেছে, মাইলো খেয়েছে—এই অবস্থা কংগ্রেস করেছিল। তারপর ১৯৭৭ সাল থেকে ১৯৮৬ সালের মধ্যে একজন সদস্যও কিন্তু এসব কথা বলেন নি। এরপর স্যার, সত্য বাপুলী মহাশয় এই হাউসে কি বলেছিলেন সেটা একটু শুনুন। স্যার, সেই সময় পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা ছিলনা, সত্য বাপুলী মহাশয় নিজে নিরাপত্তার অভাব বোধ করেছেন এবং সেকথা নিজেই এই হাউসে বলেছেন। তিনি বলেছিলেন, ওঁর বিরুদ্ধে মামলা করা হয়েছে, কেস করা হয়েছে, পুলিশ অন্যায় করে ওঁকে ধরে নিয়ে গিয়েছে। পুলিশ সেদিন কি অত্যাচার চালিয়েছে সেকথা সত্যবাবু বলেছেন। সত্যবাবু সেদিন হাউসে যা বলেছিলেন সেটা স্যার, শুনুন। "পুলিশ কিভাবে প্রকিওরমেন্টে বাধা দিচ্ছে, জোতদারের সঙ্গে হাত মিলিয়ে ব্ল্যাক মার্কেটে ধান বিক্রি করছে সে সম্পর্কে আমি একটি স্পেশিফিক কেসও তুলে ধরেছিলাম। স্যার, যেদিন আমি বক্তৃতা দিই ঠিক তার পরের দিন পুলিশ আমার বিরুদ্ধে একটি কেস দায়ের করেছে এবং তার সঙ্গে জোতদারের কর্মচারী যে পুলিশ ক্যাম্পের মধ্যে থাকে সে আর একটি কেস দায়ের করেছে। স্যার, আমি একটি কমপ্লেন করেছিলাম এবং বলেছিলাম, জোতদারের কর্মচারী ব্ল্যাক মার্কেটে ধান বিক্রি করছে, প্রকিওরমেন্ট ফ্রাস্ট্রেটেড করছে, সরকারি কর্মপদ্ধতির বিরুদ্ধে প্রচার করছে। কাজেই তাকে অবিলম্বে মিসা অথবা ডি.আই.আর-এ গ্রেপ্তার করা হোক।"

স্যার, আমি ও.সি'র কাছে জানতে চেয়েছিলাম যে এদের বিরুদ্ধে কেন অ্যাকশন নেওয়া হচ্ছে না? স্যার, কোনো এম.এল.এ কমপ্লেন করলে তার ভিত্তিতে অ্যাকশন নেওয়া হয়না। সব জায়গায় পুলিশ প্রচার করছে যে এম.এল.এ'র বিরুদ্ধে আমরা গ্রেফতারী পরোয়ানা জারি করতে পারি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাদের পুলিশ কি করছে? তাদের চেয়ারম্যানকে শুদ্ধু অ্যারেস্ট করে নিয়ে এসে হাজতে দিয়েছে। এর পরে আমি জানতে চাই আমাদের নিরাপত্তা কোথায়? এই সত্য বাপুলী মহাশয়, এম.এল.এ, ওদের শাসনে ওরাই নিরাপত্তা পাননি। ওদের রাজত্বে ওদের যে নিরাপত্তা ছিলনা সেটা আমরা জানি। ওদেরই চন্ডী মিত্র ওদেরই হাতে হত হয়েছে। আজকে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা একটা রাজ্য যেখানে আইন-শৃঙ্খলা আছে। আজকে ইউ.পিতে যান সেখানে দেখবেন যে কিভাবে মানুষ খুন হচ্ছে। সেখানে দিনে-দুপুরে মানুষ খুন হয় কোনো বিচার হয়না। সেটা ওদেরই কংগ্রেসি রাজত্ব। দিল্লিতে আজকে কি দেখা যাচ্ছে? আর পশ্চিমবাংলায় যেটা হচ্ছে সেটা ওরাই করছে।

আজকের কাগজে আছে যে গতকাল কিভাবে বরানগরে মিটিং করতে গিয়ে কংগ্রেস কংগ্রেসের বিরুদ্ধে ক্ষুর চালিয়েছে। আইন-শৃঙ্খলা জনিত সমস্যা ওরাই সৃষ্টি করছে। আজকে সাত্তার সাহেব আবার সেই আইন-শৃঙ্খলার কথা এখানে বলছেন। আমি তাকে বলি যে আপনাদের দলের লোকগুলিকে একটু সাবধান করুন তাহলে দেখবেন যে দেশের আইন-শৃঙ্খলা অনেকটা ভালো থাকবে। স্যার, ওরা রাজত্ব পেলে কি হবে আমি জানিনা। কারণ ওদেরই বিগত রাজত্বে ওদেরই চন্ডি মিত্র মরেছে, ওদেরই এম.এল.এ-দের কোনো নিরাপত্তা ছিলনা, ওরা একজন আর একজনের বিরুদ্ধে ছিল। আজকে কাগজে দেখছি ওদেরই নিজেদের মিটিংয়ে ওরা ক্ষুর নিয়ে যুদ্ধ করেছে। এই হচ্ছে ওদের চরিত্র। পশ্চিমবাংলার বাইরে অন্যান্য জায়গায় যেখানে কংগ্রেস রাজত্ব আছে সেখানে কি দেখছি? বিহার নামে যে রাজ্য আছে সেখানে কোনো প্রশাসন নেই। ইউ.পিতে প্রশাসন নেই। পাটনা শহরে দেখেছি যে সেখানে সন্ধ্যার পরে কোনো মেয়ে একা রাস্তায় বের হতে পারেনা। বিহারে আমাদের কমিটির সদস্যরা যখন ট্রেনে ট্রাভেল করছিল তখন ফার্স্ট ক্লাশ কমপার্টমেন্টে ওখানকার কিছু লোক উঠে পড়ে অকথ্য ভাষায় গালাগাল দেয় এবং বলে শালা ভি.আই.পি নেমে আয়, এটা বিহার। আমাদের কমিটির দু'জন সদস্য সেই ট্রেনে ট্রাভেল করছিলেন। তাদের একজন হচ্ছে, শ্রী জয়ন্তকুমার বিশ্বাস, আর একজন হচ্ছেন শ্রীমতী রেণুলীনা সুব্বা। বিহার থেকে যখন ট্রেন ছাড়ে তখন আমাদের মাননীয় সদস্যরা নিরাপত্তার অভাব বোধ করছিলেন। আমি যখন এলাহাবাদে গিয়েছিলাম তখন তারা এই অভিযোগ আমাকে করেছিলেন। কাজেই ভুতের মুখে রাম নাম শুনতে হবে। তাদের কাছ থেকে ভারতবর্ষের নিরাপত্তার কথা শুনতে হবে। যারা দেশে দেশে, রাজ্যে রাজ্যে নিরাপত্তাকে শেষ করছে, যারা দেশের মানুষকে চোরা কারবারিতে ভরিয়ে তুলেছে, যারা ভারতবর্ষের আইন-শৃঙ্খলা নষ্ট করছে, তাদের মুখে আইন-শৃঙ্খলার কথা, উন্নয়নের কথা শোভা পায়না। কাশীবাবু দ্বিধা, দ্বিধা করে কিছু কথা বলেছেন। তার নিজের ভাষায় তিনি বলেছেন যে বাঁকুড়া জেলায় কিছু হয়নি। বাঁকুড়া জেলায় রাস্তাঘাট হয়নি দীর্ঘ কংগ্রেসি রাজত্বে। আজকে যতই বলুন না কেন বামফ্রন্ট রাজত্বে একটা মানুষও না খেয়ে মরেনি। ওদের সময়ে পঞ্চম ক্লাশ পর্যন্ত বিনা পয়সায় পড়ানোর ব্যবস্থাতে ওরা স্বাগত জানিয়েছিলেন। আর আজকে ১২ ক্লাশ পর্যন্ত বিনা পয়সায় পড়ানোর ব্যবস্থাকে ওদের একজনও স্বাগত জানাতে পারেন নি। সে বিষয়ে একটা কথাও বলতে পারলেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কলেজ শিক্ষক, স্কুল শিক্ষকরা মাসের প্রথম দিনই বেতন পাচ্ছেন। আজকে ওঁরা হাউসে দাঁড়িয়ে শিক্ষকদের বেতন সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহোদয়কে প্রশ্ন করছেন। আর ওঁদের সময়ে তো মাষ্টাররা মাইনেই পেতেন না। সই করতেন ১০০০ টাকায় পেতেন ৫০ টাকা এবং সে সময়ে কিভাবে শিক্ষক নিয়োগ হ'ত তাও নিশ্চয়ই ওঁরা ভুলে যাননি! অর্থাৎ এক কথায় ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ওঁরা এখানে জঙ্গলের রাজত্ব কায়েম করেছিলেন। ওঁদের আমি জিজ্ঞাসা করি, আজকে মহারাষ্ট্রে কি হচ্ছে? গুজরাটে কি হচ্ছে? মহারাষ্ট্রে মুখ্যমন্ত্রীর মেয়েকে এম.ডি. করার জন্য আজকে মুখ্যমন্ত্রীকে পদত্যাগ করতে হচ্ছে। ওঁরা এসবের কি জবাব দেবেন? কেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীকে পদত্যাগ করতে হচ্ছে? কেন মহারাষ্ট্রে নতুন মুখ্যমন্ত্রী তৈরি করতে হচ্ছে? সমস্ত কিছুর মূলে হচ্ছে দুর্নীতি। আজকে কাশ্মীরে জে.এম. শা'কে কংগ্রেসের ব্যর্থতার জন্য পদত্যাগ করতে হচ্ছে। পাঞ্জাব এবং অন্যান্য জায়গায় কংগ্রেসের ব্যর্থতার জন্য অশান্তি চলছে। সমস্তরকম দুর্নীতি এবং অশান্তির

[5-10—5-20 P.M.]

জন্য কংগ্রেস দায়ী। অতএব আমাদের রাজ্যপাল ঠিক কথাই তাঁর ভাষণের মধ্যে দিয়ে বলেছেন। সেইজন্য আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করছি।

**ডাঃ সুশোভন ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী অনিল মুখার্জি মহাশয় বক্তব্য রাখতে উঠে প্রথমেই বললেন যে, "কাশীবাবু আজকে যে বক্তৃতা করলেন সেটা ঠিক রাজ্যপালের ভাষণের উপর হলনা।" এই প্রসঙ্গে আমি মাননীয় সদস্যদের এবং আপনাকে বিচার করতে অনুরোধ করছি যে, মাননীয় সদস্য অনিলবাবু এতক্ষণ যে বক্তৃতা করে গেলেন তারমধ্যে রাজ্যপালের ভাষণ সম্পর্কে কিছু ছিল কি?

স্যার, রাজ্যপালের ভাষণের কয়েকটি জায়গায় আমি অসঙ্গতি পেয়েছি এবং সেগুলিই আমি আপনার কাছে তুলে ধরছি। রাজ্যপাল — ১৯৮৪-৮৫ সালে ৬.১৫ মিলিয়ন টন আমন উৎপন্ন হবে। তিনি আরও বলেছেন যে, তিনি আশা করছেন ১৯৮৬-৮৭ সালে ৯.৭ মিলিয়ন টন খাদ্যশস্য উৎপন্ন হবে। স্যার, এটা কি ম্যাজিক নাকি? এক বছরের মধ্যে রাজ্যে দেড়গুণ বেশি খাদ্যশস্য উৎপন্ন হবে! যদি তাই হয়, তাহলে তা কেমন করে হবে, সেই হিসাব মাননীয় সদস্যদের জানার অধিকার আছে। এটা কোনোও ভোজবাজির কথা হতে পারেনা। সেইজন্য এই প্রসঙ্গে আমি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, তিনি এই হাউসে সদস্যদের জানান যে, কিভাবে এক বছরের মধ্যে দেড়গুণ বেশি খাদ্য শস্য উৎপন্ন হবে? কি দেখে তাঁরা এই আশা করছেন? স্যার, যদি সত্য সত্যই বামফ্রন্ট সরকার এ বছর দেড়গুণ বেশি খাদ্য উৎপাদন করতে পারেন তাহলে নিশ্চয়ই আমরা সভ্যরা খুশি হব এবং দেশবাসীও জানতে পারবে যে, পশ্চিমবঙ্গের মানুষকে আর খাদ্যের জন্য কেন্দ্রের দিকে তাকিয়ে থাকতে হবেনা। স্যার, তারপরে রাজ্যপাল বলেছেন যে, আলু উৎপাদন সন্তোষজনক হবে এবং আরও বলেছেন যে, রাজ্য সরকারের হিসেবে ৩১ লক্ষ মেট্রিক টন আলু গত বছর উৎপাদন হয়েছিল। স্যার, আমরা সকলেই জানি যে, গত বছর আলু চাষীরা অধিক পরিমাণ আলু উৎপাদন করেছিল এবং ক্ষতিগ্রস্ত হয়েছিল। এর পরেও মাননীয় রাজ্যপাল, তাঁর ভাষণে বলেছেন যে, তিনি আশা করছেন এবারে আরও অধিক পরিমাণ আলুর ফলন হবে। কিন্তু কিভাবে সেটা হবে তা বললেন না। সব চেয়ে বড় কথা হচ্ছে, সেই আলু কোথায় স্টোর করা হবে তা তিনি বলেন নি। সে হিসাব আমরা এখানে পাচ্ছিনা। আমরা জানি আমাদের এই রাজ্যে ১৩ লক্ষ মেট্রিক বেশি আলু হিম ঘরে রাখার মতো আমাদের কোনোও ব্যবস্থা নেই। তাহলে অধিক ফলনশীল আলু ফলিয়ে চাষীদের স্বার্থ যদি রক্ষা করতে না পারেন তাহলে কি করে বলছেন হিমঘরের কথা? কিভাবে আলু সংরক্ষণ করতে চান তা রাজ্যপালের ভাষণে আমরা পাইনি। এবার সেচের কথায় আসি। রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন কংসাবতী প্রোজেক্টের কাজ প্রায় শেষ হয়ে গেছে। একথার মানে কি তা আমি বুঝতে পারলাম না। কংসাবতী প্রোজেক্টের কাজ যদি শেষ হয়ে থাকে—কংসাবতী থেকে এখন যে জল সাপ্লাই করে তা হচ্ছে ৩ লক্ষ ৪০ হাজার একর জমিতে আর কংসাবতী প্রোজেক্টের কাজ কমপ্লিট হয়ে যাবার পর সেখান থেকে যে জল সাপ্লাই হবে তা ৪ লক্ষ। ১০ হাজার একর জমিতে সেচের জল যাবে, সুতরাং প্রোজেক্ট কমপ্লিট যদি হয়ে থাকে তাহলে নিশ্চয়ই ৪ লক্ষ ১০ হাজার একর জমি সেচের জন্য জল পাচ্ছে। কিন্তু যদি না পেয়ে থাকে তাহলে সুনির্দিষ্টভাবে

বলুন এই কংসাবতী প্রোজেক্টের কাজ কবে নাগাদ শেষ হতে চলেছে। রাজ্যপালের ভাষণে সুবর্ণরেখা প্রোজেক্টের উল্লেখ নেই। সুবর্ণরেখা নদী থেকে ১ লক্ষ ১০ হাজার একর জমি চাষের জল পাবে। কিন্তু অবাক হয়ে দেখছি, এত বড় একটা প্রোজেক্টের কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। আজকে মাননীয় সদস্য বলাইবাবু ভূমি সংস্কারের কথা বললেন। আজকে রাজ্যপালের ভাষণে দেখছি, উনি বলেছেন, ১৩.৩৩ লক্ষ বর্গাদার রেকর্ড করেছেন। কংগ্রেস সরকার যখন ক্ষমতা থেকে বিদায় নেয় অর্থাৎ ১৯৭৭ সালে নথিভুক্ত বর্গাদার করে গিয়েছিল সাড়ে ৩ লক্ষ আর ভূমি সংস্কার মন্ত্রী ১৯৭৭ সালের গোড়ায় বলেছিলেন আমরা ২০ লক্ষ বর্গাদার রেকর্ড করব। আজকে ৯ বছর পর দেখা গেল, ১৩.৩৩ লক্ষ। অর্থাৎ সমস্ত মিলিয়ে হিসাব করে যদি দেখা যায় তাহলে দেখা যাবে ওনারা ঢাক-ঢোল পিটিয়ে মাত্র ১০ লক্ষ লোককে বর্গা রেকর্ড করতে পেরেছেন। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে কেন রাজ্যপালের ভাষণে বলেননি এই ২০ লক্ষ লোককে নথিভুক্ত করতে পারবেন। আমি আর একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে সবার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে সারা দেশের লোক যেটার জন্য রাজ্যপালের ভাষণের দিকে তাকিয়ে ছিল সেটা হচ্ছে শিক্ষা সংক্রান্ত ব্যাপারে। উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়গুলির কি অবস্থা তা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। সুতরাং বুঝতে পারা গেল অ্যাভয়েড করে গেছেন, কোনো কথা রাখতে চাননি। উচ্চ শিক্ষার ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ থেকে আরম্ভ করে অধ্যাপক ছাত্র-ছাত্রীরা সবাই গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা করতে উঠে পড়ে লেগেছেন। সব রাজনৈতিক দল এদের মদত দিচ্ছেন। ফলে একদিকে উচ্চ শিক্ষা আর অন্যদিকে গণতন্ত্র প্রতিষ্ঠা দুটো একসঙ্গে চলতে পারছে না। তাই আমার প্রস্তাব হচ্ছে এ বছরের মতো বিশ্ববিদ্যালয়ে পঠন পাঠন বন্ধ করে গণতন্ত্র প্রতিষ্ঠার দিকে লক্ষ দিই আর আগামী বছর স্কুল-কলেজ খোলা হোক। এতে করে আমার মনে হয়, আমাদের ছাত্রদের এবং তাদের অভিভাবকদের পক্ষে সুবিচার করা হবে। তা না হলে সবার গণতান্ত্রিক অধিকার রক্ষা করতে গিয়ে বিশ্ববিদ্যালয়ের নাভিশ্বাস উঠেছে। তাই আমি উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়কে বলব, তিনি উচ্চ বিদ্যালয় তাঁর নিজের হাতে না রেখে শ্রদ্ধেয় মন্ত্রী শ্রী অম্বরীশ মুখার্জি এবং শ্রী রামনারায়ণ গোস্বামীর হাতে তুলে দিন। ওনারা রোগ মুক্তি করে আবার ফেরত দেবেন। তারপর আবার উচ্চ শিক্ষা আমাদের দেশে চালু করবেন। ধন্যবাদ।

[5-20—5-30 P.M.]

**শ্রী মনোহর তিরকী :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার ও মাননীয় সদস্য শ্রী শচীন সেন মহাশয়। মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে এসেছেন তাকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি। এই সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই। রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়ে গেলেন তার মধ্যে বিগত বছরে যে সমস্ত কাজকর্ম হয়েছে তার একটি রিপোর্ট এবং আগামী দিনে যেসব কাজকর্ম হবে তার একটি হিসাব নিকাশ দিয়েছেন সেটাই আমরা দেখতে পেলাম। আমি একটি কথা বলতে চাই, আমরা সবাই জাতীয় সংহতির নিরবচ্ছিন্নতার বিরুদ্ধে একমত। কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির ফলে জাতীয় সংহতি এবং সমাজের বিরুদ্ধে কিছু কিছু উসকানী চলছে। আপনি জানেন, উত্তরবঙ্গে ছোটো ছোটো আদিবাসী ট্রাইব্যাল শিডিউল্ড কাস্ট আছেন, এদের কাছে প্ররোচনা মূলক কথাবার্তা বলা হচ্ছে এবং

গভর্নমেন্টের বিরুদ্ধে উসকানী দেওয়া হচ্ছে। আমি বলছি, ঐ এলাকায় যেসব জাতি বাস করেন, ওঁরাও, মুনডা, সাঁওতাল এবং মেচ এদের কাছে বলা হচ্ছে যে সরকার তোমাদের অনেক কিছুই দিচ্ছেনা এবং তোমাদের জন্য যা যা করা উচিত তা করছেন না। ঐসব ওঁরাও, মুন্ডা, সাঁওতাল ছোটো ছোটো উপজাতীদের নিজস্ব মাতৃভাষা এবং সংস্কৃতি আছে। গভর্নমেন্টের তরফ থেকে এদের জন্য এদের মাতৃভাষার মাধ্যমে শিক্ষার ব্যবস্থা এবং পুস্তক বিতরণ করা দরকার। এরা স্কুলে অন্য ভাষায় লেখাপড়া করার ফলে হিন্দি, ইংরাজী, বাংলা এবং নেপালী ওরা নিজেদের ভাষায় কথা বলতে পারেনা, তাই ওরা ভাবে যে ওদের কোনো সমাজ নেই এবং তাতেই ওরা খুব হতাশাগ্রস্ত হয়ে পড়ছে এবং তারজন্য ওদের মধ্যে একটা মুভমেন্ট দেখা দিচ্ছে। কিছুদিন আগে আমার কাছে একটা বড় ভাষা সাহিত্যের এক ডেলিগেশন আসে চিফ মিনিস্টারের সঙ্গে দেখা করার জন্য, তারা বলছে ঐ মেচ ভাষাকে স্বীকৃতি দিতে হবে, প্রাথমিক স্তর থেকে লেখাপড়ার চেষ্টা করতে হবে। ডেপুটেশন দিয়েছেন, এখন কিছু হল না দেখে তারা খুব হতাশ হয়ে পড়েছে। কিছুদিন আগে এক সভা হয়ে গেছে তাতে পরিষ্কার ভাবে জানা গেছে যে আসাম সরকার ওখানে ভাষাকে মঞ্জুরি দিয়েছেন, কাজেই ওদের এই সরকারের কাছে যা ডিমান্ড আছে সেগুলি যেন গুরুত্বপূর্ণভাবে নজর করা হয় যাতে তারা ঐ অধিকারটা পায়। তারপর রাজ্যপালের ভাষণের মধ্যে শিল্পের কথা বলা হয়েছে, খুবই সুখের কথা যে গভর্নমেন্ট অন্য জায়গা থেকে টাকা পয়সা নিয়ে এসে কাজ করবার চেষ্টা করছেন। চা উত্তর বঙ্গের একমাত্র শিল্প অন্যকোনো শিল্প নেই। হাজার, হাজার কোটি, কোটি টাকার শিল্পে নিয়োগ করা হয়েছে। এখানে প্রচুর বন এবং খনিজ সম্পদ আছে। এগুলি ব্যবহার করা হোক। কৃষি ভিত্তিতে চায়ের ইন্ডাস্ট্রি করা হোক। এইসব শিল্পে হাজার হাজার লোকের কাজকর্ম হতে পারে। কিছুদিন আগে আমি ডোলোমাইট কারখানার কথা বলেছিলাম, এইসব বন সম্পদ চলে যাচ্ছে অন্য জায়গায়। এইসব ব্যাপারের উন্নতির চেষ্টা করা হোক যাতে কর্মসংস্থান হয় তারজন্য এবং অর্থনৈতিক উন্নতির জন্য চেষ্টা করা হোক। জলপাইগুড়িতে চায়ের ক্ষেত্রে বলেছিলেন কয়েক বছর থেকে ওখানে প্রচুর মুনাফা হচ্ছে, কিন্তু মুনাফা হওয়া সত্ত্বেও চা বাগানের মালিকেরা শ্রমিকদের সুযোগ সুবিধা দেওয়া থেকে বঞ্চিত করেছেন। গতকাল মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় অ্যাসেম্বলীতে রিপ্লাইয়ে বলেছেন কোটি কোটি শ্রমিকের পাওনা প্রভিডেন্ট ফান্ডের টাকা মেরে দেওয়া হয়েছে। তারপর সরকারি লোনের টাকাও সঠিকভাবে খরচ করা হয়না অন্য জায়গায় শিফট করা হয়। এ সম্বন্ধে ব্যবস্থা নেবার জন্য আমি আবেদন রাখছি। শ্রম সঙ্কোচন নীতি নেওয়ার ফলে বেকারত্ব বাড়ছে এবং সন্ত্রাসের সৃষ্টি হচ্ছে। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে এদিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। সেচের ব্যাপারে বলতে গিয়ে প্রথমেই বলছি যে, আমাদের উত্তরবঙ্গ কৃষি নির্ভর জঙ্গল এলাকা। ওখানকার অধিকাংশ মানুষ কৃষির উপর নির্ভরশীল। কিন্তু আজও ওখানকার কৃষিকাজ বর্ষার উপর নির্ভর করে চলে, ফলে সমস্ত জমি এক ফসলা। মাননীয় রাজ্যপালের ভাষণে দেখলাম যে, অনেক টাকা খরচ করে বড় বড় প্রকল্প গ্রহণ করা হয়েছে। আমাদের ওখানে অনেক নদী-নালা এবং পাহাড়ের ঝোরা রয়েছে। ঐসব নদী ও ঝোরাতে অনেক কম টাকা খরচ করে বাঁধ দিলে উত্তরবঙ্গে সেচের প্রভুত উপকার হতে পারে। কাজেই এ-বিষয়ে নজর দেবার জন্য অনুরোধ করছি। আমাদের নর্থবেঙ্গল সীমান্ত এলাকা। ওখানে প্রচুর বাইরের লোক এসে বাস করছে। আসামে কোনো ঝামেলা হলেই দলে দলে শরনার্থী

সেখানে চলে আসে। আবার উত্তরবঙ্গের একদিকে নেপাল, একদিকে ভুটান এবং পাশেই বাংলাদেশ হওয়ায় ঐসব রাজ্য থেকেও বহু লোক চলে আসছে। ফলে জেলার অর্থনীতির উপর চাপ বাড়ছে। এ-বিষয়ে সরকার নিশ্চয়ই চিন্তা করবেন। ঐসব লোক সেখানে কাজের আশায় আসছে, কিন্তু কাজ না পেয়ে স্থানীয় বেকারদের সঙ্গে গন্ডগোল হচ্ছে। আজকে প্রাথমিক স্তরে বামফ্রন্ট মাতৃভাষায় শিক্ষাদানের ব্যবস্থা করেছেন। নেপালী ভাষা, হিন্দি ও উর্দু ভাষাও পড়ানো হচ্ছে। নর্থবেঙ্গলে যারা চা বাগান এলাকায় থাকে তাদের মধ্যে হিন্দি ভাষাভাষী অনেক লোক বাস করে। কিন্তু তুলনায় সেখানে হিন্দি স্কুলের সংখ্যা অত্যন্ত কম। কাজেই সেখানে হিন্দি স্কুল বাড়াবার জন্য বলছি। আগেও বলেছি যে, ওখানে প্রচুর আদিবাসী, যেমন—ওঁড়াও, মুন্ডা, রাভা, মেচ ইত্যাদি সম্প্রদায়ের লোক বাস করে। সে কারণে আমার অনুরোধ, সেখানকার প্রাথমিক স্কুলে ঐসব ভাষা চালু করা হোক যাতে তাঁরা মাতৃভাষায় শিক্ষালাভ করতে পারে। ঐ এলাকা থেকে প্রচুর সম্পদ কেন্দ্রীয় সরকার পাচ্ছেন এবং রাজ্যস্তরেও প্রচুর সম্পদ সেখান থেকে আসছে, কিন্তু উন্নতির ব্যাপারে এখনও ইংরেজ আমলের অবস্থা সেখানে বিরাজ করছে। ওখানকার রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত খারাপ। বহু জায়গায় জরুরি কারণে, যেমন আগুন লাগলে দমকলকে ডাকবার জন্য টেলিফোনের কোনো ব্যবস্থা নেই। ডুয়ার্সে এমন জায়গা রয়েছে যেখানে এখনও ডাক-হরকরা ব্যবস্থা চালু রয়েছে। কাজেই আজকে আদিবাসীদের স্বার্থে, তাদেরকে উপরে নিয়ে আসার জন্য এই সমস্ত বিষয়ে উপযুক্ত নজর দেবার ব্যবস্থা করা হোক—এই বলে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ সুকুমার রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৩রা মার্চ মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এখানে এসেছে, আমি তার বিরোধিতা করছি। এই যে ভাষণ, যা বামফ্রন্ট সরকার মাননীয় রাজ্যপালের জন্য লিখে দিয়েছে, তাতে কিন্তু এক ঢিলে দুই পাখি মারবার চেষ্টা করা হয়েছে। কারণ এই ভাষণে যে কথাগুলি লেখা হয়েছে তাতে পরবর্তীকালে নির্বাচনের সময় যদি এই বইটি সরকার বেশি করে ছেপে দেন তাহলে তা নির্বাচনী ইস্তাহার হিসাবেও কাজে লেগে যাবে। কাজেই এই দূরদর্শীতার দাম নিশ্চয়ই আছে। কিন্তু যে অসত্য ভাষণ মাননীয় রাজ্যপালকে দিয়ে বলানো হয়েছে তা সাধারণ মানুষ গ্রহণ করতে পারেন না। কারণ আমরা দেখেছি, এতে আইন-শৃঙ্খলার ব্যাপারে বলা হয়েছে—"সন্তোষজনক অবস্থায় রয়েছে"। অথচ রাজ্যের আইন-শৃঙ্খলার ব্যাপারটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? অনিলবাবু ১৯৭৪ সালের কথা বলছিলেন, কিন্তু ১৯৭৪ সালে কি এই ধরনের পরিস্থিতি রাজ্যে ছিল? তবে কংগ্রেস স্পেডকে স্পেডই তখন বলত, সেই মানসিকতা তাঁদের ছিল। কিন্তু এখন আপনারা স্পেডকে বলতে পারছেন না।

[5-30—5-40 P.M.]

আপনারা সত্যি ঘটনাটা এখানে পরিষ্কারভাবে বলতে পারছেন না। এই রাজ্যে মহিলা ধর্ষিতা হন এবং তারপরে তাঁকে খুন করা হয়। খুন করে খুনি হৃষ্টচিত্তে ঘুরে বেড়ায়, এই চিত্র আমরা রাজ্যের সর্বত্র দেখতে পাচ্ছি। এখানে চার বছরে খুন হয়েছে ৬০০০ হাজার মানুষ। এই রাজত্বে মানুষকে খুন করে তার মাথা ফুটবলের মতো করে খেলা হয়। এসব কথাতো এখানে বলা দরকার। আসলে সত্যি কথা বলার মতো মানসিকতা থাকা চাই। এঁদের

যদি সেই মানসিকতা থাকতো, তাহলে নিশ্চয়ই তা বলতেন। কিন্তু সেইভাবে সত্যি কথা বলার মানসিকতা নেই বলেই তা বলতে পারছেন না। এই সমস্ত ঘটনার কথা যদি পরিষ্কারভাবে এখানে বলতেন, তাহলে আমরা বুঝতে পারতাম এই রাজ্যের প্রকৃত অবস্থা কি। আপনারা যদি তুলনামূলকভাবে এই সমস্ত ঘটনার কথা বলতে পারতেন, তাহলে অবশ্যই তা এখানে পেশ করতেন এবং বাজেট বিতর্কটা তাহলে খুব ভালো ভাবেই হতে পারত। অথচ আমরা কি দেখতে পেলাম? আমরা দেখতে পেলাম ভারতবর্ষের অন্য রাজ্যের সঙ্গে তুলনামূলক আলোচনায় গেছেন আপনারা। এই রাজ্যের ঘটনার কথা বলা হলে আমরা পরিষ্কার একটা ধারণা করতে পারতাম যে এই রাজ্যের প্রকৃত অবস্থাটা কি। বাজেট বিতর্কের পরিপ্রেক্ষিতে এই কথাগুলো এখানে উল্লিখিত হওয়ার দরকার ছিল এবং আমার মনে হয়, তাহলে খুব ভালো হত। রাজ্যপালের যে ভাষণ এখানে রাখা হয়েছে, তার মধ্যে সাধারণ মানুষের দিকে লক্ষ রেখে, তাঁদের সন্তুষ্টির কথা মনে রেখে ভাষণ রাখা হয়েছে। অথচ আমরা এখানে দেখছি সাধারণ মানুষ নিগৃহীত। সেকথার উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে কোথাও নেই।

আমরা এখানে যে সমস্ত কথাবার্তা বলি, মেনশন পর্বে উল্লেখ করি, তার প্রতি কোনো গুরুত্ব দেওয়া হয়না। এই রাজ্যে আমরা দেখতে পাই যে, আমাদের কোনো বিধায়ক কোথাও ডেপুটেশন দিতে গেলে তাঁর নিরাপত্তার কোনো ব্যবস্থা থাকেনা এবং তাঁকে খুন করার চেষ্টা করা হয়। সেই সাথে সাথে আমরা দেখতে পাই যে খুনিরা এখানে হৃষ্টচিত্তে চারিদিকে ঘুরে বেড়ায়। কোনো জেলায় আমরা দেখি, জেলার সহ সভাপতি রেপ কেসের আসামি হয়ে গ্রেফতার হয় না এবং প্রকৃত খুনি হৃষ্টচিত্তে ঘুরে বেড়ায়। এই সমস্ত সম্ভব কেবল এই রাজ্যে। আইন-শৃঙ্খলার যে অবনতি হয়েছে, সেকথা রাজ্যপালের ভাষণের মধ্যে পরিষ্কারভাবে উল্লিখিত হওয়ার দরকার ছিল। কিন্তু আমরা দেখলাম, সে ব্যাপারে বলা হয়েছে 'অবস্থা সন্তোষজনক'। সাধারণ মানুষকে বিভ্রান্তির মধ্যে না রেখে, পরিষ্কার করে পরিষ্কার কথাটা বলে দিলে বরং ভালো হত বলে আমার মনে হয়। ভাষণের এক জায়গায় উল্লেখ করা হয়েছে যে, এখানে শিল্পক্ষেত্রে লগ্নি হচ্ছে এবং শিল্পক্ষেত্রে লগ্নি করার মতো একটা পরিবেশ সৃষ্টি হয়েছে। ব্যবসায়ীরা এখানে নাকি লগ্নি করার মতো একটা পরিবেশ দেখছেন এবং তাঁরা বিনিয়োগ করতে এগিয়ে আসছেন। আজকে আপনারা নিজেরা নিজেদের কাছে জিজ্ঞাসা করুন যে সত্যিই পরিবেশ ও পরিস্থিতির কোনোও উন্নতি হয়েছে কি না? আমরা এখানে দেখছি যে, শ্রমিক অশান্তির জন্য বিভিন্ন শিল্প কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। এই কথাগুলো রাজ্যপালের ভাষণের মধ্যে পরিষ্কার করে উল্লিখিত হওয়ার দরকার ছিল। কিন্তু তা বলবার সুযোগ আপনারা করে দিলেন না। এর কারণ আছে। সত্যি কথা বলার জন্য যে মানসিকতা দরকার তা আসলে আপনাদের নেই। তা যদি থাকত, তাহলে তা রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হ'ত এবং আমরা তা জানতে পারতাম এবং সবাইকে তা বলতে পারতাম। শিল্পক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে জেনারেশন পাওয়ার না থাকার জন্য লোডশেডিংয়ের পর লোডশেডিং চারিদিকে হচ্ছে। কলকারখানাতে বিভিন্ন জায়গায় শ্রমিক অসন্তোষ চলছে। আমরা বলেছি যে, কলকারখানা ভালোভাবে চালাতে গেলে পাওয়ার জেনারেশন বৃদ্ধি করতে হবে। সেজন্য সাঁওতালডি'র উৎপাদন ক্ষমতা বাড়াতে হবে। আপনারা আজ সাঁওতালডিকে চক্রান্ত করে ধ্বংস করতে চাইছেন। অথচ এ কথার উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে করলেন না।

সাঁওতালডির উৎপাদন ক্ষমতা যেখানে ৪৪০ মেগাওয়াট হওয়ার কথা ছিল, আপনারা তার টারগেট ২০০ মেগাওয়াট ফিকসড করে দিয়েছেন। আপনারা যে এখানে একটা চক্রান্ত করে এটা করলেন। সত্যি কথা বলার মানসিকতা থাকলে তা সাধারণ মানুষকে নিশ্চয়ই জানাবার চেষ্টা আপনারা করতেন।

আপনারা ভালোভাবেই জানেন যে প্রত্যেকটি জেলায় জেলায় যে সমস্ত স্কুল আছে তার যে ইলেকটেড কমিটি আছে সেই ইলেকটেড কমিটিতে কোনো কাজ করতে দেওয়া হচ্ছেনা। আপনারা অ্যাডহক কমিটি বসাতে চাইছেন এবং এই অ্যাডহক কমিটির মাধ্যমে কাজ গোছাতে চাইছেন তা হবেনা। আমার কাছে তার ডকুমেন্ট আছে কিন্তু আমি বলতে চাই না, তবে আপনাদের জেরাজেরির ফলে আমি বলছি যে আপনারা ইস্কুল, ইউনির্ভাসিটিগুলিতে যে নিজেরা কেলেঙ্কারী সৃষ্টি করলেন এরজন্য কারা দায়ী? এর ফলে ইউনির্ভাসিটিগুলির এমন অবস্থা চলছে যে সেখানে শিক্ষা বলতে কিছু নেই। আজকে যাদবপুর ইউনির্ভাসিটি, ক্যালকাটা ইউনির্ভাসিটিতে কী অবস্থা হচ্ছে? আপনাদের লজ্জা করেনা কেন আপনারা তা দমন করতে পারছেন না? এই রাজ্যের বিচারকরা আজকে নিগৃহীত হচ্ছে তবুও কি বলব এই রাজ্যে আইন-শৃঙ্খলা আছে? আজকে স্কুল কলেজে কি অবস্থা চলছে? তারপরে স্বাস্থ্যের কথাতো রাজ্যপালের ভাষণে পেলামই না। আমরা দেখলাম রাজ্যপালের ভাষণে স্বাস্থ্য ব্যবস্থাকে খুব ট্যাক্টফুলই এড়িয়ে যাওয়া হয়েছে। আমি মফস্বল শহরে থাকি, আমি জানি মফস্বল হাসপাতালগুলির কি অবস্থা, সেখানে রোগীদের কোনো চিকিৎসাই হয়না। হাসপাতালগুলিতে এখন ডিসটিলড্ ওয়াটার, মাল্টিভিটামিন ওষুধ ছাড়া কোনো জীবনদায়িক ওষুধ পাওয়া যায়না। আমি দায়িত্ব নিয়ে এই সভায় বলতে পারি যে ক্যালকাটা মেডিক্যাল কলেজ হাসপাতালে ৬টি এক্সরে মেশিনের জায়গায় এখন ১টা এক্সরে মেশিনে দাঁড়িয়েছে। এই একটি মেশিনে হাসপাতাল চলছে। তারপরে পুরুলিয়া জেলায় তো স্বাস্থ্য ব্যবস্থার কোনো উন্নতি হয়নি। সুতরাং আপনারা রাজ্যপাল যে অসত্য ভাষণ রেখেছেন সাধারণ মানুষ তা মানবে না। এই ভাষণে পরিষ্কার করে বলে দেওয়া উচিত ছিল যে আমরা স্বাস্থ্য ব্যবস্থার কোনো উন্নতি করতে পারিনি। আমরা এই ভাষণের বিরোধিতা করছি এবং আমাদের তরফ থেকে যে অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে তাকে সমর্থন করছি।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই বিধানসভা কক্ষে বিরোধী দলের মাননীয় সদস্য ডাঃ শিশির বোস মহাশয় যে বক্তব্য রাখলেন তাতে তিনি বললেন যে মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকারের যে বক্তব্য রাখা হয়েছে তাতে তিনি লেফটিজিমের কোনো গন্ধ খুঁজে পেলেন না। আমার মনে হয় ডাঃ শিশির বোস রাজ্যপালের ভাষণ ঠিকমতো পড়ে দেখেন নি। ওইভাবে কোনো ভাষণের মধ্যে নেকেড্‌লি বা ওইভাবে কোনো বামপন্থী নীতির কথা নিশ্চয় থাকেনা। কিন্তু এরমধ্যে উনি খুঁজে পেতেন ওনার যদি চোখ থাকত, রাজ্যপালের ভাষণের মধ্যে লেখা আছে Land Reforms are an integral part of the strategy for rural development. আপনারা কি বলতে পারবেন আপনাদের সরকারের আমলে কত জমি বিলি করা হয়েছিল ওই ভূমিহীন কৃষকদের মধ্যে? এই ভাষণে বলা হয়েছে এই সরকারের আমলে কত বর্গাদারের নাম রেকর্ডভুক্ত করা হয়েছে। তার উপরে সবচেয়ে বড় কথা কোনোদিন ভাবা যায়নি পশ্চিমবঙ্গের মানুষ যারা

ভূমিহীন তারা জমি পাবেন। এখানে রবীন্দ্রনাথের 'দুইবিঘা জমি' এই কবিতাটি মনে পড়ে — উপেনের দুঃখের কাহিনী, সেখানে শেষ দুইবিঘা জমি থেকেও তাকে উচ্ছেদ করা হয়েছিল। বাস্তুহারা উপেন বনবাঁদাড়ে ঘুরে বেড়াল। সেই বাস্তুহারা উপেনরা হয়ত জমি কিনে বাড়ি করতে পারবেন না কিন্তু তারা যাতে অন্তত পক্ষে বসবাস করতে পারে এবং নিজের জমিতে মরতে পারে তারজন্য বামফ্রন্ট সরকার ব্যবস্থা করেছেন। এখানে রাজ্যপালের ভাষণে বলা আছে যেটা 2.02 Lakh persons have been recorded assuring each of them a secure home.

[5-40—5-50 P.M.]

ভূমিহীন কৃষক যারা ঐ ছন্নছাড়া উপেনের বংশধর তাদের জন্য কোনো কথা ১৯৭৪ সাল বা তার আগেকার ভাবণগুলিতে আমরা দেখিনি কিন্তু এবারে এদের কথা উল্লেখযোগ্যভাবে স্থান পেয়েছে। বামফ্রন্ট সরকার নিজেদের কখনও সোশ্যালিস্ট সরকার বলেননি, বলেছেন ভারতবর্ষে বিপ্লব করার পক্ষে একটা সহায়ক শক্তি এই সরকার। অর্থাৎ পশ্চিমবাংলার মানুষের মধ্যে যাতে বিপ্লবী শক্তি জাগানো যায় সেই চেষ্টাই করা হচ্ছে। পশ্চিমবাংলার মানুষ দুধে ভাতে থাকবে, এখানে বেকার থাকবে না, দাম বাড়বে না, এই জিনিস হতে পারেনা। পশ্চিমবাংলার মানুষ এই সরকারকে বসিয়েছে কারণ বিপ্লব এখান থেকেই আরম্ভ হবে। কিন্তু সেইসব না হলে একই কথা বিরোধীপক্ষ থেকে হার্বিং করে যাচ্ছেন বলে উত্তর দেবার প্রয়োজন নেই। এই সরকারের আমলে কতখানি বামপন্থা হয়েছে সেটাই আমি বলছি। ১৯ নম্বর প্যারায় আছে যেখানে শ্রমিকদের সম্পর্কে বলা আছে most of the disputes over bonus were generally settled at bipartite level and the number of cases where the conciliation machinery of the State Government had to intervene has declined over the years from 680 in 1983 to 292 in 1985... ৬৮০ থেকে ২৯২তে নেমে এসেছে। আমরা জানি ইতিপূর্বের বছরগুলিতে বোনাসের জন্য পূজোর সময় সারা দেশে হৈ হৈ হত। অনেক কিছু না করলে কিছু আদায় হতনা। সরকার পক্ষ থাকত মালিকের পক্ষে। আই.এন.টি.ইউ.সি., তেরঙ্গা ঝান্ডা, এক করে মিছিল করেও বোনাস আদায় করতে পারা যায়নি। কারণ সেদিনের সরকার ছিল মালিকের পক্ষে। অর্থাৎ সরকার জোট মালিক বলে শ্রমিকরা কিছু সুবিধা আদায় করতে পারেনি। কিন্তু আজ উল্টো হওয়ায় অর্থাৎ সরকার শ্রমিক দরদি হওয়ায় পশ্চিমবাংলার মাটিতে বামপন্থী দৃঢ় পদক্ষেপে চলছে। এবং এই বামপন্থীর সাহায্যে পশ্চিমবাংলায় কৃষক, শ্রমিক যে শক্তি জাগবে তার ফলেই পশ্চিমবঙ্গে গ্রাম, শহর কারখানায় গরিব মানুষের যে শক্তি উঠবে সেই শক্তি সারা ভারতবর্ষে বিপ্লবের পক্ষে সহায়ক হবে। এইকথা এই ভাষণের মধ্যে স্পষ্টাক্ষরে লেখা আছে এবং অন্যান্য কৃতিত্বের কথা লেখা আছে বলে এই রাজ্যপালের ভাষণকে সমর্থন করছি।

**শ্রী অবন্তি মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল প্রথম বাজেট অধিবেশনের প্রথম দিনে এই পবিত্র বিধানসভায় যে ভাষণ রেখেছেন সেই ভাষণের সমর্থনে মাননীয় সদস্য শ্রী শচীন সেন মহাশয় যে ধন্যবাদ সূচক প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে, আমরা যে সংশোধনী প্রস্তাব এনেছি সেই সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে, কেন বিরোধিতা করছি সেই বিষয়ে কিছু উল্লেখ করতে চাই। রাজ্যপালের ভাষণে অনুচ্ছেদে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি

সাধারণভাবে সন্তোষজনক রয়েছে এইকথা উল্লেখ করা রয়েছে। তাঁর এই ভাষণ শুনে এবং ভাষণের বই পড়ে শুধু আমরা নই গ্রাম বাংলার মানুষ হতবাক হয়ে গেছে। তার কারণ হচ্ছে যেখানে দৈনিক সংবাদপত্রগুলি প্রত্যহ খুললে খুন-জখম, দাঙ্গা- হাঙ্গামা, নারী ধর্ষণ, চুরি-ডাকাতির কথা দেখতে পাওয়া যায় সেই ক্ষেত্রে রাজ্যপালের ভাষণে যদি বলা হয় যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক তাহলে এটা উদ্বেগজনক হওয়া উচিত কিনা সেটা আমাদের ভাবা দরকার হয়েছে। স্যার, গত অক্টোবর মাসে জলোচ্ছ্বাসের সঙ্গে ঝঞ্ঝাবার্তা ২৪ পরগনা ও মেদিনীপুর জেলার উপকুলবর্তী অঞ্চল সমুহে আছড়ে পড়েছিল বলে যে উল্লেখ করা আছে রাজ্যপালের ভাষণে এই বিষয়ে উল্লেখ থাকার ফলে আমি নিজে মেদিনীপুর জেলার একজন অধিবাসী হিসাবে রাজ্যপালের কাছে কৃতজ্ঞ। কিন্তু ঐ বন্যা, বিধ্বস্ত ঝঞ্ঝাও বিধ্বস্ত মানুষদের নিয়ে যেভাবে রাজনীতি করা হয়েছে, তাদের জন্য ত্রাণের যে সমস্ত সামগ্রী দেওয়া হয়েছে, যে সমস্ত নলকূপ দেওয়া হয়েছে, ঘর ভাঙার টাকা দেওয়া হয়েছে, মৎস্যজীবীদের যে অনুদান দেওয়া হয়েছে, সেইসব ক্ষেত্রে সেই টাকা রাজনৈতিক স্বার্থে খরচ করা হয়েছে এবং সেই অর্থের বহুলাংশ অপচয় করেছে এবং আত্মসাৎ করেছে পঞ্চায়েতগুলি তার নজীর আমার কাছে রয়েছে। স্যার, পঞ্চায়েতের ক্ষেত্রে ৮ম অনুচ্ছেদে ত্রিস্তর পঞ্চায়েত সম্বন্ধে যে স্তুতিগান করা হয়েছে, সে সম্পর্কে আমি বলতে চাই যে ত্রি-স্তর পঞ্চায়েতগুলি কেন্দ্রীয় সরকারের দেওয়া খেটে খাওয়া মানুষের জন্য লক্ষ লক্ষ টাকার গম এবং চাল আত্মসাৎ করেছে। বহু পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে কোর্ট কেস রয়েছে একথা অস্বীকার করবার উপায় নেই। তাই পঞ্চায়েত সম্পর্কে যে যশগান করা হয়েছে আমি তার বিরোধিতা করছি। পানীয় জল সরবরাহের ক্ষেত্রে গ্রাম বাংলায় হাজার হাজার নলকূপ গত কয়েক বছর ধরে অকেজো হয়ে পড়ে রয়েছে। বামফ্রন্ট সরকার সেই অকেজো নলকূপগুলিকে সংস্কার করবার ক্ষেত্রে ব্যর্থ হয়েছে একথা আমি দ্বিধাহীন কণ্ঠে এই পবিত্র বিধানসভায় বলতে পারি। সুতরাং পানীয় জল সরবরাহ সম্পর্কে যে স্তুতিগান করা হয়েছে সেটা সম্পূর্ণ অসত্য। তারপর আর এল ই জি পি'র টাকা বামফ্রন্ট সরকার খরচ করতে পারেননি।

(এই সময় মাইক বন্ধ হয়ে যাওয়ায় বক্তা তাঁর বক্তব্য সম্পূর্ণ করিতে পারিলেন না)

[5-50—6-00 P.M.]

**শ্রী বিমলানন্দ মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি এবং ধন্যবাদ প্রস্তাব যাতে সমর্থিত হয় তারজন্য সকলের কাছে আবেদন জানাচ্ছি, যদিও বিরোধী পক্ষ সমর্থন করবেন না, তাঁরা যে সংযোজন দিয়েছেন তার চেহারাগুলিও আমরা লক্ষ করছি। আমরা জানি যে একটা পুঁজিবাদী অর্থনৈতিক, সামাজিক রাজনৈতিক ব্যবস্থার মধ্যে বামফ্রন্ট সরকার কাজ করছে। তার ভিতর থেকে কতটুকু করা যায় এবং যে অর্থ আছে, সেই অর্থ অধিকাংশ ক্ষেত্রে কত বেশি দরিদ্র জনসাধারণের পক্ষে ব্যয় করা যায়, সেই প্রচেষ্টার কথা এখানে উল্লেখ করা হয়েছে। কৃষি উৎপাদনের ক্ষেত্রে যে লক্ষ মাত্রা ৯৭ লক্ষ টন সে কথা উল্লেখ করা হয়েছে এবং উল্লেখ করা হয়েছে কিভাবে আমরা সেচ ব্যবস্থার উন্নতি করেছি। একটা জিনিস লক্ষণীয় হচ্ছে তিস্তা ব্যারেজ প্রোজেক্টে ৪১৫ কোটি টাকা লাগবে এবং এই পরিকল্পনায় কেন্দ্রীয় সরকার মাত্র ৫ কোটি টাকা দিয়েছে— যেখানে ৪১৫ কোটি টাকা খরচ হবে, সেখানে কেন্দ্রীয় সরকার দিচ্ছে মাত্র ৫ কোটি টাকা

এবং এটা ১৯৮৩ সালে দিয়েছে এবং তারপর থেকে আর দিচ্ছেনা। এই হচ্ছে চেহারা— এবং সেটা এখানে উল্লেখ করা হয়েছে। জয়েন্ট সেক্টরের ব্যাপারে দেখা যায় কংগ্রেস আমলে ভারতবর্ষে এক ধরনের বিদেশিরা এসেছে, ফরেন কোলাবলেরশনের নাম করে, তার একটা হিসাব আমি এখানে দিতে চাই। ১৯৮২টি প্রস্তাব—১৯৭৯/১৯৮০/১৯৮১ সালে গ্রহণ করা হয়েছে এবং সেই প্রস্তাবগুলির মধ্যে ইউ.এস.এ দিয়েছে ২৫৮, ইউ.কে ২৫০, ওয়েস্ট জার্মানী ২২৯, জাপান ৭৩, ফ্রান্স ৬৪, ইটালি ৫৯—এইসব মাল্টি ন্যাশনালদের সুযোগও দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের এইসব জিনিস আমরা লক্ষ করেছি। এবং এই সমস্ত মাল্টি ন্যাশনালদের সাবসিডিয়ারী আছে। এবং যে ইনভেস্টমেন্ট তারা করে থাকেন, তাতে দেখা গিয়েছে ইতিমধ্যে তারা যে পুঁজি নিয়োগ করেছিল সেটা তারা পেয়েই গিয়েছে নানাভাবে আরও লাভ তারা নিয়ে গিয়েছে। এবং ফার্মাসিউটিক্যাল অর্থাৎ ঔষধের ক্ষেত্রে দেখা গেছে যে দামে ঐ সমস্ত সাব-স্ট্যান্ডার্ড ঔষধ এখানে বিক্রি করা হয় ইউরোপের মার্কেটে আমেরিকার মার্কেটে তার ৫০ ভাগ দাম কম। ডবল দামে তারা ভারতবর্ষে এইসব ঔষধ বিক্রি করে। আবার যে ঔষধগুলি উন্নত দেশে অযোগ্য বলে বিবেচিত আমাদের দেশে সেটা বিক্রি করার অনুমতি দেওয়া হয়েছে। ইনডাস্ট্রিয়াল পলিসিতে বলা হয়েছে ৪০ ভাগের বেশি বিদেশি পুঁজি থাকবে না। কিন্তু ৫১ ভাগ বলে আনা যাবে এবং এইভাবে মাল্টিন্যাশনালদের সাহায্য করা হচ্ছে আর এটা ঐ ইন্দিরা গান্ধীর আমলেই হয়েছে। আবার কোনো কোনো ক্ষেত্রে ঐ ৫১ ভাগকে বাড়িয়ে ৭৫ ভাগ করা হয়েছে।

এটা হয়েছে ইন্দিরা কংগ্রেসের আমলে। বর্তমান প্রধানমন্ত্রী রাজীব গান্ধী তিনি আরো বেশি উদারতা দেখিয়েছেন এবং লাক্সারি গুডস তারা আনছেন কিছু মেশিনের পাশাপাশি। নানান ধরনের লাক্সারি গুডস আসছে, সেখানে কনসেশন দিয়েছেন। তার ফলে আমাদের দেশে মিডিয়াম, মাইনর ইনডাস্ট্রিগুলি মার খেয়ে যাবে, বড় ইনডাস্ট্রিগুলি মার খেয়ে যাবে, বড় ইনডাস্ট্রিও কিছু মার খেয়ে যাবে কোলাবোরেশন না করলে। এই অবস্থার ভিতর দিয়ে আমাদের দেশের মজুত ভান্ডারে যে টাকা থাকত তা কমতে কমতে ১২০০ কোটিতে এসে দাঁড়িয়েছে। ডেফিসিট ফাইন্যান্সিং-এর চিত্র কি? গত বছর প্রস্তাবিত এসটিমেটসের চেহারা ছিল ৩৫০০ কোটি টাকা, সেটা বেড়ে গিয়ে ৪৪৯০ কোটি টাকা হয়েছিল। এই বছর প্রস্তাব হয়েছে ৩৬৫০ কোটি টাকা, সেটা কত বাড়বে জানি না। ২ বছরে ৮ হাজার কোটি টাকা ওদের হিসাবে আরো বেড়ে যাবে। ডেফিসিট ফাইন্যান্সিং-এর জন্য ফালতু নোট ছাপিয়ে জিনিসের দাম আরো বাড়ানো হবে এবং অ্যাডমিনিস্ট্রেটিভ প্রাইসেস হিসাবে কেন্দ্রীয় বাজেট বসার আগেই কিভাবে খাদ্য দ্রব্য, চাল, গম, পেট্রোলিয়াম প্রোডাক্টস, সার, কেরোসিন ইত্যাদি অতি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম কতখানি বাড়িয়ে দিলেন, তার সমস্ত চাপ জনসাধারণের উপর পড়বে। রিলিফ দেওয়া হয়েছে গত বছর ডাইরেক্ট ট্যাক্সের ক্ষেত্রে পুঁজিপতিদের। ইনডাইরেক্ট ট্যাক্স বাড়ানো হয়েছে। এবারে অর্থনীতি আপনারা কংগ্রেসিরা যে জায়গায় টেনে এনেছেন তার জের জনসাধারণকে পোহাতে হবে। এবারে কেন্দ্রীয় সরকারের যে ইকনমিক রিভিউ বেরিয়েছে তাতে ফাইন্যান্স মিনিস্টার বলেছেন, এগ্রিকালচার এবং প্রাইভেট সেক্টর ইনডাস্ট্রিতে এমপ্লয়মেন্ট অনেক কম যাচ্ছে, এটা ওদেরই স্বীকৃতি। এর জের বাম ফ্রন্ট সরকারকে পোহাতে হচ্ছে। আমাদের প্ল্যানিং Instrument-এর জন্য যে টাকা কেন্দ্রীয় সরকারের দেবার কথা, আজকে সেই টাকার দাম কমে যাচ্ছে এবং জিনিসের দাম তাদেরই নীতির জন্য বেড়ে যাচ্ছে। কাজেই

এই অবস্থায় আমরা কতটুকু কি করতে পারি? এখানে প্রশ্ন এসেছে যে, আমরা তো কিছু করতে পারছি না। ওদের নজর কোনো দিকে? বড় লোক, মিল মালিক, কলকারখানা মালিক, বড় ব্যবসায়ী, গ্রামাঞ্চলের জোতদারদের কিছু না হলে তারা খেপে যাচ্ছে কত জমি উদ্ধার করে ভূমিহীন কৃষকদের দেওয়া হয়েছে, এই দিকে তাদের নজর নেই। বর্গাদার অপারেশন বর্গা-সমেত কতজনকে দেওয়া হয়েছে সেদিকে তাদের নজর নেই। একটা জিনিস অন্তত হয়েছে যে, বর্গাদাররা স্বীকৃতি পেয়েছে, তাদের উচ্ছেদ করা যাবে না, এদিকে তাদের নজর নেই। কংগ্রেসিরা আইন শৃঙ্খলার কথা বলছেন। আইন শৃঙ্খলার কথা আমি একটু উল্লেখ করছি। আমাদের নদীয়া জেলার কল্যাণীর আইন শৃঙ্খলার কি চেহারা দেখলেন? যুব কংগ্রেসের নদীয়া জেলার সভাপতি-সহ কিছু কংগ্রেসি পশ্চিমবাংলা হাই কোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি এবং আরো দু জন বিচারপতিকে আক্রমণ করা হল। তাঁরা বলা সত্ত্বেও তাদেরকে শুধু হেকেল করা নয়, মারা হয়েছে, হাসপাতালে যেতে হয়েছে। ওদের রক্ত গঙ্গা বয়েছে এবং প্রাক্তন বিচারপতি মিত্রের এমন অবস্থা হয়েছে হার্টের যে, তিনি এখনো পর্যন্ত ঘরের বাইরে বেরতে পারছেন না। কি আইন শৃঙ্খলার চেহারা দেখুন! কংগ্রেস(ই) দল এই চেহারা দেখিয়েছেন। নিজেদের রাজ্য সভাপতি মশাই সেদিন যাবেন বলে তাদের ধারণা ছিল, খবর ছিল। কিন্তু তিনি উত্তরবঙ্গে চলে গিয়েছিলেন। তাঁর গাড়ি ঢুকতে দেওয়া হবে না বলে তারা আইনটা প্রয়োগ করলেন ডান্ডা দিয়ে, রড দিয়ে, পাইপ গান দিয়ে তাদেরই লোকের উপর।

[6-00—6-10 P.M.]

এই তো ওঁদের চেহারা। হুগলিতেও নিজেদের অফিসে সেই একই জিনিস করলেন। তারপর বরাহনগরে দু দিন আগে কি করলেন? সেখানে ওঁরা ক্ষুরের রাজনীতি করলেন, নিজেরা পরস্পরকে মারবার জন্য ক্ষুর চালালেন। এই যাঁদের চেহারা তাঁরা আইনশৃঙ্খলার কথা বলেন কি করে? নিজেদের দলের ভেতরে যাঁরা আইনশৃঙ্খলা রাখতে পারেন না তাঁদের মুখে আইনশৃঙ্খলার কথা শোভা পায় না। স্যার, আমরা চেয়েছিলাম, কেন্দ্রীয় সরকারের উদ্যোগে এখানে শিল্প স্থাপন করা হোক এবং তাতে আমরা ৪০ ভাগ, কেন্দ্রীয় সরকার ৪০ ভাগ শেয়ার নিন এবং আরো শতকরা ২০ ভাগ শেয়ার ফ্লোট করে আমরা এখানে শিল্প স্থাপন করি। কিন্তু তা ওঁরা দিলেন না। তা না দিলে আমরা কি করব, বলবেন? আমরা জানি, সে কথা বলার হিম্মত ওঁদের নেই। আমি হিসাব দিয়েছি কত মালটি ন্যাশনাল-এর সঙ্গে তাঁরা যোগাযোগ করে শিল্প করতে গিয়ে ড্রেন আউট করেছেন আমাদের দেশের সম্পদ। সেইসব শিল্প আমাদের ছোটো ও মাঝারি মরে যাচ্ছে এবং ক্রমাগত মরছে ইন্ডাস্ট্রিজ, এগ্রিকালচারও মরবে এবং তার ইমপ্যাক্ট জিনিসপত্রের দামের উপর পড়ছে, সাধারণ মানুষের উপর পড়ছে। এসব কথা কিন্তু ওঁরা ভাবছেন না। এখানে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার থাকলেও আসল কলকাঠি—অর্থনৈতিক এবং রাজনৈতিক ক্ষমতা মূলত তাঁদেরই হাতে। এরই ভেতরে থেকে আমরা যতটুকু পারছি সাধারণ মানুষকে রিলিফ দিতে চেষ্টা করছি কতকগুলি কর্মসূচীর ভেতর দিয়ে। এই অবস্থার মধ্যে বেশি করা যাবে না, করা সম্ভবও নয় তাই যতটুকু আমরা পারছি করছি। এই পুঁজিবাদী ব্যবস্থায়, ব্যক্তিগত মালিকানা ব্যবস্থায় আইনশৃঙ্খলা থেকে আরম্ভ করে যেকোনো কর্মসূচীই বলুন সেখানে সব কিছু সুষ্ঠুভাবে করা যাবে না তার কারণ ওঁদের বিরুদ্ধাচারণ। স্যার, আমার নির্বাচন কেন্দ্র শান্তিপুরের একটি ঘটনার কথা বলি। সেখানে একটি অঞ্চলের অঞ্চল প্রধান যিনি কংগ্রেস(ই) লোক, তাকে দুর্নীতির অপরাধে

গ্রেপ্তার করতে যাওয়া হয়েছিল কিন্তু তিনি পালিয়ে গিয়েছেন। সেখানে তাঁর বিরুদ্ধে ওয়ারেন্ট পর্যন্ত আছে। এগুলি কেমন করে হচ্ছে? তাই আমি ওঁদের বলি, আয়নায় নিজেদের চেহারাটা একটু দেখুন। তা যদি দেখেন তাহলে দেখবেন তাঁরা দেশের মানুষ থেকে অনেক দূরে সরে যাচ্ছেন, বিচ্ছিন্ন হয়ে যাচ্ছেন এবং ক্ষমতার জন্য নিজেদের মধ্যে মারামারি করছেন। শুধু এখানে নয়, ভারতবর্ষের নানান রাজ্যে এই জিনিস ঘটছে। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী সম্পর্কে হাইকোর্টের রায় আছে এবং সেইজন্য তাঁকে পদত্যাগ পর্যন্ত করতে হয়েছে। স্যার, পাঞ্জাব সমস্যা বলুন, যে কোনো সমস্যা বলুন কেন্দ্র কোনো সমস্যারই সমাধান করতে পারছেন না, সমস্ত দিকেই তাঁরা ব্যর্থ। কেন্দ্রীয় সরকারের রাজনীতি, অর্থনীতির কুফল আজকে আমাদের উপরও পড়ছে এবং সেইজন্যই আমরা জনসাধারণকে তৈরি করছি এই ব্যবস্থাকে বদলাবার জন্য। এই কথা বলে মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

## SEVENTY-THIRD REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

**Mr. Speaker :** I now present the Seventy-third report of the Business Advisory Committee, as follows :

| | | |
|---|---|---|
| Tuesday, 11.3.1986 | i) Motion under rule 185 regarding rise in price of essential commodities—Notice given by Dr. Haramohan Sinha and Shri Santasri Chattopadhyay. | 1 hour |
| | ii) Motion under rule 185 regarding imposition of levy on water in Calcutta without arranging for adequate supply of drinking water to the rural and urban population of the State—Notice given by Shri Somendra Nath Mitra and Shri Abdul Mannan. | 1 hour |
| | iii) Motion under rule 185 regarding National Textile Policy of the Government of India and imminent closure of Central Cotton Mill and other Cotton Mills in West Bengal—Notice given by Shri Amalendra Roy and 3 others. | 1 hour |

| | | |
|---|---|---|
| | iv) Motions under rule 185 regarding annulment of Art. 310 and proviso to Art. 311(2) of the Constitution of India—Notices given by Shri Shyamal Chakraborty and Shri Deba Prasad Sarker. | 1 hour |
| Wednesday, 12.3.1986 | 3 p.m.- Presentation of Budget Estimates of Government of West Bengal for the year 1986-87. | |
| Thursday, 13.3.1986 | i) The West Bengal Land Reforms (Amendment) Bill, 1986 (Introduction, Consideration and Passing) | 1 hour |
| | ii) The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1986 (Introduction, Consideration and Passing) | 1 hour |

There will be no questions for Oral Answer and Mention Cases on Tuesday, the 11th March, 1986.

I now request the Hon'ble Minister for Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that the 73rd report of the Business Advisory Committee, as presented, be agreed to by the House.

The motion was then put and agreed to.

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আমি কয়েকটি কথা বলতে চাই। রাজ্যপাল এখানে যে ভাষণ দিয়েছেন, এটা মূলত সরকারে অধিষ্ঠিত ক্ষমতাসীন দলেরই বক্তব্য। রাজ্যপালের এই ভাষণের মধ্যে কোনো নতুনত্ব বা কোনো বৈচিত্রও নেই। একই মামুলী এবং গতানুগতিক বক্তব্য তুলে ধরা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার তথা বামফ্রন্ট সরকারের যে লক্ষ, যে উদ্দেশ্য এবং কার্যক্রম আগামী দিনে কি ভাবে শেষ হবে তার যে চিত্র এখানে তুলে ধরা হয়েছে, তার সঙ্গে পশ্চিমবঙ্গের বাস্তব যে চিত্র তার কোনো মিল নেই। পশ্চিমবঙ্গে মূল যে সমস্যাগুলি আছে, সেই সমস্যাগুলি এই সরকার খুব সংগোপনে এড়িয়ে গেছেন, পশ্চিমবঙ্গের জনসাধারণের কাছ থেকে সেটা আড়াল করার

ট্য করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের মধ্যে সর্বপ্রথম তিনি বলেছেন ং দাবি করেছেন যে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা সাধারণ ভাবে সন্তোষজনক এবং সরকারি নর অনেক সদস্য আইন-শৃঙ্খলা অবস্থা সন্তোষজনক বা উন্নত এটা প্রমাণ করার জন্য অন্য জ্যর সঙ্গে তুলনা করেছেন। অন্যান্য রাজ্যের সঙ্গে এখানকার আইন-শৃঙ্খলার তুলনা মূলক ব পার্থক্য থাকতে পারে। কিন্তু তারা যে কথাগুলি বলেছেন যে এখানকার আইন-শৃঙ্খলার স্থা সন্তোষজনক—এটা যথার্থ নয়। কারণ আমরা দেখেছি যে সংবাদপত্রেই হোক বা নীয় সদস্য যারা এখানে আসেন, তারা প্রত্যেকেই তাদের নির্বাচনী কেন্দ্রতে প্রতিদিন যে স্ত ঘটনা ঘটছে বা কয়েকদিন আগেও হাউসে মেনশনে অনেক সদস্য পশ্চিমবাংলার ইন-শৃঙ্খলার কথা উল্লেখ করেছেন এবং সেই সূত্রে দেখতে পাচ্ছি যে খুন, রাহাজানি, কাতি, লুণ্ঠন, নারী ধর্ষণ ইত্যাদি এগুলি আছে। পশ্চিমবঙ্গে এই সমস্ত ঘটনা ঘটছে। থানা- া দলীয় দৃষ্টিভঙ্গির সাহায্যে, বিশেষ রাজনৈতিক দলের পক্ষ-পুষ্ট হয়ে যে সমস্ত ঘটনা চ্ছে সে সমস্তগুলি সম্বন্ধে যথার্থ ব্যবস্থা গ্রহণ করছে না। বহু জায়গায় সিপিএম দলের দের নির্দেশে থানা পরিচালিত হচ্ছে এবং এ সব সংবাদ দৈনিক সংবাদপত্রে প্রকাশিত হ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও নিশ্চয়ই এগুলি লক্ষ করেছেন। আদালতের আদেশকে শ নিজের খুশি মত পাশ-কাটিয়ে যাচ্ছে। আদালত থেকে যখন সমাজবিরোধীদের এবং তিগ্রস্তদের বিরুদ্ধে যখন সমন বা ওয়ারেন্ট ইস্যু করা হচ্ছে আদালতে হাজির করার জন্য ন পুলিশের পক্ষ থেকে সে আদেশকে স্বচ্ছন্দে এড়িয়ে যাওয়া হচ্ছে। পুলিশের নাকের র দিয়ে সেই সমস্ত সমাজবিরোধীরা ঘুরে বেড়াচ্ছে। এই সমস্ত জিনিস পরিষ্কার প্রমাণ ছে যে, পশ্চিমবঙ্গে আইনের রক্ষক হিসাবে পুলিশ যথার্থ দায়িত্ব পালন করছে না। অথচ যপালের ভাষণের মধ্যে এ সব কথার কোনো উল্লেখ নেই। পুলিশের কার্যকলাপ সম্বন্ধে লতের বিচারকরা বহু বিরূপ মন্তব্য প্রকাশ করেছেন।

[6-10—6-20 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে রাজ্যপালের ভাষণের মধ্যে কৃষির উন্নতির কথা বলা ছে। আমি এখানে এ বিষয়েও কয়েকটি কথা উল্লেখ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নি জানেন যে, এ বারে পাট-চাষীরা কিভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। আই.জে.এম.এ-র পক্ষ ক পাটের যে সর্বোচ্চ দাম ঘোষণা করা হল তা আমাদের বামফ্রন্ট সরকারের মাননীয় মন্ত্রী সমর্থন করলেন। এটা আমাদের দুর্ভাগ্য। ভারতবর্ষের জুট ব্যারণদের অ্যাসোসিয়েশন সর্বোচ্চ মূল্য নির্ধারণ করল মাননীয় মুখ্যমন্ত্রী সেটাকে সমর্থন করলেন। এর ফলে আসলে মবঙ্গের হাজার হাজার পাট-চাষী ক্ষতিগ্রস্ত হল, লোকসানের বোঝা তাদেরই ঘাড়ে ল।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে রেজিস্ট্রিভুক্ত বেকারের সংখ্যা ৪২ লক্ষের মতো সাথে গ্রামাঞ্চলে ক্ষেতমজুর, ছোট চাষী এবং দিন মজুরদের একটা বিরাট সংখ্যক বেকার ছে। এই সমস্ত মিলিয়ে বর্তমানে লক্ষ লক্ষ বেকার রাজ্যে রয়েছে। সুন্দরবন এলাকার র হাজার ক্ষেতমজুর, কৃষি শ্রমিক কাজের সন্ধানে বিভিন্ন জেলায় চলে গেছে এবং চলে হ। এই সমস্ত লক্ষ লক্ষ বেকার মানুষকে কি করে বেকারির হাত থেকে মুক্তি দেওয়া সে সম্বন্ধে কোনো সঠিক চিত্র রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে তুলে ধরা হয় নি।

বেকারত্বের যে একটা বিরাট সমস্যা পশ্চিমবঙ্গে রয়েছে সে সম্পর্কে রাজ্যপালের ভাষণের মধ্যে কোনো উল্লেখ করা হয় নি। পশ্চিমবঙ্গের জনসাধারণের কাছ থেকে এই সমস্যাকে আড়াল করবার চেষ্টা করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে পঞ্চায়েতের কথা বলা হয়েছে। বলা হচ্ছে, পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামাঞ্চলে আর.এল.ই.জি.পি.; এন.আর.ই.পি. প্রভৃতির কাজ চলছে। কিন্তু আমরা দেখছি পঞ্চায়েতের মাধ্যমে এই সমস্ত কাজ দুর্নীতি মুক্তভাবে হচ্ছে না। দলীয় দৃষ্টিভঙ্গি রয়েছে; মুক্তভাবে কাজ হচ্ছে না। বহু জায়গায় পঞ্চায়েত দলীয় দৃষ্টিভঙ্গি নিয়ে, দলীয় মত নিয়ে দলীয় স্বার্থে কাজ করছে। পঞ্চায়েতকে দলীয় স্বার্থে ব্যবহার করা হচ্ছে। এবং সেটা এখানে রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করার প্রয়োজন ছিল বলে আমি মনে করি। কারণ বামফ্রন্ট সরকার বলেন তাঁরা সত্যকে স্বীকার করেন। অতএব বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে সত্যকে প্রতিষ্ঠিত করবার জন্য এ সমস্ত কথা স্বীকার করা উচিত ছিল। পঞ্চায়েতের মধ্যে দুর্নীতি চলছে, দলবাজি চলছে এবং গ্রামাঞ্চলের সর্বত্র তা প্রকট হয়ে দেখা দিয়েছে। তা সত্ত্বেও সে সবের এই ভাষণেব মধ্যে কোনো উল্লেখ নেই। সে সব সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে কোনো মন্তব্য নেই। আমি জনস্বাস্থ্য সম্পর্কে দু-একটি কথা বলছি। শহরাঞ্চলে অর্থাৎ কলকাতায় যে হাসপাতালগুলি আছে সেগুলি মোটামুটি চলছে কিন্তু গ্রামাঞ্চলের হাসপাতালগুলির সবচেয়ে ভয়াবহ অবস্থা। সেখানে যে হাসপাতালগুলি আছে সেগুলিতে হয় ডাক্তার নেই নয়তো বা ওষুধ নেই। কোনো জায়গায় ডাক্তার থাকলেও ওষুধ পাওয়া যায় না—এইরকম অবস্থা চলছে। কোথাও শুধু বিলডিং পড়ে রয়েছে। অনেকদিন আগে হাসপাতাল তৈরি হয়েছে কিন্তু ডাক্তার নিয়োগ হচ্ছে না বলে গ্রামের সাধারণ মানুষেরা চিকিৎসার অভাবে মারা যাচ্ছে। এইরকম একটা অবস্থা। কোনো ওষুধপত্র নেই। কোথাও জলে গোলা লাল ওষুধ দেওয়া হচ্ছে। অনেক জায়গায় ডাক্তাররা বলছেন আমরা কি করব, সরকারি কোনো ওষুধ সরবরাহের ব্যবস্থা নেই। অপরদিকে রাস্তাঘাটের ভয়াবহ অবস্থা দেখা দিয়েছে। সারা পশ্চিমবঙ্গে যত রাস্তাঘাট ছিল সেইসব রাস্তাঘাটগুলি মেরামতের অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। ফলে সেইসব রাস্তায় বাস চলাচল বন্ধ হয়ে যাচ্ছে—এইরকম একটা অবস্থা সৃষ্টি হয়েছে। এই ব্যাপারে বারবার আবেদন করেছি, ডেপুটেশন দিয়েছি যে রাস্তাঘাটগুলি পুনর্নির্মাণ করার জন্য অর্থাৎ সারানোর জন্য কিন্তু তা করা হয়নি। সুতরাং এক্ষেত্রে নতুন রাস্তা হওয়া তো দূরের কথা। কলকাতার রাস্তায় বাস ট্রামের অবস্থা ভয়াবহ। নতুন নতুন বাস রুটে চলছে না, অথচ যাত্রী সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। মানুষেরা বাসের ছাদে এবং ট্রামে বাদুড় ঝোলা হয়ে যাতায়াত করছে। সুতরাং যানবাহনের যে বাস্তব সমস্যা সেই বাস্তব সমস্যার সমাধানের কথা রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হয়নি। সমস্যার সমাধানের পথ নির্দেশ করতে পারেন নি। এখানে পানীয় জলের কথা বলেছেন। কিছু গ্রামের কথা বলেছেন। সেইসব গ্রামগুলিতে এখনও পানীয় জল যায়নি। তাছাড়া এর বাইরেও অসংখ্য গ্রাম আছে। সেখানে পানীয় জলের অভাব এত তীব্র যে অধিকাংশ মানুষকে মাইলের পর মাইল গিয়ে পানীয় জল আনতে হচ্ছে। মানুষের যে ন্যূনতম চাহিদা অর্থাৎ পানীয় জল সেই পানীয় জল এই বামফ্রন্ট সরকার সরবরাহ করতে ব্যর্থ হয়েছেন। রাজ্যপালের ভাষণের মধ্যে পশ্চিমবঙ্গের সমস্যার যে বাস্তব চিত্র তা উল্লেখ করা হয়নি, উপরন্তু সমস্যাটাকে আড়াল করা হয়েছে।

সেইজন্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ফণীভূষণ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করছি। আমি রাজ্যপাল মহাশয়কে ধন্যবাদ দেব কিন্তু আলিমুদ্দিন স্ট্রিট থেকে যে লেখা অর্থাৎ যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবকে নিশ্চয়ই ধন্যবাদ দেওয়া যায় না। আমি সবচেয়ে আশ্চর্য হচ্ছি, রাজ্যপালের ভাষণের মধ্যে কত বড় অসত্য কথা এই ভাষণের মধ্যে লেখা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি, শাসনব্যবস্থার কথা বলে আত্মতুষ্টি লাভ করার চেষ্টা করা হয়েছে। এই রাজ্যের শাসন ব্যবস্থা অত্যন্ত সুন্দর এবং শাসন ব্যবস্থার মধ্যে পুলিশি ব্যবস্থা অত্যন্ত সুন্দর। কিন্তু দুর্ভাগ্যের কথা, এই পুলিশি ব্যবস্থার পিছনে যদি ওনাদের কালো হাত না থাকত তাহলে আমার মনে হয় ভালো হত। এইসব বন্ধুদের যদি কালো হাত থাকে তাহলে পুলিশি শাসন ব্যবস্থা চলবে কি করে? পুলিশের পিছনে সব সময়ে এরা রয়েছে। যার জন্য পুলিশি ব্যবস্থা ভাল নয়। আমি একটি লজ্জার কথা বলছি, গত ৫ তারিখে পুরাতন মালদা পৌরসভার বিরুদ্ধে যখন গণ আন্দোলন হচ্ছে, যখন সেখানে অবস্থান হচ্ছে তখন পুলিশ কি করল? পুলিশ ঠেঙানি দিল এবং ঠেঙানি দিয়ে ১২৫ জন ছেলেকে গ্রেপ্তার করল।

[6-20—6-30 P.M.]

অত্যন্ত লজ্জার কথা। আমার বোধহয় সৌভাগ্য হয়েছে—পৌরমন্ত্রী মহাশয় এখানে আছেন—আমি তাঁর সাক্ষাতে বলতে পারছি। এখানে একটা অন্যায় কথা বলা হয়েছে, রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণের মধ্যে একটা স্তুতিবাক্য দিয়ে পৌরসভার শাসন ব্যবস্থার ব্যাপারটা এড়িয়ে গেলেন। পুরাতন মালদহে ৭৫টি পৌরসভার ইলেকশন হতে যাচ্ছে। অথচ মালদহে ইংলিশ বাজার পৌরসভা সেখানে ইলেকশন হচ্ছে না। কারণটা একটা পত্রিকায় দেখলাম, সেটা হচ্ছে ইংলিশ বাজার পৌরসভা এক্সটেনশন হয়ে গেছে হচ্ছে, সেজন্য ইলেকশন হবে না। আর পুরাতন মালদহ পৌরসভার এক্সটেনশন সত্ত্বেও ইলেকশন হচ্ছে। ইলেকশন হোক আমরা সেটা চাই কিন্তু ওরা যে কিভাবে চুরি করে, অন্যায় করে এই পুরাতন মালদহতে ইলেকশনের প্রাক্কালে সেটা বোঝা গেল। যেখানে পয়লা জুন ইলেকশন হবার কথা, আজকে মন্ত্রী মহাশয় ঘোষণা করলেন ১৫ই জুন হবে। সেখানে সেই পুরাতন মালদহ পৌরসভাতে এই মার্চ মাসের ৫ তারিখে তিনি একটা অর্ডার জারি করে সেখানে নমিনেটেড বোর্ড করে দিলেন, কোনো সভ্য জায়গায় কী হয়? ইলেকশন ডিক্লেয়ার হয়ে গেল, ইলেকশন ডিক্লেয়ার হবার আগে পৌরসভায় ঐ বামপন্থী বাবুদের দিয়ে নমিনেটেড বোর্ড করে দিলেন। সেজন্য মালদহে গণ-আন্দোলন হচ্ছে, ওখানে সকলে দাবি করছেন যে ইলেকশন করতে হবে। আমরা আন্দোলন করছি যে এই নমিনেটেড বোর্ড বাতিল করা হোক। অ্যাডমিনিস্ট্রেটার যিনি আছেন তাদের এক বছর এক্সটেনশন করা হোক। সে ব্যবস্থা হল না, এবং সেজন্য আজও আন্দোলন চলছে। ঐ ৯ জন যে নমিনেটেড মেম্বার আছেন তার মধ্যে ৫ জন শপথ নেয় নি, প্রত্যাখ্যান করেছে আর ৫ জন শপথ নিয়েছেন। রাজ্যপাল স্তুতিবাক্য দিয়েছেন, এইসব অন্যায় কথাগুলো ভাষণের মধ্যে বলেন নি। আমি পৌরসভা সম্বন্ধে আরও দু-একটি কথা বলব। একটা কথা আমি বলছি। গত ১৯৮১ সালের পৌরসভা ইলেকশনে ভোটার

লিস্টের কারচুপির জন্য প্রতিবাদ জানিয়ে কংগ্রেস কোনো অংশ গ্রহণ করেনি নি। যার জন্য আপনারা সমস্ত পৌরসভার গদি দখল করতে পেরেছিলেন। কি করেছেন আপনারাই জানেন। অন্যায় এবং বে-আইনিভাবে কর্মচারী নিয়োগ করেছেন, মালদহের ইংলিশ বাজারে ৮৭ জন কমরেডকে নিয়োগ করেছেন। পুরাতন মালদহের পৌরসভাটি নির্দল পৌরসভা ছিল। তাঁরা ঐ ইংলিশ বাজার পৌরসভায় অন্যায় ভাবে নিয়োগ করলেন ১৯৮৪ সালের ফেব্রুয়ারি মাসে। ঐ নিয়োগকে কেন্দ্র করে ঐ বোর্ডকে সুপারসিড করে দিলেন। যেখানে একটিকে করলেন সেখানে অন্যগুলিকে কেন সুপারসিড করবেন না? কাজেই বলতে পারি, পৌরসভার নির্বাচন নির্ধারিত সময়ে হবে না, আবার তারিখ এক্সটেনশন করা হবে। আজও পুরাতন মালদা পৌরসভায় আন্দোলন চলছে। এইভাবে যেখানে অন্যায় করা হচ্ছে সেখানে রাজ্যপাল মহাশয়ের ভাষণে সাফাই গাওয়া হয়েছে যে, কোনো অন্যায় করেন নি। পুলিশ প্রশাসনের ক্ষেত্রেও বলা হয়েছে ঠিকভাবে চলছে। এটাও সম্পূর্ণ অসত্য কথা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরপর পঞ্চায়েতের কথা বলি। এই পঞ্চায়েত বেশিরভাগই আপনাদের দখলে। এই পঞ্চায়েত কেন্দ্রীয় সরকার যে টাকা দিচ্ছেন—এটা মাননীয় রাজ্যপালের ভাষণে লেখা উচিত ছিল। সেই কেন্দ্রীয় সরকার কি জানেন যে, পঞ্চায়েতে যে পারছে চুরি করছে? এই ভাষণে কিন্তু চুরির কথা লেখা হয়নি! আজকে গ্রাম পঞ্চায়েতে এটাই হচ্ছে অবস্থা। আজকে এটা জোরের সঙ্গে বলতে পারি, গ্রাম পঞ্চায়েতে কোনো কাজ হয়নি। এই যে হাজার হাজার, কোটি কোটি টাকা জেলা পরিষদগুলি পাচ্ছে এবং সেই টাকায় জেলা পরিষদগুলির মাধ্যমে যেসব আর.এল.ই.জি.পির কাজ হচ্ছে, তার মধ্যে বহু টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছেন। এই টাকাগুলি সদ্ ব্যবহার হওয়া উচিত ছিল। কিন্তু সেই টাকায় গরিব জনসাধারণের জন্য কোনো কাজ হয়নি। সেখানে হচ্ছে চুরি আর দলবাজি। দলের লোক ছাড়া সেখানে কোনো কাজ কারো হবে না। কিন্তু টাকাটা সাধারণ মানুষের জন্য, দলের জন্য নয়। তারপর, ঐ যে স্বাস্থ্য দপ্তর—ননীবাবু যখন স্বাস্থ্য দপ্তরে ছিলেন তখন খানিকটা ভালো ছিল, কিন্তু বর্তমানে তা জঙ্গলের অবস্থায় পৌঁছেছে। আজকে গ্রাম বাংলার স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কোনো ডাক্তার নেই। আরো আশ্চর্যের কথা, মন্ত্রী মহাশয় ঘটা করে বেড ওপেন করে দিয়ে এলেন মালদার ...

(সময় শেষ হয়ে যাওয়ায় মিঃ স্পিকার মহাশয়ের নির্দেশে এই সময় মাইকের কানেকশন অফ হয়ে যায় এবং পরবর্তী বক্তা বলতে শুরু করেন)।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল, শ্রী উমাশঙ্কর দীক্ষিত মহাশয়ের ভাষণের বইটি পড়তে পড়তে ইতিহাসে পড়া দ্বিতীয় মহাযুদ্ধের সময়কার একটি ঘটনা মনে পড়ে গেল। শত্রুপক্ষের যুদ্ধের সাফল্যের আভাষ যাতে মানুষ না জানতে পারে তারজন্য তদানিন্তন শাসক শ্রেণী জরুরি অবস্থা জারি করে এবং সেন্সার প্রথা জারি করে খবরের কাগজের স্বাধীনতা সেদিন বেঁধে দিয়েছিলেন। ফলে সংবাদপত্রে সেদিন সত্যকথা লেখা যায়নি। অবশ্য মানুষ সেই সময়কার সংবাদপত্রের কথাও বিশ্বাস করতেন না। হকাররা তাই প্রচার করতেন সিধা পড়, উল্টা সমঝো। ঠিক সেইরকম এখানে মাননীয় রাজ্যপালের ভাষণে সিধা পড়ে উল্টা বুঝতে হবে। কারণ বাস্তবে যে চিত্র আমরা দেখছি এবং মহামান্য রাজ্যপালের ভাষণে যে চিত্র এখানে তুলে ধরা হয়েছে এই দুইয়ের মধ্যে আকাশ পাতাল তফাৎ। আমরা,

যাঁরা দৈনন্দিন জীবনে জনসাধারণের সঙ্গে যোগাযোগ রাখি তাঁরা জানেন যে, আজ জনগণের দুঃখ-দুর্দশা কোথায় গিয়ে পৌঁছেছে। অবশ্য আমরা জানি যে, সরকারপক্ষ নিজেদের ব্যর্থতা জনসাধারনের কাছে তুলে ধরবেন না, কিন্তু রাজ্যের একটা কাল্পনিক চিত্র এইভাবে তুলে ধরে তাঁরা মানুষকে বিভ্রান্ত করবেন এটাও আশা করিনি।

[6-30—6-40 P.M.]

আমরা আজকে দেখছি যে গত ন'বছর ধরে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার বুকে ক্ষমতায় আছেন। আজকে এখানে মুখ্যমন্ত্রিত্বে যিনি আছেন, তিনি স্বর্গীয় বিধানচন্দ্র রায়ের কথা বাদ দিলে দীর্ঘদিন ধরে ঐ পদে আসীন আছেন। ১৯৭৭ সালের পর থেকে তিনি ঐ পদে এখানে বসে আছেন। ঐ সময়ের পর থেকে কংগ্রেসকে অনেক গালমন্দ ও নিন্দা আপনারা করেছেন। ঐ সমস্ত নিন্দামন্দ শুনতে শুনতে একটা কথাই ভাবছিলাম যে, এত বছর মুখ্যমন্ত্রিত্বে থাকার পর তাঁর হয়ত জ্ঞানের উদয় হবে, তিনি বাস্তব অবস্থাটা উপলব্ধি করতে পারবেন। কিন্তু দুর্ভাগ্যের কথা এই যে, তিনি উপলব্ধি করতে পারলেন না। এই রাজ্যে কোনো বিষয়টিকে প্রায়োরিটি দিতে হবে, তা তিনি উপলব্ধি করতে পারবেন বলে আমরা আশা করেছিলাম। কিন্তু তিনি তা পারলেন না। সরকারি ক্ষেত্রে কোটি কোটি টাকা সরকারি কোষাগার থেকে ব্যয় হয়ে যাচ্ছে। এই রাজ্যের মন্ত্রিত্বে যাঁরা আছেন, তাঁরা এই রাজ্যের বাইরে গিয়ে বামফ্রন্টের প্রচারের জন্য ব্যয় করছেন রাজ্যের কোষাগার থেকে অর্থ নিয়ে। কিন্তু তাঁরা একবারও ভাবলেন না যে গ্রামাঞ্চলের অবস্থা আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে। গ্রামাঞ্চলে আজকে পানীয় জলের অবস্থা কী অবস্থায় এসে দাঁড়িয়েছে সে সম্বন্ধে একবারও চিন্তা করলেন না। আজকে গ্রামাঞ্চলের মানুষ পানীয় জলের অভাবে এক নিদারুণ কষ্টের মধ্যে দিনগুলো কাটাচ্ছেন। গ্রামাঞ্চলের বুকে পানীয় জল সরবরাহের ব্যাপারটিকে তাঁরা প্রায়োরিটি দিয়ে এগিয়ে নিয়ে যেতে পারলেন না। নানাভাবে এই সরকার পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্তির মধ্যে দিয়ে নিয়ে চলেছেন। চলচ্চিত্র শিল্পের কথা ওঁরা এখানে উল্লেখ করেছেন রাজ্যপালের ভাষণের মধ্যে চলচ্চিত্র শিল্পের উন্নতি কতটুকু এখানে হয়েছে? আমরা দেখতে পেলাম বামফ্রন্টের সমর্থক একজন তথাকথিত প্রযোজক চলচ্চিত্র শিল্পের উন্নতির নাম করে বিদেশ ভ্রমণে গেলেন এই রাজ্যের কোষাগার থেকে অর্থ নিয়ে। এইভাবে নানা উপায়ে সরকারি অর্থের অপচয় এঁরা করে চলেছেন। অপরদিকে পশ্চিমবাংলার সমস্ত উন্নয়নমূলক কাজকর্মকে এঁরা করে দিয়েছেন স্তব্ধ। এই ব্যাপারে আমি প্রশ্ন করি, আপনারা এইভাবে সরকারি টাকা অপচয় কেন করবেন? কেন আপনারা এইভাবে পশ্চিমবাংলার সমস্ত উন্নয়নমূলক কাজকর্ম স্তব্ধ করে দেবেন? মাননীয় সরকার পক্ষের সদস্যদের বক্তব্য এখানে যখন শুনছিলাম, তখন মনে হচ্ছিল যে ওঁরা বোধহয় কেন্দ্রীয় সরকারের বাজেট নিয়ে এখানে আলোচনা করছেন। ওঁদের বক্তব্য শুনে আমার মনে হচ্ছিল যে, ওঁরা বোধহয় পার্লামেন্টের বুকে বসে ওঁদের বক্তব্য এখানে রাখছেন। ওঁদের একজন সদস্য সপ্তম যোজনা নিয়ে এখানে বললেন যে, যোজনা কমিশন ৭৫০ কোটি এই রাজ্যকে দেবার জন্য সুপারিশ করেছেন। কিন্তু কেন্দ্রীয় সরকার ঐ যোজনা বাবদ ৭৭৬ কোটি টাকা দিয়েছেন। কৈ, একবারও তো একথা আপনারা স্বীকার করলেন না? সত্যি কথা স্বীকার করার মানসিকতা আসলে আপনাদের নেই। পশ্চিমবাংলার মানুষের কাছে একের পর এক মিথ্যা স্তোকবাক্য দিয়ে চলেছেন। কিন্তু আপনারা

বাস্তবে কখনও কিছু করতে পারবেন না। আমরা একথা জানি বলেই এখানে তা উল্লেখ করলাম। মাননীয় শ্যামলবাবুকে আমি একটি বিষয়ে অনুরোধ করতে চাই—আমি ছাত্রাবস্থা থেকে আপনার মনোভাবকে সমর্থন করতাম, কিন্তু আপনি সরকারি ক্ষমতায় এসে সরকারি এস্টাবলিশমেন্টের এতখানি দালালি করতে পারেন তা আমি আগে কখনও বিশ্বাস করতাম না আপনি এটা করবেন না। মাননীয় বিনয় চৌধুরী মহাশয় হাউসে উপস্থিত আছেন। তিনি এ বিষয়ে হয়ত মন্ত্রিসভার সদস্যদের কাছে বলেছেন; আপনার কাছে আমি জিজ্ঞাসা করি, আর.এল.ই.জি.পি.'র, টাকা, ঐ স্কীমের কতটাকা খরচ না হওয়ার জন্য চলে গেছে তা আমাদের কাছে বলবেন কি? একথা যদি আপনার জানা না থাকে, তাহলে আমি তা আপনাকে এখানে বলি। বিষয়টি সম্বন্ধে আমার খুব ভালো জানা আছে। কারণ এটি আমার জেলার ব্যাপার। ১৯৮৩-৮৪ সালে হুগলি জেলা পরিষদের জন্য বরাদ্দকৃত সমস্ত টাকা আপনারা খরচ করতে পারেন নি, যারফলে তা ফেরত চলে গেছে। ১২ কোটি টাকা আপনারা খরচ করতে পারেন নি। কেন্দ্রীয় সরকারের দেওয়া ঐ টাকা আপনারা খরচ করতে পারেন নি। এরজন্য দায়ী তাহলে কে? আপনারা শুধু কেন্দ্রীয় সরকারের উপর দোষ চাপান। কেন্দ্রীয় সরকার আপনাদের কোটি কোটি টাকা দিচ্ছেন, কিন্তু এস্টিমেট অনুযায়ী তা খরচ করতে না পারার জন্য ফেরত চলে যায়। খরচ দিচ্ছেন, কিন্তু এস্টিমেট অনুযায়ী তা খরচ করতে না পারার জন্য ফেরত চলে যায়। খরচ করার ব্যাপারে আপনারা ইউটিলাইজেশন সার্টিফিকেট দিতে পারেন না, যারফলে এত সুন্দর একটা প্রকল্প আজ নষ্ট হতে চলেছে। একবার রাস্তা মেরামত করলে পরের বর্ষায় তা নষ্ট হয়ে যায়, তার কোনো হদিস আর পাওয়া যায়না। এই তো হচ্ছে আপনাদের আমলে কাজের চেহারা। কংগ্রেস আমলে পঞ্চায়েতগুলোর হাতে কেন্দ্র থেকে কত টাকা দেওয়া হ'ত? এক একটা গ্রাম পঞ্চায়েত'এর হাতে সামান্য মাত্র টাকা বছরে ৩,০০০ টাকা দেওয়া হত। সে তুলনায় আপনাদের সময়ে গ্রাম পঞ্চায়েতের হাতে প্রতিটির জন্য বছরে ৩ লক্ষ করে টাকা দেওয়া হয়। কিন্তু সেই তুলনায় যা কাজ করা উচিত ছিল, তা আপনারা করতে পারেন নি। শিক্ষা ক্ষেত্রে আপনারা দাবি করেন যে, ছাত্রছাত্রীদের বেতন আপনারা ১২ ক্লাস পর্যন্ত মুকুব করে দিয়েছেন। হ্যাঁ, কাগজে কলমে এটি আপনারা চালু করেছেন একথা সত্য। আমি একজন গরিব ঘরের ছেলে, আমি জানি আমার ঘরের ছেলের বেতন কতখানি মুকুব হয়েছে। যে টাকা মুকুব হবে, সেই পরিমাণ টাকাতো সঞ্চয় হবার কথা, কিন্তু তা হয়না। প্রতি মাসে ছাত্রদের ৩৬ টাকা করে ফিঃ হিসাবে দিতে হয়, একথা কি আপনাদের জানা আছে? বেতন যদি মুকুব করে থাকবেন, তাহলে ছাত্রদের মাসে ৩৬ টাকা হিসাবে স্কুলে কেন দিতে হয়? মাননীয় মুখ্যমন্ত্রী আশা করি, তাঁর জবাবি ভাষণে একথার জবাব দেবেন। বারো ক্লাস পর্যন্ত শিক্ষা আপনারা অবৈতনিক করেছেন। অথচ তা চালু করার পর ইতিমধ্যে বই পত্রের দাম অস্বাভাবিক ভাবে বৃদ্ধি পেয়েছে—বছরের পর বছর ছাত্রছাত্রীরা বই কিনতে পারছে না। অনেক বই আবার সরকার থেকে দেওয়ার কথা, কিন্তু সেই সমস্ত বইগুলো বাজার থেকে ব্ল্যাকে কিনতে হয়। ক্লাস ফাইভে, সিক্স'এ বিনা পয়সায় ছাত্রছাত্রীদের বই দেওয়ার নিয়ম আপনারা রেখেছেন, কিন্তু মাসের পর মাস ধরে তাদের তা দেওয়া হয়না। আপনাদেরই শরীক দলের মাননীয় সদস্য মনোহর তিরকী মহাশয় একটু আগে বলছিলেন যে, আজ প্রায় তিনমাস হয়ে গেল তাঁর এলাকায় স্কুলগুলিতে এখন সরকারি বই যায়নি। আমি জানিনা, ছাত্রদের লেখাপড়ার মানোন্নয়নের

এ কোনো ধরনের নমুনা। ছাত্রদের নিরবিচ্ছিন্ন মূল্য দিয়ে সেই মূল্যায়ন কিনতে হবে কিনা তা দয়া করে একটু বলবেন। কান্তিবাবু মূল্যায়ন পদ্ধতি চালু করার কথা বললেন, আজকে যদি শিক্ষা প্রতিষ্ঠানগুলির কথা বলি তাহলে কি হবে? শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে আপনারা কি করেছেন? মেদিনীপুর জেলার মাননীয় সদস্য এখানে আছেন তাঁকে জিজ্ঞাসা করি বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে কি অবস্থা সৃষ্টি করেছেন? সেখানে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে গ্রন্থাগারিকের অ্যাপোয়েন্টমেন্টের ব্যাপারে সিলেকশন বোর্ডে যিনি এক্সপার্ট হলেন তার শিক্ষকতা যোগ্যতা যিনি প্রার্থী ছিলেন তার থেকে কম। এইতো শিক্ষার অবস্থা, আপনারা এর জবাব দিতে পারবেন না। তারপরে হরিপাল আমার জেলার মধ্যে, সেখানে একটি লোক মারা গেছে, মৃত লোকের সম্বন্ধে আলোচনা করতে চাই না কিন্তু না করেও উপায় নেই। সেখানে দিলীপ পালিত নামে একটি বেকার যুবক কমরেড হলেও আমার কোনো আপত্তি ছিলনা স্নেক বাইটে মারা যায়। তার সাপে কামড়ে মারা যাবার আগেই প্রাইমারি বোর্ডে শিক্ষক নিয়োগের জন্য ইন্টারভিউ হয় তাতে পার্টি অফিস থেকে তার নাম সেখানে চলে গিয়েছিল। যুবকটি মারা গেছে অথচ ইন্টারভিউয়ের প্যানেলে তার নাম চলে গেল। এইতো অবস্থা রয়েছে। এইতো আপনারা শিক্ষা ব্যবস্থা চালু করেছেন যে ইন্টারভিউয়ের প্যানেলে নাম রয়েছে অথচ ব্যক্তিটি মারা গেছে। আমি এই বিষয়টি চ্যালেঞ্জ নিয়ে বলতে পারি এবং এ যদি অসত্য হয় তাহলে আমি ইস্তফা দেব। তবে আমি চ্যালেঞ্জ দিয়ে বলতে পারি যে ঘটনাটি সত্যি এবং আপনারা চলুন গিয়ে দেখবেন দিলীপ পালিত বলে বেকার যুবকটি বেঁচে আছে কিনা। তবে আমি এও বলছি ঘটনাটি সত্যি হলে যিনি ওই বেঞ্চে বসে অসত্য বলে চিৎকার করছেন তাঁকেও ইস্তফা দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যখন বিধানসভার বাইরে ছিলাম, বিধানসভার সদস্য হইনি তখন জ্যোতিবাবু সম্পর্কে অনেক কথা শুনতাম। রিপোর্টাররা তাঁর সম্বন্ধে প্রচুর মহিমা প্রচার করতেন এবং তাতে আমিও ভেবেছিলাম তিনি বোধহয় মানব দরদি লোক। কিন্তু বিধানসভায় আসার পরে আমাদের ৫ বৎসরের টার্ম শেষ করতে গেলাম তাঁর সম্বন্ধে আমি এই টুকুই বলব যে এতবড় দাম্ভিক এবং অহংকারী মানুষ ছাড়া কিছু নন। যখন ওনার কাছে গেছি উনি কখনো ভালোভাবে কথাও বলেননি। আজকে শুধু তাঁকে জবাবদিহি করতে চাই উনি তো কথায় কথায় বলেন ওকথা কংগ্রেসিরা তো বলবেই, ওতো কংগ্রেসিদের স্বভাব। আবার কংগ্রেসিরাও বলেন না কেবল ওরা ওরা বলে চলে যান এখন আমরা যদি আপনাদের সম্বন্ধে এরা বলে বলি তাহলে কিরকম দেখায়। আপনাদেরই তো লোক সরলবাবু, জয়ন্তবাবু এবং সুকুমার মন্ডল তারা আজকে আইনশৃঙ্খলা সম্পর্কে কি বলছেন? সুকুমার মন্ডল একটা মেনশন করলেন তাতে বললেন যে তার ওখানে আইনশৃঙ্খলা বলে কিছু নেই। আমরা বললে তো বলবেন যে আমরা নাকি চক্রান্ত করে বলেছি, সর্বদা নাকি আমরা চক্রান্ত করছি। কিন্তু আর.এস.পির সদস্যরা যে বক্তব্য রেখেছেন পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা বলে কিছু নেই, পুলিশ নীরব দর্শকের ভূমিকা নিয়েছে এবং পুলিশের সামনে বিভৎসভাবে হত্যা করা হচ্ছে অথচ পুলিশ কিছু করছে না এর কি জবাব আপনি দিতে পারবেন? তারপরে সুকুমারবাবু যে বললেন পুলিশের সহযোগিতায় এক অরাজক অবস্থা চলছে তার জবাব দিতে পারবেন কি? মাননীয় মুখ্যমন্ত্রীর সেই গাটস্ নেই, এর বিরুদ্ধে ফেস করার ক্ষমতা নেই। মুখ্যমন্ত্রী কেবল সব সময়ে কেন্দ্রের বিরুদ্ধে, কংগ্রেসের বিরুদ্ধে দোষারোপ করতেই পারেন। পঞ্চায়েতের লোকেরা বেনিফিসিয়ারি কমিটিতে আছেন। গত বিধানসভায় আমি একটা

[6-40—6-50 P.M.]

বেনিফিসিয়ারি কমিটিতে ছিলাম, আমি এই ব্যাপারে মাননীয় বিনয়বাবুর কাছে কৃতজ্ঞ যে ওই বেনিফিসিয়ারি কমিটিকে গিয়ে ভেঙে দিয়েছিলেন এবং কমিটি ভেঙে দেওয়ার পরে ৪০ লক্ষ টাকার হিসাব পাওয়া গেলনা। যারা সেখানে কাজ করতেন তাদের ওই টাকা দিয়ে দেওয়া হল বেনিফিসিয়ারি কমিটির লোকের মাধ্যমে পঞ্চায়েত অ্যাক্ট বলা হয়েছে যে আর.এল.ই.জি.পি.র টাকা পঞ্চায়েতের সমিতি এবং জেলা পরিষদের মাধ্যমে খরচ হবে। পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ ওই টাকায় কাজ করতে পারবে। কংগ্রেস আমলে এই বাবদ ৩ হাজার টাকা পাওয়া যেত এখন সেখানে ৩ লক্ষ টাকা করে পাচ্ছেন। আপনারা ১০ লক্ষ ৩৫ হাজার টাকা একজনকে পাইয়ে দিলেন। আজকে যদি রাজীব গান্ধীর সরকার পশ্চিমবঙ্গের সরকারকে ৭৭৬ কোটি টাকা না দিয়ে বিধানসভার বিরোধীপক্ষ সদস্য আবদুস সাত্তারকে দেব বলেন তাহলে কি ভালো হবে? সুতরাং এইক্ষেত্রেও আপনারা পঞ্চায়েতকে দিয়ে একই কাজ করিয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রী কি বলতে পারবেন যে আমরাও বিধানসভার বিরোধী সদস্যদের সম্মান দিচ্ছি। আমি আমার জেলার কয়েকটি কলেজ সম্বন্ধে বলতে পারি সেখানে কয়েকজন বিধায়ক একাধিক কলেজের গভর্নিং বডির মেম্বার আছেন।

তার এলাকায় যে সমস্ত কলেজ আছে তার গভর্নিং বডির মেম্বার তিনি হন। অথচ ৫৭ জন বিরোধী পক্ষের এম.এল.এ. যারা আছেন তারা তার এলাকায় কোনো কলেজের গভর্নিং বডির মেম্বার হতে পারেন না। এইরকম বৈষম্য কেন? তারপর অনেকে যুব উৎসবের কথা বলেছেন। বিশ্ব যুব উৎসবে যাবার সুযোগ আমার হয়েছিল। তারাও তো কমিউনিস্ট পার্টির লোক, সেখানে সারা পৃথিবীর যুবকদের তারা একই চোখে দেখেন। কিন্তু আমাদের এখানে যুব উৎসব করবার সময় আপনারা কংগ্রেস পার্টির একটা লোককেও ডাকলেন না। শুধু তাই নয় পঞ্চায়েত এলাকায় সার্কুলার করে দিয়ে জানিয়েছিলেন যে যুব উৎসবের জন্য যে কমিটি হবে তাতে সেখানে শুধু লেফট পার্টির যুবকরাই থাকবেন। লেফট পার্টির যুবকদের রক্তের রঙ কি লাল? আর তার বাইরের যে সমস্ত যুবক আছে তাদের রক্তের মধ্যে কি নর্দমার জল থাকে? আপনারা ভূমিসংস্কার নিয়ে বড় বড় কথা বলেন কিন্তু ভূমিসংস্কার কোথায় করেছেন? ভূমিসংস্কার করতে গিয়ে নিজের দলের লোকগুলোকে জমি পাইয়ে দিয়েছেন। ভূমিহীন না হয়েও তাকে আপনারা জমি পাইয়ে দিয়েছেন। এই সরকার হাজার হাজার চাষী উচ্ছেদ করেছেন এবং সেই চাষীরা মুখ্যমন্ত্রীর কাছে দরখাস্ত দিয়েছে। আপনি তাদের কাছে ছোট্ট একটা চিঠি পাঠিয়ে দিয়ে বলেছেন ডিপার্টমেন্টে পাঠিয়ে দিয়েছি। এই কাজ আপনাদের কমরেডরা করেন বলে তাদের বিরুদ্ধে কোনো অ্যাকশন নেওয়া হয়নি। আপনারা সব সময় কেন্দ্র বিরোধী কথা বলেন। কিন্তু আপনাদের একটি কথা জানিয়ে রাখি যে আগামী নির্বাচনে আপনারা জিততে পারবেন না। রিগিং করে গত নির্বাচনে আপনারা জিতেছিলেন। সেই তথাকথিত মার্কসবাদী জ্যোতিবাবু আর রিগিং করে আগামী নির্বাচনে জিততে পারবেন না। এইটিই আপনার শেষ ভাষণ এবং আজ আমরা যে কথা বলছি সেই কথাই আপনাকে তখন বলতে হবে। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে বিরোধিতা করে আমাদের পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী জ্যোতি বসু :** অধ্যক্ষ মহাশয়, যতগুলি সংশোধনী প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য পেশ করছি। বক্তব্য খুব সহজ। কারণ বক্তৃতা আমি যা শুনলাম তাতে রাজ্যপালের বক্তব্যে যা বলা হয়েছে সেইগুলিকে খুব গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে হচ্ছেনা। হয়ত অনেকে এখানে সেই ভাষণ পড়েননি, না পড়েই বলে যাচ্ছেন নানা কথা। কাজেই আমার সবগুলির উত্তর দেওয়ার প্রয়োজন আছে বলে মনে করিনা। যেটুকুন মনে করছি তাই বলছি। প্রথমেই আমি দেখলাম বিরোধী পক্ষ একটা জিনিস আবিষ্কার করেছেন যে, এই বক্তৃতা রাজ্যপালের বক্তৃতা নয়। এইসব অদ্ভুত কথা। রাজ্যপালের ব্যক্তিগত কি ব্যাপার আছে? সংবিধানে যা আছে তাই হবে। সরকারের যা বক্তব্য রাজ্যপাল তাই বলেন। ৩৮ বছর স্বাধীন হয়েছি এইটুকুনও আপনারা জানেননা। তারপর বলা হয়েছে অনেক অসত্য কথা। অসত্য কথার আমি কি জবাব দেব? আমি বলছি সমস্ত সত্যি কথাই আছে। মূল কথা আমি যেটা দেখলাম তা হল বিরোধী দল থেকে বক্তৃতার মধ্যে অনেকেই আইনশৃঙ্খলার কথা বলেছেন। অর্থাৎ এখানে আইন শৃঙ্খলা বলে কিছু নেই। অথচ কংগ্রেস এম.এল.এ.দের আমি রোজই এই হাউসে দেখছি বাইরে মারামারি করছেন, আর এখানে আসছেন। কংগ্রেস আমলে তো সিকিউরিটি নিয়ে ঘুরতে হত। তখন এখানে বলতে হত যে আমরা সি.পি.এম. বা বামপন্থীদের ভয়ে যাতায়াত করতে পারিনা এটা ঠিক নয়। আমাদের নিজেদের লোক, নিজেদের গুন্ডাবাহিনী কবে আক্রমণ করবে তার ঠিক নেই। আগে দ্বিধাবিভক্ত ছিলেন, এখনও দ্বিধাবিভক্ত। ল অ্যান্ড অর্ডার একেবারেই নেই এটা ঠিক নয়। বিরোধী দলের নেতা বললেন নৈহাটিতে একজন মহিলা খুন হয়েছে, মুর্শিদাবাদে পুলিশ দু'জনকে ধরে নিয়ে গেল, তারপর মেরে ফেলল মাঠে নিয়ে গিয়ে। এতে কি প্রমাণ হয়ে গেল আইন-শৃঙ্খলা নেই? মুর্শিদাবাদ সম্বন্ধে উনি চিঠি দিয়েছিলেন, তার জবাব ওঁকে দিয়েছি যে সমস্ত তদন্ত করে দেখলাম, সেই বক্তব্য আমি এখন বলতে পারছি না, কারণ সেটা কোর্টে আছে, কোর্টে সেটা বিচার হচ্ছে। পুলিশ ধরে নিয়ে গিয়ে মেরে ফেলল, নাকি অন্যভাবে মৃত্যু হল সেটা আমরা কেউই জানিনা, সেখানে উনি ছিলেন না, আমিও ছিলাম না, কাজেই কোর্টে যখন গেছে তখন কোর্টে বিচার হোক। উনি বললেন সি পি এম খুন করে কংগ্রেসি লোকদের, কেউ ধরা পড়ে না। অপরাধ করলে সে ধরা পড়ে সে যে পার্টিরই হোক। আমাদের ১২শো লোককে খুন করেছিল কংগ্রেসি গুন্ডারা ১৯৭০ সাল থেকে ১৯৭৭ সালে, এজন্য একটাও মামলা হয়েছে, একজনেরও সাজা হয়েছে? হয়নি। আমাদের আমলে আমরা বলতে পারি ১৯৭৭ সালের পর থেকে পুলিশ নিয়মানুযায়ী যারা আক্রমণ করে তাদের ধরে, যারা আক্রান্ত হয় তাদেরও ধরে যা কংগ্রেসের ইতিহাসে হয়নি। ৫ জন লোক তথাকথিত তারা নাকি আমাদের সমর্থক ২৪ পরগনার, মামলায় তাদের ফাঁসির হুকুম হয়েছিল, হাইকোর্টে গিয়ে তারা খালাস হয়ে গেল। তাই বলে হাইকোর্টের জজ কি সি পি এম-এর সদস্য হয়ে গেছে? যাবজ্জীবন দন্ড ২/১০ জনের হয়েছে, কংগ্রেসের হয়েছে, অন্য পার্টিরও হয়েছে। কাজেই কংগ্রেস আমলের মতো ঐরকম দুর্নীতিগ্রস্ত রাজত্ব আমাদের নয়। আইন-শৃঙ্খলা আছে, ল উইল টেক ইটস ওন কোর্স। অতএব আমাদের যে তদন্ত হয় সেটা ঠিক হতে পারে বে-ঠিক হতে পারে, কোর্টে তার বিচার হচ্ছে, আইনের যা নিয়ম সেই অনুযায়ী বিচার চলছে। সেদিন একজন মাননীয় সদস্য প্রশ্ন করেছিলেন মেদিনীপুরে যে জায়গায় বাড়ি-ঘরদোর পুড়িয়ে দিয়েছে কারা তারা, বৃহস্পতিবার তার উত্তরে আমি বলেছি আমার কাছে পুলিশ রিপোর্ট হচ্ছে স্থানীয় কৃষক সমিতি, তাদের

কিছু ধরা পড়েছে, কিছু এখনও অ্যাবস্কন্ড করছে, ধরা নিশ্চয়ই পড়বে। কিন্তু কংগ্রেস আমলে একটাও এইরকম হয়েছে? একটাও হয়নি। কাজেই আকাশ পাতাল এই প্রভেদ, এই তুলনা কি করে করব, এই হচ্ছে আইন-শৃঙ্খলা সম্বন্ধে আমার কথা। তারপর বলেছেন পুলিশ অ্যাসোসিয়েশন কেন করতে দেওয়া হয়েছে। গণতান্ত্রিক সমাজে পুলিশ অ্যাসোসিয়েশন হবেনা? ট্রেড ইউনিয়ন রাইটে হরতাল করতে পারে। আমরা সেই অধিকার দিয়েছি তাই তারা করেছে। সেখানে যদি শৃঙ্খল ব্যবস্থা না থাকে তাহলে তা আনার ব্যবস্থা সরকার করেন। আই পি এস দের যদি জয়েন্ট কনসালটেটিভ কমিটি থাকে তাহলে অন্যান্য পুলিশদের থাকবে না কেন? সেজন্য তাদেরও অ্যাসোসিয়েশন আছে। সেখানে একসঙ্গে আমরা আলোচনা করি, ওদের যা দাবি-দাওয়া আছে সেটা যতটা পারি মানি, যতটা পারিনা মানিনা। পুলিশ অ্যাসোসিয়েশন করতে দেওয়া নাকি অপরাধ। যারা হরতাল, ট্রেড ইউনিয়ন ধ্বংস করতে চেয়েছিল, কৃষক সমিতিকে ধ্বংস করতে চেয়েছিল, যুব সংগঠনকে ধ্বংস করতে চেয়েছিল, তাদের মুখে গণতন্ত্রের কথা শোভা পায়না। আমরা এই নীতি চালিয়ে যাব ওরা যাই বলুন। তারপর ওরা যা বলছেন তাই শুনে আশ্চর্য হয়ে গেলাম। আসলে বক্তৃতাগুলি ওঁরা পড়েননি। আমরা কি বলছি সেটা দেখতে হবে তো? অর্থাৎ রাজ্যপাল যেটা বলছেন সেটা দেখতে হবে। বলছেন 'নিরবচ্ছিন্ন নজরদারীর ফলে রাজ্যের সার্বিক আইন শৃঙ্খলার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে, বিগত বছরের তুলনায় দলীয় সংঘর্ষ রাজনৈতিক হত্যাকান্ড এবং জমি সংক্রান্ত সংঘর্ষের সংখ্যা অনেক কমের দিকে—এইটাই তো পরিসংখ্যান—কি করব? ১৯৮৫ সালের এই পরিসংখ্যান। এতে আপনাদের কি অসুবিধা হল? পরিসংখ্যানে তাই আছে যে কমের দিকে এবং এই কথাই এখানে বলা হয়েছে। তারপর আইন শৃঙ্খলা সম্বন্ধে বলা হয়েছে যে এবছর বড় রকমের কোনো সাম্প্রদায়িক চরমপন্থী হিংসাত্মক ঘটনা ঘটেনি যেমন কংগ্রেস রাজত্বে ঘটছে এবং সেটা এবছরে ঘটেছে, বিগত দিনে ঘটেছে, প্রতি বছরই ঘটছে। এটা ঠিক কি বেঠিক? এটা সঠিক তাই বলছি। তফসিলি জাতি এবং উপজাতি ও সমাজের অন্যান্য দুর্বলতর শ্রেণীর মানুষের উপর নৃশংসতা থেকে এই রাজ্য মুক্ত। আমরা গর্বিত তার জন্য। এটা না পড়েই সব বলে দিলেন আইন শৃঙ্খলা সম্বন্ধে। তুলনা করলেই মুশকিল যে তুলনা কেন করছেন। তুলনা তো করতেই হবে। আমরা তো এখানকার সঙ্গে নিউইয়র্কের তুলনা করব না—ভারতবর্ষের অন্যান্য জায়গার সঙ্গে তুলনা করে বলতেই হবে যে এখানকার অবস্থা ভালো কি খারাপ, বা কি হচ্ছে এবং কি করা দরকার। এখানে আত্ম সন্তুষ্টির কোনো জায়গা নেই। একটা তুলনাতেও আত্ম সন্তুষ্টির কোনো জায়গা নেই। এবং এইভাবে আমাদের তুলনা করতে হবে। যেমন ধরুন পার্লামেন্টে প্রশ্নোত্তরে বলা হয়েছে ১৯৮৫ সালে মধ্যপ্রদেশে খুন হয়েছে ৩৯টি, বিহারে ৩০টি, উত্তর প্রদেশে ১৬০, গুজরাটে ১৪, মহারাষ্ট্রে ৪, রাজস্থানে ১৭ এবং পশ্চিমবাংলায় ২টি। এটা পার্লামেন্টে প্রশ্নোত্তরে বলা হয়েছে, আমরা কি করব? তারপর হচ্ছে রেপ—মধ্যপ্রদেশে রেপ হয়েছে ১০০, বিহারে ৩৩, উত্তর প্রদেশে ৭৫, গুজরাটে ৫, মহারাষ্ট্রে ১৩, রাজস্থানে ৪৪ এবং পশ্চিমবাংলায় শূন্য, নিল—উত্তর দিয়েছে পার্লামেন্টে। আর খুন কত হয়েছে—এটা হচ্ছে শিডিউল্ড কাস্ট এবং ট্রাইবদের হিসাব। মধ্যপ্রদেশে এইরকম মার্ডার হয়েছে ৪৫ জন—এরা সব শিডিউল্ড কাস্ট অ্যান্ড ট্রাইবস। বিহারে ৫, গুজরাটে ৯, মহারাষ্ট্রে ৬, রাজস্থানে ৬, এবং পশ্চিমবাংলায় ১। এইরকম আমি আরও তথ্য দিতে পারি—আমার কাছে আছে। তারপর ইন্টার পার্টি ক্লাসেস—রাজনৈতিক ব্যাপার। ১৯৮৪ সালে

২৪৮—১৯৮৫ সালে সেটা কমে ২৩২। এগ্রিকালচারাল ক্লাসেস ১৯৮৪ সালে ১১৬ সেটা ১৯৮৫ সালে দাঁড়িয়েছে ১০৭। আমরা তো বলেছি কমের দিকে। বাজেট সম্বন্ধে ওঁরা বলেছেন—এ বিষয়ে আমি বিশেষ কিছু বলতে চাচ্ছিনা। কারণ বাজেট বক্তৃতা আসছে, সেখানেই সব কিছু বক্তব্য রাখব পরবর্তীকালে। ওরা সেই একই কথা বার বার বলছেন, সেটা হচ্ছে কি? ৩৫০০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল। ১২০০ কোটি টাকা খরচ করতে পারি নি, ফেরত দিয়েছি, এই ফেরত দিয়েছি, কথাটাতে আমার আপত্তি। বস্তা করে টাকা পাঠায়নি যে ফেরত দিয়েছি।

[6-50—7-00 P.M.]

ওরা বললেন আপনারা তুলতে পারেন। (শ্রী সুনীতি চট্টরাজ রোজ টু স্পিক সামথিং)...

**Mr. Speaker :** Mr. Chattaraj, please have patience. What is this? This is a most ill behaviour. Please sit down.

**শ্রী জ্যোতি বসু ঃ** স্পিকার মহাশয়, এই হচ্ছে আইন শৃঙ্খলা এই মাত্র খবর পেলাম কলকাতার ১২টি জায়গায় ১/২ মিনিট করে রাস্তা রোকো আন্দোলন হয়েছে। এরা ছাত্রদের লেলিয়ে দিয়ে এই সমস্ত করেছেন। অবশ্য আইন শৃঙ্খলা আছে সেটা আপনারা বুঝবেন যে, পুলিশ তাদের করতে দেয়নি এবং আপনারা যতবার এইসব করবেন বাধা দেওয়া হবে। ওদের ধরে নিয়ে গেছে। আমি বলেছি খাওয়াতে হবেনা, জেলে নিয়ে গিয়ে ছেড়ে দাও। এরা আইন শৃঙ্খলার কথা বলছেন। তারপর বলতে গিয়ে এটা একবারও বললেন না, যে ৩৫০ কোটি টাকা দেবার কথা ছিল অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী সেটাতো পেলাম না। এই প্রথম ইতিহাস হল। প্ল্যানিং-এর পর ফিন্যান্স কমিশনের রেকমেনডেশন মানলেন না কেন্দ্রীয় সরকার। কেন? কারণ, আমরা ৩৫০ কোটি টাকা পাচ্ছি, কংগ্রেস রাজ্য ৫০/৬০ কোটি করে পাচ্ছে। এইকথা একবারও বললেন না, আর পশ্চিমবাংলার মানুষের জন্য দরদ দেখাচ্ছেন। তারপর বললেন আপনারা যদি খরচ করতেন জ্ঞান না থাকলে কি করা যাবে? আমরা বলেছি ট্যাক্স বসিয়ে টাকা তুলতে পারবনা। ট্যাক্স বসাবার জায়গা ছিল না। সেইজন্য সেই টাকাও তুলিনি। আমরা যা খরচ করেছি। তারা বললেন ৭ হাজার কোটি টাকা পেতেন। আপনাদের মন্ত্রী কানে কানে বলে গেছেন নাকি? গ্যাডগিল ফর্মূলা আছে। ৫/৭ হাজার বলে কিছু লাভ নেই। এই টাকার ৭০ ভাগ হচ্ছে আমাদের, ৩০ ভাগ কেন্দ্রের, এটা মনে রাখতে হবে। কেন মবিলাইজ করতে পারিনি, তাও বলে দেওয়া হয়েছে। ফাইন্যান্স কমিশন সুপারিশ করেছেন, শতকরা ৪০ ভাগ মেনে নিয়েছেন, বাকিটা তো মানেন নি। আমরা সেইসব নিয়ে আলোচনা করছি। কিন্তু কথা হচ্ছে এই, কেন আমরা তুলতে পারিনি সেই কথা বার বার লিখিতভাবে বলা হচ্ছে। আমরা বলছি ডিক্লেয়ার্ড গুডস, এক্সপোর্ট গুডস-এর উপর শতকরা ৪ ভাগের বেশি চার্জ করতে পারিনা। সে বিষয়ে একবারও বলছেন না। অজ্ঞ, জ্ঞান নেই—কি করে বলবেন? শিখুন, অন্তত পরবর্তীকালে ভালো করে বলতে পারবেন। তারপর একটা অঙ্কের হিসাব দিলেন। এন.আর.ই.পি.তে ৬৩ লক্ষ ম্যানডেজ ক্রিয়েট করেছি, করবার কথা ছিল অনেক বেশি। কিন্তু কত হয়েছে সেখানেও আমরা হিসাব নিলাম। দুটো জিনিস হয়েছে। একটা হচ্ছে এই যে, এটা ঠিক নয় ঐ পরিসংখ্যান ১০২.৪৮ লক্ষ ম্যানডেজ তৈরি করেছি। আর একটা সাংঘাতিক ব্যাপার সেটা বললেন না—মাইনে হিসাবে ৭।। টাকা আগে দেওয়া

হত, এখন সেটা বেড়ে ১২.৫০ পয়সা হয়েছে। কাজ একটু কমে গেছে। কিন্তু তাসত্ত্বেও ১০২.৪৮ ভাগ হয়েছে। তারপর বলছেন কেন্দ্র যথেষ্ট দিচ্ছে আপনাদের। এখানে দিচ্ছে, ওখানে দিচ্ছে। কিন্তু যেগুলি দিচ্ছে না সেটা একটুও বলেন নি। একটিও আধুনিক শিল্প দিলেন না। ইলেকট্রনিক ইন্ডাস্ট্রি দিলেন না, শিপ বিল্ডিং, শিপ রিপেয়ারিং, পেট্রো-কেমিক্যাল ট্রাক ফ্যাক্ট্রি, রেলওয়ে ইত্যাদি একটিও দিলেন না। প্রচার করে ভোট নিলেন, তারপরেও দিলেন না, সেগুলি তো বলা উচিত। পশ্চিমবাংলার মানুষকে ভালো বাসলে সেগুলি তো বলা উচিত, সেটা তো বললেন না। আর একটা হিসাব আমি আপনাদের কাছে দিচ্ছি। ব্যাঙ্ক সম্বন্ধে অনেক কথা বললেন। এটা জানা থাকা দরকার, তারপর বলুন বা না বলুন, সেটা আলাদা কথা। এখানে ব্যাঙ্কে যে ডিপোজিট হয় ভারতবর্ষ ব্যাপী, তার দ্বিতীয় স্থান হচ্ছে পশ্চিমবাংলার এবং যেটাকে ডেড সিটি, মরে যাচ্ছে পশ্চিমবাংলা ইত্যাদি এইসব বলা হয় কংগ্রেস পক্ষ থেকে। কিন্তু সেখানে সেকেন্ড হচ্ছে পশ্চিমবাংলা। আর সেখানে ঐ রেশিওটা কি? লোন দেওয়া ইত্যাদির রেশিওটা দেখছি আমরা সেখানে দ্বাদশ স্থানে আছি। ক্রেডিট রেশিওতে আমরা দ্বাদশ স্থানে আছি। কিন্তু বলবেন কি? লিডার অব দি অপোজিশনের সাহস আছে, না, চাকরি যাবে বললে? পশ্চিমবাংলার মানুষকে ভালবাসলে এটা বলা দরকার যে, কেন এটা হচ্ছে। অন্যান্য ফিগারসে আমি যেতে চাইনা, বাজেটের সময় যা বলবার বলব।

[7-00—7-10 P.M.]

তারপর একজন বললেন যে পাটের ম্যাকসিমাম প্রাইস বেঁধে দিয়ে আপনারা চাষীদের মারলেন। কিন্তু কখন বাঁধা হ'ল? যখন চাষীদের হাত থেকে পাট বেরিয়ে গিয়েছে এবং তা পাটের দালালদের হাতে আছে, মিল মালিকদের এজেন্টদের হাতে আছে, তখন করা হল। ওদের এজেন্ট হয়ে আপনারা এখানে বক্তব্য রাখছেন নাকি? আমরা বলেছিলাম, একটা স্পেশিফিক পিরিওডের জন্য এটা করা হয়েছে ওদের হাত থেকে এগুলি টেনে বার করার জন্য—ঐ জুটের দালাল, জুটের ব্যবসায়ী ইত্যাদিদের। পরবর্তীকালে আবার যখন আমরা দাম বললাম কেন্দ্রীয় সরকার তো সেটা মানেন নি। আর কর্পোরেশন যে কেনেন না পাট সে সম্পর্কে তো রাজ্যপাল মহাশয়ের ভাষণেই আছে যে উই ফিল কনসার্ন্ড। এই জিনিস দাঁড়িয়েছে—পাটের দাম পড়ে যাচ্ছে, চাষীরা বলছে পাট চাষ করব না, অন্য কিছু চাষ করব। আমরা কি তাদের বাধা দেব? কি করব আমরা? কেন ন্যায্য দাম দিয়ে চাষীদের কাছ থেকে কিনছেন না? লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের জীবন এই পাটের সঙ্গে জড়িত, তাদের হয়ে কিছু বলার প্রয়োজনীয়তা ওরা দেখছেন না এত ওরা দেশের মানুষকে ভালোবাসেন, চাষীদের ভালোবাসেন। তারপর একজন মাননীয় সদস্য বললেন যে, কৃষক এবং কৃষি সম্বন্ধে এখানে কিছুই নেই। কিন্তু এটা বললেন না যে তিন বছর আগে একটা আইন যা আমরা এখান থেকে সবাই মিলে পাস করে দিল্লিতে পাঠিয়েছি নিয়ম অনুযায়ী সেটা প্রেসিডেন্ট'স অ্যাসেন্ট পাচ্ছেনা কেন? মৌখিকভাবে আমরা খবর পেয়েছি এবারে তিন বছর বাদে সেটা আমরা পেতে পারি। সেটা হলে কিছু উপকার হবে। (**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী** : আমরা ৪।। বছর আগে পাঠিয়েছি।) বিনয়বাবু বলছেন, ৪।। বছর আগে পাঠিয়েছি কিন্তু সেটা আমরা এখনও পাইনি এইরকম চমৎকার দৃষ্টিভঙ্গি নিয়ে কেন্দ্রীয় সরকার চলেছেন। এসবের বিরুদ্ধে কিছু বলার মুরোদ ওঁদের নেই, সমালোচনা করার কোনো অবকাশ ওদের নেই। এরজন্য বারবার আমাদের

দিল্লিতে ছোটাছুটি করতে হচ্ছে। এখন শুনছি সেটা আসছে, এলে ভালোই হবে। গ্রামাঞ্চলের ভালো হবে, মানুষের ভালো হবে এ বিষয়ে কোনো সন্দেহ নেই যদি আমরা সেটা এখানে কার্যকর করতে পারি। এখনও আমরা সেটা পাইনি, তবে শুনছি পেয়ে যাব। তারপর মাননীয় সেই সদস্য বললেন, ডিসট্রিবিউশন অব ল্যান্ড, জমি বিতরণ, বর্গাদারদের অধিকার এইসবের কি মূল্য আছে? ওর কাছে এর কোনো মূল্য নেই কিন্তু পশ্চিমবাংলার লক্ষ লক্ষ পরিবার যাদের জীবন এর সঙ্গে জড়িত নিশ্চয় তাদের কাছে এর মূল্য আছে। কলকাতায় বসে বসে এসব বোঝা যায়না। তাদের অধিকারে আমরা তাদের প্রতিষ্ঠিত করেছি। ২৮ বছর কংগ্রেস রাজত্ব করেছে কিন্তু এ জিনিস কখনও দেখিনি তাদের ওদের পাশে গিয়ে দাঁড়াতে। সেইজন্য বলছি সাধারণ মানুষের কাছে এর মূল্য আছে। এই প্রসঙ্গে আমি একটি পরিসংখ্যান দিতে চাই। আমি যে হিসাব দেখছি তাতে বলতে পারি যে ৩৪১ কোটি টাকা সমস্ত ব্লক মিলিয়ে আমরা খরচ করেছি। গতবারে যেটা ছিল ৬৭৫ কোটি টাকার আমাদের বাজেট সেখানে ৩৪১ কোটি টাকা আমরা গ্রামে খরচ করেছি। এই সমস্ত ব্লকে খরচ করেছি, পঞ্চায়েতের মাধ্যমে খরচ করেছি। আমরা পরিকল্পনাটা—নিচে থেকে উপরের দিকে সমস্ত জায়গায় ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে, সেই জিনিসটা আমরা করেছি। পঞ্চায়েত আছে, প্ল্যান কমিটি হয়েছে কতকগুলি জেলায় জেলায়, এইসব কাজ আমরা করছি জনসাধারণের সঙ্গে সম্পর্ক রেখে। শিল্প সম্বন্ধে দু/একজন বলেছেন। আমি আগেই বলেছি, ওরা এখন খুব একটা যেন প্যানিকি হয়ে গিয়েছেন—কংগ্রেসিরা, যে শিল্পপতিরা তারা তাদের অভিজ্ঞতায় দেখেটেখে, এদিক ওদিক করে কেন এখানে তারা পুঁজি নিয়োগ করার জন্য আসছেন। আরে পশ্চিমবঙ্গ তো থাকবে—আমরাই থাকি আর আপনারাই থাকুন, কে কখন থাকবে জানি না কিন্তু পশ্চিমবঙ্গের জন্য হলে তো ভালোই হচ্ছে। কেন্দ্রীয় সরকার আমাদের দিলেন না পেট্রো কেমিক্যালস—৫ বছর ধরে ঝুলিয়ে রেখে বাজে বাজে সব কথা বলে তারপর আমাকে বললেন যে আমরা পারব না, আপনার পরিকল্পনাটা ভালোই, আপনি অন্য জায়গা থেকে টাকা যোগাড় করুন। আমি কোথা থেকে টাকা যোগাড় করব? আমাদের লেনদেন আছে নাকি বাইরের সঙ্গে। যাইহোক, এখন যখন এটা আসছে, হতে চলেছে তবে এখনও অনুমোদন পাইনি, শুনছি এ মাসের শেষে পাব। এটা যখন হতে চলেছে তখন কংগ্রেসিদের মধ্যে প্যানিক দেখা দিয়েছে। তারা ভাবছেন সর্বনাশ হয়ে গেল, যদি পশ্চিমবাংলার কল্যাণ হয় তাহলে ওদের কি হবে। এই দুটো পরস্পর বিরোধী জিনিস ওরা ভাবছেন। আজকে এই হচ্ছে ওদের অবস্থা। ইলেকট্রোনিক সম্পর্কে কি বলা হল? কংগ্রেসিদের লজ্জা হওয়া উচিত। আমাদের বর্ডার স্টেট বলে দিলেন যে এখানে ইলেকট্রোনিক হবেনা। ইলেকট্রোনিক কর্পোরেশন থেকে পুঁজি নিয়োগ হবেনা। কারণ এটা দেশ রক্ষা বিভাগের অধীন অর্থাৎ ডিফেন্সের আন্ডারে। কিন্তু পাঞ্জাবে তো করা যায়? পাঞ্জাবে করা যায়না এটমিক প্ল্যান্ট, পাঞ্জাবে রেলওয়ে ফ্যাক্টরি করা যায়না, আসামে করা যায়, নানা জায়গায় করা যায়। কিন্তু পশ্চিমবাংলা বর্ডার স্টেট বলে, বাংলা দেশের পাশে বলে সেখানে ইলেকট্রোনিক আনা যায়না, পুঁজি নিয়োগ করা যায়না। এটার কোনো প্রতিবাদ নেই। কংগ্রেসের কি অবস্থা হয়েছে। তারপরে একজন বললেন যে শিক্ষা সম্বন্ধে কিছু নেই। আমি বলি আছে। পড়লেই বুঝতে পারতেন, না পড়লে কি করে বুঝবেন। এখানে একটা ধারা আছে ১৪ নম্বর বোধ হয় সেখানে সবই আছে। শিল্প সম্পর্কে, শিক্ষা সম্পর্কে, স্বাস্থ্য সম্পর্কে এগুলি সব রেফারেন্স এখানে আছে। তবে এটা ঠিক যে নতুন ন্যাশনাল

এডুকেশন পলিসি কিনা জানিনা, তবে নতুন এডুকেশন পলিসি, নতুন যে শিক্ষা নীতি কেন্দ্রীয় সরকার একটা ঘোষণা করেছেন। এটা নিয়ে আলোচনা চলছে এবং আলোচনার পরে আমরা শুনেছি যে পার্লামেন্টে আসবে। আমরা আরও শুনেছি যে সমস্ত রাজ্যের থেকে মুখ্যমন্ত্রীদের ডাকা হয়েছে এই বিষয়ে একটা আলোচনা করার জন্য। এটা আমরা এখানে দেইনি। কিন্তু আমাদের পুস্তিকা বেরিয়ে গেছে। আমি জানিনা সেটা ডিস্ট্রিবিউটেড হয়েছে কিনা বা আপনারা পেয়েছেন কিনা। এটা আমাদের রাজ্য সরকারের মত বলে সেখানে পাঠানো হয়েছে। আমাদের দুই জন মন্ত্রী সেখানে গিয়েছিলেন এবং সেখানে গিয়ে আলোচনা করে আমাদের বক্তব্য বলে এসেছেন। সেই ব্যাপারে কি বলেছেন এবং বলতে গিয়ে বিকল্প কি হতে পারে সেটাও তারমধ্যে দিয়ে বেরিয়ে এসেছে এবং সেটাও তারা রেখেছেন। কাজেই সেটা নেই, এটা ঠিক নয়। আশা করব যে পুস্তিকাটি পেলে একটু পড়ে নেবেন। মাননীয় সদস্যদের একথা বলতে চাই যে বাজেটের সময়ে যখন বিভিন্ন খাতে আলোচনা হবে.তখন নিশ্চয়ই বিভিন্ন বিষয়ে আলোচনা হবে। সমস্ত বিষয়ে রাজ্যপালের ভাষণে বলা যায়না, একটা ইন্ডিকেশন দেওয়া যায়। (এ ভয়েস ফ্রম অপোজিশন বেঞ্চ ডিটেলস নেই) আমি তো আগেই বলেছি যে অনেক জিনিস আছে, এইরকমভাবে করা হয়না. কতকগুলি বেছে নিয়ে করা হয়েছে। আমি জানি মাননীয় সদস্য খুবই উৎসাহী স্পোর্টসের ব্যাপারে। আপনি বাজেটে বলার সুযোগ পাবেন তখন কি কি করতে হবে এই সম্পর্কে বলবেন। আমি আর দীর্ঘ বক্তৃতা দিতে চাইনা। আমি শুধু একথা বলতে চাই যে কংগ্রেসিদের মুখে আইন-শৃঙ্খলার কথা শুনলে আশ্চর্য হতে হয়। জজকে ধরে পিটে দিচ্ছে, রাস্তায় নিজেদের মধ্যে মারামারি করছে, একটার পর একটা মিটিং ভেঙে যাচ্ছে। আর তাদের মুখ থেকে আমাদের শুনতে হবে আইন-শৃঙ্খলার কথা। আমি বলি আইন-শৃঙ্খলা রক্ষা করার চেষ্টা আমরা করব। এখানে কমিউনাল রায়ট অর্থাৎ সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা হতে দেইনি। আশা করেছিলাম সে ক্ষেত্রে অন্তত আপনাদের সমর্থন পাব। জানিনা সাহবানু কেসে আপনারা কি বলছেন। আপনাদের একজন আরিফ মহম্মদকে আমি জানি। তিনি পদত্যাগ করেছেন। কারণ তিনি একরকম বক্তৃতা দিয়েছিলেন আর একরকম হয়ে যাচ্ছে পার্লামেন্টে। কিন্তু আপনাদের বক্তব্য কি? আপনারা খালি কংগ্রেসের সদস্য নয়, মানুষতো বটে একটা কিছু বলবেন তো? ঠিক সেইভাবে আমরা দেখছি যে বিভিন্ন জায়গায় প্রতিক্রিয়াশীলদের সমর্থন করছে কংগ্রেস দল। আজকে তারা নিজেদের মধ্যে মারামারি, হানাহানি করছে এবং এগুলি জনসাধারণের মধ্যে প্রভাব পড়ছে। আর একটা আশ্চর্য জনক ঘটনা হচ্ছে, সাত্তার সাহেব বারে বারে কি একটা অঙ্কের হিসাব দিয়ে বলেন যে ওদের ৬ হাজার লোক খুন হয়েছে। আমি বলি নামগুলি পাবলিশড করুন না? আমাদের তো ১২ শত নাম পাবলিশড হয়েছে। ৩ বছর ধরে কি এই ৬ হাজারই রয়েছে, একটাও বাড়ছে না, ২৭৪টির বেশি হচ্ছে না? ৬ হাজার ভদ্রলোকের এক কথা। কাজেই কত অসার সমস্ত কথা ওরা বলেন সেটা ওরা নিজেরাও বুঝতে পারেন না। যাইহোক, আমি আর বিশেষ কিছু বলতে চাইনা, আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

[7-10—7-26 P.M.]

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আমি যে ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপন করেছিলাম, তার উপর চারদিন ধরে আলোচনা হল। এই

মালোচনায় আমি একটা জিনিস লক্ষ করলাম যে, আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের বা দিল্লির সরকারের নীতি সম্বন্ধে কোনোও কথা যদি আমরা একবার এখানে বলি তাহলেই আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা একেবারে তেলে বেগুনে জ্বলে ওঠেন। তথাপি আমি বিরোধী দলের নেতা শ্রদ্ধেয় আবদুস সাত্তারকে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, তাঁদের নীতি আর আমাদের নীতি এক নয়। তাঁদের বিকল্প নীতিই হচ্ছে আমাদের নীতি। কংগ্রেসের নীতি হচ্ছে পুঁজিপতি নীতি এবং তার বিকল্প নীতিই হচ্ছে বামফ্রন্ট সরকারের নীতি।

স্যার, চারদিন ধরে এখানে যে সমস্ত আলোচনা শুনলাম সে সমস্ত কিছুর এখনই জবাব দেওয়া সম্ভব নয়। সুতরাং সে চেষ্টা না করে আমি দু-একটি বিষয়ের মধ্যেই আমার বক্তব্য সীমাবদ্ধ রাখছি।

স্যার, আজকে বিরোধী দলের সদস্য ডাঃ শিশির বসু খুব বিজ্ঞের মতো তাঁর বক্তব্য রাখার সময়ে সমস্ত কিছু বলার শেষে শিক্ষা সম্পর্কে আলোচনার অবতারণা করলেন। এবং সেই প্রসঙ্গে তিনি বামফ্রন্ট সরকারের শিক্ষা নীতিকে আক্রমণও করলেন। আমিও আমার বক্তব্য মূলত শিক্ষা নীতির মধ্যেই সীমাবদ্ধ রাখব, অন্যান্য জায়গায় বিশেষ আর যাবনা। আমি ডাঃ শিশির বসু মহাশয়কে বলি যে, একটু দেশটাকে জানবার চেষ্টা করুন। সারা ভারতবর্ষের অবস্থাটা কি? আমাদের দেশে প্রতি ১০ বছর অন্তর আদমশুমারী হয়। স্বাধীনতার পর ১৯৫১ সালে প্রথম আদমশুমারী হয়েছিল এবং রিপোর্টে বলা হয়েছিল সারা ভারতবর্ষে ৩০ কোটি নিরক্ষর মানুষ আছে। নিরক্ষর অর্থে যাদের কোনোও অক্ষর জ্ঞান পর্যন্ত নেই। এই তথ্য আমাদের নয়, কেন্দ্রীয় সরকারের শিক্ষা দপ্তরের তথ্য। ১০ বছর পরে ১৯৬১ সালে যে আদমশুমারী হয় তাতে এই নিরক্ষরের সংখ্যা বৃদ্ধি পেয়ে ৩৩ কোটিতে দাঁড়িয়েছিল। তার ১০ বছর পরে ১৯৭১ সালের আদমশুমারী অনুযায়ী সেই সংখ্যা—নিরক্ষরের সংখ্যা আরও বৃদ্ধি পেয়ে হয়েছিল ৩৭ কোটি। তারপরে ১৯৮১ সালে যে আদমশুমারী হয়েছিল—এখন পর্যন্ত যেটা শেষ আদমশুমারী — তার রিপোর্ট অনুযায়ী নিরক্ষরের সংখ্যা আরও বৃদ্ধি পেয়ে হয়েছিল ৪৪ কোটি। এবং এই প্রসঙ্গের একটি হিসাবে দেখানো হচ্ছে যে, আগামী ২০০০ খ্রীষ্টাব্দে—আগামী ১৪ বছর পরে সারা পৃথিবীতে যত নিরক্ষর থাকবে তার শতকরা ৫৫ ভাগ নিরক্ষর একমাত্র ভারতবর্ষে থাকবে।

(**ডাঃ জয়নাল আবেদিন** ঃ এ হিসাব আপনি কোথায় পেলেন?)

কেন্দ্রীয় সরকারের প্রকাশিত তথ্য থেকেই আমি এই হিসাব দিচ্ছি। জয়নাল সাহেব প্রয়োজন হলে আপনি তা দেখে নেবেন। স্যার, সর্বশেষ আদমশুমারী ১৯৮১ সালে যেটা হয়েছিল সেটার হিসেব অনুযায়ী আমরা দেখছি যে, ভারতবর্ষের মোট জনসংখ্যার শতকরা ৬৪ ভাগই নিরক্ষর। ভারতবর্ষের মোট মহিলা জনসংখ্যার শতকরা ৭৬ ভাগ নিরক্ষর গ্রামের মহিলা জনসংখ্যার শতকরা ৮২ ভাগই নিরক্ষর। আর গ্রামের মানুষদের মধ্যে যারা তফসিলি সম্প্রদায় ভুক্ত, যাদের জন্য ওঁদের (বিরোধী পক্ষের) মন খুব কাঁদে তাদের মোট জনসংখ্যার শতকরা ৭৯ ভাগই নিরক্ষর। এছাড়া আমাদের দেশে যারা আদিবাসী সম্প্রদায়ের মানুষ, যাদের জন্য ওঁরা খুব চিৎকার করেন তাদের মোট জনসংখ্যার শতকরা ৮৪ ভাগই নিরক্ষর। এই তথ্য কেন্দ্রীয় সরকারের শিক্ষা দপ্তর থেকে পরিবেশিত হয়েছে। এই অবস্থায় বর্তমানে কেন্দ্রীয় সরকার একটা নতুন শিক্ষা নীতি চালু করবার চেষ্টা করছেন। তবে কি কংগ্রেসের নেতৃত্বাধীন

ভারত সরকার অতীতে কোনোও দিন শিক্ষার সম্প্রসারণ নিয়ে কোনোও চিন্তা ভাবনা করেননি? না, তা নয়, তাঁরা বিভিন্ন সময়েই এ বিষয়ে কিছু কিছু চিন্তা ভাবনা করেছিলেন এবং কয়েকবার এ বিষয়ে বিভিন্ন কমিশনও গঠিত হয়েছিল। সর্বশেষ শিক্ষা কমিশন গঠিত হয়েছিল বিখ্যাত শিক্ষাবিদ কোঠারির নেতৃত্বে এবং সেই কোঠারি কমিশনে বিভিন্ন দেশের ১৭ জন বিখ্যাত শিক্ষাবিদ ছিলেন। তাঁরা সম্প্রসারণ সম্পর্কে তাঁদের সুপারিশ দিয়েছিলেন। কোঠারি কমিশনের রেকমেনডেশন বামফ্রন্ট সরকার কার্যকর করার চেষ্টা করছেন এবং এই চেষ্টা করছেন বলেই বামফ্রন্ট সরকারের শিক্ষানীতির উপর আপনাদের আক্রমণ। ওনারা বলছেন কোঠারি কমিশনের এইসব রেকমেনডেশন চলবে না, এইসব বরবাদ। দিল্লির মসনদে যিনি বসেছেন তিনি দেখছি ঐ মেহের আলীর মতন বলছেন "সব ঝুটা হ্যায়", এইসব চলবে না। মেহের আলী মডেল স্কুল চালু করবেন এবং মাননীয় সদস্য শিশির বসুর মতন এইসব শিক্ষাবিদ তৈরি করা হবে, সাহেব বাচ্চা তৈরি করা হবে, গ্রাম ভিত্তিক শিক্ষা নয়। পশ্চিমবঙ্গ সরকার যদি ৩৬ হাজার গ্রামের মধ্যে ৫০ হাজার প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার চেষ্টা করতে পারেন তাহলে কেন্দ্রীয় সরকার কেন তা করতে পারেন না? কাজেই আমি বলব, আপনারা যে শিক্ষা নীতি নিয়ে চলেছেন তার দ্বারা মানুষকে নিরক্ষর রেখে, মানুষকে শিক্ষা থেকে বঞ্চিত করে আপনারা রাজত্ব কায়েম করতে চান। তাই দেখছি, প্রধানমন্ত্রী মেহের আলীর মতন বলছেন, "সব ঝুটা হ্যায়", এইসব চলবে না, মডেল স্কুল চালু কর। কাজেই আমি বলব, মডেল স্কুল চলবে না, সাধারণ মানুষের জন্য বামফ্রন্ট সরকারের যে শিক্ষানীতি সেই শিক্ষানীতি চালু করতে হবে। সবশেষে আমার প্রস্তাবের উপর যতগুলি সংশোধনী এসেছে সবগুলির বিরোধিতা করে রাজ্যপালের ভাষণের উপর যে সমর্থন জ্ঞাপক প্রস্তাব উত্থাপন করেছি সেটার প্রতি আবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** There are 418 amendments to Governor's Address. All the amendments are in order.

**Mr. Speaker :** I now put all the amendments except amendment of Shri Kashinath Misra (Nos. 2 to 6, 8 to 15, 21 to 30, 32, 34, 334, 336 to 341, 343 to 364, 367 to 369, 371 to 382 and 385 to 399), Shri Abanti Mishra (Nos. 35 to 37, 39, 40, 42, 43, 45 to 52, 54, 55, 63 to 65 and 72 to 75), Shri Suniti Chattaraj (Nos. 77 to 79, 81, 92, 93, 95 and 98), Shri Asok Ghosh (Nos. 108 to 110, 112, to 114 and 306 to 313), Shri Anup Kumar Chandra (Nos. 115 to 121), Shri Samar Mukherjee (Nos. 122 to 126), Shri Mukul Bikash Maity (Nos. 127 to 133, 136 to 140, 143 to 161 and 163 to 172), Shri Somendra Nath Mitra (Nos. 173 to 185), Shri Abdul Mannan (Nos. 188, 192 to 201 and 321 to 333), Shri Nurul Islam Chowdhury (Nos. 203, 204, 206 to 210, 213 to 216, 218, 219 and 221), Shri Satya Ranjan Bapuli (Nos. 222 to 233), Shri Subrata Mukhopadhyay (Nos. 234 to 273), Shri Amarendra Nath Bhattacharya (Nos. 274 to 281), Shri Sisir Adhikari (Nos. 282 to 287 and 289), Shri Ambica Banerjee (Nos. 290 to 300), Shri Humayun Reza (Nos. 301 to 305), Shri Humayun Chowdhury (Nos.

315 to 320) and Shri Jokhilal Mondal (Nos. 400, 401, 403 to 406, 408, 410, 411, 413 and 416)

on which I understand Division will be taken, on vote.

The motion moved by Shri Kashinath Misra that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

1. ষষ্ঠ যোজনাতে রাজ্য সরকার আনুমানিক ১,৫০০ কোটি টাকা ব্যয় করতে না পারায় পশ্চিমবাংলার শহরাঞ্চল সহ শিল্পাঞ্চল ও গ্রামগুলির উন্নয়ন ব্যর্থ হয়েছে—তার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

7. রাজ্যের বেশিরভাগ জেলাতে বিশেষত বাঁকুড়া জেলাতে ১৫ ঘন্টা বিদ্যুৎ সরবরাহ গত এক বছর ধরে বন্ধ থাকছে—মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

16-20 বাঁকুড়া শহরে কয়েক শত ছাত্র-ছাত্রী পঞ্চম শ্রেণীতে ভর্তি হতে না পারায় শিক্ষার সুযোগ হতে যে বঞ্চিত হচ্ছে তার কারণ অনুসন্ধান করে শহরে নূতন বিদ্যালয় স্থাপন করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বাঁকুড়া জেলার কেওহাকুড়া অঞ্চলে মোলবনা গ্রামের বিবেকানন্দ স্মৃতিমন্দির জুনিয়র হাইস্কুলটিকে আজ পর্যন্ত অনুমোদন না দেওয়ার কারণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বাঁকুড়া জেলার নড়রা অঞ্চলের প্রতাপপুর দামোদর জিউ জুনিয়র হাইস্কুলকে মাধ্যমিক বিদ্যালয় রূপান্তরিত করার যে প্রস্তাব ছিল তা আজ পর্যন্ত কার্যকর না হওয়ার কারণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বাঁকুড়া পৌর এলাকার অন্তর্ভুক্ত রাহাগ্রামে নিবেদিতা বিদ্যায়তন নামক যে বে-সরকারি বিদ্যালয়টি আছে তা আজ পর্যন্ত অনুমোদন পায়নি। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

আর্থিক দুরবস্থার জন্য বাঁকুড়া জেলার বিভিন্ন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলির উন্নয়ন হচ্ছেনা। তা ছাড়া গত ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪, ১৯৮৪-৮৫ এবং ১৯৮৫-৮৬ সালে বিল্ডিং গ্র্যান্ট হিসাবে অর্থব্যয় করতে রাজ্যসরকার বিফল হয়েছেন এবং বর্তমান বছরেও ঐ জেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়গুলিকে বিশেষত শিবশঙ্কর উচ্চ বালিকা বিদ্যাপীঠ, নড়রা উচ্চমাধ্যমিক বিদ্যালয়, পুরন্দর মাধ্যমিক বিদ্যালয়, কেন্দুয়াডিহি উচ্চ বালিকা বিদ্যালয়, মানকানালী মাধ্যমিক বিদ্যালয়, মধুবন গোয়েঙ্কা বিদ্যায়তন, টাউন বয়েজ হাইস্কুল, টাউন উচ্চ বালিকা বিদ্যালয়, মিশন গার্লস হাইস্কুল, গোয়েঙ্কা বিদ্যায়তন, হিন্দু হাইস্কুল, বঙ্গবিদ্যালয় হাইস্কুল, ক্রীশ্চান কলেজিয়েট স্কুল, নামআঁচুড়ি হাইস্কুল, সেন্দরা হাইস্কুল প্রভৃতি

বিদ্যালয়গুলিকে বিল্ডিং গ্র্যান্ট না দেওয়ায় ছাত্র-ছাত্রীরা যে বিপদগ্রস্ত হয়েছে তার কোনো কথা এবং আর্থিক সাহায্যের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

31. রাজ্যের কলেজ ও হাসপাতালগুলিতে যে অ্যাম্বুলেন্স নেই মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

33. বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ৭টি অ্যাম্বুলেন্স অকেজো হয়ে আছে। কিন্তু গাড়িগুলির পরিবর্তন করার কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

The motion moved by Shri Abanti Misra that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

38. কাঁথি-দীঘা বাস রাস্তার পিছাবনী বাসস্ট্যান্ড থেকে দেপাল ভায়া ভুএ্যাজিবাড় ও নিজমৈতনা রাস্তাটি জনস্বার্থে অত্যন্ত প্রয়োজনীয়, এই রাস্তাটিকে বোল্ডার, মোরাম দিয়ে তৈয়ারি করার উদ্দেশ্যে পূর্ত বিভাগের চিফ ইঞ্জিনিয়ারের গত ৭-৮-১৯৮৫ তারিখের ৪২৫৩/৩(৩) নং অর্ডারে প্রায় ৪৮ লক্ষ টাকা বরাদ্দ হওয়া সত্ত্বেও এই রাস্তাটির কাজ আরম্ভ করা হচ্ছেনা—এ বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

41. কাঁথি'-দীঘা রাস্তা থেকে দীঘা মোহানা পর্যন্ত রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ রাস্তা, বামফ্রন্ট সরকার এ বিষয়ে বিশেষভাবে অবহিত হওয়া সত্ত্বেও রাস্তাটিকে বোল্ডার, মোরাম দিয়ে সংস্কার করছেন না—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

44. বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলাকে যে দেউলিয়া রাজ্যে পরিণত করেছে, তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

53. সমুদ্রসৈকতে "দীঘা অনুপম পর্যটন কেন্দ্র"-এ দীঘা ভ্রমণার্থীদের সংখ্যা প্রতি বছর বেড়ে চলেছে, ভ্রমণার্থীদের দীঘায় থাকার যেসব ঘর রয়েছে তাতে স্থান সঙ্কুলান হয়না। এর ফলে দীঘা ভ্রমণার্থীরা দিঘায় এসে খুবই অসুবিধায় পড়েন। এ বিষয়ে সরকারের অবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা একান্ত প্রয়োজন। এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনোও উল্লেখ নেই;

56-62 মেদিনীপুর জেলায় সরকারি প্রচেষ্টার মাধ্যমে কোনো নূতন শিল্প স্থাপনের বিষয় এবং বেকার যুবকদিগকে বিভিন্নভাবে উৎসাহিত করে তাদের উদ্যোগে নাইলন সুতার জাল ও দড়ি তৈরির কারখানা, মিনি পেপার মিল, স্পিনিং মিল এবং মিনি স্টিল প্ল্যান্ট স্থাপনের বিষয়ে কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বামফ্রন্ট সরকারের গাফিলতি ও অকর্মণ্যতার জন্য মেদিনীপুর-দেউলীহাট ও কাঁথি দেউলীহাট ভায়া ফতেপুর বাসরুটে গত কয়েক বৎসর যাবত বাস যাতায়াত বন্ধ

থাকায় শত শত বাসযাত্রী অবর্ণনীয় দুর্ভোগের সম্মুখীন হচ্ছেন—মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই;

দীঘা স্টেট.জেনারেল হসপিট্যালের আইসোলেশন ওয়ার্ড-এর জন্য পৃথক গৃহ নির্মাণ করা একান্ত প্রয়োজন কিন্তু বামফ্রন্ট সরকার এ বিষয়ে কোনো কার্যকর ব্যবস্থা গ্রহণ করছেন না। এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

মেদিনীপুর জেলার রামনগর ২নং ব্লকের অন্তর্গত বড়রাঙ্কুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অ্যাম্বুলেন্স না থাকায় স্থানীয় রোগীদের মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করার অসুবিধার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রামনগর বিধানসভা এলাকার দীঘা স্টেট জেনারেল হসপিট্যাল, বড়রাঙ্কুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, গোবরা উপ-স্বাস্থ্যকেন্দ্র, মেতনা উপ-স্বাস্থ্যকেন্দ্র এবং সাধী উপ-স্বাস্থ্যকেন্দ্রে সরকারের স্বাস্থ্য বিভাগ অনুমোদিত স্টাফ প্যাটার্ন অনুযায়ী বিভিন্ন শ্রেণীর স্টাফ না থাকায় রোগীদের চিকিৎসা ব্যবস্থা ব্যহত হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই;

আই আর ডি পি স্কীমের মাধ্যমে কর্মসংস্থান ও আর্থিক সাহায্যের যে ব্যবস্থা আছে, মেদিনীপুর জেলার রামনগর ১ ও ২ নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত বাধিয়া, বাদলপুর, মেতনা এবং কাদুয়া এই চারটি গ্রাম পঞ্চায়েত ছাড়া বাকি ১৩টি গ্রাম পঞ্চায়েতের প্রধানরা তাহা সঙ্কীর্ণ দলবাজির মধ্যে সীমাবদ্ধ রেখে, কৃষক ও কুটির শিল্পে নিযুক্ত শিল্পীদিগকে কর্মসংস্থান ও আর্থিক সাহায্য থেকে বঞ্চিত করেছে ও করছে। যে প্রকল্পে টাকা মঞ্জুর করা হয়েছে বাস্তব ক্ষেত্রে সে প্রকল্পের কিছুমাত্র কাজ দেখা যাচ্ছে না এবং দুর্নীতির অভিযোগও রয়েছে। এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

66-71 মেদিনীপুর জেলার রামনগর ১ ও ২নং ব্লকের কিছুসংখ্যক ক্ষুদ্র ও প্রান্তিক চাষী তাঁদের জমি-জায়গা, গহনা, থালাবাসন, গরুবাছুর বিক্রি করে ও বন্ধক দিয়ে নিজস্ব উদ্যোগে প্রায় ২৫০টি অগভীর নলকূপ চাষ-আবাদের জন্য বসিয়ে সেই সমস্ত অগভীর নলকূপের জলে এবং সরকারি উদ্যোগে ১৯৭৭ সালের পূর্বে চাষ-আবাদের জন্য বসানো ৩টি গভীর নলকূপের জলে যেখানে কয়েক হাজার একর জমিতে অধিক ফলনশীল ধান ভালো পরিমাণে উৎপন্ন হচ্ছে, সেক্ষেত্রে বামফ্রন্ট সরকার রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার জন্য উক্ত এলাকাকে লবণাক্ত এলাকারূপে ঘোষণা করে, উক্ত এলাকার ক্ষুদ্র ও প্রান্তিক চাষী তথা জনসাধারণকে এ বিষয়ে সর্বপ্রকার সুযোগসুবিধা থেকে বঞ্চিত করছেন—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

প্রশাসনের মধ্যে দুর্নীতির প্রতিকার এবং প্রশাসনকে দুর্নীতিমুক্ত করার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

মেদিনীপুর জেলার রামনগর ও দীঘা এলাকায় যে চরম বিদ্যুৎ সঙ্কট সৃষ্টি হয়েছে, তার

প্রতিকার সরকারি ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

মেদিনীপুর জেলার রামনগর ১নং ব্লকের অন্তর্গত দক্ষিণ রাজুনীপাট মৌজায় বিদ্যুৎ বিভাগের সাব-স্টেশনটির নির্মাণকার্য ২/৩ বছর যাবৎ বামফ্রন্ট সরকারের অকর্মণ্যতা ও গাফিলতির জন্য বন্ধ আছে, এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই।

মেদিনীপুর জেলার রামনগর ১ ও ২নং ব্লকের বিভিন্ন গ্রামে পানীয় জল সরবরাহের প্রায় ২৫০ সরকারি গভীর নলকূপ বামফ্রন্ট সরকারের অকর্মণ্যতা ও গাফিলতির জন্য সংস্কারের অভাবে অকেজো অবস্থায় গত কয়েক বৎসর যাবত পড়ে রয়েছে; এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

মেদিনীপুর জেলার ২নং ব্লকের অন্তর্গত কানপুর মৌজায় পানীয় জল সরবরাহের উদ্দেশ্যে যে গভীর নলকূপটি রয়েছে, বামফ্রন্ট সরকারের ব্যর্থতা ও গাফিলতির জন্য উক্ত গভীর নলকূপ থেকে পানীয় জল সরবরাহ করা বন্ধ আছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই;

76. ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনায় পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ সমূহ টাকা বামফ্রন্ট সরকার যে খরচ করতে পারেন নি এবং এরজন্য বামফ্রন্ট সরকারের অপদার্থতা যে প্রমাণিত হয়েছে তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motion moved by Shri Suniti Chattaraj that. উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ—

কিন্তু দুঃখের বিষয় যে—

80. বীরভূমে সিউড়ি-বোলপুর রাস্তায় সেদুয়া অঞ্চলের প্রধান রাস্তার ক্যানাল-এর উপর ব্রিজ সংস্কার করতে না পারার জন্য সরকারের দুঃখ প্রকাশের কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

82-91 বীরভূম জেলার সদর সিউড়ির আর টি গার্লস স্কুল-এর নির্বাচিত ম্যানেজিং কমিটি-কে বেআইনিভাবে বাতিল করার চেষ্টার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বীরভূম জেলার সিউড়ি সদরের বারুইপাড়ায় মহিলা মহাবিদ্যালয়টি বামফ্রন্টের শিক্ষা দপ্তরের কাছে উপযুক্ত বিচার পাচ্ছে না—এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বর্ধমান জেলার পান্ডবেশ্বর-উখরা এলাকায় কয়লাখনি অঞ্চলে জমি অধিগ্রহণ এবং কমপেনসেশন-এর টাকা মিটিয়ে দিতে ও অন্যান্য দাবি পুরণ করে কয়লাখনি অঞ্চল সুস্থ রাখতে বামফ্রন্ট সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বীরভূম জেলায় ভুরকুনা অঞ্চলে জুলুম করে গাছকাটা এবং মাছধরা নিয়ে শ্রী বৈদ্যনাথ

দে-র উপর যে অত্যাচার করা হচ্ছে তা বন্ধ করতে বামফ্রন্ট সরকারের সম্পূর্ণ ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বীরভূম জেলার সদরে নেতাজী বিদ্যালয়ে নবম এবং দশম শ্রেণী পর্যন্ত অনুমোদন না করার কারণ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বীরভূম জেলার ডি আই অব স্কুলস-এর রিপোর্ট ভালো থাকা সত্ত্বেও বীরভূমের কড়িধ্যা যদুরায় হাইস্কুলের বাইফারকেশন স্কীম-এ মহিলা স্কুল অনুমোদন না করার কারণ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১৯৭৭ থেকে আজ পর্যন্ত বীরভূমে কোনো নূতন রাস্তা তৈরি এবং পুরাতন রাস্তা মেরামত করার ক্ষেত্রে ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই

বীরভূম জেলার সেচের ব্যবস্থা সম্প্রসারণ বা নূতন সেচ প্রকল্প গ্রহণে রাজ্য সরকারের ব্যর্থতার কারণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বীরভূমে দিনে দুপুরে বাসের যাত্রীদের উপর জুলুম ও ছিনতাই বন্ধ করতে রাজ্য সরকারের ব্যর্থ হওয়ার কারণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বীরভূম তথা পশ্চিমবঙ্গের বেকার সমস্যার সমাধানের জন্য শিল্প সম্প্রসারণ ও সরকারি চাকরির ব্যবস্থা করতে রাজ্য সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন—এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

94. বীরভূমের সদর সিউড়ির ১০০ বৎসরের পুরাতন আর টি গার্লস স্কুলকে ১১/১২ ক্লাস পর্যন্ত অনুমোদিত করা হয় নাই—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

96. বীরভূম তথা পশ্চিমবঙ্গে অধিকাংশ হেল্থ সেন্টার-এ ডাক্তার অ্যাপয়েন্টমেন্ট করতে রাজ্য সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

97. বর্তমান রাজ্য সরকার কেন্দ্রের ২০-দফা কর্মসূচী রূপায়ণে ব্যর্থ হয়েছেন—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

99. কেন্দ্রীয় সরকারের দেয় টাকায় আর এল ই জি পি রূপায়ণে রাজ্য সরকারের ব্যর্থতা এবং জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতিতে চরম দলবাজি ও টাকা আত্মসাতের কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

100. বর্তমান বামফ্রন্ট সরকার নিজের দল ও দলের কর্মীদের জন্য পুলিশ ও প্রশাসনকে অপব্যবহার করছে—সেই কথার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

The motion moved by Shri Ashok Ghosh that. উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ—

কিন্তু দুঃখের বিষয় যে—

101-107 হাওড়ার রাস্তাঘাটের চরম অব্যবস্থা সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের

ভাষণে নেই;

হাওড়া পানবাজারের অগ্নিকাণ্ডের ফলে যে পরিমাণে ক্ষতি হয়েছে—তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

উত্তর হাওড়ায় কলেজ করার কোনো পরিকল্পনার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

উত্তর হাওড়ায় একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

উত্তর হাওড়ায় বাঁধাঘাট শ্মশানঘাটটির সংস্কার বা সেখানে বৈদ্যুতিক চুল্লির ব্যবস্থা সম্পর্কে কোনো উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

হাওড়া কর্পোরেশনে দুর্নীতির কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

উত্তর হাওড়ায় হরগঞ্জ বাজারটি অধিগ্রহণের পর সংস্কার করার পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

111. হাওড়ায় মাছের বাজারটি স্থানান্তর এখনও কেন হলনা এবং বর্তমানে কি পর্যায়ে আছে তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

The motion moved by Shri Mukulbikash Maity that. উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় যে—

134. কাঁথি মহকুমার বিভিন্ন ব্লকগুলিতে গভীর নলকূপ বসিয়ে চাষযোগ্য জমিতে বছরে দুবার ফসল উৎপাদন বৃদ্ধিতে সাহায্য করতে এই সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

135. কাঁথি মহকুমার জলনিকাশি ব্যবস্থার কোনো উন্নতিসাধন করতে বর্তমান সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

141. বর্তমান সরকারের ভ্রান্ত শিল্পনীতি রাজ্যে নতুন নতুন কল-কারখানা স্থাপনের পথে অন্তরায় স্বরূপ—এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

142. বর্তমান রাজ্য সরকারের অবহেলা ও অকর্মণ্যতার জন্য যে রাজ্যের হাসপাতালগুলি দুর্নীতির আখড়ায় পর্যবসিত হয়েছে—তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

162. যানজটে কাঁথি শহর বিপর্যস্ত। যানজট দূরীকরণে রাজ্য সরকার কোনো ব্যবস্থাই নেন নি। বাইপাস নির্মাণে রাজ্য সরকারের চূড়ান্ত অবহেলার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

The motion moved by Shri Abdul Mannan that. উক্ত ধন্যবাদজ্ঞাপক

প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

186. খানাকুল থানার রামচন্দ্রপুর সাবসিডিয়ারি হেলথ সেন্টারটিকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

187. খানাকুল থানার মানুষের দীর্ঘ দিনের দাবি থাকা সত্ত্বেও, কলকাতা থেকে গড়েরঘাট ও বন্দর এই দুইটি রুটে সরকারি বাস চালাবার প্রতিশ্রুতির কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

189-191 খানাকুল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

হুগলি জেলার আরামবাগ, খানাকুল-১ ও তারকেশ্বর পঞ্চায়েত সমিতি তিনটি কংগ্রেস পরিচালিত বলিয়া, রাজ্য সরকারের পৃষ্ঠপোষক, হুগলি জেলাপরিষদ ঐ পঞ্চায়েত সমিতিগুলিকে তাদের প্রাপ্য থেকে বঞ্চিত করে চলেছে। নির্বাচিত প্রতিনিধি হিসেবে ঐ পঞ্চায়েত সমিতিগুলির কাজ করার অধিকার খর্ব করে রাজ্যসরকার যে চরম বৈষম্য করছে তার কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

আরামবাগ মহকুমা হাসপাতালে চিকিৎসার কোনোও সুব্যবস্থা নেই, গ্রাম থেকে গরিব মানুষরা অসুস্থ হয়ে ঐ হাসপাতালে ভর্তি হলে তাদের বিছানা, পথ্য ও ঔষধ সরবরাহ করা হয় না। হাসপাতালের এই চরম অব্যবস্থার প্রতিকারের কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

202. শাসকদল দলীয় স্বার্থে পুলিশ প্রশাসনকে কাজে লাগানোর ফলে পুলিশ প্রশাসনে আজ চরম বিশৃঙ্খলা দেখা দিয়েছে। রাজ্যের আইনশৃঙ্খলার তাই চরম অবনতি হয়েছে—এ বিষয়ের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motion moved by Shri Nurul Islam Chowdhury that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

205. মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানার অধীন পাত বিল ও ভান্ডারদহ বিল এই দুইটি সেচাধীন এলাকাকে বড় ও মাঝারী সেচ প্রকল্পের আওতাভুক্ত করিয়া লক্ষ লক্ষ হেক্টর জমির উপযোগী সেচ সামর্থ সৃষ্টির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

211. মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানায় অবস্থিত ওয়েস্ট বেঙ্গল রুর‍্যাল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ট্রেনিং সেন্টার স্থাপনের পরিকল্পনা ভুল হওয়ায় তাহার রূপায়ণ বাতিল করা হইয়াছে। এক্ষণে উক্ত কেন্দ্র স্থাপনের জন্য জমি অধিগ্রহণ ও বিল্ডিং নির্মাণ সমাপ্ত হইয়াছে। দুরদৃষ্টির অভাবে এইভাবে সরকারি অর্থ অপচয় বন্ধে কোনো সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ বা বিকল্প কোনো ব্যবস্থা গ্রহণ সম্পর্কে

মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

12. মুর্শিদাবাদ জেলার মৃত শিল্প বেলডাঙ্গা সুগার মিল সরকার অধিগ্রহণ করিয়া আজ পর্যন্ত চালু করিতে না পারায় পশ্চিমবঙ্গ সুগার ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনে বৎসর বৎসর লোকসানের অঙ্ক স্ফীততর হইতেছে, বেলডাঙ্গা সুগার মিল চালু করিবার বা বিকল্প কোনো ব্যবস্থা গ্রহণ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

17. গত ২২-১-১৯৮৬ তারিখে ছাত্র পরিষদ সদস্য সুবলসখা ঘোষের পুত্র শ্রী উত্তমকুমার ঘোষকে মুর্শিদাবাদ জেলার বেলতলা থানার অধীন কামনগর গ্রামে আর এস পি দলের লোকজন হত্যা করিয়াছে। পুলিশের নিকট নির্দিষ্ট অভিযোগ দায়ের করা সত্ত্বেও আসামিগণকে ধরা হইতেছে না। পক্ষপাতদুষ্ট প্রশাসনকে নিরপেক্ষ করিবার কোনো সঠিক প্রয়াসের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

20. মুর্শিদাবাদ জেলা পরিষদের সভাপতি মহাশয়ের নির্দেশে নবগ্রাম থানার যে জায়গায় গভীর নলকূপ বসানো হইতেছিল সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত প্রধান কংগ্রেসিরা বেশি উপকৃত হইবে এই অজুহাতে সেখানে গণ-আন্দোলন, বিক্ষোভ ইত্যাদি সংগঠিত করিয়া গভীর নলকূপ বসাইবার কাজ বন্ধ করিয়া দিয়াছে। ইহা দূরীকরণের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

The motion moved by Shri Sisir Adhikary that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের যে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

17. বর্ধমান জেলাতে জেলা হাসপাতালের জন্য জমি দিতে রাজ্য সরকার ব্যর্থ এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

The motion moved Shri Humayun Chowdhuy that উক্ত ধন্যবাদজ্ঞাপক স্তাবের শেষে নিম্নলিখিত বিষয়গুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

4. মালদা জেলায় রেশম শিল্পের উন্নতির জন্য কেন্দ্রীয় সরকার উদ্যোগী হলেও রাজ্য সরকারের সহযোগিতা না থাকার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

6. উত্তরবঙ্গ এলাকায় শিল্প স্থাপনের কোনো পরিকল্পনার কথার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

7. মালদা ও মুর্শিদাবাদ জেলার বিড়ি শ্রমিকদের স্বার্থে কেন্দ্রীয় সরকারের 'আইডেনটিটি কার্ড' চালু করার প্রস্তাবকে রাজ্য সরকার কর্তৃক বাধাদানের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

The motion moved by Shri Kashinath Misra that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ—

কিন্তু দুঃখের বিষয় যে—

335. বাঁকুড়া জেলায় নেহেরু যুবকেন্দ্রের টাকা গত তিন বছর ধরে কি কি কারণে ফেরত যাচ্ছে তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

342. মেদিনীপুর খাল সংস্কারের জন্য রাজ্য সরকারের সেচ দপ্তর যে ব্যর্থ হয়েছেন তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

365. বিষ্ণুপুর শহরে প্রাচীনতম এবং যোগ্যতাসম্পন্ন বালিকা বিদ্যালয়টি (শিবদাস গার্লস স্কুল) বার বার আবেদন করা সত্ত্বেও উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠনপাঠনের অনুমতি আজ পর্যন্ত পায় নি—মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

366. বাঁকুড়া কালেক্টরেটে একজন গ্রুপ ডি কর্মী একজন স্বাধীনতা সংগ্রামী। তার চাকুরির সাধারণ সীমা উত্তীর্ণ হওয়ার পর আরও দু-বছর কাল চাকুরি করার অধিকারী, কিন্তু অবসরগ্রহণের প্রায় সাত মাস আগে তিনি এই এক্সটেনশন-এর জন্য আবেদন করা সত্ত্বেও এক্সটেনশন আজ পর্যন্ত না হওয়ার কারণ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

370. বাঁকুড়া জেলার সবচেয়ে সাহসী, সৎ এবং কর্মঠ একজন এস আই যিনি দুঃসাহসিকতা ও কাজে যোগ্যতা দেখিয়ে রাষ্ট্রপতি পদক পেয়েছেন এবং যাঁর অবসর গ্রহণের মাত্র কয়েকটা বছর বাকি আছে তাঁকে দীর্ঘদিন তালডাঙরার মতো নির্জন এলাকাতে রাখার কারণ সম্পর্কে কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

383. বাঁকুড়া জেলার কর্মহীন বিড়ি শ্রমিকেরা নিজেদের প্রচেষ্টাতে যেভাবে শ্রমদিবস তৈরি করে অর্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছেন তার প্রতিকারের জন্য বন্ধ কারখানাগুলি খোলার জন্য স্থানীয় প্রশাসনের সমস্ত উদ্যোগ ব্যর্থ হওয়াতেও শ্রমিকরা বাঁচার জন্য যে প্রচেষ্টা চালাচ্ছেন তা সুরক্ষার চেষ্টা রাজ্য সরকার আজ পর্যন্ত করেন নাই। বিড়ি শ্রমিকদের কর্মসংস্থান সহ নানান সুযোগ-সুবিধা নূতন বিশ-দফা কর্মসূচীতে দেওয়া এবং চিকিৎসা সহ অন্যান্য আর্থিক ব্যাপারে কেন্দ্রীয় সরকার যে ব্যবস্থা নিয়েছেন তা রাজ্য সরকারের প্রত্যক্ষ অসহযোগিতার জন্য বিড়ি শিল্প বাঁকুড়াতে ধ্বংস হবার মুখে। এ সম্পর্কে কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

384. অনুন্নত বাঁকুড়া জেলার মেজিয়াতে ডি ভি সি-র মাধ্যমে ৬৩০ মেগাওয়াট তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপন কেন্দ্রীয় সরকার সপ্তম পরিকল্পনাতে গ্রহণ করেছেন রাজ্য সরকার এ ব্যাপারে কি কি সহযোগিতা করবেন তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

The motion moved by Shri Jokhilal Mondal that উক্ত ধন্যবাদজ্ঞাপক

প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

402. মালদহ জেলার চাচলে মহকুমা গঠনের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

407. জুনিয়ার হাই, হাই এবং এইচ এস স্কুলে পাঠরত প্রত্যেক এস সি এবং এস টি ছাত্রছাত্রীকে বুক গ্র্যান্ট এবং মেনটেনান্স গ্র্যান্ট বৃদ্ধি করা সম্পর্কে কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

409. মালদহ জেলার ইংলিশবাজার পৌরসভার নির্বাচন দীর্ঘদিন ধরে না হওয়ার কারণ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

412. মানিকচক কেন্দ্রের ভূতনী দিয়াড়ায় ৫০,০০০ লোকের বাস। অথচ সেখানে কোনো পাকা রাস্তা নেই। ভূতনীতে তিনটি গ্রাম পঞ্চায়েত, তিনটি হাইস্কুল, দুইটি ব্যাঙ্ক, একটি পুলিশ আউটপোস্ট, সাতটি ব্রাঞ্চ পোস্ট অফিস, একটি এস এইচ সি ও অন্যান্য প্রতিষ্ঠান আছে। অথচ যোগাযোগ ব্যবস্থা নেই। এ সম্পর্কে কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

414. মালদহ জেলার মানিকচক থানার অন্তর্গত গদাই এবং সমস্তিপুর মৌজায় অনেক জমি উঠেছে। এই সমস্ত জমি অন্যায়ভাবে বে-দখল করা হয়েছে। প্রকৃত চাষী দখল পাচ্ছে না। পশ্চিমবঙ্গ সরকার এবং বিহার সরকারের মধ্যে সীমানা নিয়ে গোলমাল চলছে। পশ্চিমবঙ্গ সরকারের খাজনা আদায় হচ্ছে না। জমি দখল নিয়ে ও ফসল কাটা নিয়ে প্রতি বছর গোলমাল ও মারপিট হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া সম্পর্কে কোনা উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

415. মালদহ জেলার গাজোল এবং হাবিবপুর বামনগোলা ব্লক এস পি অ্যান্ড এস টি অধ্যুষিত এলাকার জন্য বরাদ্দ টাকা ফেরত যাচ্ছে। বরাদ্দ টাকা কি কারণে খরচ হয় নি তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

417. মালদহ জেলার বিভিন্ন এলাকায় গঙ্গানদী ও ফুলহর নদীর ভাঙ্গনে অনেক লোকবসতি ও কৃষিজমি নদীতে বিলীন হয়েছে। মানিকচক থেকে ফরাক্কা পর্যন্ত গঙ্গা ভাঙ্গন রোধের ব্যবস্থা করতে হবে। এসবের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

418. মালদহ জেলার আম ও রেশমের জন্য আজ পর্যন্ত বড় ধরনের কোনো পরিকল্পনা নেওয়া হয় নি। রেশম কাপড়ের প্রিন্টিং কারখানা হওয়া দরকার। বেআইনিভাবে আমগাছ কাটা হচ্ছে। আম বাগান কমে যাচ্ছে। প্রয়োজনীয় ব্যবস্থার অভাবে আম শিল্প নষ্ট হয়ে যাচ্ছে। এসবের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

Were then put and lost.

The motion moved by Shri Kashinath Misra that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

2-6 ষষ্ঠ যোজনাতে রাজ্য সরকার আনুমানিক ১,৫০০ কোটি টাকা ব্যয় করতে না পারায় পশ্চিম বাংলার শহরাঞ্চল সহ শিল্পাঞ্চল ও গ্রামগুলির উন্নয়ন ব্যর্থ হয়েছে—তার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

ষষ্ঠ যোজনাতে গ্রাম বাংলার উন্নয়নের জন্য কত ব্যয় হয়েছে তার বিস্তারিত বর্ণনা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিম বাংলাতে কেন্দ্রের নূতন বিশ দফা কর্মসূচীর মাধ্যমে রাজ্যের জেলাগুলিতে অনুন্নত সম্প্রদায়ের, বিশেষত তফসিলি, আদিবাসী, সংখ্যালঘু সম্প্রদায় সহ লক্ষ লক্ষ বেকার যুবক-যুবতীদের জন্য কর্মসংস্থানের যে ব্যবস্থা ছিল সে বিষয়ে কোনো কার্যকর ব্যবস্থা গ্রহণ না করার জন্য উদ্বেগ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের বন্ধ কলকারখানা খোলার জন্য যেসকল ব্যবস্থা রাজ্য সরকারের করার কথা তা গত ৮ বছরে কার্যকর না হওয়াতে কয়েক লক্ষ শ্রমিক-কর্মচারী অনাহারে দিনযাপন করছেন। তাঁদের রক্ষার জন্য এবং বন্ধ কলকারখানা খোলার জন্য আজ পর্যন্ত যে কোনো ব্যবস্থা হয় নি মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

পশ্চিমবাংলার গ্রামীণ বৈদ্যুতীকরণ রাজ্যের জেলাগুলিতে বিশেষত বাঁকুড়া জেলায় ২৫ শতাংশের বেশি না হওয়ার কারণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

8-15 রাজ্যের শিল্পাঞ্চল সহ নূতন শিল্পাঞ্চলগুলির ক্রমবিকাশ ব্যাপক বিদ্যুতের অভাবে বিঘ্নিত হচ্ছে—তা প্রতিকারের জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

অনুন্নত শিল্পবিহীন এলাকাগুলিতে কেন্দ্রীয় সরকার শিল্প স্থাপনের জন্য শিল্পবিহীন এলাকা হিসাবে ঘোষণা করে ব্যাপকভাবে শিল্প স্থাপনের চেষ্টা করছেন। কিন্তু রাজ্য সরকার ঐসব শিল্পবিহীন এলাকাতে শিল্প স্থাপনের উপযুক্ত আবহাওয়া তৈরি করতে পারেন নি—তার কারণ মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে দীর্ঘ দিন ধরে যে অচলাবস্থা চলছে মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলি বিশেষত এশিয়ার মধ্যে সর্বশ্রেষ্ঠ কলিকাতা বিশ্ববিদ্যালয়ে যে দুরবস্থা এবং যে বিশৃঙ্খলা চলছে তা দূর করতে না পারার কারণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আর্থিক দুরবস্থার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে শৃঙ্খলা না থাকার জন্য বিভিন্ন পরীক্ষার ফলাফল সময়মতো প্রকাশ ও বিভিন্ন পরীক্ষাগুলি ঠিক সময়ে হতে পারছে না। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির আর্থিক দুরবস্থা সহ যে অচল অবস্থা চলছে এবং কর্মচারী ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মধ্যে যে লড়াই চলছে তার উপশমের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে রাজ্য সরকারের ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

রাজ্যের জেলাগুলিতে অপর্যাপ্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে এবং মহাবিদ্যালয়ে ছাত্র-ছাত্রীরা ভর্তির সুযোগ হতে বঞ্চিত হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই;

21-30 গ্রামবাংলাতে বিশুদ্ধ পানীয় জলের সুব্যবস্থা করার জন্য কেন্দ্রীয় সাহায্যে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই স্কীমগুলির ব্যাপারে রাজ্য সরকার তৎপর না হওয়াতে বহু টাকা অপচয় হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তার উল্লেখ নেই;

রাজ্যের হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার, কর্মচারী ও ওষুধের অভাবে যে দুরবস্থা দেখা দিয়েছে তার প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কুষ্ঠ নির্মূল করার জন্য কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকা ব্যয় করা সত্ত্বেও রাজ্যের কুষ্ঠ হাসপাতালগুলিতে এবং জেনারেল হাসপাতালে কুষ্ঠ চিকিৎসার অব্যবস্থা ও ডাক্তারের অভাবে সমস্ত কর্মসূচী রূপায়ণে বাধা এবং কুষ্ঠ রোগীদের স্বয়ংসম্পূর্ণ করতে রাজ্য সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

নেগেটিভ কুষ্ঠ রোগীদের পুনর্বাসন করার জন্য কেন্দ্রীয় সরকারের দেয় টাকার সদ্ব্যবহার না হওয়াতে নেগেটিভ কুষ্ঠ রোগীরা আজ অসহায়ভাবে ও অনাহারে দিন কাটাচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনোও উল্লেখ নেই;

রাজ্যের বিড়ি শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি চালু করতে রাজ্য সরকার যে ব্যর্থ হয়েছেন এবং রাজ্যের কয়েক লক্ষ বিড়ি শ্রমিক আজ যে অনাহারে দিনযাপন করছে মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনোও উল্লেখ নেই;

পশ্চিম বাংলার রাস্তাঘাটগুলির দুর্দশা মোচন করতে রাজ্য সরকার যে ব্যর্থ হয়েছেন তার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

রাজ্যের পরিবেশকে বিশুদ্ধ করার জন্য যে সকল আইন আছে তা শিল্পাঞ্চলের কলকারখানার মালিকদের প্রতি প্রয়োগ না করাতে গঙ্গা নদী সহ হুগলি নদী, চূর্ণী নদী, দামোদর, তিস্তা, দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী প্রভৃতি নদ-নদীর জল দূষিত হচ্ছে এবং ফলে রাজ্যের অধিবাসীরা নানা রোগে আক্রান্ত হয়ে মৃত্যুমুখে পতিত হচ্ছে তার প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বনাঞ্চল তৈরির জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের মাধ্যমে যে অর্থ ব্যয় করেছেন তাতে রাজ্যের ৩৩ শতাংশ বনাঞ্চল তৈরির প্রস্তাব কার্যকর হয় নি। যেভাবে বার্ষিক বৃষ্টির পরিমাণ হ্রাস পাচ্ছে তাতে নূতন বিশ-দফা পরিকল্পনাতে বনাঞ্চল তৈরির জন্য যে কার্যসূচী গ্রহণ করা হয়েছে তা রাজ্যের জেলাগুলিতে কার্যকর

হয় নি কিন্তু কোটি কোটি টাকা ব্যয় করা হয়েছে। এ ব্যাপারে রাজ্য সরকার বিস্তারিত তথ্য প্রকাশে যে ব্যর্থ হয়েছেন মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনোও উল্লেখ নেই;

রাজ্যের শাসক দল গ্রামে-গঞ্জে যেভাবে জমি লুঠ, ফসল লুঠ, অগ্নিসংযোগ, খুন, জখম করে যে গৃহযুদ্ধ বাধাচ্ছে, অন্যান্য বিরোধী দলগুলির উপর আক্রমণ করছে, শ্রমিক অসন্তোষ বৃদ্ধি করে গ্রামে গ্রামে লেবার বয়কট চালাচ্ছে, এসব হিংসাত্মক কার্যকলাপ বন্ধ করতে রাজ্য সরকার যে ব্যর্থ হয়েছেন তার কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের কলেজ ও হাসপাতালগুলিতে যে অ্যাম্বুলেন্স নেই মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

32. অপ্রতুল অর্থ বরাদ্দের জন্য রাজ্যের হাসপাতাল, কলেজ, স্বাস্থ্যকেন্দ্রগুলির জন্য যে গাড়ি ও অ্যাম্বুলেন্স আছে তা দিয়ে তা চালান দুষ্কর হয়ে উঠেছে, এই বরাদ্দীকৃত অর্থের পরিবর্তন করার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

34. রাজ্যের পরিবহনের যে বেহাল অবস্থা মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনোও উল্লেখ নেই;

35-37

The motion moved by Shri Abanti Misra that উক্ত ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক—কিন্তু দুঃখের বিষয় পশ্চিমবঙ্গে পাইকারী হারে খুন-জখম, দাঙ্গা-হাঙ্গামা, চুরি, ব্যাঙ্কডাকাতি ও নারীধর্ষণের ঘটনা প্রমাণ করছে পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতি ঘটেছে। এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

নিরপেক্ষভাবে আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশ বাহিনীর ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

দিঘা স্টেট জেনারেল হসপিটালে শল্য চিকিৎসক, স্ত্রীরোগ বিশেষজ্ঞ, রেডিওলজিস্ট এবং প্যাথলজিস্ট নেই—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

39. পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তাঁদের শাসনকালে সরকারি জি ও না মেনে অবৈধভাবে তাঁদের দলের ক্যাডার ও সমর্থকদের চাকুরিতে যে নিয়োগ করছেন বা নিয়োগ করার জন্য নির্দেশনামা বিভিন্ন প্রতিষ্ঠানে পাঠাচ্ছেন, তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

40. অপারেশন বর্গা পশ্চিম বাংলার গ্রামের মানুষের জীবন অতিষ্ঠ ক'রে তুলেছে এবং ভূয়া বর্গা সৃষ্টি করে বামফ্রন্ট সরকারের একটি সংখ্যাগরিষ্ঠ দল কৃষকদের উপর যে অত্যাচার চালাচ্ছে তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

42. সমুদ্রসৈকতে "দীঘা অনুপম পর্যটন কেন্দ্র"টিকে ভ্রমণার্থিদের নিকট আকর্ষণীয় করে তোলার জন্য যে পরিমাণ অর্থ বরাদ্দ করা একান্ত প্রয়োজন বামফ্রন্ট সরকার সে পরিমাণ অর্থ দীঘা উন্নয়নের জন্য বরাদ্দ করছেন না—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

43. বামফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারের নিকট হতে পশ্চিম বাংলার জন্য আগামী আর্থিক বছরে যে ৭৫০ কোটি টাকা চেয়েছিল কেন্দ্রীয় সরকার আরও ২৬ কোটি টাকা পশ্চিম বাংলার জন্য অতিরিক্ত বরাদ্দ করেছেন; দুঃখের বিষয় কেন্দ্রীয় সরকারের এই মহানুভবতার জন্য বামফ্রন্ট সরকারের যে কৃতজ্ঞতাটুকু প্রকাশ করা দরকার তাও করেন নি—এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

45-32 কালোবাজারি ও মজুতদারদের শাস্তিবিধানে রাজ্য সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বামফ্রন্ট সরকার নিজেদের অকর্মণ্যতা ও অপদার্থতা ঢাকবার জন্য কেবলমাত্র কেন্দ্রীয় সরকারের উপর সমস্ত দোষ চাপিয়ে পশ্চিম বাংলার জনসাধারণের মনে বিভ্রান্তি সৃষ্টির যে অপচেষ্টা করছেন—তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

ভূগর্ভস্থ জলকে চাষের কাজে বিশেষত অনুন্নত এলাকাকে উন্নত করার জন্য যে পরিকল্পনা দীর্ঘদিন ধরে নেওয়া হয়েছে তা বাস্তবে রূপায়িত করার ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের গাফিলতি ও ত্রুটির কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

শাসকদলভুক্ত গরিষ্ঠ দলের আশ্রয়পুষ্ট সমাজবিরোধীরা পুলিশের মদতে কলকাতা তথা গ্রামবাংলার প্রতিটি ক্ষেত্রে নিরীহ মানুষ ও কংগ্রেস কর্মীদের উপর হামলা চালাচ্ছে। এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিম বাংলার বেকার যুবকদের অন্নসংস্থানের উদ্দেশ্যে নতুন নতুন শিল্প স্থাপন করার প্রয়োজনীয়তা অনুধাবনে বামফ্রন্ট সরকার যে ব্যর্থ হয়েছে তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার, নার্স, অন্যান্য কর্মচারী, অ্যাম্বুলেন্স ও ঔষধের অভাবে গরিব মানুষ ন্যূনতম চিকিৎসা পাচ্ছেন না। এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

পশ্চিম বাংলায় বে-আইনি চোলাই মদের ব্যবসা বন্ধ করতে বামফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছে, যার ফলে আবগারি বিভাগে রেভিনিউ আদায় কমে যাওয়ার আশঙ্কা রয়েছে—মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই;

গ্রামীণ অর্থনৈতিক উন্নতির জন্য গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্প সুষ্ঠু রূপায়ণে বামফ্রন্ট সরকারের ব্যর্থতার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

54. পশ্চিম বাংলার খেটে-খাওয়া মানুষের অন্নসংস্থানের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের দেওয়া লক্ষ লক্ষ টাকা, গম ও চাল বামফ্রন্ট সরকারের একটি সংখ্যাগরিষ্ঠ দলের দ্বারা পরিচালিত গ্রাম পঞ্চায়েতের প্রধানরা আত্মসাৎ করেছে ও করছে। এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

55. পশ্চিম বাংলার কৃষি, শিল্প ও শিক্ষার প্রগতির উদ্দেশ্যে কোনোও সক্রিয় ভূমিকা বা চেষ্টা বামফ্রন্ট সরকারের নেই। এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

53. পশ্চিমবঙ্গের সমস্ত বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়, উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়গুলোতে নৈরাজ্য চলছে। কোথাও শিক্ষার পরিবেশ নেই। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

বর্তমান সরকারের আমলে পুলিশ কর্মচারিদের পাশাপাশি দুটি সংগঠন থাকায় তাদের মধ্যে বন্ধুত্ব ও প্রীতি সম্পূর্ণ বিলুপ্তির মুখে। ফলে সাধারণ মানুষ নিরাপত্তা থেকে বঞ্চিত। নিরীহ কর্মচারিরাও রাজনৈতিক শিকার হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর সম্পর্কে কোনো উল্লেখ নেই;

পশ্চিমবঙ্গের প্রশাসনকে দলীয় স্বার্থে ব্যবহার করে বামফ্রন্ট সরকারের একটি শরিক দল গণতন্ত্রকে বিপন্ন করে তুলেছে এবং সরকারি ক্ষমতা শান্তিপ্রিয় মানুষের বিরুদ্ধে প্রয়োগ করা হচ্ছে। এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

72-75 পশ্চিমবঙ্গে নন-ফরমাল এডুকেশনের শিক্ষক ও শিক্ষয়িত্রীদের ভবিষ্যতের কোনো ভালো পরিকল্পনা বা তাঁদের বেতন-কাঠামোর পরিবর্তনের চিন্তাধারার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিম বাংলায় গত ১৯৭৭ সাল থেকে জেলার স্কুল বোর্ডগুলির নির্বাচনকে উপেক্ষা করে গণতান্ত্রিক অধিকারকে খর্ব করা হচ্ছে। তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করা এবং শাসক দলের (বামফ্রন্ট) শক্তি বাড়ানোর জন্য প্রাথমিক বিদ্যালয়গুলিতে দলের ক্যাডারদের শিক্ষক ও শিক্ষয়িত্রী পদে নিয়োগ করা হয়েছে এবং হচ্ছে। এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বামফ্রন্ট সরকার পশ্চিম বাংলায় বাসনশিল্পের মাধ্যমে কর্মকার শ্রেণী সহ বাসনশিল্পীদের রক্ষার উদ্দেশ্যে কোনো সুব্যবস্থা বা পরিকল্পনা রচনা করতে ব্যর্থ হয়েছেন। এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

The motion moved by Shri Suniti Chattaraj that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

77. পশ্চিমবঙ্গে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য দূর করে সুব্যবস্থা ফিরিয়ে আনার কোনোও আশ্বাস মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গের বর্তমান বামফ্রন্ট সরকার সিক্সথ প্ল্যান-এর বরাদ্দীকৃত সমস্ত টাকাটা খরচ করতে না পারার কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কলিকাতা বিশ্ববিদ্যালয় ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনার জন্য বামফ্রন্ট সরকারের কোনোও দুঃখ প্রকাশের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

81. পশ্চিমবঙ্গের বেকার সমস্যা সমাধানের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

92. পশ্চিমবঙ্গে গ্রামীণ বৈদ্যুতীকরণে রাজ্য সরকারের সম্পূর্ণ ব্যর্থ হওয়ার কারণ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

93. গত ১১ই ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গে বামফ্রন্টের ডাকা বন্ধের সময় মহামায়া কালীঘাটের মন্দিরে গুন্ডা বাহিনীর জুলুমবাজি বন্ধ করতে রাজ্য সরকার ব্যর্থ হওয়ার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

95-98 বিভিন্ন বিভাগের বাজেট বরাদ্দের টাকা খরচ করতে না পেরেও বামফ্রন্ট সরকার রাজনৈতিক শ্লোগান হিসাবে রাজ্যের হাতে অধিক ক্ষমতা চায় মাননীয় রাজ্যপালের ভাষণে এর উল্লেখ নেই;

দুর্গাপুর স্টেট ডেয়ারির স্ট্যান্ডার্ড মিল্ক-এর উৎপাদন ডেইলি ১৮ হাজার লিটার-এর পরিবর্তে বর্তমানে ১০ হাজার লিটার-এ নেমে আসার কারণ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

108-110

The motion moved by Shri Ashok Ghosh that উক্ত ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—কিন্তু দুঃখের বিষয় যে—হাওড়া সমবায়িকাটি খোলার ব্যাপারে সরকারি উদ্যোগের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

হাওড়া কর্পোরেশনের গরিব কর্মচারিদের মাহিনা কাটার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা নিয়ে রাজনীতি চলার ফলে শিক্ষার ক্ষেত্রে যে চরম অব্যবস্থা চলছে তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

112-114.

পুলিশ নিয়ে দলবাজি হওয়ার ফলে সাধারণ মানুষ আজ সন্ত্রস্ত—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সিটু ইউনিয়নের দৌরাত্ম্যে হাওড়ার ছোটো ছোটো কারখানাগুলির নাভিশ্বাস উঠেছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

লোড-শেডিংয়ের ফলে সাধারণ মানুষের অবস্থা চরম সঙ্গীন, ছোটো ছোটো ব্যবসায়ী ও শ্রমিকদের অবস্থাও করুণ—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motion moved by Shri Anup Kumar Chanda that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

115-121.

বিভিন্ন থানা লক-আপে কতজনকে পুলিশ পিটিয়ে মেরে ফেলেছে তার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সি সি আর না পাওয়ায় হাজার হাজার কর্মীর প্রমোশন হচ্ছে না—এ সম্পর্কে কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

লালবাজারে সাংবাদিকদের প্রবেশ নিষেধের জন্য অগণতান্ত্রিক ফরমানের বিষয়ে কোনো উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গের যোজনার ইতিহাসে চাহিদার থেকে বেশি কেন্দ্রীয় বরাদ্দের জন্য কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদের কথা রাজ্যপালের ভাষণে নেই;

বিশ্ববিদ্যালয়গুলিতে উপাচার্যদের সঙ্গে বৈঠকের সময় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, "বিশ্ব-বিদ্যালয়গুলিতে আইনশৃঙ্খলা রক্ষা করা না গেলে বিশ্ববিদ্যালয়গুলি বন্ধ করে দেওয়া হবে"—এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সরকারি হোম ধ্রুবাশ্রম থেকে মাঝে মাঝেই বেশ কিছু ছেলে নিখোঁজ হয়—এ সম্পর্কে কোনো উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

ষষ্ঠ যোজনা রূপায়ণে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা সত্ত্বেও সপ্তম যোজনায় চাহিদার থেকেও বেশি বরাদ্দের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে কোনোও উল্লেখ নেই।

The motion moved by Shri Samar Mukherjee that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

122-126.

কি গ্রাম কি শহর সর্বত্র সরকারি স্বাস্থ্যকেন্দ্রগুলিতে চলেছে চরমতম অরাজকতা ও নৈরাজ্য। হাসপাতালগুলির রক্ষণাবেক্ষণে স্বাস্থ্য দপ্তরের পুরোপুরি ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

এ রাজ্যে আইনের অনুশাসন বলতে কিছুই নেই, সর্বত্র চলেছে, অরাজকতা, চুরি,

ডাকাতি, ছিনতাই-এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

প্রতিবন্ধী ও দুর্বলতর মানুষদের অর্থনৈতিক পুনর্বাসন ও কর্মসংস্থানের ব্যাপারে রাজ্য সরকার চূড়ান্তভাবে ব্যর্থ হয়েছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

ষষ্ঠ যোজনায় কেন্দ্রীয় সরকারের দেয় বারোশত কোটি টাকা খরচ করতে না পারায় রাজ্য সরকারের চূড়ান্ত ব্যর্থতা-এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলি আজ রাজনৈতিক আখড়ায় পরিণত। শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে সুস্থির অবস্থা ফিরিয়ে আনার ব্যাপারে শিক্ষা দপ্তরের ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motion moved by Shri Mukul Bekash Maity that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

127-133.

পশ্চিমবঙ্গের উন্নতি বিধানে বিগত আট বছরে কেন্দ্রীয় সরকারের দেওয়া কোটি কোটি টাকা রাজ্যের বর্তমান সরকার খরচ করতে না পেরে ফেরত পাঠিয়ে রাজ্যকে বঞ্চিত করেছেন—এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

আগামী বৎসরে রাজ্য সরকারের চাহিদার চেয়েও যোজনা কমিশন যে ২৬ কোটি টাকা বেশি বরাদ্দ করেছেন—তার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপনের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গে বিদ্যুতের বর্তমান বেহাল অবস্থা, লোডশেডিং প্রভৃতির জন্য যে বর্তমান রাজ্য সরকারের ভ্রান্তনীতি দায়ী—তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কেন্দ্রীয় সরকারের যথাযথ সাহায্য সত্ত্বেও গ্রামীণ বৈদ্যুতিকীকরণে বর্তমান রাজ্য সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ—এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বিশৃঙ্খলা সৃষ্টি ক'রে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য সৃষ্টি করার জন্য যে বর্তমান রাজ্য সরকার দায়ী—তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বর্তমান রাজ্য সরকারের সেচ বিভাগের তৎপরতার অভাবে যে শস্য উৎপাদন ব্যাহত হচ্ছে—তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বন্যা নিয়ন্ত্রণে বর্তমান রাজ্য সরকারের দূরদর্শিতার অভাবই যে হাজার হাজার হেক্টর চাষের জমিকে জলমগ্ন ক'রে শস্যহানি ঘটাচ্ছে—তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

136-140.

পল্লী-অঞ্চলে ও শহরাঞ্চলে পানীয় জল সরবরাহ করতে বর্তমান রাজ্য সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

নতুন নতুন স্কুল খুলে ছাত্রভর্তি সমস্যা দূরীকরণে বর্তমান সরকার উল্লেখযোগ্য ভূমিকা নেন নি—এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

গ্রামাঞ্চলের বহুস্থানে প্রাইমারি, সেকেন্ডারি ও উচ্চমাধ্যমিক স্কুলের প্রয়োজন থাকা সত্ত্বেও বর্তমান রাজ্য সরকার ঐ সমস্ত স্কুল স্থাপনে কোনোরূপ ব্যবস্থা গ্রহণ করেন নি—তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গের প্রতি মহকুমার অন্তত একটি ক'রে মহিলা কলেজ স্থাপনের প্রয়োজনীয়তা থাকা সত্ত্বেও বর্তমান রাজ্য সরকার ঐ বিষয়টিকে উপেক্ষা ক'রে চলেছেন—এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

ক্রমবর্ধমান বেকার সমস্যার স্থায়ী সমাধানে বর্তমান রাজ্য সরকার কোনো দৃঢ় পদক্ষেপ নেন নি—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

143-161.

প্রয়োজনের তুলনায় রাজ্যে হাসপাতালের সংখ্যা অনেক কম থাকা সত্ত্বেও বর্তমান রাজ্য সরকার নিষ্ক্রিয় রয়েছেন—এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বর্তমান রাজ্য সরকার নিজেদের অকর্মণ্যতা ঢাকার জন্য কেন্দ্রীয় সরকারকে অযথা দোষারোপ করছেন—এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বর্তমান রাজ্য সরকার বন্‌ধ ডেকে দেশের অগ্রগতিকে ব্যাহত করছেন এবং জনসাধারণের প্রভূত ক্ষতিসাধন করছেন—তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

ভূয়া বর্গা-পাট্টা ক'রে গ্রামাঞ্চলের শান্তি-শৃঙ্খলাকে ব্যাহত করার জন্য বর্তমান রাজ্য সরকার দায়ী—তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা বলে কিছু নেই। এখানে জঙ্গলের রাজত্ব চলছে। খুন, রাহাজানি, নারীধর্ষণ এখানে নিত্য-নৈমিত্তিক ঘটনা—এ সবের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের পূর্ত দপ্তরের অকর্মণ্যতার জন্য গ্রামাঞ্চলে ও শহরাঞ্চলে রাস্তাঘাটের বেহাল অবস্থা—এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

এ রাজ্যের পুলিশ প্রশাসনকে সম্পূর্ণভাবে দলীয় স্বার্থের কাজে লাগানো হচ্ছে। পুলিশকে দলীয় ক্যাডার বানিয়ে কংগ্রেস সমর্থকদের উপর নিপীড়ন, অত্যাচার ও হয়রানি করানো হচ্ছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্য সরকারের অবহেলায় রেশনিং বন্টন ব্যবস্থা সুষ্ঠুভাবে না হওয়ার মানুষ নানারকম অসুবিধার সম্মুখীন—এ বিষয়ের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে

নেই;

রাজ্যের সর্বত্র প্রকাশ্যে অশ্লীল পুস্তক বিক্রয় ও বে-আইনি ভি. ডি. ও-র মাধ্যমে অশ্লীল ছবি প্রদর্শিত হচ্ছে, অপসংস্কৃতি বর্ধমান, মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই;

এ রাজ্যের পরিবহনে ব্যবস্থা বিপর্যস্ত। সরকারি পরিবহনগুলি অধিকাংশ অকেজো। সরকারি পরিবহন নিগমে সরকারি ব্যর্থতায় চূড়ান্ত ক্ষতি চলেছে। যানবাহন চলাচলে কোনোরূপ শৃঙ্খলা নেই। এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গে কুটির শিল্প স্থাপনের ব্যাপারে রাজ্য সরকার নিষ্ক্রিয়। এর মাধ্যমে বেকার যুবকদের স্বনির্ভর করে তুলতে রাজ্য সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গ সরকারের মুখপত্র পশ্চিমবঙ্গ পত্রিকা একটি বিশেষ রাজনৈতিক দলের মতবাদ ও আদর্শ প্রচারে রত। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

রাজ্য সরকার যথাযথ সম্পদ সংগ্রহ না করা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের প্রতি কোনোরকম বৈষম্যমূলক আচরণ করেন নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনোরূপ উল্লেখ নেই;

রাজ্যের কর্মসংস্থানে বামফ্রন্ট সরকার চূড়ান্ত দলবাজি চালিয়ে যাচ্ছেন, কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলি থেকে বিশেষ রাজনৈতিক দলের নাম পাঠানো হচ্ছে, কোনোরূপ অগ্রাধিকার মানা হচ্ছে না, এ বিষয়ে কোনোরূপ উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সারা রাজ্যে মহকুমা শহরগুলিতে কারিগরী কলেজ স্থাপনের ব্যাপরে রাজ্য সরকারের কোনো উদ্যোগ অতীতেও ছিল না, ভবিষ্যতেও নেই—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

গ্রামাঞ্চলগুলিতে পোলিও প্রতিষেধক কেন্দ্রের অভাবে দৈহিক প্রতিবন্ধকতা ক্রমবর্ধমান, প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রে পোলিও প্রতিষেধক কেন্দ্র স্থাপনের ব্যাপারে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সংস্কৃত শিক্ষার প্রচার ও প্রসারে রাজ্য সরকার নির্লিপ্ত, রাজ্যের টোলগুলিতে পাঁচ বছরেরও অধিক পরীক্ষা হয় নি, এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

প্রতিটি গ্রামপঞ্চায়েতে একটি ক'রে হোমিওপ্যাথি দাতব্য চিকিৎসালয় স্থাপন করা আশু প্রয়োজন। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

রাজ্যের বামফ্রন্ট সরকার সর্বত্র পঞ্চায়েতের মাধ্যমে কৃষিঋণ বন্টনে ব্যাপক দলবাজি চালাচ্ছেন, অধিকাংশ সাধারণ মানুষ এই ঋণ থেকে বঞ্চিত। মাননীয় রাজ্যপালের

ভাষণে তার কোনো উল্লেখ নেই;

63-172.

সংখ্যালঘু অধ্যুষিত অঞ্চলে মাদ্রাসার খুবই অভাব, এ ছাড়া বহু মাদ্রাসা সরকারি অনুমোদনের অভাবে বন্ধ হতে চলেছে, মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

তফসিলি ও দুর্বলতর সম্প্রদায়ের উন্নয়নে রাজ্য সরকারের চূড়ান্ত ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কেওড়াতলা মহাশ্মশানে দেশপ্রাণ বীরেন্দ্রনাথ শাসমলের সমাধিস্থান অবহেলা ও অযত্নে হারিয়ে যেতে বসেছে, সমাধিস্থান ও তাঁর জন্মস্থান চন্ডীভেটির বসতবাটির রক্ষণাবেক্ষণের কোনো ব্যবস্থা আজও পর্যন্ত রাজ্য সরকার নেন নি, মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

মহাপ্রভু শ্রী চৈতন্যদেবের পাঁচশত জন্মবর্ষ পালনে সমগ্র দেশ মুখর। পাঁচশত জন্মবর্ষ পালনে রাজ্যসরকার নীরব ও নিশ্চেষ্ট, এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পরিবেশ দূষণের বরাদ্দকৃত অর্থ যথাযথ খরচ না ক'রে অর্থের ব্যাপক অপচয় হচ্ছে, মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

চলচ্চিত্র তৈরির ঋণদানে বামফ্রন্ট সরকার ব্যাপক দলবাজি করছেন, বিশেষ রাজনৈতিক দলভুক্ত পরিচালকরাই ছবি তৈরির ব্যাপারে ঋণ পাচ্ছেন অন্যরা বঞ্চিত হচ্ছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে সেই কথার কোনো উল্লেখ নেই;

প্রতিবন্ধীদের পুনর্বাসন ও অর্থনৈতিক কর্মসংস্থানের প্রতিশ্রুতি রক্ষা করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কেন্দ্রীয় প্রকল্প আর এল ই জি পি ও এন আর ই পি-র বরাদ্দ অর্থ যথাযথ সদ্ব্যবহারে রাজ্য সরকার ব্যর্থ—এ ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

রাজ্যের সর্বত্র বে-আইনি ও চোলাই মদের ব্যবসা অবাধে চলেছে, এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে রাজ্য সরকার সম্পূর্ণ অপারগ—মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই;

কেন্দ্রীয় সরকার এ রাজ্যে নিরক্ষরতা দূরীকরণের জন্য ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছিলেন, রাজ্য সরকারের ব্যর্থতায় তা সুষ্ঠুভাবে রূপায়ণ হয় নি। বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলির জন্য বরাদ্দকৃত কেন্দ্রীয় অর্থের অধিকাংশ ফেরত যাওয়ার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motion moved by Shri Somen Mitra that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

173-185.

রাজ্যের হাসপাতালগুলিতে চিকিৎসায় কোনোও সুব্যবস্থা নেই, এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের ভয়াবহ বেকারসমস্যা সমাধানে নির্দিষ্ট কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কলকাতা সহ রাজ্যের সমস্ত এলাকায় পরিবহন ব্যবস্থা ভেঙে পড়ার দরুন জনসাধারণকে যে দুর্ভোগের মধ্যে কাটাতে হচ্ছে, তা দূরীকরণে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের বাস্তব চিত্র প্রতিফলিত হয় নাই। মানুষের দুঃখ-দুর্দশা দূরীকরণে কোনো নির্দিষ্ট পদক্ষেপের কথা না বলে বরং উপেক্ষার ভাব দেখানো হয়েছে—এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কালোবাজারি, অসাধু ভেজালদার ব্যবসায়ীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে এই সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ, এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যগুলির মূল্যবৃদ্ধি রোধ করে জনসাধারণের ক্রয়ক্ষমতার মধ্যে আনার কোনোও পরিকল্পনার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সরকারি অপদার্থতা ও দলবাজির ফলে রাজ্যের শিক্ষাক্ষেত্রে যে চরম নৈরাজ্য চলছে তা দূরীকরণের কোনোও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্য প্রশাসনের রন্ধ্রে রন্ধ্রে যে ব্যাপক দুর্নীতি অনুপ্রবেশ করেছে তা রোধ করার জন্য কোনোও দৃঢ় ব্যবস্থার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

এন আর ই পি, আর এল ই জি পি প্রভৃতি প্রকল্পে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কোটি কোটি টাকা দিলেও রাজ্য সরকার সেই টাকার সদ্‌ব্যবহার না করে দলবাজি করে গ্রামের বঞ্চিত দরিদ্র মানুষের দারিদ্র্য দূরীকরণে ব্যর্থ—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বিগত বছরে রাজ্যের পাটচাষীরা রাজ্য সরকারের উদাসীনতার ফলে পাটের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হওয়ায় চরমভাবে ক্ষতিগ্রস্ত—তার কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বিগত কলকাতা পুরসভা নির্বাচনে ভোটার লিস্টের ব্যাপক জালিয়াতি করে নির্বাচনের প্রহসনের মাধ্যমে রাজ্য সরকার কর্তৃক গণতন্ত্র হত্যার কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্য পরিবহন সংস্থাগুলিতে ব্যাপক দুর্নীতির ফলে যখন কোটি কোটি টাকা ভরতুকি দিতে হচ্ছে, তখন বে-সরকারি বাসগুলি যাত্রী সাধারণকে সবকিছু সুযোগসুবিধা

থেকে বঞ্চিত করে মুনাফার অঙ্ক বাড়িয়ে চলেছে। অথচ বে-সরকারি বাস মালিকদের স্বার্থ রক্ষার্থে রাজ্য সরকার শুধু ভাড়া বাড়িয়ে চলেছেন এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের শাসক ফ্রন্টের বড় শরিক দলের অত্যাচারের ফলে গ্রামাঞ্চলের মানুষদের নিরাপত্তা আজ চরমভাবে বিপর্যস্ত, পুলিশ ও প্রশাসন আজ শাসকদলের তল্পিবাহকে পরিণত হয়েছে। শাসকদল কর্তৃক নির্যাতিত মানুষ আজ প্রশাসনের কাছ থেকে কোনোরূপ সহযোগিতা পাচ্ছেন না এ বিষয়ের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motion moved by Shri Abdul Mannan that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

188. সামান্য বৃষ্টিতে কিংবা ডি. ভি. সি.র ছাড়া জলে আরামবাগ ও ঘাটাল মহকুমা দুটি প্রতি বছর প্লাবিত হয়ে পড়ে এবং হাজার হাজার মানুষ বিপন্ন হয়ে পড়ে। ঐ এলাকার বন্যা নিয়ন্ত্রনের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

192-201.

রাজ্যের পরিবহন সংস্থাগুলি যাত্রী-সাধারণকে সুবিধা দিতে ব্যর্থ হলেও ক্রমাগত ভাড়া বৃদ্ধি করে যাচ্ছে, তার কোনো প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের শাসক দল দলীয় স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে বহু পুরসভায় সীমানা চিহ্নিতকরণের মাধ্যমে গণতন্ত্রকে ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

'বিশদফা কর্মসূচী' রূপায়ণের মাধ্যমে মানুষের দারিদ্র দূরীকরণের জন্য কেন্দ্রীয় সরকারের দেওয়া কোটি কোটি টাকার সদ্ব্যবহার করতে রাজ্য সরকার সম্পূর্ণ ব্যর্থ, তার কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের বিভিন্ন গ্রামাঞ্চলে ব্যাপকভাবে বে-আইনি উপায়ে চোলাইমদ তৈরি এবং প্রকাশ্যভাবে পুলিশেরই সহায়তায় তা বিক্রি করার ফলে গ্রামাঞ্চলে আইন-শৃঙ্খলা যেমনি ভেঙে পড়েছে, এক শ্রেণীর মানুষের তেমনি নৈতিক চরিত্রের অবনতি হচ্ছে, এইসব দূরীকরণে রাজ্য সরকারের কঠোরতম ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্য সরকারের উদাসীনতার ফলে ন্যায্যমূল্য থেকে বঞ্চিত পাটচাষীদের ক্ষতিপূরণের কোনো ব্যবস্থার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের গ্রামাঞ্চলে পানীয় জলের যে চরম সঙ্কট তা দূর করার জন্য ব্যাপক হারে

নলকূপ স্থাপনের কোনোও পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের প্রাথমিক, মাধ্যমিক, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের ন্যায্য দাবিগুলি পূরণের ব্যাপারে রাজ্য সরকারের অনীহা, উপেক্ষা, ও অবহেলার ফলে শিক্ষাক্ষেত্রে যে অচলাবস্থা সৃষ্টি হচ্ছে, তা সমাধানের কোনোও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

ভূমি সংস্কারের চরম ব্যর্থতা এবং অপারেশন বর্গার নামে নির্লজ্জভাবে দলবাজির ফলে রাজ্যে খাদ্যের উৎপাদন হ্রাস ও আর্থিক সঙ্কটের প্রতিকারের কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বিগত নয় বছর যাবত বর্তমান সরকারের শাসনে মানুষের চরম দুঃখদুর্দশার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্য সরকারের পৃষ্ঠপোষকতায় অসাধু কালোবাজারি ব্যবসায়ীরা জনসাধারণকে বিপর্যয়ের মধ্যে ফেলে অবাধে মুনাফা অর্জন করে চলেছে, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যগুলির দাম প্রতিরোধে কোনোও ব্যবস্থা গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

The motion moved by Shri Nurul Islam Chowdhury that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

203. যে সমস্ত গ্রামে আজও বৈদ্যুতিকরণ হয় নাই বা বৈদ্যুতিক তার আংশিকভাবে পৌছলেও বিদ্যুৎ সংযোগ হয় নাই সেই গ্রামগুলিকে অগ্রাধিকার দানের সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

204. যে সমস্ত গ্রামে কোনো সড়ক ও সেতু নির্মিত হয় নাই সেইগুলিকে চিহ্নিত করিয়া অগ্রাধিকারের ভিত্তিতে সেগুলিকে নূতন সড়ক ও সেতু নির্মাণের পরিকল্পনাভুক্ত করা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

206-210.

রাজ্যে জুনিয়র হাইস্কুল ও প্রাথমিক স্কুল খোলার ব্যাপারে যে দলবাজি হইতেছে তা বন্ধ করিবার এবং জুনিয়ার হাই মাদ্রাসা ও হাই মাদ্রাসা খোলার সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

গত ২রা মার্চ মুখ্যমন্ত্রী ওয়েস্ট দিনাজপুর স্পিনিং মিলটির আনুষ্ঠানিক উদ্বোধনের সময় ঘোষণা করিয়াছেন সরকারি সংস্থার কর্মীদের শৃঙ্খলা মেনে চলা দরকার। আন্দোলনের নামে ভাঙচুরের বা মারধরে তাঁরা বিশ্বাস করেন না। বর্তমানে এরাজ্যে উক্ত ঘটনা নিত্যনৈমিত্তিক (ঘটনা)। শ্রমিক সংগঠনের মারামারির ও বিদ্যুৎ সঙ্কটের জন্য ১০ হাজার স্পিন্ডলের কাজ চালু করা সম্ভব হয় নাই। এই সমস্ত প্রতিকারের জন্য স্থায়ী সিদ্ধান্ত গ্রহণের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

আমূল ভূমিসংস্কারের জন্য সরকারের সুনির্দিষ্ট কর্মপন্থা ঘোষণার কথা মাননীয় রাজ্যপালের

ভাষণে সংযোজিত হয় নাই;

পঞ্চায়েত সমাজতন্ত্র প্রতিষ্ঠায় যেখানে মুখ্য ভূমিকা গ্রহণে উপযুক্ত হইয়া উঠিতেছে সেখানে জেলা পরিষদ কর্তৃক অর্থ বন্টনে গ্রাম পঞ্চায়েতকে জনসংখ্যার বদলে সংখ্যার ভিত্তিতে করায় যে পক্ষপাতিত্ব হইতেছে এবং যাহার ফলে অধিক সংখ্যক জনসাধারণ সরকারি অর্থানুকুল্যে উন্নয়ন লাভে বঞ্চিত হইতেছে তাহার প্রতিকারার্থে জনসংখ্যার ভিত্তিতে গ্রাম পঞ্চায়েতকে অর্থ বন্টনের নীতি গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

পশ্চিমবঙ্গ ক্ষেত মজুর, কারিগর ও মৎস্যজীবীদের জন্য বাস্তুজমি অধিগ্রহণ আনেন, ১৯৭৫-এর বলে ২.০২ লক্ষ ব্যক্তির নাম নথিভুক্ত করিয়া তাঁহাদের প্রত্যেকের জন্য একটি করিয়া বাসগৃহ নির্মাণের নিশ্চয়তা বাবদ কত টাকা মঞ্জুর করা হইয়াছে সে বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

213-216.

যে সমস্ত মিউনিসিপ্যালিটির নির্বাচক তালিকা চূড়ান্তভাবে প্রকাশের ব্যবস্থা করা এখনও সম্ভব হয় নাই, তাহার কারণ এবং কতদিনে উক্ত নির্বাচক তালিকা চূড়ান্তভাবে প্রকাশের পর নির্বাচন করা সম্ভব হবে এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

প্রশাসনিক গতিশীল দুর্নীতিমুক্ত ও শৃঙ্খলাপরায়ণ করিবার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

বর্তমানে এই রাজ্যে সাম্প্রদায়িক হিংসাত্মক ঘটনা যেভাবে আত্মপ্রকাশ করিতেছে ও শরিকী সংঘর্ষ দিনের পর দিন বাড়িতেছে তাহার জন্য শান্তিপ্রিয় নাগরিকগণ নিরাপত্তার অভাব বোধ করিতেছেন। মুর্শিদাবাদ জেলার রাণীনগর ও ভগবানগোলায় বামফ্রন্টের দুই শরিক দলের মধ্যে সংঘর্ষের ঘটনায় এতদঞ্চলে এক সন্ত্রাসের রাজত্ব কায়েম হইয়াছে ও বেলডাঙ্গা থানার শক্তিপুরে সাম্প্রদায়িক দাঙ্গার জন্য সেখানে জঙ্গলের রাজত্ব কায়েম হইয়াছে। এই সমস্ত নৃশংস ঘটনা থেকে এ রাজ্যকে মুক্ত করিবার সিদ্ধান্ত গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

218. গত ডিসেম্বর মাসে হাওড়া বাজার ও নিউ মার্কেটের অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের জন্য বিকল্প অস্থায়ী ব্যবস্থা গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

219-221.

ত্রি-স্তর পঞ্চায়েতী সংস্থাগুলিতে যে দুর্নীতি, স্বজনপোষণ, সরকারি অর্থ তছরুপ ও হিসাব দাখিল না করার অভিযোগ আছে তাহা প্রতিকারের বা প্রতিরোধের সঠিক, সুনির্দিষ্ট ও কার্যকর ব্যবস্থা গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

কেন্দ্রের নিকট সঠিক পরিকল্পনা না পেশ করায় স্বাস্থ্য দপ্তরের লক্ষ লক্ষ টাকা হইতে রাজ্য সরকার বঞ্চিত। এ বিষয়ে ভবিষ্যতে যাহাতে কেন্দ্রের অর্থ ফেরত না যায়

সে বিষয়ে কোনো সিদ্ধান্ত গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই;

শাসক দলের আজ্ঞাবহ হওয়ায় থানার ও সি মহোদয়গণ স্বৈরতন্ত্রী হইয়া উঠিয়াছে এবং পুলিশ প্রশাসন আজ শৃঙ্খলাহীন অবস্থায় চলিতেছে। প্রশাসনিক কোনো নির্দেশাবলীই তাঁহারা আজ মানিতেছেন না। এহেন অবস্থায় পুলিশ প্রশাসনকে দুর্নীতিমুক্ত, নিরপেক্ষ করিতে ট্রেড ইউনিয়ন অধিকার কাড়িয়া লইবার কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

The motion moved by Shri Satya Ranjan Bapuli that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

222-223.

বামফ্রন্ট সরকার যৌথ শিল্প উন্নয়নে বহুজাতিক সংস্থা ও একচেটিয়া পুঁজিবাদের সঙ্গে নূতন শিল্প স্থাপনের দ্বারা যে দৃষ্টান্ত স্থাপন করেছেন এবং পূর্বে টাটা, বিড়লা, গোয়েঙ্কা প্রভৃতি শিল্পপতিদের সঙ্গে শিল্প স্থাপনের বিরোধিতা করেছেন তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বামফ্রন্ট সরকার ভোটার লিস্ট তৈয়ারি করার ব্যাপারে সরকারি প্রশাসন যন্ত্রকে ব্যবহার করে লক্ষ লক্ষ প্রকৃত ভোটারের নাম যে বাদ দিয়েছে এবং ভূয়া লোক ও নিজেদের দলের সমর্থক নাবালকদের ভোটার লিস্ট-এর মধ্যে এনে ভোটের যে বৈজ্ঞানিক কারচুপির অবাধ ব্যবস্থা করেছেন তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বামফ্রন্ট সরকার ভূমি-সংস্কারের জন্য প্রচেষ্টা নিয়েছেন এবং নিজেদের দলের লোকদের ভেস্টেড জমি পাইয়ে দিয়েছে, প্রকৃত বর্গাদারকে জমি থেকে উৎখাত করেছেন এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই;

বামফ্রন্ট সরকার পঞ্চায়েতের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের টাকা অপচয় ও পার্টিবাজি করায় ডি আর ডি এ/আই আর ডি পি/এন আর ই পি-এর মাধ্যমে গ্রামের দরিদ্র মানুষের সেবা করার চেষ্টায় ব্যর্থ হয়েছে—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই, ঔষধ নেই এবং চিকিৎসার ব্যবস্থা নেই, এই সরকার সাধারণ মানুষের চিকিৎসার ব্যবস্থা করতে ব্যর্থ হয়েছে—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

বামফ্রন্ট সরকার বেকার সমস্যা সমাধান করতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে এবং কেন্দ্রের দেওয়া টাকা খরচ করতে পারলে এই রাজ্যের আরও এক লক্ষ বেকার স্বনির্ভরশীল কাজে নিযুক্ত হতে পারত—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

আদিবাসী ও তফসিলি জাতির উন্নতির জন্য কেন্দ্রের দেওয়া টাকা ঠিকমতো খরচ করতে, রাজ্যের ৩ লক্ষ আদিবাসীর গৃহ নির্মাণ ও রোজগারের ব্যবস্থা করতে এবং তফসিলি সম্প্রদায়ভুক্ত গরিবদের উন্নতির জন্য সাহায্য করতে এই সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

প্রাইমারি স্কুলের ও উচ্চ শিক্ষা কেন্দ্রের গৃহনির্মাণ ও উন্নতিকল্পে কেন্দ্রের দেওয়া ৫ কোটি টাকা খরচ করতে না পারায় গ্রামের এক হাজার প্রাইমারি স্কুলের গৃহনির্মাণ কার্যে সরকার টাকা দিতে পারে নি—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

বামফ্রন্ট সরকারের মন্ত্রীরা নিজেদের দলীয় কাজে ব্যস্ত থাকায় জনগণের স্বার্থ উপেক্ষিত হয়েছে, নিজের পার্টির স্বার্থে জনগণের স্বার্থ বিসর্জন দিয়ে যে কলঙ্কময় ইতিহাস সৃষ্টি করেছে তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যসরকার পুলিশ প্রশাসনকে নিজের দলীয় কাজে ব্যবহার করায় এবং পুলিশকে আইন-মাফিক কার্য করতে না দেওয়ায় এই রাজ্যে আইনশৃঙ্খলার চরম অবনতি হয়েছে এবং খুন, ডাকাতি, রাহাজানি ও নারীধর্ষণ সর্বকালের রেকর্ডকে ছাড়িয়ে গেছে—এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বামফ্রন্ট সরকার বিদ্যুতের কোনো সুরাহা করতে পারে নি, বিদ্যুতের অভাবে আজ এই রাজ্য শিল্পক্ষেত্রে অনেক পিছনে পড়েছে এবং সেই কারণে বেকারত্ব দিন দিন বেড়ে গেছে—এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

ব্যাঙ্কের মাধ্যমে ঋণ দেবার যে পরিকল্পনা কেন্দ্রীয় সরকার করেছেন বামফ্রন্ট সরকার তার সক্রিয় বিরোধিতা করায় লক্ষ লক্ষ গরিব ঋণ গ্রহণে বঞ্চিত হয়েছে—মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই।

The motion moved by Shri Subrata Mukhopadhyay that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

234-273.

বেকার যুবকদের অন্নসংস্থানের উদ্দেশ্যে নূতন নূতন শিল্পস্থাপন করার প্রয়োজনীয়তা অনুধাবনে রাজ্য সরকার যে ব্যর্থ হয়েছেন তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে যে চরম রাজনৈতিক দলবাজি ও সর্বশ্রেণীর শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য চলছে তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলার উন্নয়ন খাতের টাকা বামফ্রন্ট সরকার অনুৎপাদন ক্ষেত্রে যে খরচ করেছেন তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বর্তমান সরকারের কার্যকালে বিরোধী রাজনৈতিক প্রভাবসম্পন্ন সমস্ত এলাকায় উন্নয়ন অথবা সংস্কারমূলক কাজ প্রায়ই হয়নি—তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কেন্দ্রীয় সরকারের পূর্ণ সহযোগিতা সত্ত্বেও শিল্পক্ষেত্রে বর্তমান সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় নূতন সড়ক পথ নির্মাণ তো দূরের কথা যে কয়েকটি আছে তার রক্ষণাবেক্ষণে রাজ্য সরকার পুরোপুরি ব্যর্থ, তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের গুরুত্বপূর্ণ স্থানগুলির মধ্যে সংযোগ স্থাপনের উদ্দেশ্যে কয়েকটি নূতন রেল লাইন সম্প্রসারণের জন্য কেন্দ্রীয় সরকারকে জমি অধিগ্রহণ করে দিতে রাজ্য সরকার ব্যর্থ, তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় বর্তমান সরকার নূতন জুনিয়ার হাইস্কুল, প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে পুরোপুরি ব্যর্থ—তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় বর্তমান সরকার পরিবহন ক্ষেত্রে পুরোপুরি ব্যর্থ তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বর্তমান সরকার শহরে ও গ্রামাঞ্চলে সুষ্ঠু রেশন বন্টনের ব্যবস্থা করতে পুরোপুরি ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

প্রশাসনে মন্ত্রী ও বিভাগীয় সচিবরা অসহায়, কেবলমাত্র সরকারি সমর্থনপুষ্ট কর্মচারী সমিতির কর্তাব্যক্তিদের খামখেয়ালিপনায় প্রশাসন চলছে—তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় সার্বিক উন্নয়নের জন্য বর্তমান সরকারের অপসারণ প্রয়োজন—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সারা রাজ্যে হাসপাতালগুলিতে ডাক্তারের অভাব, ঔষধের অভাব এবং রোগীদের প্রতি চরম উদাসীনতা—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলার সার্বিক উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের বরাদ্দীকৃত কোটি কোটি টাকা উন্নয়নমূলক কাজগুলিকে উপেক্ষা করে কেবলমাত্র দলবাজির স্বার্থে ব্যয়িত হচ্ছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সারা রাজ্যে বিদ্যুতের উৎপাদন ও বন্টন ব্যবস্থা বিপর্যস্ত, এর ফলে কলকারখানাগুলিতে কাজ ব্যাহত এবং উৎপাদন যথেষ্ট হ্রাস পেয়েছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় হকার্স সমস্যা সমাধান ও হকার্স পুনর্বাসনের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

শাসকদলভুক্ত গরিষ্ঠ দলের আশ্রয়পুষ্ট সমাজবিরোধীরা পুলিশের মদতে কলকাতা তথা গ্রামবাংলার প্রতিটি ক্ষেত্রে মানুষদের উপর হামলা চালাচ্ছে—এর প্রতিকারের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় উল্লেখযোগ্য অগ্রগতি হয়নি এবং এর জন্য যে বর্তমান সরকারের ভ্রান্ত শিল্পনীতিই দায়ী—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় হোসিয়ারী শিল্প ধ্বংসের মুখে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলার রাস্তাঘাট মেরামত ও সংস্কারের অভাবে জনসাধারণ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন—মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

পশ্চিমবাংলায় সমস্ত বিশ্ববিদ্যালয়গুলিতে নৈরাজ্য চলছে, শিক্ষার কোনো পরিবেশ নেই তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

শিক্ষাজগতে অসমতা, নৈরাজ্য, শিক্ষামানের অবনতি প্রভৃতি বিষয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

লক্ষ লক্ষ শ্রমিক বিশেষ করে বিড়ি-শ্রমিক যাঁরা দিনরাত মালিক এবং দালাল শ্রেণীর লোক দ্বারা বঞ্চিত হচ্ছেন—তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

লক্ষ লক্ষ টাকার সিমেন্ট পঞ্চায়েতের মাধ্যমে চোরাপথে পাচার হচ্ছে—তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

গ্রামীণ অর্থনৈতিক উন্নতির জন্য গ্রামীণ বৈদ্যুতিক রূপায়ণে বর্তমান সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় বন্ধ কলকারখানা পুনরায় খুলেও শাসকশ্রেণীর ইউনিয়নভুক্ত শ্রমিকদের দাপটে কারখানায় উৎপাদন হচ্ছেনা—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় বনজসম্পদ ধ্বংসের দিকে যাচ্ছে, তার সুষ্ঠু কোনো প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলার মানুষের জন্য কোনো বাস্তবমুখী পরিকল্পনার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গ সরকারের অযোগ্যতায় আজ সাধারণ মানুষ নিরাপত্তার অভাব বোধ করছেন। প্রকাশ্য দিবালোকে খুন, জখম একের পর এক ঘটে যাচ্ছে, এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলার যুবকল্যাণ কেন্দ্রগুলি শাসকদলের প্রচার কার্যালয়ে পরিণত হয়েছে, এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গে পুলিশ প্রশাসন সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে; বর্তমান সরকারের একটি শরিক দলের প্রত্যক্ষ প্ররোচনায় পুলিশের মধ্যে শৃঙ্খলা নষ্ট হয়ে গেছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গের খেটে-খাওয়া মানুষের জন্য বিনিময়ে কাজ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের দেওয়া হাজার হাজার টাকা, চাল, গম বর্তমান সরকারের এক শরিকদলের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের আত্মসাৎ করার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলার উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যাপারে রাজ্য সরকার দলবাজির কারণে পুরোপুরি ব্যর্থ হয়েছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বেকার যুবকদের স্ব-নির্ভর করার জন্য কেন্দ্রীয় সরকার যে হাজার হাজার টাকার পরিকল্পনা রাজ্য সরকারের শিল্প দপ্তরের মাধ্যমে দেবার ব্যবস্থা করেছে সেখানেও পক্ষপাতমূলক আচরণ করা হচ্ছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

আবাসন ও সমবায় দপ্তর পুরোপুরি ব্যর্থ, এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলায় সরকারি কর্মচারী সমেত বে-সরকারি প্রতিষ্ঠান স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারিদের পি এফ (P.F.) বাবদ প্রায় ২০০ কোটি টাকা সরকার বাৎসরিক ফি বাবদ ব্যয় করবেন তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বিদ্যুৎ-এর উন্নতিকল্পে কোটি কোটি টাকা খরচ করে এবং নূতন বিদ্যুৎকেন্দ্র স্থাপন করেও আশানুরূপ বিদ্যুৎ উৎপাদন না হওয়ায় প্রচুর টাকা তছরুপ হচ্ছে—এর কোনো প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কৃষিক্ষেত্রে বিপ্লব আনার কোনো প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে না, অনেক ডিপ টিউবওয়েল অকেজো এবং তা মেরামত না করার জন্য জলের অভাবে উন্নত পর্যায়ে চাষ অনেক জায়গায় হচ্ছে না—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বিদ্যুৎ-এর অভাবে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই স্কীম সরকার কার্যকর করতে পারছেন না তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বিড়িশিল্পীদের মজুরি সহ সকল রকম সুযোগ-সুবিধা রাজ্য সরকার গাফিলতির জন্য সুষ্ঠভাবে চালু করতে পারছেন না—এর কোনো প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

274-281

The motion moved by Shri Amarendranath Bhattacharya that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ—

কিন্তু দুঃখের বিষয় যে—

কলিকাতা কর্পোরেশন যেভাবে জলকর চাপিয়ে কর্পোরেশনের অন্তর্গত অধিবাসীদের বিপদগ্রস্ত করেছেন তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের স্বাধীনতা সংগ্রামীরা প্রচন্ড আর্থিক দুরাবস্থার মধ্যে জীবনযাপন করছেন। কেন্দ্রীয় সরকার কর্তৃক ঘোষিত কোনো সুযোগ-সুবিধা রাজ্যের স্বাধীনতা সংগ্রামীরা আজ পর্যন্ত না পাওয়ার কারণ মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে উল্লেখ করেন নাই;

রাজ্যের আয়ুর্বেদ চিকিৎসা সম্পর্কে রাজ্য সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলার ক্ষুদ্র ও কুটির শিল্পের অন্যতম মোমবাতি শিল্পে যে সঙ্কট এসেছে এবং রাজ্যের কুটির শিল্পগুলি কাঁচামাল ও আর্থিক সঙ্কটে যে বিপদগ্রস্ত তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বর্তমানে রাজ্যের শিক্ষা ব্যবস্থাতে যে ধ্বস নেমেছে এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মত এশিয়ার শ্রেষ্ঠতম বিশ্ববিদ্যালয়টিতে যে অরাজকতা চলছে তা দূরীকরণের কোনো আভাষ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

২/৩ হাজার একর ভেড়ি ৫৪ কোটি টাকায় এই রাজ্য সরকার বিদেশি কোম্পানীকে হস্তান্তর করতে চলেছেন এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সারা রাজ্যে আইনশৃঙ্খলা যেভাবে বিঘ্নিত হচ্ছে এবং পুলিশ প্রশাসন যেভাবে শাসকদলের সর্ববৃহৎ রাজনৈতিক দলের কথায় চলছে তাতে সমস্ত পুলিশ বাহিনী শান্তি রক্ষার নামে অশান্ত পরিবেশ সৃষ্টি করছে, ফলে চুরি, ডাকাতি, দাঙ্গা-হাঙ্গামা, ছিনতাই, হত্যা, খুন, জখম, নারী নির্যাতন ব্যাপকভাবে বেড়ে চলেছে। এর প্রতিকারার্থে সরকার ব্যর্থ হয়েছেন—এই ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের সংস্কৃত টোলের আদ্য, মধ্য ও উপাধি পরীক্ষা ৬ বছর না হওয়াতে সংস্কৃতপ্রেমী মানুষেরা এবং পরীক্ষার্থীরা যেভাবে হতাশ হয়েছেন, তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

282-287

The motion of Shri Sisir Adhikary that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

ডি ভি সি ও কংসাবতী সহ ময়ূরাক্ষী জল না দেওয়াতে লক্ষ লক্ষ একর জমির বোরো ধান ক্ষতিগ্রস্ত—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

হোমিওপ্যাথি চিকিৎসাকে ব্যাপকভাবে জনসমক্ষে পৌঁছানোর জন্য রাজ্য সরকার সম্পূর্ণ ব্যর্থ এই ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

হরিণঘাটা ও মাদার ডেয়ারি দুগ্ধ প্রকল্প মারফত কলকাতা ও শহরতলিতে দুগ্ধের চাহিদা অনুযায়ী সরবরাহ কম—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের সমস্ত আদালতে রাজ্য সরকার সরকারি আইনজীবীর জন্য এবং জেলায় জেলায় পাবলিক প্রসিকিউটর ও সরকারি আইনজীবী থাকা সত্ত্বেও দলীয় স্বার্থে যেভাবে এ পি পি নিয়োগ করা হয়েছে এবং হচ্ছে এবং সরকারি টাকার আইনের আশ্রয়ের জন্য ব্যয় হচ্ছে তাতে সাধারণ মানুষ উপকৃত হয়নি। ফলে মামলা পরিচালনা বাবদ রাজ্য সরকার বর্তমানে কোটি কোটি টাকা ব্যয় করেছেন তবুও রাজ্য সরকার মামলাতে জয়ী হতে পারছেন না কেন তার কারণ মাননীয় রাজ্যপাল তার ভাষণে উল্লেখ করেন নাই;

রাজ্যের সমস্ত আদালতে ফৌজদারি ও দেওয়ানি মামলার পাহাড় জমে আছে তার ব্যবস্থা করতে রাজ্য সরকার সম্পূর্ণ ব্যর্থ, এর প্রতিকারের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্য সরকারের অ্যাডভাইসর-এর খামখেয়ালির জন্য পাইপ লাইন-এর মাধ্যমে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ প্রকল্পগুলি বানচাল হতে চলেছে এর প্রতিকারের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

289. হাওড়া, হুগলি, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর সহ রাজ্যের পুলিশ মহলে যে অসন্তোষ দেখা দিয়াছে—এর প্রতিকারের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

290-300

The motion moved by Shri Ambica Banerjee that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

পশ্চিমবাংলাতে প্রতিবছর পঞ্চমশ্রেণী হতে কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যন্ত ভর্তির সমস্যা তীব্র হতে তীব্রতর হচ্ছে, এর কোনো প্রতিকারের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কালোবাজারি ও ভেজালদারদের বিরুদ্ধে শাস্তি ও মামলা দায়ের যথাযথভাবে হচ্ছেনা বলে সংবাদ থাকা সত্ত্বেও মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই;

বর্তমান সরকারের পরিবহন অব্যবস্থার জন্য যাত্রী-সাধারনের অসুবিধার কথার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বর্তমান সরকার নিজেদের অকর্মণ্যতা ও অপদার্থতা ঢাকবার জন্য কেবলমাত্র কেন্দ্রীয়

সরকারের উপর সমস্ত দোষ চাপিয়ে রাজ্যের জনসাধারণের মনে বিভ্রান্তি সৃষ্টির যে অপচেষ্টা করছেন তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

শিক্ষাজগতে নৈরাজ্য, শিক্ষামানের অবনতি প্রভৃতি বিষয় সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

প্রাথমিক শিক্ষাক্ষেত্রে চরম অব্যবস্থা ও নৈরাজ্য চলছে—তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সরকার অগভীর নলকূপে বিদ্যুৎ সরবরাহ করতে অপারগ হওয়ায় বিস্তীর্ণ জমির ফসল বছরের পর বছর নষ্ট হচ্ছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গের বর্তমান সরকার প্রাথমিক স্তরে ফাইনাল পরীক্ষা তুলে দিয়ে শিক্ষাক্ষেত্রে চরম অবনতি সৃষ্টি করেছে— তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য সৃষ্টির জন্য বর্তমান সরকার দায়ী—তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলার কুটির শিল্পগুলিকে প্রাণবন্ত করার মাধ্যমে তন্তুজীবীদের আর্থিক অস্বাচ্ছন্দ্য দূর করার জন্য কোনো সুনির্দিষ্ট পরিকল্পনার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সরকারি অর্থ পঞ্চায়েতের মাধ্যমে শাসকদলের খেয়ালখুশি মতো বিলি হচ্ছে, ফলে দরিদ্র মানুষ সুযোগ পাচ্ছেনা—একথার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

301-305

The motion moved by Shri Humayun Reza that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

বিশ্ব ব্যাঙ্কের দেয় টাকাতে রাজ্যের কি কি সম্পদ তৈরি হয়েছে, পুরসভা, সি এম ডি এ, রাষ্ট্রীয় পরিবহন বা অন্য কোনোও সংস্থাই এর রক্ষণাবেক্ষণের দায়িত্ব নিতেও অনীহা প্রকাশ করছেন এবং আগামী দিনে বিশ্ব ব্যাঙ্কের দেয় টাকাতে কি কি সম্পদ তৈরি হবে তার পূর্ণ চিত্র মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের গ্রামাঞ্চলে বহু আমবাগান, বাঁশবাগান, খড়ক্ষেত থাকা সত্ত্বেও ধানী জমিগুলি বসতবাড়ি তৈরির যে প্রচেষ্টা চলছে তা বন্ধ করার জন্য ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের পরিকল্পনাগুলি যথাযথ রূপায়িত না হওয়ার কারণ কি তার ব্যাখ্যা মাননীয়

রাজ্যপালের ভাষণে নেই;

পুলিশ কর্মচারিদের সংগঠন যে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের পুলিশ কর্মচারিদের আবাসনের জন্য কেন্দ্রীয় সরকার ৬৫ কোটি টাকা দেবার জন্য সুপারিশ করেছিলেন এবং ২৮ কোটি টাকা ১৯৮৫-৮৬ সালের আর্থিক বছরে দিয়েছিলেন কিন্তু কলিকাতা পুলিশ ও রাজ্য পুলিশের জন্য আবাসন প্রকল্প বানচাল হতে চলেছে এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

The motion moved by Shri Ashok Ghosh that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

306-313.

কেন্দ্রের মডেল স্কুল করার প্রস্তাবের পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার আজ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন—তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের আলু সংগ্রহে রাজ্য সরকার কি কি কারণে অপারগ, তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের পাটচাষীদের স্বার্থ রক্ষার জন্য জুট কর্পোরেশন অব ইন্ডিয়া যেভাবে পাট ক্রয় করেছেন তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্রের জন্য রাজ্য সরকার ঠিকাদার নিযুক্ত করতে যে ব্যর্থ হয়েছেন তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার, নার্স এবং কর্মচারিরা যেভাবে লাঞ্ছিত হচ্ছেন তার প্রতিকারের জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন মাননীয় রাজ্যপালের ভাষণে তার উল্লেখ নেই;

রাজ্যের কৃষি উৎপাদন ক্রমশ বিভিন্নভাবে পিছিয়ে পড়েছে। শাসক দলের বিভিন্নভাবে উৎপীড়নের ফলে সুসংহত লগ্নি ও সহায়ক কার্যকলাপের মাধ্যমে কৃষির উন্নতিতে বাধা সৃষ্টি হচ্ছে। সেচ ও কৃষিতে বৈদ্যুতীকরণ পিছিয়ে থাকার জন্য কৃষি উৎপাদন ক্রমশ হ্রাস পাচ্ছে—এইসব বিষয়ের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১৯৮৫ সালকে আন্তর্জাতিক যুব বর্ষে রাজ্য সরকার চিহ্নিত করলেও যুব বর্ষের বিভিন্ন অনুষ্ঠানকে দলীয় কার্যসূচীতে রূপায়িত করে দলের প্রাধান্য বৃদ্ধির জন্য রাজ্য সরকারের যে প্রচেষ্টা গত এক বছর ধরে রাজ্যব্যাপী চলল এবং লক্ষ লক্ষ টাকা বিভিন্ন অনুষ্ঠান এবং প্রদর্শনীর জন্য ব্যয় করা হল তাতে রাজ্যের যুবক-

যুবতীদের কি কি সুরাহা হল এবং রাজ্যে যুবক-যুবতীদের কল্যাণের জন্য কত ব্যয় হল তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

No mention has been made in the Governor's address regarding the rigging of every or any election in the State by the front in power.

The motion moved by Shri Humayun Chowdhury that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

315. কংগ্রেস পরিচালিত বলিয়া মালদহ জেলা পরিষদের সহিত রাজ্য সরকারের অসহযোগিতার ফলে উক্ত জেলা পরিষদের উন্নয়নমূলক কাজকর্ম বাধাপ্রাপ্ত হচ্ছে এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

318-320.

রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া সমস্ত ডি এ দেওয়ার কোনো প্রতিশ্রুতির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

কলেজ অশিক্ষক কর্মচারিদের ন্যায্য দাবিগুলি পূরণের কোনোও প্রতিশ্রুতির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের রাস্তাগুলির দুরবস্থার কথার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

321-333

The motion moved by Shri Abdul Mannan that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

কলকাতা ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শাসকদলের দলবাজির ফলে চরম অরাজকতা দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয় দুটির পঠন-পাঠন প্রায় বন্ধ, পরীক্ষা ও তার ফলাফল প্রকাশ অনিয়মিত। শাসকদলের সমাজবিরোধীদের দৌরাত্মে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে শিক্ষক, ছাত্র ও অশিক্ষক কর্মচারিদের নিরাপত্তা বিঘ্নিত—এর কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

লক আউট এবং ক্লোজারের ফলে রাজ্যের কয়েক লক্ষ শিল্প-শ্রমিক আজ অনাহারে দিন কাটাচ্ছেন। তাঁদের চরম দুর্দশার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নাই?

রাজ্যে বেকার সমস্যা ভয়াবহভাবে বেড়েই চলেছে। কেবলমাত্র কর্ম-বিনিয়োগ কেন্দ্রগুলিতেই তালিকাভুক্ত বেকারের সংখ্যা অর্ধ কোটি। এর বাইরেও অসংখ্য বেকার আছেন। তার উপর গ্রামের ক্ষেতমজুররাও অর্ধ বেকার, এই ভয়াবহ সমস্যা সমাধানের

কোনোও প্রচেষ্টার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচীতে কেন্দ্রের দেওয়া কোটি কোটি টাকা রাজ্য সরকার সদ্বব্যবহার করতে না পারায় গ্রামাঞ্চলে বৈদ্যুতিক সম্প্রসারণের কাজ ব্যর্থ হওয়ার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

গ্রাম ও শহরের মধ্যে আর্থিক বৈষম্য দিন দিন বেড়েই চলেছে, শহরের মানুষ অপেক্ষা গ্রামের মানুষের গড় মাথা পিছু অর্ধেকেরও কম তা দূরীকরণে রাজ্য সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ, এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

গণতন্ত্রের দোহাই দিয়ে শাসকদলের দলীয় শাসন সরকারকে আজ এমন এক অবস্থায় নিয়ে এসেছে যে মানুষের মনে হতাশা, ক্ষোভ ও অবিশ্বাসের সৃষ্টি হয়েছে, মানুষের নিরাপত্তা আজ বিঘ্নিত। ঐসব মানুষের মনে আশা জাগাতে এই সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ—এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্য সরকার পরিচালিত বিভিন্ন সংস্থার আর টি এ, কলেজ পরিচালন সমিতি, স্কুল বোর্ড, হাসপাতাল উপদেষ্টা কমিটি প্রভৃতিতে শাসক দলের ব্যক্তিদের মনোনীত করা হচ্ছে এবং দলীয় অযোগ্য ব্যক্তিদের চাকরি দেওয়া হচ্ছে। দলীয় তহবিল বৃদ্ধি করতে অসাধু উপায়ে বাস পারমিট দেওয়া হচ্ছে, এমনকি রেশন ডিলার নিয়োগেও দলীয় স্বার্থের কথা চিন্তা করা হচ্ছে। এতে সারা রাজ্যে গণতন্ত্রের ভিত্তি ধ্বংস হচ্ছে—এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যে ভয়াবহ বিদ্যুৎ সঙ্কটের ফলে ছোটো, মাঝারি ও বড় কলকারখানায় কয়েক লক্ষ শ্রমিক লে-অফের ফলে যে চরমভাবে ক্ষতিগ্রস্ত তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

ক্ষুদ্র সেচ দপ্তরের ব্যর্থতার ফলে কেন্দ্রের দেওয়া কয়েক কোটি টাকা ব্যয় করা সম্ভব হয়নি। ফলে গ্রামের কৃষকরা সেচের সুযোগ থেকে বঞ্চিত—এর কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

নারী সম্প্রদায়কে মাতৃসম সম্মান প্রদান চিরাচরিত ঐতিহ্য, কিন্তু রাজ্য সরকারের অপদার্থতার ফলে নৈহাটির গৃহবধু ধর্ষিতা হলেন এবং পরে খুন হলেন, অপরাধীদের কাউকে গ্রেপ্তার করা হলনা—এর কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

There is no mention of the fact that during the tenure of the Left Front Government corruption has been very carefully institutionalised in every sphere of administration of the State Government as well as in the local bodies, panchayat raj bodies, and academic institutions;

There is no mention about the well-calculated and purposeful continuous attempt of the Left Front Government to politicise the State administrative apparatus including the police;

There is no mention with regard to continuous attempt of the Left Front Government to rig elections by way of adopting unscrupulous method, malpractices and major interpolation in voter list very cunningly and carefully so that whenever elections are declared in the State either in Legislative Assembly or in Parliament or in any local bodies, they are never held in a free and fair manner.

The motion moved by Shri Kashinath Misra that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

334. কলিকাতা পুরসভা কেন্দ্রের উপর দোষারোপ চাপিয়ে যেভাবে কলিকাতাবাসীর উপর জলকর চাপাচ্ছে তার প্রকৃত কারণ এবং কোনো ব্যাখ্যা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের এক বছরে পথদুর্ঘটনায় মৃত্যু ও আহতের সংখ্যা রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের অধিবাসীদের চক্ষু চিকিৎসার জন্য কেন্দ্রীয় সরকার কয়েক বছর ধরে নূতন বিশদফা কর্মসূচীতে বহু পরিকল্পনা গ্রহণ করেছেন এবং রাজ্যের স্বাস্থ্য দপ্তরকে এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার লক্ষ লক্ষ টাকা দিয়েছেন—মাননীয় রাজ্যপালের ভাষণে এর উল্লেখ নেই;

রাজ্য সরকার রাজ্যের ব্যাপক বধূহত্যা বন্ধ করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন, মাননীয় রাজ্যপালের ভাষণে তার উল্লেখ নেই;

রাজ্যের সমস্ত সরকারি ও বে-সরকারি অশিক্ষক কলেজ কর্মচারিরা যেভাবে আর্থিক সুযোগ-সুবিধাগুলি হতে দীর্ঘকাল যাবত বঞ্চিত অবস্থাতে আছেন তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুরের ঝাড়গ্রাম এলাকার অধিবাসীদের কৃষির উন্নতি সহ সেচের উন্নতির জন্য রাজ্য সরকারের দীর্ঘদিনের প্রস্তাবিত আপার দারকেশ্বর ও গন্ধেশ্বরী পরিকল্পনাটি আজ পর্যন্ত কি কি কারণে কার্যকর করা যাচ্ছেনা মাননীয় রাজ্যপালের ভাষণে তার উল্লেখ নেই;

কংসাবতী ও ময়ূরাক্ষী পরিকল্পনার কাজ সমাপ্ত হওয়ার পরও রক্ষণাবেক্ষণ ও রেভিনিউ আদায়ের জন্য কংসাবতী ও ময়ূরাক্ষীর যে ডিভিশনগুলি আছে তাতে লক্ষ লক্ষ টাকার অপচয় ঘটছে, মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

343-364.

আমন ও বোরো চাষের প্রয়োজনীয় সময়ে কংসাবতী, ময়ূরাক্ষী, ডি ভি সি-র ক্যানেলগুলি হতে চাষীদের চাষের জল দিতে রাজ্য সরকার যে ব্যর্থ হয়েছেন, তার সম্বন্ধে

মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

গঙ্গার ভাঙ্গন রোধ করতে সেন্ট্রাল ফ্লাড কন্ট্রোল যে টাকা দিয়েছেন তার যথাযথ ব্যবহার না হওয়ার কারণ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সারা রাজ্যের বিধানসভাগুলির ভোটার লিস্টে যে কারচুপি আছে এবং লক্ষ লক্ষ প্রকৃত ভোটারকে বাদ দিয়ে ভুয়া ভোটাররা যে তালিকাতে স্থান পেয়েছে এবং তা সংশোধন করতে রাজ্য সরকারের ব্যর্থতা সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের পৌর সভাগুলির ভোটার তালিকা সংশোধনের ব্যাপারে রাজ্য সরকার যে দলবাজি করেছেন রাজ্যপালের ভাষণে তার উল্লেখ নেই;

রাজ্যের সমস্ত পৌর সভার নির্বাচন করতে রাজ্য সরকার কি কি কারণে সক্ষম হন নাই তার প্রকৃত কারণ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েতের উপ-নির্বাচনগুলি রাজ্য সরকার ইচ্ছাকৃতভাবে যে সম্পন্ন করেন নাই—তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের জেলায় জেলায় পুলিশ কোয়ার্টার-এর জন্য বরাদ্দকৃত অর্থ কি কারণে ফেরত পাঠানো হয়েছে তার কারণ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

রাজ্যের বন্ধ কলকারখানাগুলির মধ্যে কোলে বিস্কুট কোম্পানী সহ বর্ধমান জেলার রাণীগঞ্জের বেঙ্গল পেপার মিলটি দীর্ঘদিন বন্ধ থাকাতে বহু শ্রমিক-কর্মচারী মৃত্যুমুখে পতিত হয়েছে ঐ দুটি কারখানা অধিগ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের সব জেলাতে ব্যক্তিগত রেশন কার্ড চালু করার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

১৯৭৮ সালে রাজ্যে যে বন্যা হয়েছিল তাতে গ্রাম বাংলার যে সকল প্রাইমারি, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়েছিল সেগুলির সংস্কার ও মেরামতির জন্য যে কয়েক কোটি টাকা ব্যয় করা হয়েছিল পুনরায় ১৯৮৫ সালের ক্ষতিগ্রস্ত তালিকাতে ঐসব বিদ্যালয়গুলিকে যে হারে টাকা বরাদ্দ করা হয়েছে তাতে প্রকৃতভাবে ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলি বঞ্চিত হয়েছে এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের হ্যান্ডলুম পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন, পাওয়ারলুম-এর উন্নতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা না নেওয়াতে রাজ্যের পাওয়ারলুমগুলো দুর্বল হতে দুর্বলতর হয়ে পড়েছে এবং পাওয়ারলুম-এর উন্নতির জন্য বরাদ্দকৃত অর্থ ব্যবহার করতে রাজ্য সরকার যে ব্যর্থ হয়েছেন এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের তন্তুজ, তন্তুশ্রী, মঞ্জুষা সমবায় সংস্থাগুলি বৃহত্তম শাসকদলের দলীয় স্বার্থেই

সবক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে, বিশ দফা কর্মসূচীর অন্তর্ভুক্ত হ্যান্ডিক্রাফট সংস্থাগুলির জন্য কেন্দ্রীয় সরকারের দেয় টাকা ব্যবহৃত হচ্ছেনা, ঐ হ্যান্ডিক্রাফট সংস্থা ও এপেক্স বডিগুলির উন্নতি প্রয়োজনের তুলনায় নগণ্য হয়েছে—মাননীয় রাজ্যপালের ভাষণে সে সম্পর্কে কোনো উল্লেখ নেই;

খাদ্যদ্রব্যে ভেজাল মেশানো ও ওজনের কারচুপি বন্ধ করতে রাজ্য সরকারকে কঠোর ব্যবস্থা নেবার যে নির্দেশ কেন্দ্রীয় সরকার দিয়েছেন রাজ্য সরকার আজ পর্যন্ত সে ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করেছেন মাননীয় রাজ্যপালের ভাষণে তার উল্লেখ নেই;

রাজ্যের হস্তশিল্পীদের সুযোগ-সুবিধার জন্য জেলায় জেলায় যে সহায়তা কেন্দ্র আছে তা হস্তশিল্পীদের জীবনযাত্রার মান বৃদ্ধি ও আর্থিক উন্নয়ন করতে যে ব্যর্থ হয়েছেন তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্য দুগ্ধ দপ্তরের সঠিক তদারকির অভাবে দুগ্ধ প্রকল্পগুলি কার্যত যে ব্যর্থ হতে চলেছে তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের হোমিও কলেজ ও হাসপাতালগুলিতে চিকিৎসা হচ্ছেনা, শিক্ষক-চিকিৎসক ও অশিক্ষক কর্মচারিরা বেতনের ৭৫% সরকারি অনুদান হিসাবে পেতেন এবং বাকি কলেজ ও হাসপাতালের নিজস্ব ফান্ড হতে দেওয়া হত, রাজ্য সরকার কি কারণে অনুদান বন্ধ করলেন তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবাংলার রাজ্য লটারি হতে রাজ্য সরকার কত পরিমাণ অর্থ লাভ করেছেন গত ১০ বছর ধরে রাজ্য লটারির পুরস্কার বিজয়ীরা লক্ষ লক্ষ টাকা পুরস্কার পাননি এবং যেসব খেলার ফলাফল অমীমাংসিত হয়ে আছে তার প্রকৃত চিত্র মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পুলিশের গুলিতে এবং পুলিশ হাজতে এবং রাজ্যের জেলাগুলিতে কতজন আসামির মৃত্যু ঘটেছে তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্য সরকার পিয়ারলেশকে জাতীয়করণের কোনো প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে প্রেরণ করেছেন কি না মাননীয় রাজ্যপালের ভাষণে তার উল্লেখ নেই;

পুলিশ কর্মচারিদের সুযোগ-সুবিধাসহ কোয়ার্টার এবং থানা ও ফাঁড়িগুলির দুরবস্থার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পুলিশ কর্মচারিরা ট্রেড ইউনিয়নের নামে যে বিশৃঙ্খলা সৃষ্টি করছে তাতে সারা রাজ্যের জেলাগুলিতে পদস্থ পুলিশ অফিসাররা পুলিশ বাহিনীতে শৃঙ্খলা বজায় রাখতে ব্যর্থ হচ্ছেন—মাননীয় রাজ্যপালের ভাষণে এর উল্লেখ নেই;

শিক্ষক ও শিক্ষাকর্মীদের অবসরকালীন সুযোগ-সুবিধার কোনোও ব্যবস্থা এখনও কেন করা যায়নি—মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনো উল্লেখ নেই;

স্বাধীনতা সংগ্রামীরা বা তাঁদের স্বজনবর্গ স্বাধীনতা সংগ্রামের অংশগ্রহণের দরুন জেল

বা অনুরূপ রেকর্ডের জন্য আবেদন করা সত্ত্বেও কোনো ব্যবস্থা রাজ্য সরকার করছেন না—এ ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

সারা রাজ্যের জেলাগুলিতে গঠিত স্বাধীনতা সংগ্রামী কমিটির সদস্যদের কোনো সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছেনা—মাননীয় রাজ্যপালের ভাষণে এজন্য কোনোও উদ্বেগ প্রকাশ করা হয়নি;

পশ্চিমবঙ্গের স্বাধীনতা সংগ্রামীদের পেনশন-এর আবেদনগুলি পরীক্ষা করার ব্যাপারে রাজ্য সরকারের অস্বাভাবিক বিলম্বের জন্য যে অবস্থা সৃষ্টি হয়েছে এবং বহু স্বাধীনতা সংগ্রামী পেনশন-এর দরখাস্ত করেও আর্থিক দুরবস্থাতে মৃত্যুবরণ করেছেন তারজন্য কোনো ক্ষোভ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

371-382.

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বহু পরীক্ষার ফল প্রকাশ যেভাবে বন্ধ রাখা হয়েছে এবং যেভাবে পরীক্ষার খাতা দেখা ও জমা হচ্ছে তাতে সমস্ত স্তরের ছাত্র-ছাত্রীরা অসহায়ভাবে ভাগ্যের উপর নির্ভর করে তাকিয়ে আছে। পরীক্ষার খাতা দেখা ও ফলাফল সম্বন্ধে রাজ্য সরকার-এর গাফিলতির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বাস ভাড়া বৃদ্ধি নিয়ে পাঁচ সদস্য বিশিষ্ট কমিটির সুপারিশের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের জয়েন্ট এনট্রান্স পরীক্ষাতে যেসব দুর্নীতি চলছে তা বন্ধ করার কোনো প্রস্তাব রাজ্যপালের ভাষণে নেই;

সল্টলেকের অধিবাসীদের জন্য পরিস্রুত পানীয় জলের ব্যবস্থা করার প্রতিশ্রুতি মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের দশটি সরকারি কলেজে অধ্যক্ষ পদ দীর্ঘদিন ধরে শূন্য আছে। ঐ পদগুলি পুরণের ব্যবস্থা সম্পর্কে কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের বহু কলেজে, বিশেষত সরকারি বিদ্যালয় ও কলেজগুলিতে শিক্ষক ও অধ্যাপকের পদ দীর্ঘদিন শূন্য থাকা সত্ত্বেও পূরণ না করার জন্য বহু কলেজে পড়ানো বন্ধ হয়ে গেছে—সে সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনোও উল্লেখ নেই;

রাজ্যের প্রতিবন্ধীদের চাকুরিতে সুযোগ কাগজে-কলমে রাখা হয়েছে এবং দলীয় লোকদের প্রতিবন্ধী সার্টিফিকেট দিয়ে বহু সরকারি কার্যালয়ে নিযুক্ত করা হয়েছে। কিন্তু প্রকৃত প্রতিবন্ধীরা কর্মহীন অবস্থাতে আছে; এ ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনোও উল্লেখ নেই;

সীমান্তবর্তী এলাকাগুলিতে যে হারে চুরি, ডাকাতি এবং যাতায়াত অবাধে চলছে তাতে রাজ্যে বিশেষত সীমান্ত এলাকাগুলিতে শান্তি-শৃঙ্খলা আরও বিঘ্নিত হচ্ছে—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনোও উল্লেখ নেই;

১৯৮১ সালের পরীক্ষা না হওয়ায় ১৯৮০ সালের পরীক্ষার ভিত্তিতে টোলের পরীক্ষার্থীদের মধ্যে কৃতকার্য ছাত্র-ছাত্রীদের রাষ্ট্রীয় বৃত্তি ও মহার্ঘ্য বৃত্তি দেওয়ার ব্যবস্থাতেও রাজ্য সরকার যে ব্যর্থ হয়েছেন মাননীয় রাজ্যপালের ভাষণে তার উল্লেখ নেই;

রাজ্যে ১৯৭৮ সাল হতে সংস্কৃত টোলগুলির পরিদর্শন হয়নি। সুতরাং টোল পরিদর্শকের স্থলে স্থানীয় জেলা পরিদর্শকদের দিয়ে টোলগুলির পরিদর্শনের ব্যবস্থা করতেও রাজ্য সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্যের টোলগুলির অনুদান (এক্স গ্রাশিয়া) ইং ১৯৮১-৮২ সালের আর্থিক বৎসর হতে বকেয়া আছে। এ সম্পর্কে কোনোও ব্যবস্থা গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

'মঞ্জুষা'র শীততাপনিয়ন্ত্রিত অফিসঘর করার জন্য যে টাকা ব্যয় করা হচ্ছে তাতে রাজ্যের তন্তুজীবীদের অসহায় অবস্থা সহ আর্থিক বিপর্যয় হতে রক্ষা করার জন্য রাজ্য সরকার যে উদাসীন হয়েছেন সে সম্পর্কে কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

385-399.

কোলিয়ারী এলাকার কয়লা উত্তোলন প্রকল্পের জন্য ইস্টার্ন কোল্ডফিল্ড লিমিটেড জমি সংগ্রহ করার জন্য রাজ্য সরকারকে অনুরোধ করেছেন। সে সম্পর্কে রাজ্য সরকার সে বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন তার কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

সম বন্টন নীতি অনুযায়ী গ্রামে গঞ্জে বরাদ্দকৃত তেল ন্যায্য রেশন মূল্যে পাওয়া যায় না তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বরদ্দ থাকলেও রাজ্যের চাষীরা চাষবাসের জন্য ন্যায্য মূল্যে ডিজেল পাননা। ন্যায্য মূল্যে চাষীদের ডিজেল তেল সরবরাহ করতে রাজ্য সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

এই রাজ্যে আই আর ডি পি প্রকল্প নিয়ে বেশির ভাগ পঞ্চায়েতেই শাসকদলের স্বার্থে দলবাজি করছে। তার প্রতিকারার্থে কোনো প্রচেষ্টার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজনৈতিক স্বার্থে বছর বছর 'বন্ধ' পালিত হয়ে রাজ্যের যে ভয়াবহ ক্ষতি হচ্ছে তার কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

গত আট বছরে প্রায় ১৫ হাজার-এর মতো বেকার যুবক-যুবতী বেকারত্বের জ্বালায় আত্মহত্যা করেছে। তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

নূতন বিশ-দফা প্রকল্পে এস ই পি-র মাধ্যমে বেকার যুবক-যুবতীদের স্বনির্ভরশীল করার জন্য কেন্দ্রের দেওয়া টাকায় সরকার যে উদ্যোগ নিয়েছেন তাতে শাসকদলের অনুগামীদের সাহায্য করা ছাড়া অন্য কিছুই হচ্ছেনা। মাননীয় রাজ্যপালের ভাষণে

এ সম্পর্কে কোনো উল্লেখ নেই;

১৯৭৭ সালের জুলাই হতে আজ পর্যন্ত রাজ্যের স্কুল বোর্ডগুলিতে যে অ্যাড হক কমিটি আছে মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই;

রাজ্যের বহুমুখী স্বাস্থ্য প্রকল্প ব্যর্থ হয়েছে। এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

রাজ্য সরকার পৌরসভার নির্বাচনের সঠিক তারিখ ঘোষণা করতে যে অক্ষম হয়েছেন—তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

নতুন শিল্প নীতি অনুসারে রাজ্য সরকার শিল্প স্থাপনের জন্য সমাজতান্ত্রিক ও ধনতান্ত্রিক দেশ সহ দেশিয় বৃহৎ পুঁজিপতিদের সাথে চুক্তি করেছেন। তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

দীর্ঘদিন রাজ্যের ছাত্র ভর্তি সমস্যার সমাধান না করে হঠাৎ নির্বাচন প্রাক্কালে ৫০০ জুনিয়ার হাইস্কুল ও প্রাইমারি স্কুল-এর প্রস্তাব করে যে ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সমস্যার প্রতিকার হল না মাননীয় রাজ্যপালের ভাষণে এর উল্লেখ নেই;

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে তদন্ত হয়েছে এবং তদন্ত সাপেক্ষে ঐ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কোনো ত্রুটি যে পরিলক্ষিত হয়নি মাননীয় রাজ্যপালের ভাষণে সে সম্পর্কে কোনো উল্লেখ নেই;

কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের উচ্চশিক্ষার উন্নতিকল্পে রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে ইলেকট্রনিক্স বিষয় পড়াইবার জন্য অর্থ ব্যয়ে আগ্রহী থাকা সত্ত্বেও রাজ্য সরকারের সদিচ্ছার অভাবে তা কার্যকরী হচ্ছেনা, এইকথা রাজ্যপালের ভাষণে নাই;

কেন্দ্রীয় সরকারের "বিশ-দফা কর্মসূচী"র মাধ্যমে তন্তুজীবীদের সার্বিক উন্নয়নের চেষ্টা থাকা সত্ত্বেও এই রাজ্য সরকার উক্ত কর্মসূচীর যথাযথ প্রচারের ব্যবস্থা না করায় বাঁকুড়া জেলার তন্তুজীবীরা সার্বিক উন্নয়নের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন, এই বিষয়টি রাজ্যপালের ভাষণে উল্লিখিত নাই।

The motion moved by Shri Jokhilal Mondal that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে—

400. এস এইচ সি এবং পি এইচ সি-গুলিতে যোগাযোগ এবং নিরাপত্তার ব্যবস্থা না থাকায় ডাক্তাররা যেতে চাননা। ফলে মালটিপারপাস হেলথ স্কীম চালু হতে পারছে না—এর উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই;

401. বিভিন্ন জেলায় আরও প্রাথমিক এবং সহায়ক স্বাস্থ্যকেন্দ্র গঠনের প্রয়োজনীয়তা এবং বর্তমান স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বিছানা বৃদ্ধির প্রয়োজনীয়তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

403-406

এ রাজ্যে বর্তমানে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ৪২ হাজারের উপর। বেকার সমস্যার সমাধানের কোনো ইঙ্গিত মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

বামফ্রন্ট সরকারের আগামী বছরের বিভিন্ন সরকারি প্রকল্পের রূপরেখা সম্পর্কে কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

408. কলিকাতা এবং গ্রামাঞ্চলে মারদাঙ্গা, লুঠতরাজ, জমিদখল, বর্গা নিয়ে সংঘর্ষ, জোরপূর্বক ফসলকাটা ইত্যাদি লেগেই আছে। শাসক পার্টির হুমকিতে থানায়, ডায়রি নেওয়া হয় না। পুলিশকে নিষ্ক্রিয় করে রাখা হয়েছে। চুরি, ডাকাতি, ছিনতাই, রাহাজানি বেড়েই চলেছে। রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটেছে—এ সম্পর্কে কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

410. পশ্চিমবঙ্গের অনেক গ্রামে পানীয় জলের ব্যবস্থা নেই। গ্রীষ্মকালে পানীয় জলের অবস্থা ভয়াবহ রূপ ধারণ করে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনো উল্লেখ নেই;

411. এই রাজ্যে সমবায় প্রতিষ্ঠানগুলির ঋণ অনাদায়ী অবস্থায় পড়ে যাচ্ছে। অনাদায়ী ঋণ মুকুব করা এবং সমবায় প্রতিষ্ঠানগুলি সুষ্ঠুভাবে গড়ে তোলার কোনোও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

413-416

পঞ্চায়েতের কাজ ঠিকমতো হচ্ছেনা—দলবাজি চলছে। যতটাকা খরচ হচ্ছে সে তুলনায় কাজ হয়নি। এন আর ই পি, আর এল ই জি পি, আই আর ডি পি-র টাকা নয়ছয় করা হয়েছে। আই আর ডি পি-র টাকা ভুয়া নামে অনেকে নিয়েছে। এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই;

ভূমি-সংস্কারের নামে জুলুমবাজি ও দলবাজি চলছে। বেআইনিভাবে বর্গা বসানো হচ্ছে। অনেক ছোটো ছোটো কৃষকের জমিতে বর্গা হয়েছে। কোর্ট থেকে ইনজাংশন থাকা সত্ত্বেও প্রকৃত চাষীর জমি বেদখল হয়ে যাচ্ছে। এ সম্পর্কে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

পশ্চিমবঙ্গে গ্রাম্য বৈদ্যুতিকরণের কাজ বৃদ্ধি করা দরকার। বহু জায়গায় বিদ্যুতের তার চুরি হচ্ছে। মালদহ জেলার মানিকচক কেন্দ্রের অন্তর্গত ভূতনী দিয়াড়ায় সাবমেরিন কেবলস চুরির ফলে সম্পূর্ণ ভূতনী দিয়াড়া এলাকায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ আছে। বিদ্যুতের অভাবে সকলেই ক্ষতিগ্রস্ত। ব্যবসা ও কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। এসবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে দিনের পর দিন। ক্রয়ক্ষমতা সাধারণ লোকের নাগালের বাইরে। অর্ধাহারে অনাহারে লোক দিন অতিবাহিত করছে। মজুতদারি, কালবাজারি, মুনাফাখোরদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছেনা। মাননীয় রাজ্যপালের ভাষণে এ সম্পর্কে কোনো উল্লেখ নেই;

were then put and a division taken with the following results:

NOES

Abdul Quiyam Molla, Shri

Abdur Razzak Molla, Shri

Adak, Shri Nitai Charan

Anisur Rahman Biswas, Shri

Bandyopadhyay, Shri Balai

Banerjee, Shri Amiya Bhusan

Basu, Shri Ajit

Basu, Shri Debi Prosad

Basu, Shri Jyoti

Basu, Shri Subhas

Bauri, Shri Gobinda

Bera, Shrimati Chhaya

Bera, Shri Pulin

Bhattacharya, Shri Lal Behari

Bhattacharya, Shri Nani

Bhattacharyya, Shri Gopal Krishna

Bhattacharyya, Shri Satya Pada

Biswas, Shri Hazari

Biswas, Shri Kanti

Biswas, Shri Kumud Ranjan

Bose, Shri Nirmal Kumar

Bouri, Shri Nabani

Chakrabarty, Shri Ajit

Cahkrabarty, Shri Deb Narayan

Cahkrabarty, Shri Shyamal

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shri Tarun

Chattopadhyay, Shri Sailendra Nath

Chattopadhyay, Shri Sadhan

Chattopadhyay, Shri Santasri

Choudhuri, Shri Gunadhar

Choudhuri, Shri Benoy Krishna

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Ananda Gopal

Das, Shri Jagadish Chandra

Das, Shri Nimai Chandra

Daud Khan, Shri

Deb, Shri Saral

Dey, Shri Lakshmi Kanta

Doloi, Shri Siba Prasad

Ghosh, Shri Kamakhya Charan

Ghosh, Shri Malin

Ghosh, Shri Satyendranath

Goswami, Shri Subhas

Guha, Shri Kamal Kanti

Habib Mustafa, Shri

Hajra, Shri Sachindra Nath

Haldar, Shri Krishnadhan

Hazra, Shri Haran

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Manindra Nath

Kalimuddin Shams, Shri

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Khan, Shri Sukhendu

Kisku, Shri Upen

Koley, Shri Barindra Nath

Kunar, Shri Himansu

Kundu, Shri Gour Chandra

Lama, Shri Dawa

Let, Shri Dhirendra

Mahata, Shri Kamala Kanta

Maity, Shri Bankim Behari

Maity, Shri Gunadhar

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Raicharan

Maji, Shri Pannalal

Maji, Shri Swadeshranjan

Malik, Shri Sreedhar

Mandal, Shri Rabindra Nath

Mandal, Shri Sukumar

Mandi, Dr. Sambhunath

Moazzam Hossain, Shri Syad

Mohanta, Shri Madhabendu

Mojumdar, Shri Hemen

Molla, Shri Anadi

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Shashanka Sekhar

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bimalananda

Mukherjee, Shri Joykesh

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Niranjan

Murmu, Shri Maheswar

Nanda, Shri Kiranmoy

Naskar, Shri Sundar

Nath, Shri Monoranjan

Nezamuddin Md, Shri

Pal, Shri Bijoy

Panda, Shri Bhupal Chandra

Pathak, Shri Patit Paban

Pradhan, Shri Prasanta

Pramanik, Shri Abinash

Ray, Shri Achintya Krishna

Ray, Shri Birendra Narayan

Roy, Shri Dwijendra Nath

Ray, Shri Matish

Ray, Shri Subhas Chandra

Roy, Shri Amalendra

Ray, Shri Haradhan

Ray, Shri Hemanta Kumar

Ray, Shri Umakanta

Ray Barman, Shri Khitibhusan

Raychowdhury, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Sar, Shri Nikhilananda

Sarkar, Shri Kamal

Sarkar, Shri Sailen

Satpathy, Shri Abani Bhusan

Sayed Md. Masih, Shri

Sen, Shri Dhirendra Nath

Sen, Shri Sachin

Shish Mohammad, Shri

Sinha, Shri Prabodh Chandra

Tirkey, Shri Manohar

AYES

Abdul Mannan, Shri

Abdus Sattar, Shri

Abedin, Dr. Zainal

Banerjee, Shri Ambika

Banerjee, Dr. Sushovaan

Bapuli, Shri Satya Ranjan

Barman, Shri Dipendra

Bose, Dr. Sisir Kumar

Chandra, Shri Anup Kumar

Chattaaraj, Shri Suniti

Chaudhuri, Dr. Kiran

Chowdhary, Shri Abdul Karim

Gyan Singh Sohanpal, Shri

Humayun Reza, Shri

Khaitan, Shri Rajesh

Mishra, Shri Abanti

Misra, Shri Kashinath

Molla, Shri Fazli Azim

Roy, Shri Phani Bhusaan

Roy, Shri Santi Mohan

Roy, Shri Sukumar

Sarkar, Shri Dhirendra Nath

**Abstentions**

Shri Deba Prasad Sarkar

Shri Probodh Purukait

The Ayes being 21, the Noes 116 and Abstentions 2 the motions

were lost.

The motion of Shri Sachin Sen that

"রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক ঃ—

'মাহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ৩রা মার্চ, ১৯৮৬ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।"

was then put and agreed to.

**Adjournment**

The House was adjourned at 7.26 P.M. till 1 P.M. on Tuesday, the 11th March, 1986 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 11th March, 1986 at 1 P.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the chair, 7 Ministers, 11 Ministers of State and 139 Members.

### Adjournment Motion

[1-00 — 1-10 P.M.]

**Mr. Speaker :** Today I have received one notice of Adjournment Motion from Shri Kashinath Mishra on the subject of deplorable condition in Taki Hospital.

The subject matter of the motion does not call for adjournment of the business of the House. Moreover, the member will get the opportunity of discussing the subject during general discussion of the budget. He may also raise the matter through Calling Attention, questions, mention cases, etc.

I, therefore, withhold my consent to the motion. The Member may, however, read out the text of the motion as amended.

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

স্বাস্থ্য দপ্তরের গাফিলতির দরুন সারা রাজ্যের হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রগুলির অবস্থা শোচনীয়। এই রাজ্যের ৫০ শয্যাবিশিষ্ট টাকি হাসপাতালটি বর্তমানে বন্ধ হবার মুখে। সর্বশেষ পরিস্থিতি অনুযায়ী ওই হাসপাতালটিকে ১০০ বেডের হাসপাতাল করার প্রস্তাব নাকচ হয়েছে। উক্ত হাসপাতালের জন্য স্থানীয় অধিবাসীরা জমি ব্যবস্থা করলেও এবং ২ লক্ষ ৭৬ হাজার টাকা মঞ্জুর হওয়া সত্ত্বেও এটাকে ১০০ বেডে পরিণত করার কাজ কার্যকর হ'ল না। তা ছাড়া বর্তমানে হাসপাতালটিতে বিদ্যুৎ, ঔষধ, সরঞ্জাম, পথ্য, ডাক্তার ও নার্স নেই বললেই চলে। ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

### Calling Atttention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 7 notices of Calling Attention namely :—

1. Alleged attack upon Congress (I) MLAS—attention called by Shri Satish Chandra Biswas

2. Alleged murder of a Congress (I) worker near Panchanantala Road, Howrah—attention called by Shri Ambica Banerjee.

3. Reported decision of the Railway Authority to abolish steam (coal) engines—attention called by Shri Gour Chandra Kundu.

4. Reported strike in Calcutta University on 10.3.86—attention called by Shri Anil Mukherjee.

5. Alleged supply of unhealthy food by Primary School Nutrition Scheme causing death of innumerable children—attention called by Shri Kashinath Mishra.

6. Acute scarcity of water in Howrah—attention called by Shri Ashok Ghosh.

7. Alleged murder of one police constable and snatching of rifles at Mankundu Station.—attention called by Shri Santasri Chattopadhyay.

This matter has already been called attention by Shri Abdul Mannan on 10.3.86 and statement due on 20.3.86. So, this notice of Shri Santasri Chattopadhyay is not considered.

I have selected the notice of Shri Ambica Banerjee on the subject of 'Alleged murder of a Congress(I) worker near Panchanantala Road, Howrah. The Minister in charge will please make a statement today, if possible, or give a date.

**শ্রী পতিতপাবন পাঠক :** স্যার ২০ তারিখে দেওয়া হবে।

**Mr. Speaker :** The Minister-in-charge of Agriculture Department will now make a statement on the subject of deplorable condition of the Jute growers due to stopping purchase of jute by Jute Corporation of India—attention called by Shri Jayanta Kumar Biswas on the 6th March, 1986.

**শ্রী কমলকান্তি গুহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয় জানা গেছে যে, ভারতের পাট কর্পোরেশন গত মার্চ থেকে পশ্চিমবঙ্গে পাট কেনা বন্ধ করেছে। ফলে মরশুমের শেষাশেষি মার্চ মাসেও পাটের দর নেমে যাচ্ছে। ১৯৮৪-৮৫ সালে পশ্চিমবঙ্গে ৫.৩৪ লক্ষ হেক্টর জমিতে পাট চাষ হয় এবং ৪৩.৩৩ লক্ষ গাঁট (১গাঁট-১৮০ কে.জি.) পাটের উৎপাদন হয়। উক্ত বৎসরে পাট চাষীরা পাটের ভালো দাম পান। ফলে, ১৯৮৫-৮৬ সালে পাট চাষের জমির পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৭.৩১ লক্ষ হেক্টরে, এবং উৎপাদিত পাটের পরিমাণ হয় ৭৩.৯০ লক্ষ গাঁট। পাট কলের মালিক এবং কেন্দ্রীয় সরকারের পাট নীতির ফলে পাটের মূল্য দ্রুত কমে যেতে থাকে। বাজার দরের নিম্নগতি রোধের জন্য বিগত ১১/৬/৮৫ তারিখে এক সভায় সিদ্ধান্ত নেওয়া হয় যে ভারতের পাট কর্পোরেশনের ম্যানেজিং ডিরেক্টরকে জুলাই মাসের শুরু থেকেই উত্তরবঙ্গে এবং নতুন পাট আসার সাথে সাথেই দক্ষিণবঙ্গের জেলাগুলিতে পাট কেনা শুরু

করতে বলা হয়। নির্দিষ্ট সময়ে পাট কর্পোরেশন পাট কেনা শুরু করায় পাটের দরের দ্রুত অবনতি দেখা দেয়। বাস্তব ক্ষেত্রে কর্পোরেশন পাট কেনা শুরু করেন বাজার দর কেন্দ্রীয় সরকার নির্ধারিত বিধিবদ্ধ নিম্নতম দরের স্তরে আসার পর। ভারতের পাট কর্পোরেশন এ বৎসর এ রাজ্য থেকে ১৬.৭০ লক্ষ গাঁট পাট কিনেছেন (২৫/২/৮৬ পর্যন্ত)। রাজ্য সরকারের দাবি ছিল অক্টোবরের মধ্যেই জি.সি.আই.কে চাষীর পাট কিনে ফেলতে হবে।

বিগত ৩০/৪/৮৫ তারিখে রাজ্যসভায় প্রশ্নোত্তর কালে তৎকালীন সরবরাহ ও বয়ন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ঘোষণা করেন যে ভারতের পাট কর্পোরেশন সরকার নির্ধারিত বিধিবদ্ধ নিম্নতম দরে বাজারে যত পাট পাওয়া যাবে সমস্ত পাট কিনবেন এবং এ ব্যাপারে উক্ত কর্পোরেশনের যা লোকসান হবে কেন্দ্রীয় সরকার তা পূরণ করবেন। ৫/৩/৮৬ তারিখে দিল্লিতে কেন্দ্রীয় বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রীও বামপন্থী কৃষক সংগঠনের প্রতিনিধি দলকে জে.সি.আই. পাট কেনা বন্ধ করবে না, এই মর্মে প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও দেখা যাচ্ছে ভারতের পাট কর্পোরেশন পাট কেনা বন্ধ করে দিয়েছেন। যুক্তি হিসাবে তারা বলেছেন যে, চাষীদের হাতে মরশুমের এই সময় আর বিশেষ পাট নেই।

এখনও পশ্চিমবঙ্গে বিধিবদ্ধ নিম্নতম দর অপেক্ষা কুইন্ট্যাল প্রতি ১০ টাকা থেকে ৬৮ টাকা পর্যন্ত কম বাজারে পাট বিক্রি হচ্ছে। এই দরে শুধুমাত্র ব্যবসায়ীরাই বা প্রধানত ব্যবসায়ীরা বাজারে পাট আনছেন পাট কর্পোরেশনের এই যুক্তি মেনে নেওয়া যায় না। পাট কর্পোরেশন যাতে প্রতিশ্রুতি অনুযায়ী বাজার থেকে পাট কেনা বন্ধ না করেন এ জন্য উক্ত কর্পোরেশনকে সরকারি ভাবে অনুরোধ করা হয়েছে।

উৎপাদন প্রাচুর্যের দরুন যাতে চাষীরা পাটের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত না হন সেজন্য ১৯৮৬-৮৭ সালে পাট চাষের জমির পরিমাণ কমিয়ে ৩-৫ লক্ষ থেকে ৪ লক্ষ হেক্টরের মধ্যে রাখা এবং উদ্বৃত্ত জমিতে বিকল্প ফসল হিসাবে আউস ধান, ভুট্টা, তরিতরকারী, বাদাম, মুগ ও অন্যান্য ডাল চাষের জন্য প্রচার ও প্রচেষ্টা চালানো হচ্ছে। বিকল্প ফসল চাষে উৎসাহিত করার জন্য নদীয়া, মুর্শিদাবাদ, মালদহ ও পশ্চিমদিনাজপুর—পাট চাষের এই চারটি প্রধান জেলায় ২৯ লক্ষ ৬৪ হাজার টাকা মূল্যের উপরোক্ত বিকল্প ফসলের ৭৭ হাজার মিনিকিট বিলিরও ব্যবস্থা করা হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে এই প্রসঙ্গে আমি শুধু আর একটি কথা বলে দিতে চাই। একজন সাংবাদিক বারবার করে সংবাদপত্রে লিখেছেন যে রাজ্য সরকারের তরফ থেকে আমরা ৪০০ টাকা পাটের দাম চেয়েছি, আর দাবি করেছি ৬০০ টাকা। কিন্তু এটা ঠিক নয়। গত ডিসেম্বর মাসে আমরা রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে ৮নং পাটের দাম ৪০০ টাকা এবং ৫নং পাটের দাম ৬০০ টাকার জন্য সুপারিশ করে দাবি পাঠিয়েছিলাম।

**Mr. speaker :** Shri Ramnarayan Goswami, Minister of State in-charge of Health Department will now make a Statement in reply to a mention made by Honourable Shri Sachin Sen.

**শ্রী রামনারায়ন গোস্বামী :** হোমিওপ্যাথি শিক্ষার প্রবর্তন ও প্রসারে পশ্চিমবঙ্গ যদিও

পথিকৃৎ, কিন্তু এক শ্রেনীর স্বার্থান্বেষী তথাকথিত হোমিওপ্যাথি প্রেমী মানুষের কার্য কল্যাণের ফলে সরকারি প্রচেষ্টা সত্ত্বেও কোনো কোনো ক্ষেত্রে অরাজকতা ও ঔদাসীন্য চলে আসছে। হোমিওপ্যাথি শিক্ষার মানোন্নয়নে পশ্চিমবঙ্গ সরকার কি কি কার্যসূচী গত কয়েক বৎসর থেকে নিয়েছেন, সে সম্বন্ধে আমাদের বক্তব্য বিধানসভায় আমরা পূর্বেও নিবেদন করেছি। তার পুনরাবৃত্তি না করে আমি বলতে চাই, কেন্দ্রীয় সরকার কর্তৃক গঠিত সেন্ট্রাল কাউন্সিল অব্ হোমিওপ্যাথি, শিক্ষার নূতন মান স্থির করে ডি.এইচ.এম.এস.কোর্স চালু করেন ১৯৮৩ সালের মে মাস থেকে। এই নিয়মবিধি অনুসারে ১৯৮৩ থেকে হোমিওপ্যাথি ডিপ্লোমা কলেজগুলিতে ডি.এম.এস.এর স্থলে ডি.এইচ.এম.এস.কোর্স চালু হওয়ার কথা। এই কোর্সে ভর্তি হওয়ার জন্য যোগ্যতার মানও উন্নীত করা হয়েছে। সেন্ট্রাল কাউন্সিল এর হোমিওপ্যাথির এই সব নিয়ম আমরা শুধু মেনে নিইনি, তাকে স্বাগত জানিয়েছি, কেননা, আমরা মনে করি, হোমিওপ্যাথি শিক্ষার মানোন্নয়ন ও নৈরাজ্য-অবসানকল্পে এটা সুচিন্তিত পদক্ষেপ।

রাজ্য সরকারের পক্ষ থেকে যথাসময়ে রাজ্য হোমিওপ্যাথিক কাউন্সিল এবং সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে উপরোক্ত নিয়মাবলী সঠিকভাবে পালন করেন। বলাবাহুল্য, আইন বিরুদ্ধ পঠন পাঠন এবং ছাত্রভর্তির ফল ভোগ করতে হবে শুধু শিক্ষা প্রতিষ্ঠানকে নয়, তার চেয়ে অনেক বেশি, যে সব ছাত্রছাত্রী আইন ভঙ্গকারী প্রতিষ্ঠানের ছলনায় বিভ্রান্ত হয়ে সেখানে ভর্তি হবেন।

বাস্তব পরিস্থিতি হল রাজ্য সরকারের নির্দেশ না মেনে কিছু কলেজ কর্তৃপক্ষ নূতন রেগুলেশন এর বৈধতা চ্যালেঞ্জ করে রাজ্য সরকার, সেন্ট্রাল কাউন্সিল অব হোমিওপ্যাথি এবং কেন্দ্রীয় সরকারেরও বিরুদ্ধে হাইকোর্টে মামলা দায়ের করেন এবং পরবর্তী দুই বছর পুরানো ডি.এম.এস.কোর্সে ছাত্রভর্তি করে চলেন। রাজ্য সরকারের আবেদনক্রমে হাইকোর্টে ডিভিসন বেঞ্চ (আপিল আদালত) পূর্বেকার ইনজাংশন খারিজ করে দেন। তখন কলেজ কর্তৃপক্ষ ডিভিসন বেঞ্চের রায়ের বিরুদ্ধে সুপ্রীমকোর্টে আপিলের অনুমতি প্রার্থনা করেন, ভর্তি হওয়া ছাত্রদের পরীক্ষা গ্রহণের জন্য যথাযথ ব্যবস্থা রাজ্য হোমিওপ্যাথি কাউন্সিল করেছেন। উক্ত ছাত্রদের লিখিত পরীক্ষা ১২ই ও ১৩ই মার্চ জয়পুরিয়া কলেজে হওয়ার কথা। অনুমোদিত কলেজগুলিতে সেন্ট্রাল কাউন্সিল অব্ হোমিওপ্যাথির রেগুলেশন্‌স প্রবর্তন করার পরবর্তীকালে বিধিবহির্ভূতভাবে ভর্তি করা, ছাত্রদের পরীক্ষা, হাইকোর্টের আপীল আদালতের আদেশ অনুযায়ী বন্ধ আছে।

১৯৮৩ সালের মে মাসে সেন্ট্রাল কাউন্সিল যখন নতুন শিক্ষাধারার প্রচলনের জন্য রেগুলেশন্‌স করেন এবং একে আইনভিত্তিক করেন, তখন থেকে পুরানো ডিপ্লোমা কোর্স বাতিল হয়ে যায়। পশ্চিমবঙ্গ সরকার এ সম্বন্ধে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সতর্ক করে দেন। কিন্তু কিছু প্রতিষ্ঠান হোমিওপ্যাথি শিক্ষার উন্নত মান, আইনের মর্যাদা সব কিছু উপেক্ষা করে জনসাধারণের মধ্যে হোমিওপ্যাথি শিক্ষা গ্রহণের প্রচন্ড আগ্রহের সুযোগ নিয়ে বিভ্রান্ত সৃষ্টি করে চলেন এবং বেআইনি ভাবে ছাত্রভর্তি চালিয়ে যান। তাঁদের আসল মনোবৃত্তি ও উদ্দেশ্য কি, তা হোমিওপ্যাথি শিক্ষাজগতের সঙ্গে যাঁদের সামান্যতম পরিচয় আছে তাঁদের অজ্ঞাত নেই। কিন্তু হোমিওপ্যাথি শিক্ষার মোহ দেখিয়ে এই সব বিভ্রান্তকারী প্রতিষ্ঠান শত শত ছাত্রছাত্রীকে আজ অনিশ্চিত ভবিষ্যতের পথে ছেড়ে দিয়েছেন।

অপর দিকে স্বার্থ প্রণোদিত একশ্রেনী, কাউন্সিল নির্দিষ্ট পরীক্ষার কর্মসূচী বান্‌চাল করার উদ্দেশ্যে নানা ধরনের অপকৌশল অবলম্বন করে চলেছেন।

বামফ্রন্ট সরকার হোমিওপ্যাথি শিক্ষার ক্ষেত্রে শৃঙ্খলা ফিরিয়ে আনতে বদ্ধপরিকর। বার বার চ্যালেঞ্জ আসছে, কেননা, বহু বছর ধরে যাঁরা বিশৃঙ্খল, নিয়মনীতিহীন হোমিওপ্যাথি শিক্ষা জগতে নিজেদের স্বার্থ কায়েম করে রেখেছেন, তাঁরা সহজে পশ্চাৎ হট্‌বেন না তাঁদের এই চ্যালেঞ্জ এর সম্যক মোকাবিলা করে ছাত্রস্বার্থবিরোধী শিক্ষার অবসান ঘটাতে আমাদের কর্মসূচী সফল করার জন্য সকল শিক্ষানুরাগী মানুষের সহযোগিতা ও সহায়তার আবেদন রাখছি।

[1-10 — 1-20 P.M.]

**মি: স্পিকার:** কান্তিবাবু যে বইয়ের কথা বলেছেন সেই বই এসে গেছে, সেটা সদস্যদের মধ্যে বিতরণ করে দেওয়া হবে।

## MOTION UNDER RULE 185

Now I request Dr. Haramohan Sinha to move his motion.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় যে প্রস্তাব নিয়ে আলোচনা করতে চাই তাতে মাত্র ২ জন সদস্য দিয়েছেন এবং ১ঘন্টা সময় দিয়েছেন। এই ১ ঘন্টা সময়টা খুব কম আরো যদি আধঘন্টা সময় বাড়িয়ে দেন তাহলে খুব ভালো হয়।

**মি: স্পিকার ঃ** আমার সময় বাড়াতে কোনো আপত্তি নেই, হাউসের অনুমতি থাকলেই সময় বাড়িয়ে দেব। আশা করি সবার অনুমতি আছে, অতএব আরো আধঘন্টা সময় বাড়িয়ে দেওয়া হল।

**Dr. Haramohan Sinha :** Mr. Speaker Sir, I beg to move that.

যেহেতু দীর্ঘকাল যাবৎ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের বাজার দামের একটানা উর্দ্ধগতির ফলে সেগুলি ক্রমশই এই রাজ্যের সমস্ত নিম্ন আয়ের মানুষ সমেত অগণিত জনসাধারণের ক্রয়ক্ষমতর বাইরে চলে যাচ্ছে এবং তাদের জীবনমান নিম্ন হতে নিম্নতর হচ্ছে;

যেহেতু কেন্দ্রীয়সরকার সম্প্রতি প্রশাসনিক আদেশবলে কয়লা, কেরোসিন, পেট্রোল ও অন্যান্য জ্বালানী তেলের দাম আরও এক দফা মাত্রাতিরিক্ত বৃদ্ধি করার ফলে এই রাজ্যের সমস্ত নিম্ন আয়ের মানুষ সমেত অগণিত জনসাধারণের জীবনযাত্রার ব্যয় আরও বৃদ্ধি পেয়েছে এবং তাদের জীবনযাত্রা নির্বাহ করা দুঃসাধ্য হয়ে পড়েছে;

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করছে যে, তাঁরা যেন অবিলম্বে উপরোক্ত দ্রব্যগুলির মুল্যবৃদ্ধির আদেশ প্রত্যাহার করেন।

মি: স্পিকার স্যার, এই মোশন আনবার পর দুই-একটি কথা বলছি। মাননীয় সদস্যরা জানেন এবং যিনি যে এলাকা থেকে আসুন না কেন, সকলের একই অভিজ্ঞতা যে, জিনিসপত্রের দাম প্রতিনিয়তই বাড়ছে। দাম বাড়বার কারণ আছে। কেন্দ্রীয় সরকার হচ্ছেন এ-সবের নিয়ন্ত্রক। এই জায়গায় দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকার প্রতিনিয়ত মূল্যবৃদ্ধি করে যাচ্ছেন,

১২শত কোটি টাকার বাজেটের এক বছরের মধ্যে জনগণের উপর এই বোঝাটা চাপিয়ে দিয়েছেন। প্রতিনিয়ত এই মূল্যবৃদ্ধির ফলে মানুষের কি অবস্থা হচ্ছে সেদিকে লক্ষ্য না রেখে কয়েক দিন আগে, লোকসভার অধিবেশনের পূর্বমুহূর্তে কেরোসিন, ডিজেল, পেট্রোল—যেগুলো আজকে মানুষের নিত্যপ্রয়োজনীয় জিনিস হয়ে দাঁড়িয়েছে, বিলাসদ্রব্য নয়—তার দাম বাড়িয়ে দিলেন। কে কয় লিটার কেরোসিন বা ডিজেল খরচ করছে সেটা বড় কথা নয়, কিন্তু কৃষিদ্রব্য থেকে আরম্ভ করে শিল্পদ্রব্য ও অন্যান্য সমস্ত দ্রব্যের পরিবহন খরচ বেড়ে গেছে এবং এই খরচের বোঝা পরোক্ষভাবে জনগণের উপরই চাপছে। এইভাবে ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিসের মধ্যে ১০টির দাম বাড়িয়েই চলেছেন। এই যে দাম বাড়ছে, এর ফলে গরিব শ্রমিক, কৃষক, শ্রমজীবী সাধারণ মানুষের কি অবস্থা হচ্ছে সেটা কি কেন্দ্রীয় সরকারকে ভাবতে হবে না? আজকে সাধারণ মানুষ দুর্দশার মধ্যে পড়েছেন বলে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের দাবি—অবিলম্বে মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ করুন। যদি এই মূল্যবৃদ্ধি তাঁরা অবিলম্বে নিয়ন্ত্রণ না করেন তাহলে এইভাবে ক্রমশ মূল্যবৃদ্ধি ঘটতে ঘটতে সেটা নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে, ফলে কোনো জায়গায় কোনো নিয়ন্ত্রণ থাকবে না। সেই জন্যই কেন্দ্রীয় সরকারের কাছে এটা দাবি করছি এবং মাননীয় সকল সদস্যদের কাছে অনুরোধ করছি, তাঁরা এই প্রস্তাবকে সমর্থন করে কেন্দ্রীয় সরকারের কাছে এই দাবি রাখবেন।

**Mr. Speaker :** Now I request Shri Deba Prasad Sarkar to move his motion under rule185.

**Shri Deba Prasad Sarkar :** Mr. Speaker Sir, I beg to move that.

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে—

(১) বছরের পর বছর প্রধানত কেন্দ্রীয় সরকারের জনবিরোধী কর, দর ও বাজেট নীতি এবং তার সাথে সাথে আংশিকভাবে রাজ্য সরকারের অনুসৃত নীতির অনিবার্য পরিণতি হিসাবে জিনিসপত্রের দাম অস্বাভাবিক হারে বেড়ে চলেছে। এই বছরও কেন্দ্রীয় সরকার লোকসভাকে এড়িয়ে অত্যন্ত অগণতান্ত্রিক উপায়ে পেট্রোল, ডিজেল, কেরোসিন ও রান্নার গ্যাস প্রভৃতি পেট্রোলিয়ামজাত পণ্য সহ চাল, গম, কয়লা এবং সারের মত নিত্যব্যবহার্য পণ্যের দাম বিপুল হারে বাড়িয়ে দিয়েছেন;

(২) বিশ্বের বাজারে অপরিশোধিত তেলের দাম যখন ক্রমাগত কমছে তখন কেন্দ্রীয় সরকার পেট্রোলিয়ামজাত পণ্যের দাম এই রকম বিরাটভাবে বাড়িয়ে দিয়েছেন;

(৩) পেট্রোল, ডিজেলের দাম বৃদ্ধির জন্য বাস মালিকদের দাবির ভিত্তিতে রাজ্যের বামফ্রন্ট সরকার পঞ্চম দফায় এই রাজ্যে বাসের ভাড়া বাড়াতে উদ্যত;

(৪) পেট্রোলিয়ামজাত পণ্য সহ চাল, গম, কয়লা সার প্রভৃতি অত্যাবশ্যক জিনিসপত্রের এই মূল্যবৃদ্ধির ফলশ্রুতিতে অবশ্যম্ভাবীরূপে অন্যান্য প্রতিটি ভোগ্যবস্তুর মূল্যবৃদ্ধি ঘটবে এবং অর্থনীতিতে নজিরবিহীন মুদ্রাস্ফীতি ঘটিয়ে আরও অনেককে দারিদ্রসীমার নিচে ঠেলে দেবে; এবং

(৫) এই রাজ্যে নতুন করে বাসভাড়া বৃদ্ধির আদৌ প্রয়োজন আছে কিনা সে সম্পর্কে

নিরপেক্ষ তদন্ত না করে শুধুমাত্র বাস মালিকদের কথায় দফায় দফায় বাসের ভাড়া বৃদ্ধি জনসাধারণের অশেষ দুর্গতি ও ক্ষোভের কারণ ঘটাবে;

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অবিলম্বে পেট্রোল, ডিজেল, কেরোসিন ও রান্নার গ্যাস প্রভৃতি পেট্রোলিয়ামজাত পণ্য সহ চাল, গম, কয়লা, সারের মত নিত্যব্যবহার্য দ্রব্যের সাম্প্রতিক মূল্যবৃদ্ধির সিদ্ধান্তকে প্রত্যাহার করার দাবি জানাচ্ছে এবং রাজ্য সরকারের কাছে নতুন করে এই রাজ্যে বাসের ভাড়া না বাড়াবার দাবি করছে।

[1-20 — 1-30 P.M.]

মিঃ স্পিকার স্যার, প্রস্তাবটি মুভ করে আমি প্রথমে বলতে চাই যে, এর মধ্যে যে কথা বলা আছে তা হ'ল-কেন্দ্রীয় সরকারের বাজেট-নীতি আজকে গোটা দেশের অর্থনীতির উপর একটা মারাত্মক প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। জনগণের উপর যে কি ধরনের আক্রমণ হয় তার একটি নমুনা হচ্ছে, ১৯৮০ সালে কেন্দ্রীয় সরকার রাজস্ব-কর বাবদ সংগৃহীত অর্থের পরিমাণ যেখানে ছিল ১৩ হাজার কোটি টাকা, ১৯৮৫ সালে সেটা বেড়ে ২৬ হাজার কোটি টাকায় দাঁড়িয়েছে। ফলে এটা ভাবা যায় যে এক ধরনের মারাত্মক প্রক্রিয়া দেশের জনজীবনের উপর এবং অর্থনীতির উপর মুদ্রাস্ফীতি ঘটতে সাহায্য করবে। এই যে বাজেট এবং বাজেট বহির্ভূত কর বৃদ্ধির যে প্রক্রিয়া, এই প্রক্রিয়াতে ৮০ সালের পর প্রয়াত ইন্দিরা গান্ধী আসার পর থেকে এই প্রক্রিয়া তারা গ্রহণ করতে শুরু করেছেন। কারণ একটা at a time গোটা বোঝাটা জনজীবনের উপর চাপার ফলে তাতে ব্যাপক যে জনরোষ সৃষ্টি হতে পারে সেটাকে দমন করার জন্য বাজেট বহির্ভূত জিনিসপত্রের দাম বাড়িয়েছে, রেল ভাড়া বাড়িয়েছে। পেট্রোলের দামও আলাদাভাবে বাড়িয়ে দিয়েছে; এই সমস্ত জিনিসগুলি তারা করছেন। এটা একটা নতুন পদ্ধতি। প্রয়াত ইন্দিরা গান্ধীর পর রাজীব গান্ধীর নেতৃত্বে এই সরকার এই পন্থা অনুসরণ করে চলেছে। কেন্দ্রীয় মন্ত্রী যা বলেছেন এই যে প্রশাসনিক নির্দেশে দাম বাড়িয়ে দেওয়া হচ্ছে এই যে প্রক্রিয়া এটা একটা অর্থনীতির মূল তথ্য থেকে নিয়েছেন। ঘাটতি বাজেটের ফলে যে ভাবে মূল্যবৃদ্ধি হয় প্রশাসনিক প্রক্রিয়ায় মূল্য বৃদ্ধি ৫ গুণ বাড়িয়ে দেওয়া হয়। জানিনা বিশ্বের কোনো অর্থনীতিবিদ এই তথ্য দিয়েছেন যেটা কেন্দ্রীয় অর্থমন্ত্রী তিনি বলছেন। এবং এই ভাবে তারা মারাত্মকভাবে জিনিসের দাম বাড়াচ্ছেন। আজকে যে ভাবে জিনিসের দাম বাড়ছে সেই জন্য এর বিরুদ্ধে প্রতিবাদ হওয়া দরকার। কেন্দ্রীয় সরকারের জনবিরোধী যে মূল্যনীতি এবং মূল্যবৃদ্ধির বিরুদ্ধে যে বাম গণতান্ত্রিক আন্দোলন আজকে দেশব্যাপী গড়ে উঠেছে তার বিরুদ্ধে গঠনমূলক প্রস্তাব হিসাবে যে পেট্রোলের দাম বেড়েছে সেটার বিরুদ্ধে আমাদের ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলা দরকার এবং গঠনমূলক প্রস্তাব হিসাবে আমি এই প্রস্তাবের সঙ্গে যোগ রাখছি, সেটা হচ্ছে ডিজেল এবং পেট্রোলের দাম যে ভাবে বেড়েছে সেই অনুসারে বাসের ভাড়া বৃদ্ধি করা হয়েছে, কিন্তু আমি বলছি বাস লাভে চলে না, লোকসানে চলছে। এটার জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া দরকার এবং তদন্ত হওয়া দরকার। আমি আশা করি সমস্ত সদস্য বন্ধুরা এর যৌক্তিকতা স্বীকার করে প্রস্তাবের পক্ষে এগিয়ে আসবেন। আমি আমার জবাবি ভাষণে বাকি বক্তব্য রাখব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে ১৮৫ ধারা অনুসারে যে

মোশন এনেছেন ডাঃ হরমোহন সিনহা, শান্তশ্রী চট্টোপাধ্যায় এবং দেবপ্রসাদ সরকার কিছু যোগ করে প্রস্তাব এনেছেন এদের সঙ্গে আমি এক মত হতে পারছি না। আপনি জানেন ভারতবর্ষের আমাদের প্ল্যান্ট ইকনমি, প্ল্যান্ট ডেভেলপমেন্টে-র ধারায় আমরা এগিয়ে চলেছি। আজকে এই পথে যদি আমরা এগিয়ে চলি তাহলে from where we will get our resources এই উন্নয়নের বেলা আমরা রিসোর্স কোথায় পাব। আপনি শুনে সুখী হবেন ভারতের উন্নয়নের জন্য যে......

**Mr. Speaker :** One moment, I am disturbing you Dr. Abedin. There are 4 amendments to the motion of Dr. Haramohon Sinha by Shri Kashinath Misra. All the amendments are in order.

**Shri. Kashinath Mishra :** Sir, I beg to move that

(1) In para 1, line 2, the words " এই রাজ্যের " be omitted.

(2) For para 2, the following para be substituted :

**"যেহেতু এই প্রবণতা রোধ করার জন্য ১৯৮৬-৮৭ সালের কেন্দ্রীয় বাজেটে সুনির্দিষ্ট প্রস্তাব গ্রহণ করার ফলে মূল্য বৃদ্ধি প্রয়াসকে রোধ করা যাবে;"**

(3) After para 2, the following paras be inserted :

**"যেহেতু দেশের প্রয়োজনীয় বেশির ভাগ অপরিশোধিত তেল আমদানি করিতে হয়;**

**যেহেতু বিশ্বের বাজারে এই তেল আমদানির জন্য প্রচুর বিদেশি মুদ্রা ব্যয় হয়;**

**যেহেতু বর্তমানে বিশ্বের বাজারে অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি কমে যাওয়ায় কম দামে ঐ তেল সঞ্চয় করার জন্য আমদানি বাড়াবার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে ;**

**যেহেতু এই সিদ্ধান্তকে কার্যকরি করার জন্য পেট্রোলিয়ামজাত দ্রব্যাদির সামান্য মূল্যবৃদ্ধি প্রয়োজন হয়েছে;**

**যেহেতু সংসদের অধিবেশন না থাকায় সরকার প্রশাসনিক আদেশবলে এই মুল্যবৃদ্ধি করিয়াছেন;**

(4) In para 3, line 1, for the words beginning with "অনুরোধ করছে" and ending with "প্রত্যাহার করেন" the following words be substituted : "এই সিদ্ধান্ত কার্যকর করার জন্য অভিনন্দন জানাচ্ছে;"

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** যে কথা আমি বলছিলাম যে, ভারতবাসীর গর্বের কথা যে উন্নয়ন পরিকল্পনায় মাত্র ৭ ভাগ বিদেশি সাহায্য পায়, বাকি নাইনটি থ্রি পারসেন্ট from internal resources mobilisation এর সঙ্গে সম্পর্ক রয়েছে। পর পর ৬টি পরিকল্পনা হবার পর এটা হয়েছে এবং নিশ্চয় ভালো হয়েছে। যদি সম্ভব হত কেন্দ্রীয় সরকারের দাম কমানোর, যে সমস্ত আইটেম এখানে উল্লেখ করা হয়েছে তাহলে ভালোই হত। কিন্তু এই সব আইটেমের সবগুলিই সাধারণ মানুষের কাজে লাগে একথার সঙ্গে আমি এক মত

নই—যেমন পেট্রোল। কিন্তু এর সঙ্গে আপনারা তো উল্লেখ করলেন যে এগুলি পারচেজ করে কেন্দ্রীয় সরকার। কিছু জিনিসের দাম বেড়েছে, কিন্তু সেই সঙ্গে কিছু জিনিসের দাম আবার কমেছেও। যেমন জীবনদায়ী জিনিস, Duty down on drugs upon cars, T.V. set বড় লোক সমাজের উচুঁ তলার মানুষ যে জিনিস ব্যবহার করে, তার মূল্য বাড়ানো হয়েছে। কিন্তু সাধারণ মানুষের যে সর্বজনীন প্রয়োজন ড্রাগস-এর দাম কমানো হয়েছে। এটা আমাদের দেখতে হবে। এর কারণ কি? আমরা রিসোর্সেস জেনারেশন করতে চাই। আমাদের এখানে সবচেয়ে বড় অবিচার যার জন্য বামফন্ট্র সরকার মুখ দেখাতে পারেন না Less capacity utilisation. আজকে পাওয়ার সেক্টরে ৩০শতাংশ ক্যাপাসিটি ইউটিলাইজেশন আছে। আমাদের এখানে যদি ৬০% ক্যাপাসিটি ইউটিলাইজেশন হত তাহলে further capacity investment আমাদের করতে হত না। ক্যাপিটাল ইউটিলাইজেশন হচ্ছে না এবং মর্ডারনাইজেসন হচ্ছে না। আজকে Unfortunately, Sir, public sector too now requires dichotomy and it is now heading for a parable to private sector এক শ্রেণীর প্রাইভেট সেক্টর সারপ্লাস জেনারেট করছে ফারদার ইনভেস্টমেন্ট করছে। আর এক শ্রেনীর public sector continuous loss and drainage of the public excequer এটা আমরা দেখতে পাচ্ছি। তাহলে কি বন্ধ করে দেব? সেইজন্য এবারের বাজেটের যে principle বিগত বছরের থেকে আপনারা দেখছেন উদার অর্থনীতিতে আমরা অপেক্ষাকৃতভাবে যাবার চেষ্টা করেছি। মনে করেছেন যে রাজ্য সরকার ৩০ বছর বাদে এটা গ্রহণ করেছেন। যারা এন্টারপ্রেনারশিপ—যাদের হাতে টাকা আছে তারাই ইনভেস্টমেন্ট করুক, তারাই দারিদ্রের মোকাবিলা করুক। আমাদের দুর্ভাগ্য আমাদের প্রতিবেশী দেশগুলি যে সমর সম্ভার সৃষ্টি করছে—আধুনিক মারণাস্ত্র এবং যুদ্ধের আধুনিকীকরণ করছে যে রাজসূয়ো যজ্ঞ আমরা দেখতে পাচ্ছি, সেখানে We are forced to enhance defence expenditure.আমাদের ডিফেন্স বাজেট প্রতি বছর বাড়াতে হচ্ছে। আমাদের মত উন্নয়নশীল দেশে যদি ডিফেন্স বাজেট না বাড়াতে হত—3 percent of a rupee আমরা ডিফেন্সে বাড়াতে বাধ্য হচ্ছি, প্রতি বছর। এবং এর ফলে আজকে India cannot afford to remain silent while neighbour have been re-armed by super powers and other hostile interests in the globe. ভারত চুপ করে থাকতে পারে না। এই টাকা কোথা থেকে আসবে? Development from the state আমাদের ডিফেন্সকে augmentation করতে হচ্ছে। আমাদের প্রতিবেশী দেশ সেদিকে এগিয়ে চলেছে। তাহলে আমরা কি আজকে defence preparedness বন্ধ রাখব? আবার দেখতে হবে সাধারণ মানুষের জীবন যাত্রায় না আঘাত লাগে। সেইজন্য আমাদের কেন্দ্রীয় সরকার চেষ্টা করেছেন। কেরোসিনের দাম সম্বন্ধে বলেছেন। ঠিক কথা সাধারণ মানুষ এবং সকল মানুষ প্রায় এটা ব্যবহার করে। কিন্তু এতে কি হবে? ডিফেন্সকে মর্ডানাইজ করতে হবে We must have equal counter-part weapon to counter-act that threat. ডিফেন্স কি স্লাকনেস থাকবে? শুধু কেরোসিনের কথাই ভাবলে চলবে না। On an average family in the rural area কেরোসিন সরবরাহ করা হয় ৫ লিটার প্রতি মাসে। ১৪ পয়সা করে যদি পার লিটার কেরোসিনের দাম বেশি হয়ে থাকে তাহলে ৭০ পয়সা বেশি লাগছে মাসে এবং ৮ টাকা বছরে। আজকে দেখতে হবে আমরা per capita income বাড়াতে পেরেছি কিনা, আমরা কি রুর‍্যাল ডেভেলপমেন্টের প্রোগ্রাম

[1-30 — 1-40 P.M.]

নিইনি। আমাদের কেন্দ্রীয় সরকার পভার্টি ইর‍্যাডিকেসন করাকে অগ্রাধিকার দিয়েছেন। Indian National Congress হ্যাজ কমিটেড—eradication of poverty গরিবি হটাও—এই জিনিস কংগ্রেস করছে এবং এটা তারা কমিট করেছে। 65 percent allocation এই ৭ম পরিকল্পনায় আমরা বেশি করেছি।

আমরা যেটা করতে চাই তা হল উই আর ডিটারমাইন্ড টু ইর‍্যাডিকেট পোভার্টি। এটা ম্যাজিক নয়। এটা ওভারঅল কোনো ম্যাজিক নয়। আজকে দু:খের সঙ্গে জানাচ্ছি ২০ পয়েন্ট প্রোগ্রাম কোনো সরকার ইমপ্লিমেন্টেশন উইথ অনেস্টনেস করতে পারছে, কোনো সরকার করতে পারছে না এর মধ্যে এমপ্লয়মেন্ট আইডিয়াল রয়েছে সিজন্যাল এমপ্লয়মেন্ট এতে আছে। হেভি আনএমপ্লয়মেন্ট রয়েছে এটা কি আগমেন্ট করতে পারছি? আমাদের দূর্ভাগ্য যে এই রাজ্য সরকার এর সম্পূর্ণ সুযোগ নিতে পারেনি। হয়ত এখানে কেরোসিন বা এই জাতীয় জিনিসের দাম বছরে ৮ টাকার মত পার ফ্যামিলি বেড়েছে। কিন্তু তাদের যদি এমপ্লয়মেন্ট জেনারেট অ্যাসিওর্ড হয়, রুর‍্যাল ল্যান্ডলেস এমপ্লয়মেন্ট গ্যারান্টি প্রোগ্রাম স্কীমে তাদের এমপ্লয়মেন্ট অ্যাসিওর্ড যদি হয় তাহলে এটা ঠিক একটা আঘাত করার কথা নয়। তবে কমন ইউটিলিটি জিনিসের দাম যদি কমাতে পারতাম তাহলে ভালো হত। আমি আগেই বলেছি ইলেকট্রিসিটি জেনারেট করতে কস্ট আমাদের অনেক বেড়ে গেছে, ট্যারিফ বেড়ে গেছে। আমাদের ইলেকট্রিসিটি ট্যারিফ্ বেড়েছে। যদি আমাদের ক্যাপাসিটি ইউটিলাজেসন হত তাহলে পার ইউনিট অব ইলেকট্রিসিটি দাম কম হত, জনজীবনে চাপ কম হত। আর সেই সঙ্গে আমাদের প্রোডাকশন কস্টও কম হত। আজকে আমরা দেখছি তা হচ্ছে না। আজকে মার্কেটে জিনিসের দাম দুপ্রকারে বাড়তে পারে। ডিমান্ড পুলের মাধ্যমে বাড়তে পারে। ডিমান্ড পুল বাড়ছে, উৎপাদন কমছে, এইভাবে হতে পারে। আর একটা কস্ট পুসড্ ইকনমিতে হতে পারে। জিনিস তৈরি করতে ম্যানুফ্যাকচারিং কস্ট বেশি বাড়ছে। যেমন ইলেকট্রিসিটি ট্যারিফ্। ট্রান্সপোর্ট ট্যারিফ্ও বেড়ে যাচ্ছে। সেই জন্য আজকে ওয়াটার ট্যাক্স বসছে। এটা করতে আমাদের বাধ্য হতে হয়। ঠিক সময়ে যাতে জনসাধারণের কাছে যেতে পারে সেই জন্য কিছু কিছু সিদ্ধান্ত নিতে হয়, ইন দি গ্রেটার ইন্টারেস্ট অব দি কানট্রি। সাবসিডি অন ফুড ১১০০ কোটি টাকা, সাবসিডি অন ফার্টিলাইজার ১৪০০ কোটি টাকা দিতে হয়। যে রেটে এটা জামপিং করে বাড়ছে তাতে শীঘ্রই ইট উইল অ্যামাউন্ট টু ৪১ থাউজ্যান্ড ক্রোরস—৪১ হাজার কোটিতে এসে দাঁড়াবে। এটা কি পারমানেন্ট ফেনোমেনন্ হতে পারে ডেভেলপিং ইকনমিতে? আজকে এই জিনিস বিচার করার সুযোগ এসেছে। আপনারা একাধিকবার বলেছেন গরিবদের জন্য আপনাদের নাকি খুব দরদ। আজকে সরকারের পক্ষ থেকে যারা প্রস্তাব এনেছেন তাদের আন্তরিকতা সম্বন্ধে আমরা প্রশংসা করছিনা কিন্তু তাদের দৃষ্টিভঙ্গি সম্বন্ধে এটা বলা যায় কিনা, যে দৃষ্টিভঙ্গি নিয়ে তারা জলের উপর ট্যাকস্ বসাচ্ছেন। পেট্রোলের উপর ট্যাকস্ কমানোর দাবি করছি, অথচ জলের উপর ট্যাক্স বসাচ্ছি, জল দিতে পারছি না। বেসিক ইকনমিতে বেসিক অ্যামিনিটিজ টু লাইফ দিতে পারব কিনা এটা জানার বিশেষ প্রয়োজন এসে গেছে। সেই জন্য কনস্ট্যান্ট মনিটরিং অব দি ইকনমি- এর জন্য কিছু কিছু সিদ্ধান্ত নিতে হচ্ছে। পেট্রোলের দাম বাড়িয়ে এর কনজাম্পশন কমানো যায় কিনা—ডিফারেন্স

ইউটিলাইজেসন অফ পেট্রোল আজকে আমরা করতে পারছি না। দাম বাড়িয়েও কনজাম্পশন কমানো যাচ্ছে না। টি.ভি. বড় লোক ব্যবহার করে। তার দাম তো কমেনি, তার উপর ট্যাক্স বসেছে। আজকে অনেক জিনিসের উপর সুবিধা কেন্দ্রীয় সরকার দিয়েছেন বাজেটে। পারসোন্যাল ট্যাক্স রিলিফ দেওয়া হয়েছে। বিগত বছর থেকে পারসোন্যাল ট্যাক্স রিলিফ দেওয়া হয়েছে এবং লার্জার কালেকশন হয়েছে। একটা নতুন দিগন্ত খুলে গেছে ভারতের ইকনমিতে। পারসোন্যাল ট্যাক্স রিলিফ যেমন দেওয়া হয়েছে তেমনি কালেকশন হ্যাজ ইনক্রিজড। নন-রেসিডেন্ট ইনডিয়ানস্ রেমিট্যানস্ বেড়ে গেছে, ইট ক্যান অ্যাট্রাক্ট আওয়ার ডিপেনডেনস্ অন ফরেন ডিপেনডেনস্ অব একস্টারন্যাল অ্যাসিস্ট্যানস কমে গেছে, আমরা গর্বের সঙ্গে এই কথা বলতে পারি। আজকে যারা বসে আছেন তাদের জন্য সোশ্যালিস্ট কানট্রির ব্যাপারে একটু তুলনামূলক আলোচনা করা দরকার। এখানে বলবেন প্রাইস রাইস ইজ এ গ্লোব্যাল ফেনোমেনস্। সোশ্যালিষ্ট কানট্রিতে প্রাইস রাইজ হয় না? আমাদের বন্ধু দেশ, মিত্র দেশের সঙ্গে বাইল্যাটারাল এগ্রিমেন্ট হয়। যে জাহাজের ১ টাকায় ১০০ টাকার মূল্য নির্ধারণ ছিল বাই দিস টাইম ট্র্যানজ্যাকশনের মূল্য ৬৫ পারসেন্ট বেড়ে গেছে। এখানে কনটেনসন দরকার। সোশ্যালিস্ট ইকনমিতে প্রাইস রাইজ হয় না? তাহলে আমাদের ব্যালান্স অব পেমেন্ট দেখতে হবে, দ্যাট ইজ অ্যালার্মিং এগেন্।

আমাদের যে রেটে বম্বে-হাই থেকে পেট্রোল এবং গ্যাস পাবার কথা ছিল দি রেট হ্যাজ স্লোড ডাউন। আমরা মনে করেছিলাম it will lift by 40 percent and 50 percent কিন্তু বিগত বছরে দেখা গিয়েছে it has slowed down to 18 percent সেইজন্য আমাদের ব্যালেন্স অব পেমেন্ট একটা বিরাট ঘাটতি দেখা দিয়েছে। এরা ২/১ টা কথা বলতে পারে যে কনজিউমার কিছু আর্টিকেল-এর ব্যাপারে ইম্পোর্ট লিবারাইজেসন হ'ল কেন? আজকে বাইরের রাজ্যকে যদি অ্যাট্রাক্ট করতে হয়, বাইরের যে রেসট্রিকশন আছে - protectionism operates in certain developed and industrialised countries সেটা কমব্যাট করতে দিলে আমাদের মেথড নিতেই হবে, পন্থা নিতেই হবে, না নিয়ে উপায় নেই। বাইরের দেশের সারপ্লাস, দেশের সেভিংস, ইনভেস্টমেন্ট এবং এর সঙ্গে বাইরের ইনভেস্টমেন্ট non-resident Indians and other collaborations আজকে সম্ভবপর হবে। যদি এখানে ইনসেনটিভ না থাকে—মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় after three decades his ripe age কংগ্রেস যে পথ নিয়েছিল ৩০ বছর আগে সেই পথ আজ উদাত্তচিত্তে গ্রহণ করেছেন এবং এর বিকল্প কোনো পথ গ্রহণ করতে পারেন নি। সেইজন্য আজকে এরা যে অ্যাপ্রিহেনশন দেখাবে তার কোনো কারণ নেই। কারণ অ্যাডিকোয়েট সেভগার্ড আছে ফর পোভার্টি ইরাডিকেশন। আমাদের কেন্দ্রীয় সরকারের প্ল্যান এবং রাজ্য সরকারের পরিকল্পনা ইট ইজ অলমোস্ট ডবল। আমাদের এখানে পরিকল্পনা রূপায়িত হয়েছে ২ হাজার ২৯৮ কোটি টাকার। সেভেন্থ প্ল্যান ৪১২৫ কোটি টাকার—অলমোস্ট ডবল। আজকে বাড়তি টাকার ডিমান্ড আসবে কোথা থেকে? ডেফিসিট ফিনানসিং একটা মেথড হতে পারে। আমরা দেখেছি, ডেফিসিট ফিনানসিং ইনফেলশনারি ট্রেন্ডকে সব সময় এগিয়ে দেয়। সেইজন্য deficit financing is not a panacea for these ills of developing countries. স্যার, এই রাজ্য সরকার একটা বন্ধ ডেকেছিলেন এবং একটি ভারত বন্ধও ডাকা হয়েছিল। পশ্চিমবাংলায় যদি গভর্নমেন্ট বন্ধ ডাকে তাহলে এখানে তা সাকসেসফুল হ'লেও ভারত বন্ধ সাকসেসফুল

হতে পারে নি। অন্য দিকে স্যার, আমরা দেখেছি, এরা ইকনমিস্টদের ডেকে একটা কনফারেন্স করেছিলেন। এখানে ওদের মতের সঙ্গে আমাদের মিল নেই, দৃষ্টিভঙ্গিরও পার্থক্য আছে। as many as 28 economists were invited by the West Bengal State planning Board and they held session on October, 10,11,12 এখানে এরা যে দৃষ্টিভঙ্গির পরিচয় দিয়েছেন আমরা তার সঙ্গে একমত নই।

"Second, a process of prunning wasteful expenditure, particularly on defence, internal security and unproductive bureaucracy and on transfer payments to the rich must be undertaken." স্যার, দুটি আইটেমের আমরা একমত নই। ডিফেন্স এবং ইন্টার্ন্যাল সিকিউরিটি—priority of the country, defence of the country, internal security of the country, unity of India, sovereignty of India, should have priority and its borders must be defended, must be protected.

আজকে ইন্ডিয়ান ওসানে বৃহৎ শক্তির যে আনাগোনা চলেছে against all these adds we must have preparedness.

**শ্রীমতী মহারাণী কোঙার :** জিনিসপত্রের দাম বাড়ছে কেন বলুন।

**ডা: জয়নাল আবেদিন :** এতদিন তো ছিলে না (* *) এখন একটু চুপ কর।

**মি: স্পিকার :** মা চামুণ্ডা বাদ যাবে।

**ডা: জয়নাল আবেদিন :** আজকে রিসোর্স মবিলাইজেসানের জন্য যে যে ক্ষেত্রে সম্ভবপর—রুর‍্যাল পোভার্টি ইরাডিকেশন এবং অ্যাসিওর্ড এমপ্লয়মেন্ট দেবার জন্য, সিজিন্যাল এমপ্লয়মেন্টের জায়গায় পার্মানেন্ট এমপ্লয়মেন্ট দেবার জন্য, রোটেশন্যাল এমপ্লয়মেন্ট দেবার জন্য, ইরিগেশন ফেসিলিটিস বাড়াবার জন্য আজকে আমাদের এটার প্রয়োজন হয়েছে। যতই আনপ্যালেটেবল হোক একটা ডেভেলপিং কানট্রি এটা নিতেই পারে। শেষ কথা, The dawn of peace is deadlier than the night of war. We are marching ahead. India is a developing country–some other advanced country declared that India is already a developed country and indeed we are so. এই গৌ'রব কথা নিয়ে ভারতবাসী হিসাবে, ভারতের জাতীয় কংগ্রেস মানুষকে যে প্রতিশ্রুতি দিয়েছিল সেই সমাজতান্ত্রিক পথে দেশকে এগিয়ে নিয়ে যেতে আজকে যে মেথডের প্রয়োজন আছে আমরা সেটা নিতে বাধ্য হয়েছি। আমরা আশা করি ভারতের জনগণ কংগ্রেসের সঙ্গেই আছেন। মাঠে, ঘাটে, হাটে এই জাতীয় চিৎকার করে এটা বন্ধ করতে পারেন নি। Congress is gradually becoming stronger and stronger. ভারতের ১০০ বছরের ইতিহাস হচ্ছে কংগ্রেসের ইতিহাস। কংগ্রেসের ইতিহাসে মানুষের আস্থা আছে বলেই কংগ্রেস মানুষের সমর্থন পাচ্ছে। আজকে এদের ডাকা হরতাল, বনধ্ সব ভেস্তে গেছে। ওরা কংগ্রেস থেকে মানুষকে বিচ্ছিন্ন করতে পারেনি। অপর দিকে ওরাই আল্লা হয়ে গেছে। সে জন্য আজকে যে প্রস্তাব এরা এনেছে, এই প্রস্তাবের সঙ্গে আমি একমত নই। সবিনয়ে এই মত

* * Note : Expunged as ordered by the chir.

জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1-40 — 1-50 P.M.]

**শ্রী মলিন ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপরে আমি দু'একটি কথা বলতে চাই। ভাঙ্গা রেকর্ডের আওয়াজ—বাংলা দেশের বুকে অনেক বেইমানের জন্ম হয়েছে। সমাজতান্ত্রিক অগ্রগতি কি ভাবে পাইলটওয়ালা করছে তার একটা নমুনা দিচ্ছি। সমাজতন্ত্র—পাইলটওয়ালা, পেন্টওয়ালা, বৈজন্ত্রীওয়ালা, এই নিয়ে তোমাদের সমাজতন্ত্র। পলিশড ওয়াটার, পেট্রোলজাত দ্রব্যের দাম বাড়িয়ে ১০৮০ সাল থেকে ১৯৮৬ সাল পর্যন্ত সমাজতন্ত্রর রথ কি ভাবে এগিয়ে নিয়ে গেছে সেটা দেয়ালের লেখন হয়ে উঠেছে। এই সেনচুরিতেই তোমাদের চাকা উল্টে যাবে যে অবস্থা করে এনেছো। আমি জয়নাল আবেদিনকে চ্যালেঞ্জ করছি, আপনি দেখুন কি ভাবে সমাজতান্ত্রিক রাষ্ট্রের কর্ণধারেরা প্রতিটি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়িয়েছেন। আপনারা যদি নির্লজ্জ বেহায়া না হন তাহলে পাল্টা জবাব দেবেন। আমি সরকারি তথ্যের উপরে ভিত্তি করে বলছি। গত ৮/৬/৮০ তে পেট্রোলের দাম ছিল ৫ টাকা ১৪ পয়সা, ডিজেলের দাম ছিল ২ টাকা ৩৪ পয়সা, কেরোসিনের দাম ছিল ১ টাকা ৫৬ পয়সা। তারপরে ১৯৮১ সালে সেই ৫ টাকা ১৪ পয়সার পেট্রোল হল ৫ টাকা ৫৪ পয়সা, ডিজেল হল ২ টাকা ৬৬ পয়সার, আর কেরোসিন হল এক টাকা ৬০ পয়সা। আমরা সমাজতন্ত্রে উঠছি। আর ১৯৮৫ সালের মার্চ মাসে পেট্রোল হল ৭ টাকা, ডিজেল হল ৩ টাকা ৩৯ পয়সা, কেরোসিন হল ২ টাকা ১১ পয়সা। এই হাল সনে নির্লজ্জরা পার্লামেন্টে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে প্রতিটি রাজ্য সরকারকে বঞ্চিত করে পেট্রোল, ডিজেল-এর দাম বাড়িয়ে দিল। পশ্চিমবঙ্গের ন্যায্য অধিকার কেড়ে নিয়েছে বেইমানরা। এদের দেখে সেই সিরাজউদ্দোলার কথা মনে পড়ে। যেমন যুগে যুগে মোহনলাল জন্মায় তেমনি মির্জাফর, ইয়ারলতিফ, রায় দুর্লভ, জগত শেঠের দলও জন্মায়। এই ইতিহাস নুতন নয়। আজকে পশ্চিমবঙ্গের টাকা তোমাদের এ পাইলটওয়ালা চুরি করেছে। এই হচ্ছে তোমাদের সমাজ তান্ত্রিক অগ্রগতি। ১/১২/৮৬তে পেট্রোল হল ৭ টাকা ৫৪ পয়সা, ডিজেল হল ৩ টাকা ৫৮ পয়সা, আর কেরোসিন হল ২ টাকা ৩৪ পয়সা। আর ওদের বিশ্বনাথ ভিয়েন প্রতাপ সিং বাজেট পেশ করার মধ্যে দিয়ে কি করলেন? তিনি বলেছেন যে সমাজতান্ত্রিক লক্ষ্যকে সামনে রেখে আমরা দারিদ্রের বিরুদ্ধে কর্মসূচী গ্রহণের জন্য বরাদ্দ প্রায় ৬৫ শতাংশ বাড়িয়েছে। হে দারিদ্র মোচনকারী, দারিদ্রের এই এজেন্সি নিয়েছেন দারিদ্র মোচন করার জন্য। পৃথিবীর সমাজতান্ত্রিক দেশগুলি কি ভাবে চলছে তা একটু গিয়ে দেখে আসুন। সুব্রত মুখার্জির মত কেউ কেউ তো রাজীব গান্ধীর অনুকম্পা পাচ্ছে, এ-দিক ও-দিক ঘুরছে, তারা তো দেখে আসছে। সমাজতান্ত্রিক দেশগুলিতে কি জিনিসের দাম রোজ রোজ বাড়ছে? সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলি তাদের দেশকে, দেশবাসীকে দেউলে করে দিচ্ছে না। ডাঃ জয়নাল আবেদিন সাহেব যখন বক্তৃতা করতে উঠলেন তখন আমি মনে করেছিলাম যে, তিনি হয়ত অনেক কিছু বলবেন। কিন্তু তিনি এখানে যা বললেন তা যদি গ্রামের মানুষের সামনে বলতে পারেন, তাহলে বুঝব যে, হ্যাঁ, তাঁর সাহস আছে। আমি ভালো করেই জানি সে সাহস ওঁর নেই। ওঁদের আসল রূপ তো আমরা জানি এবং সে রূপ দেখলে আমাদের হাসি পায়। ওঁরা গ্রামে গিয়ে বলেন, "জিনিসের দাম বাড়ছে কেন, সিপিএম, জবাব দাও" মালিকরা, তোমরা যে

মিথ্যে কথায় গোয়েব্‌লস্‌কেও হার মানাচ্ছ। কে দাম বাড়াচ্ছে? সিপিএম দাম বাড়াচ্ছে? অবশ্য তোমাদের এসব আর বেশি দিন বলতে হবে না। এক এক করে তোমাদের উইকেট পড়তে শুরু করেছে। মহারাষ্ট্রে নিলঙ্গেকরের হয়ে গেছে, কাশ্মীর ভেসে গেছে। পশ্চিমবঙ্গকে ধ্বংস করার জন্য অনেক চেষ্টা করা হয়েছে, এবারে নিজেরাই ধ্বংস হতে চলেছে। সমস্ত রাজ্যগুলিকে—বিশেষ করে পশ্চিমবঙ্গকে—বঞ্চিত করার জন্য অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী রাজ্য সরকার কর প্রস্তাবের ৪০ শতাংশ টাকা যেটা পায় সেটা যাতে তাদের না দিতে হয় তার জন্য বাজেটের আগেই চাল, গম, পেট্রোল, ডিজেল, গ্যাস কেরোসিন প্রভৃতি জিনিসের দাম বাড়িয়ে দেওয়া হ'ল। পাইলটওয়ালার মা যা কোনো দিন করেননি, মায়ের বাবা জহরলাল নেহেরু যা কোনো দিন করেননি, সেই কাজ এই পাইলটওয়ালা করল। রাজ্য সরকারের পাওনা ৪০ শতাংশ টাকা মেরে দিল। আর দলের এইসব নির্লজ্জ বেহায়ারা ঐ সমস্ত কথা এখানে বলছে। এঁদের কি গ্রামে যেতে হবে না? আর বেশি দিন নাই, শীঘ্রই যেতে হবে। আবেদিন সাহেব গ্রামে গিয়ে দেখবেন আজকে কি অবস্থা চলছে, মানুষ কয়লা পাচ্ছে না, মধ্যবিত্ত গ্যাস ব্যবহার করতে পারছে না। গরিব মানুষ একটু কেরোসিন কিনতে পারছে না। আজকে আমাদের রাজ্য সরকারকে বাধ্য হয়ে বাসের ভাড়া বাড়াতে হচ্ছে, কেন না ওঁরা ডিজেলের দাম বাড়িয়েছে, পেট্রোলের দাম বাড়িয়েছেন, বাড়তি টাকা কোথা থেকে আসবে? রাজ্য সরকার ভরতুকি দেবে? সে টাকা কোথা থেকে আসবে? ৪০ শতাংশ টাকা তো মেরে দিল, তারপরে ৪০০ কোটি টাকা ওরা মেরে দিয়েছে। ওঁরা চাল, গম, ডিজেল, পেট্রোল, সার কয়লা, কেরোসিন প্রভৃতি প্রতিটি জিনিসের দাম বাড়িয়েছেন, আমাদের টাকা মেরে দিয়েছেন। সুতরাং এই অবস্থায় ডাঃ হরমোহন সিনহা এবং শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায়ের আনিত প্রস্তাবকে আমি সমর্থন করছি।

**শ্রী দেবীপ্রসাদ বসু ঃ** স্যার, ডাঃ জয়নাল আবেদিনের বক্তৃতায় যুক্তি আছে এবং সেটা হচ্ছে যে, ডিফেন্সের জন্য টাকা সংগ্রহ করতে হবে। অতএব এই এই জিনিসগুলির দাম বাড়ানো দরকার। আমার এই প্রসঙ্গে কান্দির জমিদারবাবুর কথা মনে পড়ে যাচ্ছে। তাঁর মাসকাবারি নাপিত তাঁর কাছে যখন টাকা চেয়েছিল, তখন তিনি বলেছিলেন, "ভজা, নিচের বাগান থেকে ওকে চারটি পালং শাক এনে দিয়ে যা।" এর কিছু দিন বাদে চাকর-বাকররা কিছু কাপড় চাইলে জমিদারবাবু বলেছিলেন, "ভজা ক্ষেত থেকে চারটি পালং শাক কেটে এনে দিয়ে দে।" আবার কিছু দিন পরে ধোপা এসে পয়সা চাইলে, তিনি বলেছিলেন, "ভজা , কিছু পালং শাক কেটে নিয়ে আয়।" ভজা পালং শাক আবার কাটতে গেলে পালং শাকরা তখন বলেছিল, "হুজুরের বাগানে ফুলকপি আছে, বাঁধা-কপি আছে, মটর-শুটি আছে, সে সব না কেটে রোজ পালং শাকের মাথা কাটছেন কেন? রোজ কেবল পালং শাকের মাথা কেটে বিক্রি করবেন, এটা হতে পারে না।" স্যার, গত বাজেটের সময়ে ডঃ অশোক মিত্র রঙিন টি.ভি'র উপর ট্যাক্স বসিয়েছিলেন তখন হাউসে ওঁরা আপত্তি জানিয়েছিলেন। সেই সময়ে ট্রেনের মধ্যে সুট-বুট পরা বাবু আমাকে ধরে জবাব চেয়েছিলেন। তাঁরা বলেছিলেন, আপনারা রঙিন টি.ভির উপর ট্যাক্স বসালেন কেন। কিন্তু এ বারে কেন্দ্র তার উপর ট্যাক্স বসিয়েছেন। আমি এ বারে ট্রেনের ফার্স্ট ক্লাশের যাত্রীদের জিজ্ঞাসা করেছিলাম, এ বারে কি হল? ওঁরা বললেন, কেন্দ্রীয় সরকারের অধমুখ থেকে নিঃসৃত শব্দবাহি বায়ুও সুগন্ধিবহ। কাজেই টাকার

সংস্থান এইভাবে নয়, পালং শাক কেটে নয়। ফুল কপি, বাঁধাকপি কেটে করা উচিত।

[1-50 — 2-00 P.M.]

**ডাঃ সুশোভন ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, ডাঃ হরমোহন সিনহা আজকে ১৮৫ ধারায় মোশন এনেছেন সেই সম্পর্কে বলতে গেলে বলতে হয় যে এটা ঠিকই নিত্য প্রয়োজনীয় সামগ্রীর দাম বাড়লে সাধারণ মানুষের কষ্ট বাড়ে। শুধু আমি কেন হাউসের প্রত্যেকটি মেম্বার একমত হবেন যে দাম বাড়লেই গরিব সাধারণ মানুষের কষ্ট বাড়ে। কিন্তু আমাদের দেখতে হবে সরকার দাম বাড়ালেই কি জিনিসপত্রের দাম বাড়ে, না অন্য কোনো কারণ আছে। সরকার দাম বাড়ালেই জিনিসের দাম এমনিতে বাড়বে না। আমি দেখেছি, ব্যবসায়ীদের উপর কন্ট্রোল যদি না থাকে, যদি কালোবাজারিদের উপর কন্ট্রোল না থাকে, অ্যাডলটারদের উপর কন্ট্রোল যদি না থাকে তাহলে জিনিসপত্রের দাম বাড়ে। আজ যদি কেন্দ্রীয় সরকার কেরোসিন তেলের দাম কমিয়ে দেয় তাহলে সরকার কি প্রতিশ্রুতি দিতে পারবেন যে দামে কেন্দ্রীয় সরকার তেল দিচ্ছেন সেই দামে মানুষের কাছে কেরোসিন তেল পৌছে দিতে? এমনিতেই তো যেসব গ্রামে বিদ্যুৎ গেছে সেইসব গ্রামের মধ্যে বেশির ভাগ গ্রামে বিদ্যুতের তার চুরি হয়ে গেছে, লম্ফ জ্বালিয়ে পড়াশুনা করে কিম্বা ঘরের কাজ করে। ঐ দামে যদি কেরোসিন তেল এই সরকার পৌছে দিতে পারেন তাহলে আমি এই বিলের পক্ষে। যদি তা না পারেন তাহলে আমি বলব এই মোশনের মাধ্যমে আপনাদের ব্যর্থতা ঢাকার চেষ্টা করা হয়েছে। ডাঃ হরমোহন সিংহ মহাশয় একজন ডাক্তার। উনিও জানেন এবং আমরা সবাই জানি জীবনদায়ী পেথিডিন ইনজেকশনের সরকারি বাজার দাম হচ্ছে দেড় টাকা। কিন্তু সেটা বাজারে বিক্রি হচ্ছে ৭ টাকায়। এটা বন্ধ করতে পেরেছেন, এই সরকার কি বলতে পারেন? আজকে দেখছি, পেট্রোল পাম্পে কেরোসিন তেল মেশানো হচ্ছে, জল মেশানো হচ্ছে। এই সরকার কি বলতে পারেন ক'টা পেট্রোল পাম্পের মালিকদের শাস্তি দিয়েছেন? সুতরাং আগে সেই কাঠামো তৈরি করুন। যদি এই অসাধু ব্যবসায়ীদের কন্ট্রোল করতে না পারেন, তাহলে আপনারা বড় বড় কথা বলুন না কেন, কিছুই করতে পারবেন না। আজকে এইসব অসাধু ব্যবসায়ীদের বামফ্রন্ট সরকার চোখের মণির মতন আঁকড়ে রেখেছেন। ডিসেম্বর মাসে প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী শান্তিনিকেতনে এসেছিলেন। আমি উনার সঙ্গে দেখা করার জন্য ১০ মিনিট সময় চেয়েছিলাম, উনি আমাকে সময় দিয়েছিলেন। অনেক রাজনৈতিক নেতা তো বলেন দিল্লিতে গিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে এলাম। আমি এখানেই ওনার সঙ্গে দেখা করেছিলাম এবং ওনাকে অনুরোধ করেছিলাম কংগ্রেসের শতবর্ষে এই এসেনশিয়াল কমোডিটিসের উপর আরোও বেশি ভরতুকি দিন, সাধারণ মানুষের উপকার করুন। এই সঙ্গে আমি রাজ্য সরকারকে বলছি যে আজকে যদি রামারাওয়ের সরকার তাঁর দেশে ২ টাকা কে.জি. দরে চাল দিতে পারেন তাহলে আমাদের রাজ্য সরকারই বা কেন পারবেন না? এই বিষয়ে আমি যেমন প্রধানমন্ত্রীকে অনুরোধ করেছি তেমনি রাজ্য সরকারকেও অনুরোধ করছি। রামারাও সরকারের তো আমাদের সরকারের চেয়ে অধিক ক্ষমতা নেই। কাজেই সরকার সিদ্ধান্ত নিন, যে আগামী বাজেটে মুখ্যমন্ত্রী মহাশয় মানুষকে ২ টাকা কে.জি. দরে চাল দেবেন এটা সর্বসম্মতভাবে সিদ্ধান্ত নিন। আমি এই মোশনের পক্ষে কি বিপক্ষে এটা কোনো কথা নয়, আমার কথা হচ্ছে রাজ্য সরকারই হোক, আর কেন্দ্রীয় সরকারই

হোক দাম বাড়ালেই যে দাম বাড়ে তা নয়, ব্যবসাদারদের উপর আমাদের কন্ট্রোল নেই বলেই দাম বাড়ছে। আমি মোশনের বিরোধিতা করছি না শুধু বিবেচনার জন্য সভার কাছে অনুরোধ করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-00 — 2-10 P.M.]

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ** শ্রদ্ধেয় স্পিকার স্যার, যে প্রস্তাবটি আনা হয়েছে আমি কংগ্রেস তরফে যাঁরা আছেন তাঁদের কাছে অনুরোধ করছি যে একটু ভালো করে পড়ে দেখুন। মানুষের যদি সত্যিকার উপকার করতে হয় তাহলে এই প্রস্তাবটি সমর্থন করার প্রয়োজন আছে। আমি রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে বলছি না, অর্থনৈতিক দৃষ্টি দিয়ে এই জিনিসটি বলার চেষ্টা করছি। যখনই নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়ে তখনই সবচেযে বেশি হার্ড হিট হয়, নিচের তলার লোকদের, তার কারণ হচ্ছে এই যে নিচের তলার লোকদের উপর তলার লোকদের সঙ্গে সবচেয়ে বড় তফাৎ হচ্ছে মার্জিনাল ইউটিলিটি অফ মান। যদি এক টাকা মার্জিনাল ইউটিলিটি অফ মান হয় সেই একটাকাটা টাটা, বিড়লার মত লোকের কাছে কিছু নয় বললেই চলে, কিন্তু নিচের তলার যারা এই ১০০ টাকার মত বেতন পায় এই রকম স্ট্যাটাসের লোকদের প্রায় ৯০/৯৫ ভাগ এ মার্জিনাল ইউটিলিটি অফ মান হয় তাদের পক্ষে। কাজেই এই যে এসেনশিয়াল কমোডিটিজগুলির দাম বাড়ানোর কথা বলছেন এতে কি সর্বনাশটা করছে এবং সেন্ট্রাল গভর্নমেন্ট কি হিপোক্রেসি করছেন সেটা একটু তলিয়ে দেখার মত জিনিস। সবাই বলছেন মানুষের ভালোর জন্য করছি অথচ সবই মার্জিনাল ইউটিলিটি অফ মান এমনভাবে নষ্ট করে দিচ্ছে সেটা কল্পনা করা যায় না। সেদিকে চিন্তা করে গরিব মানুষের কথা ভেবে এটা তাদের সংশোধন করা উচিত। আমি আপনাদের কাছে একটা কথা বলছি। মাননীয় জয়নাল আবেদিন সাহেব বললেন কেরোসিনের কথা। কথাটা উনি জানেন কিনা জানিনা একটা জিনিস আমি রিমাইন্ড করে দিচ্ছি, বেশি ইনকাম যাদের স্ট্যাটাস যাদের বজায় রাখাই তাদের সব চেয়ে বড় খরচা এবং গরিব মানুষদেরও সবচেয়ে বেশি খরচা হয় ফুড়ে, ফুডেতেই ৮০ পারসেন্ট খরচা হয়। ফুড মানে কয়লা, গম, চাল। একটু ইকনমিকসের বই পড়বেন, আমি জিজ্ঞাসা করছি, কয়লার দাম বাড়লে কত পড়ে একবার চিন্তা করে দেখবেন। যে মানুষের মার্জিনাল ইউটিলিটি অত্যন্ত বেশি সেইসব লোকদের কথাটা আপনারা ভাবেন না। ভাবলে এই কথা বলতে পারতেন না। কারণ এখন সেন্ট্রাল গভর্নমেন্টের উচিত হচ্ছে গরিব মানুষদের কথা ভাবা, তাহলে লোকের কাছে কথায় নয় কাজে প্রমাণিত হত যে হ্যাঁ, গরিবদের কথা ভাবছে। আমরা জানি ধনতান্ত্রিক রাষ্ট্রের যাঁরা নায়ক তাঁরা হিপক্রিটদের মত কথা বলেন। তাঁরা বলেন গরিব মানুষদের ভালো করছি। কিন্তু এই যে মনিটরি মেথড আছে, যে মনিটরি মারকেট আছে সেটা দিয়ে গরিবদের শেষ রক্ত চুষে খেয়ে নেয়। আপনাদের কাছে আবার বলছি যে বাজেট সেন্ট্রাল গভর্নমেন্ট করেছে সেটা ডেফিসিট বাজেট। আর ডেফিসিট বাজেট মানে কি সেটা ভালো করে অনুধাবন করা দরকার। ডেফিসিট বাজেট মানে ইনফ্রেশন আসবে। তারপর প্রাইস লেভেল ক্রমশ বাড়ছে এবং ইনডেক্স নাম্বার বাড়ছে। এর ফলে সবচেয়ে বেশি হার্ড হিটার হচ্ছে গরিব মানুষরা এতে টাটা, বিড়লার হার্ড হিট হয় না। আরো কিছুটা কম পয়সাওলা লোকেদের আরো কম অ্যাফেক্ট হয়। সব চেয়ে বেশি অবস্থা খারাপ হয় নিচের তলার মানুষদের। কাজেই আমরা যদি সমাজতান্ত্রিক-এর দৃষ্টিভঙ্গি নিয়ে

চলি তাহলে এই জিনিস হয় না। সমাজতান্ত্রিক-এর দৃষ্টিভঙ্গি নিয়ে চলার অনেক দেরি আছে। যতক্ষণ না পর্যন্ত কেন্দ্রের ধনতান্ত্রিক সরকারকে চুরমার করা যায় ততক্ষণ এটা সম্ভব নয়। আগেই এই ওয়ার্নিং দেওয়া উচিত। ওনারা যা করছেন সমস্ত লোকের উপর, যে অত্যাচার করছে ইনডাইরেক্ট ট্যাক্স করে তাতে সমস্ত লোক বিপক্ষে যাচ্ছে এবং নিচের তলার লোক বেশি করে অত্যাচারিত হচ্ছে। ওনাদের শেষ করবে এই ট্যাক্স পলিসি। আপনারা চিন্তা করুন আর একটা কথা সেটা হচ্ছে আজকে যাদের উপর নির্ভর করছেন আপনারা—ইউ.এস.এ—তাদের যে ফাইন্যান্সের অবস্থা, অবশ্য পেপারের রিপোর্ট থেকে বলছি—কিছু দিন আগে টেলিগ্রাফ পত্রিকায় দেখলাম সেখানে পেট্রোলের দাম ১২ পাউন্ড ছিল সেটা ৮ পাউন্ড করেছে। তার মানে ৪ পাউন্ড দাম কমেছে। আর আমাদের এখানে দাম বাড়াবার কথা ভাবছেন। এইগুলি একটু ভেবে দেখবেন। আর একটা কথা হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্টে অপকর্মের ফলে তুলনামূলকভাবে ওয়ার্ল্ডের তুলনায় আমাদের এখানে মানি ডিভ্যালু হতে চলেছে। এর জন্য পশ্চিমবঙ্গ সরকারকে বলবেন না সেন্ট্রাল গভর্নমেন্টকে বলবেন? ভারতবর্ষের মানি ডিভ্যালুয়েশনে চলে যাচ্ছে, কাগজটা ভালো করে দেখবেন, ভালো করে পড়বেন। এই যে ডিভ্যালুয়েশন যে কতটা অমর্যাদাকর সারা ভারতবর্ষের ক্ষেত্রে এটা ভালো করে চিন্তা করে দেখবেন। আপনারা রাজীব গান্ধীর সরকার বলে চিৎকার করবেন, বুক ফুলিয়ে কথা বলবেন এটা হতে পারে না। কারণ ইতিহাসে লেখা আছে তাদের পরিচয়, যারা এই ভাবে মানুষকে ধাপ্পা দিয়ে চলবার চেষ্টা করে। আমি অর্থনৈতিক দিক নিয়ে বলছি, আপনারা ডিভ্যালুয়েশানের কথা বলুন। আজকে সকলে ডিফেন্স অ্যান্ড ওয়ারের কথা বলছেন। তারা বলছে পিস চাই ওয়ার চাই না। আমাদের গভর্নমেন্ট যদি এই রকম বাজেট করতে চায় ধাপ্পা দেবার জন্য, গরিব মানুষকে মারার জন্য—এতে কোনো লাভ হবে না। এই সব আপনাদের ভাবা উচিত। আমি এই কথা বলতে চাই ওয়ার ইকনমি স্টার্ট হয়নি। কারণ আপনারা যে ওয়ার ইকনমির কথা বললেন—ডিফেন্স মিন্‌স ওয়ার ইকনমি—ওয়ার ইকনমি ডিক্লেয়ার করুন সেন্ট্রাল গভর্নমেন্ট। তা না হলে এই ভাবে Sureptitiously গরিব মানুষকে হত্যা করা, অর্থনৈতিক দিক থেকে চেপে মারা এটাতো ঠিক নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন—আমি একটি উদাহরণ এখানে রাখতে চাই—১৯৫৩ সালের পর থেকে ১৯৭৯ পর্যন্ত চিন দেশের ইনডেক্স নাম্বার যেখানে ছিল ১, আজ তা বেড়ে হয়েছে ১.৩৫। আপনারা এটা শুনে রাখুন, যেটুকু বেড়েছে তা হচ্ছে ১.৩৫। সেন্ট্রাল গভর্নমেন্টের লজ্জা পাওয়া উচিত ছিল। তাঁদের বলা উচিত ছিল যে, আমরা গরিব মানুষদের ভালো কিছু করতে পারব না। আমরা বড়লোকদের ভালো করব। এই কথা তাঁদের বলা উচিত ছিল। আজ এখানে যে প্রস্তাব আনা হয়েছে, তার প্রতি গরিব মানুষের রিপ্রেজেনটেটিভ আছেন এবং গরিব মানুষ যাঁরা আছেন, তাঁরা নিশ্চয়ই সমর্থন করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় সদস্যরা—তিনজন সদস্য এখানে যে মোশনটি এনেছেন, তা জনমানসে নতুন ভাবে একটা চিন্তাধারার এবং উদ্বেগের সৃষ্টি করবে। আমরা যেখানে বিশেষ ভাবে বলে থাকি যে আমরা একটা অঙ্গরাজ্যের মধ্যে আছি, সেখানে ভারতবর্ষের অর্থনীতিকে উপলব্ধি করে একটা রাজ্যের প্রকৃত চিত্র উপলব্ধি করার ব্যাপারে নিশ্চয়ই আছে। এখানে অনেক মাননীয় সদস্য এবং মন্ত্রী মহাশয়রা অনেক

সময়ে বলে থাকেন যে আমাদের এখানে ব্যবহৃত তেল আন্তর্জাতিক বাজার থেকে কিনতে হয়। তেলের ভোগমাত্রা আমাদের এখানে ক্রমশ বেড়ে চলেছে, এ অবস্থা তো আমরা দেখতে পাচ্ছি। পেট্রোল, ডিজেল এর ব্যবহারের পরিমাণ কি পরিমাণে বৃদ্ধি পেয়েছে, তার এই মুহূর্তে হিসাব নিলে দেখা যাবে যে তা হচ্ছে ৮.৫ শতাংশ হারে বৃদ্ধি পেয়েছে। বিগত কয়েক বছর ধরে এই যে হার বজায় ছিল, বর্তমানে বৃদ্ধি পেয়ে তা পৌঁছেছে ১০.৫ শতাংশে। এই পরিপ্রেক্ষিতে আমাদের দেশে পাঁচটি পেট্রোলজাত দ্রব্যের বার্ষিক ব্যবহারের পরিমাণ হচ্ছে ২১১ কোটি টন। এরমধ্যে পেট্রোল আছে। জেটপ্লেনে ব্যবহৃত তেল আছে। রান্নার জন্য গ্যাস ইত্যাদিও আছে। ডিজেল এবং পেট্রোল হিসাবে রাখলে—কেরোসিনসহ—আমাদের বৎসরে লাগে মোট ২ কোটি টন। এবারের বাজেট নিয়ে পর্যালোচনা করলে আমরা দেখতে পাই যে যেখানে পেট্রোলের আগে দাম ছিল ৭ টাকা, বর্দ্ধিত দাম ছিল ৭.৫৪ টাকা এবং বর্তমানে তার দাম হয়েছে ৭.৪৪ টাকা। অনুরুপ ভাবে ডিজেলের আগে দাম যেখানে ছিল ৩.৩৯ টাকা এবং বর্তমানে তার দাম হয়েছে ৩.৫০ টাকা। কেরোসিনের আগের দাম ছিল ২.১১ টাকা, বর্দ্ধিত দাম ছিল ২.৩৪ টাকা এবং বর্তমানে তার দাম হয়েছে ২.২৫ টাকা। এই হিসাবকে দূরে সরিয়ে দিলে চলবে না, বর্তমানে প্রকৃত ঘটনা কী, তা আপনাদের শুনতে হবে। আমাদের এখানে শতকরা ৮০ ভাগ ট্রাক এবং বাস চলাচল করে ডিজেলে। এই ডিজেলের আগের দাম যেখানে ৩.৫৮ টাকা ছিল, তা বর্তমানে হয়েছে ৩.৫০ টাকা। তাহলে বলুন, আপনারা বাসের ভাড়া কেন বাড়ালেন? বাসের ভাড়া আপনারা ডাবল্ করে দিয়েছেন। পশ্চিমবাংলার বুকে যেখানে যাতায়াতের অন্যতম বাহন হচ্ছে ট্রাক ও বাস, সেখানে ডিজেলের দাম বৃদ্ধি না হওয়া সত্ত্বেও আপনারা তার ভাড়া বৃদ্ধি করলেন কি করে? পশ্চিমবঙ্গেঁ রেলপথ আর কতটাই বা আছে, বেশির ভাগ মালমত্র ট্রাকের মাধ্যমেই এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়া হয়। কিন্তু আপনারা ট্রাকের ভাড়া যেভাবে বৃদ্ধি করেছেন, তারফলে সমস্ত জিনিসপত্রের দাম আজ এখানে বেড়ে যাচ্ছে। এই অবস্থা আজ আপনারা সৃষ্টি করেছেন। তাহলে বলুন, এটা কাদের দোষ? এই ব্যাপারে রাজ্য সরকার সম্পূর্ণভাবে দোষী। ডিজেলের দাম যেখানে কমে গেল, সেখানে ট্রাকের ভাড়া আপনারা কমাতে পারলেন না। আর এরই ফলস্বরূপ আমরা দেখতে পাচ্ছি বাজার দর ক্রমশ বেড়ে চলেছে। একই ভাবে আপনারা বাসের ভাড়াও বৃদ্ধি করলেন। অথচ কেন্দ্রীয় সরকার যখন কিছু বৃদ্ধি ঘোষণা করেন, তখন নানা ভাবে তার সমালোচনা আপনারা করেন। কিন্তু সেই টাকা কাদের প্রয়োজনে লাগে? এবারে ডিফেন্সে কত টাকা লাগছে দেখুন, ডিফেন্সের জন্য ৮ হাজার ২৬২ কোটি টাকা ধার্য করা হয়েছে। রাজ্যসরকারকে যে বিভিন্ন খাতে টাকা দেওয়া হবে সেটা আসবে কোথা থেকে, সেখানে বর্ধিত হারে যে টাকা আসবে তার থেকে দেওয়া হবে। তেল উৎপাদনের ক্ষেত্রে ভারতে অভ্যন্তরীণ তেল উৎপাদন হয়েছে ৩ কোটি টনের মতো—এটা হচ্ছে দেশিয় উৎপাদন। আর ঘাটতি যেটা হচ্ছে ১ কোটি ৪০ লক্ষ টনের মতো সেটাকে আমদানি করতে হবে। সেই পরিপ্রেক্ষিতে আজকে আমি মনে করি ভারত সরকার যে পরিমাণ তেল রাজ্য সরকারকে দিয়েছেন সেই কেন্দ্রীয় সরকারের দেয় তেল রাজ্য সরকার ঠিকমতো সমবন্টন করতে পারেন নি। গ্রামে এখন কেরোসিন তেল ৪ টাকার নিচে পাওয়া যায় না, এজন্য কারা দায়ী? কেন কালোবাজারি বন্ধ করতে পারেন নি? কাদের ব্যর্থতায় ঘটেছে। আজকে আপনারা কালোবাজারী দমন করতে পারেন নি বলে ডিজেলের দাম কমা সত্ত্বেও বাসের ভাড়া বাড়িয়ে দিলেন। তার থেকে আপনাদের ব্যর্থতাই প্রমাণ পায়। তারজন্য শুধু কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ

করলে চলবে না। আজকে যে অ্যামেন্ডমেন্ট আমরা দিয়েছি সেই সম্বন্ধে আমার বক্তব্য যে আপনারা চিন্তাভাবনা করুন, কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে জনগণের রায়কে মেনে নিয়েছে। কেন্দ্রীয় সরকার জনগণের অভিমতকে মেনেছে, জিনিসের দর কমিয়েছে। কোনো দলের মতামত নয় এটা, জণগণের রায়কে মেনে নিয়ে কেন্দ্র দর কমিয়েছে। সেই দিক থেকে যে প্রস্তাব এনেছি তাকে আপনারা সমর্থন করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

[2-10 — 2-20 P.M.]

**শ্রী সত্যপদ ভট্টাচার্য** ঃ মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় ডাঃ হরমোহন সিংহ মহাশয় প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমি দু একটি কথা বলতে চাই। জয়নাল আবেদিন সাহেব এখানে একটা ভালো আবহাওয়ার সৃষ্টি করলেন, তিনি বললেন যে আমাদের ডিফেন্স খুব ভালো, কথাটা খুব ভালো কিন্তু ডিফেন্স ভালো বলে মধ্যবিত্তরা তো আর পেটে গামছা বেঁধে থাকবে সেটা ঠিক নয়। আবার ডিফেন্স যে আমাদের খুব ভালো তারই বা প্রমাণ কি—চিনের সঙ্গে যুদ্ধ হয়েছিল, চিন সৈন্যরা তখন তেজগাও পর্যন্ত চলে এসেছিল তারপরে বাংলাদেশের সঙ্গে যখন যুদ্ধ হল তখন কচ্ছের রানে আমাদের সৈন্যরা হেরে গেল। আবার ৭ম নৌবহর যখন এলো তখন আমাদের সৈন্যরা ভয়ে তুকতুক করছিল তারপরে ৮ম নৌবহর আসা দেখে তখন শান্ত হল। আপনারা বললেন আমাদের ডিফেন্স খুব ভালো, আমি একটা প্রমাণ দিচ্ছি আপনাদের ডিফেন্স কত ভালো—বর্ডারে যখন কাঁটার বেড়া দিচ্ছিলেন সেই সময়ে ৪টি রাইফেলের শব্দে সব স্তব্ধ হয়ে গেল। সুতরাং জয়নাল সাহেব এই তো আপনাদের ডিফেন্সের নমুনা। জয়নাল সাহেব বললেন যে গরিবের বহু উন্নতি হয়েছে, দেশের উন্নতি হয়েছে। জয়নাল সাহেব কি জানেন যে দরিদ্র সীমার নিচে বছরে কত হাজার লোক যাচ্ছে আজকে জিনিসের দাম বাড়ছে এবং তার ঘাটতি মেটাতে কেন্দ্রীয় সরকারকে নোট ছাপাতে হচ্ছে, ট্যাক্সের হার বাড়াতে হচ্ছে। আজকে আপনারা ডিজেলের দাম বাড়ানোর ফলে দেশের স্যালো টিউবওয়েলগুলি চলছে না, সমস্ত সারের দাম বাড়ছে। সারের দাম বৃদ্ধির ফলে চাষীদের উৎপাদন ব্যহত হচ্ছে। আপনাদের সেই দিকে লক্ষ্য নেই। শুধু ডিফেন্স ডিফেন্স করলেই হবে। আপনারা তো গরিবী হটাবেন বলছেন, গরিব তো হটতে হট্তে দেওয়ালে পিঠ ঠেকিয়েছে আর কত হটাবেন। বাজারে জিনিসপত্রের দাম বেশি হওয়ার জন্য চাষীরা ঠিক দাম পায় না। নতুন যখন ফসল ওঠে তখন বাজারে দাম কম হয় ফলে চাষীদের লোকসান হয়। সাধারণ মানুষ এন.আর.ই.পি. এবং আর.এল.জি.পি. স্কীমে ১০ দিনের বেশি কাজ হয় না। এরফলে শুধু তাদের ভিক্ষের মুষ্টি জোটাতে পারে কিন্তু কাজের সংস্থান হয় না। ডিফেন্সের দাম যদি কম হত তাহলে স্যালো চালিয়ে লোকের কর্মসংস্থান হতে পারত। আজকে আপনারা ট্যক্স বাড়াচ্ছেন, প্রতি পদে পদে জিনিসের দাম বৃদ্ধির ফলে সাধারণ মানুষ, গরিব মানুষ এবং পাড়াঁগাঁয়ের মজুরকে আজকে কোনো সীমানায় নিয়ে এসেছে।

আজকে পাড়াগাঁয়ের লোক দুটো ভাত যোগাড় করতে না পেরে শাক পাতা খেয়ে আছে। কেন্দ্রীয় সরকার দাম বাড়ানোর ফলে মানুষের অবস্থা কোনো দিকে গেছে সেটা একটু বিবেচনা করবেন। যারা খেতে কাজ করে, গলদঘর্ম হয়ে পরিশ্রম করে, পাঁচ টাকা মজুরিতে কাজ করে তাদের কথা একটু ভাবুন না। দুটো এন.আর.জি, আর.এল.জি.পি. স্কীম দিয়ে মানুষের কিছু হবে না। এটা তাদের কাছে মুষ্টিভিক্ষা মাত্র। কয়লা একটা নিত্য প্রয়োজনীয়

জিনিস। কিন্তু তার দাম কোথায় নিয়ে গেছে। গ্রামে কাঠ পাওয়া যায় না বলে কয়লা নিয়ে মানুষকে রান্না করতে হয়। কিন্তু মানুষ যে রান্না করে খাবে তার ব্যবস্থাও করেননি। বড় বড় কথা না বলে পাড়াগ্রামের মানুষের দিকে একটু দেখুন। আপনার বক্তব্য কি গরিব মানুষদের কাছে গিয়ে বলতে পারবেন? গরিবের কথা বলুন, বড় লোকের কথা বলবেন না। ডিজেল, পেট্রোলের দাম বাড়লে বাসের ভাড়া বাড়বে এবং হিসাব করেই তা বাড়ানো হয়েছে। আপনারা আন্দোলন করতে পারলে করুন। সমস্ত মোটর পার্টসের দাম বেড়ে গেছে, ডিজেলের দাম বেড়েছে, সুতরাং বাসের ভাড়া বাড়বে। এই কথা বলে হরমোহন সিনহার প্রস্তাব সমর্থন করে, দেবপ্রসাদ সরকারের প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** অধ্যক্ষ মহাশয়, দ্রব্যমূল্যবৃদ্ধির উপর যে দুটি প্রস্তাব এসেছে তার মধ্যে কন্ট্রাডিকশন রয়েছে। প্রস্তাবের কথা হচ্ছে জিনিসপত্রের দাম যে ভাবে বেড়ে যাচ্ছে তাতে পশ্চিমবাংলার মানুষ অতিষ্ট হয়ে উঠেছে। আমরা আশা করেছিলাম জনপ্রতিনিধি হিসাবে যারা এখানে হাউসে আছেন তারা জিনিসপত্রের দাম কেন বাড়ছে তার বাস্তব পরিস্থিতি বিশ্লেষণ করে সঠিক পদক্ষেপ নেবেন। কিন্তু সরকার পক্ষের প্রথম বক্তার বক্তব্য শুনে মনে হল বাজারে যে সমস্ত ম্যাজিকওয়ালারা লোককে ভোলোবার চেষ্টা করেন সেই রকম তিনিও করলেন—আসল কারণের মধ্যে গেলেন না যে কেন জিনিসপত্রের দাম বাড়ছে? জয়নাল আবেদিন সাহেব কিছু কিছু তথ্য দিয়ে এটা বুঝিয়ে দিয়েছেন। ভক্তিবাবু কিছুটা বলবার চেষ্টা করেছিলেন। কিন্তু যখন বুঝতে পারলেন যে বামফ্রন্টের স্বরূপ উদ্‌ঘাটন হবে তখন তিনি সেইখান থেকে পিছিয়ে গেলেন। অবশ্য তিনি বললেন ধাপ্পা দিয়ে মানুষকে বোকা বানানো যায় না। আমরাও এটা স্বীকার করি। হরমোহন বাবু তার জবাবি ভাষণে বলবেন গত ৮/৯ বছর ধরে তাদের রাজত্বকালে ক'টা কালোবাজারি, মজুতদারকে তারা গ্রেপ্তার করেছেন? আপনারা জানেন না কালোবাজারিরা কি ভাবে জিনিসপত্রের দাম বাড়িয়ে দেয়, ভেজালকারিরা কি ভাবে খাদ্যে ভেজাল দেয়? আপনাদের রাজত্বে কয়জন ভেজালকারির শাস্তি হয়েছে? ন্যাশনাল সিকিউরিটি অ্যাকটে কালোবাজারিদের মজুতদারদের গ্রেপ্তার করা হয়েছে। সত্যবাবু বললেন ডিজেলের দাম বাড়ছে বলে বাসের ভাড়া বাড়বে। আমি তাকে জিজ্ঞাসা করি ট্রামের ভাড়া বাড়ল কেন? ট্রাম কি ডিজেল, পেট্রোলে চলে? ট্রাম কোনো ডিজেল বা পেট্রোলে চলে, যে ডিজেল পেট্রোলের দাম বাড়ার সঙ্গে সঙ্গে ট্রামের ভাড়া বাড়ালেন? আপনারা বলছেন জিনিসপত্রের দাম বেড়েছে বলে ট্রামের ভাড়া বাড়ানো হয়েছে। তাহলে আপনারাই রেল বাজেট পেশ করার আগেই কেন ঘোষণা করেছিলেন যে রেলের ভাড়া বাড়ালে আপনারা রেল রোখো আন্দোলন শুরু করবেন? চালুনি আবার সূঁচের ছিদ্রের বিচার করছেন। এরা দেশের মানুষকে বিভ্রান্ত করার জন্য এই প্রস্তাব এনেছেন, নিজেদের ব্যর্থতাকে ঢাকবার জন্য তারা এই রকম পদ্ধতি অবলম্বন করেছেন। সেই জন্য আমি এই প্রস্তাব সমর্থন করতে পারছি না।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ হরমোহন সিনহা মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন করে আমি দু একটি কথা বলতে চাই। আমাদের দেশে দারিদ্র সীমার নিচে বাস করে প্রায় ৪৮ শতাংশ মানুষ, অর্থাৎ ৩২ কোটি মানুষ। এদের কথা মনে

রেখে আমাদের সমস্ত পরিকল্পনাগুলি. সমস্ত যোজনাগুলি তৈরি হওয়া উচিত। কিন্তু ওঁদের মধ্যে সেই রকম কোনো চিন্তা-ভাবনার অবকাশ আছে বলে মনে হচ্ছে না। এরা আজকে অনেক অসুবিধার মধ্যে এসে পড়েছে। আমরা দেখলাম ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী গত নির্বাচনে যখন প্রধানমন্ত্রী হলেন, তখন জাতির উদ্দেশ্যে তিনি ২৫ মিনিট ধরে বেতারে একটি ভাষণ দিয়েছিলেন। কিন্তু সেই ভাষণের মধ্যে তিনি কোথাও কৃষি সমস্যার কথা উল্লেখ করেন নি। তিনি তাঁর এ ২৫ মিনিট ভাষণের মধ্যে দ্রব্য মূল্য বৃদ্ধি প্রতিরোধের কথাই উল্লেখ করেননি। সেদিনই আমরা বুঝেছিলাম যে সঙ্কট আসন্ন। বর্তমানে সেই সঙ্কট এসে গিয়েছে। বাজেটের আগেই কতকগুলি জিনিসের দাম বাড়িয়ে দেওয়া হল এবং এর ফলে, বিশেষ করে যারা দারিদ্র সীমার নিচে বাস করে, 'ঐ ৩২ কোটি মানুষ, তারা একটা অসহনীয় অবস্থার মধ্যে দাঁড়িয়ে রয়েছে। এই প্রসঙ্গে আমাদের মাননীয় সদস্য সুশোভনবাবু বললেন যে দাম সস্তা হলে অর্থাৎ সস্তায় জিনিসপত্র পেলে সেগুলি গ্রামের মানুষ সেই সস্তায় পাবে তো। আমরা কয়লা কেরোসিন চিনি লবণ ইত্যাদি এগুলি সস্তা দরে পাই। কিন্তু এই পশ্চিমবাংলার যে চাহিদা যদি তা পূরণ না করেন তাহলে এই ধরনের কালোবাজারি হবে এবং এই ধরনের দুর্নীতি সমাজকে ছেয়ে ফেলবে। আমি পরিসংখ্যান দিয়ে দেখাচ্ছি যে কিভাবে আমরা বঞ্চিত হচ্ছি। চিনি ১৯৮৪ সালে আমরা চেয়েছিলাম ৪ লক্ষ ৮০ হাজার টন। কিন্তু বরাদ্দ হল ২ লক্ষ ৭৫ হাজার টন আর ২ লক্ষ ৯৪ হাজার টন চিনি সরবরাহ করা হল। ২ লক্ষ টন সরবরাহ করা হল না। লবণ আমরা চেয়েছিলাম ৪ লক্ষ টন—কিন্তু সরবরাহ করা হয়েছিল ২ লক্ষ ৫৮ হাজার টন—কেরোসিন আমরা চেয়েছিলাম ৮০ হাজার মেট্রিক টন, সরবরাহ করা হয়েছিল ৪০ হাজার মেট্রিক টন, সিমেন্ট যেখানে বরাদ্দ ছিল ৬ লক্ষ ৯ হাজার মেট্রিক টন—সেখানে দেওয়া হয়েছে ৪ লক্ষ ৩৭ হাজার মেট্রিক টন। এই সব নিত্য প্রয়োজনীয় জিনিসগুলির পশ্চিমবাংলার যা চাহিদা তার ২৫ শতাংশ আমাদের সরবরাহ করা হয় নি। এই অবস্থা এসে দাঁড়িয়েছে।

**(ভয়েস ঃ শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** আপনি কিসের বেসিসে বলছেন?)

আমি পশ্চিমবঙ্গ সরকারের সরবরাহ দপ্তরের হিসাব থেকে বলছি। আমরা যা চাই সেই তুলনায় যা পেয়েছি তারই হিসাব আমি আপনাদের কাছে দিচ্ছি। আমি আপনাদের কাছে আর একটি কথা বলতে চাই যে, আমাদের সমাজের অবস্থাটা একটু বুঝতে হবে। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে সমস্ত কিছু পরিকল্পনাই ভেস্তে যাবে। যেমন আমরা শুনি গুজরাটে শ্বেত বিপ্লব হয়ে গেছে। সেখানে দুধের ছড়াছড়ি। কিন্তু হিসাব নিয়ে দেখা যাচ্ছে সেখানে তীব্র অপুষ্টিতে ভোগে শতকরা ৯ টি ছেলে। পশ্চিমবঙ্গে দুধের চাহিদা কম, সরবরাহও কম। এটা আমরা সবাই জানি যে এখানে দুধের একটা সংকট আছে। কিন্তু তা সত্ত্বেও এখানে অপুষ্টিতে ভোগে শতকরা মাত্র ২টি ছেলে। এর থেকেই দেখা যাচ্ছে সমাজ ব্যবস্থা যদি পরিকল্পনা অনুসারে না হয়, সমাজের সাধারণ মানুষ যারা দারিদ্র সীমার নিচে বসবাস করে তাদের উন্নতির দিকে লক্ষ্য রেখে যদি পরিকল্পনা না হয় তাহলে সমস্ত সংকট এসে দাঁড়ায়, সেটা সাধারণ মানুষের উপর পড়ে। আজকে জিনিস পত্রের দাম বাড়িয়ে বলা হচ্ছে আমরা পরিকল্পনাগুলি সার্থক করব। আমাদের বক্তব্য হচ্ছে সাধারণ মানুষের কথা চিন্তা করে এই পরিকল্পনা তৈরি হয়নি। কাজেই সেই পরিকল্পনা সার্থক করার অজুহাতে আজকে জিনিসপত্রের

দাম যে ভাবে বাড়ানো হচ্ছে তার অবশ্যম্ভাবী চাপ এসে পড়ছে সাধারণ মানুষের উপর। সেই জন্য আমাদের বক্তব্য হচ্ছে পরিকল্পনা যদি সাধারণ মানুষের জন্য তৈরি হয়, সাধারণ মানুষকে দারিদ্র সীমা থেকে উত্তোলনের জন্য যদি কোনো পরিকল্পনা তৈরি হয় এবং তার জন্য যদি জিনিসের দাম বাড়ে তাহলে সেগুলিকে মেনে নেওয়া যায়। কিন্তু এই পরিকল্পনা সাধারণ মানুষের জন্য এবং যে অজুহাতে জিনিসের দাম যেভাবে বাড়ানো হচ্ছে তাতে আমরা কিছুতেই একে সমর্থন করতে পারছি না।

[2-30 — 2-40 P.M.]

**ডাঃ হরমোহন সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ ধরে আমাদের এই প্রস্তাবের পক্ষে এবং বিপক্ষে কতকগুলি কথা শুনছিলাম। এই প্রস্তাব সমর্থন করে কমলবাবু যে কথা বলেছেন এর মধ্যেই আমার মূল বক্তব্য রয়েছে এবং সেটা সমর্থন করেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আমাদের বিরোধী দলের বন্ধুগণ বিশেষ করে শ্রদ্ধেয় জয়নাল সাহেব, আমার চিকিৎসক বন্ধু সুশোভন বাবু, মান্নান সাহেব, কাশীবাবু যা বললেন সেই সম্পর্কে আমি দু একটি কথা বলতে চাই। তারা তো এটা বলবেনই, এ ছাড়া তাদের বলার কোনো পথ আর নেই। কারণ এটা দৃষ্টিভঙ্গির ব্যাপার। কমলবাবু এক দৃষ্টিভঙ্গি নিয়ে বললেন যে, ৩২ কোটি মানুষের দিকে তাকিয়ে যদি পরিকল্পনা করা হয় এবং সেই পরিকল্পনার ফলাফল ভোগ করার জন্য মানুষের কাছে যদি পৌঁছে দেওয়া হয় তাহলে তার একটা মানে হয়। কিন্তু যদি মুষ্টিমেয় কয়েকটি লোকের স্বার্থে তাদের সুযোগ সুবিধা করে দেবার জন্য যদি চিন্তা ভাবনা করা হয় তাহলে তার জন্য দ্রব্য মূল্য বৃদ্ধির ব্যাপারে কিছুতেই সমর্থন করতে পারা যায় না এবং সেই জন্যই আমরা এই প্রস্তাব এনেছি। আপনারা আবার একটা তঞ্চকতা করছেন। বিপুল সাধারণ মানুষের কাছে গিয়ে এই কথা বলার সাহস আপনাদের নেই। যদি বলতে পারেন এই দ্রব্য মূল্য বৃদ্ধি ঠিক হয়েছে তাহলে বলব আপনাদের সাহস আছে। ময়দানের মিটিং-এ গিয়ে বলবেন চলুন, আমরা যে দাম বাড়িয়েছি তা যথার্থ ভাবেই বাড়িয়েছি এবং এটাই হচ্ছে জনগণের উন্নতির সোপান। আপনারা আজকে ডিফেন্সের কথা বলছেন। আপনারা বলছেন প্রতিরক্ষাকে জোরদার করতে হবে। কাদের জন্য এই প্রতিরক্ষা? এখানে আমার চিকিৎসক বন্ধু যারা আছেন তাঁরা বলুন রক্তহীনতায় যারা ভুগছে তাদের কাছ থেকে কি আর রক্ত নেওয়া যায়? স্যার, কি তেমনি দেশের এই ৩২ কোটি লোক যারা আজ মূল্যবৃদ্ধির চাপে রক্তহীনতায় ভুগছে ক্রমাগত মূল্যবৃদ্ধি ঘটিয়ে আরো রক্তহীন করে দেওয়া যায় তাহলে অবস্থাটা কি হবে? আজকে এ কথা সকলেরই ভাবা দরকার। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে যে কোনো পরিকল্পনাই করুন সেটা ব্যর্থ হতে বাধ্য। আপনি আপনার বাড়ির জন্য যে বাজেট করছেন সেখানে যদি এইভাবে জিনিসপত্রের দাম বৃদ্ধি ঘটে তাহলে আপনার অবস্থাটা কি হয় সেটা একটু চিন্তা করে দেখুন। একজন মানুষ হয়ত প্রত্যক্ষভাবে ডিজেল ব্যবহার করেন না কিন্তু ডিজেলের দাম বাড়লে পরোক্ষভাবে তার চাপ সকলের উপরই পড়বে। এই প্রসঙ্গে একটি উদাহরণ দিই। ধরুন গ্রামের একটি মহিলা কিছু কলমি শাক বা শুশনি শাক নিয়ে কাটোয়া থেকে নবদ্বীপ আসছে বিক্রি করার জন্য, সেখানে ডিজেলের মূল্য বৃদ্ধির জন্য যানবাহনের ভাড়া বাড়লে সেই শাকের উপর তার প্রতিক্রিয়া পড়তে বাধ্য। এইভাবে প্রতিটি জিনিসপত্রের মূল্যবৃদ্ধি ঘটবে। এই বল্গাহীন মূল্যবৃদ্ধি যদি রোধ

করতে না পারা যায় তাহলে মানুষের দুঃখ দুর্দশা আরো বাড়বে। একেই তো মূল্যবৃদ্ধির ফলে মানুষ সহ্য ক্ষমতা হারিয়ে ফেলেছে তার উপর যদি এই হারে মূল্যবৃদ্ধি ঘটতেই থাকে তাহলে মানুষ আরো অসহায় হয়ে পড়বে। আমরা আশা করেছিলাম ৩২ কোটি মানুষের স্বার্থে ওঁরা আজকে আমার এই প্রস্তাব সমর্থন করবেন কিন্তু দেখলাম তা করলেন না। আজকে স্যার, এখানে মাননীয় সদস্যরা বলেছেন যে এই অবস্থা যদি চলতেই থাকে তাহলে ভারতবর্ষে কোনো পরিকল্পনাই সার্থক হবে না। আমি তাই কংগ্রেসিদের জিজ্ঞাসা করব, আপনারা কি চান দেশের অবস্থা আরো খারাপ হোক? সেটা চাইলে নিশ্চয় আপনারা আমার প্রস্তাবের বিরোধিতা করবেন, তবে আপনাদের বলব, বিধানসভার বাইরে গিয়েও তা করুন। আমরা কিন্তু জানি তা আপনারা পারবেন না। বাইরে গিয়ে আপনারা জনসাধারণকে উল্টো পাল্টা কথা বলে বোঝাতে চাইবেন যে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আছে সেই জন্যই এই সব ঘটছে। সাহস থাকে বাইরে গিয়ে বলুন যে কেন্দ্রের রাজীব সরকারের জন্য এই সব ঘটছে। আমরা জানি তা আপনারা পারবেন না। তার কারণ, আপনাদের নীতি হচ্ছে বড়লোকদের, ধনিক শ্রেনীর, পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করা, তা থেকে আপনারা বিচ্যুত হতে পারবেন না। আপনাদের চরিত্র অনুযায়ী আপনারা এই প্রস্তাবের বিরোধিতা করছেন। এটাই সম্ভব, এটা অসম্ভব কিছু নয়। আর আমরা, জনসাধারণের সঙ্গে আছি, জনসাধারণ প্রতিদিন তাদের দুঃখ দুঃর্দশার কথা আমাদের প্রতিদিন বলেন কাজেই তাদের কথার প্রতিফলনই আমরা বিধানসভায় রাখতে চাই। আমরা তাই বিধানসভার মধ্যেও যেমন প্রস্তাব আনছি তেমনি বাইরেও জনসাধারণের সঙ্গে মিলে আন্দোলন করছি এই দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে। আজকে আমাদের এই আন্দোলন চরম পর্যায়ে গিয়েছে—ভারত বন্ধ হয়েছে, বাংলা বন্‌ধ হয়েছে। তাই আপনাদের বলব, এর থেকে আপনারা শিক্ষা নিন, আসুন আমার প্রস্তাব সমর্থন করুন। আর এখানে যদি সমর্থন করতে না পারেন তাহলে অন্তত বাইরে গিয়ে জনসাধারণকে আসল সত্যটা বলুন। এই কথা বলে আমার প্রস্তাবের উপর যে অ্যামেন্ডমেন্ট এসেছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব আমি এখানে উত্থাপন করেছি, সময় থাকলে আমি জয়নাল সাহেবের সমস্ত প্রশ্নের জবাব দিতে পারতাম। কিন্তু স্যার অল্প বলে সেই জবাব দেওয়া যাবে না। তা সত্ত্বেও আমি একথা বলতে চাই যে ওরা যে কথা বলেছেন, যে যুক্তি দেখিয়েছেন এই পেট্রোলজাত দ্রব্যের দাম বাড়াবার ব্যাপারে, এই ৬ বছরে ৬,৩২০ কোটি টাকা পেট্রোলজাত দ্রব্যের উপরে দাম বাড়িয়ে ওরা জনগণের কাছ থেকে আদায় করেছে এবং বিদেশে যখন এর বাজার দর কমছে। ১৯৮২ সালে যখন বাজার দর ছিল ব্যারেল প্রতি ৩৬ ডলার সেটা এখন ১৮ ডলারে এসে দাঁড়িয়েছে। এটা হয়েছে ইলাস্টিক ডিম্যান্ডের জন্য। এটা হচ্ছে রাজস্ব সংগ্রহের খনি, এর উপর রাজস্ব আদায় করেছে এবং বলছে যে ব্যবহার করার জন্য করেছি। এইসব কথা জয়নাল সাহেব বলে গেলেন। আমি জিজ্ঞাসা করি ব্যবহার কমাবার জন্য ম্যাকসিমাম কন্‌জিউমার কি গভর্নমেন্ট? ইমপোর্ট বিল কি বলে? আপনারা এতদিন ধরে এই কথা বলে দাম বাড়াচ্ছেন। ব্যবহার কি কমছে, না বাড়ছে? দ্বিতীয় কথা হচ্ছে, রিসোর্স মোবিলাইজেশনের জন্য দেশের মানুষকে ত্যাগ স্বীকার করতে হবে। কার জন্য এই রিসোর্স মোবিলাইজেশন?

এই টাকা কার জন্য ব্যয় হচ্ছে? শিল্পপতিদের ভরতুকি দেবার জন্য, এই টাকা ব্যয় হচ্ছে। কার জন্য? ডিফেন্স বাজেটের জন্য। জবাব দিতে পারেন ডিফেন্স বাজেট কার স্বার্থে? ওয়ার ইকনমি—অর্থনীতির এ.বি.সি.ডি. জ্ঞান আছে? মিলিটারি ইকনমি মানে কি? না, যেহেতু, মন্দা শিল্পপতিদের বাজার নেই, তার জন্য আর্টিফিসিয়ালি জনগণের টাকা সেখানে ডিফেন্স বাজেটে ঢেলে সেখান থেকে তাদের বাজার সৃষ্টি করা এবং মুনাফা অর্জন করা। দিস ইজ দি ডিফেন্স ইকনমি। ডিফেন্স ইকনমি কার স্বার্থে? পিপল-এর স্বার্থে না হয়ে পুজিপতিদের স্বার্থে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার তৃতীয় কথা হচ্ছে, সাবসিডি সম্পর্কে উনি বলেছেন, যে চাল, গমের দাম বাড়াবার ব্যাপারে জাস্টিফাই করতে গিয়ে বলেছেন যে এটা দেওয়া চলেনা, সারের দামের ব্যাপারে সাবসিডি দেওয়া চলেনা এবং এই ব্যাপারে উনি ওয়েলফেয়ার স্টেটের কথা বলেছেন। ওয়েলফেয়াল স্টেট মানে কি? উন্নয়নশীল দেশগুলি কি বলে? তারা বলে জনগণের প্রয়োজনীয় অত্যাবশ্যক জিনিসে সাবসিডি দেওয়া। আর আপনারা বলছেন যে সাবসিডি দেওয়া চলেনা। গরিব মানুষের জন্য সাবসিডি দেওয়া চলেনা, শিল্পপতিদের জন্য সাবসিডি দেওয়া চলে। হাজার হাজার কোটি কোটি টাকা তাঁদের আয়কর ছাড় দেওয়া হচ্ছে, শুল্ক ছাড় দেওয়া হচ্ছে, উদার নীতি তাদের জন্য। আজকে এই সব কথা ওরা বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রশ্নটা এসেছে সেটা হচ্ছে পেট্রোল, ডিজেলের দাম বাড়ার পরিপ্রেক্ষিতে বাসের ভাড়া বৃদ্ধি। আজকে কেন্দ্রীয় সরকারের এই জনবিরোধী নীতির বিরুদ্ধে সারা ভারতবর্ষের সমস্ত বামপন্থী দল, সমস্ত গণতান্ত্রিক দল, সমস্ত কংগ্রেস বিরোধী শক্তি ভারতবর্ষ জুড়ে প্রতিবাদে সোচ্চার হয়েছে এবং এর বিরুদ্ধে একটা দেশব্যাপী ঐক্যবদ্ধ আন্দোলনের সূচনা হয়েছে। কাজেই সেই দিকে লক্ষ্য রেখে আমি বলেছিলাম যে পেট্রোল, ডিজেলের দাম বেড়েছে বলে বাসের ভাড়া বৃদ্ধি করাটা যুক্তি সঙ্গত হবে না। এই কারণে বলেছিলাম যে পশ্চিমবাংলায় ইতিমধ্যে কয়েকবার বাসের ভাড়া বেড়েছে। বাসের মালিকরা বাসের ভাড়া বাড়াবার জন্য বলেছে। কিন্তু বাসের ভাড়া যা আছে তাতে কি তাদের লোকসান হচ্ছে? কাজেই এই ব্যাপারে একটা প্রপার হিসাব নিন। তাদের আয়-ব্যয়ের একটা হিসাব নেওয়া হয়েছে কি এবং তার ভিত্তিতে কি দেখা হয়েছে যে লোকসান হচ্ছে? সে জন্য আমি বলেছিলাম যে একটা তদন্ত কমিটি করে তাদের দিয়ে তদন্ত করা হোক এবং তার ভিত্তিতে যদি প্রয়োজন হয় তাহলে বাসের ভাড়া বাড়ানো হোক। আপনারা জানেন যে এবারে এই পেট্রোল, ডিজেলের দাম বাড়ানোর পরে দিল্লিতে তারা বাসের ভাড়া বাড়িয়েছে এবং তার বিরুদ্ধে একটা প্রতিবাদও হয়েছে। আপনারাও সঙ্গত কারণে প্রতিবাদ করেছেন, সি.পি.এম বিরোধীরাও প্রতিবাদ করেছেন। কিন্তু আজকে এই পেট্রোল, ডিজেলের দাম বাড়ার জন্য আপনারা বাসের ভাড়া বাড়াচ্ছেন। কাজেই আমার কথা হচ্ছে এটা আপনারা বিবেচনা করে দেখবেন। তাছাড়া আমার প্রশ্ন হচ্ছে, ফুয়েলের দাম বেড়েছে ৩ পারসেন্ট, সেখানে বাসের ভাড়া ২০ পারসেন্ট বেড়ে যাবে। এর ফলে জনগণের বিরুদ্ধে মানসিকতা, আজকে বামপন্থীদের সম্পর্কে—কংগ্রেসের বিরুদ্ধে যে আন্দোলন গড়ে উঠেছে সে সম্পর্কে একটা অনাস্থার সৃষ্টি হবে। তাছাড়া এই যে পেট্রোল, ডিজেলের দাম কেন্দ্রীয় সরকার বাড়িয়েছে, তার ফলে কর্ণাটকে একটা ট্রাবল দেখা দিয়েছে। সেখানে পিপল-এর দিকে তাকিয়ে তারা সাবসিডি বাড়িয়েছে কিন্তু বাসের ভাড়া বাড়ায়নি। সেজন্য আজকে এটা বিবেচনার জন্য বলছি। মাননীয় সদস্য সত্যপদবাবু হয়ত বলবেন যে এস.ইউ.সি বলছে, ডিজেল, পেট্রোল-এর দাম বেড়েছে

[2-40—3-15 P.M.] [including adjournment]

অতএব বাসের ভাড়া বাড়বে, ওরা আন্দোলন করে করুন, যা করতে পারে করুক। একথা উনি বলতে পারেন। কিন্তু এটা একটা অ্যাটিচ্যুড হল? আজকে কেন্দ্রের এই জনবিরোধী নীতির বিরুদ্ধে যেখানে একটা ঐক্যবদ্ধ আন্দোলন হচ্ছে, সর্বভারতীয় ভিত্তিতে একটা ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে উঠছে, আমরা করেও এসেছি, একটা কমিটিও তৈরি হয়েছে সেখানে আমাদের মধ্যে মতাদর্শগত পার্থক্য যাই থাকুক না কেন আজকে এসেনশিয়াল কমোডিটিস প্রাইজ-এর বিরুদ্ধে আমাদের এই আন্দোলনকে চোখের মণির মতো রক্ষা করতে হবে। আসুন, এটাকে আমরা চোখের মণির মতো রক্ষা করি। এবিষয়ে আমাদের সকলের নৈতিক দায়িত্ব আছে, অতএব সে দিক থেকে এটা আজকে বিচার্য বিষয় হওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য হরমোহনবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে কেন্দ্রের বিরুদ্ধে আন্দোলনের স্বার্থে আমরা সর্বান্তকরণে সমর্থ করছি। কিন্তু সেই সঙ্গে উক্ত প্রস্তাবকের কাছে এবং এই সভার সরকার পক্ষের সদস্যদের কাছে আমি অনুরোধ করছি অনুরূপভাবে জনস্বার্থে আমি যে প্রস্তাব উত্থাপন করেছি তাকে আপনারা সমর্থন করুন। আমি আশা করব আমার প্রস্তাবকেও আপনারা সমর্থন করবেন। জনগণের ঐক্যবদ্ধ আন্দোলনের স্বার্থে যাতে কোনো বিভ্রান্তিকর ধারণার সৃষ্টি না হতে পারে তার জন্য বাস ভাড়া বৃদ্ধি স্থগিত রাখার জন্য আমি আপনাদের কাছে আবেদন করছি। সমস্ত দিক বিবেচনা করে আমি যে প্রস্তাব এনেছি সেই প্রস্তাবকে আপনারা সমর্থন করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Now I put to vote the amendments of Shri Kashinath Misra on the Motion of Dr. Haramohan Sinha.

The motions of Shri Kashinath Misra that

(1) In para 1, line 2, the words "এই রাজ্যের" be omitted.

(2) For para 2, the following para be substituted :-

"যেহেতু এই প্রবণতা রোধ করার জন্য ১৯৮৬-৮৭ সালের কেন্দ্রীয় বাজেটে সুনির্দিষ্ট প্রস্তাব গ্রহণ করার ফলে মূল্য বৃদ্ধি প্রয়াসকে রোধ করা যাবে;"

(3) After para 2, the following paras be inserted :-

"যেহেতু দেশের প্রয়োজনীয় বেশির ভাগ অপরিশোধিত তেল আমদানি করিতে হয়,;

যেহেতু বিশ্বের বাজারে এই তেল আমদানির জন্য প্রচুর বিদেশি মুদ্রা ব্যয় হয় ;

যেহেতু বর্তমানে বিশ্বের বাজারে অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি কমে যাওয়ায় কম দামে ঐ তেল সঞ্চয় করার জন্য আমদানি বাড়াবার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে ;

যেহেতু এই সিদ্ধান্তকে কার্যকর করার জন্য পেট্রোলিয়ামজাত দ্রব্যাদির সামান্য মূল্যবৃদ্ধি প্রয়োজন হয়েছে;

যেহেতু সংসদের অধিবেশন না থাকায় সরকার প্রশাসনিক আদেশ বলে এই মূল্যবৃদ্ধি করিয়াছেন;"

(4) In para 3, line 1, for the words beginning with "অনুরোধ করছে" and ending with "প্রত্যাহার করেন" the following words be substituted :-

"এই সিদ্ধান্ত কার্যকর করার জন্য অভিনন্দন জানাচ্ছে;" were then put and lost.

The motion of Dr. Haramohan Sinha that

যেহেতু দীর্ঘকাল যাবৎ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের বাজার দামের একটানা উর্দ্ধগতির ফলে সেগুলি ক্রমশই এই রাজ্যের সমস্ত নিম্ন আয়ের মানুষ সমেত অগণিত জনসাধারণের ক্রয়ক্ষমতার বাইরে চলে যাচ্ছে এবং তাদের জীবনমান নিম্ন হতে/নিম্নতর হচ্ছে;

যেহেতু কেন্দ্রীয় সরকার সম্প্রতি প্রশাসনিক আদেশবলে কয়লা, কেরোসিন, পেট্রোল ও অন্যান্য জ্বালানী তেলের দাম আরও এক দফা মাত্রাতিরিক্ত বৃদ্ধি করার ফলে এই রাজ্যের সমস্ত নিম্ন আয়ের মানুষ সমেত অগণিত জনসাধারণের জীবনযাত্রার ব্যয় আরও বৃদ্ধি পেয়েছে এবং তাদের জীবনযাত্রা নির্বাহ করা দুঃসাধ্য হয়ে পড়েছে;

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করছে যে, তাঁরা যেন অবিলম্বে উপরোক্ত দ্রব্যগুলির মূল্যবৃদ্ধির আদেশ প্রত্যাহার করেন।

was then put and agreed to.

The motion of Shri Debaprasad Sarkar that

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে—

(১) বছরের পর বছরের প্রধানত কেন্দ্রীয় সরকারের জনবিরোধী কর, দর ও বাজেট নীতি এবং তার সাথে সাথে আংশিকভাবে রাজ্য সরকারের অনুসৃত নীতির অনিবার্য পরিণতি হিসাবে জিনিপত্রের দাম অস্বাভাবিক হারে বেড়ে চলেছে। এই বছরও কেন্দ্রীয় সরকার লোকসভাকে এড়িয়ে অত্যন্ত অগণতান্ত্রিক উপায়ে পেট্রোল, ডিজেল, কেরোসিন ও রান্নার গ্যাস প্রভৃতি পেট্রোলিয়ামজাত পণ্য সহ চাল, গম, কয়লা এবং সারের মতো নিত্যব্যবহার্য পণ্যের দাম বিপুল হারে বাড়িয়ে দিয়েছেন;

(২) বিশ্বের বাজারে অপরিশোধিত তেলের দাম যখন ক্রমাগত কমছে তখন কেন্দ্রীয় সরকার পেট্রোলিয়ামজাত পণ্যের দাম—এই রকম বিরাটভাবে বাড়িয়ে দিয়েছেন;

(৩) পেট্রোল, ডিজেলের দাম বৃদ্ধির জন্য বাস মালিকদের দাবির ভিত্তিতে রাজ্যের বামফ্রন্ট সরকার পঞ্চম দফায় এই রাজ্যে বাসের ভাড়া বাড়াতে উদ্যত:

(৪) পেট্রোলিয়ামজাত পণ্য সহ চাল, গম, কয়লা, সার প্রভৃতি অত্যাবশ্যক জিনিসপত্রের এই মূল্যবৃদ্ধির ফলশ্রুতিতে অবশ্যম্ভাবীরূপে অন্যান্য প্রতিটি ভোগ্যবস্তুর মূল্যবৃদ্ধি ঘটবে এবং অর্থনীতিতে নজিরবিহীন মুদ্রাস্ফীতি ঘটিয়ে আরও অনেককে দারিদ্রসীমার নিচে ঠেলে দেবে; এবং

(৫) এই রাজ্যে নতুন করে বাস ভাড়া বৃদ্ধির আদৌ প্রয়োজন আছে কিনা সে সম্পর্কে নিরপেক্ষ তদন্ত না করে শুধুমাত্র বাস মালিকদের কথায় দফায় দফায় বাসের ভাড়া বৃদ্ধি

জনসাধারণের অশেষ দুর্গতি ও ক্ষোভের কারণ ঘটাবে;

অতএব, এই রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অবিলম্বে পেট্রোল, ডিজেল, কেরোসিন ও রান্নার গ্যাস প্রভৃতি পেট্রোলিয়ামজাত পণ্য সহ চাল, গম, কয়লা, সারের মতো নিত্য ব্যবহার্য দ্রব্যের সাম্প্রতিক মূল্যবৃদ্ধির সিদ্ধান্তকে প্রত্যাহার করার দাবি জানাচ্ছে এবং রাজ্য সরকারের কাছে নতুন করে এই রাজ্যে বাসের ভাড়া না বাড়াবার দাবি করছে।

was then put and a division taken with the following results.

Date 11.3.86 Division No.001

**NOES**

Adak, Shri Nitai Charan

Anisur Rahman Biswas, Shri

Bagdi, Shri Lakhan

Basu, Shri Ajit

Basu, Shri Debi Prosad

Bauri, Shri Gobinda

Bauri, Shri Madan

Bera, Shrimati Chhya

Bera, Shri Pulin

Bhattacharya, Shri Lal Behari

Bhattacharya, Shri Nani

Bhattacharya, Shri Gopal Krishna

Bhattacharya, Shri Satya Pada

Biswas, Shri Hazari

Biswas, Shri Kumud Ranjan

Bose, Shri Nirmal Kumar

Bouri, Shri Nabani

Chakrabarty, Shri Ajit

Chakrabarty, Shri Deb Narayan

Chatterjee, Shri Dhirendra Nath

Chattopadhayay, Shri Sailendra Nath

Chattopadhayay, Shri Sadhan

Choudhury, Shri Gunadhar

Choudhury, Shri Benoy Krishna

Chowdhury, Shri Sibendra Narayan

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Ananda Gopal

Deb, Shri Saral

Dey, Shri Lakshmi Kanta

Doloi, Shri Siba Prasad

Ghosh, Shri Kamakhya Charan

Ghosh, Shri Malin

Ghosh, Shri Satyendranath

Ghosh, Shri Susanta

Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Subhas

Guha, Shri Kamal Kanti

Habib Mustafa, Shri

Hajra, Shri Sachindra Nath

Hira, Shri Sumanta Kumar

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Khan, Shri Sukhendu

Kisku, Shri Upen

Konar, Shrimati Maharani

Kunar, Shri Himansu

Let, Shri Dhirendra

Mahata, Shri Kamala Kanta

Majhi, Shri Raicharan

Mallick, Shri Siba Prasad

Mandal, Shri Bhakti Bhusan

Mohanta, Shri Madhabendu

Mojumder, Shri Hemen

Molla, Shri Anadi

Mondal, Shri Raj Kumar

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bamapada

Mukherjee, Shri Niranjan

Murmu, Shri Maheswar

Murmu, Shri Sufal

Naskar, Shri Gangadhar

Nath, Shri Monoranjan

Nezamuddin Md. Shri

Panda, Shri Bhupal Chandra

Panda, Shri Mohini Mohan

Pathak, Shri Patit Paban

Pradhan, Shri Prasanta Kumar

Pramanik, Shri Abinash

Ray, Shri Birendra Narayan

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Matish

Ray, Shri Amalendra

Ray, Shri Hemanta kumar

Roy, Shri Umakanta

Roy Barman, Shri Khitibhusan

Roychowdhury, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Sar, Shri Nikhilananda

Saren, Shri Ananta

Sarkar, Shri Kamal

Sayed Md. Masih Shri

Sen, Shri Deb Ranjan

Sen, Shri Sachin

Seth, Shri Lakshman Chandra

Shish Mohammad, Shri

Sinha, Dr. Haramohan

Sinha, Shri Prabodh Chandra

Sk. Siraj Ali, Shri

Sur, Shri Prasanta Kumar

**AYES :**

Purkait, Shri Prabodh

Sarkar, Shri Deba Prasad

**ABST :**

Dr. Zainal Abedin, Shri

The Ayes being 2, the Noes 88 and Absts-1 the motion was lost.

(At this stage the House was adjourned till—3-15 P.M.)

[3-15 — 3-25 P.M.] (after adjournment)

**Mr. Speaker :** Mr. Trivedi, what is your personal explanation!

**শ্রী বঙ্কিম ত্রিবেদী :** মাননীয় স্পিকার মহাশয়, আমি গতকাল হাউসে ছিলাম না। এখানে এসে সংবাদ পেলাম এবং সংবাদপত্রেও দেখেছি, মাননীয় সদস্য শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় আমার নামে কিছু অসত্য কথা বলেছেন। তিনি বলেছেন, আমি নাকি প্রহৃত হয়েছি, আহত হয়েছি ইত্যাদি ইত্যাদি। কিন্তু ঘটনাটি অসত্য, অভিসন্ধিমূলক, আমি এ ব্যাপারে আপনার প্রটেকশন চাইছি।

**শ্রী পতিতপাবন পাঠক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজন সদস্য সম্পর্কে যে খবর এসেছিল সেটা সত্য নয় জেনে আমি আনন্দিত।

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। আপনি রুল্স অফ প্রসিডিওর অ্যান্ড কন্ডাক্ট অফ বিসনেসের সেকশন ৩২৮ যদি দেখেন তাহলে দেখবেন ইনডিসক্রিমিনেট্লি হচ্ছে এবং These are being allowed and recorded.

**Mr. Speaker :** I heard his speech. He said that the member had been assaulted. He made no allegation against him. Honourable mem-

bers, please take seats. I now call upon Shri Abdul Mannan to move his motion.

শ্রী আব্দুল মান্নান : আমি আমার মোশন মুভ করছি।

**Motions under Rule 185**

**Shri Abdul Mannan** : Sir, I beg to move that

Whereas in keeping with the declaration at the United Nations Conference and as participants and one of the singnatories to pious declarations/decisions of this Conference, we are committed to provide adequate drinking water facilities to all the people during the International Water-supply and Sanitation Decade by 1990;

Whereas our State, West Bengal is very much lagging behind many other States in the matter of achieving the target fixed for achieving the goal of covering 100 per cent of the population of rural and urban areas of the State with drinking water facilities by end of the decade 1990;

Whereas the people in the rural as well as urban areas of West Bengal are suffering miserably due to non-availability of sufficient drinking water facilities;

Whereas a large number of the tubewells in the rural and urban areas have become derelict and have been left unattended for a considerable long time;

Whereas the number of street water taps in Culcatta has been drastically reduced affecting adversely the poor and the working class;

Whereas several areas of Calcutta are denied the opportunity of having adequate drinking water facilities during the summer months;

Whereas there is a serious lacuna in water-supply planning for the city of Calcutta and its fringe areas;

Whereas unfortunate State of afairs prevailing in the matter of ensuring adequate, hygienic and germ-free drinking water facilities to the common people calls for serious attention and careful consideration;

Whereas without making any improvement in the existing water-supply arrangements in the City of Calcutta and ignoring the sufferings of the common people, the State Government has permitted the Calcutta Municipal Corporation authorities to impose levies on water-supply to the city dwellers;

Whereas in view of the fact that the Sate Government and/or the

Calcutta Municipal Corporation authorities are unable to ensure supply of adequate, safe and germ-free drinking water to the city dwellers imposition of levy or water cess, on the very face of it, appears to be unjustified and uncalled for ;

Therefore, this House urges upon the State Government and through the State Government the Calcutta Municipal Corporation authorities to refrain from imposing any levy, cess or charges on water supply on the people till such time as some tangible improvement is made in the matter and the people are assured of availability of pure and hygienic drinking water in sufficient quantity.

This House further calls upon the State Government to take full advantage of the financial assistance offered by the Government of India for water-supply schemes in West Bengal and to intensify the efforts to ensure 100 percent coverage of its rural and urban population with water-supply schemes so that the goal which has been set up for the International water-supply and Sanitation Decade may be achieved at an early date.

**Mr. Speaker** : Now I call upon Shri Deokinandan Poddar to speak.

**श्री देवकिनन्दन पोद्दार :** मिस्टर स्पीकर सर, १८५ अधिनियम के अनुसार जो प्रस्ताव श्री सोमेन मित्र ने इस सदन में रखा है मैं उसका समर्थन करता हूँ। इस मोशन का समर्थन करते हुए सरकार के जलकर नीति का बिरोध करता हूँ, जो कलकत्ता करपोरेशन सरकार के अनुमति पर लगाना चाहती हैं। जलपर कर लगाकर यह सरकार कलकत्ता के जन-साधारण के साथ सरासर अन्याय कर रही हैं। कलकत्ता करपोरेशन कलकत्ता में जलकी आपूर्ति नहीं कर सकती हैं। सभी इलाकों में उचित रूप से जल की आपूर्ति करपोरेशन नहीं कर पाती हैं, बिशेषकर उन बस्ती इलाकों में जहाँ पर गरीब तवके के लोग रहते हैं। उन इलाको में जलकी व्यवस्था बहुत ही शोचनीय है। गृष्मकाल में बस्ती इलाकों में जो नलकूप लगे हैं, उन नल कूपों में जल नहीं आता हैं। ज्यादा तर, बहुत से नलकूप विना जलके खड़े हैं ठीक उसी तरह से नलकूप खड़े हैं, जिस तरह से पश्चिमबंग सरकार अपने असत्य वादे पर *खड़ी हैं। इन नलकूपों में जल न होने के कारण बस्ती इलाको के लोग साहिभाभ-साहिभाभ करते हैं। बस्ती इलाको में जो

[***............] Note : Expunged as ordered by the chair.

पानी के टेप हैं, उन में जल आता ही नहीं हैं। [***............]

**Mr. Speaker :** Mr. Poddar, you have referred to doctor's certificate about the quality of drinking water in Calcutta. Have you got the certificate with you?

**Shri Deokinandan Poddar :** I can show it to you later on. I will bring it tomorrow.

**Mr. Speaker :** Let us come to a form. Whenever you have referred to it, you must lay it on the Table.

**Shri Deokinandan Poddar :** It is well-known that doctors have said that the drinking water of Calcutta is polluted.

**Mr. Speaker :** You must produce the specific certificate and lay it on the Table when you have already referred to it. As you cannot produce it right now that portion is expunged.

श्री देवकीनन्दन पोद्दार– आप कलकत्ते बासियों को जल नहीं दे सकते हैं और जो जल देते हैं, उससे बिमारियाँ फैलती है। बहुत से समाचार पत्रों ने भी लिखा हैं कि जल उवालकर पीयें। कलकत्ता के बस्ती इलाके में मलेरिया जानडिस फैल रहा हैं। मै पश्चिमबंगाल के इस सदन को कहना चाहूँगा कि वह कलकत्ता कारपोरेशन से कहे कि जल-कर न लागाए। यूनाइटेड नेशन से एग्रीमेन्ट हुआथा कि १९९० तक कलकत्ते में जल की आपूर्ति पूर्णरूप से की जायगी और सैनिटेशन की ब्यवस्था की जायगी। कलकत्ते के प्रत्येक परिवार को २५ गैलन जल दिया जायगा। मैं माननीय मन्त्री से जो यहाँ पर बैठे हुए हैं, उनसे पूछना चाहता हूँ कि आप कृपा करके बतावें कि कौन से इलाके में, बिशेषकर गरीब इलाके में कितना पानी सरबराह किया जाता हैं, कितना पानी गरीब लोगों को दिया जाता हैं, जितने टयूवेल उन इलाकों में लगे हूए हैं, उनमें से कितने काम करते है ? जितने नलकूप लगे हुए हैं, उनमें से कितने नलों में पानी आता है? कितने नल पश्चिम बंगाल के बामफ्रान्ट के वादे को असत्य प्रमाणित करते हैं। नलकूपों में सस्तों के जल और नर्मदे का जल विशेषकर बस्ती इलाकों में आता हैं, उसपर भी यह सरकार जलपर कर लगाना चाहती हैं, यह कहाँ का न्याय हैं।

केन्द्रीय सरकार जो अनुदान दे रही हैं क्या उसकी आपूर्ति शतप्रतिशत होता है? क्या उसको शतप्रतिशत कार्य के रूप में परिणत किया जाता

हैं? केन्द्रीय सरकार जो अनुदान दे रही हैं क्या शतप्रतिशत उसकी आपूर्ति हो रही हैं? मैं सदन से अनुरोध करूँगा कि सदन सरकार से कहे कि केन्द्रीय सरकार के अनुदान को पूर्ण रुप से जनसाधारण के उपयोग के लिए करे। जब जलकी आपूर्ति नहीं कर सकते तो जल कर क्यों लगाने जा रहे हैं? केन्द्रीय सरकार को द्रब्यमूल्य बृद्धि के लिए दोपी किया जाता हैं। सरकार गाँवों को भी पानी दे। पानी के बिना आदमी जिन्दा नहीं रह सकता हैं। अगर पीने के लिए शुद्ध जल नहीं मिलेगा तो मनुष्य का जीबन चल नहीं सकता हैं, वह जिन्दा नहीं रह सकता हैं। मेरा निबेदन हैं कि पश्चिमबंग सरकार जल की ब्यवस्था करके मनुष्य के जीबन को बचावे। कलकत्ता कारपोरेशन कलकत्ते के लोगों को जल सरबराह करें। आप जब जल ही नहीं दे सकते हैं तो जल कर लगाने का आपका अधिकार कहाँ हैं?

হিন্দী না বুঝতে পারলে কানে আঙ্গুল দিয়ে বসে থাকুন। হিন্দী হচ্ছে রাষ্ট্রভাষা। আমি যে ভাষাতেই বলি না কেন, সেটা সকলে শুনতে বাধ্য।

मेरा अनुरोध हैं कि पश्चिमबंग सरकार कलकत्ता कारपोरेशन को बाध्य करे कि वह जलकर न लागाए। केन्द्रीय सरकार के दिए गए अनुदान को जलकी आपूर्ति के लिए ब्यवहार करे।

[3-25 — 3-35 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে বিশেষ করে রুর‍্যাল ওয়াটার সাপ্লাইয়ের উপর জোর দিয়ে শ্রী আব্দুল মান্নান আনিত রেজোলিউশনকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাইছি। বামফ্রন্ট-এর ৮ বছর পূর্তী সম্পর্কিত একটি বই আমাদের দেওয়া হয়েছিল। ৭৮ পাতার ঐ বইয়েতে অনেক বক্তৃতার মালা গাঁথা হয়েছে, কিন্তু রুর‍্যাল ওয়াটার সাপ্লাই সম্বন্ধে বামফ্রন্টের ৮ বছর পূর্তী উৎসব উপলক্ষ্যে সরকারি পয়সা খরচ করে যে বই ছাপা হয়েছে তাতে একটি কথাও নেই। How the rural water supply has been neglected by the Front Government. You served this book to all the Hon'ble Members একটি লাইনও দেখাতে পারবেন না যে, রুর‍্যাল ওয়াটার সাপ্লাই সম্বন্ধে সরকার অত্যন্ত যত্নশীল। আর একটি কথা, আমাদের [***] বক্তৃতা রাখলেন ঐ পূর্তী উৎসব উপলক্ষ্যে এবং তাঁর বক্তৃতা পশ্চিমবঙ্গে ছেপে বের হল। এটা ২৬শে জুলাই, ১৯৮৫-র সংখ্যায় ছাপা হয়েছে। তাতে কোথায়ও একটি লাইন নেই যে এই সরকার রুর‍্যাল ওয়াটার সাপ্লাই সম্বন্ধে কোন্যো প্রচেষ্টা করেছেন বলে।

**মিঃ স্পিকার ঃ** মিঃ বাপুলি, ইউ. কোটেড অ্যান্ড রেফার্ড এ নেম। আপনি সরোজবাবুর নাম এখানে কোট করেছেন। এই স্টেটমেন্টে এটা কি করতে পারেন? ইজ হি এ মেম্বার

*** Note : [Expunged as order by the chair.]

অফ দিস্ হাউস? এটা এক্সপাঞ্জ হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনার কথা মেনে নিয়ে আমি বলছি যে, 'পশ্চিমবঙ্গ' বলে একটি কাগজ আছে। সেই পত্রিকায় বেরিয়েছে যে, একজন মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির নেতা যে বক্তৃতা দিয়েছেন তাতে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই সম্বন্ধে কোনো কথা নেই। তিনি হচ্ছেন ঐ পার্টির চেয়ারম্যান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় সিকস্থ ফাইভ ইয়ার প্ল্যানে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই অ্যান্ড ওয়াটার সাপ্লাইয়ে অ্যালটমেন্ট অফ মানি ৮ ক্রোর্স অফ রুপিজ, কিন্তু লোকসভায় প্রশ্নোত্তর পর্বে মাননীয় মন্ত্রী তাঁর জবাবে জানিয়েছেন যে এই খাতের ৮ কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকার খরচ করতে পারেননি। পশ্চিমবঙ্গের প্ল্যানে যত টাকা ধরা হয়েছিল তার মধ্যে ৮ কোটি টাকা ছিল শুধুমাত্র রুর‍্যাল ওয়াটার সাপ্লাইয়ের জন্য, মাননীয় অধ্যক্ষ মহাশয়, বক্তৃতার মাঝখানে একটি কথা জানতে চাইছি, আমার বক্তব্য আমি রুর‍্যাল ওয়াটার সাপ্লাইয়ের মধ্যেই সীমাবদ্ধ রাখব, সি.এম.ডি.এর ব্যাপারে কিছু বলব না কারণ অন্য কারণ অন্য বক্তারা সে-ব্যাপারে বলবেন। এখানে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় আছেন। তিনি জানেন যে, ১৯৭২-৭৭-এই সময়ে আমরা প্রতি বছর প্রত্যেকটি ব্লকে ২৫টি করে নতুন টিউবওয়েল এবং ৫টি রিপেয়ার ও সিঙ্কিং-এর যেখানে ব্যবস্থা করতাম, আজকে ব্লকগুলি ৪/৫টির বেশি নতুন টিউবওয়েল পাচ্ছে না।

অত্যন্ত দুঃখের বিষয় আপনার ব্লক ডেভেলপমেন্ট অফিসে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই ডিপার্টমেন্টের যে ছোট ঘর আছে সেখানে যে একজন অফিসার আছে, যদি একটা টিউবওয়েলের হ্যান্ডেল ভেঙ্গে যায় সেটা চাইলে বলে নেই, বলে বি.ডি.ও-তে এখন সাপ্লাই নেই। একটা স্ক্রু, একটা বল্টু, চাইলে পাওয়া যায় না। দুর্ভাগ্যের বিষয় পশ্চিমবাংলায় রুর‍্যাল ওয়াটার সাপ্লাই-এর যে ব্যবস্থা আগে ছিল, যেটা আমরা করেছিলাম সেটাকে রিসিংকিং করে বজায় রাখার ব্যবস্থা বর্তমানে নেই। কারণ মাননীয় কমলবাবু যে অ্যালটমেন্ট করেছেন তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই বামফ্রন্ট সরকার মানুষের যে ন্যূনতম চাহিদা—পানীয় জল—সেটা ঠিক ভাবে দিতে পারছে না। এখানে ফরোয়ার্ড ব্লকের মাননীয় সদস্যরা এবং সি.পি.এম-এর এম.এল.এ.-রা চিৎকার করছেন যে গ্রামে জলের অভাব নেই। আমার কথা রেকর্ড হচ্ছে, আমি বলব গ্রামে আপনারা পানীয় জল সরবরাহ করতে ব্যর্থ হয়েছেন। এখানে বসে আপনারা বলছেন কোনো অভাব নেই। আমি গ্রামের প্রতিটি জায়গায় বলব এবং যদি নির্বাচন হয় তাহলে পশ্চিমবাংলার প্রতিটি গ্রামের মানুষের কাছে এই তথ্য দেব যে আপনারা বলেছেন যে জল সরবরাহের ক্ষেত্রে গ্রামে কোনো অসুবিধা নেই। আজকে যেসমস্ত এম.এল.এ এই সব কথা বলছেন তাঁদের সঙ্গে গ্রামের কোনো যোগাযোগ নেই। আমি তাঁদের দেখি এম.এল.এ হোস্টেলে রাত্রে তারা বসে আছেন এবং মাছের মুড়ো খাচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কৃপাসিন্ধু সাহা মহাশয় মন্ত্রী হবার কারণে বলছেন গ্রামে ওয়াটার সাপ্লাই ভালো, গ্রামের লোকেদের জলের ব্যাপারে কোনো অসুবিধা নেই। আমি বলতে চাই গ্রামের ওয়াটার সাপ্লাইয়ের অবস্থা অত্যন্ত খারাপ। আমি সত্য বলছি কি অসত্য বলছি সেটা আপনারা গ্রামে গিয়ে মিলিয়ে নেবেন। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো গ্রামের ওয়াটার সাপ্লাই ভালো আছে কি না?

(এ ভয়েস ঃ— আমাদের মুলুকে অনেক বেশি টিউবওয়েল আছে)

আপনাদের ব্লকে একটু বেশি টিউবওয়েল থাকতে পারে, কারণ আমরা জানি মন্ত্রী মহাশয় আপনার দলের লোক, আপনাদের ব্লকে বেশি টিউবওয়েল দিতে পারে। কিন্তু অন্যান্য জায়গায় প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম আছে। এটা অন্তত পরিষ্কার যে পাবলিক ওয়াটার সাপ্লাই স্কীমের অবস্থা অত্যন্ত খারাপ। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই রায়দীঘিতে ওয়াটার সাপ্লাই স্কীমের কাজ হয়ে গেছে এবং সেটা ১ বছর হ'ল পড়ে আছে, আজ পর্যন্ত কমিশন হ'ল না, জল পড়ছে না। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলেছিলাম, উনি বলেছিলেন নির্বাচন হয়ে যাক আলোচনা করব। উনি একজন ভদ্রলোক, সকলের সঙ্গে এই সব ব্যাপার নিয়ে আলোচনা করেন। যেখানে যেখানে পাবলিক ওয়াটার সাপ্লাই স্কীম হয়ে আছে সেখানে কমিশন হচ্ছে না, জল পড়ছে না। দূর্ভাগ্যের বিষয় একটা ট্যাংক দিয়ে জল বেরোচ্ছে আর একটা দিয়ে জল বেরোচ্ছে না। মগরাহাটে স্কীম তৈরি হয়ে পড়ে আছে জল বেরোচ্ছে না, লক্ষ্মীকান্তপুরে স্কীম তৈরি হয়ে পড়ে আছে জল বেরোচ্ছে না। রুর‍্যাল ওয়াটার সাপ্লাই, পাবলিক ওয়াটার সাপ্লাই যে সমস্ত স্কীম আছে তার ৯০ পারসেন্ট অকেজ হয়ে পড়ে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সকলেই জানে পশ্চিমবাংলার গ্রামাঞ্চল আজ জলের অভাবে বিপর্যস্ত। গ্রামবাংলায় যে পরিমাণ টিউবওয়েল দরকার সেটা নেই এবং আমরা যেগুলি করে গিয়েছিলাম সেগুলি রিসিংকিং করা দরকার। দূর্ভাগ্যের বিষয় গ্রামবাংলার লোককে জল খেতে দেবার ক্ষমত্র এই সরকারের নেই। ন্যূনতম একটা কাজ মাটি থেকে জল তুলে দেওয়া সেই কাজ এই সরকার করতে পারছে না। আজকে গ্রামবাংলার চারিদিকে হাহাকার পড়ে গেছে। আমার বক্তৃতার সঙ্গে মিল পাওয়া যাবে গতবারে বীরভূম এবং মেদিনীপুর জেলার সমস্ত সি.পি.এম. এম.এল.এ.রা যা বলেছিলেন তার সঙ্গে। তাঁরা গতবারে বলেছিলেন যে, তাঁদের এলাকার সমস্ত জায়গায় জলের চরম সংকট দেখা দিয়েছিল। বামফ্রন্ট সরকার এখানে আট বছর যাবত ক্ষমতায় বসে আছেন। এতদিন পরেও গ্রামাঞ্চলে জলের কষ্ট দিনের পর দিন ক্রমান্বয়ে বেড়ে চলেছে কেন? গ্রামাঞ্চলে টিউবওয়েল যদি প্রকৃতপক্ষে বসানো হ'ত এবং রিসিংকিংয়ের কাজ করা হ'ত, তাহলে জলের কষ্ট থাকত না। পশ্চিমবাংলা বিধানসভায় যে সকল সদস্য আছেন, তাঁরা প্রত্যেকেই জানেন যে, পশ্চিমবাংলার মানুষের জল সাপ্লাইয়ের জন্য কোনো কাজ এই সরকার প্রকৃতপক্ষে করেননি। আমি কলকাতার কথা বলব না, কারণ আমি কলকাতা অঞ্চলের প্রতিনিধি নই। কলকাতার ব্যাপারে অন্য সমস্ত প্রতিনিধিরা ভালো বলতে পারবেন। আমি গ্রামাঞ্চলের লোক, আমি সুন্দরবনের কথা ভালো ভাবে জানি। সেখানে এক একটা অঞ্চলে ৫ মাইল থেকে ৬ মাইল এলাকা জুড়ে একটা দুটো করে টিউবওয়েল আছে। এক একজন লোক ৪-৫ মাইল দূরবর্তী অঞ্চল থেকে জলের জন্য হেঁটে আসেন। সকাল বেলায় জলের জন্য বাড়ি থেকে এসে জল নিয়ে দুপুরে বাড়ি পৌঁছান। আবার জল নিতে এসে হয়ত তাঁদের দেখতে হয় যে, জল একেবারে নিচে নেমে গেছে, জল না পেয়ে তখন বাড়ি ফিরে যেতে হয় খালি হাতে। আট বছর পরে বড় বড় করে বর্ষপূর্তি উৎসব ঢাকঢোল পিটিয়ে বামফ্রন্ট সরকার করছেন, কিন্তু গ্রামের মানুষদের কাছে প্রয়োজনীয় পানীয় জলের ব্যবস্থা করতে পারলেন না। এই কারণে এখানে আজ যে প্রস্তাব এসেছে, তার প্রতি সকলের সমর্থন জানানো উচিত বলে আমি মনে করি। এই সাথে বামফ্রন্ট সরকারের প্রতি তীব্র ধীক্কার জানানো উচিত। এই কথা বলে, মাননীয় সদস্য সৌমেন্দ্রনাথ মিত্র ও আব্দুল মান্নান যে প্রস্তাব এখানে এনেছেন তার প্রতি সমর্থন জ্ঞাপন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-35 — 3-45 P.M.]

**শ্রী কমলকান্তি গুহ :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় সত্যবাবুর বক্তব্য শুনলাম। গত লোকসভার নির্বাচনের আগে রাজীব গান্ধীকে রাজস্থানে গিয়ে প্রতিশ্রুতি দিতে হয়েছিল যে—নির্বাচনী বক্তৃতায় রাজীব গান্ধী প্রতিশ্রুতি দিয়েছিলেন—রাজস্থানের মানুষের জন্য জলের ব্যবস্থা তিনি করবেন। পশ্চিমবঙ্গে কিন্তু কোনো নির্বাচনেই বামফ্রন্ট সরকারকে বিরোধীদলের সদস্যরা জলের সংকট নিয়ে কোনো সংকটজনক অবস্থায় ফেলতে পারেননি। এই ব্যাপারে একটি পরিসংখ্যান আমি আপনাদের সম্মুখে রাখতে চাই। ১৯৭৬ সাল পর্যন্ত কংগ্রেস দল এখানে সরকারে ছিলেন। ওঁরা প্রব্লেম ডিলেজ কভার করেছিলেন মাত্র ২,০০। ১৯৭৭ সালে ক্ষমতায় এসে সে তুলনায় আমরা আজ পর্যন্ত প্রব্লেম ডিলেজ কভার করেছি ১৮,৬৬০টি। ওঁদের আমলে পপুলেশন বেনিফিটেড্ হয়েছিলেন ১৪,০০,০০০ লোক। সে তুলনায় আমাদের এই ৮।। বছরের মধ্যে পপুলেশন বেনিফিটেড্ হয়েছেন ৭৫,৯৩,০০০ লোক। স্যার, আপনি জানেন যে পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম এবং বীরভূমের কয়েকটি ব্লক-খয়রাশোল, দুবরাজপুর, ইলমবাজার এই রকম কয়েকটি ব্লক পাথুরে এলাকা বলে জলের সমস্যা চিরকাল ধরেই ছিল। চিরকালই মানুষকে নিদারুন জলকষ্টের মধ্যে পড়তে হ'ত। কিন্তু আমাদের আমলে মাত্র কয়েক বছরের মধ্যে সেই তীব্রতা বহুলাংশে কমিয়ে দিয়েছি রিগ্‌বোর টিউবওয়েলের মাধ্যমে। ওঁদের আমলে ঐ সদস্য অঞ্চলের মানুষের জলকষ্ট দূর করার জন্য, মানুষকে পানীয় জল সরবরাহের জন্য কোনো রিগ্‌বোর টিউবওয়েলের ব্যবস্থা ছিল না। আমাদের সময়ে বাঁকুড়া, ঝাড়গ্রাম প্রভৃতি অঞ্চলের একাংশে ২২টি রিগ্‌বোর টিউবওয়েল হয়েছে। পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম ওঁদের আমলে হয়েছিল ৪৫টি। সে তুলনায় আমাদের আমলে হয়েছে ৩৮৫টি। পপুলেশন বেনিফিটেড সত্যবাবুদের আমলে হয়েছিল ৬৫,০০০লোক। সে তুলনায় আমাদের আমলে হয়েছে ১৪,৪৪,০০০ লোক। সত্যবাবু এইকথা বললেন যে পার্লামেন্টে নাকি এইকথা উঠেছে যে আমরা নাকি ৮ কোটি টাকা খরচ করতে পারিনি। যে স্কীমে খরচ করতে পারিনি সেই স্কীমটি হচ্ছে শ্পিন্ট সম্ভার স্কীম। আমি খুব দৃঢ়তার সঙ্গে বলতে পারি এই বছর সমস্ত টাকা খরচ করে দিয়েছি। কোনো টাকা খরচ হয়নি এই রকম অবস্থায় নেই। তবে একটি কথা সত্যবাবুর কাছে বলছি আপনারা কেন্দ্রের কাছে দয়া করে বলুন যে একটি টিউবওয়েল কোনো গ্রামে থাকলে সেটি নন প্রব্লেম ডিলেজ হয়ে যায় এই নীতিটির থেকে সরে আসুন। কেন্দ্র এই নীতির থেকে সরবেন না আর পর্যাপ্ত জলের কথা বলবেন তা হয় না। তাহলে আমাদের পক্ষে দেওয়া সম্ভব হচ্ছে না। আমাদের সমস্ত ফিটার, মেকানিক্সরা বসে রয়েছে, রিগবোর নিয়ে বসে রয়েছে কিন্তু নীতির ফলে কাজ করতে পারছি না। কেন্দ্রের কাছে রাজ্য সরকার বারেবারে এই ব্যাপারে প্রতিবাদ করেছে। ৩০০ লোকের জন্য একটি টিউবওয়েল, একটি গ্রামে একটি টিউবওয়েল থাকলে নন-প্রব্লেম ডিলেজ হয়ে যাবে এই নীতিকে আমরা মানতে পারছি না। এই বিষয়ে বিশেষ জ্ঞান না থাকলে এই নীতি থেকে সরে আসতে পারবেন না। আমি আরো বলি যে আর কয়েক মাস বাদেই তো সাধারণ নির্বাচন। আপনারা সাধারণ মানুষের কাছে বোঝান না যে বামফ্রন্ট সরকার গ্রামের লোকেদের পানীয় জল দিতে পারছে না, দেখবেন কি তার রায় মানুষ দেয়। নির্বাচনের ফলাফলই জনসাধারণের সিদ্ধান্ত প্রকট হয়ে যাবে। আমি অত্যন্ত প্রত্যয়ের সঙ্গে বলতে পারি আমরা যেভাবে পশ্চিমবঙ্গে

জলের সমস্যার সমাধান করেছি তাতে আগামী ২ বছরের মধ্যে আরো সমস্যার সমাধানে এগিয়ে যাব। সত্যবাবুরা যতই মানুষকে উত্তেজিত করার চেষ্টা করুন, বোঝানোর চেষ্টা করুন পশ্চিমবঙ্গের মানুষ বুঝে নিয়েছে যে বামফ্রন্ট সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে মানুষের যেটা প্রধান জিনিস পানীয় জল তার পর্যাপ্ত ব্যবস্থা করতে পেরেছে। সুতরাং আজকে সত্যবাবু এবং তার দলের সদস্যরা যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** মাননীয় স্পিকার মহোদয়, এখানে যে মোশন এনেছেন আব্দুল মান্নান সাহেব এবং সোমেন বাবু (অবশ্যি সোমেন বাবু নেই এখানে) তারজন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। এখানে যে এই বিষয়ে একটা আলোচনার সুযোগ দেওয়া হল এরজন্য তাদের কাছে আমি কৃতজ্ঞ। কারা তারা যে ডিকেড প্রোগ্রাম নিয়ে আলোচনা করছেন এটা খুব গুরুত্বপূর্ণ বিষয়, শুধু পশ্চিমবঙ্গে নয় গোটা ভারতবর্ষের জন্য। এখন এই ডিকেড প্রোগ্রামটি কি সেটা জানতে হবে। আমি গত ১৬ এবং ১৭ অক্টোবর ১৯৮৫ সালে যে সম্মেলন হয়েছিল সেই সম্মেলনে আমাদের সেক্রেটারি অ্যান্ড ইঞ্জিনীয়ারস্‌রা সেখানে ডিকেড প্রোগ্রামের বর্তমান অবস্থা কি ইত্যাদি বিষয় নিয়ে আলোচন করেন। ডিকেড প্রোগ্রাম হল এই যে গোটা ভারতবর্ষে সেন্ট পার্সেন্ট মানুষকে জল দেবে, অর্থাৎ ওয়াটার সাপ্লাইটি সেন্ট পার্সেন্ট আর শহরাঞ্চলে সেনিটেশন দেবো ৮০ পার্শেন্টি পিপল্‌কে এবং গ্রামাঞ্চলে ২৫ পার্শেন্টি স্যানিটেশন দেব। এখানে স্বাভাবিক ভাবে ইউ.এন.ও.র সদস্য হিসাবে ভারতসরকার এই প্রস্তাব করেন এবং আমাদের বলে পাঠান আপনারা আপনাদের পরিকল্পনা তৈরি করুন, আমরা আমাদের পরিকল্পনা তৈরি করছি। পরিকল্পনা তৈরি করার পরে আমরা সেটা প্ল্যানিং কমিশনের কাছে পাঠিয়েছিলাম। এখন সেই পরিকল্পনা যা আমাদের কাছে এসেছিল তাতে ১৩৩২ কোটি টাকা এবং সেই পরিকল্পনার পর ৫ বছরে আমাদের রুর‍্যাল ওয়াটার সাপ্লাইয়ের জন্য তার যে অ্যাকসিলারেটেড ওয়াটার সাপ্লাই এবং মিনিমাম নিট প্রোগ্রামের জন্য ৫ বছরে দিয়েছে মাত্র ১১৫ কোটি টাকা। অর্থাৎ বছরে গড়ে পড়ছে ২৩ কোটি টাকা। আমাদের এই ওয়াটার সাপ্লায়ের ১৩৩২ কোটি টাকার মধ্যে ৭৬৩ কোটি টাকা—২৩ কোটি টাকা বছরে যদি আমরা পাই তাহলে হিসাব করে দেখলাম ৩৯ মাসে অর্থাৎ ৩ বছর ৩ মাসের মধ্যে যদি এস্কালেশন হয় তাহলে ৪৮ মাসে আমাদের লাগবে—অর্থাৎ ৪ ডিকেট সময় লাগবে। যে হারে ওরা একটা প্রোগ্রাম বলে দিলেন তাতে ইউ.এন.ও.র সদস্য হিসাবে প্রোগ্রাম করে ছেড়ে দিলেন এবং আমাদের বললেন প্রোগ্রাম কর। আমরা এটা দিলাম। কিন্তু ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের সদস্যরা আলোচনা করে যেটা বলেন সেই কথাটা একটু পড়ে দিচ্ছি। সেটা হল অক্টোবরে মিনিস্ট্রি অফ আরবান ডেভেলপমেন্ট যে কনফারেন্স হয়েছিল তার প্রসিডিংস থেকে বলছি- Plan of Action for achieving decade goals in respect of urban water supply, urban and rural sanitation ; The representatives of the States urged that having regard to the limited resources available with the states and the need for adequate coverage of urban areas as well as balanced coverage as between different urban areas in the same State, there was need to have a centrally sponsored programme for urban water supply on the lines of the Acclerated Rural Water Supply Programme for rural drinking

water supply programme. Such a scheme was especially necessary for small towns with a population of 20,000 or less. The scheme for providing urban drinking water supply should be included in the Minimum Needs Programme. The representatives of the States also emphasized that there should be similar Centrally sponsored scheme for urban sanitation and rural sanitation if the Decade goals are to be achieved as contemplated. সেই আলোচনার পর থেকে যখন সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা হল সেই পরিকল্পনার মধ্যে এই সমস্ত স্টেজ প্রস্তাব করে তারা চাইলেন আরবান ওয়াটার সাপ্লাই, রুর‍্যাল ওয়াটার সাপ্লাই এই দুটো মিলিয়ে ১০ হাজার কোটি টাকা। এবং স্যানিটশনের জন্য ৪ কোটি টাকা। অর্থাৎ মোট চাইলেন ১৪,৭০০ কোটি টাকা। বরাদ্দ কি হল সেটা একটু পড়ে দিচ্ছি। এটা একটা ব্যাক গ্রাউন্ড মেটিরিয়াল, ১৬ এবং ১৭ই অক্টোবর যেটা হয়েছিল, তারপর ১৭ই ফেব্রয়ারি আমাদের মিনিস্টারদের একটা কনফারেন্স হয়েছিল, সেখানে যেটা পেশ করা হয়েছিল সেটা একটু পড়ে দিচ্ছি।

The international drinking water supply and sanitation Decade (1981-90) contemplated a cent percent coverage in Urban Supply by the end of the Decade i.e.by 31st March, 1991. অর্থাৎ ৫ বছরে গোটা ভারতবর্ষের ৬ পারসেন্ট মাত্র বাড়ছে। এবং এটা কভার করছে। The coverage at the beginning of the Decade was 72.3% whereas it increased only 72.9% in 1985. In absolute numbers the population coverage increased from 115.48 million to 127.23 million registering an increased coverage of approximately 12 million people. The Mid Decade Review document contemplates a coverage of 86.4% by 1990 and by 1991. এই জিনিস নিয়ে যখন আলোচনা হয় তখন আমি এটা বলেছিলাম ৫ বছরে ৬ পারসেন্ট কভারেজ বাড়ছে তাহলে সেন্ট পারসেন্ট কভারেজ বাড়তে কত বছর লাগবে? এর কোনো উত্তর সেখানে দিতে পারেননি এবং আরও প্রশ্ন করেছিলাম যে জলের জন্য যেখানে ১০ হাজার কোটি টাকার প্রয়োজন, সেখানে তাঁরা কত বরাদ্দ করেছেন? এই adequate outlays for urban water supply.২ হাজার ৯শত কোটি টাকা the 7th plan provides for a total investment of Rs.2935 crores আর একটু দেখুন during 1985-86, the anticipated expenditure on urban water supply and sanitation is about Rs.497 crores. এই পাঁচ বছরে। তার পর দেখুন কতবড় অবিচার taking away the anticipated expenditure by states and territories, like Maharashtra-Rs.146.26 crores, Tamil Nadu Rs.9.54 crores. ৩০১.০৯ কোটি টাকা ১৯৮৪, ১৯৮৫, ১৯৮৬ সালের জন্য। অর্থাৎ ৪৯৭ কোটি টাকার মধ্যে ৩০১ কোটি টাকা ঐ চারটি শহর বা রাজ্যের বরাদ্দ করলেন। মোট ৩১টি যে রাজ্য রয়েছে তার মধ্যে ২২টি রাজ্য হল স্বশাসিত এবং ৯টি হল কেন্দ্রশাসিত এবং তার মধ্যে ১৯৬ কোটি টাকা ২৭ টি রাজ্যের বরাদ্দ করেছেন। তাহলে গড়ে ৭ কোটি টাকা পড়ে এ চারটি রাজ্য বাদ দিয়ে ২৭ রাজ্যের জন্য। তাহলে এ টাকা দিয়ে আমরা কি করে টারগেট রিচ করতে পারব ১৯৯১ সালের মধ্যে। মোশনের মধ্যে যা বলেছেন তাতে আমার ভাল লেগেছে। This House further calls upon the State Government

to take full advantage of the financial assistance offered by the Government of India for water-supply schemes in West Bengal and to intensify the efforts to ensure 100 per cent coverage of its rural and urban population with water-supply schemes so that the goal which has been set up for the International water-supply and sanitation Decade may be achieved at an early date. যারা এই সেশন এনেছেন 'এ বিরোধী দলকে আমি বলব যে তাঁরা কেন্দ্রীয় সরকারকে গিয়ে বলুন যেখানে ১০ হাজার কোটি টাকা দরকার সেখানে ২৯৩৫ কোটি টাকা ১৯৮৫-৮৬ সালে দিলে কি করে আমরা এই সফল করতে পারব? কি করে আমরা ১৯৯০-৯১ সালের মধ্যে দেশের সমস্ত মানুষের জন্য পানীয় জলের ব্যবস্থা করতে পারব? এই জিনিসটা আমি আপনাদের বিবেচনা করতে বলছি। তার পর যেটা সবচেয়ে বড় কথা যে এই প্রস্তাব কনফারেন্সে আলাপ আলোচনা হল এবং তারা নিজেরাই বলছেন যে ১৯৯০ সালে সব করে ফেলতে হবে। কিন্তু অর্থ দিচ্ছেন না। যে বেসিসে স্কীম হল সেটা তারা করছেন না। আর রাজ্য সরকারের হাতে এত অর্থ নেই যে কোটি কোটি টাকা ব্যয় করে জনসাধারণকে জল দিতে পারেন। আবার বলছেন স্টেট গভর্নমেন্টকে করতে হবে। ইন্দিরা গান্ধী ১৯৭৫ সালে ২০ পয়েন্ট প্রোগ্রাম করেছিলেন আবার ১৯৮০ এসে বললেন নিউ ২০ পয়েন্ট প্রোগ্রাম, আবার রাজীব গান্ধী এসে বললেন এনাদার নিউ ২০ পয়েন্ট প্রোগ্রাম। সমস্ত মানুষের জন্য স্বার্থের ব্যবস্থার প্রয়োজন। ডিক্লেয়ার করলেন ২০০০ এ ডি-এটা করা হবে। হেল্ড ফর অল করা হবে বলে প্রচার করে দিলেন, কিন্তু তার জন্য শুধু প্রচারের জন্য বলা হচ্ছে। প্রচারের সাথে সাথে যদি অনুদান না দেওয়া হয় তাহলে কি করে মানুষকে পানীয় জল দিতে পারব?

[3-45 — 3-55 P.M.]

কিন্তু তা সত্ত্বেও এই সময়ে আমাদের সরকার যথেষ্ট কিছু করেছেন। কলকাতা শহরের ট্যাঙ্কের উপর কথা বলতে গিয়ে তারা বলেছেন এখানে পানীয় জলের ব্যবস্থা যথেষ্ট নেই। আমি তুলনামূলকভাবে একটি কথা বলছি। ১৯৭২/৭৩ সাল থেকে আরম্ভ করে ১৯৭৬/৭৭ সালের ফিগার তুলে ধরছি। ১৯৭২/৭৩ সালে পলতাতে ১০০ মিলিয়ন গ্যালন জল হত। সেটাকে বাড়িয়ে ওরা ১৯৭৬/৭৭সালে ১২০ মিলিয়ন গ্যালনে পরিণত করেছিলেন। আমরা ১৯৭৭/৭৮ সালে ১৩০ মিলিয়ান গ্যালন করেছি, ১৯৭৮/৭৯ সালে ১৩২ মিলিয়ন গ্যালন, ১৯৭৯/৮০ সালে ১৩৫ মিলিয়ন, ১৯৮০/৮১ সালে ১৪০ মিলিয়ন গ্যালন, ১৯৮১/৮২ সালে ১৪০.৫ মিলিয়ন গ্যালন, ১৯৮২/৮৩ সালে ১৪২ মিলিয়ন গ্যালন, ১৯৮৩/৮৪ সালে ১৫০ মিলিয়ন গ্যালন, ১৯৮৪/৮৫ সালে ১৫৫ মিলিয়ন গ্যালন এবং বর্তমানে ১৬০ মিলিয়ন গ্যালন জল হচ্ছে । অর্থাৎ এই কয়েক বছরে আমরা ১২০ থেকে বাড়িয়ে ১৬০ করেছি। দেখা যাচ্ছে আরো ৪০ মিলিয়ন গ্যালন জল এখানে আমরা সরবরাহ করছি। সি.এম.ডি. এর পক্ষ থেকে ৮৫ টি বড় নলকূপ এখানে বসানো হয়েছে। কলকাতা শহরে ২৪০ টি বড় নলকূপ বসানো হয়েছে এবং সেখান থেকে আরো ২৫/৩০ মিলিয়ন গ্যালন জল আমরা দৈনিক পাচ্ছি। ছোট ছোট টিউবওয়েলের কথা বলা হয়েছে। এই টিউবওয়েল সম্পর্কে বক্তব্য হচ্ছে ১৯৭২/৭৩ সাল থেকে শুরু করে ১৯৭৬/৭৭ সাল পর্যন্ত কংগ্রেস আমলে মাত্র ২ হাজার ৯৭০ টি টিউবওলে বসানো হয়েছিল। আর ১৯৭৭/৭৮ সাল থেকে

১৯৮৪/৮৫ সাল পর্যন্ত আমরা ৮ হাজার ২৬৪ টি টিউবওয়েল বসিয়েছি। অর্থাত বছরে গড়ে প্রায় ১ হাজারের বেশি টিউবওয়েল বসানো হয়েছে। আপনারা সবাই জানেন ১৪ লক্ষ বস্তিবাসীর মধ্যে ১২।। লক্ষ বস্তিবাসীকে আমরা পানীয় জল সরবরাহ করছি। ভারতবর্ষের বৃহৎ শহরগুলির সাথে তুলনামূলক ভাবে বিচার করে দেখলে দেখবেন বস্তি অঞ্চলে কোথাও এই ধরনের পানীয় জল ও অন্যান্য সুযোগ সুবিধার ব্যবস্থা করে দেওয়া হয়নি। আপনারা মাদ্রাজের কথা নিশ্চয় শুনেছেন। ১৯৮৩ সালের ২৮ শে মার্চ মাদ্রাজের মুখ্যমন্ত্রী যা বলেছিলেন তা যুগান্তরে বেরিয়েছিল। মুখ্যমন্ত্রী রামচন্দ্রন জলের সমস্যার কথা ভেবে তিনি বলেছিলেন রাজধানীতে জলের যে অভাব দেখা দিয়েছে তাতে প্রয়োজন হলে রাজ্যের রাজধানী তিরুচিতে নিয়ে যাওয়া হবে। কারণ, সেখানে একদিন পর পর জলের গাড়ি আসে। আর জলের গাড়ি যখন আসে তখন মস্তান বাহিনী সেটা কব্জা করে নিয়ে যায় এবং বাকেট খুলে জল নিয়ে তারা বিক্রি করে। এই অবস্থা সেখানে চলছে। বম্বে শহরের কথা আপনারা সকলেই জানেন। সেখানে ২ ঘন্টার বেশি জল পায় না। সেই জায়গায় আমরা কলকাতা শহরে প্রায় ১৩ ঘন্টা জল দিচ্ছি। সকাল ৪টা থেকে ৭।। টা পর্যন্ত জল দেওয়া হচ্ছে। তারপর ৯ থেকে ১২ টা পর্যন্ত হাই প্রেসারে জল দেওয়া হচ্ছে, দুপুরে মিডিয়াম প্রেসারে দেওয়া হচ্ছে। বিকালে আবার হাই প্রেসারে জল দেওয়া হচ্ছে, রাত্রে মিডিয়াম প্রেসারে দেওয়া হচ্ছে। এই ভাবে ১৩ ঘন্টা কলকাতা শহরে জল দেওয়া হচ্ছে। তবে এটা ঠিক, কেউ বলতে পারেন সর্বত্র জল গিয়ে পৌছাচ্ছে না। এর মধ্যে কিছু স্টাডি হয়েছে। এই স্টাডির দরুন বলছি বিভিন্ন জায়গায় কতকগুলি কাজ করার মধ্য দিয়ে সাধারণ মানুষের কাছে, বস্তিবাসী মানুষের কাছে জল নিয়ে গিয়ে পৌছে দিতে পারব।

এখানে যে ট্যাক্সের কথা বলা হয়েছে সেকথা আমি বলেছি যে, যেখানে আমাদের ২ লক্ষ ৮৫ হাজার বাড়ি এই কলকাতা শহরের মধ্যে আছে—কলকাতা শহর বলতে বর্তমানে যে তিনটি পৌ'রসভা এর সঙ্গে যুক্ত হয়েছে তা নিয়েই আমি বলছি—সেখানে আমরা মাত্র ২৫ হাজার বাড়িতে ট্যাক্স বসাচ্ছি। সেই ২৫ হাজার বাড়ি হ'ল যেগুলিতে এক ইঞ্চি বা থ্রিফোর্থ ইঞ্চি ফেরুল আছে, সেই বাড়িগুলি থেকে আমরা জলের জন্য টাকা নিচ্ছি বা সেখানে আমরা ট্যাক্স বসাচ্ছি। এটা হ'ল মোট বাড়ির শতকরা ১০ ভাগ বাড়ি। ভারতবর্ষে এমন কোনো শহর নেই যে শহরে এই ট্যাক্স বসানো হয়নি। আমার সময় অল্প, আমি তাই বম্বে শহরের দুটি পরিসংখ্যান দিয়েই আমার বক্তব্য শেষ করছি। ১৯৮০/৮১ সালে তাঁদের মোট বাজেট বরাদ্দ ছিল ৩৬০ কোটি ৮০ লক্ষ টাকা। সেখানে জেনারেল ট্যাক্স ২৪ পারসেন্ট, ওয়াটার ট্যাক্স ৭ পারসেন্ট, ওয়াটার বেনিফিট ট্যাক্স ৫ পারসেন্ট, এডুকেশন সেস ৫ পারসেন্ট, স্যুয়ারেজ ট্যাক্স ৪ পারসেন্ট—মোট ট্যাক্স হ'ল ৪৮ পারসেন্ট। আর আমাদের হ'ল ১১ পারসেন্ট থেকে আরম্ভ করে প্রতি ৬শো টাকা ভ্যালুয়েশন বৃদ্ধি হ'লে ১ পারসেন্ট করে কর বৃদ্ধি এবং ম্যাকসিমাম হ'ল ৪০ পারসেন্ট। আর তাদের হল ৪৮ পারসেন্ট। ১৯৮৩/৮৪ সালের হিসাব দিচ্ছি। যেখানে তাদের বাজেট ছিল ৩৬০ কোটি টাকা সেখানে সেটা হ'ল ৬১৫ কোটি টাকা। তারমধ্যে জেনারেল ট্যাক্স ২৪ পারসেন্ট, ফায়ার ট্যাক্স বসানো হ'ল ১।। পারসেন্ট, ওয়াটার ট্যাক্স ৭ থেকে বাড়িয়ে করা হ'ল ৯ পারসেন্ট, ওয়াটার বেনিফিট ট্যাক্স ৫ থেকে বাড়িয়ে করা হ'ল ৬ পারসেন্ট, স্যুয়ারেজ ট্যাক্স ৪ পারসেন্ট থেকে বাড়িয়ে করা হ'ল ৫ পারসেন্ট এবং স্যুয়ারেজ বেনিফিট ট্যাক্স ৩ পারসেন্ট থেকে বাড়িয়ে করা হ'ল ৪

পারসেন্ট। দিল্লি, বম্বে, মাদ্রাজ, এমন কোনো শহর নেই যেখানে প্রত্যেকটি নাগরিকের উপর এই ধরনের ট্যাক্স আজকে বসানো হয়নি। সেখানে পানীয় জলের জন্য আলাদা ট্যাক্স বসানো হয়েছে। আমরা গরিব, বস্তিবাসী তাদের উপর কোনো ট্যাক্স বসাচ্ছি না। উপরের দিকের কিছু বাড়িতে—২৫ হাজার হোলডিং-এর উপর ট্যাক্স বসাচ্ছি। সেটা হ'ল অ্যানুয়াল ট্যাক্স। বড় বড় বাড়ির মালিক, যারা দিতে পারে অথচ দিচ্ছে না তাদের উপর ট্যাক্স বসাচ্ছি। সেখানে যাতে গরিব মানুষদের আমরা জল সরবরাহ করতে পারি সেইজন্য সামান্য কিছু ট্যাক্স আমরা বসাচ্ছি বড়লোকদের উপর। কাজেই যে প্রস্তাব আনা হয়েছে, সেটা কিছুতেই আমি গ্রহণ করতে পারছি না। একথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-55 — 4-05 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্ভাগ্য শুধু আমাদেরই নয়, দুর্ভাগ্য সারা পশ্চিমবাংলার মানুষের। স্যার, আজকে আমরা যে প্রস্তাব এনেছিলাম তার পেছনে কোনো রাজনৈতিক উদ্দেশ্য ছিল না এবং বামফ্রন্ট সরকারকে হেয় করার জন্যও এই প্রস্তাব আনি নি, আমরা চেয়েছিলাম পশ্চিমবঙ্গের মানুষের যে জলকষ্ট রয়েছে তা দুর হোক। স্যার, সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্য সরকারগুলি মানুষকে পানীয় জল সরবরাহ করার বিভিন্ন কর্মসূচী সার্থকভাবে এগিয়ে নিয়ে চলেছেন। আমরা চেয়েছিলাম এ ক্ষেত্রে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার নিজেদের ব্যর্থতাগুলি পর্যালোচনা করে সঠিক পদক্ষেপ নিয়ে এই প্রকল্প রূপায়ণের পথে এগিয়ে যাবেন এবং গ্রামে শহরের মানুষকে পানীয় জলের অভাব থেকে মুক্ত করবেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় রুর‍্যাল ওয়াটার সাপ্লাই বিভাগের মন্ত্রী মহাশয় উত্তর দিতে গিয়ে কতকগুলি ফিরিস্তি দিয়ে গেলেন। স্যার, এখান থেকে ভারতবর্ষের লোকসভায় প্রশ্নের উত্তর দেওয়ার জন্য যে ডাটাগুলি পাঠানো হয়েছিল সেগুলি সঠিকভাবে পাঠানো হয়েছিল কিনা, তা আমি জানি না। কারণ আমরা দেখছি আজকে এখানে গ্রামীণ জল সরবরাহ নিয়ে ওঁরা খুব বড়াই করছেন, বলছেন "অনেক উন্নতি করেছি, কংগ্রেস আমল থেকে অনেক বেশি উন্নতি করেছি"। বিভিন্ন রাজ্যের সঙ্গে তুলনা করে রাজ্যপালের ভাষণের উপর বক্তব্য রাখতে গিয়ে কালকে মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গকে প্রায় স্বর্গ রাজ্য করে ফেলেছেন। কিন্তু আজকে যদি রুর‍্যাল ওয়াটার সাপ্লাই বিভাগের মন্ত্রী মাননীয় কমল-বাবু এ বিষয়ে অন্যান্য রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গের একটু তুলনা করতেন তাহলে আমরা ব্যাপারটা পরিষ্কার বুঝতে পারতাম। উনি তুলনা করলেন না, কিন্তু আমি একটু তুলনা করছি। সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যানে রাজ্য সরকার বলেছিলেন, ২৫,২৪৩ টি গ্রামকে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই স্কীমের আওতায় আনা হবে। বাস্তবে তার মধ্যে কত কভার করা হয়েছে, না, ১৫,৬২৮ টি গ্রামকে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই স্কীমের আওতায় আনা হয়েছে। এটা অবশ্য আমার কথা নয় রাজ্য সরকারের কথা।

**মিঃ স্পিকার ঃ** মিঃ মান্নান, আপনি বললেন, "রাজ্য সরকার এই কথা বলেছিলেন।" কোথায় বলেছিলেন, কখন বলেছিলেন, তাও বলতে হবে, না হলে আপনার এ কথা এক্সপাঞ্জ হবে। কোনো ব্লাইন্ড রেফারেন্স চলতে পারে না।

If you make any blind reference, it will be expunged.

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, বামফ্রন্টের কাছ থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে লোকসভার

প্রশ্নোত্তর কালে কেন্দ্রীয় মন্ত্রী যে উত্তর দিয়েছিলেন তাতে বলা হয়েছিল ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পশ্চিমবঙ্গে ১৫,৬২৮ টি গ্রামকে কভার করা হয়েছে। অর্থাৎ পশ্চিমবাংলায় পরিকল্পনা অনুযায়ী ৯৬১৫ টি গ্রাম আন কভার রয়েছে। অথচ আমরা ওপর দিকে দেখছি ৬ষ্ঠ পরিকল্পনার শেষে কর্ণাটকে মাত্র ১৩ টি এবং কেরালায় মাত্র ১৬টি গ্রাম আন কভার রয়েছে এবং অন্ধ্রপ্রদেশে ১১২টি আন কভার রয়েছে। আর আমাদের পশ্চিমবাংলার অবস্থা তো আগেই বললাম। এখানে কিছু বললেই ওঁরা বলছেন, কেন্দ্র টাকা দিচ্ছে না। অপর একটি প্রশ্নের উত্তরে বলা হয়েছে, পশ্চিমবঙ্গে যেখানে ৪৮ কোটি টাকা খরচ করবার কথা ছিল সেখানে রাজ্য সরকার ৩০.০২ কোটি টাকা খরচ করতে পেরেছেন। এই কথা লোকসভার প্রশ্নোত্তরে বলা হয়েছে। আজকে রুর‍্যাল ওয়াটার সাপ্লাইয়ের ক্ষেত্রে সারা দেশের মধ্যে পজিশন কি? ১৯৮২-৮৩ সালে পশ্চিমবঙ্গের পজিশন ছিল ১৬ স্থানে, আর ১৯৮৪-৮৫ সালে সেই পজিসন নেমে গিয়ে হয়েছে ১৯-তম স্থানে। এর পরেও রাজ্য সরকার দাবি করছেন যে, তাঁরা অন্যান্য রাজ্যের চেয়ে এই রাজ্যের অনেক বেশি উন্নতি ঘটিয়েছেন। আমি যে তথ্য এখানে পরিবেশন করলাম তা কোনো কাল্পনিক তথ্য নয়। রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে তথ্য পাঠানো হয়েছে সেই তথ্যই আমি উল্লেখ করলাম। তারপরে এখানে মাননীয় পৌরমন্ত্রী প্রশান্ত শূর বললেন অনেক গ্যালন জল নাকি তিনি কলকাতার নাগরিকদের সরবরাহ করছেন! এই প্রসঙ্গে আমি লোকসভার আর একটি প্রশ্নের উত্তর এখানে উল্লেখ করছি। ১০৪নং প্রশ্নের উত্তরে ২৫শে নভেম্বর' ৮৫ তারিখে মাননীয় মন্ত্রী জানিয়েছেন যে, আমাদের কলকাতায় জল সরবরাহ সিস্টেমের যে ক্যাপাসিটি আছে তাতে ২৩৫ লিটার পার ক্যাপিটা পার ডে জল সরবরাহ করা যায়। কিন্তু প্রকৃত অবস্থাটা কি? কলকাতার মানুষ কি আজ দৈনিক ২৩৫ লিটার করে জল পায়? ওনলি ৩৫ লিটার পাচ্ছে কি না সন্দেহ আছে। আজকে বহু লোককে গঙ্গা থেকে স্নান করে আসতে হয়। এমন কি খাবার জল পর্যন্ত পাওয়া যায় না। কলকাতা শহরে এমন অনেক জায়গা আছে যেখানে জল কিনে খেতে হয়। এই রকম অবস্থায় দাঁড়িয়েছে। উনি অনেক বক্তৃতা দিয়ে বললেন যে এই করেছি, সেই করেছি। আমরা দেখতে পাচ্ছি যে আজকে সরকারের গাফিলতির ফলে যেখানে ২০ দফা কর্মসূচীর মধ্যে পানীয় জল সরবরাহের কথা আছে সেখানে স্কীমগুলি পর্যন্ত ইমপ্লিমেন্ট করতে পারছেন না। এর কারণ কি? এর কারণ হচ্ছে, গ্রামে গ্রামে বিভিন্ন পঞ্চায়েত সমিতির যে এস.এ.ই গুলি আছে, এই এস.এ.ই গুলির কি করছে? একটা এস.এ.ইকে ৩/৪টি পঞ্চায়েত সমিতির দায়িত্ব দেওয়া হচ্ছে। যে একটা পঞ্চায়েত সমিতির কাজ করতে পারে না, তাকে এই দায়িত্ব দেবার ফলে সেখানে কোনো কাজ হচ্ছে না। আজকে টিউবওয়েলগুলি বন্ধ হয়ে পড়ে আছে। বিভিন্ন জায়গায় সিভিল ইঞ্জিনিয়ার, মেকানিক্যাল ইঞ্জিনিয়ার, সিভিল ম্যানদের লড়াইয়ের ফলে টিউবওয়েলের পাইপগুলি, ওয়াটার পাম্পগুলি পড়ে আছে। আজকে প্রত্যেকটি জায়গায় এই অবস্থা হয়েছে। আপনি যদি বিভিন্ন জেলাপরিষদে যান তাহলে এই জিনিস দেখতে পাবেন। আপনারা কাজ করতে পারছেন না, খালি কেন্দ্রের উপরে দোষ দিচ্ছেন। প্রশান্তবাবু বড় বড় কথা বলছেন। আমি তাকে জিজ্ঞাসা করি হাওড়ার পদ্মপুকুরে যে ওয়াটার পাম্প বসানো হয়েছিল, ওয়াটার সাপ্লাইয়ের জন্য ব্যবস্থা করা হয়েছিল সেটা কি চলছে? মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তখন উদ্বোধন করে চলে গেলেন এবং আপনাদের প্রশান্তবাবুও গিয়েছিলেন। খুব ঘটা করে খবরের কাগজে ছাপাবার ব্যবস্থা করেছিলেন, রেডিও, টিভির

লোকেদের নিয়ে গিয়েছিলেন এবং সারা পশ্চিমবঙ্গের মানুষকে দেখিয়েছিলেন যে হাওড়ার মানুষের জন্য জল সরবরাহের ব্যবস্থা করে দিচ্ছেন। হাওড়ার পদ্মপুকুরে গিয়ে উদ্বোধন করে চলে গেলেন। আর সঙ্গে সঙ্গে বললেন যে শ্রীরামপুর থেকে জল আসার যে দুটো পাম্প

[4-05 — 4-15 P.M.]

ছিল, সেটার আর প্রয়োজন নেই, আমরা স্বাবলম্বী হয়ে গেছি। তার পরে কি হল? মন্ত্রী মহাশয় রাইটার্স বিল্ডিংসয়ে এসে হাজির হতে পারলেন না, তার মধ্যে সেই পাম্প অকেজো হয়ে গেল, সেটা বিকল হয়ে গেল। এই অবস্থা আমরা সরকারের কাছ থেকে দেখছি। আজকে সরকার এই সমস্ত কথা বলে নিজেদের দায়িত্বগুলি এড়িয়ে যেতে চাচ্ছেন। আপনারা যখন অন্যান্য রাজ্যের কথা বলেন তখন আপনাদের এটা বলা উচিত ছিল যে আপনারা কোনও পজিশনে পশ্চিমবাংলাকে নিয়ে চলেছেন। আমরা তো আপনাদের কাছে সেই জবাবদিহী করার জন্য এসেছি। আজকে গ্রামাঞ্চলে রুর‍্যাল ওয়াটার সাপ্লাইয়ের জন্য যে সমস্ত পাইপগুলি দেন, যে সমস্ত পাইপ বের করা হয়, সেই পাইপগুলির লংজিবিটি কত জানেন? এখন গ্রামে একটা টিউবওয়েল বসাতে গেলে সকলে বলে অর্ডিনারি টিউবওয়েল নয়, সিলিন্ডার টিউবওয়েল বা অন্য কোনো টিউবওয়েল দিন। এখন যে টিউবওয়েলগুলি বসানো হচ্ছে তার অবস্থাটা আপনারা দেখেছেন কি? আগে একটা টিউবওয়েলের যে লংজিবিটি ছিল তাতে দেখা গেছে যে ১০/১২ বছর পর্যন্ত চলে গেছে। কিন্তু এখন পঞ্চায়েত সমিতি যে টিউবওয়েলগুলি দিচ্ছে সেগুলি তাদের নিজেদের কন্ট্রাক্টররা সাপ্লাই করছে, কোনো টেন্ডার ডাকার ব্যাপার নেই। প্লাসটিক টিউবওয়েল তৈরি হচ্ছে এবং সেই টিউবওয়েল বসানোর পরে মিস্ত্রীরা বাড়ি চলে যাচ্ছে এবং তার পরে সেগুলি অকেজো হয়ে যাচ্ছে। এই রকম অবস্থা দেখা দিয়েছে। আপনারা অন্য রাজ্যের কথা বলেন। আমি আপনাদের বলি, আগে একটা প্রোগ্রাম ছিল, মিনিমাম নিডস প্রোগ্রাম। সেই প্রোগ্রামে? উত্তর প্রদেশ সরকার ১.৫ কিলোমিটার এলাকার মধ্যে জল সরবরাহের যে কাজ সেটা তারা ইমপ্লিমেন্ট করেছে। এখন তারা চেষ্টা করছে ০.৫ কিলোমিটারের মধ্যে যাতে এটাকে আনতে পারে। আর আমাদের অবস্থা কি? আপনারা আগে যে প্রোগ্রামগুলি নিয়েছেন সেগুলিও পূরণ করতে পারেন নি। এটা ১৯৯১ সাল কেন দুই হাজার ৯১ সাল পর্যন্ত যদি এই সরকার থাকে তাহলেও করতে পারবেন কিনা সন্দেহ আছে। আজকে সে জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি যে পানীয় জলের ব্যবস্থা করুন। গ্রামাঞ্চলে কোথায় পানীয় জলের সরবরাহ বিঘ্নিত হচ্ছে সেটা দেখুন। আজকে এই কথা বলতে চাই যে আপনারা ১০০ পারসেন্ট গ্যারান্টি দিন যে প্রত্যেকটি মানুষকে তাদের যে মিনিমাম জলের প্রয়োজন সেটা আপনারা করতে পারবেন। এটা যদি করতে পারেন তাহলে আমরা আপনাদের সঙ্গে হাত মিলিয়ে বলব যে লেভী বসাতে আমাদের কোনো আপত্তি নেই। কিন্তু যেখানে জল সরবরাহ করতে পারছেন না সেখানে লেভী কেন বসাতে এসেছেন। আপনাদের লজ্জা হওয়া উচিত। আমরা জানতাম যে ১৪ শত বছর আগে এজিদ জন্মেছিলেন। কারবালার প্রান্তরে সে হাসান-হোসেন এবং তার বংশধরদের জল দেয়নি। আর এযুগের নয়া এজিদ হচ্ছেন আমাদের প্রশান্তবাবু। তিনি মানুষকে পশ্চিমবাংলায় জল দিতে পারেননি। কাজেই

মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে এই প্রস্তাব গ্রহণ করুন এবং আগামীদিনে পশ্চিমবাংলার মানুষকে যাতে সঠিক ভাবে পানীয় জল সরবরাহ করে তাদের বাঁচাতে পারেন সেই ব্যবস্থা করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Abdul Mannan that-

Whereas in keeping with the declaration at the United Nations Conference and as partcipants and one of the signatories to pious declarations/decisions of this Conference, we are committed to provide adequate drinking water facilities to all the people during the International Water-Supply and Sanitation Decade by 1990;

Whereas our State, West Bengal, is very much lagging behind many other States in the matter of achieving the target fixed for achieving the goal of covering 100 percent of the population of rural and urban areas of the State with drinking water facilities by the end of the decade 1990;

Whereas the people in the rural as well as urban areas of West Bengal are suffering miserably due to non-availability of sufficient drinking water facilities;

Whereas a large number of the tubewells in the rural and urban areas have become derelict and have been left unattended for a considerable long time;

Whereas the number of street water taps in Calcutta has been drastically reduced affecting adversely the poor and the working class;

Whereas several areas of Calcutta are denied the opportunity of having adequate drinking water facilities particularly during the summer months;

Whereas there is a serious lacuna in water-supply planning for the City of Calcutta and its fringe areas;

Whereas unfortunate State of affairs prevailing in the matter of ensuring adequate, hygienic and germ-free drinking water facilities to the common people calls for serious attention and careful consideration;

Whereas without making any improvement in the existing water-supply arragements in the City of Calcutta and ignoring the sufferings of the common people, the State Government has permitted the Calcutta Municipal Corporation authorities to impose levies on water-supply to the city dwellers;

Whereas in view of the fact that the State Government and/or Calcutta

Municipal Corporation authorities are unable to ensure supply of adequate, state and germ-free drinking water to the city dwellers imposition of levy or water cess, on the very face of it, appears to be unjustified and uncalled for;

[4-15 — 4-25 P.M.]

Therefore, this House urges upon the State Government and through the State Government the Calcutta Municipal Corporation authorities to refrain from imposing any levy, cess or charges on water supply on the people till such time as some tangible improvement is made in the matter and the people are assured of availability of pure and hygienic drinking water in sufficient quantity.

This House further calls upon the State Government to take full advantage of the financial assistance offered by the Government of India for water-supply schemes in West Bengal and to intensify the efforts to ensure 100 per cent coverage of its rural and urban population with water-supply schemes so that the goal which has been set up for the International water-supply and Sanitation Decade may be achieved at an early date.

Was then put to vote and a Division taken with the following results;

NOES :

Anisur Rahman Biswas, Shri

Basu, Shri Ajit

Basu, Shri Debi Prosad

Bauri, Shri Gobinda

Bauri, Shri Madan

Bera, Shrimati Chhaya

Bera, Shri Pulin

Bhattacharyya, Shri Gopal Krishna

Bhattacharyya, Shri Satya Pada

Biswas, Shri Hazari

Bose, Shri Nirmal Kumar

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shri Shyamal

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shri Sailendra Nath

Chattopadhyay, Shri Sadhan

Choudhury, Shri Gunadhar

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Ananda Gopal

Deb, Shri Saral

Dey, Shri Lakshmi Kanta

Doloi, Shri Siba Prasad

Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Subhas

Guha, Shri Kamal Kanti

Habib Mustafa, Shri

Hajra, Shri Sachindra Nath

Haldar, Shri Krishnadhan

Hira, Shri Sumanta Kumar

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Khan, Shri Sukhendu

Kisku, Shri Upen

Konar, Shrimati Maharani

Let, Shri Dhirendra

Maity, Shri Gunadhar

Maity, Shri Hrishikesh

Majhi, Shri Raicharan

Maji, Shri Pannalal

Maji, Shri Swadeshranjan

Malik, Shri Sreedhar

Mohanta, Shri Madhabendu

Molla, Shri Anadi

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Niranjan

Murmu, Shri Maheswar

Murmu, Shri Sufal

Naskar, Shri Gangadhar

Nath, Shri Monoranjan

Nezamuddin Md., Shri

Panda, Shri Mohini Mohan

Pathak, Shri Patit Paban

Pradhan, Shri Prasanta Kumar

Pramanik, Shri Abinash

Ray, Shri Birendra Narayan

Ray, Shri Dhirendra Nath

Ray, Shri Matish

Roy, Shri Amalendra

Roy, Shri Banamali

Roy, Shri Hemanta Kumar

Roy, Shri Umakanta

Roychowdhury, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Sar, Shri Nikhilananda

Saren, Shri Ananta

Sarkar, Shri Kamal

Sen, Shri Sachin

Sen Gupta, Shri Prabir

Shish Mohammad, Shri

Sinha, Shri Prabodh Chandra

Sk. Siraj Ali, Shri

**AYES :**

Abdul Mannan, Shri

Abdus Sattar, Shri

Abedin, Dr. Zainal

Bapuli, Shri Satya Ranjan

Barman, Shri Dipendra

Biswas, Shri Ananda Mohan

Chowdhury, Shri Abdul Karim

Goswami, Shri Arun Kumar

Khaitan, Shri Rajesh

Mahata, Shri Subhas Chandra

Mr. Fakir Mohammad, Shri

Mishra, Shri Abanti

Misra, Shri Kashinnath

Motahar Hossain, Dr.

Roy, Shri Santi Mohan

Roy, Shri Sukumar

Trivedi, Shri Bankim

**ABSTENTION :**

Shri Deba Prasad Sarkar

The Ayes being 16, Noes 72 and Abstention 1, the motion was lost.

**74th Report of the Business Advisory Committee.**

**Mr. Speaker** : I beg to present the 74th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber to-day and recommended the following programme of business for the 14th March, 1986 :

Friday, 14.3.86–Private Members Business–3 hours.

I now request the Hon'ble Minister for Parliamentary Affairs to move the motion for acceptence of the House.

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that the 74th Report of the Business Advisory Committee, as presented, be agreed to by the House.

The motion was then put and agreed to.

There will be no Questions for oral Answers and Mention Cases on Friday, the 14th March, 1986.

## MOTION UNDER RULE 185

**Shri Amalendra Roy :** Mr. Speaker, Sir, I beg to move that-

এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে,—

(১) ভারত সরকার নতুন বস্ত্রশিল্প নীতি ঘোষণা ও কার্যকর করার পরেও দেশে বস্ত্রশিল্পের সঙ্কট বিন্দুমাত্র লাঘব হয়নি, সমগ্র শিল্পে সঙ্কট আরও তীব্র ও ঘনীভূত হয়ে চলেছে;

(২) পশ্চিম বাংলার ক্ষেত্রে বস্ত্রশিল্প আরও গভীরতম সঙ্কটে নিপাতিত হয়েছে। অন্যান্য সর্বজনীন সাধারণ সমস্যার ওপরে আরও একটি বিশেষ সমস্যার ভারে রাজ্যের বস্ত্রশিল্প জর্জরিত। বে-সরকারি, সরকরি, আধা-সরকারি সমস্ত ধরনের কাপড় কল ধুঁকছে;

(৩) ইতিমধ্যে হাজার হাজার শ্রমিক কর্মচারীকে পথে বসিয়ে রাজ্যের কয়েকটি কাপড় কল প্রায় বন্ধ হয়ে যাবার মুখে। ভারত সরকারের নিয়ন্ত্রণাধীন ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের আওতাধীন রাজ্যের অন্যতম সর্ববৃহৎ কাপড় কল হাওড়ার সেন্ট্রাল কটন মিলকে বন্ধ করে দেওয়ার প্রস্তাব বিবেচনা করা হচ্ছে;

(৪) তের বছর আগে সেন্ট্রাল কটন মিলের পরিচালনভার ভারত সরকার ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের হাতে তুলে দিয়েছিলেন। তারপর এগার বছর আগে মিলটিকে জাতীয়করণ করা হয়েছে। এই মিলের শ্রমিক-কর্মচারীর সংখ্যা কমপক্ষে তিন হাজার এবং তাদের ওপর নির্ভরশীল নরনারীর সংখ্যা পনেরো হাজারের কম হবে না। মূলধনের অভাবে এবং অযোগ্য পরিচালনার জন্য মিলটির আর্থিক দুরবস্থা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে;

(৫) বস্তশিল্পে জাতীয়করণ নীতি আংশিকভাবে কার্যকর করা হয়েছে মাত্র। সেই আংশিক অবস্থান থেকে সরে আসার কোনো অবকাশ নেই;

অতএব এই সভা পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে—

(১) জাতীয় বস্ত্রশিল্প নীতিকে এমনভাবে ঢেলে সাজানো হোক যাতে দেশের তথা পশ্চিমবঙ্গের বস্ত্রশিল্প চাঙ্গা হয়ে উঠতে পারে;

(২) রাজ্যের বস্ত্রশিল্পকে নতুন জীবনীশক্তি দেবার জন্য বস্ত্রশিল্পের কাঁচামালের ক্ষেত্রে মাশুল সমানীকরণ নীতিকে চালু করা হোক;

(৩) বস্ত্রশিল্পের আংশিক জাতীয়করণ নীতি কোনোভাবে বাতিল করার পরিবর্তে তাকে সম্প্রসারিত ও সার্বিক করা হোক;

(৪) হাওড়ার সেন্ট্রাল কটন মিল বন্ধ করে দেবার এবং বেলঘরিয়ার মোহিনী মিলকে ডি-নোটিফাই করার সিদ্ধান্ত প্রত্যাহার করা হোক।

এই সভা রাজ্য সরকারকে আরও অনুরোধ জানাচ্ছে যে, এই সকল দাবির কথা যথানিয়মে ভারত সরকারকে জানান এবং দাবিগুলো আশু কার্যকর করে তোলার জন্য যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই মোশন আনতে হয়েছে এই কারণে যে ইতিমধ্যে আমাদের রাজ্যের সবচেয়ে বড় কাপড় কলের উপর মৃত্যুর পরোয়ানা জারি করা হয়েছে। আর একটি বড় কারখানার উপর ডি-নোটিফিকেশনের খাঁড়া ঝুলছে। যে কোনো সময়ে সেই ঝুলন্ত খাঁড়া তার ঘাড়ে পড়তে পারে। আজকে সেইজন্য সেন্ট্রাল কটন মিলের ক্ষেত্রে একটা গুরুতর প্রশ্ন সারা দেশের সামনে এসে দাঁড়িয়েছে যেটা আমি এই হাউসের সামনে উত্থাপন করতে চাই। সেন্ট্রাল কটন মিলের প্রথম ম্যানেজমেন্ট টেক-ওভার করা হয়েছিল ১৯৭২ সালে সেটা ন্যাশনালাইসড করা হয়েছে। আজকে আমাদের সামনে প্রশ্ন এই যে যখন এই প্রস্তাব নিয়ে আলোচনা করব তখন আমাদের মনে রাখতে হবে যে এইসব খেয়ালখুশিমতো ইনডাসট্রিয়ালাইজেশন পলিসি এবং তার মধ্যে পলিসি অফ ন্যাশনালাইজেশন ইত্যাদি খেয়াল-খুশিমতো চলবে, সেটা প্রধানমন্ত্রীর খেয়াল-খুশি হোক আর যে কোনো ব্যক্তির খেয়াল-খুশি হোক, সেই খেয়াল-খুশি অনুযায়ী ইনডাসট্রিয়ালাইজেশন পলিসি নিশ্চয়ই স্থির হতে পারে না। খেয়াল-খুশী অনুযায়ী ইনডাসট্রিয়ালাইজেশনের পলিসি নিশ্চয় হতে পারে না। খেয়াল খুশি অনুযায়ী ন্যাশানালাইজেশন করা হয়েছে সেই ইনডাসট্রি কিছুতেই ডি-ন্যাশানালাইজেশন করা যেতে পারে না, এবং খেয়ালখুশি মতো যদি তাঁরা এটা করতে যান তবে এটাও মনে রাখতে হবে শ্রমিক ও শ্রমিকদের সঙ্গে অন্যান্য শ্রমজীবী জনসাধারণ এবং সমস্ত দেশের আপামর জনসাধারণ রক্ত গঙ্গা বইয়ে দেবে, যদি পলিসি অফ ন্যাশানালাইজেশন থেকে সরকার সরে আসতে চেষ্টা করে। সুতরাং প্রশ্ন এই সেন্ট্রাল কটন মিল, মোহিনী মিলকে যে কোনো মূল্যে চালু রাখতে হবে। মোহিনী এবং যতগুলি মিল ন্যাশানালাইজড করা হয়েছে প্রত্যেকটি মিল চালু রাখতে হবে। এটা সরকারের নৈতিক দায়িত্ব এবং কর্তব্য। কাজেই সেই নৈতিক কর্তব্য এবং দায়িত্ব থেকে তাঁরা সরে আসতে পারেন না এবং শুধু যেগুলি ন্যাশানালাইজেশন হয়েছে সেই কারখানাগুলি নয় মোহিনী মিলের মত যে সমস্ত কারখানা ডি-নোটিফাই করে ম্যানেজমেন্টের হাতে নেওয়া হয়েছে তাদের খেয়াল খুশিমত আজকে তাঁরা নূতন ইনডাস্ট্রিয়াল পলিসির কথা, নূতন টেক্সটাইল পলিসির কথা বলছেন। কিন্তু আমরা তাঁদের নূতন ইনডাস্ট্রিয়াল পলিসির মধ্যে দেখছি সেই পলিসিগুলির অর্থ হচ্ছে একে একে কারখানাগুলি বন্ধ করে দেওয়া হয়েছে। কারখানাগুলির সামনে যে সমস্যাগুলি দেখা দিয়েছে সেগুলি সমাধান না করে সোজা রাস্তাটা ধরেছেন সেই সোজা রাস্তাটা তাদের ইনডাস্ট্রিয়াল পলিসি, এবং নিউ টেক্সটাইল পলিসির এক নম্বর কথা হচ্ছে কারখানা বন্ধ করে দাও। হুকুম হয়ে গেল। পয়লা তারিখে দিল্লিতে ট্রেড ইউনিয়নের নেতারা ডেপুটেশনে গিয়েছিলেন প্রধানমন্ত্রীর কাছে, তাঁরা সই করেছেন বলেছেন যে রিকনসিডার করুন কারখানা বন্ধ করবেন না। ৩ হাজার লোক এর উপর

নির্ভরশীল, তার মানে প্রায় ১৫/২০ হাজার মানুষ এর সঙ্গে জড়িত। সুতরাং আপনারা আপনাদের খেয়াল খুশি অনুযায়ী এই কারখানা বন্ধ করবেন? উনি বলেছেন আমি সিমপ্যাথিক্যালী কনসিডার করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সবিনয়ে বলতে চাই ওসব সিম্প্যাথি টিমপ্যাথির ধার আমরা ধারি না। কিসের সিম্প্যাথি? এখন সিম্প্যাথির কথা বলছেন, ইট ইজ এ কোয়েশ্চেন অফ পলিসি। ন্যাশানালাইজেশন পলিসি থেকে এক পা হটাতে দেবেন না, এই কথাটা হাউসের সামনে সকলের তরফ থেকে বলা প্রয়োজন। ন্যাশানালাইজেশন চালু রাখার ব্যবস্থা করতে হবে বলে আমি এখানে বলছি। আপনারা সকলে আপনাদের বক্তব্য বলবেন, তারপর আমার জবাবি ভাষণে আমার কিছু বলার থাকলে বলব।

[4-25 — 4-35 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য শ্রী অমল রায় যে প্রস্তাব এনেছেন আমি তাঁর কাছে সবিনয়ে কিছু বক্তব্য রাখতে চাই। এক নম্বর কথা হচ্ছে অমল বাবুকে চাপ দেওয়া হয় নি। তখন বামফ্রন্ট ক্ষমতায় ছিল কি? বাংলার মানুষকে চাপ দেওয়া হয় নি। এই মিল ন্যাশানালাইজ করা হয়েছিল—সুও মোটো—কোনো চাপ আসেনি। তখন আপনাদের অস্তিত্ব ছিল না। রাস্তায় বেরোতে পারতেন না। আউট অফ সিম্প্যাথি, আউট অফ দি কেসেস অফ দি এমপ্লয়িজ গভর্নমেন্ট নিয়েছেন। ফলটা কি হয়েছে? আগে পার অ্যানাম ১০ কোটি টাকা ভর্তুকি দিতে হত। ওখানে আপনাদের ডাইরেক্টার আছেন, স্টেট গভর্নমেন্টের নমিনি। এবার ভর্তুকির পরিমাণ বেড়ে গেল ১৫ কোটি টাকা। আমি আপনার কাছে প্রশ্ন করি আপনাদের গভর্নমেন্ট যেগুলি নিয়েছেন, আন্ডারটেকিংস, আপনারা কি গোপনে আঁতাত করছেন না, ঘটা করে বলছেন না আপনাদের প্রাইভেট মালিকানা তুলে দেবেন। আপনাদের সেই ফ্যাক্টরিজ, সিক অ্যান নন-ভায়াবল ইন্ডাস্ট্রিজ আছে আপনারা এটা নেগোশিয়েট করছেন না? আজকে হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স নিয়ে কেন্দ্রের বাপান্ত করছেন, আমাদের কটাক্ষ করছেন, কিন্তু কার সঙ্গে হাত মিলিয়ে আজকে জয়েন্ট সেক্টর চাইছেন? রমাপ্রসাদ গোয়েংকার সঙ্গে হাত মেলাচ্ছে। কিন্তু ঐ গোয়েঙ্কা তার বাসন্তি কটন মিল লাস্ট ইয়ার্স অর্থাৎ প্রায় ২৪/২৫ মাস বন্ধ রেখেছে এবং তার ২৫০০ শ্রমিককে ভাতে মারছে। তার সঙ্গে কোনো নীতিতে জয়েন্ট সেক্টর করতে যাচ্ছেন? এটা আউট অফ দি কনসিডারেশন ইউ হ্যাভ মেড। এর জবাব আপনাদের দিতে হবে। আজকে একথা আপনাদের বলতে হবে যে, সোশ্যালাইজড্ ইকোনোমিতে কমান্ডিং রাইটস্ গভর্নমেন্টের থাকা দরকার কিনা? কিন্তু আজকে আমাদের যে পলিসি, তাতে এটা দেখতে হবে টু হোয়াট এক্সটেন্ট দি নেশন ক্যান বি পেনালাইজড্ টু পে দি প্রাইস্ ফর ইনএফিসিয়েন্সী এগ্রিজিয়াস করাপশন। এই দুটো জিনিস আপনাদের বলতে হবে। এখানে ন্যাশনালাইজড্ স্পিনিং মিল আছে এবং আরো কিছু কম্পোজিট স্পিনিং মিল আছে। প্রাইভেট সেক্টরেও কোনো কোনো মিল এখানে ভায়াবেল। আমাদের চটশিল্প, বস্ত্রশিল্প, ইঞ্জিনিয়ারিং শিল্প—যে সব শিল্পে উই ওয়্যার প্রাউড; এক্ষেত্রে আমাদের অ্যাডভান্টেজ ছিল, র-ম্যাটেরিয়াল ছিল। উই ওয়্যার ফার অ্যাডভান্সড্, উই ওয়্যার পাইওনিয়ার ইন দি ইন্ডাস্ট্রিয়াল ফিল্ড। কিন্তু আজকে আপনাদের ভ্রান্ত নীতির ফলে সব ডুবতে বসেছে। কমিউনিস্ট পার্টির কি কেউ শিখিয়েছেন যে, কাজ

করতে হবে? ইউ হ্যাভ্ ডিমরালাইজড্, ইউ হ্যাভ্ ব্রট অ্যাবাউট ইন্ডিসিপ্লিন্ ইন ট্রেড ইউনিয়নিজম্। শুধু মানছি না, মানব না, করব না—এই ইরসপন্সিবল্ ট্রেড ইউনিয়নিজম্ শিখিয়েছেন। ফলে ওয়ার্ক এথোজ্ হ্যাভ্ গন্ অ্যাওয়ে। তাহলে সাধারণ পাবলিক যাঁরা—হোয়াই দে উইল বি পেনালাইজড্ ফর? সেল্ফ সাফিসিয়েন্সী এখানে হচ্ছে না কেন—এই প্রশ্ন আপনাদের কাছে নিশ্চয়ই করতে পারি? আপনারা বার বার বলেছেন যে, আমরা নাকি পরাজিত হয়েছি। আপনারা তো ক্ষমতায় আছেন, আপনারা কতটুকু শিল্পায়নের পরিবেশ এখানে আনতে পেরেছেন? আপনাদের আমলে এই ইন্ডাস্ট্রিয়াল রুগ্ন হচ্ছে কেন? অবশ্যই কজ্‌গুলো রিমুভ করতে হবে। দেখতে হবে, যাতে এখানে ডিসিপ্লিন ফিরে আসে, ওয়ার্ক এথোজ্ ফিরে আসে। এ-ব্যাপারে রেসপন্সিবিলিটি ফিক্স করা হোক। আজকে এগুলো নো প্রফিটে চলুক, কিন্তু দেখতে হবে নেশনকে যেন পেনালাইজড্ না হতে হয়। আর একটা জিনিস সম্বন্ধে ভাবতে হবে, সেটা হচ্ছে উইভিং। ভারতসরকার নেকস্ট টু এগ্রিকালচার—এই বস্ত্রশিল্পের উপর গুরুত্ব দিয়েছেন, কারণ এ লার্জ নাম্বার অফ পিপল্ ডিপেনডেন্ট আপন্ উইভিং। হ্যান্ডলুমের উপর আজ বহু লোক নির্ভরশীল। সেইজন্য হ্যান্ডলুম সেক্টরে জনতা প্রডাকশনে সাবসিডি দিয়ে ভারতসরকার হ্যান্ডলুম শিল্পীদের বাঁচিয়ে রেখেছেন। এখানে যে প্রস্তাব তোলা হয়েছে তার প্রথমটির সঙ্গে নীতিগত প্রশ্নে কোনো বিরোধিতায় আমরা যাচ্ছি না, আমরা এগ্রি করছি। হোয়েন আই ওয়াজ ইন-চার্জ অফ কটেজ, অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ তখন হ্যান্ডলুম সেক্টরের উপর একটি বই তৈরি করেছিলাম এবং ৭০০ এম.পিকে সেই বই বিলিও করেছিলাম। সেই সময় সমস্ত চিফ মিনিস্টারদের নিয়ে এই বিষয়ের উপর সেক্টরকে দিয়ে একটি কনফারেন্সও করেছিলাম। কিন্তু দেন ওয়েস্ট বেঙ্গল বিকেম্ আইসোলেটেড। আজকে দিজ্ আর ইন দি আরকাইভস্, কোনো ইনিসিয়েশন নেই এক্ষেত্রে। এই নীতিতে আমি গোটা প্রস্তাবের বিরোধিতা করছি। এর কোনো কোনো অংশ আমাদেরই প্রস্তাব। ফ্রেট ইকুইলাইজেশনও আমাদেরই প্রস্তাব। আমরা যেটা করেছি ইন কেস অফ আয়রণ, স্টিল অ্যান্ড সিমেন্ট, সেটা ক্রমশ ফেজড্ আউট করে দেব সেটা বলছি না। ইফ ইট ইজ বেটার, আমরাও তার সুযোগ পাব। এই জিনিসটা ভাবতে হবে যে, আমাদের ইন্ডিজিনাস্ ডিফিকাল্টি ফর দি র'ম্যাটেরিয়ালস্ অফ দি কটন্ ইন্ডাস্ট্রিজ্ রয়ে গেছে। আমাদের কটন্ মিলগুলির ম্যাটেরিয়ালের জন্য ডিপেন্ডেন্ট আপন্ ওয়েস্ট ইন্ডিয়া। পাঞ্জাব, গুজরাটের উপরও কিছুটা নির্ভর করতে হচ্ছে। আর এখানে একটা বাজারে পৌঁছাতে—নির্মলবাবু এখানে আছেন, উনি ভালো বলতে পারবেন—৭২ টাকা লাগে। এ ক্যানডি অফ দিস কটন ওদের ওখানে পৌঁছাতে যা লাগে তার চেয়ে আমাদের এখানে পৌঁছাতে আরো বেশি লাগে। এই ইনহেরেন্ট এবং আনইকুয়াল পজিশনে আমরা এখানে পড়েছিলাম। এই ব্যাপারে আমরা চেষ্টা করেছিলাম এবং আপনারাও চেষ্টা করছেন। এই ব্যাপারে আমাদের পূর্ণ সহানুভূতি এবং সহযোগিতা আছে অন দিস ফ্রেট ইকুয়ালাইজেশন প্রব্লেম। কিন্তু একটা জিনিসতো আপনাদের বলতে হবে আজকে মহারাষ্ট্র এবং গুজরাট যে মাল করে ভ্যালু অ্যাডেট টু দিস মেটিরিয়াল যে অ্যামাউন্ট দাঁড়ায় তার চেয়ে ওয়েস্ট বেঙ্গল কম কেন? র'মেটিরিয়ালের ভ্যালু অ্যাড করে তার যে পরিমাণ আফটার ফিনিস গুডস্ ওখানে যদি ৬ হাজার টাকা হয় তখন আমাদের এখানে ৫ হাজার টাকার কম। এর জন্যে আমরা মার খেয়ে যাচ্ছি। কেন এটা হয়েছে? বিকজ অফ দি প্রোপাগান্ডা, করছি না, করব না, মানছি না, মানব না। আজকে আর একটা জিনিস

[4-35 — 4-45 P.M.]

আপনাদের ভাবতে হবে। ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন-এ আপনাদের রাজ্য সরকারের প্রতিনিধি আছে, ওরা কতটা ইমপ্রুভ করতে পেরেছে? কতটা করতে পারে নি। মর্ডানাইজেশন অ্যান্ড রিসার্চ অন অবসোলেট মেশিনারি না করতে পারলে কমপিটিশনে দাঁড়াতে পারবেন কিনা, সেটা ভাববার সময় এসেছে আপনাদের। আমরা তো দেখতে পাচ্ছি অ্যাসিয়ান কানট্রির অন্য দেশ because of modernisation facility in their hands and techniques and machinery তারা আমাদের চেয়ে এগিয়ে যেতে পারছে। অ্যাডভানটেইজাস মেশিন এবং কমপিটিটিভ পোজিশন বাড়ছে, আমরা সেখানে দাঁড়াতে পারছি না। আজকে এই জিনিস ভাবতে হবে। ন্যাশানালাইজেশন অ্যালোন ক্যাননট বি দি প্যানাসিয়া। এখানে ওয়ার্ক ইথোজ বাড়াতে হবে, ওয়ার্ক ডিসিপ্লিন আনতে হবে এবং ট্রেড ইউনিয়ন অ্যান্ড ডিসিপ্লিন আনতে হবে। আরো অনেক জিনিস এখানে আনতে হবে। মানুষের টেস্ট ইজ চেঞ্জিং এবং ডিমান্ড অফ দি গ্লোব ইজ অলসো চেঞ্জিং। আমাদের অ্যাডভান্টেজ আছে, ইন পয়েন্ট অফ র'মেটিরিয়াল এবং ইন পয়েন্ট অফ টেকনিশিয়ানস এবং এখানে যদি আমরা মেশিনারি রিপ্লেস করতে পারি, মর্ডানাইজ করতে পারি উই ক্যান কমপ্টি উইথ দি হোল ওয়ার্ল্ড। আমাদের সেই দিকে দৃষ্টি দিতে হবে। আজকে সব কিছু হয়েছে, ইভেন ব্যাঙ্ক ন্যাশনালাইজেশন হয়েছে টাকা আসবে। আমরা যদি সোশ্যালিস্ট ইকনমি বিশ্বাস করি, আলটিমেটেলি এভরিথিং উইল বিলং টু দি পিপল এই অবস্থায় যদি আমাদের পৌছাতে হয় তাহলে আপনাদের একটা অ্যাটমোসফিয়ার তৈরি করতে হবে যেখানে থিংস বিকাম ভায়েবেল। তা না হলে পিপল উইল বি পানিসড্। আজকে ট্রান্সপোর্টের কি অবস্থা? ইউ ক্যান সেভড নো বডি হেয়ার। কেন দে আর বিইং পানিশড টু পে ট্যাক্স হেয়ার? আমি বুঝতে পারছি না কেন এই জিনিস হচ্ছে। আজকে যে প্রস্তাব এসেছে এর দু-একটি ধারা যে ন মাশুল সমীকরণ নীতির ব্যাপারে, এইগুলি ডিসঅ্যাডভানটিজিয়াস পজিশন, এই ব্যাপ.রে আমাদের কোনো মতদ্বৈতা নেই। কিন্তু এই ব্যাপারে আপনাদের কাছে আমি সনির্বন্ধ অনুরোধ করতে চাই। How much the nation should be forced to shoulder the resposibility of the sickness. আজকে আই.আর.সি.আই, ইনডাস্ট্রিয়াল রিকন্সট্রাকশন ইন ওয়েস্ট বেঙ্গল, ৮৫ পারসেন্ট সিক ইন্ডাস্টিস আর ইন ওয়েস্ট বেঙ্গল। কিন্তু এর হেড অফিস এখানে, এখানে ওরা শুধু নার্স করে চলে যাচ্ছে। দে হ্যাভ বিন মনিটর্ড বাই ইউ। প্রিয়ডিক কনফারেন্স আপনাদের হচ্ছে, তা সত্ত্বেও এখানে সিকনেস ইনডাস্ট্রি বেড়ে যাচ্ছে। এই জিনিস ভাববার সময় এসেছে আপনাদের। মাননীয় উদ্যোগী শিল্প মন্ত্রী এখানে আছেন, সম্প্রতি নর্থ বেঙ্গলে একটা মিল উদ্বোধন করার সুযোগ হয়েছিল ওনার সঙ্গে। আমরা পারিনি, মানুষ আপনাদের বসিয়েছে, আপনারা মানুষের সেই আশা পূরণ করুন। area where we can co-operate we must, the area where we differ we cannot we–must differ. এই জিনিসটা ভাবতে হবে। এই জিনিস তো আপনাদের আনতে হবে যাতে কমপিটিশনে আমরা বেঁচে থাকতে পারি। আমাদের এগ্রিকালচার মিনিস্টারকে আমি বলেছিলাম যে তুলা চাষের যে উদ্যোগ হয়েছে সেটাকে তরান্বিত করতে। আমাকে একজন প্রশ্ন করেছিল আপনারা যে পরিকল্পনা করেছেন—মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, র'মেটিরিয়ালের কথা কি ভাবলেন—এখনও তুলা চাষ কেন হল না?

এখানে তুলা চাষ কেন প্রবর্তন হল না? আমাদের আমেদপুরে যে সুগার মিল আছে সেখানে এগ্রিকালচার ডিপার্টমেন্ট চাহিদা অনুযায়ী সুগার কেন যোগাতে পারছে না। কিন্তু তুলা উৎপাদনে তো এখানে কোনো অসুবিধা থাকার কথা নয়? ডাইভার্সিফিকেশন ইন ক্রপ উৎপাদনের প্রচেষ্টা কেন গ্রহণ করা হবে না? যদিও ইট ইজ ও টাইম-কনজিউমিং প্রসেস অ্যান্ড আই ডাউটফুল—কিন্তু আমাদের প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশ চেষ্টা চালাচ্ছে যে তারা তুলা উৎপাদন করতে পারে কিনা। দ্যাট ইজ ইন এক্সপেরিমেন্ট্যাল স্টেজ। আমাদের এখানেও পরীক্ষামূলক ভাবে চালু করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এ ব্যাপারে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে—যেমন, জিনারিং ঠিক মিশাল করা এবং কিছু ইনসেনটিভ কাল্টিভেটরস্‌কে দেওয়া যেতে পারে। আমরা ভেবে দেখতে পারি যে কৃষকদের র'মেটিরিয়ালস্ কিছু দিতে পারি কিনা, অথবা ডিস্‌অ্যাডভান্টেজগুলো আমরা দূর করার জন্য সচেষ্ট হতে পারি কিনা—আনফরচুনেটলি অসুবিধা দূর করার ব্যাপারে উই আর নট সাকসেস্‌ফুল। কিন্তু এই উদ্যোগ গ্রহণ করে আপনারা যদি সাকসেস্‌ফুল হতে চান, তাহলে ইউ উইল গেট আওয়ার কো-অপারেশন অ্যান্ড উই আর প্রিপেয়ার্ড টু হেল্প ইউ। কারণ এর পেছনে মানবিকতার প্রশ্ন রয়েছে। আজকে এমপ্লয়িদের সম্বন্ধে নতুন করে ভেবে দেখার দরকার আছে। ম্যানেজমেন্ট একটা নিউ প্রিন্সিপল—নিউ আইডিয়া হ্যাজ কাম টু ম্যানেজমেন্ট অনুযায়ী যদি চলতে পারে এবং ম্যানেজমেন্টের মধ্যে ওয়ার্কার্স এর পার্টিসিপেশনের ব্যবস্থা করতে পারে, এমপ্লয়িদের এনথিউজ করে এবং এন্সপায়ার উইথ অল আর্নেস্টনেস্ যদি অন্তর্ভুক্ত করতে পারে, তাহলে আমার মনে হয় কিছু কাজ হতে পারে। আমরা আজ একথা বুঝি, যে হাঁস সোনার ডিম দিচ্ছে সেটা যদি মরে যায় তাহলে ডিম যেমন আসবে না, তেমনি সোনাও আর আসবে না। সেজন্য নেগেটিভ্ স্লোগান বা প্রোপোগান্ডা যা চলছে, তা বন্ধ করার বোধ হয় সময় এসে গেছে—আমাদের আজ একথা ভেবে দেখতে হবে। আমাদের সর্বত্র কমিটি করে টিকে থাকতে হচ্ছে। ইন টেক্সটাইল ইন্ডাস্ট্রি উইদিন দি কানট্রি, উইদিন দি স্টেট অ্যান্ড আউটসাইড দি কানট্রি উইথ ডিফারেন্ট নেশনস্ আমাদের কমপিট করতে হবে। এটি এমন একটি এলিমেনট্রি জিনিস যে এটি সব কিছুতেই লাগে। রিসার্চ অ্যান্ড ডাইভার্সিফিকেশনের যে কথা আমি একটু আগে বলছিলাম, এগুলিকে মর্ডানাইজেশনের ব্যাপারে গুরুত্ব দেওয়া দরকার। দিনের পর দিন এখানে স্পিনিং মিল বসুক। অন্যান্য জায়গায় এক্সপার্ট কমিটি যেমন আপনারা আনছেন, সেইভাবে এই ব্যাপারেও এক্সপার্ট কমিটি নিয়ে আসুন, ইউ ব্রিং এক্সপার্ট। এক্সপার্ট স্যুড বি বরোড্ ফ্রম আদার স্টেট অ্যান্ড ইফ নেসেসারি এক্সপার্টস্ স্যুড বি বরোড্ ফ্রম আদার নেশনস্। কজ এনকোয়ারি, হোয়াই দিস সিকনেস্? হোয়াই দিজ ভায়াবিলিটিজ আর বিয়িং অ্যাফেক্টেড্? এগুলো দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব। এই সাথে সাথে আমি মুভার অফ দি মোশন, মাননীয় অমলবাবুকে এগুলো বিবেচনার জন্য বলব। মানবিকতার প্রশ্ন যেখানে জড়িত, সেখানে আমরা চাই ওয়ার্কার্স যেন একেবারে হাঘরে হাভাতে না হয়ে যায়। স্টেট এক্সচেকারকে কোনো প্রসেসের মধ্যে দিয়ে ব্যালান্স অবস্থায় আনা যায় তা আমাদের ভেবে দেখতে হবে। এটাকে আমাদের দুরকম ব্যালান্সে আনতে হবে—বোথ ফিজিক্যাল ব্যালান্স অ্যান্ড ফিন্যানসিয়াল ব্যালান্স আমরা আনতে পারি, এই ব্যাপারে মাননীয় শিল্পমন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ করব, তিনি যেন সচেষ্ট হন। একটু আগে আমি এখানে যে কথা বলছিলাম—সো হোয়ার উই ক্যান কো-অপারেট উই মাস্ট। আমরা সমবেত ভাবে

[4-45 — 4-55 P.M.]

উদ্যোগ নিয়ে পশ্চিমবাংলার বস্ত্রশিল্পকে পুনরায় অগ্রণী ভূমিকায় টেনে নিয়ে যেতে পারি। পশ্চিমবাংলার বুকে যে চারটি শিল্প ছিল, তার মধ্যে বস্ত্রশিল্প ছিল অগ্রণী ভূমিকায়। আজ আমরা দেখছি এই শিল্পে আমেদাবাদ, মহারাষ্ট্র, গুজরাট অনেক এগিয়ে গিয়েছে এবং আমরা অনেক পিছিয়ে আছি। এই ব্যাপারে আমাদের আরও একটা কথা বিশেষ ভাবে মনে রাখতে হবে—বস্ত্রের ক্ষেত্রে কম্পিটিশন অনেক বেড়ে গেছে, সিনথেটিক্স বাজারে ব্যাপক ভাবে অনুপ্রবেশ করেছে। সতরাং এই বিষয়টি সম্বন্ধে আমাদের বোধ হয় বিশেষ ভাবে ভেবে দেখার সময় এসে গেছে। আমরা লিবারাল ইম্পোর্ট অফ সিন্থেটিক্স যেমন, পলিস্টার ইত্যাদি কতখানি অ্যালাউ করব তা ভেবে দেখতে হবে। এই ব্যাপারে আমার মতো লে-ম্যান নয়, এক্সপার্টস ওপিনিয়ন নিতে হবে যে, টু হোয়াট এক্সটেন্ট উই ক্যান ব্লেন্ড দিস্ ইন আওয়ার প্রোডাক্ট মিক্স। আমরা এটি কতখানি নিতে পারি, সে সম্বন্ধে বোধহয় ভেবে দেখার সময় এসে গেছে। এই কথা বলে, এই প্রস্তাবের মধ্যে যেগুলো আমরা নীতিগত ভাবে গ্রহণ করতে পারি না, অপচয় মূলক যে অংশ সেই অংশের বিরোধিতা করে এবং বাংলার যে ন্যায্য দাবি তার প্রতি যে বৈষম্য করা হচ্ছে তার প্রতি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অমলবাবু যে প্রস্তাব এনেছেন বস্ত্র শিল্পের উপর সেটা খুবই সময়োপযোগী এবং আশা করি পশ্চিমবঙ্গের আপামর জনসাধারণ একে সমর্থন করবেন। মাননীয় জয়নাল আবেদিন সাহেব জানেন কিনা জানিনা এই বস্ত্রশিল্পের ন্যাশনালাইজেশন করার জন্য সি.আই.টি.ইউ, এ.আই.টি.ইউ.সি., আই.এন.টি.ইউ.সি. প্রভৃতি সমস্ত ট্রেডইউনিয়নগুলি যুক্তভাবে ভারতবর্ষে সমস্ত বস্ত্রশিল্পে ন্যাশনালাইজ করার দাবি তুলেছেন এবং পশ্চিমবঙ্গ থেকেও যৌথ উদ্যোগ নেওয়া হয়েছে। আজকে আপনি এখানে বলছেন আমরা এই ব্যাপারে কিছুটা পারি আর কিছুটা পারি না, এর থেকেই বোঝা যায় কংগ্রেস পার্টি, আঃ এন.টি.ইউ.সি মুখে এক কথা বলেন আর কাজে আরেক করেন। সুতরাং এটা আমাদের ভেবে দেখা দরকার। আজকের প্রশ্ন হচ্ছে বস্ত্রশিল্পের জাতীয়করণ এবং মাশুল সমীকরণ নীতির। সেন্ট্রাল কটন মিল এবং মোহিনী মিল ন্যাশনালাইজ এবং টেক ওভার করা হয়ে গেছে কিন্তু নৈহাটি কটন মিল ডিনোটিফাই করার চেষ্টা হচ্ছে। সারাভারতবর্ষে ন্যাশনালাইজ ৮৬টি বস্ত্রশিল্পের কারখানা ডিনোটিফাই করে মালিকদের বিক্রি করে দেওয়ার চক্রান্ত চলছে। যে পরিপ্রেক্ষিতে আজকে এই প্রস্তাব বিধানসভায় আনা হয়েছে এবং অতীতেও এসেছিল তা নিয়ে বহু আলোচনা হয়েছে এবং হচ্ছে। আজকে সর্ব সম্মতভাবে এই প্রস্তাব সমর্থিত হবে বলে আমি মনে করি। অবশ্যি জয়নাল সাহেব ভিন্নমত পোষণ করবেন। সূতাকল শিল্পে আজকে যে সংকট সৃষ্টি হয়েছে তারজন্য ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনকে আমরা মেমোরান্ডাম দিয়েছিলাম এবং যখন লেবার মিনিস্টার এখানে এসেছিলেন তখন আমরা এই কথা বলেছিলাম যে এখানে প্রতিটি কারখানায় ১০০ থেকে ১৫০ দিন কাজ বন্ধ থাকে, তুলনা করার জন্য ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশান কোনোভাবেই সুতা আনার চেষ্টা করে না, যখন দাম বেশি থাকে তখন বাজারে যান আর অফিস অর্ডার দেন আর যখন বাজারে দাম কম থাকে তখন বাজারে যায় না। ১ মাস দুমাস প্রায় তুলা না থাকার জন্য শ্রমিকদের কাজ বন্ধ হয়ে যায়। এরফলে মাসের পর মাস কাজ বন্ধ থাকার

ন্য শ্রমিকদের খুব অসুবিধার সম্মুখীন হতে হয়। আরেকটি কারণে সংকট সৃষ্টি হয়েছে শ্চিমবঙ্গে কেন গোটা ভারতবর্ষে সুতাশিল্পে, তা হচ্ছে আমাদের অতীতে ২০ মিটারস্ করে র ক্যাপিটা কনজামশন সরকারি হিসাবে ছিল কিন্তু পরবর্তীকালে ৯ থেকে ১০ পার্সেন্ট াজামশন এবং প্রোডাকশন কমিয়ে দেওয়ার জন্য সারা ভারতবর্ষে এবং পশ্চিমবঙ্গে সংকট খা দিয়েছে। এরফলে গোটা ভারতবর্ষে প্রোডাকশন কম হবে। তার ফলে ন্যাশনাল টেক্সটাইল র্পারেশনে এবং সুতাশিল্পে গোটা ভারতবর্ষে সংকট সৃষ্টি হয়েছে। দ্বিতীয়ত কেন্দ্রীয় সরকারের তের ফলে কি ক্ষতি হয়েছে তার একটা হিসাব দিতে চাই, ১৯৮০ সালে ভারতবর্ষে থানে কটন মিলগুলিতে ৭লক্ষ লুম ছিল সেখানে এখন ৩লক্ষ লুম হচ্ছে। আর ১৯৮০ লে যেখানে পাওয়ার লুমের সংখ্যা ছিল ৩লক্ষ সেখানে এখন তার সংখ্যা বেড়ে ৫লক্ষের রে হয়েছে। লুমের সংখ্যা কমে যাচ্ছে আর পাওয়ারলুমের সংখ্যা বেড়ে যাচ্ছে। এরফলে নইভেন ডেভেলপমেন্ট বেড়ে যাচ্ছে। কেন্দ্রীয় সরকার এবং কংগ্রেসি রাজ্যগুলি এখানে আইনিভাবে পাওয়ার লুমের লাইসেন্স বেশি দেওয়ার চেষ্টা করছেন। আমরা আন্দোলন করে গ্রাম করে শ্রমিকদের বেতন বাড়িয়েছি, তাদের সুযোগ-সুবিধা বাড়িয়েছি। আমরা ছাঁটাইয়ের দ্ধে লড়াই করেছি। আজকে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে, পাটনায় বস্ত্রশিল্পের সংকট দেখা য়েছে সেখানে হাজার হাজার শ্রমিককে ১০-১৫ টাকা ওয়েজ দিয়ে পাওয়ারলুমের কাজ রিয়ে নিচ্ছে। এইভাবে তারা শ্রমিকদের কম পয়সা দিয়ে মুনাফা করার চেষ্টা করছে। এমন গোয়েংকারা পর্যন্ত নিজেদের কোম্পানির ওয়েভিং ডিপার্টমেন্ট বন্ধ করে পাওয়ালুম থেকে ন তৈরি করে নিজেদের কোম্পানির নামে স্ট্যাম্প মেরে বাজারে বিক্রি করছে। যদিও .টি.সি. নয়, তবুও আমি স্পেশিফিকালি বলতে পারি ৬৫ বছরের কারখানা বঙ্গোদয় কটন লে আই.আর.সি.আই.য়ে ফাইন্যান্স ছিল। তার মালিক পাটনায় কাপড় তৈরি করে বঙ্গোদয় াম্প মেরে তা বিক্রি করত। এই বিষয়ে বারবার আই.আর.সি.আই.কে বলা সত্ত্বেও তারা ানো কর্ণপাত করেননি। পরবর্তীকালে বঙ্গোদয় বন্ধ করতে হল। আজকে সমস্ত মালিকরা ষ্টা করছেন স্পিনিং চালাবার, উইভিং চালাবেন না। কারণ তারা বলছেন সুতোর মার্কেট ছে, কাপড়ের মার্কেট নেই। স্পিনিংয়ে সুতো তৈরি করে পাওয়ারলুমে কাপড় তৈরি করবেন। র্থাৎ কম দামে তৈরি করে বেশি দামে বাজারে বিক্রি করবেন। এই হচ্ছে বাস্তব অবস্থা। বেদিন সাহেব ম্যানেজমেন্টের কথা বলেছেন বলে আমি এই বিষয়ে একটা কথা বলব। য় ফ্যাক্টরি প্রাইস ১৯৭১ সালে যা ছিল আজকে সেই জায়গায় আছে। পার মিটার ৩.৫০ সা এক্স ফ্যাকট্রি প্রাইস কাপড়ের দাম। এবং এক এক মিটার প্রসেসিং এবং প্রিন্টিং করে টাকা চার্জ করলে বাজারে ৮ টাকা করে কাপড় বিক্রি হয়। কিন্তু ব্যক্তিগত মালিকানায় পড় বিক্রি হচ্ছে অথচ ফ্যাক্টরিকে ভায়োবেল করা হচ্ছে না। এইভাবে যে সংকট সৃষ্টি করা চ্ছ এটাই হচ্ছে বিপদ। এর জন্যে আজকে এন.টি.সি. এবং সারা ভারতবর্ষের সুতাকল ল্পে একটা সংকট দেখা দিয়েছে। সেইজন্য আমি বলতে চাই এই প্রস্তাব সময়োপযোগী য়েছে বলে একে আমি সমর্থন করি। আবার সারা ভারতবর্ষে সুতাকল শিল্পকে জাতীয়করণ ার দাবি জানিয়ে আমি শেষ করছি।

[4-55 — 5-05 P.M.]

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব এখানে এসেছে তা নিশ্চয়

খুব উদ্বেগজনক । কিন্তু এখানে একটি কথা হল যে স্টেট গভর্নমেন্টের সঙ্গে যেখানে ইন্ডাস্ট্রিয়ালাইস সেটেলমেন্ট হয়, সেই সেটেলমেন্ট হয়ে থাকে জুট টেক্সটাইলস এবং ইঞ্জিনিয়ারিং শিল্পের সঙ্গে। বামফ্রন্টের ৩জন ডাইরেক্টর এন.টি.সি.তে আছেন। (এ ভয়েস ঃ ১জন আছে) ৭ বছর আগে তো তিনজন ছিলেন। ৭ বছর আগে এই এগ্রিমেন্টতো শেষ হয়ে গেছে। সেই এগ্রিমেন্ট ৭ বছরের মধ্যে করতে পারলেন না? যেখানে সাবসিডি ১০ কোটি থেকে ১৫ কোটি টাকা হচ্ছে সেখানে এই অবস্থা হচ্ছে। একটা বড় কটন মিল—সেই কটন মিলকে রক্ষার জন্য মাননীয় সদস্য পদত্যাগ করেননি এবং রাজ্য সরকার এখনও পর্যন্ত সেই এগ্রিমেন্টটাকে যেটাকে কার্যকর করে পুনরায় একটা ব্যবস্থা করার চেষ্টা থেকে বিফল হয়েছেন। নিশ্চয় মাননীয় সদস্যরা রক্ত গঙ্গা বয়াবেন এবং সেন্ট্রাল গভর্নমেন্টকে সমস্ত বোঝা বইতে বলবেন। সেই রক্ত গঙ্গা পরিশোধন করবার জন্য নামতে হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্টকে। সারা পশ্চিমবাংলায় ১৪টি বস্ত্র শিল্প রুগ্ন অবস্থার মধ্যে পড়েছে। এর জন্য যে কথা আমরা বার বার বলেছি যে এটা রাজ্যপালের ভাষণের মধ্যে থাকা উচিত। এই রকম বহু কথাই রাজ্যপালের ভাষণের মধ্যে থাকা উচিত। এই রকম বহু কথাই রাজ্যপালের ভাষণে থাকা উচিত ছিল--রক্তগঙ্গা বয়ে যাওয়া উচিত ছিল। কিন্তু সেখানে কোনো উদ্বেগের কথারই উল্লেখ নেই। সেখানে সামান্য উল্লেখ যেটা আছে আমরা দেখতে পাই এবং মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেবও বলেছেন আমরাও বার বার বলেছি ও সমর্থন করি অধিগ্রহণ করা। যেগুলি রুগ্ন হয়ে বন্ধ হয়ে যাচ্ছে সেগুলি সম্বন্ধে ব্যবস্থা নিতে হবে। আমাদের মাননীয় সদস্য গোপালবাবু বলেছেন আমরা যৌথভাবে আন্দোলন করতে পারি, ভারত সরকারের কাছে চাপ সৃষ্টি করার জন্য এক সাথে যেতে হবে। এই ব্যাপারে পশ্চিমবাংলাকে বাঁচাবার এটা আমরা করব—কিন্তু তার একটা যুক্তিসঙ্গত কারণ থাকা দরকার। প্রকৃতপক্ষে রাজ্য সরকারের প্রচেষ্টা আছে কিনা সেটা দেখতে হবে। পশ্চিমবাংলায় বস্ত্রশিল্প আজকে উদ্বেগজনক অবস্থার মধ্যে এসে গিয়েছে। এবং তাকে উদ্ধারের জন্য একটা সাজেশন থাকা দরকার, একটা ব্যবস্থা গ্রহণের প্রচেষ্টা থাকা দরকার। তাহলে নিশ্চয় আরও ফল ভালো হবে। বিভিন্নভাবে জাতীয়করণের প্রচেষ্টা আছে এবং ভারত সরকার ও রাজ্য সরকারের আছে—উভয়েই সেই প্রচেষ্টা চালাচ্ছেন। এটা নিশ্চয় ভালো—কিন্তু তার পরিপ্রেক্ষিতে সেগুলি যদি রুগ্ন অবস্থায় চলে যায়, সেখানে যদি তারা প্রতিযোগিতার বাজারে এগিয়ে যেতে না পারে তাহলে কি হবে? এ সম্বন্ধে আলাদাভাবে চিন্তাভাবনা দরকার। শিল্পে আধুনিকীকরণ করা এবং প্রযুক্তি বিদ্যার মাধ্যমে আরও সুব্যবস্থা দরকার। তা নইলে শিল্প প্রসার করা যাবে না। আমাদের বামফ্রন্টের শিল্পনীতি আমরা দেখেছি এবং সেই শিল্প নীতির যে ব্যাখ্যা এবং সে সম্বন্ধে যেসব কথা বলেছেন যে যৌথ প্রচেষ্টা দরকার। সমাজতান্ত্রিক দেশের সাথে এ সম্বন্ধে যোগাযোগ দরকার। বামফ্রন্টের সঙ্গে যুক্ত রাজনৈতিক দল রয়েছেন তাদের অনেকেরই এই যৌথ প্রচেষ্টায় বিশ্বাস নাই। সংগঠিতভাবে চলার ব্যবস্থা করুন এবং সেইভাবে উদ্যোগ নিন। তা নাহলে শিল্পকে ত্বরান্বিত করবেন কি করে? সে ভাবনা চিন্তা আমি দেখতে পাচ্ছি না। দ্বিধাবিভক্ত না হয়ে ঐক্য মত প্রতিষ্ঠিত করার চেষ্টা করুন। এর জন্য দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় শিল্পে দৈন্য এসেছে। নূতনভাবে ভাবনা চিন্তা করছেন শিল্পমন্ত্রী মহাশয় এবং পশ্চিমবঙ্গ সরকারও কর ন। এই প্রচেষ্টার আরও ভালো ফল হতে পারে যদি কেন্দ্রীয় সরকারের সঙ্গে হাত মেলান। অনেক শিল্প জাতীয়করণ করেছেন। কি কি কারণে জাতীয়করণ করা হয়েছিল সেটা জানা দরকার। এবং

এটা তদানীন্তন কালেই হয়েছিল—কংগ্রেস আমলেই জাতীয়করণ করা হয়েছিল। আজকে দেখতে হবে তার টার্মস অ্যান্ড কন্ডিশন কি এবং তার পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার এ নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করুন। কেন্দ্রীয় সরকার নিশ্চয় সেখানে বিমাতৃসুলভ ব্যবহার করবেন না আমাদের বিশ্বাস। শুধু যদি ম্যানেজমেন্ট জাতীয়করণ হয়ে থাকে তাহলে নিশ্চয় ভারত সরকারকে সেটা চিন্তা করতে হবে। এর জন্য ভারত সরকারের শিল্প দপ্তরকে নিশ্চয় চিন্তা করতে হবে, আশা করি সেখানে বিফল হবেন না। কিন্তু রাজ্য সরকারের ভিন্ন রকম চিন্তাভাবনা এবং শিল্প নীতির পূর্ণাঙ্গ বহিপ্রকাশ ঘটাতে পারেন নি বলেই আমরা এই উদ্বেগ প্রকাশ করছি। তাই যে মোশন নিয়ে আসা হয়েছে তাতে ভারত সরকারের ত্রুটি যদি থাকে এবং যদি ভারত সরকার কোনো ভাবে পশ্চিমবাংলাকে বঞ্চিত করেন তাহলে আমরা নিশ্চয় সরকারের পাশে থেকে লড়াই চালাব। কিন্তু রাজ্য সরকারের যদি ত্রুটি থাকে তাহলে সেগুলিকে দূর করতে হবে। এই ত্রুটিগুলি দূর করে রুগ্ন শিল্পগুলির যে দুরবস্থা হয়েছে তার জন্য আগামী দিনে আমাদের সহযোগিতা চাইলে আমাদের হাত সেখানে বাঁধা থাকবে না, আমরা নিশ্চয় আমাদের সহযোগিতার হাত বাড়িয়ে দেব।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী অমল রায় যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করছি। আমাদের মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব এবং কাশীনাথ মিশ্র যা বললেন তাতে দেখা যাচ্ছে তারা এই প্রস্তাবের ধার কাছ দিয়েও যান নি। তারা যেহেতু কংগ্রেসের সদস্য এবং আগামী দিনে যাতে কংগ্রেসের টিকিট পান সেই জন্য এই প্রস্তাবের উপর বলতে গিয়ে কেন্দ্রীয় সরকারের সাফাই গেয়েছেন। তারা যে পশ্চিমবঙ্গের অধিবাসী সেটা ভুলে গেছেন। কেন্দ্রীয় সরকারের শিল্প নীতির একটা অংশ হচ্ছে এই বস্ত্রশিল্প নীতি। তার ফল হিসাবে পশ্চিমবঙ্গের উপর যে কি আঘাত আসছে সেটা তারা ভুলে গেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব ভরতুকির কথা বলেছেন। তিনি বললেন ১০ কোটি থেকে ১৫ কোটি হয়েছে। কেন হল? আমি শুনেছি উনি অঙ্ক একটু আধটু জানেন। জিনিস পত্রের দাম বাড়লে ১০ কোটি টাকার বর্তমান মূল্য কত হয় সেটা ওনার জানার দরকার ছিল। বর্তমান ১৫ কোটি টাকা হচ্ছে সেদিনের ১০ কোটি টাকার থেকেও কম। এই জিনিস তাদের জানা আছে কিন্তু যেহেতু এই প্রস্তাবের পক্ষে সমর্থন করা যাচ্ছে না, অতএব একটা কিছু অজুহাতে তিনি ভূরতুকি বৃদ্ধি হয়েছে ইত্যাদি বলে গেলেন। মাননীয় সদস্য কাশীবাবুও একই কথা বলে গেলেন। ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন সম্পর্কে বলে গেলেন। এই এন.টি.সি. মিল শুধু পশ্চিমবঙ্গেই নেই, অন্যান্য জায়গাতেও আছে। সামগ্রিকভাবে কেন্দ্রীয় সরকার দেখছেন যে কয়েকটি মিল ঠিকভাবে চলছে না। সেই জন্য এন.টি.সির অন্তর্গত পশ্চিমবঙ্গের একটি মিলকে তারা বন্ধ করে দেবার জন্য সিদ্ধান্ত নিয়েছেন। এই মিল পরিচালনার ক্ষেত্রে যেসমস্ত অসুবিধা আছে—সেন্ট্রাল মিল সম্পর্কে যে সমস্ত অসুবিধা আছে সে সম্বন্ধে অন্যান্য মিলের শ্রমিক ইউনিয়ন, ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের শ্রমিক ইউনিয়ন বারে বারে দাবি জানিয়েছে এবং সময় মত কাঁচা মাল ও যন্ত্রপাতি সরবরাহ হচ্ছে না। কয়লা আসছে না। এইসব কারণ যদি দূরীকরণ করা না যায় তাহলে মিল সম্বন্ধে যে আশা করা হয়েছিল তা করা সম্ভব হবে না। আমি ব্যক্তিগতভাবে সেন্ট্রাল কটন মিল সম্বন্ধে জানি এবং তাতে বলতে পারি এমন অনেক দিন গিয়েছে যখন তুলার অভাবে মিল বন্ধ হয়ে গিয়েছে। মাননীয় সদস্য গোপালবাবু

বলছিলেন, পরিচালনার অব্যবস্থার জন্য দিনের পর দিন কারখানা বন্ধ থাকছে। এতে পশ্চিমবঙ্গ সরকারের তো কোনো দায়িত্ব নেই, অধিকারও নেই, এটা সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত অথচ এ সম্বন্ধে কোনো কথা জয়নাল সাহেব বললেন না। এই সমস্ত মিলে যদি কোনো ত্রুটি থাকে, যদি সেখানকার পরিচালনা ব্যবস্থায় ত্রুটি থাকে তাহলে তার দায়দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। এসব কথা ওঁদের বলার দরকার ছিল কিন্তু তা ওঁরা বললেন না। কাজ করছিনা, কাজ করব না, ইত্যাদি নানান স্লোগানের কথা উনি বললেন—এসব আজকাল এখানেও বলছেন, রাস্তাঘাটেও দেখছি ব্যবহার করছেন—এই প্রসঙ্গে আমি বলি, পশ্চিমবঙ্গে না হয় 'কাজ করছি না', 'কাজ করব না' ইত্যাদি হচ্ছে কিন্তু মহারাষ্ট্রে কি হচ্ছে? মহারাষ্ট্রের বস্ত্র শিল্প কি খুব সচল? মহারাষ্ট্রে কি সে জিনিস ঘটছে না? কাজেই আমি বলছি, সমালোচনা করার আগে নিজের বুকে হাত দিয়ে সমালোচনা করুন। স্যার, আমরা আশা করেছিলাম, ওঁরা পশ্চিমবঙ্গবাসী হিসাবে অন্তত আজকের এই প্রস্তাবের প্রতি ওঁদের পূর্ণ সমর্থন জানাবেন কিন্তু দুঃখ ও পরিতাপের সঙ্গে লক্ষ্য করলাম তা ওঁরা করলেন না, বরং এর বিরোধিতা করার চেষ্টা করলেন। স্যার, আপনি জানেন, ফ্রেট ইকোয়ালাইজেশনের ব্যাপারেও আমাদের বক্তব্য আছে। বম্বের সূতাকল যে সুবিধা পায় পশ্চিমবঙ্গের সূতাকল তা পায় না। এসব জানা সত্ত্বেও, পশ্চিমবাংলার প্রতি যে অবিচার হচ্ছে তা জানা সত্ত্বেও ওঁরা কিছুই বললেন না। আর এই অবিচারের প্রতিফলন হিসাবেই যে কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, কেন্দ্রীয় সরকারের অব্যবস্থার ফলেই যে কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, ৪ হাজার শ্রমিক বেকার হতে চলেছেন সে সম্পর্কে ওঁরা কিছু বললেন না। বরং ওঁদের কথা শুনে মনে হল এটাকে ওঁরা সমর্থন করছেন এবং এটা যে ঠিক হয়েছে তা বলবার চেষ্টা করছেন। স্যার, আমি ওঁদের বলব, বিধানসভায় অন্তত সত্য বলে স্বীকার করার সৎ সাহস ওঁদের থাকা উচিত। দুঃখের বিষয় যেহেতু ওঁরা একটা দলের প্রতিনিধিত্ব করেন তাই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বলার সাহস ওঁদের একদম চলে গিয়েছে। এটা দুঃখের হলেও বাস্তবে এটাই আমরা দেখতে পাচ্ছি। মাননীয় উপধ্যক্ষ মহাশয়, এক একটি কারখানার পিরিওডিক্যাল রিভিউ হওয়া দরকার। যেদিন থেকে কারখানাটি সরকার গ্রহণ করলেন—ওঁরা বললেন, "সেই সময় আপনাদের টিকিও দেখা যায়নি, আপনাদের রাস্তাঘাটে দেখা যায়নি" ইত্যাদি, হ্যাঁ, সত্যই তো আপনাদের গুন্ডা বাহিনীর জন্য আমরা রাস্তায় বার হতে পারি নি— সেই সময় এটি অধিগ্রহণ করা হয়েছিল। (**ডাঃ জয়নাল আবেদিন ঃ**— জনসাধারণের জন্য, মানুষের জন্য।) মানুষ তো নিশ্চয় ব্যবহারে চতুষ্পদ। আমি স্যার, পরিশেষে ওঁদের বলব, পশ্চিমবঙ্গবাসী হিসাবে এটা চিন্তা করুন এবং এই প্রস্তাবকে সমর্থন করুন। এই বলে যে প্রস্তাব আনা হয়েছে তাকে আর একবার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[5-05 — 5-15 P.M.]

**শ্রী নির্মল বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী অমলেন্দ্র রায়, শ্রী কামাক্ষ্যা ঘোষ, শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় এবং শ্রী সরল দেব যে প্রস্তাব এনেছেন, আমি সেই প্রস্তাব সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমাদের সহকর্মী মন্ত্রী শ্রী পতিত পাবন পাঠক যে কথা বললেন, আমি সেই কথা দিয়েই শুরু করছি। আশা করেছিলাম যে বিরোধী পক্ষ এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করবেন। কারণ এই প্রস্তাব সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গের

বস্ত্রশিল্পের যে সংকট তা সমাধানের জন্য এবং ২টি উল্লেখযোগ্য কারখানা যথা সেন্ট্রাল কটন মিল এবং মোহিনী মিল, এই ২টি কারখানাকে রক্ষা করে কয়েক হাজার শ্রমিক কর্মচারীকে বাঁচানো এবং যাতে পশ্চিমবঙ্গের গুরুত্বপূর্ণ বস্ত্রশিল্প রক্ষা পায় তার জন্য কেন্দ্রীয় সরকারের বস্ত্রশিল্প নীতির কিছু পরিবর্তনের কথা বলার জন্য এসেছে। এর বিরোধিতা করার জায়গা কোথায়? দেশের স্বার্থে, রাজ্যের স্বার্থে, শ্রমিকদের স্বার্থে, শিল্পের স্বার্থে সাধারণ ভাবে কোনো প্রস্তাব এনে সেটা সমর্থন করতে পারেন না, সেখানে বিরোধিতার সুর আনতে হবে! আমরা ডান হাতে ভাত খেলে ওদের বাঁ হাতে ভাত খেতে হবে, এটা কবে কোথায়, কে বলে দিয়েছে? যাই হোক, এটা সমর্থন করলে খুশি হতাম। এখনও আশা করব অন্তত ভোট দেবার সময় সকলে আমাদের সঙ্গে এক যোগে ভোট দেবেন। যদিও এখানে দুটি কারখানার কথা উল্লেখ করা হয়েছে, মাননীয় সদস্য অমলবাবু বলেছেন। কিন্তু সাধারণ ভাবে বস্ত্রশিল্পের কথা উঠেছে। ভারতে প্রথম কাপড়ের কল কলকাতায় হয়েছে ১৯৩২ সালে। এটা বোম্বেতে নয়, নাগপুরে নয়, আমেদাবাদে নয়, মাদুরাই নয়। ভারতবর্ষে প্রথম হোসিয়ারী কারখানা ১৮৯৭ সালে কলকাতার খিদিরপুরে হয়েছে। আর আজকে পশ্চিমবাংলায় বস্ত্রশিল্প রুগ্ন, হোসিয়ারী শিল্প উঠে যাবার মুখে। এর কারণ কি? মূল কারণ হচ্ছে মাশুল সমীকরণ নীতি। ভারতবর্ষ একদেশ। ভৌগলিক কারণে সব জায়গায় সব জিনিস হয় না। পশ্চিমবাংলায় কয়লা হয়। লোহা ইস্পাতেরও জায়গা আছে। তামিলনাড়ুতে হয় না, গুজরাটেও হয় না। আমাদের এখানে তুলো হয়না। তবে এখন কিছু কিছু হচ্ছে। তুলো মহারাষ্ট্রে হয়, গুজরাটে হয়। মহারাষ্ট্রের তুলো, গুজরাটের তুলো আমরা পাব, আমাদের কয়লা মহারাষ্ট্র, গুজরাট পাবে, তবেই না ভারতবর্ষ এক থাকে। কিন্তু ১৯৫৭ সালে যখন ডাঃ বিধানচন্দ্র রায় মুখ্যমন্ত্রী ছিলেন, তখন পন্ডিত জওহরলাল নেহেরু প্রধানমন্ত্রী ছিলেন। তারা মিলে ঠিক করেছিলেন যে কয়লা, লোহা, ইস্পাতের উপরে মাশুল সমীকরণ হবে। পশ্চিমবাংলার, বিহারের কয়লা, লোহা ইস্পাত মহারাষ্ট্র, গুজরাট একদামে পাবে। ভালো কথা। কিন্তু আমাদের কাপড়ের কলগুলির জন্য মহারাষ্ট্র, গুজরাটের তুলোর ক্ষেত্রে মাশুল সমীকরণ হবে না কেন? তারপরে কি হয়েছে? সেই রাজ্য থেকে তুলো আনতে বেশি দাম পড়ায় আমাদের এখানকার কাপড়কলগুলি রুগ্ন হয়। কেবলমাত্র এন.টি.সি-এর কাপড়ের কলগুলি নয়, কেবলমাত্র আই.আর.বি.আই-এর কাপড়ের কলগুলি নয়, আমাদের রাজ্য সরকারের পরিচালিত কল্যাণী স্পিনিং মিল ভুগছে। তুলো আমাদের বেশি দামে আনতে হয়। কাজেই একই বাজারে কি করে আমরা মহারাষ্ট্রের, গুজরাটের সঙ্গে প্রতিযোগিতায় কিনব? আমার কাছে ভারত সরকারের নিউ টেক্সটাইলের পলিসির বই রয়েছে। আমরা সেটা পড়ে দেখেছি কিন্তু কোনো জায়গায় এই সম্পর্কে কিছু নেই। কাজেই আজকে যদি এখানকার বস্ত্রশিল্পকে বাঁচাতে হয় তাহলে প্রথম কথা হচ্ছে মাশুল সমীকরণ পাল্টাতে হবে। হয় এটা তুলে দাও, না হয় তুলো যাতে আমরা মহারাষ্ট্র, গুজরাটের মতো এক দামে পাই তার ব্যবস্থা কর। এ না হলে বস্ত্রশিল্প বাঁচবে না, আমরা এটা রক্ষা করতে পারব না। এটা হচ্ছে মূল কথা। দ্বিতীয় কথা হচ্ছে, এখানে দুটো কারখানার কথা বলা হয়েছে। একটা হচ্ছে সেন্ট্রাল কটন মিল। কত লোক সেখানে কাজ করছে? ২৯৭০ জন লোক সেখানে কাজ করছে। এই যে ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন, এটা বন্ধ করে দেবার চেষ্টা করছেন কেন? অমলবাবু একটা মৌলিক প্রশ্ন তুলেছেন যে জাতীয়করণ করা প্রতিষ্ঠান সেটা কি উল্টে দেওয়া হবে? মাননীয় সদস্য জয়নাল আবেদিন

সাহেব বলেছেন যে আপনাদের হাতের কারখানা প্রাইভেটকে বিক্রয় করছেন না? এটা জাতীয়করণ করা কারখানা নয়, এটা অধিগৃহীত কারখানা। আমরা বলেছি যে কতকগুলি শর্তসাপেক্ষে দিতে পারি। আর কেন্দ্রীয় সরকার কি করছেন? তাদের অধিগৃহীত কারখানা একটার পর একটা ডিনোটিফাই করে হাজার হাজার শ্রমিক কর্মচারীকে রাস্তায় বসিয়েছেন। আমরা একটাও করিনি। অপর দিকে আমরা অনেকগুলি জাতীয়করণ করেছি এবং করবার চেষ্টা করছি। এটাই মূল প্রশ্ন। ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন বা অন্য কারখানা ভালো ভাবে চালানোর জন্য কি ব্যবস্থা করেছেন? ইন্ডাস্ট্রিয়াল ব্যাংক অব ইন্ডিয়া, তার কি করেছেন? আমাদের অভিজ্ঞতা খুব খারাপ নয়। কেবল কর্মচারিদের মাইনে দেওয়ার টাকা দেওয়া। কিন্তু একটা রুগ্ন শিল্পকে চালাতে গেলে তার জন্য পরিকল্পনা করে টাকা ঢালা, তাকে আধুনিকীকরণ করা, তার উৎপাদনের ক্ষেত্রকে বিস্তৃত করা, ডাইভার্সিফিকেশন করা, সেগুলি চেষ্টা করলেন না। উৎপাদন ক্ষেত্রকে বিস্তৃত করে ডাইভার্সিফিকেশনের চেষ্টা করলেন না, উপরন্তু আজকে একটার পর একটা কারখানাকে বন্ধ করবার চেষ্টা করছেন। আমরা এ জিনিস কখনই সমর্থন করতে পারি না। মোহিনী মিল এই রাজ্যের বহু দিনের পুরানো কারখানা, সেখানে ২,৬০০ মানুষ কাজ করেন, সেই কারখানা বন্ধ করার কথা ভাবছেন। আমরা এর বিরোধিতা করি। আমরা মনে করি এই কারখানাগুলিকে ভালোভাবে চালানো যায় যদি ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন বা আই.আর.বি. আই. এ গুলির জন্য আধুনিকীরণের পরিকল্পনা গ্রহণ করে, ডাইভারসিফিকেশনের পরিকল্পনা গ্রহণ করে, পরিচালন ব্যবস্থার উন্নতি ঘটায়, বাজারের ব্যবস্থা করে এবং এই সবের জন্য টাকা ঢালতে রাজি হয়। কিন্তু আমরা জানি আই.আর.বি.আই'র হাত দিয়ে টাকা গলে না, এন.টি.সি টাকা খরচ করে না। এই সব কারণেই আমরা কেন্দ্রীয় বস্ত্র নীতির বিরোধিতা করছি। বস্ত্র নীতির পরিবর্তন করতে হবে, কারখানা বন্ধ করে দেবার কথা বললে চলবে না। আমরা চাই আধুনিকীকরণের দিকে জোর দিতে হবে। আমরা তিনটি জিনিসের সমন্বয় চাই। সংগঠিত বৃহৎ শিল্প, হস্ত-চালিত তাঁত শিল্প এবং বিদ্যুৎ চালিত তাঁত শিল্প, এই তিনটির মধ্যে সমন্বয় চাই। আমরা দেখেছি তাঁত শিল্পে পলিয়েস্টারের ব্যবহারে ভালো উপকার পাওয়া গিয়েছে। আজকে মানুষের মধ্যে পলিয়েস্টারের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। সুতরাং তাঁত শিল্পকে আমাদের সে দিকে নিয়ে যেতে হবে এবং সেই চেষ্টা আমাদের করা উচিত। আমরা জাতীয়করণের নীতি থেকে সরে যাইনি। পশ্চিমবঙ্গের বস্ত্র শিল্পকে বাঁচাতে হবে। তবে অবশ্যই তার জন্য কেন্দ্রীয় সরকারের নীতির পরিবর্তন দরকার হবে। এই দু'টি কারখানাকে কখনই বন্ধ করা যাবে না, এই কথা বলে প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-15 — 5-25 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সময় স্বল্প, সুতরাং আমি বেশি কিছু বলতে চাই না। শুধু ডাঃ আবেদিন একটা প্রশ্ন তুলেছেন তার জবাব দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি। তবে ডাঃ আবেদিন এই প্রস্তাবের একটা অংশকে সমর্থন করেছেন বলে আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। মাশুল সমীকরণ নীতির প্রশ্নে তিনি আমাদের প্রস্তাবকে সমর্থন করেছেন। এখন আমাদের দেখতে হবে এই অংশটা যে প্রস্তাবের মধ্যে আছে সেই প্রস্তাবটিকে সামগ্রিকভাবে তিনি সমর্থন করছেন, না তার বিরোধিতা করছেন। অবশ্য এটা

তাঁর বিচারের ব্যাপার, সুতরাং বিষয়টি আমি তাঁর উপরই ছেড়ে দিচ্ছি। একটা জিনিস আমরা পরিষ্কার লক্ষ্য করলাম যে, ডাঃ আবেদিন এবং কাশীনাথ মিশ্র মহাশয় সেন্ট্রাল কটন মিল্স এবং মোহিনী মিলের প্রশ্নে সরাসরি কোনো কথা না বলে, মূল প্রশ্নটিকে এড়িয়ে গিয়ে কয়েকটি কথা বলে গেলেন। তাঁরা বললেন, কারখানাগুলি বন্ধ করা চলবে না, খোলা রাখার চেষ্টা করতে হবে, নানাভাবে দেখতে হবে, কি করে চালানো যায়, তাঁরা দেখবেন কি করে? তাঁরা বন্ধ করে দিলে আর দেখবেন কি করে? কি করে বাঁচাবেন, কোনো ওষুধ দিয়ে বাঁচাবেন? কাজেই আসল জায়গাটা লক্ষ্য করেই এ সব কথা বললেন। ডাঃ আবেদিন বললেন, "আপনারা চাপ-টাপ দেননি, ওঁরা দয়া করে ন্যাশনালাইজ করেছিলেন, ম্যানেজমেন্ট টেকওভার করেছিলেন।" উনি আসল ইতিহাস জানেন না। এই কারখানাগুলি দীর্ঘকাল ধরে বন্ধ ছিল। সমস্ত ট্রেড ইউনিয়নগুলির পক্ষ থেকে প্রচন্ড আন্দোলন হয়েছিল, লড়াই হয়েছিল, দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর লড়াই হয়েছিল। সে ইতিহাস উনি ভুলে গেছেন। সে বিরাট ইতিহাস, আমি তাঁর সে সব বলতে চাইছি না। আমি শুধু এই-টুকু বলছি, প্রচন্ড চাপ শ্রমিক শ্রেণী সৃষ্টি করেছিল বলেই, জনসাধারণ সৃষ্টি করেছিল বলেই বাধ্য হয়ে কেন্দ্রীয় সরকার টেক্ ওভার করেছিলেন। শুধু টেক্ ওভারের পরই ছেড়ে দেওয়া হয় নি, আমরা বলেছিলাম ন্যাশনালাইজ কর, টেক্ ওভার কোনো সলিউশন নয়। তারপরে কেন্দ্রীয় সরকার ন্যাশনালাইজ করেছিলেন। ডাঃ আবেদিন বললেন, "বাসন্তী কটন মিল বন্ধ হয়ে আছে, ওটা তো গোয়েংকাদের মিল, ওটার দিকে আপনাদের নজর নেই কেন?" এ বিষয়ে ডাঃ আবেদিনকে আমি বলি, এবিষয়ে যে আইনটা আছে সেটা একটু দেখুন, কে আইন প্রয়োগ করবে? কার হাতে আছে ইন্ডাস্ট্রিস ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশনস অ্যাক্ট? যে অ্যাক্টের দ্বারা ম্যানেজমেন্ট টেক্ ওভার করতে হবে সে অ্যাক্ট কাদের হাতে আছে? তারপরে তো ন্যাশনালাইজেশনের কথা! সুতরাং সেটা কে করবে, দয়া করে একটু দেখবেন কি? যেখানে ইন্ডাস্ট্রিয়াল পলিসি তৈরি করছেন রাজীব গান্ধী এবং তাঁর লোকজনেরা সেখানে গোয়েঙ্কাদের মিলের ম্যানেজমেন্ট টেক্ ওভার করার দায়িত্ব কার? ম্যানেজমেন্ট টেক্ ওভার করার পরে তো ন্যাশনালাইজ-এর কথা। এই বিষয়ে আমাদের ঘাড়ে উনি দায়িত্ব চাপাচ্ছেন কেন? আমাদের কোনো দায়িত্ব নেই। তারপর জয়নাল আবেদিন সাহেব বলেছেন করাপশন এবং ইনএফিসিয়েন্সির জন্য কারখানার এই অবস্থা। এটা কে অস্বীকার করছে? কিন্তু হুজ করাপশন, হুজ ইনএফিসিয়েন্সি, আমাদের সেইখানেই নালিশ। আমাদের National Textile Corporations management as such has been taken over by Government of India who are behind National Textile Corporation ম্যানেজমেন্টের এই কারখানা এবং এই ইনএফিসিয়েন্সির জন্য কারখানাগুলির আজকে এই অবস্থা। উনি বললেন, হ্যাঁ, মর্ডানাইজেশন যদি হত তাহলে সমস্যার সমাধান হতে পারত। আমার প্রশ্ন কে করবে? ওয়ার্কাররা ইনএফিসিয়েন্ট, ওয়ার্কররা করাপটেড—কখনও এই অভিযোগ কেউ করতে পারবে না। ওয়ার্কাররা ঠিক ঠিক কাজ করছেন বলেই কারখানা চলছে। সুতরাং মর্ডানাইজেশন বলুন আর ক্লিন অ্যাডমিনিস্ট্রেশনের কথাই বলুন, এগুলি যারা করবেন তাঁরা হচ্ছে ম্যানেজমেন্ট। ম্যানেজমেন্টের মধ্যেই গলদ। সরষের মধ্যে ভুত বসে আছে। সুতরাং সরষে থেকে আপনারা ভুত তাড়ানোর চেষ্টা করছেন না। কাজেই নীতি পাল্টাতে হবে। শেষ কথা বলি, উনি মর্ডানাইজেশন ইত্যাদির কথা বলেছেন। আমার কথা হচ্ছে, এগুলি যদি করতে হয় তাহলে

কারখানা চালু রেখে করতে হবে, কারখানা বন্ধ করে হবে না। কারখানা চালু রেখে ম্যানেজমেন্টকে সেইদিকে নজর দিতে হবে। ডাঃ আবেদিন সাহেব মাশুল সমীকরণ নীতি সমর্থন করেছেন। আমি ধরে নিতে পারি উনি ব্যক্তিগতভাবে সমর্থন করছেন না, দল হিসাবে করছেন। সুতরাং এই প্রস্তাবের পক্ষে। সুতরাং এই হাউসে তাদের কণ্ঠ আমাদের সঙ্গে মিলিয়ে একটি কথাই বলবেন কারখানা বন্ধ করা চলবে না, কারখানা খোলা রেখে সমস্যার সমাধান করতে হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** Now I put the motion moved by Shri Amalendra Roy to vote.

"এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে,—

(১) ভারত সরকার নতুন বস্ত্রশিল্প নীতি ঘোষণা ও কার্যকর করার পরেও দেশে বস্ত্রশিল্পের সঙ্কট বিন্দুমাত্র লাঘব হয় নি, সমগ্র শিল্পে সঙ্কট আরও তীব্র ও ঘনীভূত হয়ে চলেছে;

(২) পশ্চিম বাংলার ক্ষেত্রে বস্ত্রশিল্প আরও গভীরতর সঙ্কটে নিপাতিত হয়েছে। অন্যান্য সর্বজনীন সাধারণ সমস্যার ওপরে আরও একটি বিশেষ সমস্যার ভারে রাজ্যের বস্ত্রশিল্প জর্জরিত। বে-সরকারি, সরকারি, আধা-সরকারি সমস্ত ধরনের কাপড় কল ধুঁকছে;

(৩) ইতিমধ্যে হাজার হাজার শ্রমিক কর্মচারীকে পথে বসিয়ে রাজ্যের কয়েকটি কাপড় কল প্রায় বন্ধ হয়ে যাবার মুখে। ভারত সরকারের নিয়ন্ত্রণাধীন ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের আওতাধীন রাজ্যের অন্যতম সর্ববৃহৎ কাপড় কল হাওড়ার সেন্ট্রাল কটন মিলকে বন্ধ করে দেওয়ার প্রস্তাব বিবেচনা করা হচ্ছে;

(৪) তের বছর আগে সেন্ট্রাল কটন মিলের পরিচালনভার ভারত সরকার ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের হাতে তুলে দিয়েছিলেন। তারপর এগার বছর আগে মিলটিকে জাতীয়করণ করা হয়েছে। এই মিলের শ্রমিক-কর্মচারীর সংখ্যা কমপক্ষে তিন হাজার এবং তাদের ওপর নির্ভরশীল নরনারীর সংখ্যা পনেরো হাজারের কম হবে না। মূলধনের অভাবে এবং অযোগ্য পরিচালনার জন্য মিলটির আর্থিক দূরবস্থা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে;

(৫) বস্ত্রশিল্পে জাতীয়করণ নীতি আংশিকভাবে কার্যকর করা হয়েছে মাত্র। সেই আংশিক অবস্থান থেকে সরে আসার কোনো অবকাশ নেই;

অতএব এই সভা পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে—

(১) জাতীয় বস্ত্রশিল্প নীতিকে এমনভাবে ঢেলে সাজানো হোক যাতে দেশের তথা পশ্চিমবঙ্গের বস্ত্রশিল্প চাঙ্গা হয়ে উঠতে পারে;

(২) রাজ্যের বস্ত্রশিল্পকে নতুন জীবনীশক্তি দেবার জন্য বস্ত্রশিল্পের কাঁচামালের ক্ষেত্রে মাশুল সমীকরণের নীতিকে চালু করা হোক;

(৩) বস্ত্রশিল্পের আংশিক জাতীয়করণ নীতি কোনোভাবে বাতিল করার পরিবর্তে তাকে

সম্প্রসারিত ও সার্বিক করা হোক;

(৪) হাওড়ার সেন্ট্রাল কটন মিল বন্ধ করে দেবার এবং বেলঘরিয়ার মোহিনী মিলকে ডি-নোটিফাই করার সিদ্ধান্ত প্রত্যাহার করা হোক।

এই সভা রাজ্য সরকারকে আরও অনুরোধ জানাচ্ছে যে এই সকল দাবির কথা যথানিয়মে ভারত সরকারকে জানান এবং দাবিগুলো আশু কার্যকর করে তোলার জন্য যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।" was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** The last two motions are on the same subject and so these will be taken together. Now, I call upon Shri Chakrabarty to move his motion.

**Shri Shyamal Chakrabarty :** Sir, I beg to move that—

"যেহেতু, ভারতের সংবিধানের ৩১০ ধারা এবং ৩১১ ধারা (২) উপধারার শর্তগুলি সরকারি কর্মচারিদের চাকুরির নিরাপত্তা এবং মৌলিক অধিকারের পরিপন্থী;

যেহেতু, উপরোক্ত ৩১০ ধারা বিধান অনুযায়ী উর্ধ্বতন কর্তৃপক্ষের অভিপ্রায়ের উপর সরকারি কর্মচারিদের চাকুরির স্থায়িত্ব নির্ভর করে;

যেহেতু উপরোক্ত ৩১১ ধারার (২) উপধারার শর্তগুলিতে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে বা তদন্ত না করে সরকারি কর্মচারিদের বরখাস্ত করার ও তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা উর্ধ্বতন কর্তৃপক্ষকে দেওয়া হয়েছে;

যেহেতু উপরোক্ত ধারাগুলির ফলে সরকারি কর্মচারীরা আত্মপক্ষ সমর্থনের মৌলিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন;

সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে ইউনিয়ন সরকারের নিকট সংবিধানের ৩১০ ধারা ও ৩১১ ধারার (২) উপধারার শর্তগুলি বাতিল করার দাবি জানাচ্ছে।"

[5-25—5-35 P.M.]

আমার সব বক্তব্য আগেই বলে নিচ্ছি, কাজেই সময় সেইভাবে নির্দ্ধারণ করবেন। এই প্রস্তাবে আমি সংবিধানের ৩১০ ধারা এবং ৩১১(২) ধারার সমস্ত শর্তগুলিকে বাতিল করবার দাবি জানাচ্ছি। এই বাতিল করবার দাবি জানানোর সঙ্গে সঙ্গে আমি কেন বাতিলের দাবি জানালাম সেই প্রসঙ্গে দু-চারটি কথা বলতে চাই। আপনি জানেন, ভারতবর্ষে গণ পরিষদে যে সংবিধান গৃহীত হয়েছিল তাতে সংবিধানে সার্বভৌমত্ব, গণতন্ত্র এবং সাধারণতন্ত্র এই তিনটি কথার উল্লেখ ছিল।

১৯৭৬ সালে জরুরি অবস্থার সুযোগ গ্রহণ করে কংগ্রেস দল সংখ্যাধিক্যের জোরে লোকসভায় যখন সংবিধানের পরিবর্তন ঘটালো তখন সেখানে সমাজতান্ত্রিক এবং সেকুলার এই দুটি শব্দ যুক্ত করা হল।

ইতিহাসের নির্মম পরিহাস হচ্ছে এই যে,

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি তো অনেক সময় নিচ্ছেন।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমি তো আপনাকে অনুরোধ করছি যে আমি দুটো একসঙ্গে বলব। কিন্তু মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ইতিহাসের নির্মম পরিহাস হচ্ছে এই যে যখন ১৯৭৬ সালে সংবিধানটা সংশোধন করে সমাজতন্ত্র এই কথাটা যুক্ত করা হল তখন তার একটা সংশোধনী আনা হল, যে সংশোধনীতে সরকারি কর্মচারিদের মৌলিক অধিকার, আত্মপক্ষ সমর্থনের অধিকার কেড়ে নেওয়া হল এবং বলা হল যে কোনো রকম তাদের আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া যাবে না শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবার আগে। স্বভাবতই এই অবস্থার মধ্যে দিয়ে তবু সরকারি কর্মচারী তাঁরা খানিকটা সাংবিধানিক জটিলতার জন্য কিছুটা অধিকার পেলেন। সেটা হল যে আত্মপক্ষ সমর্থনের সুযোগ থেকে সরকারি কর্মচারিদের বঞ্চিত করবার জন্য ৩১১গ এই ধারাটি প্রয়োগ করা হচ্ছিল যেখানে রাষ্ট্রপতি অথবা রাজ্যপালের খেয়াল খুশির উপর সরকারি কর্মচারিদের স্থায়িত্ব নির্ভর করবে। কিন্তু যেহেতু সেটা অনেক স্তর পার হয়ে যেতে বিলম্ব হত সেই বিলম্বের সুযোগটা সরকারি কর্মচারীরা পেতেন। কিন্তু ১৯৮৫ সালের জুলাই মাসে সুপ্রীম কোর্টের রায় সমস্ত পরিস্থিতির মধ্যে একটা বিরাট স্থায়িত্ব এবং গুণগত পরিবর্তন সূচিত করে দিল।

মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনি কন্‌স্টিটিউসন বেঞ্চ যে রায় এবং ব্যাখ্যা দিলেন তাতে দেখা গেল যে সেখানে তাঁরা সর্বসম্মত হতে পারলেন না। এবং বিচারপতি ঠক্কর তাঁর মত ঘোষণা করলেন এবং একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি জনসাধারণের দৃষ্টি আকৃষ্ট করলেন যেটি সত্যই ভয়াবহ। যে রায় ৩ ঘন্টা আগে ৩৭ পৃষ্ঠার একটি বিরাট বিবৃতি তাঁর কাছে প্রেরণ করা হয়েছিল এবং তাঁর সম্মতির জন্য লেখা হয়েছিল, তিনি আত্মপক্ষ সমর্পণ করেননি এবং তার ফলে তিনি তাঁর বিরোধী বক্তব্য উপস্থিত করলেন এবং সেখানে মাননীয় বিচারপতি ঠক্কর এক মত হলেন না। তিনি একটা বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করলেন। তিনি বললেন চাকরির নিরাপত্তাহীনতা যদি কর্মচারিদের মনে থাকে তাহলে সেই প্রতিষ্ঠান ভালোভাবে চলতে পারে না। একটা প্রতিষ্ঠান শুধু মাত্র যাঁরা কর্তাব্যক্তি তাঁদের উপর নির্ভর করে। প্রসাশনের উপর থেকে নিচে পর্যন্ত সর্বস্তরের কর্মীদের সহায়তায় প্রসাশন চলতে পারে। সেটা রেল, ডাক, তার, যে কোনো বিভাগ হোক না কেন, এখন এটা প্রত্যাহার করার জন্য তাঁদের মত জেনে তার মধ্যে একটা যে ধারা ৩১০ ধারা সেই ৩১০ ধারায় বলা হয়েছে রাষ্ট্রপতি বা রাজ্যপালের খুশির উপর একজন সরকারি কর্মচারীর চাকরি নির্ভর করবে। এখন এটা একটা মধ্যযুগীয় ব্যবস্থা এবং শুধু তাই নয়, আপনি জানেন বৃটিশ সাম্রাজ্যবাদ যখন আমাদের দেশকে শৃঙ্খলে আবদ্ধ করে রেখেছিল তখন কর্মচারিদের ক্ষেত্রে এই ধারাটা এইভাবে প্রয়োগ করা হত এর অন্তর মর্মবস্তুকে। যখন আমাদের দেশ স্বাধীন হল, লাল কেল্লার উপরে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উড়ল তখন কিন্তু এর মর্মবস্তুকে পরিবর্তন করা হল না, কারণ আমাদের সরকার পক্ষে যাঁরা কেন্দ্রীয় সরকার পরিচালনা করেন তাঁরা নিজেদের রাজনৈতিক দলের দাসত্বের প্রতি মনোভাব নিয়ে জোড় হস্ত করে সরকারে আছেন। আজ কাউকে গলায় মালা দিয়ে পাঠানো হয় আজকের সভাপতি, ৬ মাস পরে তাকে বলা হয় যে মালাটা ফেরত দাও, অন্য কাউকে পরাব, এ মণিহার তোমায় নাহি সাজে। ওঁদের নিজেদের দলের মধ্যেই স্থায়িত্ব নেই। ওঁরা চান ভারতবর্ষের সমস্ত মানুষ কেন্দ্রীয় সরকারের কাছে নতজানু হয়ে আত্মসমর্পণ করে থাক। সেজন্য আত্মপক্ষ সমর্থনের কোনো সুযোগ কারও

জন্য এখানে রাখা হয় নি এবং কোনো কারণ না দেখিয়ে পদাম্বিত, বরখাস্ত ইত্যাদি সমস্ত কাজকর্মই কর্তৃপক্ষ সেখানে করতে পারেন। আত্ম পক্ষ সমর্থনের সুয়োগ দেওয়া যাবে কিনা এটাও নির্ভর করবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের খেয়াল খুশি মত। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি মনে করি এই ৩১০ এবং ৩১১ ধারা—৩১১র দুইয়ের ধারার যে শর্তগুলি, এগুলি হচ্ছে আমাদের সংবিধানের ১৯/১/জি, যে মৌলিক অধিকার সেখানে লিপিবদ্ধ করা আছে তার বিরুদ্ধে যায় তাতে বলা হয়েছে ফান্ডামেন্টাল রাইট অল সিটিজেনস শ্যাল হ্যাভ দি রাইট টু প্র্যাকটিস এনি প্রফেশন অর টু ক্যারি অন এন অকুপেশন। কাজেই এই ধারাটা সংবিধান প্রদত্ত মৌলিক অধিকার কে বাতিল করে দিচ্ছে। কিন্তু আজকে আমরা আনন্দিত যে আমরা যখন দেখতে পাচ্ছি একটা দেশে এক কোটি সরকারি কর্মচারী কেন্দ্র রাজ্য সব কিছু মিলিয়ে, তাদের উপর নির্ভরশীল ৫ কোটি পরিবার তাদের জীবন, জীবিকা, রুজিসম্মত বিপন্ন হয়ে পড়ছে, কয়েকটি মাত্র লোকের খেয়াল খুশির উপর কিন্তু আজ তা নির্ভর করবে যদি তারা দাসত্ব বরণ করে নেয়। ভারতবর্ষের রাজ্য সরকারি কর্মচারিরা গত ২৬শে ফেব্রুয়ারি তারিখে সারা ভারতবর্ষকে অচল করে দিয়েছিলেন এবং একটা নতুন সংগ্রামের প্রেরণা ভারতবর্ষের মানুষের কাছে উপস্থাপিত করেছিলেন। আওয়াজ তুলেছিলেন যে, ঐ অধিকার ফেরত পেতে হবে এবং সুপ্রিম কোর্টের ব্যাখ্যা অনুযায়ী কর্মচারিদের উপর ছাঁটাই-এর খড়্গ নেমে যাতে না আসতে পারে তারজন্য তাঁরা দাবি জানিয়েছিলেন। সরকারি কর্মচারিরা হল দেশের হৃদযন্ত্র। মানবদেহের হৃদযন্ত্রে যদি কোনো কম্পন দেখা দেয় এবং সেই কম্পন যদি তা বিকল হবার সম্ভাবনা দেখা দেয় তাহলে মানব-জীবন হয় বিপন্ন। তাই, যখন সরকারি কর্মচারিরা জানিয়ে দিয়েছেন যে, কেন্দ্রীয় সরকারের সেই হাতিয়ার যদি তাঁদের উপর প্রয়োগ করা হয় তাহলে তাঁরা ২৬শে ফেব্রুয়ারির মতো সবকিছু অচল করে দেবেন। আজকে এর বিরুদ্ধে তাঁদের সংগ্রাম একটা বিপ্লব হয়ে উঠেছে। একদিকে ৫০ লক্ষ রাজ্যসরকারি কর্মচারী এবং সঙ্গে আরো ৫০ লক্ষ কেন্দ্রীয় সরকারি কর্মচারি—আজকে তাঁরাই এর প্রস্তুতি নিয়েছেন। সেইজন্যই দেখছি—

দিল্লি প্রাসাদ কুটে—

হোথা যারা বাদশাজাদা

তন্দ্রা যেতেছে ছুটে।

এখানে সকল মাননীয় সদস্যদের কাছে অনুরোধ, এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হোক সরকারি কর্মচারিদের স্বার্থে। মানুষের অধিকার রক্ষার জন্য এছাড়া বিকল্প পথ নেই।

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that—

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে—

(১) ভারতের সংবিধানের ৩১০ এবং ৩১১(২) ধারাকে ব্যবহার করে সরকারি কর্মচারিদের বিরুদ্ধে ব্যাপকহারে মারণাস্ত্র প্রয়োগ করা হচ্ছে;

(২) সংবিধানের উল্লিখিত ৩১০ এবং ৩১১(২) ধারার শর্তগুলি সরকারি কর্মচারিদের চাকুরির নিরাপত্তা, মৌলিক অধিকার এবং স্বাভাবিক ন্যায় বিচারের রীতি-নীতির পরিপন্থী;

(৩) সংবিধানের উল্লিখিত ৩১০ ধারার উর্ধ্বতন কর্তৃপক্ষের "সন্তোষবিধান"-এর উপর সরকারি কর্মচারীর কার্যকাল নির্ভরশীল;

(৪) সংবিধানের উল্লিখিত ৩১১(২) ধারায় আত্মপক্ষ সমর্থনের কোনো সুযোগ না দিয়ে যে কোনো সরকারি কর্মচারীকে যখন ইচ্ছা বরখাস্ত করা বা তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের অবাধ ক্ষমতা উর্ধ্বতন কর্তৃপক্ষের হাতে ন্যস্ত;

(৫) সংবিধানের উল্লিখিত ধারাগুলির জন্য সরকারি কর্মচারীরা অন্যায়ভাবে চাকুরি থেকে বরখাস্ত হলে বা শাস্তি লাভ করলে আত্মপক্ষ সমর্থনের মৌলিক গণতান্ত্রিক অধিকার এবং স্বাভাবিক ন্যায়বিচারের অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন;

(৬) সংবিধানের উল্লিখিত দুইটি ধারার বলে অতীতেও বহু সরকারি কর্মচারীকে অগণতান্ত্রিক পদ্ধতিতে বরখাস্ত করা হয়েছে;

(৭) সরকারি কর্মচারিদের ক্ষেত্রে সরাসরি প্রযোজ্য উল্লিখিত ধারাগুলি বে-সরকারি প্রতিষ্ঠানেও প্রভাব ফেলতে বাধ্য;

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে সংবিধানের ৩১০ এবং ৩১১(২) ধারার শর্তগুলি বাতিল করার দাবি জানাচ্ছে।

মিঃ ডেপুটি স্পিকার স্যার, আজকে যে প্রস্তাব এনেছি সংবিধানের ৩১০, ৩১১(২)ক, খ, ও গ উপধারার মধ্যে দিয়ে যেভাবে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে চাকরি থেকে বরখাস্তের অবাধ অধিকার কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া হয়েছে সেটা অসাংবিধানিক। উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, প্রিন্সিপাল অফ ন্যাচারাল জাস্টিস বলে একটা কথা আছে। সেখানে অভিযোগকারীর কাজ হচ্ছে অভিযোগ জানান এবং অভিযুক্ত তার জবাব দেবার সুযোগ পাবেন। দ্বিতীয়ত, অভিযোগকারীর প্রমাণ করতে হবে যে তিনি যে অভিযোগ আনছেন সেটা যথার্থ। তৃতীয়, অভিযুক্ত যিনি—তাঁকে নির্দোষ প্রমাণ করতে হবে। চতুর্থত, নিরপেক্ষ তদন্ত হবে এবং তদন্তের ফলে অভিযুক্তকে জানাতে হবে এবং ফল যদি তার বিরুদ্ধে যায়, তাহলে আদালতের দ্বারস্থ হয়ে তিনি আত্মপক্ষ সমর্থনের সুযোগ পাবেন। এক কথায়, অভিযুক্তকে সব রকম সুযোগ দেওয়া হয়। কিন্তু এখানে সরকারি কর্মচারিদের কোনো রকম সুযোগই দেওয়া হচ্ছে না। আমরা জানি, ভারতবর্ষের সংবিধানে একদিকে যেমন গণতান্ত্রিক অধিকার দেওয়া হয়েছে, অন্যদিকে তেমনি অধিকার খর্ব করা হয়েছে। এই যে কন্ট্রাডিকশন—এর সুযোগ নিয়ে 'এসমা', 'নাসা' প্রভৃতি কালা কানুন এনে গণতান্ত্রিক অধিকারকে খর্ব করা হয়েছে। এসবের বিরুদ্ধে এবং সংবিধানের কালা কানুন প্রত্যাহার করবার জন্য সরকারি কর্মচারিদের স্বার্থে আমরা এখানে এসে দাঁড়িয়েছি। ইতিমধ্যে এল.আই.সি., ব্যাঙ্ক, ডক লেবার বোর্ড প্রভৃতি জায়গায় ইতিমধ্যে আক্রমণের খড়্গ নেমে এসেছে। সেখানে বাধ্যতামূলকভাবে অবসর গ্রহণে বাধ্য করে সেখানকার সরকারি কর্মচারিদের ভাসিয়ে দেবার চেষ্টা হচ্ছে। এই জিনিস করা হচ্ছে। কেন্দ্রীয় সরকার একটা সার্কুলার দিয়েছেন সেই সার্কুলার হয় ৩০ বছর বা ৫৫-র মধ্যে যেটা আগে হবে তার মধ্যে অবসর গ্রহণ করতে হবে। তাঁরা বলেছেন প্রশাসনিক ব্যয় কমানোর জন্য ২৫ পার্সেন্ট কর্মচারীকে ছাঁটাই করা হবে। এই ছাঁটাইয়ের খড়্গ নেমে এসেছে ডিফেন্সের ১০ হাজার কর্মীদের উপর, পি.এন.টি-র দেড় লক্ষ কর্মচারীর

উপর এবং কয়েক হাজার রেল কর্মীদের উপর। শুধু এই জায়গায় নয় এই সুযোগ নিয়ে যে সমস্ত বেসরকারি প্রতিষ্ঠানগুলি আছে সেখানকার কর্মচারিদের উপর এই খড়্গ নেবে আসবার আশঙ্কা রয়েছে। কারণ স্বাভাবিক ভাবেই এই প্রশ্ন উঠতে পারে যে সরকার যেখানে কাসটোডিয়ান অফ ল, সে নিজে যদি বেআইনি ভাবে কর্মচারিদের খারিজ করে দেয় তাহলে এই সুযোগ নিয়ে বেসরকারি প্রতিষ্ঠানগুলি কর্মচারিদের খারিজ করে দেবে। শ্রমিকদের এই দিক থেকে এই জিনিসটা মারাত্মক। সেই জন্য আমি এই জিনিসগুলি প্রত্যাহার করে নেবার জন্য দাবি জানাচ্ছি। আমি আশা করি এই ব্যাপারে আমার সঙ্গে সকল সদস্য একমত হবেন। এই সম্পর্কে মাননীয় সদস্যরা আলোচনা করার পর তাঁদের বক্তব্য শুনে আমি রাইট অফ রিপ্লাইয়ে সব কিছুর জবাব দেব। আর যে অ্যামেন্ডমেন্ট এসেছে তার বিরোধিতা করছি।

**Mr. Deputy Speaker :** There are amendments to motions moved by Shri Shyamal Chakrabarti, and Shri Deba Prasad Sarkar by Shri Kashinath Misra. The amendments are in order. Now Shri Kashinath Misra will move his amendments.

**Shri Kashinath Misra :** Sir, I beg to move that—

1) In para 1 line 2 after the words "চাকুরির" the words "ক্ষুন্ন করার সম্ভাবনা দেখা দিয়েছে" be inserted and the words "এবং মৌলিক অধিকারের পরিপন্থী" be omitted.

2) In para 2 line 1 the word "অভিপ্রায়ের" be omitted.

3) In para 4 line 2 for the words "বঞ্চিত হচ্ছেন" the words "বঞ্চিত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে" be subtituted.

4) In para 5 line 2 for the words "বাতিল করার দাবি জানাচ্ছে" "the words" যথাবিহিত সংশোধন করার ব্যবস্থা নেওয়ার জন্য অনরোধ জানাচ্ছি be substituted.

Sir I beg to move that—

(1) In para 1 line 2 for the words "ব্যাপকহারে মারণাস্ত্র হিসাবে প্রয়োগ করা হচ্ছে" the words "চাকুরীর নিরাপত্তা ক্ষুন্ন করার সম্ভাবনা দেখা দিয়েছে" be substituted.

(2) In para 2 line 1 after the word "মৌলিক" the words "অধিকারকে ক্ষুন্ন করতে পারে" be inserted.

(3) In para 3 line 1 the words "সন্তোষ বিধান এর" be omitted.

(4) In para 5 line 3 for the words "বঞ্চিত হচ্ছে" the words "বঞ্চিত হইতে পারেন" be substituted.

(5) In para 8 line 2 for the words "বাতিল করার দাবি জানাচ্ছে" the

words "যথাবিহিত সংশোধন করার জন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছি" be substituted.

[5-35 — 5-45 P.M.]

**Shri Rajesh Khaitan** : Deputy Speaker, Sir, I have carefully gone through the motions moved by Shri Shyamal Chakraborty and Shri Deba Prasad Sarkar. The matter in questioned is of a very serious nature. It calls upon every member of this House to consider what they would prefer and to what extent compromises are to be made. Sir, I have just been told by my colleague Shri Arun Kumar Goswami that in 1969 the then Minister for Home Affairs, Shri Jyoti Basu, discharged the Deputy Superintendent of police, Shri Subodh Dutta and hundred of police employees. Further more only recently on the 4th we read in the newspapers that six employees in the Calcutta collectorate were discharged. I am not on the question whether they have discharged them rightly or wrongly. I am on the point they were discharged by this government under the very articles 310 and 311 of the Constitution of India, particularly the recent discharged of six employees of the Calcutta Collectorate. Sir, it is in the newspaper. Now a motion comes forward in this House–an election oriented slogan mongering motion—that you the employees, look we the leftists, we the left front government, we the leftist parties are your well wishers. We are the only well wishers, and we only want your well being and not the nationalist party like Congress. Sir, I say don't mislead the employees. To-day you are trying to show that you are so much concerned about this employees. Then why do you not pay then the dearness allowance in time. Why you do not give them the facilities which they are entitled to. As you are the Government of the downtrodden and as you are so much worried about the employees then the dearness allowance and other facilities are not paid to them in time?

(Voices : It has already been announced. Why do you mislaid?)

There is no point of shouting and screaming. Now I ask my first question. I will as the honourable Member Shri Shyamal Chakraborty and Honourable Shri Deba Prasad Sarkar, yesterday in the House Dr.

Zainal Abedin pointed out that Hon'ble Minister Shri Benoy Krishna Chowdhury has assured the House that while the House is in session no meeting will be hold. Yet the Hon'ble Minister told the House that a standing order has been issued that M.L.As. should not be disturbed when the House will be in session. But I am giving you the example the orders are yet implemented. I call it inefficiency on the part of that officer or that employee. What is the supreme Court saying in such cases? It says doctrine of natural justice, the principles of natural justice have to be followed that is, an employee even if he is inefficient cannot be discharged. He should be given hearing. Now I am coming to the case of dishonesty and corruption. To-day in the newspaper I was shocked to read an article that liquor shops are going to be and are being set up near the schools where children are studying. There is a law, and that Left Front Government knows it that the law is in the books. The excise authority have been told that such liquor shops should not be set up in such are as. You know what the Excise officers and the employees say? They say that they wrote about it to the local M.L.A.s, but they did not object. So they give licence. It is their duty. Are these officers and employees corrupt and dishonest? Even in such cases what these 310 and 311(2) say. Supreme Court says even in such cases doctrine of principles of natural justice has to be followed. Such employees are to be given personal hearing. But in this case such doctrine is not applied. It is not applied when an employee connected on criminal charges. Will the honourable members of the treasury benches say that if an employee is convicted on criminal charge he should be allowed to continue? The second thing which the Supreme Court judgement has held that in case if it is found that in the interest of security of the states the employee should discharged under article 311, no enquiry shall be held. Is it your opinion that if the employees of the Government of West Bengal or the Government of India act contrary to the state he should be allowed to continue? Certainly not. Sir, as a citizen of the country I will not make compromise on this point. I will not allow anyone to sell my country, to sell my state in any way. On that point I will not compromise. Yes, I am certainly prepared to compromise with my honourable friends Shri Shyamal

Chakraborty and Shri Deba Prasad Sarkar on one point. According to sub-section (b) of Articles 311a superior officer can dismiss his subordinate staff for any reason to be recorded by that authority. There only is an apprehension that such authority can be abused, suppose an officer does not like a particular employee and taking of this provision in a wrong way he can dismiss that employee. Such authority should not be given. To that extent I with the movers of the Motion, because we have seem that in the year 1965 Family Planning programme was initiated and it was in the interest of the country but that was abused. Abuse of the authority should be restricted. Suppose to avoid the evation of tax a target has been fixed by the Central Excise Authorities, by the Custom authorities, by the Tax Authorities that from the city of Calcutta they will collect Rs. 50 crores. But if any employee or employees entrusted with that work fail to collect the amount–and if he is discharged for that reason–then I think that would be an injustice. So, Article 311(b) gives a sweeping power to the superior officers. Such authority should not be given. If necessary, it should so that there would be no scope of abuse.

Now, Sir, I draw your attention at page 1417 of the AIR, 1985 October, where it has been n entioned, where it has been stated as follows :- It is however, as much in public interest and for public good that government servants who are inefficient, dishonest or have become a security risk should not continue in service and that the protection afforded to them by the Acts and rules made under Art. 309 and by Art. 311 be not abused by them to the detriment of public interest and public good. So, even a dishonest, inefficient and corrupt employee is protected under the principle of natural justice. Let us not for our own political means, for our political slogans, try to protect, try to safeguard, try to compromise on the principle the employee who is convicted on criminal charge and whose acts are against the interest of the country.

[5-45 — 5-55 P.M.]

Sir, the honourable Members moved this motion for deletion of Art. 310 and 311(b). I wonder why they advocate only for deletion of these the Articles. Thank God, they did not move a motion for the

deletion of the Constitution of our country which is the protector and the best safeguard of our democracy which is lasting and which will last. So, let not come with such a motion for deletion of Artcles 310 and 311(b) which jointly protect and safeguard the interest of lakhs of people and the government employees. Now, Sir, what is there in Articles 310. I have seen it. I have read it carefully. It says, that the government employees and officers who are on contract service can be dismissed, if necessary, and he would be paid compansation for that. How many such officers are there? Those are the upper level officers and not the general employees. The general employees are not on the contract service. In the recent case of Punjab National Bank, a General Manager was discharged from the service and the same supreme Court gave the judgement that the reasons which were recorded were not justified and the officer should not have been discharged. Even if Articles 310 and 311 so provide there is a safeguard or protection by the doctrine of principle of natural justice, of course, I do agree that even in such cases that employee has to run from pillar to post in one legal court and another and he has to incur expanses. There is every likelihood and there is more likelihood to abuse that authority by superior officers and we should see that such authority is not abused. There should not be any scope for such abuse. To that extent, as I have said earlier, I am with the moves of the motion otherwise I oppose it vehemently oppose the motion which is not in the interest of our country and also not in the interest of the government employees. I support the amendments brought by my colleagues, honourable member Shri Kashinath Misra.

Thank you, Sir.

**Shri Anil Mukherjee :** Mr. Speaker Sir, I heard just now the speech of honourable member Shri Rajesh Khaitan. Shri Khaitan has said something which is actually not the position. He has not deliberately mentioned about the amendments which came into force in India during the Emergency period i.e. in 1976, which are very vital and important. Now Mr. Speaker Sir, I want to place before you the preamble and I ask the honourable member to read the preamble of the

constitution which is as follows : We the people of India, having solemnly resolved to constitute India into a Sovereign Secular Democratic Republic and to secure to all its citizens : Now the Amendment in 1976 totally incorporated the words 'Socialist Secular' to make it 'Sovereign Socialist Secular Democratic Republic.' Have you gone through that preamble–that words 'Socialist Secular'? Thereafter have you gone through that Amendment to Article 311, clause(2)? Have you gone through that? There it has been incorporated 'No such person as aforesaid shall be dismissed.' Mr. Speaker, Sir I am reading that clause of Article 311.

**Mr. Speaker :** The Clause is known to me. You may read it for the House.

**Shri Anil Mukherjee :** Sir, I know that you know the Clausses. I am reading it only for the convenience of my learned friend who is in the know of it but deliberately avoiding it. I am reading that portion : 'No such person as aforesaid shall be dismissed or removed or reduced in rank.' This Amendment came thereafter as 'except after an inquiry in which he has been informed of the charges against him and given a reasonable opportunity of being heard in respect of those charges.' Thereafter there is this provison which is very dangerous for the employees–'provided that where it is after such inquiry, to impose upon him any such penalty, such penalty may be imposed on the basis of the evidence'–this is very very important–'adduced during such inquiry and it shall not be necessary to give such person any opportunity of making representation on the penalty proposed.' I think that my learned friend on the opposition side has gone through this Amendment where right has been taken away. The second opportunity of making a representation has been snatched away from the employee. On the one hand you are telling that concept of the 'Socialist Secular' State. You are bringing the idea regarding socialism on one hand on the other hand by your

[5-55 — 6-05 P.M.]

black hand, by incorporating these things, you are killing the employees by taking away their right to make representation in the Court. So you have not said so, by taking that advantage. We know that if any

employee is dismissed–yes, on misconduct he may be dismissed and for that purpose a reasonable disciplinary concept is there–but what for in a 'Socialist State? And what about his family? What offence his family has committed? Family is not responsible for the offence committed by that person or that employee. In a 'Socialist Secular' State you are giving an Idea about that in that preamble. My learned friend sitting in the opposition is very very cautious and he very well knows the implications of the preamble. The incorporated in the preamble is the object of the Constitution. You want to make a 'Socialist' State. You want to make a 'Socialist' Constitution. You want to make India a 'Secular' country. And at the same time what you have done? What you are doing in practice? Why are you silent, my learned friend? So in a 'Socialist' country you are bringing the idea of socialism on the one hand and you are killing the man on the other hand by taking away the right. This is not the idea. So I know my learned friend will not be able to understand the meaning of it. So this is the point that proviso is important in Article 311, Clause (2), where the right has been taken away with. And in case of a disciplinary action, when a disciplinary action is taken regarding the conduct or regarding any other matter, what is the ultimate effect of this? Proviso to Clause(2) has been substituted with the object of doing away with the second opportunity of making a representation at the stage of imposing penalty, after conclusion of the inquiry. So I think my learned friend knows it very well as to what is the effect of that Amendment. Mr. Speaker, Sir, the substitution has been there, by Mr. D.D. Basu who is the authority of the constitution. I read out certain important provision from there. I am now quoting from shri Durga Das Basu's "Shorter Constitution of India" (Nineth Edition)–(a) The substitution of the word 'inquiry for the words' reasonable opportunity of showing cause against the action propsed does not minimise the requirements of natural justice at the inquiry stage, for, the words 'inquiry' is followed by the words 'reasonable opportunity of being heard in respect of these charges'. (b) The insertion of the words "on the basis of the evidence adduced during such inquiry does not introduce any material change, because even prior to the amendment it was settled with the delinquent cannot at the post-inquiry stage ask for

a repetation of inquiry into the charges on taking fresh evidence taking. The words but only on the basis of the evidence adduced during such inquiry have been added at end of CL(2) in order to dispel any contention that the Government servant was entitled to adduce fresh or additional evidence at the second stage'.

So, the second part has been taken away with. It thus be seen that in a democratic set up this service is taken away with. That is why the Hon'ble Supreme Court passed its judgement on the basis of second amendment. But it appears that it is contradictory if we go through the amendment relating to 176. It is also contradictory to the preamble, to the proviso to Article 311 itself. That is why I support the resolution moved by Shri Shyamal Chakraborty under Rule 185.

**শ্রী মন্ত্রীশ রায় :** মিঃ স্পিকার, স্যার মাননীয় বন্ধু শ্যামল চক্রবর্তী যে প্রস্তাব হাউসের সামনে পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে যে কথাটা আমি প্রথমেই বলতে চাই তা হচ্ছে এই, আমরা যারা মার্কসবাদে বিশ্বাস করি তাদের একটা বদ্ধ ধারণা আছে, ধনতন্ত্র যখন সঙ্কটে পড়ে তখন প্রশাসনিক স্তরে বিচার বিবেচনা এবং আমলাতান্ত্রিক পদ্ধতিতে এমন কতকগুলি ক্ষমতা আয়ত্ব করতে চায় তাতে দেশের মধ্যে যে গণতান্ত্রিক পরিবেশ থাকে সেটাকে তারা ধীরে ধীরে উচ্ছেদ করতে চায় এবং বর্তমান সুপ্রীম কোর্টের যে জাজমেন্ট হয়েছে সেটা তারই একটা পদক্ষেপ। একটু আগে আমাদের ও পক্ষের মাননীয় বন্ধু রাজেশ খৈতান বললেন সুপ্রীম কোর্ট যে অ্যাকশন নেবার কথা বলেছেন সেটা আমাদের সংবিধানের দিক থেকে কোনো অন্যায় হয়নি। মাননীয় সদস্য রাজেশ খৈতানজী নিশ্চয় জানেন কৃষ্ণ আয়ার সুপ্রীম কোর্টের জাজ ছিলেন। এয়ার ইন্ডিয়ার একটি কেসে বলা হয়েছিল কর্তৃপক্ষ যদি কর্মচারীর উপর অনাস্থা এনে চাকুরিতে ছেদ ঘটান তাহলে কোনো আদালতে যেতে পারবে না। কিন্তু আয়ার বললেন অতীতে যে ব্যাখ্যা দেওয়া হয়েছে তা সংবিধান সম্মত নয়। যদি কারো বিরুদ্ধে অনাস্থা আনতে হয় তাহলে সাবজেকটিভ অ্যান্ড অবজেকটিভ কনডিশন কোর্টের সামনে প্রমাণ করতে হবে যে সে অপরাধী এবং তাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে, সাংবিধানিক অধিকার আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় খৈতানজীকে জানাচ্ছি জরুরি অবস্থার সময় আমাদের দেশে কয়েক শত রেল কর্মচারীর চাকুরিতে ছেদ ঘটানো হয়েছিল। আমাদের দেশের রেলওয়ে এস্ট্যাবলিসমেন্ট কোর্টের বিশেষ ধারা অনুযায়ী কলকাতা হাইকোর্ট প্রথম বলেছিলেন এই ধারাটা সংবিধান সম্মত নয়। সরকার পক্ষ থেকে বলা হয়েছিল ৩১১(২) ধারা অনুযায়ী এবং রেলওয়ে এস্ট্যাবলিসমেন্ট অ্যাক্টস-এর বিশেষ ক্ষমতা অনুযায়ী জেনারেল ম্যানেজারের সেই ক্ষমতা আছে। পরবর্তীকালে যখন সুপ্রীমকোর্টে যায় তখন সুপ্রীম কোর্ট বলে যে, না, সরকার যে কাজ করেছেন সেটা সংবিধানসম্মত নয়। তেমনি ইউ.বি.দত্তের কেসেও সুপ্রীমকোর্ট বলেছেন স্ট্যান্ডিং অর্ডার এবং

সার্ভিস রুলসে যদি কাউকে চাকরি ছেদ করার অধিকার দেওয়া হয়, কর্তৃপক্ষের কোনো বিশেষ ব্যক্তির বিরুদ্ধে সেটা করতে গেলে যে ব্যক্তির বিরুদ্ধে সেই ব্যবস্থা গ্রহণ করা হবে তাকে সুযোগ দিতে হবে। হায়ার অ্যান্ড ফায়ার কথাটির উল্লেখ করে তিনি বলেছেন—মাননীয় সুপ্রীম কোর্টের বিচারপতি, হায়ার অ্যান্ড ফায়ার চাকরি জীবনে চলে না। মালিক যদি সেটা প্রয়োগ করে, কর্তৃপক্ষ প্রয়োগ করে তাহলে সেটা বেআইনি হবে আমাদের সংবিধানের চিন্তাধারা অনুযায়ী। সেই জন্য আজকে আমি বলতে চাই যে চাকরির শর্তে আমাদের যে অধিকার আছে আত্মপক্ষ সমর্থন করার, যেটাকে বিচারবিভাগীয় ভাষায় বলা হয় প্রিন্সিপ্যাল অব ন্যাচারাল জাস্টিস, সেই ন্যাচারাল জাস্টিস যদি পরিপূরক ভাবে ব্যবহার করার সুযোগ না দেওয়া হয় তাহলে শ্রমিক কর্মচারী এবং সরকারি কর্মচারিদের সংবিধানে ফান্ডামেন্টাল রাইটসের মধ্যে যে অধিকার দেওয়া হয়েছে সেটা বিঘ্নিত হবে। আমরা জানি, এই ধারা যদি বজায় থাকে তাহলে আমলাতন্ত্র শক্তিশালী হবে। আমাদের রাজ্যে এই ঘটনা ঘটেছে। আমলাতন্ত্র এই জায়গায় খুশি। আমরা বামফ্রন্টের সদস্যরা সরকারপক্ষের লোকরা এর পরিবর্তন চাই। সেইজন্য স্যার, মাননীয় শ্যামলবাবু যে প্রস্তাব এনেছেন আমি তা সমর্থন করছি।

[6-05 — 6-15 P.M.]

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীশ্যামল চক্রবর্তী মহাশয় আজ হাউসে যে প্রস্তাব উত্থাপন করেছেন সংবিধানের ৩১০ ও ৩১১(২) ধারা বাতিলের দাবি জানিয়ে আমি তা সমর্থন করছি। স্যার, আপনি জানেন, সংবিধানের মূল কথা হচ্ছে, Government is for the people, by the people and of the people যাদের জন্য সরকার, যাদের দ্বারা সরকার, যাদের জন্য গণতান্ত্রিক শাসনব্যবস্থা আমাদের দেশে থাকবে সেই জনগণের একটা বিশেষ অংশ যাদেরকে লক্ষ্য করে সুপ্রীমকোর্ট-এর সাম্প্রতিক এই রায় একটা বিরাট আলোড়ন সৃষ্টি করেছে সেই সরকারি কর্মচারী এবং আধা সরকারি সংস্থায় কর্মরত কর্মচারী তারা আজকে আতঙ্কগ্রস্থ হয়ে পড়েছেন। গণতন্ত্রের যে নিয়ম, গণতন্ত্রের যে প্রয়োজন সেই প্রয়োজনে এই সমস্ত সরকারি কর্মচারিদের স্বার্থ সুরক্ষিত করার জন্য এবং তাদের চাকরির নিরাপত্তা বিধানের জন্য যদি প্রয়োজন হয় তাহলে আমাদের সংবিধানের সংশ্লিষ্ট এ ধারার পরিবর্তন বা বাতিল করার প্রয়োজন রয়েছে। স্যার, আপনি জানেন, এই ধারা সন্নিবেশিত হয়েছে ১৯৩৫ সালের গভর্নমেন্ট অব ইন্ডিয়া অ্যাক্টকে অনুসরণ করে। আমাদের দেশের নিরাপত্তা ক্ষুন্ন হবে এবং আমরা সেটা বরদাস্ত করব এটা নিশ্চয় আমরা সরকারিপক্ষের সদস্যরা বলছি না কিন্তু সেটা বিচার করবে কে? একজন উর্দ্ধতন সরকারি কর্মচারি তার অধস্থন সরকারি কর্মচারী সম্পর্কে ফাইলে রিজিন বা যুক্তি লিপিবদ্ধ করে বলবেন যে এ' সরকারি কর্মচারী যে কাজ করছে তা দেশের বা সরকারের কাজের পরিপন্থী সুতরাং তাকে খারিজ করা হোক, অমনি খারিজ হয়ে গেল। এই একক সিদ্ধান্তের সুযোগ এখানে রয়ে গিয়েছে। এর ফলে পক্ষপাতিত্বের সম্ভাবনা সেখানে থাকছে। স্যার, আপনি জানেন, আজকে যে ভাবে রাজনৈতিক এবং অন্যান্য চিন্তাভাবনা বিভিন্ন ক্ষেত্রে প্রভাব বিস্তার করছে তাতে আমাদের আশঙ্কা সরকারি কর্মচারীরা উর্ধতন কর্তৃপক্ষের কাছ থেকে নিরপেক্ষ

সুবিচার নাও পেতে পারেন। সুতরাং গণতান্ত্রিক যে মৌল নীতি যে একজন সরকারি কর্মচারীকে, একজন নাগরিককে তার আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে, তাতে এমন কিছু ঘটবে না। এ' কুমার নারায়ণের কেস হয়ে গেল। এতগুলি ব্যাপার ঘটল, ভারতবর্ষের বিভিন্ন তথ্য গুপ্তচর বৃত্তির দ্বারা সেগুলি পাচার করা হল। সেখানে ধারাগুলিতে সংশ্লিষ্ট কর্মচারী যারা ছিল তাদের ক্ষেত্রে তদন্ত হয়েছে, বিচার্য হয়েছে। আবার ছোটোখাটো ক্ষেত্রে দেখা গেছে যে তাদের বাধ্যতামূলকভাবে রিটায়ার করানো হয়েছে, বরখাস্ত করা হয়েছে। সুতরাং সঙ্গত কারণে আজকে ভারতবর্ষে রাজ্য সরকারের এবং কেন্দ্রীয় সরকারের যে সমস্ত কর্মচারী রয়েছে তাদের মধ্যে একটা নিরাপত্তা বোধের অভাব দেখা দিয়েছে। কাজেই আজকে যদি এই নিরাপত্তার অভাব দেখা যায় তাহলে প্রশাসনিক ব্যবস্থা জোরদার হতে পারেনা। সুতরাং আজকে যে দাবি উত্থাপিত হয়েছে সেই দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অব ইনফরমেশন হচ্ছে, মাননীয় সদস্য রাজেশ খৈতান তার বক্তৃতায় ৬৯ সালের একটা ইস্যু তুলেছেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে সেই সময়ে উনি ছিলেন না, আমি ছিলাম। পুলিশকে লেলিয়ে দেওয়া হয় এবং পুলিশের সেই মিছিল এই বিধানসভা অভিযান করে। আপনি জানেন, তারপরে ডেপুটি চিফ মিনিস্টার তথা তৎকালীন পুলিশ মন্ত্রী কমরেড জ্যোতি বসুকে খুন করার জন্য তারা এখান থেকে স্লোগান করে তার ঘরে যায়। আমি তখন দৌড়ে সেখানে যাই। যখন তারা জ্যোতিবাবুর ঘরে ঢোকেন এবং পেপার ওয়েট তুলে মারতে যায় তখন জ্যোতিবাবু সামনে দাঁড়িয়ে বলেছিলেন যে আপনাদের এত স্পর্দ্ধা, আপনারা এখুনি এখান থেকে বেরিয়ে যান। সেই মুহুর্তে শৃগালের মতো তারা লেজ গুটিয়ে চলে যায়। স্টেটের একজন ডেপুটি চিফ মিনিস্টারকে খুন করতে যাবে, তারপরে তারা ডিসচার্জড হবে, তাদের পক্ষে কথা বলা—এটা হিটলার, মুসোলিনের কথা তাদের মুখে শোভা পায়না। ওর মতো একজন ভদ্রলোক হাউসকে এই ভাবে মিসলিড করবেন এটা আমি আশা করিনি। এটাই আমার পয়েন্ট অব ইনফরমেশন।

**Mr. Speaker :** What is your explanation with regard to the point of information.

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, in my speech I have very specifically said–I am be right or wrong–I have said that action already taken in 1969 or action taken recently under Article 310 and 311 is sought to be deleted by this motion which has been moved by the Hon'ble members, Shri Shyamal Chakraborty and Shri Deba Prasad Sarkar. I have gone through the merit of the case and Mr. Mondal's remarks are not correct.

**Mr. Speaker :** I now call upon Shri Shyamal Chakraborty to speak.

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য রাজেশ খৈতান ১৯৬৯ সালের যে ঘটনার উল্লেখ করেছেন, আমি তার উত্তরে একটি কথা বলতে চাই যে ১৯৬৯ সালে সংবিধান সংশোধিত হয়নি। তখন যারা বরখাস্ত হতেন তাদের হাইকোর্টে যাবার সুযোগ ছিল। আমার প্রস্তাবে আমি সেই অধিকার ফেরত চেয়েছি। মাননীয় সদস্য রাজেশ খৈতান মহাশয় সেটা উপলব্ধি করতে পারেননি। কারণ তিনি ইংরাজীটা ভালো বোঝেন, তার মাতৃভাষা বাংলা নয়। আমি শুধু এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই যে ন্যাচারাল জাস্টিসের যে কথা উঠেছে এবং তার সঙ্গে আর একটি কথা উঠেছে যে অথরিটি অ্যাবিউসড করবে কিনা সেটা অথরিটির উপরে নির্ভর করে। আমি বলি অথরিটি অ্যাবিউসড হতে বাধ্য। অথরিটির অপপ্রয়োগ হতে বাধ্য। অতীতেও হয়েছে এবং তার জন্য সেফগার্ড হচ্ছে সংবিধান। সে জন্য আমরা সংবিধানের এই বিষয়টি বাতিল করার জন্য আবেদন করছি। সুপ্রীম কোর্টের রায়ের কথা উনি বলেছেন। সেটা ওর আপন মনের মাধুরী মিশিয়ে বলেছেন। এটার সঙ্গে বাস্তবের কোনো সম্পর্ক নেই। আমি শেষে এই কথা বলব এবং অনুরোধ করব সরকার পক্ষকে যে আপনারা বুঝুন, 'এসমা' হয়েছে, নাসা হয়েছে এবং স্বৈরতন্ত্রের ধারা একটার পর একটা প্রয়োগ করছে। স্বৈরাচার যখন নেমে আসে তখন তাকে যদি প্রথম পদক্ষেপেই প্রতিরোধ না করা হয় তাহলে সে শুধু বিরোধী দলকেই আক্রমণ করে ক্ষান্ত থাকে না, যাঁরা এক-দল, এক-নেতা ইত্যাদি মুখে স্লোগান দেন তাঁদের মাথায়ও মুগুর মারে। এই সহজ কথাটা আজকে ওঁরা বুঝতে পারছেন না, তাই এই প্রস্তাবকে গ্রহণ করতে পারছেন না। আজকে বিচারের বাণী নিভৃতে কাঁদছে, সুতরাং আজকে বিধানসভার সকল সদস্যকে আমি এই প্রস্তাবটি এক সঙ্গে গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব আমি এখানে উত্থাপন করেছি সেই প্রস্তাবের উপর মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় সংশোধনী প্রস্তাব এনেছেন, কিন্তু আমি তাঁর সংশোধনী প্রস্তাব গ্রহণ করতে পারছি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে প্রস্তাবের উপর এখানে আলোচনা হল, এই প্রস্তাবটি যে, কতখানি যুক্তিসঙ্গত তা আজকের এই সভার আলোচনা থেকেই বোঝা যাচ্ছে। তবে কয়েকজন সদস্য এই প্রস্তাবের বিরোধিতা করলেন। (**আবদুস সাত্তার ঃ** কেউ বিরোধিতা করেননি।) মানে সরাসরি বিরোধিতা না করেও অ্যামেন্ডমেন্ট দিয়েছেন এবং তার মধ্যে দিয়েই তাঁদের দুর্বলতার প্রমাণ পাওয়া গিয়েছে। তথাপি আশা করব তাঁরা এই প্রস্তাবটির যৌক্তিকতা স্বীকার করে নিয়ে, প্রস্তাবটিকে সমর্থন করলেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় সদস্য রাজেশ খৈতান মহাশয় যে অভিযোগ তুলেছেন তার জবাব ইতিমধ্যেই হয়েছে। তিনি বলেছেন, "৩১০ ধারায় জেনারেল সার্ভিস হোল্ডারদের কথা নেই, ফলে এটা এমন কি?" কিন্তু জেনারেল সার্ভিস হোল্ডার না হলেও যারা বিশেষ সার্ভিস হোল্ডার তারা কেন প্রিন্সিপল অফ্ ন্যাচারাল জাস্টিস থেকে ডিপ্রাইভ হবে। অতএব আমাদের বক্তব্য সর্বক্ষেত্রেই প্রযোজ্য। এখানে অভিযোগ উঠেছে যে, ৩১১(২)

ধারা নাকি বামফ্রন্ট সরকার প্রয়োগ করেছেন! যদিও অভিযোগ সম্বন্ধে মাননীয় সদস্যরা কোনো ঘটনার উল্লেখ করলেন না, তথাপি আমরা গত ৪ তারিখ "বর্তমান" পত্রিকায় দেখেছি কালেক্টরেটের ৬ জন কর্মচারীকে ১৯৮১ সালের ১৩ ই মার্চ হিংসাত্মক কাজের অভিযোগে সাসপেন্ড করা হয় এবং বিগত সাড়ে পাঁচ বছর ধরে তাদের বিরুদ্ধে কোনো রকম ডিসিপ্লিনারি অ্যাকশন নেওয়া হয়নি। হাই কোর্টের নির্দেশ থাকা সত্ত্বেও দীর্ঘ দিন ধরে তাদের বিরুদ্ধে কোনো ডিসিপ্লিনারি অ্যাকশন বা তদন্ত হয়নি। তদন্ত না করেই তাদের সাসপেন্ড করা হয়েছিল। সেই জন্য হাইকোর্টের ডবল বেঞ্চের কাছে অ্যাপিল করা হয়েছে যাতে ফারদার ডিসিপ্লিনারি অ্যাকশন না নেওয়া হয় এবং সেই অ্যাপিল অ্যাকসেপ্ট হয়েছে। কাগজে এই সংবাদ প্রকাশিত হয়েছে যে, স্টেট গভর্নমেন্টের তরফ থেকে এর বিরুদ্ধে ৩১১ ধারাকে দেখিয়ে সুপ্রিম কোর্টে রিট্ পিটিশন ফাইল করতে যাওয়া হচ্ছে। এই সংবাদ যদি সত্য হয় তাহলে এটা স্ববিরোধী হয়ে যাচ্ছে। আমি আশা করব বামফ্রন্ট সরকার নিশ্চয়ই এই ধরনের পদক্ষেপ গ্রহণ করবেন না। সংবাদপত্রের এ' সংবাদের সরকারের পক্ষ থেকে বিরোধিতা হওয়া দরকার। আর যদি এই ধরনের কোনো পদক্ষেপ গ্রহণ করে থাকেন তাহলে যে নৈতিক সমর্থনের ভিত্তিতে আমরা ৩১১ ধারার মত জন-বিরোধী ধারার বিরোধিতা করছি সেই বিরোধিতার যৌক্তিকতাকে হারিয়ে ফেলব, নৈতিকতা হারিয়ে ফেলব। অপর পক্ষে সংবাদপত্রে যদি মিথ্যা সংবাদ বেরিয়ে থাকে, তাহলে নিশ্চয়ই বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে প্রতিবাদ বেরবে যাতে জন-মনে বিভ্রান্তির সৃষ্টি হ'তে না পারে।

পরিশেষে আমি বলব যে, আমরা পরস্পর পরস্পরের প্রস্তাবকে সমর্থন করতে পারি। আমি আশা করব সরকারি কর্মচারিদের স্বার্থে এই প্রস্তাবটি এখান থেকে সর্বসম্মতভাবে গৃহীত হবে।

**Mr. Deputy Speaker:** Now I put to vote the amendments of Shri Kashinath Misra on the motion of Shri Shyamal Chakraborty.

The motions of Shri Kashinath Misra that

1) In para 1 line 2 after the words "চাকুরীর" "the words "ক্ষুন্ন করার সম্ভাবনা দেখা দিয়াছে" be inserted and the words "এবং মৌলিক অধিকারের পরিপন্থী" be omitted.

2) In para 2 line 1 the word "অভিপ্রায়ের" be omitted.

3) In para 4 line 2 for the words "বঞ্চিত হচ্ছেন" the words "বঞ্চিত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে" be substituted.

4) In para 5 line 2 for the words "বাতিল করার দাবি জানাচ্ছে" "the words" "যথাবিহিত সংশোধন করার ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছে" be substituted.

was then put and lost

The motion of Shri Shyamal Chakraborty—

যেহেতু, ভারতের সংবিধানের ৩১০ ধারা এবং ৩১১ ধারার (২) উপধারার শর্তগুলি সরকারি কর্মচারিদের চাকুরির নিরাপত্তা এবং মৌলিক অধিকারের পরিপন্থী;

যেহেতু উপরোক্ত ৩১০ ধারার বিধান অনুযায়ী উর্ধ্বতন কর্তৃপক্ষের অভিপ্রায়ের উপর সরকারি কর্মচারিদের চাকুরির স্থায়িত্ব নির্ভর করে;

যেহেতু উপরোক্ত ৩১১ ধারার (২) উপধারার শর্তগুলিতে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে বা তদন্ত না করে সরকারি কর্মচারিদের বরখাস্ত করার ও তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা উর্ধ্বতন কর্তৃপক্ষকে দেওয়া হয়েছে;

যেহেতু, উপরোক্ত ধারাগুলির ফলে সরকারি কর্মচারিরা আত্মপক্ষ সমর্থনের মৌলিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন;

সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে ইউনিয়ন সরকারের নিকট সংবিধানের ৩১০ ধারা ও ৩১১ ধারার (২) উপধারার শর্তগুলি বাতিল করার দাবি জানাচ্ছে।

was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** Now I put to vote the amendments of Shri Kashinath Misra on the motion of Shri Deba Prasad Sarkar.

The motion of Shri Kashi Nath Misra

(1) In Para 1 line 2 for the words "ব্যাপকহারে মারণাস্ত্র হিসাবে প্রয়োগ করা হচ্ছে," the words "চাকুরীর নিরাপত্তা ক্ষুন্ন করার সম্ভাবনা দেখা দিয়েছে" be substituted.

(2) In para 2 line 1 after the word "মৌলিক" the words "অধিকারকে ক্ষুন্ন করতে পারে" be inserted.

(3) In para 3 line 1 the words "সন্তোষবিধান এর" be omitted.

(4) In para 5 line 3 for the word, "বঞ্চিত হচ্ছেন" the words "বঞ্চিত হইতে পারেন" be substituted.

(5) In para 8 line 2 for the words "বাতিল করার দাবি জানাচ্ছে" the words "যথাবিহিত সংশোধন করার জন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছে" be substituted.

was then put and lost

The motion of Shri Deba Prasad Sarkar

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে—

(১) ভারতের সংবিধানের ৩১০ এবং ৩১১(২) ধারাকে ব্যবহার করে সরকারি কর্মচারিদের বিরুদ্ধে ব্যাপকহারে মারণাস্ত্র প্রয়োগ করা হচ্ছে;

(২) সংবিধানের উল্লেখিত ৩১ এবং ৩১১(২) ধারার শর্তগুলি সরকারি কর্মচারিদের চাকুরির নিরাপত্তা, মৌলিক অধিকার এবং স্বাভাবিক ন্যায় বিচারের রীতি-নীতির পরিপন্থী;

(৩) সংবিধানের উল্লিখিত ৩১০ ধারায় উর্ধ্বতন কর্তৃপক্ষের "সন্তোষবিধান"-এর উপর সরকারি কর্মচারীর কার্যকাল নির্ভরশীল;

(৪) সংবিধানের উল্লেখিত ৩১১(২) ধারায় আত্মপক্ষ সমর্থনের কোনো সুযোগ না দিয়ে যে কোনো সরকারি কর্মচারীকে যখন ইচ্ছা বরখাস্ত করা বা তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের অবাধ ক্ষমতা উর্ধ্বতন কর্তৃপক্ষের হাতে ন্যাস্ত;

(৫) সংবিধানের উল্লেখিত ধারাগুলির জন্য সরকারি কর্মচারীরা অন্যায়ভাবে চাকুরি থেকে বরখাস্ত হলে বা শাস্তি লাভ করলে আত্মপক্ষ সমর্থনের মৌলিক গণতান্ত্রিক অধিকার এবং স্বাভাবিক ন্যায়বিচারের অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন;

(৬) সংবিধানের উল্লেখিত দুইটি ধারার বলে অতীতেও বহু সরকারি কর্মচারীকে অগণতান্ত্রিক পদ্ধতিতে বরখাস্ত করা হয়েছে;

(৭) সরকারি কর্মচারিদের ক্ষেত্রে সরাসরি প্রযোজ্য উল্লিখিত ধারাগুলি বেসরকারি প্রতিষ্ঠানেও প্রভাব ফেলতে বাধ্য;

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে সংবিধানের ৩১০ এবং ৩১১(২) ধারার শর্তগুলি বাতিল করার দাবি জানাচ্ছে।

was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6.15 p.m. till 3 p.m. on Wednesday, the 12th March, 1986 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta on Wednesday, the 12th March, 1986 at 3.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 16 Ministers, 18 Ministers of State and 181 Members.

[ 3-00 — 3-10 P.M. ]

## FINANCIAL

## Presentation of the Annual Financial Statement of the Department of West Bengal for the year 1986-87

**Mr. Speaker :** Hon'ble Minister-in-charge of Finance Department may now present the Annual Financial Statement of the Government of West Bengal for the Year 1986-87.

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি পশ্চিমবঙ্গ সরকারের ১৯৮৬-৮৭ সালের আনুমানিক আয়-ব্যয়ের বাজেট এবং তৎসহ চলতি বছরের সংশোধিত আয়-ব্যয়ের হিসাব পেশ করছি।

২। ১৯৮৫-৮৬ সালের একটি অর্থনৈতিক সমীক্ষা এই সভার কাছে উপস্থাপিত করা হয়েছে। এই সমীক্ষায় এই রাজ্যের সাম্প্রতিক অর্থনৈতিক গতিপ্রকৃতি বিশ্লেষণ করে দেখানো হয়েছে। প্রচণ্ড খরার ফলে ১৯৮১-৮২ ও ১৯৮২-৮৩-তে যে ধাক্কা এসেছিল তা সত্ত্বেও গত পাঁচ বছর ধরে এই রাজ্যে মাথাপিছু আয় সর্বভারতীয় হিসাবের চাইতে যথেষ্ট পরিমাণে উপরেই থেকেছে। এই রাজ্যের অর্থব্যবস্থাকে দীর্ঘকাল ধরে যে ভারসাম্যহীনতা ও ত্রুটিবিচ্যুতি বিপর্যস্ত করেছে সেগুলিকে মোচন করার ব্যাপারেও সাম্প্রতিক বছরগুলিতে প্রভূত অগ্রগতি হয়েছে।

৩। গ্রামাঞ্চলে এই ত্রুটিবিচ্যুতিগুলোকে সংশোধন করার উদ্দেশ্যে উৎপাদনশীল ভূমি সংস্কারের উপর প্রাথমিক গুরুত্ব আরোপ করা হয়েছে । উর্ধসীমার অতিরিক্ত জমি থেকে ৮.১০ লক্ষ একর ভূমি-রিক্ত কৃষকদের মধ্যে পুনর্বন্টন করা হয়েছে এবং এই পুনর্বন্টন পরিমাণের দিক থেকে সারা দেশের মধ্যে বৃহত্তম। নথিভুক্ত বর্গাদারদের মোট সংখ্যা ১৩ লক্ষ ছাড়িয়ে গেছে। ভূমি-সংস্কারের এই ব্যবস্থাগুলিকে ভূমি ছাড়া অন্যান্য বিনিয়োগের দ্বারাও পরিপূরণ করা হয়েছে, বিশেষত দরিদ্রতর ও মেহনতি কৃষকদের জন্য জলসেচের সুযোগসুবিধা বাড়ানো হয়েছে। জেলাস্তরে ও ব্লকস্তরে বিকেন্দ্রীভূত পরিকল্পনার মাধ্যমে এইসব প্রচেষ্টার মধ্যে আরো বেশি সমন্বয় সাধন করা হয়েছে। আর, স্থানীয় জনসাধারণকে নির্বাচিত পঞ্চায়েতের মাধ্যমে এই সমগ্র কর্মপ্রয়াসের অঙ্গীভূত করা হয়েছে। ভূমিসংস্কার ব্যবস্থাগুলিকে ভূমি ছাড়া

অন্যান্য বিনিয়োগের সঙ্গে সমন্বিত করার ফলে বিগত পর পর কয়েক বছর ধরে কৃষিজ উৎপাদনকে রেকর্ড মাত্রায় উন্নীত করা সম্ভবপর হয়েছে।

৪। আমাদের পক্ষে এটা খুবই উৎসাহব্যঞ্জক যে, ১৯৮৫-৮৬ সালের খরিফ ফসলের উৎপাদন আগের বছরের মত রেকর্ড মাত্রাতেই থেকে যাবে বলে আশা করা যাচ্ছে। তবে চাষীদের কাঁচা পাটের দাম কম পাওয়ার ঘটনাটি রাজ্যের পক্ষে খুবই দুশ্চিন্তার বিষয়। কৃষি বিভাগের আনুমানিক হিসাবমতে ১৯৮৫ সালের ডিসেম্বরের শেষ পর্যন্ত রাজ্যে উৎপাদিত কাঁচাপাটের প্রায় অর্ধেক ন্যুনতম সহায়ক মূল্যেরও কমে বিক্রিত হয়েছে। পাটের উৎপাদন ও মূল্যকে স্থিতিশীল রাখার জন্য যে সামগ্রিক নীতি অবলম্বনের প্রয়োজন তার অভাব দেশের পূর্ব ও উত্তরপূর্ব অঞ্চলের অর্থনৈতিক কর্মকাণ্ডের একটি গুরুত্বপূর্ণ অংশের প্রতি কেন্দ্রীয় কর্তাদের অবহেলাকেই প্রকটিত করে। কাঁচাপাট ক্রয়ের ক্ষেত্রে জুট কর্পোরেশন অব ইন্ডিয়ার উচিত তাঁদের কর্তৃত্বকে অবশ্যই প্রয়োগ করা যাতে দরিদ্র পাট চাষীদের স্বার্থরক্ষা হয় এবং দালালদের ক্রিয়াকলাপ নির্মূল হয়।

৫। কেন্দ্রীয় সরকারের লাইসেন্স নীতি ও মাশুল সমীকরণ নীতি (Freight Equalisation Scheme) আধুনিকীকরণ ও পুনর্নবীকরণের প্রতি অবহেলার সঙ্গে একত্রিত হয়ে সুপ্রতিষ্ঠিত বৃহৎ ও মাঝারি শিল্পে যে গতিহীনতার সৃষ্টি করেছে, এবং তার ফলে শিল্পজগতে দুর্গতি এখনও চলছে। এই রাজ্যে বৃহৎ ও আধুনিক শিল্পে কেন্দ্রীয় বিনিয়োগের জন্য এবং বিশেষত পেট্রোকেমিক্যালে যৌথ কেন্দ্র-রাজ্য বিনিয়োগের উদ্দেশ্যে আমাদের আবেদন ভারত সরকারের কাছ থেকে কেবল নেতিবাচক উত্তরই পেয়েছে। ফলত আমাদের সীমিত ক্ষমতার মধ্যেই এগোনোর কথা ভাবতে হয়েছে এবং সরকারি বেসরকারি যুগ্ম প্রয়াসের দ্বারাও রাজ্যে শিল্পোন্নতির আয়োজন করার প্রয়াস চালাতে হচ্ছে। রাজ্যের 'ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন' ও 'ইলেকট্রনিক্স ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন' এ-ব্যাপারে যে উদ্যোগ সৃষ্টি কবেছেন তা যথার্থই উৎসাহব্যঞ্জক। পাশাপাশি, ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশনের মাধ্যমে শিল্পতালুক এবং উন্নয়ন কেন্দ্রগুলিতে শিল্পের উপযোগী পরিকাঠামো গড়ে তোলার উদ্দেশ্যে সরকার একটি মুখ্য ভূমিকা গ্রহণ করেছেন। 'ফলতা রপ্তানী প্রসারণ অঞ্চল'-এর জন্য পরিকাঠামো গড়ে তোলার ব্যাপারেও রাজ্য সরকার সন্তোষজনক অগ্রগতির প্রমাণ রেখেছেন।

৬। ক্ষুদ্র শিল্পের বিকাশও সবিশেষ উল্লেখের দাবি রাখে। ১৯৮৪-৮৫ সালে নতুন শিল্পোদ্যোগের সংখ্যা ছিল বারো হাজার সাত শ একাশি ; সে সংখ্যা ১৯৮৫-৮৬ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে প্রায় তেত্রিশ হাজার। ফলস্বরূপ নতুন কর্মসংস্থানও সাতান্ন হাজার তিন শ চৌষট্টি থেকে বৃদ্ধি পেয়ে হয়েছে তিয়াত্তর হাজার। এও অনুমান করা হচ্ছে, হস্তচালিত তাঁতশিল্পে উৎপাদন ১৯৮৪-৮৫ সালের সাঁইত্রিশ কোটি মিটার থেকে ১৯৮৫-৮৬ সালে বেড়ে সাঁইত্রিশ কোটি আশি লক্ষ মিটার হবে। রেশমচাষে জমির ব্যবহারও ১৯৮৫-৮৬ সালে উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে। এই সমস্ত উৎপাদন প্রয়াসের ফলে শহরে এবং গ্রামাঞ্চলে আয়জনক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

৭। বিদ্যুৎশক্তি উৎপাদনের ক্ষেত্রেও যথেষ্ট উন্নতি লক্ষ্য করা যায়। আশা করা যাচ্ছে

যে কোলাঘাট দ্বিতীয় পর্যায় প্রকল্পে অর্থ যোগানের জন্য ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অব ইন্ডিয়া এবং অন্যান্য অর্থলগ্নি প্রতিষ্ঠান থেকে দু'শ বত্রিশ কোটি টাকা পাওয়া যাবে। এই প্রকল্পের মূলধনী ব্যয় এখন সাত শ কোটি টাকারও বেশি ; কাজেই যে পরিমাণ অর্থ আই ডি বি আই এবং অন্যান্য অর্থলগ্নি প্রতিষ্ঠান থেকে পাওয়া যাবে তার উপরও রাজ্য সরকারকে পর্যাপ্ত পরিমাণে অর্থ যোগানের ব্যবস্থা করতে হবে। ভারত সরকার আমাদের জানিয়েছেন যে বক্রেশ্বরে প্রস্তাবিত তাপবিদ্যুৎ কেন্দ্রটিকে পরিকল্পনার অন্তর্ভুক্ত করার কোন সম্ভাবনা নেই। ভারত সরকার এ ব্যাপারে বাইরের দেশের সঙ্গে যৌথ উদ্যোগ গ্রহণে প্রয়াসী হতে বলেছেন। ফলে ভারত সরকার এবং রাজ্য সরকার বিদেশী যৌথ উদ্যোগের কিছু প্রস্তাবও পরীক্ষা করে দেখছেন। এছাড়া বিদ্যুৎ প্রকল্পের ব্যাপারে আমাদের আরো বেশ কিছু প্রস্তাব কেন্দ্রীয় সরকারের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে ১৯৮৫-৮৬ সালে আমরা বিদ্যুৎ খাতে রাজ্যের বিনিয়োগ আরও সাতাশ কোটি টাকা বৃদ্ধি করেছি। এর ওপর দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডকে আমরা অতিরিক্ত সাড়ে চার কোটি টাকা দিয়েছি।

৮। গোটা দেশের পরিস্থিতির পাশাপাশি পশ্চিমবঙ্গে বেকার সমস্যার তীব্রতা রয়েই গেছে। সারা দেশে কর্মসংস্থান কেন্দ্রে নথিভুক্ত কর্মপ্রার্থীর প্রায় দুকোটি পঞ্চাশ লক্ষ ; পশ্চিমবঙ্গে এই সংখ্যা চল্লিশ লক্ষের কাছাকাছি। বিগত বাজেট বক্তৃতায় যা বলা হয়েছিল সে অনুযায়ী কর্মসংস্থান কেন্দ্রে নথিভুক্ত কর্মসংস্থানের সুযোগ বাড়ানোর জন্য ১৯৮৫ সালের জুলাই মাস থেকে আমরা পরিকল্পনার অন্তর্ভুক্ত একটি নতুন প্রকল্প হাতে নিয়েছি। এই প্রকল্প অর্থাৎ, "পশ্চিমবঙ্গে নথিভুক্ত বেকারদের স্বনিযুক্তি স্কীম" অনুযায়ী, প্রকল্প-ব্যয়ের শতকরা পঁচিশ ভাগ রাজ্য সরকার বীজ মূলধন হিসাবে দেবেন আর বাণিজ্যিক ব্যাঙ্কগুলো থেকে শতকরা পঁচাত্তর ভাগ ঋণ পেতে সাহায্য করবেন। এতে করে নথিভুক্ত বেকারগণ অনধিক পঁচিশ হাজার টাকা ব্যয়ে স্বনিযুক্তি প্রকল্প স্থাপন করতে সমর্থ হবেন। ইতিমধ্যেই এর মাধ্যমে প্রায় এক হাজার জন উপকৃত হয়েছেন। এখন পর্যন্ত প্রায় পাঁচ হাজার প্রকল্প ব্যাঙ্কে পাঠানো হয়েছে। আশা করা যাচ্ছে, বর্তমান আর্থিক বছরের মধ্যেই এই বেকার যুবক-যুবতীদের একটা বড় অংশ এভাবে উপকৃত হবেন। ১৯৮৬ সালের পয়লা এপ্রিল থেকে এই স্কীমকে সারা রাজ্যে ছড়িয়ে দেওয়া হবে।

৯। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, আমাদের ১৯৭৮ সালের বেকার ভাতা প্রকল্প অনুযায়ী যে বেকার ভাতা দেওয়া হয় তার শতকরা পঞ্চাশ ভাগ খরচ বহন করতে কেন্দ্রীয় সরকার সম্মত হননি। এ সত্ত্বেও আমরা এই প্রকল্প কিছুটা পরিবর্তিত রূপে চালিয়ে যাব স্থির করেছি। এর সঙ্গে আমাদের মূল প্রচেষ্টা হবে, নথিভুক্ত বেকারদের নতুন স্বনিযুক্তি প্রকল্পে উৎসাহিত করা। পাশাপাশি, ভারতীয় সংবিধানের ৪১ নং অনুচ্ছেদের মর্ম অনুসারে আমরা কর্মসংস্থান কেন্দ্রে দীর্ঘদিন ধরে নথিভুক্ত বয়স্ক বেকার ব্যক্তিদের আমাদের সীমিত সহায়সম্বলের মধ্যে যতটা সম্ভব সাহায্য দিয়ে যাব। এছাড়া বৃহৎ এবং ক্ষুদ্র শিল্পোদ্যোগে উৎপাদন প্রচেষ্টা ও পঞ্চায়েতের মাধ্যমে চালু গ্রামীণ উন্নয়ন পরিকল্পনাগুলির দ্বারাও তীব্র বেকার সমস্যার কিছুটা সুরাহা হবে।

[3-10—3-20 P.M.]

১০। খুবই দুঃখের কথা যে, আজ দেশভাগের চার দশক পরেও যে বিরাট সংখ্যক মানুষকে উদ্বাস্তু হয়ে পশ্চিমবঙ্গে চলে আসতে হয়েছিল তাঁদের পুনর্বাসনের বোঝার কথা বলতে হচ্ছে। এই রাজ্যের প্রায় সব জেলাতেই এই দুর্বহ বোঝার সামগ্রিক প্রভাব আজও যেকোনো মানুষের কাছে ধরা পড়বে। কেন্দ্রীয় সরকার এই সমস্যাকে মুখের কথায় উড়িয়ে দিয়েছেন এবং সব দায়দায়িত্বই অস্বীকার করছেন। এই পরিস্থিতিতে আমরা আমাদের সীমিত ক্ষমতার মধ্যে যতটুকু করার করছি।

১১। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ষষ্ঠ পরিকল্পনার রূপায়ণ সম্পর্কে কিছু বলা এবার সমীচিন। ষষ্ঠ পরিকল্পনায় মোট বিনিয়োগ ৩,৫০০ কোটি টাকা প্রস্তাব করা হয়েছিল, কিন্তু প্রকৃত ব্যয় হয়েছিল ২,৩০০ কোটি টাকার মতো। চলতি আয় ও ব্যয়ের মধ্যে অব্যাহত ব্যবধানই এই ঘাটতির প্রধান কারণ। রাজ্য সরকারের অতিরিক্ত সম্পদ সংগ্রহের ব্যাপক প্রয়াস সত্বেও এই ব্যবধান ঘোচানো সম্ভব হয়নি। সামগ্রিকভাবে ষষ্ঠ পরিকল্পনাকালের জন্য ৫১২ কোটি টাকা অতিরিক্ত সম্পদ সংগ্রহের লক্ষ্যমাত্রা রাজ্য ধার্য করেছিল। প্রকৃত সংগ্রহের পরিমাণ ছিল ৭৪১ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার চেয়ে শতকরা চুয়াল্লিশ ভাগ বেশি। এতেও ব্যবধান ঘোচে নি। এ রাজ্যের বাজেট কাঠামো সম্পর্কে কিছু কিছু মৌল সমস্যার গুরুত্ব একের পর এক গঠিত অর্থ কমিশনের কাছে উল্লেখ করা হয়। রাজ্য সরকার আয়-ব্যয়ের যে ব্যবধান তুলে ধরেছিলেন অষ্টম অর্থ কমিশন সংবিধানের ২৭৫(১) ধারা অনুযায়ী তার মাত্র শতকরা চল্লিশ ভাগ সুপারিশ করেছিলেন। কিন্তু ষষ্ঠ পরিকল্পনার শেষ বছরে এ বাবদ যে আংশিক সাহায্য রাজ্যের প্রাপ্য বলে বিবেচিত হয়েছিল তাও ভারত সরকারের সিদ্ধান্তে নাকচ হয়ে যায়।

১২। আর একটা কারণ যেটা পরিকল্পনা বাবদ অর্থসঙ্কুলানকে দারুণভাবে ব্যহত করছে তা হল সুদ এবং ঋণ পরিশোধের বোঝা। আগেকার এক বাজেট বক্তৃতায় বলা হয়েছিল যে, প্রায় গত সতেরো বছর ধরে অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে মোট মূলধনী ব্যয়ের সঙ্গে ঋণ পরিশোধের অনুপাত খুবই বেশি। ষষ্ঠ পরিকল্পনাকালে কেন্দ্রীয় ঋণ পরিশোধের বোঝা ছিল প্রায় পাঁচশ সাতাশ কোটি টাকা, আর সুদ পরিশোধ বাবদ আর পাঁচশ ছিয়াতত্তর কোটি টাকা। এই সময়ে আমাদের কেন্দ্রীয় ঋণ পরিশোধ করতে হয়েছে, এগারশ তিন কোটি টাকা সে জায়গায় আমরা কেন্দ্রীয় সাহায্য পেয়েছি মাত্র সাতশ একষট্টি কোটি টাকা। যেসব মৌল সমস্যা রাজ্যের অর্থনীতিকে বিপর্যস্ত করে তার প্রতি যতটুকু নজর দেওয়া প্রয়োজন তা ভারত সরকার দেন নি। পরিকল্পনা বিনিয়োগ খাতে অভিপ্রেত মাত্রায় অর্থ সঙ্কুলানের অসুবিধা কেন্দ্রীয় সরকারের এই অবহেলার শুধুমাত্র একটি নিদর্শন।

১৩। এই প্রসঙ্গে ষষ্ঠ পরিকল্পনার শেষ বছরের (১৯৮৫-৮৬) অভিজ্ঞতার কথা কিছুটা বিশদভাবে বলা দরকার। এই সনের বার্ষিক পরিকল্পনা ঘিরে যে অনিশ্চয়তা ছিল তা মাননীয় সদস্যদের জানা। ঐ বছরের জন্য আমরা সাত শ আটচল্লিশ কোটি টাকা পরিকল্পনা বিনিয়োগ প্রস্তাব করেছিলাম। কিন্তু সর্বস্তরে আমাদের আন্তরিক প্রচেষ্টা সত্ত্বেও প্রয়োজনীয় সম্পদের অভাবের অজুহাতে ভারত সরকার পরিকল্পনার আকার চূড়ান্ত করতে অস্বীকার করেন। মাননীয় সদস্যগণের অবশ্যই মনে আছে যে ঐ বছরই অষ্টম অর্থ কমিশনের সুপারিশ

অনুযায়ী তিন শ কুড়ি কোটি টাকারও বেশি ন্যায্য পাওনা থেকে পশ্চিমবঙ্গকে বঞ্চিত করা হয়। ১৯৮৪-৮৫ সালে কমিশন রাজ্যগুলিকে কিছু কিছু ক্ষেত্রে যে মোট টাকা হস্তান্তরের সুপারিশ করেন, তাতে পশ্চিমবঙ্গের ভাগ ছিল সবচেয়ে বেশি। মাননীয় সদস্যদের এটাও স্মরণে আছে যে জানুয়ারি ১৯৮৫-তে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ওভারড্রাফটের সুবিধা অত্যন্ত বেশি রকম কমিয়ে দেওয়া হয়। ঐ বছর কেন্দ্রীয় সাহায্য ছিল মাত্র তেত্রিশ কোটি টাকা। অথচ ষষ্ঠ পরিকল্পনা কালে যে ঋণ পাওয়া গিয়েছিল সুদ সমেত তা পরিশোধ করতে ঐ বছর আমাদের আটষট্টি কোটি টাকা লেগেছিল। আমরা এ সবকেই চ্যালেঞ্জ হিসাবে নিয়েছিলাম এবং রাজস্ব বৃদ্ধি ঘটিয়ে এবং পরিকল্পনা বহির্ভূত খাতে খরচ কমিয়ে এর মোকাবিলা করেছিলাম। আমাদের প্রচেষ্টার ফলে তিন শ কুড়ি কোটি টাকা থেকে বঞ্চিত হওয়া এবং ওভারড্রাফট সুবিধা কমা সত্ত্বেও ঐ বছরে আমাদের পরিকল্পনা খাতে বিনিয়োগ চার শ চুরাশি কোটি টাকায় দাঁড়ায়। এই পরিমাণ ষষ্ঠ পরিকল্পনার সবগুলি বছরের মধ্যে সর্বোচ্চ।

১৪। স্মরণ করা যেতে পারে যে ১৯৮৫-৮৬ সালের বাজেট উপস্থাপিত করার সময় ২৮শে জানুয়ারি, ১৯৮৫ তারিখে যে পরিমাণ ওভারড্রাফট ছিল, সেই পরিমাণ অর্থাৎ দু'শ আটাশ কোটি অষ্টাশি লক্ষ টাকার সংস্থান ভারত সরকার করবেন আশা করা হয়েছিল। ঐ বছরের মধ্যেই সমস্ত টাকাটার শতকরা দশ ভাগ সরাসরি কেটে নিয়ে বাকি টাকাকে চার বছর মেয়াদী ঋণে সরাসরি রূপান্তরিত করা হয়। বলা বাহুল্য, এভাবে পাওয়া এই দু'শ ছয় কোটি টাকা সুদ সমেত ১৯৮৬-৮৭ থেকে শুরু করে চার বছরের মধ্যে ফেরত দিতে হবে। এই সিদ্ধান্ত যে একান্তই অযৌক্তিক, তা আমরা ভারত সরকারকে জানিয়েছিলাম। অষ্টম অর্থ কমিশনের সুপারিশ মতো যদি তিনশ কুড়ি কোটি টাকারও বেশি অর্থ আমাদের দেওয়া হত তাহলে ১৯৮৪-৮৫-তে আমাদের ওভারড্রাফট তো থাকতই না বরং আমরা উদ্বৃত্ত দেখাতে পারতাম। যে টাকা ন্যায্যভাবে আমাদের প্রাপ্য তা সরাসরি আমাদের হাতে তুলে না দিয়ে তার শুধু একটা অংশ আমাদের ঋণ হিসাবে দেওয়া হল। স্বাভাবিকভাবেই এ সিদ্ধান্তকে আমরা স্বাগত জানাতে পারি না।

১৫। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার খসড়া নিয়ে আলোচনার জন্য ১৯৮৫ সালের নভেম্বর মাসে জাতীয় উন্নয়ন পরিষদের যে বৈঠক বসেছিল, তাতে আমরা আমাদের মতামত ব্যক্ত করেছিলাম। সেটা হল যে খসড়া পরিকল্পনায় যে দৃষ্টিভঙ্গি গৃহীত হয়েছিল তাতে সমস্ত অর্থনীতির উন্নয়ন গতিমন্থরতায় ভুগবে এবং বিরাট জনসমষ্টির জীবনযাত্রার মান আরও নেমে যাবে। ফলশ্রুতি হিসাবে বেকারির তীব্রতা বাড়বে এবং ধনী দরিদ্রে এবং অঞ্চলে অঞ্চলে ব্যাপকতর বৈষম্য দেখা দেবে। আর্থিক উন্নয়নের একটা বিকল্প কর্মসূচীর স্বভাবতই সুপারিশও করেছিলাম। জাতীয় উন্নয়ন পরিষদ অবশ্য তাদের খসড়া পরিকল্পনাটিই অনুমোদন করেন। আমরা পরিষ্কারভাবে জানিয়ে দিয়েছিলাম যে পরিষদের অনুমোদিত খসড়াই আমরা রূপায়ণ করব কিন্তু এও দাবি করেছিলাম যে লক্ষমাত্রা এবং পদ্ধতিগত দিক থেকে আমাদের ভিন্নমত লিপিবদ্ধ করা হোক।

১৬। পশ্চিমবঙ্গের সপ্তম পরিকল্পনা ব্যাপারে বিশেষভাবে আমরা পরিকল্পনা কমিশনের নজরে এনেছিলাম যে প্রস্তাবিত চার হাজার একশ পঁচিশ কোটি টাকার বরাদ্দ মাত্রা নিতান্তই অল্প। আমরা এটাও বলেছিলাম যে এই রাজ্যের বিশেষ সমস্যাগুলোর কথা মনে রেখে

কেন্দ্রীয় বরাদ্দের মধ্যে তিস্তা প্রকল্প সহ সেচব্যবস্থার সম্প্রসারণ, পয়ঃপ্রণালী ও বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং কলকাতার পরিকাঠামো সংশ্লিষ্ট সুযোগ সুবিধার উন্নতির জন্য অতিরিক্ত সংস্থান রাখা হোক। এই বছর ফেব্রুয়ারি মাসে পরিকল্পনা কমিশনের সঙ্গে আমার আলোচনায় এই প্রসঙ্গ আবার তুলেছিলাম ; কিন্তু কোন সন্তোষজনক ফল পাই নি।

১৭। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, চলতি ১৯৮৫-৮৬ সালে প্রস্তাবিত পরিকল্পনা বরাদ্দের পরিমাণ ছয়শ' পঁচাত্তর কোটি টাকা। যাতে করে পরিকল্পনার কর্মসূচী এবং প্রকল্পগুলির আরও সুষ্ঠু রূপায়ণ সুনিশ্চিত হয় সে উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী স্তরে ত্রৈমাসিক পর্যালোচনার ব্যবস্থা নেওয়া হয়েছে। বিশেষ করে বিদ্যুৎ, জলসেচ এবং শিল্পের জন্য কিছু পরিবর্তনের মাধ্যমে অতিরিক্ত ব্যয় বরাদ্দের ব্যবস্থা করা হয়েছে। আমি আশা রাখি, পর্যালোচনার এই ব্যবস্থা পরিকল্পনার সার্থকতর রূপায়ণ সম্ভব করবে।

১৮। ইতিমধ্যে যে সমস্ত সম্পত্তি সৃষ্ট হয়েছে, সেগুলির রক্ষণাবেক্ষণের দিকে এতদিন আমরা যথাযথভাবে নজর দিতে পারি নি ; কারণ একদিকে যেমন ছিল প্রচণ্ড অর্থাভাব, অন্যদিকে পরিকল্পনায় বিনিয়োগের জন্যে যথাসম্ভব বেশি অর্থ বরাবরই আগে আলাদা করে রাখতে হয়েছে। চলতি ১৯৮৫-৮৬ সালে কলকাতা মহানগর উন্নয়ন এলাকার মধ্যে গড়ে ওঠা এ ধরনের সম্পত্তিগুলির সংরক্ষণের জন্য ছয় কোটি টাকা নির্দিষ্ট করা হয়েছিল। এই সব সম্পত্তি প্রধানত জলসরবরাহ, রাস্তাঘাটের আলো এবং বস্তি উন্নয়ন প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট।

১৯। আগামী বছরের জন্য এই পরিমাণ বাড়িয়ে এগারো কোটি করার প্রস্তাব আমি রাখছি। সড়ক, সরকারি ভবন এবং সেচ প্রকল্পগুলির সংরক্ষণ বাবদ বাড়তি আরও প্রায় সাত কোটি টাকার বরাদ্দ আগামী বছরের জন্য রাখা হচ্ছে। বিদ্যালয়ভবনগুলি রক্ষণাবেক্ষণের জন্যও বাড়তি পাঁচ কোটি টাকার ব্যবস্থা থাকছে।

২০। যেসব চলতি প্রকল্প হাতে নেওয়া হয়েছে তাদের মধ্যে তিস্তা প্রকল্পটি অন্যতম সর্বাধিক গুরুত্বপূর্ণ। এই প্রকল্পটি তাড়াতাড়ি শেষ করার ব্যাপারে যেসব অসুবিধার সম্মুখীন হচ্ছি সে সম্পর্কে মাননীয় সদস্যদের আমি অবহিত করছি। ১৯৮৪-৮৫ সালের শেষ অবধি আমাদের খরচ করা এক শ' ষাট কোটি টাকার মধ্যে মাত্র পাঁচ কোটি টাকা ভারত সরকার বিশেষ সাহায্য হিসাবে দিয়েছেন। বিশেষতঃ এই প্রকল্পের জাতীয় গুরুত্বের কথা বিবেচনা করে সপ্তম পরিকল্পনাকালে প্রতি বছরে এই বিশেষ সাহায্যের পরিমাণকে অন্তত কুড়ি কোটি টাকা পর্যন্ত বাড়িয়ে দেবার জন্য আমরা ভারত সরকারের কাছে বার বার আবেদন জানিয়ে আসছি। এই অতিরিক্ত বিশেষ সাহায্যের জন্য আমাদের ন্যায়সঙ্গত দাবির উত্তরে ভারত সরকারের কাছ থেকে আমরা কোনো সাড়া এখন পর্যন্ত পাই নি। মাঝারি ও বৃহৎ জলসেচ ব্যবস্থার জন্য মোট পরিকল্পনা বরাদ্দের শতকরা ষাট থেকে সত্তর ভাগই রাজ্য সরকার এই প্রকল্পর পিছনে খরচ করে আসছেন। এর বেশি আমরা কিই-বা করতে পারি। যাই হোক না কেন, এই প্রকল্প থেকে সৃষ্ট জলসেচের সুঁযোগসুবিধা যাতে ১৯৮৬-৮৭ সাল থেকে কৃষকদের কাছে পৌঁছতে আরম্ভ করে তা নিশ্চিত করার জন্য আমরা তিস্তা প্রকল্পের বরাদ্দকে চলতি বছরে একুশ কোটি থেকে বাড়িয়ে আঠাশ কোটি টাকায় নিয়ে গেছি।

[3-20—3-30 P.M.]

২১। কোলাঘাট প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ যাতে তাড়াতাড়ি শেষ হয় সে ব্যাপারেও আমরা উদ্বিগ্ন। মাননীয় সদস্যগণ জানেন যে ''টার্ন কি'' ভিত্তিতে এই প্রকল্প কার্যকর করার জন্য আমরা ভারত হেভি ইলেকট্রিক্যালস লিমিটেডকে নিয়োগ করেছি। তাঁরা যাতে প্রয়োজনীয় কিছু মালপত্র আমদানি করার জন্য সত্বর অর্ডার দিতে পারেন সে উদ্দেশ্যে তাঁদের অনুরোধ মতো চলতি বছরে বাড়তি পঁয়ত্রিশ কোটি টাকা দেবার প্রস্তাব আমি করছি। রাজ্যের বিদ্যুৎ উৎপাদন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ এই প্রকল্পের কাজ উক্ত ব্যবস্থার ফলে নিসন্দেহে ত্বরান্বিত হবে।

২২। ১৯৮৬-৮৭ সালের জন্য পরিকল্পনাভুক্ত মোট ব্যয়-বরাদ্দের পরিমাণ সাতশো ছিয়াত্তর কোটি টাকা। এতে আছে রাজ্যের নিজস্ব মোট সংস্থান হিসাবে পাঁচশো আটচল্লিশ কোটি টাকা এবং নিট কেন্দ্রীয় সাহায্য হিসাবে দুশো আঠাশ কোটি টাকা। প্রথমে রাজ্য সরকার প্রস্তাব করেছিলেন যে কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ দুশো পঞ্চাশ কোটি টাকা হোক। ডিসেম্বর, ১৯৮৫-তে অফিসার পর্যায়ে যে আলোচনা হয়েছিল তাতে পরিকল্পনা কমিশন আভাস দিয়েছিলেন যে কেন্দ্রীয় সাহায্যের পরিমাণকে আপাতত দুশো ছয় কোটি ছিয়াত্তর লক্ষ টাকাতে ধরতে হবে। ফেব্রুয়ারি, ১৯৮৬-তে আমার যখন পরিকল্পনা কমিশনের সঙ্গে আলাপ আলোচনা হয়েছিল তখন বলা হয়েছিল যে, এই বছরের জন্য মোট কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ হবে দুশো আঠাশ কোটি টাকা—অর্থাৎ গোড়ায় যে আনুমানিক আভাস দেওয়া হয়েছিল তার চেয়ে একুশ কোটি টাকা বেশি, কিন্তু প্রথমে আমরা যা চেয়েছিলাম তার চেয়ে বাইশ কোটি টাকা কম। লক্ষ্যণীয় যে এই ধরনের পরিবর্তন এ-বছরে আরো কয়েকটি রাজ্যের ক্ষেত্রেও করা হয়েছে।

২৩। কিছু কিছু গুরুত্বপূর্ণ বিষয় ১৯৮৬-৮৭ সালের জন্য প্রস্তাবিত মোট সাত শ ছিয়াত্তর কোটি টাকা পরিকল্পনা বরাদ্দের আওতার বাইরে থেকে যাচ্ছে। তার মধ্যে যে বিষয়টির দিকে এখনই নজর দেওয়া দরকার তা হল, শুধু কলকাতা মহানগর উন্নয়ন এলাকাই নয় অন্যান্য শহরাঞ্চলেরও পরিকাঠামোগত উন্নয়ন। অতএব আমার প্রস্তাব, বাজেটে এর জন্য যে বরাদ্দ রাখা হয়েছে তার উপরে আরও আট কোটি টাকা সংস্থান রাখা হোক। বিধাননগর, দক্ষিণ দমদম এবং দমদম এলাকায় জল সরবরাহ প্রকল্পের যে প্রাথমিক কাজ এ বছর হাতে নেওয়া হচ্ছে তার জন্য এই টাকার একটা অংশ কাজে লাগানো হবে।

২৪। চলতি ১৯৮৫-৮৬ সালের দরুন এই সভার কাছে বাজেটের যে অনুমিত আয়ব্যয়ের হিসাব দেওয়া হয়েছিল, তা থেকে সংশোধিত হিসাবে বড় রকমের তারতম্য যেসব ক্ষেত্রে ঘটেছে এখন আমি খুব সংক্ষেপে তার উল্লেখ করব। কর বাবদ মোট রাজস্ব বাজেটে ধরা ১,২৪৪ কোটি থেকে আরও চার কোটি টাকা বেশি হবে বলে আশা করা যাচ্ছে। কর বাদে অন্যান্য উৎস থেকে রাজস্ব আগে দেখান প্রায় এক শ একাত্তর কোটি টাকা থেকে ৯ কোটি টাকা কম হবে বলে ধারণা করা হচ্ছে।

২৫। অষ্টম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য গৃহ নির্মাণ, ট্রেজারি-ভবন নির্মাণ, কারা, আরক্ষা বাহিনী এবং বিচার বিভাগীয় কর্মীদের জন্য গৃহ নির্মাণ ইত্যাদি ক্ষেত্রে প্রশাসনিক মান উন্নয়নের জন্য ভারত সরকারের কাছ থেকে আগের অনুমানের

তুলনায় প্রায় সাঁইত্রিশ কোটি টাকা কম পাওয়া যাবে বলে মনে করা হচ্ছে। এর প্রধান কারণ, ভারত সরকারের অবাস্তব দৃষ্টিভঙ্গি। তাঁরা চাইছেন, চার বছরের আগাম কর্মসূচী এবং তার লক্ষ্যমাত্রা আমরা এখনই তৈরি করি, অথচ আজকের মূল্যমানের হিসেবে প্রদেয় অর্থে সেই লক্ষ্যমাত্রা অর্জন করা অসম্ভব। বিষয়টি নিয়ে কথাবার্তা চলছে। চলতি বছরে যে টাকা পাওয়া যায়নি, আগামী তিন বছরের টাকার সঙ্গে সে প্রাপ্য টাকাও পাব বলে আশা করছি।

২৬। ব্যয়ের, ক্ষেত্রে, রাজস্ব খাতে সংশোধিত হিসাব প্রায় ৯৬ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। এর প্রধান কারণ, এই বছরে অতিরিক্ত মহার্ঘ ভাতার পরিমাণ বৃদ্ধি। ১৯৮৫ সালের ১লা এপ্রিলে ভারত সরকারের দেওয়া মহার্ঘ ভাতার তুলনায় আমরা তের কিস্তি পিছিয়ে ছিলাম। ১৯৮৫-৮৬ সালে আমরা বারোটা কিস্তি মঞ্জুর করেছি কিন্তু বছরের শেষে আমরা ভারত সরকারের তুলনায় এখনও পাঁচ কিস্তি পিছিয়ে রয়েছি।

২৭। অনুমতি আয়-ব্যয়ে এই সমস্ত এবং আরো কিছু ছোটখাট পরিবর্তন এবং পূর্বোক্ত প্রস্তাব অনুযায়ী BHEL কে পঁয়ত্রিশ কোটি টাকা দিলে নিট ফল এই দাঁড়াবে যে আমরা ১৯৮৫-৮৬ সালটি শেষ করব পাবলিক অ্যাকাউন্ট বাদে ৪২.৮১ কোটি টাকা ঘাটতি নিয়ে। 'পাবলিক অ্যাকাউন্টকে বিবেচনার মধ্যে নিলে নিট ফল পরিবর্তিত হয়ে ২৮.৫৭ কোটি টাকা উদ্বৃত্ত হবে,।'

২৮। 'পাবলিক অ্যাকাউন্ট বাদ দিলে আসন্ন ১৯৮৬-৮৭ সালের বাজেটে অনুমিত চলতি আয়ব্যয়ের হিসাবে ১১২.৬২ কোটি টাকা ঘাটতি হবে। চালানোর ভিত্তিতে পণ্যের আন্তরাজ্য চলাচলের উপর করারোপের উদ্দেশ্যে প্রস্তাবিত আইনকে যদি ভারত সরকার বিধিবদ্ধ করতেন তাহলে আজ আমার কাজ অনেক হালকা হয়ে যেত। দুর্ভাগ্য যে, মুখ্যমন্ত্রীদের সর্বসম্মত সুপারিশ এবং পরিকল্পনা কমিশনের সমর্থন সত্ত্বেও এই আইন এখনো পর্যন্ত দিনের আলো দেখতে পায়নি। অগত্যা আমাদের অতিরিক্ত সম্পদ সংস্থানের সন্ধান করতে হচ্ছে, যা দিয়ে গঠনমূলক পরিকল্পনাগুলিকে ক্রমবর্ধমান মূল্যমান সত্বেও রূপায়িত করতে পারি এবং পরিকল্পনা বহির্ভূত ব্যয়ের অনিবার্য বৃদ্ধির মুখোমুখি হতে পারি। তাই আমি ১৯৮৬-৮৭ সালের জন্য নিম্নলিখিত কর-ব্যবস্থার প্রস্তাব রাখছি।

২৯। রাজ্যে বিক্রয়করই এককভাবে রাজস্বের সবচেয়ে বড় উৎস ; তাই বিক্রয়কর দিয়েই আমার প্রস্তাব শুরু হচ্ছে। সরকার কর্তৃক বহুবিধ প্রশাসনিক ও কর-ফাঁকি বন্ধের ব্যবস্থা নেওয়ার ফলে বিক্রয়কর রাজস্ব ক্রমান্বয়ে পেয়ে আসছে। মাননীয় সদস্যগণের মনে থাকতে পারে বিধানসভার বিগত বাজেট অধিবেশনে সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে উন্নততর ও ফলপ্রসূ প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে রাজস্ব হিসাবে আরও অতিরিক্ত কর সংগ্রহ করা হবে। এই সব ব্যবস্থার মধ্যে ছিল—সড়কে অবস্থিত চেকপোস্টগুলিকে জোরদার করা, পশ্চিমবঙ্গের ভিতরে নিয়ে আসার উদ্দেশ্যে মাল পরিবহণে নিযুক্ত গাড়িগুলির তল্লাসী করা এবং কিছু কিছু নির্দিষ্ট পণ্যের উপরে প্রদেয় বিক্রয়কর দেওয়া হয়েছে কিনা তা জানবার জন্য রাজ্যের ভিতর যাতায়াতকারি পণ্যবাহী গাড়িগুলির মাঝেমধ্যে নমুনা তল্লাসী করা। এ ছাড়াও শুল্ক কর্তৃপক্ষ, কলকাতা বন্দর কর্তৃপক্ষ এবং রেল কর্তৃপক্ষের সঙ্গে অধিকতর সমন্বয় সাধনের ব্যবস্থায় হয়েছে। এক্ষেত্রে বেশ সাফল্য অর্জিত হয়েছে, কিন্তু রেল কর্তৃপক্ষের কাছ

থেকে যদি পুরো সমর্থন ও সহযোগিতা পাওয়া যেত তাহলে সাফল্যের পরিমাণ, আমার মনে হয়, আরো বেশি হত। মাননীয় সদস্যগণ অবহিত আছেন, বিক্রয়কর আইন অনুসারে বিজ্ঞাপিত (নোটিফায়েড) পণ্য সামগ্রী বিনা পারমিটে পরিবহন নিষিদ্ধ। রেল স্টেশন থেকে মাল ছাড়ানোর জন্যও ঐ পারমিটের প্রয়োজন। উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া প্রয়োজনীয় পারমিট ছাড়া বিজ্ঞাপিত পণ্য সামগ্রী রেলস্টেশন থেকে যাতে না ছাড়া হয় তার জন্য রেল কর্তৃপক্ষের কাছে আমরা বার বার বলে আসছি। প্রশাসনিক ব্যবস্থা জোরদার করার জন্য এবং প্রদেয় বিক্রয়কর যাতে ফাঁকি না যায় তার জন্য রেল কর্তৃপক্ষের কাছে বিষয়টি নতুন করে তোলা হয়েছে।

৩০। সুনির্দিষ্ট প্রস্তাবগুলি উপস্থাপনের আগে আমি এই মর্মে সভাকে আশ্বাস দিতে চাই যে বঙ্গীয় রাজস্ব (বিক্রয়কর) আইন, ১৯৪১, বঙ্গীয় কাঁচা পাট কর আইন, ১৯৪১ ও পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইন, ১৯৫৪—এই তিন আইনের একীকরণের যে প্রস্তাব আগেই ছিল, তার উপর আইন প্রণয়নের কাজ প্রায় শেষ পর্যায়ে পৌঁছেছে। কিন্তু যেহেতু বর্তমান অধিবেশন যথেষ্ট ব্যস্ততার মধ্যে কাটবে, তাই এই আইন আপনাদের বিবেচনার জন্য আমি বিধানসভার পরবর্তী অধিবেশনে পেশ করব।

৩১। অতিরিক্ত সম্পদ সংগ্রহের কাজে রাজ্যগুলিকে যে প্রচণ্ড সীমাবদ্ধতার সম্মুখীন হতে হয়, সে সম্পর্কে মাননীয় সদস্যগণ অবহিত আছেন। ঘোষিত পণ্যসামগ্রী এবং রপ্তানীর উদ্দেশ্যে বিক্রিত পণ্যের উপর বিক্রয় কর ধার্যের ব্যাপারে আমরা পশ্চিমবঙ্গে অধিকতর সীমাবদ্ধতার সম্মুখীন হয়েছি। ভারত সরকার যাতে কয়লার উপরে মূল্যানুপাতিক হারে রাজ্যকে রয়ালটি দেন, তার জন্য অতীতে চেষ্টা করা হয়েছে। যদিও ভারত সরকার বার বার কয়লার নিয়ন্ত্রিত মূল্য বৃদ্ধি করা যথাযথ মনে করছেন, তাঁরা আমাদের প্রস্তাবে কোন সন্তোষজনক সাড়া দেন নি। রাজ্যের উন্নয়নের ব্যয় নির্বাহের জন্য অতিরিক্ত সম্পদ সংগ্রহের কথা মনে রেখেই, কয়লার উপর সেস্-এর হার বাড়ানো ছাড়া আর আমাদের গত্যন্তর নেই। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইনের অধীনে সেস্ এর হার শতকরা তিন টাকা থেকে শতকরা পাঁচ টাকায় বাড়ানোর জন্য আমি প্রস্তাব করছি। অনুরূপভাবে পশ্চিমবঙ্গে গ্রামীণ কর্মসংস্থান ও উৎপাদন আইনে প্রদেয় সেস্ এর হার শতকরা সতেরো টাকা থেকে বাড়িয়ে শতকরা কুড়ি টাকা করতে চাই। এই প্রসঙ্গে বলতে চাই যে, আমাদেরই এক প্রতিবেশী রাজ্য ইতিমধ্যেই সেস্ এর মূল্যানুপাতিক হার শতকরা ত্রিশ টাকা করেছেন। খনিমুখ থেকে চালান দেওয়া কয়লার মূল্যের উপর এই বাড়তি সেস্ এর ফলে আমাদের অতিরিক্ত বার্ষিক রাজস্ব ত্রিশ কোটি টাকায় দাঁড়াবে।

৩২। অতি সম্প্রতি ভারত সরকার নিয়ন্ত্রিত মূল্য বৃদ্ধি করে জনগণের উপর যে গুরুভার চাপিয়ে দিয়েছেন সে কথা মনে রেখে স্বাভাবিকভাবেই অতিরিক্ত সম্পদ সংগ্রহের জন্য আমার আর্থিক প্রস্তাবকে সীমিত রাখতে হচ্ছে। কাজেই আমার প্রস্তাবের মুখ্য উদ্দেশ্যই হবে জনসাধারণের বোঝাকে যেখানে যতটুকু সম্ভব লাঘব করা। আর সেই সঙ্গে এটাও সুনিশ্চিত করতে হবে যাতে ব্যবসা বাণিজ্যের ক্রয় বিক্রয়ের পরিমাণ বাড়িয়ে এবং প্রশাসনিক প্রয়াসকে জোরদার করে রাজস্ব বৃদ্ধি ঘটে। এই কথা মনে রেখে এই রাজ্যে তুলো বা উল থেকে তৈরি নয় এমন হোসিয়ারি পণ্য সামগ্রীর সার্বিক প্রতিযোগিতামূলক অবস্থা ফিরিয়ে আনার জন্য আমি এই সব পণ্যর উপর কর-হার শতকরা চার টাকা থেকে কমিয়ে শতকরা

এক টাকা করার প্রস্তাব রাখছি। এ ছাড়াও, পশ্চিমবঙ্গ থেকে অন্যান্য রাজ্যে এইসব পণ্যের বিক্রয় যাতে বৃদ্ধি পায় তার জন্য এদের উপর কেন্দ্রীয় বিক্রয়ের হার কমিয়ে শতকরা একটাকা করতে চাই। বর্তমানে রেডিমেড পোশাক পরিচ্ছদের উপর বিক্রয় মূল্য অনুসারে শতকরা চার টাকা এবং আট টাকা হারে বিক্রয় কর ধার্য হয়ে থাকে। স্থানীয় শিল্প ও বাণিজ্যকে অধিকতর উৎসাহ দেওয়ার জন্য এই সব পণ্যের উপর করের হার কমিয়ে শতকরা দুই টাকা করা হচ্ছে। অনুরূপভাবে ফ্লোরেসেন্ট্ টিউব এবং মার্কারি ভেপার ল্যাম্প যেগুলিতে কম বিদ্যুৎ ব্যয়ে অধিকতর আলোক উৎপাদিত হয়, তাদের উপর প্রদেয় বিক্রয়করের হার শতকরা পনের টাকা থেকে কমিয়ে শতকরা আট টাকা করার প্রস্তাব রাখছি। ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব (বিক্রয় কর) আইনের আওতায় বর্তমানে বাইসাইকেল এবং তার যন্ত্রাংশের বিক্রয়ের উপর শতকরা আট টাকা হারে কর ধার্য হয়। এখন থেকে একে পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইন, ১৯৫৪-এর আওতায় এনে এর উপর করের হার কমিয়ে শতকরা ছয় টাকা করা হবে। আশা করা যায়, করের হার কমানোর ফলে যতটুকু রাজস্ব কম আদায় হবে তা বাণিজ্যিক লেনদেনের বৃদ্ধির ফলে পুষিয়ে যাবে।

৩৩। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে প্রতিযোগিতামূলকভাবে করের হার কমানোর ফলে আমাদের রাজ্যের অর্থনীতি এবং ব্যবসা বাণিজ্যের উপর ক্ষতিকারক প্রতিক্রিয়া সৃষ্টি হয়। নীতিগতভাবে এই ধরনের রাজস্ব সংগ্রহ কৌশলের আমি বিরোধী কেন না এগুলো আমাদের মতো দেশে পরিকল্পনার নীতি যা হওয়া উচিত তো তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। গুরুত্বপূর্ণ ভোগ্যপণ্যের উপর যাতে একই হারে বিক্রয় কর ধার্য হয়, তার জন্য বিষয়টি বিভিন্ন সময় বিভিন্ন পর্যায়ে আলোচনা করা হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত এই ব্যাপারে কোনো ব্যাপক ঐক্যমত গড়ে ওঠেনি। যতদিন না সমস্ত গুরুত্বপূর্ণ রাজ্যগুলি, বিশেষতঃ আমাদের প্রতিবেশী রাজ্যেরা একটি অভিন্ন কর-কাঠামো দাঁড় করাতে একমত হচ্ছেন, ততদিন পর্যন্ত এ রাজ্যের স্বার্থে আমাদের চারপাশে যা ঘটছে তাতে সাড়া দেওয়া ছাড়া আমাদের কোনো উপায় নেই। আমাদের প্রতিবেশী একটি রাজ্যে কিছু ধরনের মোটরযানের উপর বিক্রয় করের হার কমিয়ে শতকরা পাঁচ টাকা করা হয়েছে। এর ফলে পশ্চিমবঙ্গ থেকে রাজস্ব সংগ্রহের উৎস অন্যত্র সরে যাওয়ার সম্ভাবনা আছে। এই সমস্যার মোকাবিলা করা এবং রাজ্যের স্বার্থ বজায় রাখার জন্য বাণিজ্যিক প্রয়োজনে ব্যবহার্য মোটরযানের উপর বিক্রয় করের হার শতকরা এগারো টাকা থেকে কমিয়ে শতকরা ছয় টাকা করা ছাড়া গত্যন্তর নেই। অনুরূপভাবে মোটর স্কুটার, মোপেড, মোটর সাইকেল ইত্যাদির উপর বিক্রয় কর কমিয়ে শতকরা আট টাকা থেকে শতকরা ছয় টাকা করা হবে। এই সব পণ্যের আন্তরাজ্য বিক্রয়ের উপরেও কেন্দ্রীয় বিক্রয় করের হার সঙ্গতি রেখে কমিয়ে শতকরা ছয় টাকা করা হবে। ১৯৫৬ সালের কেন্দ্রীয় বিক্রয় কর আইনের ৮ নং ধারা অনুযায়ী অন্যান্য রাজ্যে ঐ আইনে রেজিস্ট্রিকৃত ব্যবসায়ীগণ আন্তরাজ্য ক্রয়ের উপর নিম্নহারে, অর্থাৎ শতকরা চার টাকা হারে বিক্রয় কর দিয়ে এই সব পণ্য কিনতে পারেন। অবশ্য সেক্ষেত্রে ঐ ব্যবসায়ীগণকে ডিক্লারেশন ফর্ম 'সি' দিতে হয়। এরূপ ক্ষেত্রে যাতে পশ্চিমবঙ্গে মোটর গাড়ির আন্তরাজ্য বিক্রয় বৃদ্ধি পায় তার জন্য রেজিস্ট্রিকৃত ব্যবসায়ীর আন্তরাজ্য ক্রয়ের উপর করের হার কমিয়ে শতকরা দুই টাকা করার প্রস্তাব করছি। অন্যান্য রাজ্যে রেজিস্টার্ড নন এমন ব্যবসায়ী ও ক্রেতাদের

কাছে মোটর গাড়ির আন্তরাজ্য বিক্রয়ের উপর করের হার শতকরা দশ টাকা থেকে কমিয়ে শতকরা আট টাকা করা হবে। বাণিজ্যিক প্রয়োজনে ব্যবহার্য মোটরযান, মোটর স্কুটার, মোটর সাইকেল ইত্যাদির যন্ত্রাংশ, আনুষঙ্গিক সরঞ্জাম এবং উপাদানের উপর প্রদেয় বিক্রয় করের হার একইভাবে শতকরা এগারো টাকা থেকে কমিয়ে শতকরা আট টাকা করা হবে। এই কর হ্রাসের ফলে সম্পদ সংগ্রহে কোনো ক্ষতির সম্ভাবনা নেই, বরং আশা করা যায় যে, এর ফলে রাজ্যে বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পাবে এবং সাড়ে তিন কোটি টাকার মতো অতিরিক্ত রাজস্ব সংগ্রহ হবে।

৩৪। পশ্চিমবঙ্গে অবস্থিত কয়লাখনিগুলির কাছে কয়লাখনির সাজসরঞ্জাম বিক্রি করা হলে সুবিধাজনক হারে শতকরা তিন টাকা হিসাবে বিক্রয় কর ধার্য হয়ে থাকে। কোল ইন্ডিয়া লিমিটেড ও তার সহযোগী সংস্থাগুলি সারা দেশে কয়লাখনিগুলিতে ব্যাপক সম্প্রসারণ পরিকল্পনা হাতে নিয়েছেন। এর ফলে কয়লাখনির সাজসরঞ্জামের চাহিদা যথেষ্ট বেড়ে যাবে। স্থানীয় শিল্পের স্বার্থ রক্ষার এবং এই সমস্ত পণ্যের বিক্রি যাতে বৃদ্ধি পায় তার জন্য কয়লাখনিগুলি যে রাজ্যেই অবস্থিত হোক না কেন তাদের কাছে বিক্রয়ের উপর একইভাবে সুবিধাজনক হারে কর ধার্যের প্রস্তাব করছি। এই সমস্ত পণ্যের বাড়তি বিক্রয় থেকে বার্ষিক আনুমানিক তিন কোটি টাকা অতিরিক্ত রাজস্ব আদায় হবে।

৩৫। ১৯৮৩ সালের মার্চ মাসে রাজ্য সরকার জনস্বার্থে একটি সাধারণ বিজ্ঞপ্তি জারি করেছিলেন। সেই বিজ্ঞপ্তি অনুযায়ী ১লা এপ্রিল, ১৯৮৩ থেকে ৩১শে মার্চ, ১৯৮৬ পর্যন্ত পশ্চিমবঙ্গে প্রস্তুত রঙীন টিভি সেট, ভি সি আর এবং রঙিন টিভি মনিটারের বিক্রয়ের উপর ব্যবসায়ীকে কর দিতে হত না। যেহেতু এই ধরনের উৎসাহ দেবার ব্যবস্থা তিন বছর ধরে চালু আছে, আমি কিঞ্চিৎ সংশোধিত আকারে এই সুবিধা বজায় রাখতে চাই। তাই স্থানীয় শিল্পোদ্যোগের স্বার্থে আমার প্রস্তাব, ১৯৮৬ সালের ১লা এপ্রিল থেকে পশ্চিমবঙ্গে তৈরি সকল টিভি সেট, সকল টিভি মনিটার এবং ভি সি আর-এর উপর শতকরা চার টাকা হারে বিক্রয় কর ধার্য করা হোক। এতে আনুমানিক পাঁচ কোটি টাকা রাজস্ব আসবে।

[3-30–3-40 P. M.]

৩৬। আমি মনে করি, কোন কোন সামগ্রীর ক্ষেত্রে প্রদেয় বিক্রয়করের হারের যুক্তিসম্মত পুনর্বিন্যাসের প্রয়োজন রয়েছে। এই পুনর্বিন্যাসের ফলে রেজিস্ট্রিকৃত ব্যবসায়ীগণই যে শুধু উপকৃত হবেন তা নয়, এই রাজ্যে আইন প্রয়োগে যাঁরা নিযুক্ত আছেন তাঁদেরও সুবিধা হবে। বর্তমানে পশ্চিমবঙ্গ বিক্রয়কর আইন, ১৯৫৪ মোতাবেক পেস্টিসাইডের উপর শতকরা চার টাকা হারে কর আরোপ করা হয়। অথচ ইনসেক্টিসাইড, ফাঙ্গীসাইড, হার্বিসাইড, জার্মিসাইড ইত্যাদি সমজাতীয় পণ্যের উপর ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব (বিক্রয় কর) আইনের আওতায় শতকরা আট টাকা হারে কর ধার্য হয়। এই সব পণ্যের চারিত্রিক বৈশিষ্ট্য একই ধরনের এবং সেই হেতু রাজ্যের সীমান্তবর্তী চেকপোস্টগুলিতে এগুলিকে নিয়ে বিভ্রান্তি সৃষ্টি হয়। এই বিভ্রান্তি এড়ানোর জন্য আমার প্রস্তাব যে ইনসেক্টিসাইড, ফাঙ্গীসাইড, ইত্যাদি উপরে বর্ণিত পণ্যগুলিকেও ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইনের আওতায় এনে শতকরা চার টাকা হারে কর ধার্য করা হোক। অনুরূপ বিভ্রান্তি দেখা যায় মার্বেল চিপস্ এবং ডলোমাইট

ও লাইমস্টোন চিপসের ক্ষেত্রেও। মার্বেল চিপসের উপর পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইন, ১৯৫৪-এর আওতায় শতকরা পনের টাকা হারে কর বসে, অথচ শেষোক্ত দুটি পণ্যের উপর বঙ্গীয় রাজস্ব (বিক্রয় কর) আইন, ১৯৪১ অনুযায়ী করের হার শতকরা আট টাকা। চেকপোস্টে যখন এই সব পণ্যসামগ্রী আসে তখন এক পণ্যকে অন্য পণ্য বলে ভুল হয় এবং সেহেতু যথেষ্ট অসুবিধার সৃষ্টি হয়। এর ফলে যেসকল ব্যবসায়ী এই সব পণ্য আমদানি করেন তাঁরা অহেতুক ঝামেলায় পড়েন যা এড়িয়ে যাওয়া সম্ভব এবং কখনও কখনও কর ফাঁকিও হয়ে থাকে। এইজন্য আমি প্রস্তাব রাখছি ডলোমাইট চিপস্ এবং লাইমস্টোন চিপস্‌কেও ১৯৫৪ সালের আইনের আওতায় আনা হোক এবং মার্বেল চিপস্ সহ এই সব পণ্যের উপর সমহারে শতকরা এগারো টাকা কর ধার্য হোক। মার্বেল স্ল্যাবস্ ডলোমাইট স্ল্যাবস্ এবং লাইমস্টোন স্ল্যাবস্‌কেও ১৯৫৪ সালের আইনে আনার প্রস্তাব করছি। একই হারে কর ধার্যের সামগ্রিক স্বার্থে এই সব পণ্যের উপর করের হার শতকরা আট থেকে বাড়িয়ে শতকরা এগারো করারও প্রস্তাব করছি। অনুরূপভাবে, কৃষিকার্যে ব্যবহারোপযোগী ট্রাক্টরের উপর বিক্রয়কর আগের মতোই শতকরা চার টাকা থাকবে। কিন্তু বুলডজার, স্ক্র্যাপার, এক্সক্যাভেটর ইত্যাদির উপর করের হার বেড়ে শতকরা আট টাকা হবে। এ বাবদ অতিরিক্ত ১০ লক্ষ টাকা রাজস্ব পাওয়া যাবে।

৩৭। বর্তমানে কর, জরিমানা এবং সুদ ধার্যের ব্যাপারে প্রায়শই টাকা এবং টাকার ভগ্নাংশে হিসাব করা হয়। আমার প্রস্তাব, টাকার ভগ্নাংশকে ছেড়ে দিয়ে নিকটতম টাকায় এগুলির হিসাব করা হোক। রেজিস্ট্রেশন সার্টিফিকেটের বলে ব্যবসায়ীগণ সুবিধাজনক হারে পণ্য ক্রয় করেন। রেজিস্ট্রেশন সার্টিফিকেটের সংশোধনের ব্যাপারে আমি প্রস্তাব করছি ব্যবসায়ীর আবেদনপত্রের তারিখ, অথবা প্রথম পণ্য ক্রয়ের তারিখের মধ্যে যে তারিখটি পরে হবে, সেই তারিখ থেকে এসব সংশোধন কার্যকরি করা হোক। এর ফলে ব্যবসায়ীদের বহুদিনের চাহিদা মিটবে। বর্তমানে একটি ডিক্লারেশন ফর্মে যদি একাধিক বিক্রয়ের লেনদেন অন্তর্ভুক্ত করা হয়, তাহলে সর্বমোট লেনদেন উর্ধতম সীমা পাঁচ হাজার টাকা পর্যন্ত রাখতে হয়। আমার প্রস্তাব এই সীমা বাড়িয়ে পনের হাজার টাকা করা হোক। এর ফলে রেজিস্ট্রিকৃত ব্যবসায়ীদের ডিক্লারেশন ফর্মের প্রয়োজন কমবে এবং তাদের সমস্যার কিছুটা সুরাহা হবে।

৩৮। আমার নজরে এসেছে, টিভি সেটের উপর প্রমোদকর আদায়ের পরিমাণ ঐ আদায়ের জন্য প্রশাসনিক প্রচেষ্টার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। টিভি সেটের উপর প্রদেয় এই কর আমি ১লা জানুয়ারি, ১৯৮৬ থেকে তুলে দেওয়ার প্রস্তাব রাখছি। ইতিমধ্যে যাঁরা ১৯৮৬ সালের জন্য এই কর জমা দিয়েছেন তাঁরা টাকা ফেরত পাবেন। এর জন্য যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে। এ বাবদ মোট দেড় কোটি টাকার মতো রাজস্ব কম আদায় হবে।

৩৯। সাম্প্রতিককালে ভি সি আর এবং ভি সি পি-র মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে চলচিত্র প্রদর্শনী দারুণভাবে বৃদ্ধি পেয়েছে। অপ্রতিহত ভাবে যদি এই ধরনের প্রদর্শনী চলতে থাকে, তাহলে চলচিত্র শিল্পের বিকাশের ওপর তার প্রতিকূল প্রভাব পড়বে। এছাড়া এই ধরনের কিছু চলচিত্র শিশু এবং যুব মনের ওপর অবাঞ্ছিত প্রতিক্রিয়ার সৃষ্টি করে। এই সমস্ত মাধ্যমের দ্বারা বাণিজ্যিক ভিত্তিতে চলচিত্র প্রদর্শনী নিয়ন্ত্রিত করার জন্য ব্যাপক আইন

প্রণয়নের একান্ত প্রয়োজন। বৃহত্তর জনস্বার্থে এবং কর আদায়ের জন্য বিস্তারিত বিধিবিধান তৈরি করা হচ্ছে। যেসব স্থানে এই ধরনের প্রদর্শনীর ব্যবস্থা হবে সেখানে দর্শক সাধারণের নিরাপত্তা এবং সুরক্ষা যাতে সুনিশ্চিত করা যায় তার জন্যও যথাযথ প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। যা হোক, আমি প্রস্তাব রাখছি যে ভি সি আর এবং ভি সি পি-র মাধ্যমে সাধারণের জন্য যে চলচিত্র প্রদর্শনীর ব্যবস্থা করা হয়, তার উপর সাপ্তাহিক কর প্রদানের হার পাঁচ শত টাকা করে পুনর্নির্ধারণ করা হোক। হোটেল, রেস্তোরাঁ এবং সাধারণের প্রবেশযোগ্য অন্যান্য স্থানে যেখানে আলাদাভাবে কোনো প্রবেশ মূল্য নেওয়া হয় না সেখানে সর্বমোট বার্ষিক করের হার আড়াই হাজার টাকা করা হবে। এই দুটি ব্যবস্থা নেওয়ার ফলে অতিরিক্ত ৪০ লক্ষ টাকা রাজস্ব আদায় হবে।

৪০। বর্তমানে বঙ্গীয় প্রমোদকর আইন ১৯২২ অনুসারে এই ব্যবস্থা চালু আছে যে সিনেমা বাদে অন্যান্য আমোদ-প্রমোদ অর্থাৎ সঙ্গীতানুষ্ঠান, ম্যাজিক, থিয়েটার, সার্কাস, স্পোর্টস, খেলাধূলা প্রভৃতি দেখার জন্য দশ টাকা পর্যন্ত মূল্যের টিকিট করমুক্ত। কর ছাড়ের এই ঊর্ধসীমাকে এখন বাড়িয়ে দশ টাকা থেকে পনের টাকা করছি।

৪১। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে সিনেমা একটি সুবৃহৎ প্রমোদ ব্যবস্থা এবং পশ্চিমবঙ্গে এই শিল্পের উন্নয়ন সাম্প্রতিককালে বেশ কিছুটা শিথিল ও মন্থর হয়ে পড়েছে। জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে তাল রেখে নতুন নতুন স্থায়ী সিনেমা হল বড় একটা গড়ে ওঠেনি। ইতিপূর্বে আমরা একটি উৎসাহদান প্রকল্প (ইনসেনটিভ স্কীম) গ্রহণ করেছিলাম। এই প্রকল্প অনুসারে প্রথম বছরে আদায়ীকৃত মোট প্রমোদকরের সমপরিমাণ অর্থ হল মালিকদের ভরতুকি হিসাবে দেওয়ার কথা, যদি হল্ মালিকরা নতুন এবং স্থায়ী সিনেমা হল স্থাপন করে ১ এপ্রিল, ১৯৮৩ থেকে ৩১ মার্চ ১৯৮৬ তারিখের মধ্যে তা চালু করেন। যাতে নতুন হল স্থাপনে প্রয়োজনীয় বিরাট মূলধন বিনিয়োগের একটা আংশিক সুরাহা হয়, সেই উদ্দেশ্যেই এই ভরতুকির ব্যবস্থা করা হয়েছিল। সাম্প্রতিক একটি পর্যালোচনা থেকে দেখা যাচ্ছে যে এই প্রকল্প বিশেষ ফলপ্রসু হয়নি কারণ, হিসেব করা, ও হল্ মালিকের টাকা দেওয়ার কাজে খুব বেশি কাল-বিলম্ব ঘটেছে। তাই অন্য একটি নতুন প্রকল্প প্রবর্তন করার প্রস্তাব আমি রাখছি। এই প্রকল্প ১ এপ্রিল, ১৯৮৬ থেকে পরবর্তী তিন বছরের জন্য চালু থাকবে। যেসব মালিক নির্ধারিত সময়ের মধ্যে নতুন ও স্থায়ী সিনেমা হল তৈরি করার দায়িত্ব নেবেন, এই নতুন ব্যবস্থায় তাঁরা ছবি দেখানোর শুরু থেকে এক বছরের জন্য তাঁদের আদায়কৃত প্রমোদকরের টাকা ভরতুকি হিসাবে রেখে দিতে পারবেন। আমি আশা করি এই নতুন প্রকল্প আগের চাইতে বেশি ফলপ্রসূ হবে এবং সারা রাজ্যে নতুন নতুন সিনেমা হল গড়ে উঠবে।

৪২। যে সব কর সুবিধার প্রস্তাব করা হল তার জন্য রাজস্বহ্রাসের হিসাব ধরে, বর্ধিত সেস এবং করের জন্য নিট অতিরিক্ত রাজস্ব ৪০.৫ কোটি টাকা হবে আশা করা হচ্ছে। বিশেষত চেকপোস্টের ক্ষেত্রে উন্নততর প্রশাসনিক ব্যবস্থা এবং সমন্বয়ের ফলে আমরা আরও ৬.৫ কোটি টাকা পাব বলে আশা করছি। প্রস্তাবিত ৪৭ কোটি টাকার অতিরিক্ত অর্থ সংস্থানের পরিমাণ ধরলে এবং সে সঙ্গে পাবলিক অ্যাকাউন্টের নিট ৮৭.৫৬ কোটি টাকা যোগ করলে ১৯৮৬-৮৭ সালের সামগ্রিক অবস্থায় ৫০.৫৩ কোটি টাকা উদ্বৃত্ত দেখা দেবে। এর মধ্যে অবশ্য ২৮.৫৭ কোটি টাকা প্রারম্ভিক তহবিল ধরা আছে। কলকাতা মেট্রোপলিটন

উন্নয়ন এলাকা ও অন্যান্য শহরাঞ্চলে পরিকাঠামো-সংশ্লিষ্ট সুযোগসুবিধা প্রসারের জন্য যা বাজেট বরাদ্দ হয়েছে তার অতিরিক্ত আরো আট কোটি টাকা ব্যয়ের যে প্রতিশ্রুতি আমরা রেখেছি এই পটভূমিতে সেকথাও মনে রাখতে হবে। মহার্ঘভাতার অতিরিক্ত কিস্তি প্রদানের দরুন সম্ভাব্য ব্যয়বৃদ্ধির বিষয়টি ধরলে এই উদ্বৃত্ত আরো কমে যাবে।

৪৩। কয়লার ওপর সেস এবং বিক্রয়করের পরিবর্তনগুলির প্রস্তাব কার্যকর করার জন্য বিধানসভার বর্তমান অধিবেশনেই সংশোধনী আইন পেশ করা হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে রাজ্য সরকার বিজ্ঞপ্তি জারি করবেন।

৪৪। এই সভা ১৯৮৬-৮৭ সালের জন্য ব্যয়-মঞ্জুরির দাবিগুলি সম্ভবত এপ্রিলের দ্বিতীয়ার্ধ পর্যন্ত বিশদভাবে বিবেচনা করবেন। রাজ্য সরকার যাতে পয়লা এপ্রিল থেকে কাজকর্ম চালাতে পারেন সেজন্য আমি পরবর্তী আর্থিক বছরের প্রথম তিন মাসের জন্য ব্যয়মঞ্জুরির দাবি এই সভার কাছে পেশ করছি।

৪৫। আমি আমার বক্তব্যের শেষাংশে এসে পৌঁছেছি। যে আর্থিক ও অন্যান্য সীমাবদ্ধতার মধ্যে রাজ্য-বাজেট রচনা করতে হয়, সেই সীমাবদ্ধতার কথা আমি মাননীয় সদস্যগণের সামনে তুলে ধরছি। এই অবস্থায় দাঁড়িয়েই যে প্রয়াস আমরা নিয়েছি এবং আগামী দিনেও নেব, তা হল সাধারণ মানুষকে যুক্ত করে এই সীমাবদ্ধতার মধ্যেও যতদূর যাওয়া যায় ততদূর পর্যন্ত পৌঁছানোর প্রয়াস। আমাদের এই কঠিন প্রয়াস সম্পন্ন করার জন্য এই রাজ্যের ও এখানকার মানুষের কল্যাণে যাঁরা আগ্রহী তাঁদের সকলের সহযোগিতা আমি চাইছি।

**পশ্চিমবঙ্গের বার্ষিক অর্থনৈতিক বিবরণী, ১৯৮৬-৮৭**

(হাজার টাকার হিসেবে)

| | প্রকৃত, ১৯৮৪-৮৫ | বাজেট, ১৯৮৫-৮৬ | সংশোধিত, ১৯৮৫-৮৬ | বাজেট, ১৯৮৬-৮৭ |
|---|---|---|---|---|
| আদায় | | | | |
| ১। প্রারম্ভিক তহবিল | −৪,৮৯,৭০ | −৩১,৪১,৪৫ | (ক) | +২৮,৫৭,৫০ |
| ২। রাজস্ব আদায় | ১৭,৭৮,৬০,৩০ | ২২,৬৩,৫৬,৭৩* | ২২,৮৪,০৩,৩৯ | ২৫,৬০,৫৬,৩৯* |
| ৩। ঋণখাতে আদায়— | | | | |
| (১) সরকারি ঋণ | ১৫,৯৯,০২,৪৭ | ১১,০৮,৬৩,৫৪ | ১৬,১০,৮৯,৭২ | ১২,০৮,৯৫,৪১ |
| (২) ঋণ .. | ৩,০৩,৮৬,১১ | ৫০,০২,৯০ | ৬৭,১৪,৯১ | ৪৩,৯০,০০ |
| ৪। আসন্ন তহবিল ও গণ হিসেব থেকে আদায় | ৪৩,৬৮,৫১,৭৯ | ৫৫,৮৫,৮০,৮৯ | ৫৮,৪৩,০৩,৩৩ | ৫৮,২৪,১৪,৬২ |
| মোট .. | ৮০,৪৫,১০,৯৭ | ৮৯,৭৬,৬২,৬১ | ৯৮,০৫,১১,৩৫ | ৯৬,৬৬,১৩,৯২ |

(হাজার টাকার হিসেবে)

| | প্রকৃত, ১৯৮৪-৮৫ | বাজেট, ১৯৮৫-৮৬ | সংশোধিত, ১৯৮৫-৮৬ | বাজেট, ১৯৮৬-৮৭ |
|---|---|---|---|---|
| ব্যয় | | | | |
| ৫। রাজস্বখাতে ব্যয় | ২১,৫০,৫৪,০১ | ২২,৬৬,৩৭,১৩ | ২৩,৬১,৮৯,৪১ | ২৬,৫০,৪৫,৭৪ |
| ৬। মূলধনখাতে ব্যয় | ৯৯,২৬,০৮ | ২,১৭,৬৩,০৫ | ১,৯০,২৮,৮২ | ২,১০,০১,৯৩ |
| ৭। ঋণখাতে ব্যয়— | | | | |
| (১) সরকারি ঋণ | ১২,৭২,৪৫,৪৭ | ৭,৩৩,৫৩,৭৩ | ১১,৪০,১৭,৫৫ | ৭,৮৫,৩৩,৪৮ |
| (২) ঋণ .. | ১,৭২,৩৪,৬৬ | ২,২৮,৬৪,৮১ | ২,৭৭,৫২,৯৬ | ২,৩৩,২১,৭৯ |
| ৮। আসন্ন তহবিল ও গণ হিসেব থেকে ব্যয় | ৪৩,৪১,৭,৪,৮৫ | ৫৫,০০,৫২,০২ | ৫৭,৭১,৬৫,১১ | ৫৭,৩৬,৫৮,০২ |
| ৯। সমাপ্তি তহবিল | +৮,৭৫,৯০ | +২৯,৯১,৮৭ | +৬৩,৫৭,৫০ | +৫০,৫২,৯৬ |
| মোট .. | ৮০,৪৫,১০,৯৭ | ৮৯,৭৬,৬২,৬১ | ৯৮,০৫,১১,৩৫ | ৯৬,৬৬,১৩,৯২ |
| নিট ফল— উদ্বৃত্ত (+) ঘাটতি (–) | | | | |
| (ক) রাজস্বখাতে | –৩,৭১,৯৩,৭১ | –২,৮০,৪০ | –৭৭,৮৬,০২ | –৮৯,৮৯,৩৫ |
| (খ) রাজস্বখাতের বাইরে | +৩,৮৫,৫৯,৩১ | +৬৪,১৩,৭২ | +১,৪১,৪৩,৫২ | +১,১১,৮৪,৮১ |
| (গ) প্রারম্ভিক তহবিল বাদে নিট | +১৩,৬৫,৬০ | +৬১,৩৩,৩২ | +৬৩,৫৭,৫০ | +২১,৯৫,৪৬ |
| (ঘ) প্রারম্ভিক তহবিল সহ নিট | +৮,৭৫,৯০ | +২৯,৯১,৮৭ | +৬৩,৫৭,৫০ –৩৫,০০,০০(খ) | +৫০,৫২,৯৬ |
| (ঙ) প্রারম্ভিক তহবিল এবং (খ) সহ | +৮,৭৫,৯০ | +২৯,৯১,৮৭ | +২৮,৫৭,৫০ | +৫০,৫২,৯৬ |

(ক) রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী ১৮৪.৬৮ কোটি টাকার ঘাটতি প্রারম্ভিক তহবিল

ভারত সরকার হইতে প্রাপ্ত বিশেষ মধ্যমেয়াদী পরিকল্পনা বহির্ভূত ঋণ দ্বারা পূরণ করা হইয়াছে।

(খ) বি, এইচ, ই, এল-এর জন্য প্রস্তাবিত ব্যয়।
*বাজেট প্রস্তাব সহ।

**Mr. Speaker :** Honourable members, notice of motion for reduction on demand will be received in the Assembly Secretariat upto 5 P.M. on the 18th March, 1986 at the latest.

## Adjournment

The House was then adjourned at 3.44 P.M. till 1 P.M. on Thursday, the 13th March, 1986 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 13th March, 1986 at 1-00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 8 Ministers, 10 Ministers of State and 153 Members.

[ 1-00 — 1-10 P.M. ]

**Starred Questions**
**(to which oral answers were given)**

*১১০, *১১১ - স্থগিত

**Mr. Speaker :** I am taking starred question no. 112 and 122 together.

**আরামবাগ আদালতে অতিরিক্ত সেশন জজ আদালত প্রতিষ্ঠা**

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তীঃ** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার আরামবাগ আদালতে অতিরিক্ত সেশন জজ আদালত প্রতিষ্ঠা করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

**অতিরিক্ত মুখ্য মেট্রোপলিটন আদালতে ফৌজদারি মামলা**

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫২।) **শ্রী শীশ মহম্মদঃ** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলিকাতার অতিরিক্ত মুখ্য মেট্রোপলিটন আদালতে ২৭শে জানুয়ারি, ১৯৮৬ তারিখে ফৌজদারি আইনের ১৫৬(৩) ধারায় কতগুলি নালিশি মামলা দায়ের করা হইয়াছে ;

(খ) তন্মধ্যে আদালতের আদেশে পুলিশ কতগুলি মামলা রুজু করিয়াছেন ; এবং

(গ) ঐ মামলাগুলি দ্রুত নিষ্পত্তির জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ**

(ক) কেবলমাত্র একটি নালিশী মামলা দায়ের করা হইয়াছিল।

(খ) পুলিশদ্বারা কোনো মামলা নথিভুক্ত করা হয় নাই এবং উহা পুলিশের রিপোর্ট অনুযায়ী 'ফাইল' করিয়া দেওয়া হয়।

(গ) সরকারের ব্যবস্থা গ্রহণ করার প্রশ্ন ওঠে না।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কে অভিযোগ করেছিল এবং এ সম্পর্কে পুলিশ কী রিপোর্ট দিয়েছিল?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ ঃ** আমার কাছে যেসব কাগজপত্র আছে তাতে এই কমপ্লেনটা কে ফাইল করেছিল তার নাম পাচ্ছি না।

**শ্রী শীশ মহম্মদ ঃ** স্যার, এটা কি রকম উত্তর হ'ল? মামলা কে বা কারা করেছিল সাপ্লিমেন্টারির জন্য সেই তথ্য তো থাকা দরকার।

**মিঃ স্পিকার ঃ** সেটা নাও থাকতে পারে। সব সাপ্লিমেন্টারির উত্তর মন্ত্রীরা অনুমান করে নিয়ে আসবেন সেটা সম্ভব নয়।

**শ্রী শীশ মহম্মদ ঃ** পুলিশ কী রিপোর্ট দিয়েছিল তা জানাবেন কি?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ ঃ** আমাদের জুডিসিয়াল ডিপার্টমেন্টের রেকর্ডে পুলিশ রিপোর্টটা নেই।

**শ্রী শীশ মহম্মদ ঃ** তাহলে কোয়েশ্চেনটা হেল্ড ওভার করুন।

**মিঃ স্পিকার ঃ** হেল্ড ওভার হয়না। এটা তো জুডিসিয়াল প্রসিডিওরের ব্যাপার। যা রেকর্ড অ্যাভেলেবল হবে মন্ত্রী সেইভাবে উত্তর দেবেন। তা না হলে কি উত্তর দেবেন তিনি?

**শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ ঃ** স্যার, আমি খুঁজে দেখলাম এখানে পুলিশ রিপোর্টটাও নেই, কমপ্লেন পিটিশনটাও নেই।

(ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ ঃ- এইভাবে কোয়েশ্চেন অ্যাডমিটেড হয় কি করে?)

**মিঃ স্পিকার ঃ** কোয়েশ্চেন অ্যাডমিটেড হয়। আমি ঐ দপ্তরের মন্ত্রী ছিলাম, আমি জানি জুডিসিয়াল ডিপার্টমেন্টের কি অসুবিধা। এখানে অনেক ফ্যাঁকড়া আছে। এত সহজ নয় যে চাইলেই সব পেয়ে যাবেন, হাইকোর্ট এটার অ্যাডমিনিস্ট্রেশন চালায়, মন্ত্রী চালান না। আপনারা এসব চালান না। বসুন।

*১১৩-স্থগিত

**বক্রেশ্বর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ**

***১১৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৯।) **শ্রী ধীরেন সেন ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সপ্তম যোজনায় বীরভূম জেলার বক্রেশ্বর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণের পরিকল্পনা অনুমোদিত হইয়াছে ;

(খ) সত্য হইলে, ঐ বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে ;

(গ) উক্ত বিদ্যুৎ কেন্দ্রে কত মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হইবে ; এবং

(ঘ) কবে নাগাদ বিদ্যুৎ উৎপাদন শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :**

(ক) যোজনা কমিশন ইহা এখনও অনুমোদন করেন নি। তবে কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেছে।

(খ) সপ্তম যোজনায় অন্তর্ভুক্ত করার জন্য যোজনা পর্ষদকে অনুরোধ করা হয়েছে।

(গ) ৩ × ২১০ মেঃ ওঃ।

(ঘ) কাজ শুরু হওয়ার চার বছরের মধ্যে প্রথম কেন্দ্রটি হতে বিদ্যুৎ পাওয়া যাবে এবং ২য় ও ৩য় কেন্দ্রটি হতে ছয় মাস পর পর বিদ্যুৎ পাওয়া যাবে।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এখানে যে বিদ্যুৎ কেন্দ্র হতে যাচ্ছে, এটা কি সম্পূর্ণ সরকারি খরচে না জয়েন্ট সেক্টরের মাধ্যমে হচ্ছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** এটা চেষ্টা করা হচ্ছে বাইরের সাহায্যে করা যায় কি না। কারণ কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে কোনো টাকা দিতে পারবেন না বলে জানিয়েছেন।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানালেন যে ''বাইরের সাহায্যে করা যায় কিনা''। আমার প্রশ্ন হচ্ছে, বাইরের সাহায্যে বলতে কি দেশের বাইরের সাহায্য বোঝাচ্ছেন? তা যদি হয় তাহলে কোনো গ্লোব্যাল টেন্ডার করা হয়েছিল কিনা, করা হলে কোন দেশকে এটা দেওয়া হয়েছে, কি কনসিডারেশনে দেওয়া হয়েছে বা কাদের কাদের দেওয়া হয়েছে এটা জানাবেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** এখনও এটা কাউকে দেওয়া হয়নি। কেন্দ্রীয় সরকারের পরামর্শ অনুযায়ী রাশিয়ার একটা সংস্থা এবং এখানে বিড়লা টেকনিক্যাল সার্ভিস-এর যৌথ সংস্থার প্রস্তাব আছে। আর একটা প্রস্তাব ডি. সি. পি. এল. এবং জাপানের একটা কোম্পানীর প্রস্তাবও আছে। এখনও এটা আলোচনা পর্যায়ে আছে ঐ ধরনের অবস্থা এখনও সৃষ্টি হয়নি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র করতে কত খরচ পড়বে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** খরচ অনেক হবে। কিন্তু অনুমোদিত খরচ হচ্ছে ৬৮২ কোটি ৫৮ লক্ষ টাকা।

**শ্রী সাত্তিককুমার রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্রের জন্য যে সমস্ত কয়লা প্রয়োজন সেই কয়লা কি বীরভূম এলাকা থেকে আসবে, না বর্ধমান এলাকা থেকে আসবে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** প্রশ্নটা হচ্ছে কয়লা কাছাকাছি আছে কিনা। ওখানে কয়লা আনার ব্যবস্থা আছে। কয়েকটা কোলিয়ারী থেকে এটা নেওয়া হবে। এটাতে কিছুটা বর্ধমান পড়বে, বিহারও পড়তে পারে।

**শ্রী সামসুদ্দিন আহম্মদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এটা বাইরের সাহায্যে করা যায় কিনা। আমার প্রশ্ন হচ্ছে, এই ব্যাপারে কি কেন্দ্রের অনুমোদন আপনি পেয়েছেন এবং তারপরে বাইরের সঙ্গে কথাবার্তা বলছেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** হ্যাঁ, এটা কেন্দ্রীয় সরকারের যে কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ আছে তারা এটা অনুমোদন করেছেন। কেন্দ্রীয় মন্ত্রী পরিষ্কার বলেছেন যে তারা টাকা দিতে পারবেন না এবং তাদেরই পরামর্শে বাইরের এই জাতীয় সংস্থার প্রস্তাব নিয়ে আলোচনা হচ্ছে। যদি হয় তবে শেষ পর্যন্ত সিদ্ধান্ত করবেন কেন্দ্রীয় সরকার।

## Clashes reported from Keshpur P.S. in Midnapore

*** 115.** (Admitted Question NO. *149.) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total number of clashes reported from Keshpur P.S. in Midnapore district during the last eight years ;

(b) the number of person killed and or injured in the clashes ;

(c) whether any loss of property was reported in the clashes mentioned in (a) above ;

(d) if so, the amount involved ;

(e) the political identity, if any, of the persons killed ; and

(f) the political identity, if any,, of the persons who suffered losses on account of damages to property?

**Shri Jyoti Basu :** (a) 186 (during 1978-1985). (b) 26 Killed and 426 injured,

(c) Yes.

(d) Property lost amounting to Rs. 30,171/ = (Approx).

(e) C.P.I.(M) -7 Cong(I) -9, C.P.I. -7, Jharkhand-3

(f) Congress(I) C.P.I.(M), & C.P.I. Jharkhand.

[1-10—1-20 P. M.]

**Shri Gyan Singh Sohanpal :** Sir, you must have observed that during the last eight years, as many as 186 clashes have taken place where 26 persons have been killed and 426 persons have been injured. The figure is quite big, I should say. So, my question is whether any Fact-finding enquiry was conducted by the Government to find out the reason or reasons behind these frequent clashes in Keshpur P.S.?

**Shri Jyoti Basu :** From the police report, the government comes to its own conclusion and accordingly steps are taken.

**Shri Gyan Singh Sohanpal :** Will the Honourable Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state as to what were the findings of the police with regard to these frequent clashes? I am not talking of one individual clash. Clashes are taking place frequently e.g. 186 clashes had taken place during the last eight years. There must have been some reasons or some background behind these clashes. What were the findings of the police or any other agency which conducted the enquiry as to the reasons behind these frequent clashes?

**Shri Jyoti Basu :** There is no general conclusion which we have arrived at from the reports of the police. Each case is separate and each case is dealt with separately and action also is taken on each case separately.

**Shri Gyan Singh Sohanpal :** Will the Honourable Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state as to how many clashed could have been avoided had the police been alert and acted in time impartially ?

**Mr. Speaker :** Mr. Sohanpal, this is a question of opinion. I am sorry that I am to reject it. How can anybody answer this ?

**Shri Jyoti Basu :** Police have conducted enquiry in each case.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, my question is as to whether the government have come to any conclusion and how many clashes could have been avoided had the police been a little alert and acted impartially?

**Shri Jyoti Basu :** How can anybody come to such conclusion? Each case is different. Each case differs from that of the other. There cannot be any general conclusion where we could have arrived at and we have no such report. We cannot state that had the police acted fifteen minutes earlier, something could have been avoided.

**শ্রী অনিল মুখার্জিঃ** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়, আপনার কাছে যদি তথ্য থাকে তাহলে আপনি দয়া করে জানাবেন কি, ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ঐ থানায় কতগুলি ক্ল্যাশ হয়েছিল এবং সেই ক্ল্যাশগুলি কি কারণে হয়েছিল?

(No reply)

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state as to the principal contentions of these clashes and the measures taken by the Government to prevent occurrence of such clashes?

**Mr. Speaker :** Principal contentions of the clashes—Are you asking the reason for these clashes?

**Dr. Zainal Abedin :** Yes Sir, what was the bone of contention of the matters.

**Shri Jyoti Basu :** I am telling you hundred times that each case is different from the other. No General conclusion can be arrived at.

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** এই যে ক্ল্যাশগুলি হয়েছে তার মধ্যে এটা কি ঠিক বেশির ভাগ ক্ল্যাশ হয়েছে কংগ্রেস-আই গুন্ডারা বামপন্থীদের আক্রমণ করেছিল বলে?

**Mr. Speaker :** No, No, No. Not allowed.

**শ্রী কাশীনাথ মিশ্র :** এই যে ১৮৬ জনের মৃত্যু ঘটেছে তারজন্য কটা এফ. আই. আর. হয়েছিল এবং টোটাল অ্যাকিউজড্ পারসনের সংখ্যা কত।

**Shri Jyoti Basu :** We have no report on how many FIRs were lodged but the persons arrested are-

| | |
|---|---|
| Congress (I) | : 473 |
| C.P.I.(M) | : 371 |

So C.P.I.(M) people also get arrested.

| | |
|---|---|
| C.P.I. | : 22 |
| Jhar Khand | : 4? |
| Charge Sheet Against | : 217 |
| Final Report | : 15 |
| Under Investigation | : 2 |

Of the incident of clashes, 184 are intraparty and 2 are intraparty. The actual number of political murder on police record is one. The victim is Naba Kumar Dolai (CPI-M)-Keshpur P.S. case no. 6(4) 79. The person is alleged to have been killed by a Congress supporter.

## কুমারী ব্রিজের অ্যাপ্রোচ রোড নির্মাণ

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩।) **শ্রী সুধাংশুশেখর মাঝি :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার কুমারী ব্রিজের অ্যাপ্রোচ রোড নির্মাণের জন্য কোনো অর্থ বরাদ্দ করা হয়েছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত কাজে বিলম্বের কারণ কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) সেতু ও অ্যাপ্রোচ রোড নির্মাণের বিষয়টি মানবাজার বান্দোয়ান কুইলাপাল, এই সড়ক নির্মাণ প্রকল্পটির অংশ বিশেষ। সে জন্যে আলাদাভাবে অ্যাপ্রোচ রোডের জন্য অর্থ বরাদ্দের প্রশ্ন ওঠে না।

(খ) অ্যাপ্রোচ রোড নির্মাণের জন্য ঠিকাদার নিয়োগ করা হয়েছে। সেতুর কাজ শেষ হবার সঙ্গে সঙ্গে অ্যাপ্রোচ রোড নির্মাণের কাজ শেষ করার চেষ্টা চলছে।

**শ্রী সুধাংশুশেখর মাঝি ঃ** আপনি বললেন কুমারী ব্রিজের জন্য ঠিকাদার নিয়োগ করা হয়েছে। কিন্তু আপনি নিজে বলেছিলেন বর্ষার আগে কমপ্লিট করা হবে। কিন্তু বর্তমানে যে অবস্থা দেখছি তাতে এই ব্রিজের কাজ আগামী ১৯৮৭ সালের বর্ষার আগে কমপ্লিট হবে না। মাননীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে কি অবগত আছেন।

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** মোট রাস্তার দৈর্ঘ্য হচ্ছে ৪৩.২৬ কিলোমিটার এবং ইতিমধ্যে সেতুর কাজ প্রায় শেষ হতে চলেছে। সেতুর কাজ শেষ না হলে অ্যাপ্রোচ রোড করা হবে না এবং আমাকে এই অ্যাপ্রোচ রোডের জন্য প্রথমে কমপ্যাকট আর্থ ওয়ার্ক করতে হবে এবং সেইজন্য ঠিকাদার নিয়োগ করে রেখেছি। যে মুহূর্তে কাজ শেষ হবে সঙ্গে সঙ্গে অ্যাপ্রোচ রোডের কাজ হয়ে যাবে। বর্ষা আসবার আগেই শেষ হবার সম্ভাবনা আছে বলে আমার কাছে খবর আছে।

**শ্রী সুধাংশুশেখর মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই যে তথ্য পরিবেশন করলেন যে বর্ষা আসবার আগেই কাজ কমপ্লিট হয়ে যাবে, এই তথ্য কিসের ভিত্তিতে আপনি বিধানসভায় পরিবেশন করছেন এবং ওখানে যে ঠিকাদার নিয়োগ করা হয়েছে সে কি সেই দায়িত্ব নিয়ে সেই ব্রিজের কাজ করছে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** যখন ঠিকাদার নিয়োগ করা হয় তখন সবদিক বিচার-বিবেচনা করেই করা হয়। যদি কোনো ঠিকাদার ঠিকমতো কাজ না করতে পারেন তাকে তাড়িয়ে দিয়ে স্পট্-বিড করি। সুতরাং কাজ যাতে তাড়াতাড়ি করতে পারে সেই ব্যবস্থা আমরা করব।

### খাতরায় নতুন মহকুমা স্থাপন

***১১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪।) **শ্রী অনুপকুমার চন্দ্র ও শ্রীকাশীনাথ মিশ্র ঃ** গত ২০-৯-৮৫ তারিখের প্রশ্ন নং ৫৮ (অনুমোদিত প্রশ্ন নং ৫৯)-এর উত্তরের প্রাসঙ্গিকতায় স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্ব জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার খাতরায় নতুন মহকুমা স্থাপনের কাজে বিলম্বের কারণ কি ;

(খ) ১৯৮৫-৮৬ সালে উক্ত 'মহকুমা' স্থাপনের জন্য সাব জেল, মহকুমা শাসকের কার্যালয়, সাবডিভিশনাল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের আদালত সহ অন্যান্য অফিস, আদালত গৃহ ও থানার উন্নয়ন প্রকল্পে কত টাকা বরাদ্দ করা হয়েছে ; এবং

(গ) খাতড়াকে কবে নাগাদ 'মহকুমা' হিসাবে সরকারিভাবে গণ্য করা হবে বলে আশা করা যায়?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) মাস্টার প্ল্যান অনুযায়ী নির্মাণকার্য শুরু করা সাপেক্ষে কোর্ট, অফিস, ট্রেজারি ইত্যাদির স্থান সংকুলানের জন্য বাড়িভাড়ার ব্যবস্থা করা ও তাতে প্রয়োজনীয় রদবদলের জন্য সময়ের প্রয়োজন। এ ছাড়াও বিধিসম্মত অন্যান্য প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(খ) ১৯৮৫-৮৬ সালে অতিরিক্ত মহকুমা পুলিশ অফিসের জন্য ৫২,৪০০ টাকা, বিচার বিভাগীয় অফিস কাছারীর জন্য ৬০,০০০ টাকা রাজস্ব পর্ষদের অধীনস্থ দপ্তরগুলির জন্য ৪০,০০০ টাকা এবং ৬৬৮৫ টাকা ট্রেজারির জন্য বরাদ্দ করা হয়েছে।

(গ) যত শীঘ্র সম্ভব সরকার 'মহকুমা' স্থাপন করতে আগ্রহী।

[1-20 —1-30 P. M.]

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—ঐ সাব-ডিভিস্ন্যাল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং অন্যান্য যে আদালত বা ট্রেজারির জন্য সরকার নতুন বাড়ি তৈরি করতে যাচ্ছেন তা আরম্ভ করতে দেরি হচ্ছে। কাজেই সেখানে সরকার বাড়ি ভাড়া নেওয়ার প্রস্তাব নিয়েছেন, সেই প্রস্তাবের মাধ্যমে বাড়ি ভাড়া নিয়ে এটাকে ত্বরান্বিত করা যায় কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** নিজেদের বাড়ি তৈরি করতে দেরি হবে বলেই বাড়ি ভাড়া নেওয়ার প্রস্তাব নেওয়া হয়েছে। কিন্তু বাড়িগুলি নিয়ে সেগুলিকে নতুনভাবে ব্যবস্থা করতে হচ্ছে। যে বাড়ি আমরা নিয়েছি সে বাড়িতে হবে না, কোথাও মেরামত করতে হবে, কোথাও নতুন করে তৈরি করতে হবে, ঐ জন্যই টাকাগুলি বরাদ্ধ করা হয়েছে এবং প্রত্যেকটি ডিপার্টমেন্টে কত কত টাকা হয়েছে সেটাই আমি আগে বললাম।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** ঐ সাব-ডিভিসনটা তাড়াতাড়ি তৈরি না হওয়ায় জন্য দক্ষিণ বাঁকুড়ায় একটা প্রচন্ড অসুবিধা হচ্ছে, সেটা এই আর্থিক বছরের মধ্যে তৈরি করার জন্য কাজটা ত্বরান্বিত করা যাবে কি না জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমরা জানি যে অসুবিধা হচ্ছে, ত্বরান্বিত করার প্রয়োজনীয়তা আছে, আমার মনে হচ্ছে এই বছরের মধ্যেই হয়ে যাবে, এই রিপোর্ট থেকে আমি যা বুঝছি।

**শ্রী গুণধর চৌধুরী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য বলছি যে আমরা জানতে পেরেছি খাতরা মহকুমা স্থাপনের জন্য সরকারি পরিকল্পনা নেওয়া হয়েছে, এবং আমরা শুনেছি যে সেটা মার্চ মাসের মধ্যেই হয়ে যাবে, আপনি এ সম্বন্ধে কিছু বলতে পারেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এ রকম কোনো দিন ধার্য হয়েছে বলে আমি জানিনা। আমরা প্রস্তুতির জন্য টাকাগুলি দিয়েছি, কিন্তু কোন মাসে সম্পূর্ণ হবে তা বলতে পারব না।

## চূর্ণী নদীর জল দূষণ

***১১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৩।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** পরিবেশ বিভাগের

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি চূর্ণী নদীর জল দূষিত হইয়াছে ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, ইহার কারণ অনুসন্ধান করা হইয়াছে কি ; এবং

(গ) উত্তর 'হ্যাঁ' হইলে, দূষণমুক্ত করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শ্রী ভবানী মুখার্জি ঃ**

(ক) কয়েক বৎসর যাবতই জল দূষিত হওয়ার প্রমাণ পাওয়া গিয়াছে।

(খ) হ্যাঁ।

(গ) (১) বাংলাদেশে অবস্থিত চিনির কল ও মদের কারখানা থেকে নির্গত দূষিত জলে চূর্ণী নদীর জল দূষিত হচ্ছে এই অভিযোগ পাওয়ার পর সমস্যাটি ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনে লোকাল লেভেল কমিটির নজরে আনা হয়েছে।

(২) রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ১৯৮৩ মার্চ মাস থেকে নিয়মিতভাবে জল পরীক্ষা করছেন ও সতর্ক দৃষ্টি রাখছেন।

(৩) সম্প্রতি পরিবেশ দপ্তর কল্যাণী বিশ্ববিদ্যালয়ের প্রাণী বিদ্যা বিভাগকে চূর্ণী নদীর জলের দূষণের মাত্রা ও বৈশিষ্ট বিষয় সম্পর্কে গবেষণা প্রকল্প মঞ্জুর করেছেন। দূষণের মাত্রা নির্ণয় এবং বাংলাদেশকে দূষিত জল নিক্ষেপে বিরত করার চেষ্টাই বর্তমানে চলিতেছে।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এটার সঙ্গে সম্পর্ক না থাকলেও একটি রিলেটেড কোয়েশ্চেন অর্থাৎ বাগজোলার যে ড্রেনেজ খাল যেটা দূষিত হয়েছে, এর বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করছেন কি না?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** বাগজোলা খালের কোনো পরিকল্পনা নেই এবং এটা করতে হবে—এইরকম কোনো তাগাদাও আসেনি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** চূর্ণী নদীর জল দূষিত হবার পর সেখানকার মৎস্যজীবী, যাদের জীবিকাই হচ্ছে মাছ ধরা, সেই মাছ ধরা তাদের বন্ধ হয়ে গিয়েছে কারণ ঐ নদীর সমস্ত মাছ মারা পড়েছে ঐ দূষণের ফলে ; এই রকম সংবাদ আপনার কাছে আছে কি না?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** আমাদের কাছে সংবাদ আছে যে, ওখানে মৎস্যজীবীকা সেই রকম মাছ পাচ্ছে না। তারা অভিযোগ জানিয়েছে যে, নদীতে মাছ কমে গেছে।

**শ্রী অনিল মুখার্জি ঃ** চূর্ণী নদী ছাড়া অন্য যেসব নদী আন্তর্জাতিক সীমারেখা অর্থাৎ বিদেশের সঙ্গে যুক্ত আছে, সেগুলো দূষিত হচ্ছে কিনা এবং সেসব আন্তর্জাতিক নদীগুলি দূষিত হবার কারণে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পেয়েছেন কিনা?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** আমাদের সমস্যা পশ্চিমবাংলাকে নিয়ে। তবে পশ্চিমবঙ্গে আন্তর্জাতিক যোগাযোগ আছে—এই রকম আর কোনো নদী আছে কিনা জানি না, সে কারণে এ-সম্বন্ধেও

কিছু জানাতে পারছি না। কাজেই টাকা দেবার প্রশ্ন ওঠেনা। এখানে প্রশ্ন, আর যেন নদীটা ওঁরা দূষিত না করেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কি যে, চূর্ণী নদীর জল দূষিত হবার ফলে ঐ এলাকার গবাদী পশু ঐ দূষিত জল খাবার ফলে গো-মরক দেখা দিয়েছে এবং বহু লোক এলাকা ছেড়ে চলে যাচ্ছে? এই রকম রিপোর্ট সংবাদপত্রে আমরা দেখেছি, কাজেই এর সত্যতা জানেন কি না সেটা জানতে চাইছি।

**শ্রী ভবানী মুখার্জি :** আমরা যে সংবাদ সরকারিভাবে পেয়েছি, সেটা হল যে ঐ নদীর মাছ কমে গেছে। তবে দলে দলে লোক চলে যাচ্ছে বা গরুর ব্যাপক মরক লেগেছে, এই ধরনের খবর আমাদের কাছে নেই। নদীতে মাঝে মাঝে ঘোলা দুর্গন্ধযুক্ত জল আসে, এই রকম সংবাদ আছে। এই রকম জল নিয়মিত আসছে বলেই কোনো সংবাদ নেই।

**শ্রী অমলেন্দ্র রায় :** চূর্ণী নদী আন্তর্জাতিক নদী এবং এর জল দূষণটা হচ্ছে সীমান্তের ওপার থেকে। এর কারণটাও আপনি জানেন। কাজে কাজেই, এই দূষণটা বন্ধ করতে গেলে আন্তর্জাতিক স্তরে আলোচনা ছাড়া বন্ধ করা যায় না ; এটা বুঝার কি সরকারি ব্যবস্থা নেই।

**শ্রী ভবানী মুখার্জি :** মাননীয় সদস্য বোধ হয় ভুলে গেছেন বিষয়টা আন্তর্জাতিক প্রশ্ন বলেই বাংলাদেশ এবং ভারতবর্ষের যৌথ নদী কমিশন-এর লোকাল কমিটির কাছে চূর্ণীর ব্যাপারটা রাখা হয়। এই হাউসেও আগে বলেছি যে, ঐ লোকাল কমিটিরই একটি অংশ, তাঁরা আমাদের সেচ দপ্তরকে চিঠি দিয়ে জানতে চেয়েছিলেন যে, আগামী ১৯শে মার্চ থেকে যে সপ্তাহ শুরু হচ্ছে তার মধ্যে ওঁরা আসতে পারেন কিনা এবং আমাদের সেচ দপ্তরও তাঁদের জানিয়ে দিয়েছে যে, তাঁরা আসতে পারেন। তাঁরা ঐ চূর্ণী নদীর জলের স্যাম্পেল নিয়ে পরীক্ষা করবেন এবং তাঁদের মধ্যে আমাদের লোক আছেন, ওঁদের লোকও অছেন।

[1-30 — 1-40 P. M.]

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন যে ১৯৮৩ সালের মার্চ মাস থেকে নিয়মিত ভাবে পরীক্ষা করা হচ্ছে। চূর্ণী নদীর জলে দূষিত পদার্থ যখন দর্শনা সুগার মিল থেকে আসবে তখন জল পরীক্ষা করার ইচ্ছা আপনার কাছে কি?

**শ্রী ভবানী মুখার্জি :** দর্শনা সুগার মিল এবং একটি মদের কারখানা আছে সেখান থেকে দূষিত পদার্থ এসে চূর্ণী নদীর জল দূষিত করছে, এই খবর আমরা সীমান্ত থেকে পেয়েছি। এখন আমরা নিয়মিত কাজের একটা প্রকল্প গ্রহণ করেছি এবং সেটা ২ বছর ধরে চলবে। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের প্রাণী বিদ্যা বিভাগ নিয়মিত স্যাম্পেল নেবে এবং আমাদের খবর দেবে এবং নিয়মিত একটা কাজের রিপোর্ট আমাদের দেবে।

**মিঃ স্পিকার :** ১১০ নং প্রশ্ন যেটা বাকি ছিল তার উত্তর আমাদের হাতে এসে গেছে। এখন ১১০ নং প্রশ্নের উপর আলোচনা হবে।

**নোট ছাপাই কারখানা**

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০।) **শ্রী অমলেন্দ্র রায় :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয়

অনুগ্রহপূর্বক জানাবেন কি, পানাগড়ে নোট ছাপাই-এর কারখানা স্থাপনের কাজ কতদূর অগ্রসর হয়েছে সে সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার অবগত আছেন কি?

**শ্রী জ্যোতি বসু :**

> ১৯৮৪ সালে কেন্দ্রীয় সরকার পানাগড়ে একটি নোট ছাপানোর কারখানা তৈরির কথা ঘোষণা করেন। তারপর গত বছরের ডিসেম্বর মাসে জানান যে স্থান হিসেবে পানাগড় সুবিধাজনক হবে না, এবং পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে জানতে চান এর জন্যে রাজ্যে অন্য কোথাও উপযুক্ত জমি পাওয়া যাবে কি না। এ বছরের ফেব্রুয়ারি মাসে রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারকে জানানো হয়েছে যে এই কারখানার জন্যে দুর্গাপুরে প্রয়োজনীয় জমি দেওয়া যেতে পারে। দুর্গাপুরের জমি উপযুক্ত বিবেচিত হয়েছে কি না, কেন্দ্রীয় সরকার তা এখনো রাজ্য সরকারকে জানান নি।

**শ্রী অমলেন্দ্র রায় :** পানাগড়ে এই কারখানা করার জন্য ভারত সরকারের একটা সিদ্ধান্ত হয়েছিল। বিশেষ করে প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী এই সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন এবং তাঁরা সমস্ত কিছু দেখেশুনে এই সিদ্ধান্ত নিয়ে ছিলেন। মাননীয় মুখ্যমন্ত্রী দয়া করে জানাবেন কি, তাঁর কাছে এই রকম কোনো রিপোর্ট আছে কি যে কি কি নির্দিষ্ট কারণে হঠাৎ ভারত সরকার এই সিদ্ধান্ত পালটালেন?

**শ্রী জ্যোতি বসু :** এটা আমার পক্ষে বলা কঠিন। তবে আমি জানি প্রথমে যখন এটা নিয়ে কথা হয় তখন প্রাক্তন অর্থমন্ত্রীর সঙ্গে আমার কথা হয়েছিল। তিনি বলেছিলেন পানাগড় ভাল জায়গা কারণ এখানে সিকিউরিটি আছে, মিলিটারি এসটাবলিশমেন্ট আছে। নিরাপত্তা না থাকলে এই কারখানা করা ঠিক নয়। প্রথমে এটা ভাল জায়গা ছিল, পরে এটা কেন্দ্র কেন গ্রহণ করলেন না সেটা বলতে পারব না। আমরা জানি পানাগড়েই হবে। পরে খোঁজ নিয়ে জানলাম এখানে হবে না। ওনারা কেন এই জায়গা পরিত্যাগ করলেন সেটা আমি বুঝতে পারছি না। এখানে মিলিটারি এসটাবলিশমেন্ট আছে, জায়গা প্রচুর আছে, অন্য ব্যবস্থা যেমন জল, বিদ্যুৎ এই সব আছে এবং ইনফ্রাসট্রাকচার করতে হবে। কাজেই আমার কাছে যে চিঠি এসেছে তার থেকে পরিষ্কার কিছু পাওয়া যাচ্ছে না যে এখানে কেন এটা হবে না। এখানে যে চিঠি এসেছে তাতে আমাদের বলেছে এখানে তারা দিতে পারবে না। যাই হোক ওখানে আমরা বলেছি ৪০০ একর জমি দিচ্ছি, আমার ধারণা তাতে হয়ে যাওয়া উচিত। আমরা ৪০০ একর পেয়েছি এবং ৪০০ একর দিতে রাজি আছি। আমাদের কাছে যে রিপোর্ট আছে ওনারা যে সব জিনিস চাচ্ছেন—জল, বিদ্যুৎ—এইগুলি সব আছে। এ ছাড়া আর যে সমস্ত জিনিস দরকার সেটা ওনারা আমাদের যদি বলে দেন এবং এটা নিয়ে আমাদের সঙ্গে যদি পরামর্শ করেন তাহলে আমরা সব জিনিস করে দেব। আমরা সর্তগুলি পূরণ করেছি এবং বাকি গুলোও করব। দুর্ভাগ্যের বিষয় ওনাদের ইচ্ছার কথা আমরা এখনও জানতে পারিনি। যাই হোক এই ব্যাপারে যত তাড়াতাড়ি হয় এবং এখানে যাতে এটা হয় সেই ব্যাপারে চেষ্টা চালিয়ে যাব।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় আমার একটি প্রশ্নের জবাব দিয়েছেন, আর

একটা প্রশ্নের জবাব দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। এখানে কারখানা করা হবে এই কথা বলা হয়েছে এবং আমার যত দূর স্মরণ আছে যে এটা একটা নির্দিষ্ট সময়ের মধ্যে করা হবে বলা হয়েছিল। প্রাক্তন অর্থমন্ত্রী বিগত লোকসভা নির্বাচনের আগে থেকে বলছেন যে এটা নির্দিষ্ট সময়ের মধ্যে এই কারখানা করা হবে। আমি জানতে চাই এই কারখানা নির্দিষ্ট সময়ের মধ্যে হবে কিনা এবং এটা সরকারের তরফ থেকে ঠিক মতো দেখা হচ্ছে কি না? এই খবর যদি দিতে পারেন তাহলে আমার পক্ষে বোঝবার সুবিধা হয়।

**শ্রী জ্যোতি বসু ঃ** নির্দিষ্ট সময়ের মধ্যে ওখানে কারখানা তৈরি হবে বলে কথা ছিল, এ রকম কিছু আমার স্মরণে নেই। তবে কারখানা একটা শুরু হবে এই রকম কথা আমি শুনেছিলাম এবং তারজন্য অল্প পরিমাণে টাকাও বরাদ্দ হয়েছিল। এই সমস্ত কথা তখন নির্বাচনের আগে-পরে হয়েছিল। তারপর অবশ্য ওঁরা হঠাৎ চুপচাপ হয়ে গেছেন। যাইহোক, কথাবার্তা হওয়ার পর আমরা তখন বুঝেছিলাম যে, ওঁরা ঐ জায়গাটা পছন্দ করেছেন। এরপরে ওঁরা আর একটা জায়গা দিতে পারি কিনা তাও বলেছিলেন। যাইহোক, আমরা অফার করেছিলাম। কতকগুলো ক্ষেত্রে এই রকম ঘটনা ঘটে থাকে। আমাদের এখানে মেদিনীপুর একটা অ্যাটোমিক পাওয়ার স্টেশন তৈরির জন্য অফার দিয়েছিলাম। কংগ্রেস সরকারের আমলে ওখানে একটা জায়গা অফার দেওয়া হয়েছিল ; কিন্তু এত কিছু হওয়ার পরে এটা পরিত্যাগ হয়ে গেছে। কি কারণে তা পরিত্যাগ হয়েছে, তা আমি এখুনি বলতে পারব না। তবে এই ব্যাপারে আমাদের এখনও আশা আছে যে কারখানাটি তৈরি হবে। আমরাও এই ব্যাপারে সমস্ত রকম সাহায্য করব।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি—পানাগড়ে একটা নোট ছাপানো'র যে কারখানা হওয়ার কথা ছিল—সে ব্যাপারে আপনাকে ওঁরা জানিয়েছেন—সেটি পশ্চিমবঙ্গের মধ্যেই তৈরি হবে, নাকি অন্য কোনো জায়গায়, যেমন গুজরাট'এ চলে যাবে? এই রকম কোনো সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার নিয়েছেন কি না বলতে পারেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমাদের এখনও আশা আছে যে, কারখানাটি পশ্চিমবাংলাতেই হবে। গুজরাটে তৈরি হবে কি না তা আমার জানা নেই। কাজেই, হবে কি হবে না, সেটি ভবিষ্যতের বিষয়। তেমন কিছু ঘটলে ভবিষ্যতে তা দেখব। আমাদের আশা আছে, উপযুক্ত জায়গা যখন আমরা দিচ্ছি, তখন এখানেই তৈরি হবে। তবে আপনার যে আশঙ্কা আছে, সে ব্যাপারে এখানে একটা কথা বলি—হলদিয়া তে ক্র্যাকার ক্যাটালিস্টের একটা কারখানা হওয়ার কথা ছিল। বিগত সরকার আমাকে সেই মর্মে একটি ফাইলও লিখেছিলেন যে, ওঁরা প্রাইভেট সেক্টরে করবেন না, রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান হিসাবে করবেন। পরবর্তীকালে কিন্তু দেখা যায় কারখানাটি গুজরাটে চলে গেছে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ বিষয়ে আমরা আলোচনা করেছি। আলোচনায় ওঁরা আমাকে বলেছেন যে, এটি তাঁরা দেখছেন ঐটি রিস্টোর হিসাবে করতে পারেন কি না। ওঁরা আরও বলেছেন যে, আমাদের এখানে ওঁরা নিজেরা না পারলেও কোনো প্রাইভেট সেক্টরে করা যায় কি না তা দেখছেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে—পানাগড়ে নোট ছাপানোর যে কারখানাটি হওয়ার কথা ছিল তারজন্য কিছু অর্থ ব্যয়িত হয়েছিল, সেই ব্যয়িত অর্থের পরিমাণ কত?

**শ্রী জ্যোতি বসু ঃ** কোনো অর্থ ব্যয় করা হয় নি।

### উত্তরবঙ্গে ডাকাতির ঘটনা

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় ১৯৮৪ সালের জানুয়ারি মাস থেকে ১৯৮৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে কতগুলি ডাকাতির ঘটনা ঘটেছে ; এবং

(খ) উক্ত ঘটনাগুলিতে সংশ্লিষ্ট কতজনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) ৪৯১টি।

(খ) ২,৩৪৬ জনকে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** যে সমস্ত ডাকাতদের গ্রেপ্তার করা হয়েছে, তাদের কাছ থেকে এ পর্যন্ত কত টাকার মাল উদ্ধার করা হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** না, সেই হিসাব আমার কাছে নেই।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** আপনার কাছে উত্তরবঙ্গের ডিস্ট্রিক্ট ওয়াইজ ব্রেক আপ আছে?

[1-40 — 1-50 P. M.]

**শ্রী জ্যোতি বসু ঃ** মালদহে কেস হচ্ছে ৬৬টি, চার্জশিট হচ্ছে ৭টি, এফ. আর. টি. ৭টি সাজা হচ্ছে ১ জনের আর ছাড়া পেয়েছেন ৩জন এবং পেন্ডিং, ইনভেস্টিগেশন ৫২টি। পশ্চিম দিনাজপুরে কেস ২৫২টি, চার্জ শিট ১৮, এফ. আর. টি. ৪৭, সাজা হচ্ছে ২জন, অ্যাকুইটেড ২জন, আর পেন্ডিং ; ইনভেস্টিগেশন ১৮৬। কুচবিহারে কেস হচ্ছে ৭৭, এফ. আর. টি. ৬, এখানে কোনো কনভিকশন হয় নি, ইনভেস্টিগেশন আছে ৭১টি। জলপাইগুড়িতে কেস হচ্ছে ৭৪টি, চার্জশিট ১৪, এফ. আর. টি. ১৮, সাজা ৩জন, ছাড়া পেয়েছে ১জন আর ৪২টি ইনভেস্টিগেশনে আছে। দার্জিলিং কেস ২৩টি, চার্জশিট ৪, এফ. আর. টি. ৬ আর ১৩টি ইনভেস্টিগেশন হচ্ছে। এই হচ্ছে হিসাব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই যে ম্যাকসিমাম ডাকাতির কেস দেখালেন জেলাওয়ারী যথা ২৫১টি কেস, ১৪টি চার্জশিট এবং এফ. আর. টি. ৫৭টি—এই যে ফাইনাল রিপোর্ট দেওয়া হয়েছে আপনাকে এরমধ্যে কি কোনো পলিটিক্যাল প্রেসার বা পলিটিক্যাল ইনফ্লুয়েন্স আছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** ডাকাতির সঙ্গে এঁদের কি সম্পর্ক। তবে কোনো কনভিকশন হয়েছে কিনা তার কোনো রিপোর্ট আমার কাছে নেই। তাছাড়া ওইভাবে কোনো কংগ্রেস ডাকাত বা কাদের ডাকাত তা বলতে পারব না।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** আমরা বিভিন্ন জায়গায় দেখছি যে যুবকংগ্রেস নেতারা খুব

গাড়ি-টাড়ি চুরি করছেন, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি যে হিসাব দিলেন সেই ব্রেকআপের ভেতরে বিভিন্ন জেলায় ওইভাবে চিহ্নিত কত জন ডাকাত কংগ্রেসি করে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে ওইরকম কোনো রিপোর্ট নেই।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, গত বছরে যে ডাকাতি হয়েছে তাতে কতজনের মৃত্যু হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে রিপোর্ট নেই, তবে আপনি যদি প্রশ্ন করেন উত্তর দেব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে উত্তরবঙ্গে ডাকাতির প্রাদুর্ভাব বেশি হয়ে গেছে, ওপার এবং এ পারের ক্রিমিন্যালের যোগসাজসে এটা বেড়েছে—এইরকম তথ্য পুলিশ রেখেছেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এই প্রশ্নের সঙ্গে এটা জড়িত নয়। তবে ওইরকম রিপোর্ট আমার কাছে আছে যে এখানে ডাকাতি করে ওপারে চলে যাচ্ছে বা এমনও হয়েছে আমাদের দেশের ডাকাত বিহারে চলে যাচ্ছে। এইরকম কতগুলি স্পেশিফিক কেসের রিপোর্ট আমার কাছে এসেছে।

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, বর্ডার ডিস্ট্রিক্টে বিশেষ করে মালদহ জেলার ৬৬টি ডাকাতি হয়েছে বললেন, আর কত ডাকাতি হয়েছে তার তথ্য জানা নেই, ওই ডাকাতির পেছনে বর্ডার এলাকায় নতুন নতুন অস্ত্রশস্ত্র আমদানি হচ্ছে কিনা এই বিষয়ে প্রশাসন কোনো খোঁজখবর রেখে কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** ওই রকম রিপোর্টের কথা আগের মাননীয় সদস্যও বলেছেন সেইরকম রিপোর্ট এলে তা দেখে আমরা যথাযথ ব্যবস্থা গ্রহণ করি।

### বাঁকুড়া জেলার বেথুয়ালা গ্রামে বৈদ্যুতীকরণ

***১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৭।) শ্রী সাধন পান্ডে ও শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার রাণীবাঁধ থানার অন্তর্গত বেথুয়ালা আদিবাসী অধ্যুষিত গ্রামটিতে এ পর্যন্ত বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা কার্যকর না হওয়ার কারণ কি ; এবং

(খ) ঐ স্থানে কবে নাগাদ উক্ত গ্রামে বৈদ্যুতীকরণের কাজ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ**

(ক) বাঁকুড়া জেলার রাণীবাঁধ থানার অন্তর্গত বেথুয়ালা মৌজা (জে. এল. নং ৭২) বর্তমানে কোনো গ্রাম বৈদ্যুতিকরণ স্কীমের অন্তর্ভুক্ত নেই।

(খ) বলা সম্ভব নয়।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বাঁকুড়া জেলার এই বেথুয়ালা গ্রামটা আদিবাসী অধ্যুষিত গ্রাম, এখানে বিদ্যুৎ নেই, মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই আর্থিক বছরে সেখানে বিদ্যুৎ পৌছবার ব্যবস্থা করতে পারবেন কি না?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এই ব্যাপারে জেলাস্তরে একটা কমিটি আছে, তারা ঠিক করবেন যে কোন কোন মৌজায় আগামী বছরে বৈদ্যুতিকরণ করা হবে।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আদিবাসী অধ্যুষিত এলাকাগুলিকে বৈদ্যুতিকরণ করার জন্য ২০ দফা কর্মসূচীর মধ্যে কোনো প্রোগ্রাম আছে কি না?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এটা তো আদিবাসী এলাকার কথা, সেই রকম মৌজার সংখ্যা অনেক আছে। বাঁকুড়া জেলার কোন কোন মৌজায় করা হবে, এটা জেলাস্তরে যে কমিটি আছে তারা যাদের অগ্রাধিকার দেবে তারই ভিত্তিতে হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই সাম্প্রতিক গভর্নমেন্ট অর্ডারে বলেছেন যে তফসিলি মৌজা বলে চিহ্নিত জায়গায় বৈদ্যুতিকরণের অগ্রাধিকার দিতে হবে, কিন্তু বহু ব্লক আছে যেখানে হাজার হাজার তফসিলি মানুষ বাস করে অথচ তফসিলি মৌজা বলে চিহ্নিত নয় সেই সব ক্ষেত্রে কি হবে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** তফসিলি মৌজা ও তফসিলি মৌজা নয় দুটোতেই করা হবে। কিন্তু সেখানে যে পার্সেন্টেজ ঠিক করেছেন সেটা কতখানি হবে না হবে জেলাস্তরে যে কমিটি আছে তারা ঠিক করবেন। কয়টি শিডিউল কাস্ট মৌজায় করবে এবং কয়টি শিডিউল ট্রাইবস মৌজায় করবে তাদের অগ্রাধিকার ভিত্তিতে এটা নির্দিষ্ট হবে।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় গ্রাম বৈদ্যুতিকরণের ব্যাপারে জেলাস্তরে যে কমিটি আছে তাদের কথা বললেন। কিন্তু এমন কিছু গুরুত্বপূর্ণ জায়গা আছে যেখানে হয়ত এখন বৈদ্যুতিকরণের কাজ হচ্ছে না। এইক্ষেত্রে এম. এল. এ.-দের সুপারিশ পর্যালোচনা করে যদি দেখা যায় যে সেখানে বৈদ্যুতিকরণ হলে সেই এলাকার আর্থিক উন্নতিসাধন হতে পারে, এই সব ক্ষেত্রে অগ্রাধিকার দিতে পারবেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এম. এল. এ.র কাছ থেকে যদি কোনো সুপারিশ আমার কাছে আসে তাহলে সেটা ঐ কমিটির কাছে পাঠিয়ে দেওয়া হয়।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি জেনারেল স্কীম ছাড়া শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবসদের জন্য ইলেকট্রিফিকেশনের স্পেশ্যাল কোনো প্রপোজাল আছে কি না?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** আগেই বলেছি যে আছে।

**শ্রী নটবর বাগ্দী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বিগত কংগ্রেস সরকার তাদের আমলে শিডিউল কাস্ট এলাকায় ঘরে ঘরে বিদ্যুতের আলো পৌছে দেবার জন্য ইলেকট্রিকের যে খুঁটিগুলো পুঁতেছিল সেইগুলি একমাত্র জমিদার জোতদারদের ঘরের কাছে পুঁতেছিল শিডিউল কাস্ট এলাকায় যায়নি সেটা ঘটনা। আমার প্রশ্ন শিডিউল কাস্টদের ঘরে আলো পৌছে দেবার

জন্য নতুন করে যে পরিকল্পনা নিয়েছেন তাতে শিডিউল কাস্টদের প্রতিটি পাড়ায় যাতে বিদ্যুৎ যায় তার জন্য চিন্তা করেছেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এই রকম অভিযোগ শোনা যায় শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস মৌজায় যেখানে প্রধানত শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবসরা বাস করে সেখান দিয়ে লাইন না দিয়ে যারা ধনী তাদের বাড়ির কাছ দিয়ে লাইন গেছে। সেই জন্য আমরা নতুন ভাবে চেষ্টা করছি একসটেনশন স্কীম করে এই সমস্ত জায়গায় বিদ্যুৎ পৌছে দেওয়া যায় কি না?

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আদিবাসী পল্লিগুলিতে বিনামূল্যে বিদ্যুৎ সরবরাহের কোনো কর্মসূচী আছে কি না? এবং যদি থাকে তাহলে এই বছরে কতগুলি মৌজায় বিদ্যুৎ সরবরাহের প্রস্তাব আছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** যারা শিডিউল কাস্ট, যাদের পয়সা কম আর্থিক অবস্থা খারাপ তাদের বাড়িতে দুটো করে বাল্ব জ্বালাবার জন্য ব্যবস্থা করা হচ্ছে। তাদের ওয়ারিং এবং লাইন ফিট করে দেওয়ার ব্যবস্থা সরকারের পক্ষে বিদ্যুৎ পর্ষদ থেকে করা হবে। এবং যত ইউনিয়ন আছে—আই. এন. টি. ইউ. সি., সিটু তারা তাদের শ্রম দিয়ে সেটা করে দেবেন এই রকম একটা প্রস্তাব আছে। এই জন্য তাদের মাসে ৫ টাকা করে দিতে হবে।

### আয়কর খাতে রাজ্যগুলির প্রাপ্যাংশ

***১১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৪।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী আয়কর খাতে রাজ্যগুলির প্রাপ্যাংশ কত; এবং

(খ) কেন্দ্রীয় সরকার আয়কর খাতে আদায়ীকৃত অর্থের কত অংশ রাজ্য সরকারগুলিকে দিচ্ছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) অষ্টম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী আয়কর খাতে রাজ্যগুলির প্রাপ্য অংশ হল, আয়কর বাবদ কেন্দ্রীয় সরকারের নিট্ আয়ের পঁচাশি শতাংশ। এটার হিসেব করা হয় কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জন্যে নির্দিষ্ট মোট আয়ের এক দশমিক সাত নয় দুই শতাংশ বাদ দিয়ে।

(খ) অষ্টম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী আয়কর খাতে আদায়ীকৃত অর্থের পঁচাশি শতাংশ রাজ্যসরকারগুলিকে কেন্দ্রীয় সরকারের দেওয়ার কথা।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** প্রাক্তন অর্থমন্ত্রী মহাশয়ের অভিযোগ ছিল যে অর্থকমিশনের সুপারিশ আনুযায়ী রাজ্য সরকারগুলির যা প্রাপ্য তার থেকে ৭০ শতাংশ কর পাচ্ছে, এটা কি সত্য?

**শ্রী জ্যোতি বসু ঃ** আয়কর দিতে হবে, কম পাবার কথা নয়। অঙ্কের হিসাবে যেটা পাই

সেই ৮৫ ভাগ দিতে হবে। আয়কর সম্বন্ধে অভিযোগ করতে পারি না, সেটা কখনো হয়না। আমরা যেটা বলেছি আয়কর যেটা ছাড় দেওয়া হল কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে গত বছর, এই বছরও যে কিছুটা কমিয়ে দেওয়া হল, কিছু ছাড় দেওয়া হল তাতে আমাদের উপর প্রতিফলন হয়েছে। ওটা যখন ছাড় দিলেন তাতে ৮৫ ভাগ পেলেও আমার ভাগটা কিছুটা কম হবে।

**জীবন মণ্ডলের হাট-সোনাটিকারী হাট রাস্তা নির্মাণ**

***১২৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৩১৭।) **শ্রী প্রবোধ পুরকাইত ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চব্বিশ-পরগনা জেলার জীবন মণ্ডলের হাট হইতে সোনাটিকারী হাট (ঢাকিরমুখ) পর্যন্ত রাস্তাটি নির্মাণের কাজ এ পর্যন্ত কতদূর অগ্রসর হয়েছে ;

(খ) উক্ত রাস্তা নির্মাণের কাজ কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) রাস্তাটির ৫.৩৫ কি.মি. পর্যন্ত পীচের কাজ শেষ হয়েছে। এই আর্থিক বৎসরে ৫.৬৫ কি.মি. পর্যন্ত মাটির কাজ শেষ হওয়ার কথা আছে।

(খ) প্রয়োজনীয় অর্থ বরাদ্দের উপর রাস্তার কাজ শেষ হওয়া নির্ভর করছে।

[1-50 —2-00 P. M.]

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** যে অংশটিতে পীচের কাজ সম্পূর্ণ হয়েছে সেটা আপনি বললেন। কিন্তু বাকি অংশটিতে মাটি ফেলার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন কিনা, জানাবেন?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য জানেন এই রাস্তাটির দৈর্ঘ্য হচ্ছে ২৩ কিলোমিটার এবং আমরা খানিকটা পীচের কাজ করেছি, বাকিটার জন্য টাকা বরাদ্দ করেছি। এই অবস্থায় মাটির কাজ আমরা ঐ পর্যন্তই শেষ করব যেটা ঠিক করেছি।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** যে পর্যন্ত পীচের কাজ হয়েছে সে পর্যন্ত তো মাটির কাজ সম্পূর্ণ হয়েই আছে। দীর্ঘ রাস্তা হলেও বাকি যেটা আগে এই বছর অন্তত মাটি ফেলার কাজটা সম্পূর্ণ করবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** মাটির কাজ ৫.৬৫ কিলোমিটার আমরা আরো করতে পারব, কিছু পীচ হয়েছে। এক সঙ্গে ২৩ কিলোমিটার রাস্তা আমরা করতে পারব না। কারণ, বিভিন্ন রাস্তার জন্য বিভিন্ন খাতে আমাকে টাকা দিতে হয়।

**নগর/শহরের পরিবেশ দূষণ রোধ**

***১২৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৬।) **শ্রী অনিল মুখার্জি ঃ** পরিবেশ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলিকাতা সহ অন্যান্য নগর ও শহরের পরিবেশ দূষণ মুক্তির জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ;

(খ) তন্মধ্যে কোন্‌গুলির পরিবেশ দূষণ রোধকল্পে পৃথক ব্যবস্থা হয়েছে ; এবং

(গ) ব্যবস্থা হয়ে থাকলে ঐ প্রকল্পে কোন কোন শহর/নগরের জন্য এ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে ও কি কি কাজ হয়েছে?

**শ্রী ভবানী মুখার্জি ঃ**

(ক) (১) সাধারণভাবে শহরাঞ্চলের জল দূষণ কমানোর জন্য বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের উপর নোটিশ জারি ও ট্রিটমেন্ট প্ল্যান্ট তৈয়ারির জন্য চাপ দেওয়া হচ্ছে।

(২) গুরুতর দূষণকারী যাহারা দূষণ প্রতিরোধ উদ্দেশ্যে কোনো ব্যবস্থা গ্রহণে অনিচ্ছুক দেখা যাইতেছে তাহাদের বিরুদ্ধে আদালতে মামলা রুজু করা হইতেছে।

(৩) গঙ্গা প্রকল্প মারফত কতকগুলি শহরের পৌর এলাকার দূষিত জল গঙ্গা হইতে দূরে অন্যত্র অপসারিত করিয়া দূষণ মুক্তির জন্য কিছু কিছু কাজ শুরু হইয়াছে।

(৪) শহর ও গ্রামাঞ্চলের জন্য দুই পাতকুয়া যুক্ত পৌর ফ্লাশ পাইখানা নির্মাণের কাজ চলিতেছে।

(৫) বায়ু দূষণের জন্য দায়ী কলকারখানার ক্ষেত্রে Smoke Nuisance Act আইন অনুযায়ী নোটিশ জারি হইতেছে, এবং Air (Polution & Control) Act, 1981 আইন অনুযায়ী অনুমতি (consent) প্রার্থনার শেষ তারিখ (১২ই ফেব্রুযারি '৮৬) ঘোষিত হইয়াছে দরখাস্ত সংগ্রহ করা হইতেছে এবং সেইগুলি প্রয়োগ করা হইতেছে।

(৬) কলিকাতা এবং হাওড়া এক স্থানে এবং শিলিগুড়িতে মোটর, লরি, বাস প্রভৃতির বায়ু দূষণ মাত্রা পরীক্ষা করা হইতেছে এবং অটো নিঃসৃত গ্যাস ধোঁয়ার মাত্রা ঘোষিত হইয়া উহা কার্যকরী করার ব্যবস্থা চলিতেছে।

(৭) গঙ্গা ও চূর্ণী নদীর জলের নমুনা নিয়মিত পরীক্ষা করিয়া দূষণ মাত্রা পর্যালোচনা করা হইতেছে।

(৮) হাওড়া ও হলদিয়া প্রতিদিন বায়ুর নমুনা লইয়া বায়ু দূষণের মাত্রা নির্ণয় করা হইতেছে।

(খ) প্রশ্নটি দ্বারা প্রশ্নকর্তা কি জানিতে চাহিয়াছেন, বুঝিতে পারা যাইতেছে না।

(গ) গঙ্গা প্রকল্পের অংশ হিসাবে নিম্নলিখিত শহরের জন্য নর্দমার দূষিত জল Diversion (ভিন্নমুখে চালনার কার্যসূচী) এর কার্যসূচীতে ইতিমধ্যে এই অর্থ বরাদ্দ হইয়াছে ঃ-

| | | |
|---|---|---|
| চন্দননগর | .... | ৩২ লক্ষ |
| শ্রীরামপুর | .... | ৩৩ লক্ষ |

| | | |
|---|---|---|
| টিটাগড় | ..... | ২০ লক্ষ |
| ভাটপাড়া | .... | ১৫ লক্ষ |

টেন্ডার গ্রহণ ও কাজ বরাদ্দ করার ব্যবস্থা হচ্ছে

## Starred Questions
## (to which written answers were Laid on the table)

### আবর্জনা থেকে বিদ্যুৎ উৎপাদন

***১২৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৩।) **শ্রী মনোহর তিরকেঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জনাইবেন কি, আবর্জনা থেকে বিদ্যুৎ উৎপাদনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

**The Minister of State in Charge of the Power Deptt.:**

হ্যাঁ। এখন পরীক্ষা নিরীক্ষার পর্যায়ে আছে।

### মানিকপুর-সারেঙ্গা-হীরাপুর বাজার রোডের কাজ

***১২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৫১১।) **শ্রী রাজকুমার মণ্ডলঃ** গত ২২শে মার্চ, ১৯৮৪ তারিখের বিধানসভার তারকিত প্রশ্ন নং *৩০১ (অনুমোদিত প্রশ্ন নং *১২২২)-এর উত্তর উল্লেখপূর্বক পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আদালতের নির্দেশে বন্ধ সাঁকরাইল থানার মানিকপুর-সারেঙ্গা-হীরাপুর বাজার রোডের অসমাপ্ত কাজ কবে নাগাদ পুনরায় আরম্ভ হইবে; এবং

(খ) কতদিনের মধ্যে উহার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister in Charge of Public works Deptt.:**

(ক) ও (খ) মাননীয় সদস্য কর্তৃক উল্লিখিত রাস্তার যে সামান্য অংশে আদালতের নির্দেশে কাজ বন্ধ আছে, সেই অংশের কাজ পুনরায় আরম্ভ করা নির্ভর করছে আদালতে বিষয়টির নিষ্পত্তির উপর। কাজেই কবে নাগাদ কাজ শুরু হবে এবং কতদিনের মধ্যে শেষ হবে তা এখনই বলা সম্ভব নয়।

### খড়দহে হিন্দুস্থান হেভি কেমিক্যালের গেটের সামনে সংঘর্ষ

***১২৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৮।) **শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্যঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ৬-২-১৯৮৬ তারিখে খড়দহ থানার অন্তর্গত হিন্দুস্থান হেভি কেমিক্যালের গেটের সামনে কোনো সংঘর্ষের ঘটনার সংবাদ সরকারের গোচরে এসেছে কি;

(খ) এসে থাকলে, উক্ত ঘটনার কারণ অনুসন্ধান করা হয়েছে কিনা; এবং

(গ) উক্ত ঘটনায় জড়িত কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে?

**The Minister-in-charge of Home (Police) Deptt.:**

(ক) হ্যাঁ, এসেছে।

(খ) হ্যাঁ, হয়েছ।

(গ) আট (৮) জনকে।

**বক্রেশ্বর বিদ্যুৎ প্রকল্প স্থাপনে বৈদেশিক রাষ্ট্রের সহযোগিতা**

***১৩০।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৩।) **শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বক্রেশ্বর নতুন বিদ্যুৎ প্রকল্প স্থাপনে কোনো বৈদেশিক রাষ্ট্রের সহযোগিতার আশ্বাস পাওয়া গিয়াছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে, সেই রাষ্ট্রের নাম কি ;

(গ) উক্ত রাষ্ট্রের নিকট কি ধরনের সহযোগিতা পাওয়া যাবে ; এবং

(ঘ) এই প্রকল্প রূপায়ণে,

(১) মোট কত টাকা খরচ হবে, ও

(২) মোট কত মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে?

**The Minister of State in charge of the Power Deptt.:**

(ক) হ্যাঁ।

(খ) রাশিয়ার একটি প্রতিষ্ঠান ও বিড়লা টেকনিক্যাল সার্ভিস এর সমন্বয়ে গঠিত একটি কনসোরটিয়াম এবং জাপানের একটি প্রতিষ্ঠান ও ডি. সি. পি. এল (কুনজিয়ান কর্পোরেশন, ইউ. এস. এ.)-এর যৌথ কনসোরটিয়াম।

(গ) কারিগরী ও অন্যান্য আর্থিক সহযোগিতায় প্রস্তাব আছে। পশ্চিমবঙ্গ সরকার ও ভারত সরকারের সমস্ত বিষয়টি বিবেচনাধীন আছে।

(গ) (১) অনুমোদিত ব্যয় ৬৮২.৫৮ কোটি টাকা।

(২) ৬৩০ মেগাওয়াট।

**ইছাপুর-কোলিয়া রাস্তা নির্মাণ**

***১৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৬।) **শ্রী রবীন্দ্র ঘোষ :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাওড়া জেলার শ্যামপুর ১নং ব্লকের ইছাপুর হইতে কোলিয়া রাস্তাটির নির্মাণের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে?

**The Minister-in-charge of Public works Deptt.:**

উল্লিখিত রাস্তাটির প্রকল্পগত নাম 'ধান্দালিয়া-নবগ্রাম ঘোষপুর-কোলিয়া' সড়ক। রাস্তাটির নির্মাণ কাজ শেষ হয়ে গেছে। এই কাজের জন্য মোট খরচ হয়েছে ১৫,০৮,১৮৮ টাকা।

## মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫০।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস:** গত ২৮শে মার্চ, ১৯৮৫ তারিখের প্রশ্ন নং *২৯৮ (অনুমোদিত প্রশ্ন নং *১১৪০)-এরে উত্তর উল্লেখে বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজ বর্তমানে কি পর্যায়ে আছে ; এবং

(খ) সপ্তম যোজনায় ঐ প্রকল্পে কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ কত?

**The Minister of State-in-charge of the Power Deptt.:**

(ক) বনভূমি অধিগ্রহণের অনুমোদন এখনও ভারত সরকারের পরিবেশ ও বন মন্ত্রক থেকে পাওয়া যায়নি। অন্যান্য জমি অধিগ্রহণের কাজ শীঘ্রই শুরু হবে। জরিপ ও মৃত্তিকা অনুসন্ধান কাজ সমাপ্ত হয়েছে। কালিদাসপুর কয়লা খনি অঞ্চল থেকে প্ল্যান্ট এলাকা পর্যন্ত রেলওয়ে লাইন বসানোর জন্য জরিপের কাজ চলছে।

(খ) ৭ম যোজনায় এই প্রকল্প এবং অন্যান্য নতুন প্রকল্পের অনুসন্ধানের জন্য মোট ২১৭.২৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে।

## ভগবানপুর-পশ্চিমবাড় রাস্তার কাজ

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪০।) **শ্রী প্রশান্ত প্রধান:** গত ৪-৪-১৯৮৫ তারিখের *৩৭৭ (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৯)-এর উত্তর উল্লেখপূর্বক পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর-পশ্চিমবাড় রাস্তার কাজ বর্তমানে কি পর্যায়ে আছে ; এবং

(খ) ১৯৮৫-৮৬ আর্থিক বৎসরে উক্ত রাস্তার জন্য কত টাকা ব্যয় হইয়াছে?

**The Minister-in-charge of the Public Works Deptt.:**

(ক) রাস্তাটির ৮.৫ কি.মি. পর্যন্ত মাটির কাজ এবং প্রথম কি.মি. পর্যন্ত 'বি' স্টেজের কাজ শেষ হয়েছে।

দ্বিতীয় কিলোমিটারে একটি বক্স ব্রিজের কাজ আরম্ভ হয়েছে।

(খ) বর্তমান আর্থিক বছরে ১৯৮৬ সালের জানুয়ারি পর্যন্ত মোট দু লক্ষ আঠারো হাজার টাকা খরচ হয়েছে।

## গ্রামীণ বৈদুতিকরণ

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬১।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী পশ্চিমবঙ্গে মোট কত সংখ্যক গ্রামে বৈদ্যুতিকরণ করা হয়েছে ;

(খ) অবশিষ্ট গ্রামগুলিতে কবে নাগাদ বৈদ্যুতিকরণ করা হবে বলে আশা করা যায় ; এবং

(গ) গ্রামীণ বৈদ্যুতিকরণের বর্তমান পদ্ধতির পরিবর্তনের কোনো প্রস্তাব সরকারের আছে কি?

**The Minister of State-in-charge of the Power Deptt.:**

(ক) ফেব্রুয়ারি, ১৯৮৬ পর্যন্ত মোট ১৯৮৭৯টি মৌজা বৈদ্যুতিকরণ করা হয়েছে।

(খ) ১৯৯২ সালে।

(গ) ভারত সরকারের একটি সংস্থা, গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্পোরেশনের সংজ্ঞা অনুসারে কোনো গ্রামে (মৌজায়) একটি বৈদ্যুতিক বাতি জ্বললে সেই গ্রামটিকে বৈদ্যুতিকৃত হিসাবে গণ্য করা হয়। এই সজ্ঞাটি ত্রুটিপূর্ণ। আমাদের প্রস্তাব কোনো মৌজার ব্যাপক এলাকায় যতক্ষণ পর্যন্ত না বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা করা যাচ্ছে সেই গ্রামটিকে বৈদ্যুতিকৃত ধরা উচিত হইবে না।

### পুরুলিয়া-বেগুনকোদার ভায়া আড়ষা রাস্তা নির্মাণ

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৪।) **শ্রী ধ্রুবেশ্বর চট্টোপাধ্যায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া হইতে বেগুনকোদার ভায়া আড়ষা রাস্তাটি নির্মাণের কাজ সমাপ্ত হইয়াছে কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর না হইলে, কবে নাগাদ ঐ কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister-in-charge of the Public Works Deptt.:**

(ক) মাননীয় সদস্য সম্ভবত পুরুলিয়া জেলায় অবস্থিত বেগুনকোদার-আড়ষা রাস্তার নির্মাণ সম্পর্কে জানতে চেয়েছেন। রাস্তাটির নির্মাণকাজ এখনও শেষ হয়নি।

(খ) এখনই বলা সম্ভব নয়। বার্ষিক ব্যয়-বরাদ্দের পরিমাণের উপর কাজ সম্পন্ন হওয়া নির্ভর করে।

### লোকদীপ প্রকল্প

*১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬০১।) **শ্রী বিভূতিভূষণ দেঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের 'লোকদীপ' প্রকল্প কবে থেকে কার্যকরি হবে ; এবং

(খ) তফসিলি জাতি ও উপজাতি অধ্যুষিত এলাকায় ঐ প্রকল্প কার্যকর করা হবে কি?

**The Minister of State-in-charge of the Power Deptt.:**

(ক) ১৯৮৫-৮৬ সাল থেকে।

(খ) শুধু তফসিলি জাতি ও উপজাতি অধ্যুষিত বৈদ্যুতিকৃত মৌজায় এই প্রকল্প বর্তমানে চালু করা হচ্ছে।

**বক্রেশ্বর পরিদর্শন ভবন সংস্কার**

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৭।) **শ্রী সাত্ত্বিককুমার রায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বীরভূম জেলার বক্রেশ্বর পরিদর্শন ভবনটি কবে নাগাদ সংস্কার করিয়া ব্যবহারের উপযোগী করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister-in-charge of the Public Works Deptt.:**

সংস্কারের কাজ ৩১.৫.৮৬ তারিখের মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

**কৃষ্ণনগর পৌরসভার নিকট রাজ্য বিদ্যুৎ পর্ষদের অনাদায়ী অর্থ**

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৪।) **শ্রী সাধন চট্টোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ২৭-৩-১৯৮৫ তারিখে প্রদত্ত প্রশ্ন নং ১৭ (অনুমোদিত প্রশ্ন নং ৬২২)-র উত্তরের পরিপ্রেক্ষিত কৃষ্ণনগর পৌর সভার নিকট ১৯৮৫-৮৬ সাল পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ বাবদ রাজ্য বিদ্যুৎ পর্ষদ-এর কত টাকা পাওনা হয় ;

(খ) ঐ সময়ে কৃষ্ণনগর পৌর সভা রাজ্য বিদ্যুৎ পর্ষদকে কত টাকা পরিশোধ করেছেন ; এবং

(গ) উক্ত পৌর সভার নিকট রাজ্য বিদ্যুৎ পর্ষদের কোনো টাকা পাওনা থাকলে তাহা আদায়ের জন্য কি ব্যবস্থা বিদ্যুৎ পর্ষদ গ্রহণ করেছেন?

**The Minister of State-in-charge of the Power Deptt.:**

(ক) ফেব্রুয়ারি '৮৬ অবধি কৃষ্ণনগর পৌরসভার নিকট পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের ২১ লক্ষ ১১ হাজার ৬৭৬ টাকা ৭১ পয়সা।

(খ) চলতি আর্থিক বৎসরে ঐ পৌরসভা রাজ্য বিদ্যুৎ পর্ষদকে কোনো টাকা দেয় নাই।

(গ) এ ব্যাপারে বিভিন্ন পৌরসভার সঙ্গে ও মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশনের সঙ্গে আলাপ আলোচনা চলিতেছে।

**অগভীর নলকূপ বৈদ্যুতীকরণ**

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯।) **শ্রী সৈয়দ মোয়াজ্জম হোসেনঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৫-৮৬ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে অগভীর নলকূপগুলিতে বিদ্যুৎ সংযোগ করার কত লক্ষ্যমাত্রা স্থির হয়েছে ; এবং

(খ) তম্মধ্যে ১৯৮৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত কতগলি অগভীর নলকূপে বিদ্যুৎ-সংযোগ করা হয়েছে?

**The Minister of State-in-charge of the Power Deptt. :**

(ক) ১৫,০০০

(খ) ৩,৪৮২

[2-00 — 2-10 P. M.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received three notices of Adjournment Motion. the first is from Shri Abdul Karim Chowdhary on the subject of alleged death of one Shri Md. Ilyas, a farmer of Phulbari village in Islampur P.S. by firing of the BSF people on March 8, 1986. The second is from Shri Shamsuddin Ahmed on the subject of arson, murder, dacoity etc. in the border districts of Malda, Murshidabad and West Dinajpur and the third one is from Shri Kashinath Misra on the subject of deplorable condition of the workers of Kolay Biscuit Company.

The Members Will get opportunity to raise the matters during general discussion on the Budget. Moreover, the Members may draw the attention of the Ministers concerned through Questions, Calling Attention, Mention Cases etc.

I, therefore, withhold my consent to all the motions. One Member of the party may, however, read out the text of the motion as amended.

**Shri Abdul Karim Chowdhary :** Mr. Speaker, Sir, I hereby give notice of my intention to ask for leave to move the following motion for the adjournment of the business of the House for the purpose of discussing a definite matter of urgent public importance.

This Assembly do now adjourn its business to discuss a definite matter or urgent public importance and of recent occurrence namely.

On the 8th March last, at about 7 a.m., a number of BSF personnel with rifles reached Phulbari Village in Islampur P.S. to raid it. One Md. Ilyas was going to his field with his plough and cattle. The said BSF men asked him to go to their B.O.P. camp at Sonamati. The farmer got frightened and tried to return to his village. At that time one of the BSF men fired at him from his rifle and killed him on the spot. This created a panic in the area. Villagers gathered and demanded stern action against guilty BSF men and compensation to the bereaved family.

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** Today I have received six notices of Calling Attention namely :-

| | | | |
|---|---|---|---|
| 1. | Reported death of two babies by Small-Pox at North Howrah | — | Shri Dhirendra Nath Sarkar |
| 2. | Reported cash short in Liquidator Office | — | Shri Satyapada Bhattacharya |
| 3. | Alleged murder of three young men at Sunpur, Howrah | — | Shri Shish Mohammad and Shri Anil Mukherjee |
| 4. | Gross irregularities in Provident Fund records in D.I. Office, Howrah | — | Shri Ambica Banerjee |
| 5. | Orders of the Calcutta High Court regarding age of Superannuation of the Primary and Secondary School teachers. | — | Shri Shamsuddin Ahmed |

এটা তো হাইকোর্টের অর্ডারের ব্যাপার, এটা কি করে কলিং এ্যাটেনশনে আসবে?

| | | | |
|---|---|---|---|
| 6. | Non-receipt of Admit Cart of Final Secondary Examination, 1986 by seven students of Vivekananda Vidyalay of Dum Dum | — | Shri Kashinath Misra |

I have selected the notice of Shri Dhirendra Nath Sarkar on the subject of reported death of two babies by Small-Pox at North Howrah.

The Minister-in-Charge will please make a statement today, if possible or give a date.

**Shri Patit Paban Pathak:** Sir, the statement will be given on 21st March, 1986.

**Mr. Speaker:** Now I call upon the Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of reported attack on Shri Sankar Prasad Mitra, M.P. and ex-Chief Justice of Calcutta High Court and two other Judges on the 16th February, 1986, by some hooligans.

(Attention called by Shri Nani Gopal Malakar and Shri Satish Biswas on the 5th March, 1986).

**Shri Jyoti Basu:** Mr. Speaker Sir, I rise to make the following statement in connection with the Calling Attention Notice given by Shri

Nani Gopal Malakar and Shri Satish Biswas regarding an attack upon Shri Sankar Prasad Mitra, M.P., Ex-Chief Justice, Calcutta High Court and two other Judges by hooligans carrying Congress (I) Party flags on 16.2.86 at Muragacha, Haringhata P.S. in the district of Nadia.

On 16th February, 1986 Shri Sankar Prasad Mitra, M.P. Retd. Chief Justice of Calcutta High Court, Justice Shri Bhagabati Prasad Banerjee, Justice Sachi Kanta Hazari, accompanied by Shri Sib Kumar Khanna and others were travelling in two cars owned by Shri Sib Kumar Khanna to participate in the Pathaparikrama with Sankirtan from Babla to Santipur under the auspices of Shri Chaitanya Mahaprabhu 500 Year Abhisekh Utsab Committee. When they reached Muragachamore around 9.15 hours, about 150 persons attacked the cars with bricks causing damage to the cars. They are also reported to have assaulted the occupants of the car. It is reported that Sarbashree Chittaranjan Bag, Sib Sankar Bose and Sib Kumar Khanna sustained minor injuries. Shri Sankar Prasad Mitra, M.P. is reported to have sustained minor injury in his leg by broken glass splinters.

The assailants, according to the reports, belong to the Congress (I) of Chakdaha and Kalyani led by one Sankar Sen, President Nadia Dist. Youth Congress (I), Mohit Sarkar, President, Chakdah Youth Congress (I), Swapan Mitra, Secretary, Kalyani Youth Congress (I) and Tapan Dutta, local leader of Congress (I) of Chakdah. These persons carried Congress (I) flags at the time of occurrence.

Police enquiry reveals that Shri P.R. Das Munshi, President W.B.P.C.C.(I) was supposed to visit Santipur for a Pada Jatra on the morning of 16.2.86 but it was cancelled on 15.2.86. The miscreants waited on the National Highway to intercept Shri Das Munshi and when they saw those two cars, may be due to mistaken identity, Launched the attack. They shouted slogans that no Congressmen would be given entry into Nadia without the permission of Shri Ananda Mohan Biswas, M.L.A., Somen Mitra, M.L.A. and Shri Sankar Singh, President, Youth Congress (I), Nadia, all belonging to the Congress (I) Party. No Prior intimation regarding this journey from Calcutta to Santipur was given to the police.

The District Magistrate and the Superintendent of Police, Nadia, rushed to the spot and extended all courtesy to the M. P. and the Hon'ble High Court Judges and arranged for transport and police protection during further journey in Nadia district and back to Calcutta on the same day.

Over this incident Haringhata P.S. Case No. 8 dated 16.2.86 u/s.

147/148/149/283/323/307/379/427 I.P.C was started. So far 47 persons, known Members and supporters of Congress (I) were arrested. The arrested persons include Sarbashri Mohit Sarkar, Tapan Dutta and Swapan Mitra who took leading part in the incident. Shri Sankar Singh is still absconding. All the arrested person are still in judicial custody. The complaint of this case was taken from Shri Hazarilal Pramanick, Advocate, Calcutta High Court. Investigation of the case is still continuing.

## MENTION CASES

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার এবং এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, তার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমরা মেয়েরা একটা বিষয়ের উপরে আমাদের তীব্র প্রতিবাদ এবং আশঙ্কার কথা আপনার মাধ্যমে জানাচ্ছি। আমি আশা করব যে মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের কাছে সেটা জানাবেন। অতি সম্প্রতি শাহাবানু মামলা নিয়ে সারা ভারতবর্ষে যে বিতর্কিত ঝড় উঠেছে, আমরা দেখছি এই বিতর্কিত ঝড়ের মধ্যে দিয়ে আজকে আমাদের মেয়েদের মর্যাদা এবং অধিকার খুন্ন হতে চলেছে এবং বিশেষ করে মুসলিম নারী সমাজের অধিকার এবং মর্যাদা খুন্ন হওয়ার আশঙ্কা রয়েছে।

[2-10 — 2-20 P. M.]

আজকে যখন আমরা আন্তর্জাতিক নারী বৎসরে মেয়েদের অধিকার এবং মর্যাদার জন্য লড়াই করছি তখন মধ্যযুগীয় অবস্থায় ফিরে যেতে পারিনা। সেই কারণে আজকে যখন শাহবানু মামলাকে কেন্দ্র করে সারা ভারতবর্ষে বিতর্কের ঝড় দেখা দিয়েছে তখন আমরা মেয়েদের অধিকার এবং মর্যাদা সম্পর্কে আতংকিত হয়ে উঠছি। আজকে যদি মুসলিম মহিলাদের অধিকার এবং মর্যাদাকে ক্ষুন্ন করা হয় তাহলে আমরা মনে করি সামগ্রিকভাবে আমাদের সমগ্র মহিলা সমাজের অধিকার এবং মর্যাদাকে ক্ষুন্ন করা হবে এবং তাকে কেন্দ্র করে সারা ভারতবর্ষে ঝড় উঠবে। কারণ আমরা জাতীয় সংহতি এবং সাম্প্রদায়িক সম্প্রীতি চাই। সংহতি এবং সম্প্রীতির মধ্যে দিয়ে, রাষ্ট্র চেতনার মধ্যে দিয়ে মহিলাদের অধিকার গড়ে উঠুক। কিন্তু আজকে যদি মুসলমান মহিলাদের বিচ্ছিন্ন ভাবে, আলাদা করে দেখা হয় আমাদের এই গণতান্ত্রিক এবং ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে, তাহলে আমি মনে করি এর দ্বারা আগামী দিনে ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হবে। সেই জন্য আমি পশ্চিমবাংলার মহিলাদের পক্ষ থেকে ঐ প্রচেষ্টার প্রতি প্রতিবাদ জানাচ্ছি। আমি আশা করব এই বিধানসভার সমস্ত সদস্যরা সম্পূর্ণ অবস্থাটা বিবেচনা করে, মানবিক এবং গণতান্ত্রিক অধিকার সম্পর্কে চিন্তা-ভাবনা করে আমার সঙ্গে সম-সুরে প্রতিবাদ জানাবেন। আমরা কখনই আমাদের অধিকার এবং মর্যাদার লড়াই-এ থেমে থাকতে চাই না, আমরা এই লড়াইকে এগিয়ে নিয়ে যেতে চাই। অতএব আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি যে, তিনি আমার এই প্রতিবাদ অনুগ্রহ করে যথাযথ স্থানে পৌছে দেবেন।

**শ্রী জ্যোতি বসু** ঃ অধ্যক্ষ মহোদয়, মাননীয়া সদস্যাকে বলছি, উনি যে বিষয়টি এখানে উল্লেখ করলেন সে বিষয়ে ইতিমধ্যেই আমরা আমাদের বক্তব্য কেন্দ্রীয় সরকারের কাছে

রেখেছি। লোকসভায় আমাদের যাঁরা প্রতিনিধি আছেন তাঁরাও সেখানে প্রতিবাদ জানিয়েছেন। তবে বিল এসেছে, তা নিয়ে সেখানে আলোচনা হবে, সেখানে আমাদের কথা খুবই পরিষ্কার, উনি যা বললেন তার সঙ্গে আমরা সবাই এক-মত। কিন্তু আমাদের কংগ্রেসি বন্ধুরা কি বলেন, তা তাঁদের একটু জিজ্ঞাসা করুন।

**শ্রী শ্যামল চক্রবর্তী :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গতকাল সংবাদপত্রে যে বিষয়টি নিয়ে সংবাদ প্রকাশিত হয়েছে আমার কাছে সে বিষয়টির বিভিন্ন তথ্যের জেরক্স কপি আছে। সেগুলি নিশ্চয়ই আমি আপনার কাছে জমা দেব। বিষয়টি হচ্ছে—কলকাতা বিশ্ববিদ্যালয়ের একজন গবেষিকা শ্রীমতী তন্দ্রা চৌধুরীর পি. এইচ. ডি. (বোটানির) রিসার্চ পেপার কলকাতা থেকে ২২ তারিখ বিদেশে, লন্ডনে, পাঠানো হয়েছিল। অথচ তার আগেই কলকাতা বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার দিলীপ মুখোপাধ্যায়ের তাতে সই হয়ে গেছে। এই দিলীপ মুখোপাধ্যায় ব্যক্তিটিকে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য যে ৯(৬) ধারা প্রয়োগ করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমস্ত কিছু নয়-ছয় করে কলকাতা বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থার সৃষ্টি করেছেন, সেই ৯(৬) ধারা প্রয়োগ করে নিয়োগ করা হয়েছে এবং তাঁর কার্যকাল বৃদ্ধি করা হয়েছে। ২২ তারিখে এটা কলকাতা থেকে পাঠানো হয় অথচ ২০ তারিখে গবেষক অর্থাৎ পরীক্ষক যার নাম হচ্ছে মিঃ বিভান তিনি লন্ডনেই পেপার পড়ার আগেই।

**Mr. Speaker :** You Cannot mention the name of any person who is not present in the House.

**শ্রী শ্যামল চক্রবর্তী :** আই অ্যাম সরি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পেপার পাবার আগেই ঐ পরীক্ষক তাঁকে পি. এইচ. ডি. ডিগ্রি দেবার জন্য সুপারিশ করে পাঠালেন। সুতরাং এ বিষয়ে অবিলম্বে আমাদের ব্যবস্থা গ্রহণ করা উচিত। পি. এইচ. ডি. ডিগ্রি জাল করে তৈরি করা হচ্ছে। বর্তমানে একজন সাংসদ সদস্যা তিনি নিজেকে ডক্টোরেট বলে পরিচয় দিচ্ছেন। গোটা শিক্ষা ব্যবস্থাকে এরা বানচাল করার চেষ্টা করছেন। আমি এই কপিটা আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে দিচ্ছি। তিনি যেন এ বিষয়ে হস্তক্ষেপ করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী আব্দুল মান্নান :** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় সদস্য শ্রী শ্যামল চক্রবর্তী মহাশয় যে বিষয়টি উল্লেখ করলেন আমি ওনাকে বলেছিলাম জিরো আওয়ারে বলব। এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়। কলিকাতা বিশ্ববিদ্যালয় হচ্ছে ঐতিহ্যশালী বিশ্ববিদ্যালয়, সারা ভারতবর্ষে এর নাম আছে। উনি যে জেরক্স কপিটা দিয়েছেন সেটা আমাদের কাছেও আছে, আমরাও ব্যাপারটি জানি। এই ঘটনাটি তদন্ত করা হোক এবং তদন্ত সাপেক্ষে মাননীয় শিক্ষামন্ত্রীকে পদত্যাগ করতে বলুন। এই ঘটনাটি নিরপেক্ষভাবে তদন্ত করা হোক।

**Mr. Speaker :** Mr. Mannan, for the affairs of the University the Minister concerned can not be held responsible when the University has the senate of its own and has the Vice Chancellor of its own. As a Parliamentarian you should understand it. I now call upon Shri Deba Prasad Sarkar. Mr. Sarkar just a minute. You have mentioned the case

which is vague. It becomes difficult for the Ministry to deal with vague cases. Without any specific matter, they can not give their reply.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি খুবই উদ্বেগজনক, গত ৮ মার্চ এই কলকাতার বুকের উপর নেতাজী সুভাষ রোডে ঘটনাটি ঘটেছে। আমাদের একটি সরকারি প্রকাশনী সংস্থা যেটা কর্পোরেশন অর্থাৎ সরকারি প্রকাশনী সংস্থা কর্পোরেশন বলতে স্বাভাবিকভাবে দৈনিক বসুমতীকেই বোঝায়, সেই কর্পোরেশনের একটি ভাড়া করা গাড়িতে অ্যাক্সিডেন্ট হয় নেতাজী সুভাষ রোডে রাত্রি ১১টার সময়। পুলিশ সেই সময় উপস্থিত হয় এবং সেই ভাড়া করা গাড়িতে বে-আইনি জিনিসপত্র পায়। এটা অত্যন্ত আশ্চর্যজনক ব্যাপার, গাড়ির সামনের অংশ একেবারে দুমড়ে যায়।

[2-20 — 2-30 P. M.]

আরোহীদের মধ্যে যাঁরা আহত হন, সেই আহতদের মধ্যে অন্যতম হচ্ছেন ঐ কর্পোরেশনের চেয়ারম্যানের ছেলে। তিনি মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছেন। ব্যাপারটি উদ্বেগজনক এই কারণে যে সরকারি প্রশাসন সংস্থার একটি গাড়ি তাতে বে-আইনি জিনিসপত্র কি করে পাওয়া গেল এবং আহতদের মধ্যে সেই কর্পোরেশনের চেয়ারম্যানের ছেলে কি করে ছিলেন? শোনা যায় ঐ গাড়িটি প্রতিদিন সন্ধ্যাবেলা খিদিরপুর ডকের মধ্যে যায় এবং মধ্য রাত্রে ফেরে। এটা খুবই সিরিয়াস ম্যাটার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১০ই মার্চ তারিখে বর্তমান কাগজে এটা বেরিয়েছে। আমি মনে করি এতে মানুষের মধ্যে একটা বিরূপ ধারণা হচ্ছে, একটা প্রপার এনকোয়্যারি করা হোক, প্রকৃত ব্যাপারটা আমরা জানতে চাই। সেজন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের কাছে একটা বিবৃতি দাবি করছি। সরকারি প্রকাশনার একটা ভাড়া করা গাড়ি অ্যাকসিডেন্ট হল তার মধ্যে বে-আইনি জিনিসই বা কি করে এল এবং ঐ কর্পোরেশনের চেয়ারম্যান মহাশয়ের ছেলেই বা কি করে এল সেটা আমরা বুঝতে পারছি না। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি তিনি এই হাউসে একটি বিবৃতি দিন যাতে আমরা প্রকৃত ব্যাপারটা জানতে পারি।

**মিঃ স্পিকার ঃ** নাউ মিঃ অশোক ঘোষ। আপনার মেনশনটা আউট অফ অর্ডার। এটা ব্যক্তিগত ব্যাপার। তবুও আমি আপনাকে বলতে দিচ্ছি।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঘটনাটা হচ্ছে এই যে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার দিনের পর দিন পুলিশ খাতে খরচা বাড়িয়ে চলেছেন। আমরা দেখছি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের পুত্রের অ্যাটাচি যখন হারায় সেটা ২৪ ঘণ্টার মধ্যে ফেরত পাওয়া যায়, তাঁর সহধর্মিণীর—নিউ মার্কেটে কাপড়ের প্যাকেট হারিয়ে গেলে তা ১২ ঘণ্টার মধ্যে ফেরত পাওয়া যায়। গত ১৬/১২/৮৫ তারিখে আমি একটা ট্যাক্সি ধরে যাচ্ছিলাম। যেতে যেতে শালকিয়া চৌরাস্তার মোড়ে আমাদের হাওড়া কর্পোরেশনের একজন কাউনসিলার অসুস্থ হয়েছেন শুনে ৮/১০ মিনিটের জন্য তাঁর বাড়িতে যাই, গাড়ি থেকে নেমে। আমার সিকিউরিটি গাড়ির মধ্যে বসেছিল, সে কিছুক্ষণ পরে আমাকে খবর দিল যে ট্যাক্সিওয়ালা চলে যেতে চাইছে। আমি প্রায় সঙ্গে সঙ্গে বেরিয়ে এসে দেখি যে ট্যাক্সিওয়ালা আমার সব মালপত্র রাস্তার উপর

ফেলে দিয়ে চলে গেছে। তার মধ্যে আমার একটা ইমপর্ট্যান্ট ফাইল ছিল এবং সেই ফাইলের মধ্যে অ্যাসেম্বলি সংক্রান্ত সব কাগজপত্র ছিল। আমি আধ ঘণ্টার মধ্যে ডি. সি. ট্রাফিক এবং হাওড়ার এস. পি. কে চিঠি দিয়ে ব্যাপারটি জানাই। আশ্চর্যের কথা স্যার, ১৬.১২.৮৫ তারিখে জানানো সত্ত্বেও ১৪.১.৮৬ তারিখে ডি. সি. আমাকে চিঠি দিয়ে জানালেন যে ট্যাক্সিওয়ালা হাওড়ার লোক আপনি হাওড়ার এস. পি.র সঙ্গে যোগাযোগ করুন। অদ্ভুত পুলিশ প্রশাসন ব্যবস্থা। আমার ঐ ফাইলটির মধ্যে অনেক জরুরি কাগজপত্র ছিল। তাই আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে ঐ ফাইলটি যদি ফেরত পাই তাহলে আমি সরকারের কাছে কৃতজ্ঞ থাকব। ফাইলটি যাতে ফেরত পাই তারজন্য যেন একটু ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী সুনীল দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, আমাদের গোপীবল্লভপুর থানা এলাকা বাংলা, বিহার এবং উড়িষ্যার সীমান্তবর্তী এলাকা। ওখানে দীর্ঘদিন নকশালী তৎপরতা চলেছে। ধান, চাল, লুঠ, সাধারণ মানুষের উপর সন্ত্রাস সৃষ্টি, ভীতি প্রদর্শন করে মাসোহারা আদায় করা এই সমস্ত কাজগুলি দীর্ঘদিন ধরে চলে আসছে। গত ধান কাটার মরশুমে পাট্টা প্রাপক থেকে আরম্ভ করে ছোট, মাঝারি, গরিব সমস্ত চাষীর ফসল লুঠ করা হচ্ছে। গত ২৬শে নভেম্বর তারিখে ৮/১০ বিঘার মোড়ক বাঁধা ধানের আঁটি ওরা লুঠ করে নিয়ে যায়। ঘটনাটিকে কেন্দ্র করে স্থানীয় শান্তিকামী জনসাধারণ শান্তি কমিটি গঠন করেন এবং পরবর্তীকালে আর. জি. পার্টিও গঠন করেন এবং এইভাবে সন্ত্রাসবাদীও সমাজবিরোধীদের রোখার জন্য ঐক্যবদ্ধ প্রয়াস চালিয়ে যান। সেই এলাকায় বর্তমানে শান্তি বিরাজ করছে। নকশালপন্থীরা সেখানে কোনোঠাসা হয়ে পড়েছে এবং বর্তমানে তারা দিশেহারা। কিন্তু এই ঘটনাকে বিকৃত করে প্রাক্তন এম. এল. এ. শ্রী সন্তোষ রাণা মহাশয় বিভিন্ন জায়গায় জুলুম, অন্যায় অত্যাচার এবং বিভ্রান্তিমূলক অপপ্রচার চালাচ্ছেন। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ করছি, যাতে গোপীবল্লভপুর থানার অন্তর্গত হলদী গ্রামের শান্তিপ্রিয় জনসাধারণকে রক্ষা করা যায় তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল যে আরামবাগ অঞ্চলে রেল যোগাযোগ-এর ব্যবস্থা নেই, বাসের মাধ্যমেই সেখানে যাতায়াত করতে হয়। আরামবাগ থেকে কলকাতায় আসা-যাওয়া করতে গেলে সি. এস. টি. সির বাসই সবাই ব্যবহার করে থাকেন। কলকাতা থেকে আরামবাগ যাওয়ার শেষ বাস বিকেল ৫.৪৫ মিনিটে ছাড়ে। কিন্তু প্রায়ই দেখি, ওখানে যেসব যাত্রী যান তাঁদের সপ্তাহের মধ্যে ৫ দিনই বলা হয় যে, বাস আধ ঘণ্টা পরে ছাড়বে। এইভাবে তাঁদের দেরি করিয়ে দিয়ে আটকে রেখে পরে বলা হয় যে বাস আর আজকে যাবে না, বাতিল করা হয়েছে। এইভাবে বিপদের মধ্যে তাঁদের ফেলা হয় এবং জরুরি কাজ থাকলেও কেউ আর যেতে পারেন না। ওখানে যাঁরা সরকারি কাজ করেন তাঁদেরও এ-কারণে অসুবিধা হয়। সেইজন্য মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যমে আবেদন রাখছি। অবিলম্বে আরামবাগ যাবার সি. এস. টি. সির শেষ বাস যাতে সময়ে নিয়মিত ছাড়ে, সেটি যেন কোনোক্রমেই বাতিল করা না হয় তারজন্য যথাযথ

ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী শীশ মহম্মদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় গত ১০.২.৮৬ তারিখে আহিরণ ৩৪ নম্বর জাতীয় সড়কের উপর একটি ম্যাটাডোরের সঙ্গে একটি ট্রাকের অ্যাক্সিডেন্ট হয়। সেদিন সাব-ডিভিসনাল স্পোর্টস্ ছিল। আমার এলাকায় স্কুলের ছেলেরা চাঁদের মোড়ের বাস স্টান্ডে বাসের জন্য দাঁড়িয়ে ছিল। কিন্তু ওখানে ২টি মাত্র লোকাল বাস স্টপেজ রয়েছে, দূরপাল্লার কোনো বাস-স্টপেজ নেই। কিন্তু কলকাতা ও বহরমপুরের সঙ্গে যোগযোগের কেন্দ্রবিন্দুই হচ্ছে চাঁদের মোড় এবং ৭৫ হাজার লোককে সেটা কভার করছে। সেখানে একটি রেল স্টেশন, একটি মিশন, ৪টি হাই স্কুল, একটি হায়ার সেকেন্ডারী স্কুল, একটি প্রাইমারি হেলথ সেন্টার রয়েছে। ফলে সেখানে ছাত্র থেকে আরম্ভ করে বহু রোগীরও আনাগোনা হয়। বাসের অভাবে ছেলেরা সেদিন ম্যাটাডোরে চেপেছিল এবং সেটির অ্যাক্সিডেন্ট হবার ফলে ৪জন ছাত্র মারা যায় এবং ৪ জন আহত হয়। সেখানে বাস-স্টপেজ থাকলে নিশ্চয়ই তারা ঐভাবে যেত না। বাস স্টপেজ না থাকার কারণেই তারা ঐভাবে যেতে গিয়ে মারা গেছে। সেই কারণে মুর্শিদাবাদ আর. টি. এর সঙ্গে যোগাযোগ করে ঐ চাঁদের মোড়ে অবিলম্বে বাস-স্টপেজ ব্যবস্থা করতে অনুরোধ করছি।

**শ্রী সামসুদ্দিন আহমেদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কয়েকটা কথা বলেত চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গত ৩ তারিখে মহামান্য রাজ্যপাল বললেন যে ত্রিস্তর পঞ্চায়েত দৃঢ় পদক্ষেপে এগিয়ে যাচ্ছে। স্যার, আপনি জানেন যে এই ত্রিস্তর পঞ্চায়েতের ভেতর জনপ্রতিনিধিদের মধ্যে অনেক প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষক আছেন। স্যার, আপনি আরো জানেন যে যাঁরা পদাধিকারিক—সভাপতি, সহসভাপতি, জেলাপরিষদের সভাপতি এবং সহকারি যাঁরা রয়েছেন তাদের হোল টাইম ওয়ার্ক করতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, যে সমস্ত শিক্ষক বিধানসভার সদস্য আছেন বিধানসভায় আসার জন্য তাঁদের একটা সারকুলার রয়েছে। যার ফলে তাঁরা দীর্ঘদিন এবং ঘন ঘন ছুটি নিতে পারেন। কিন্তু তাঁদের ক্ষেত্রে এটা দেওয়া যাচ্ছে না। আমি একটি স্কুলের প্রধান শিক্ষক, আমি তাঁদের এই রকম ঘন ঘন ছুটি দিতে পারছি না, কারণ কোনো প্রভিসন নেই। সুতরাং তাঁদের হোল টাইম কাজ করতে অসুবিধা হচ্ছে। একদিকে রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন এই ত্রিস্তর পঞ্চায়েতে জোর কদমে কাজ চলছে, কিন্তু অন্য দিকে তাঁরা কাজ করতে পারছে না। হোল টাইমার যাঁরা আছেন তার মধ্যে যাঁরা শিক্ষক অশিক্ষক কর্মচারী আছেন তারা প্রফেসনাল কাজ করতে পারছেন না। তাঁদের যে অর্থকরী কাজ সেই কাজ তারা ঠিক ভাবে করতে পারছেন না, সেটা ব্যহত হচ্ছে।

(এই সময় লাল আলো জলিয়া ওঠে এবং বক্তার মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রী সতীশচন্দ্র বিশ্বাসঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলার নকশালী তৎপরতার একটা সরস চিত্র আপনার সামনে তুলে ধরছি। স্যার, গত ৭.৩.৮৬ তারিখে নদীয়া জেলার হাঁসখালি ব্লকে

পন্ডিতপুর গ্রামে অনিল ঘোষের একটি বন্দুক ছিনতাই করে নকশালরা। সেখানে পুলিশ অনুসন্ধান করতে গিয়ে একটা চাঞ্চল্যকর ঘটনা উৎঘাটিত করেছে। এতদিন আমরা যে কথা বলে আসছিলাম সেই ঘটনাই ঘটেছে। এই বন্দুক ছিনতাই কেসে কংগ্রেস সেবাদলের সভাপতি ধরা পড়েছে। আমরা আগেই বলেছিলাম নকশালদের মধ্যে কংগ্রেসের সমাজবিরোধীরাও রয়েছে। বামফ্রন্ট সরকারকে হেয় করার জন্য দুর্নীতিগ্রস্ত কিছু পুলিশ এই ঘটনার সঙ্গে যুক্ত আছে। কংগ্রেসি লোকেরা গ্রামে খুন, সন্ত্রাস, রাহাজানী কাজ করছে। নকশাল নামধারী কংগ্রেস সমাজ বিরোধীরা এই সব কাজ করছে, ৭ তারিখের ঘটনার ভেতর দিয়ে এই জিনিস প্রমাণ হয়েছে। সেই জন্য আমি গোটা দেশবাসীকে সাবধান করে দিতে চাই ওদের হাত থেকে রেহাই পাবার জন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আবেদন রাখছি অপরাধীদের ধরে কঠিন সাজা দেবার ব্যবস্থা করুন।

[2-30 — 2-40 P. M.]

**শ্রী বঙ্কিম ত্রিবেদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুর্শিদাবাদ জেলার কান্দি অঞ্চলের রাস্তা ঘাটের ব্যাপারে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্যাপারে নিয়ে আমি গতবারে এই বিধানসভায় উল্লেখ করেছিলাম এবং অনেক চিঠিপত্র লিখে অর্থ ব্যয় করেছি। কিন্তু অবস্থার কোনো পরিবর্তন হয়নি। অবস্থার পরিবর্তন হয় নি এই কথা বললে ভুল হবে, হয়েছে, সেটা খারাপের দিকে হয়েছে। এই রাস্তা দিয়ে বাসে করে গেলে সিট্ বেল্ট্ লাগিয়ে যেতে হবে, তা না হলে বাস থেকে পড়ে যেতে হবে। কেউ ফল্স টিথ পরে থাকলে সেইগুলি ভেঙে যাবে। কেউ যদি চশমা পরে যায় তাহলে সেটা খুলে পড়ে যাবে। বার বার করে অনুরোধ করা সত্ত্বেও রাস্তা-ঘাটের দিকে তাকাচ্ছেন না। কিছু দিন আগে কাগজে দেখেছিলাম মন্ত্রী মহাশয়ের টেলিফোন খারাপ হয়ে গেছে বলে সেই টেলিফোন জেনারেল ম্যানেজারকে তিনি ফেরত দিয়েছিলেন। তিনি ঠিক কাজই করেছেন। সুতরাং তাঁর কাছে আমার বিনীত অনুরোধ বহরমপুরে কাঁদি-সাঁইথিয়া রাস্তাটি তিনি আমাদের কাছ থেকে ফেরত নিয়ে নিন, রাস্তাটির আমাদের আর দরকার নেই। সেই সঙ্গে সঙ্গে তিনি রাস্তার হাত থেকে আমাদের বাঁচান।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার ফুলেশ্বর সিউমান কটন মিল, যেটি আবার নিউ গুজরাট কটন মিল নামেও পরিচিত উক্ত মিলটির মালিক হচ্ছেন কানোরিয়া গোষ্ঠী। বৎসরান্তে এটি একবার সিউমান কটন মিল, একবার নিউ গুজরাট কটন মিল নাম দিয়ে সাইন বোর্ড পাল্টানো হয়। কারখানাটি বেআইনি ভাবে লক আউট করে রেখেছে ঐ প্রতিষ্ঠানটির মালিক পক্ষ। কারখানাটির ১২০০ শ্রমিক-কর্মচারিদের মধ্যে আগে কোনো বিক্ষোভ ছিলনা। মালিকপক্ষ সরকারের উপর চাপ সৃষ্টি করে ব্যাঙ্ক থেকে টাকা আদায় করবার জন্য এক চক্রান্ত করে প্রায় ২০ মাস যাবত মিলটি বন্ধ করে রেখেছে। এই সঙ্গে সঙ্গে মালিকপক্ষ শ্রমিকদেরসপ্তাহের বকেয়া টাকা, ক্যাজুয়াল লিভের টাকা এবং বোনাসের টাকা সবকিছু বকেয়া রেখে দিয়েছে। দুজন শ্রমিক ইতিমধ্যে মারা গেছেন। তাঁরা হচ্ছেন শ্রী মদন দাস ও শ্রী পরিতোষ মণ্ডল। আজ ২০ মাস সময় অতিবাহিত হয়ে গেল অথচ মিলটি একই ভাবে বন্ধ করে রাখা হয়েছে। মালিকপক্ষের অনমনীয় মনোভাবই এর একমাত্র কারণ। আমি কয়েকদিন

আগে দিল্লি থেকে ফিরে এসে দেখলাম সেখানে কিছু পোস্টার পড়েছে। আগামী ১৭ই মার্চ তারা কোনো সংগঠনের সঙ্গে যোগাযোগ না করে ট্রেন অবরোধ করার সিদ্ধান্ত নিয়েছে। আমি শ্রমিকদের সঙ্গে আলোচনা করে বুঝিয়েছি যে, তারা যেন কোনো অবরোধ বা হরতাল না করেন। শ্রমিকদের আমি শেষ পর্যন্ত কনভিন্সড্‌ও করেছি। আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই, তিনি অবিলম্বে মালিকপক্ষ ও শ্রমিক'দের সঙ্গে আলোচনা করে মিলটি সত্ত্বর খোলার ব্যাপারে একটি স্থির সিদ্ধান্ত নেবার ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী অনুপকুমার চন্দ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর এবং স্বাস্থ্যমন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ কলকাতার উপর দিয়ে 'টালিনালা' খালটি বয়ে গেছে। ঐ নালাটিতে এখন কাজ হচ্ছে এবং সেজন্য নালাটি বন্ধ রাখা হয়েছে। এরফলে নালাটিতে গঙ্গার জল ঢুকছে না। এই অবস্থায় ঐ অঞ্চলের লোকেদের জীবন দুর্বিসহ হয়ে পড়েছে এবং তা এমন এক অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে যে তা চিন্তার উর্দ্ধে। বিভিন্ন ড্রেনের জল ঐ নালাটির মধ্যে গিয়ে পড়ছে। জল আবদ্ধ থাকার জন্য ওখানকার জল বিষাক্ত হয়ে গেছে এবং মশা, মাছি ও দুর্গন্ধের জন্য ওখানে লোকেদের বাস করা কষ্টসাধ্য হয়ে পড়েছে। এই সমস্ত কারণে এখন ওখানকার মানুষের মধ্যে এক দারুণ ভীতির সঞ্চার হয়েছে। এরফলে বিস্তীর্ণ অঞ্চলে কলেরা, ম্যালেরিয়া এবং টাইফয়েড্‌ রোগ ছড়িয়ে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে। অবিলম্বে যদি এই অবস্থার প্রতিকার না করা হয়, তাহলে সমগ্র অঞ্চলে মহামারী প্রচন্ড ভাবে দেখা দিতে পারে। আমি সেজন্য মাননীয় পৌরমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীদ্বয়কে অনুরোধ জানাচ্ছি যে, তাঁরা যেন অবিলম্বে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করেন। নালাটির কাজ তাঁরা চালু রাখুন কোনো ক্ষতি নেই। কিন্তু ড্রেনের জল যেন নালাটির মধ্যে গিয়ে না পড়ে তারও ব্যবস্থা করুন। সেই সাথে সাথে এদিকে তাঁরা লক্ষ্য রাখুন, গঙ্গার বিশুদ্ধ জল যেন মাঝে মাঝে নালাটির মধ্যে প্রবেশ করতে পারে। এই ব্যবস্থা গ্রহণ করতে পারলে পার্শ্ববর্তী অঞ্চলের মানুষ আশঙ্কার হাত থেকে বাঁচতে পারবেন এবং বিশেষ ভাবে উপকৃত হতে পারবেন।

**শ্রী তারকবন্ধু রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে অতীব গুরুত্বপূর্ণ মারাত্মক এবং উদ্বেগজনক একটি ঘটনার কথা এখানে উল্লেখ করতে চাই। হাওড়া জেলাতে বসন্ত রোগে দুটি শিশু মারা গেছে বলে আজকের আনন্দবাজার পত্রিকাতে সংবাদ বেরিয়েছে। এই রোগ মহিষ ও গরুর মধ্যে আগে দেখা যায় এবং তারপর তা ছড়িয়ে পড়ে। জি.টি. রোডের এম. সি. সেন লেন এ এই রোগ আগে দেখা দেয়। এটি স্মল পক্স, না চিকেন পক্স তা ঠিক বোঝা যাচ্ছে না। তবে যতদূর মনে হচ্ছে এটি স্মল পক্স। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই যে, আসলে এটি ঠিক কোনো ধরনের পক্স, সে সম্বন্ধে এই হাউসকে যেন ওয়াকিবহাল করেন। রোগটি যাতে চারিদিকে ছড়িয়ে না পড়তে পারে তারজন্য যেন যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করেন। ওখানকার মানুষ এই রোগের জন্য ভীত-সন্ত্রস্ত হয়ে পড়েছেন। সেজন্য আমি মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে একটি বিবৃতি দানের জন্য অনুরোধ জানাচ্ছি।

[2-40 — 2-50 P. M.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মিউনিসিপ্যাল মিনিস্টারের

দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে হাওড়া একটা ইন্ডাস্ট্রিয়াল শহর এবং পশ্চিমবঙ্গের ইকোনমির একটা ফ্যাক্টর কন্ট্রোল করছে। কিন্তু সেই শহর আজকে সবচেয়ে বেশি উপেক্ষিত। সমস্ত রাস্তাঘাট এবং শালিমার ইয়ার্ড এখানে প্রায় ভেঙ্গে গেছে এবং একটা ধ্বংসের পথে চলে গেছে। হাওড়া কোনো ডিপোট, হাওড়া স্টেশন এবং হাওড়া গুড ইয়ার্ড দিয়ে যত লরি যায় পশ্চিমবঙ্গের কোথাও এত লরি যাতায়াত করে না। সমস্ত লরি ট্রান্সপোর্ট এই জি.টি. রোড দিয়ে যাতায়াত করে এবং এটা হচ্ছে সমস্ত পরিবহণ ব্যবস্থা লাইফ লাইন। এই জি. টি. রোডও আজকে ধ্বংসের মুখে। রাস্তা দিয়ে গাড়ি চলাচল করতে পারেনা, ট্রাফিক জ্যাম হয়ে থাকে প্রায়ই অ্যাকসিডেন্ট হয়। মাননীয় মন্ত্রীমহাশয় বসে আছে আমি তাঁর সামনেই বলছি যে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের কর্মচারিদের মাহিনা দেওয়া ছাড়া কোনো কাজ নেই, এখানে রাস্তাঘাটের কোনো উন্নতি হয় না। আজকে হাওড়ার বেলিলিয়াস রোড, পঞ্চাননতলা রোড এবং ফোরসোর রোড প্রায় ভাঙনের মুখে এরফলে ইন্ডাস্ট্রি এখানকার কোলাপস্ হয়ে যাচ্ছে।

**শ্রী সাত্ত্বিক কুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নলহাটি থানা বীরভূম জেলায় অবস্থিত। গত পরশুদিন নলহাটির সমস্ত লোকেরা আমার কাছে এসেছিল এবং বলেছে যে ওখানে এখন সমাজবিরোধীদের আড্ডা হয়েছে। ওখানে কোনো সমাজবিরোধীদের প্রকোপ ছিল না। বর্তমানে ওখানকার একজন স্থানীয় লোক ও.সি. হয়ে আসার পরে ওখানে চুরি, ডাকাতি প্রত্যহ লেগেই আছে। বাসে ছিনতাই হচ্ছে, ট্যাক্সিতে ডাকাতি হচ্ছে, ছিনতাই হচ্ছে। অথচ থানায় গেলে ও. সি. কে পাওয়া যায় না। সন্ধ্যা হলেই স্ট্যান্ডে মেয়েছেলে তো দূরের কথা কোনো মানুষ দাঁড়াতে পারে না, তখন বাস স্ট্যান্ডটা সাট্টা মদ ও জুয়ার আড্ডাখানা হয়ে যায়। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন রাখছি তিনি যাতে এখান থেকে একজন স্পেশাল অফিসার পাঠান এবং ব্যাপারটা ইনকোয়্যারি করান এবং সমাজ বিরোধীদের এই আনহোলি অ্যালায়েন্স দূর করুন।

**श्री आवदुल करिम चौधुरी :** मिस्टर स्पीकर सर, मैय एक ऐसी बात की और आपके माध्यम से माननीय रेभन्यु मिनिस्टर का ध्यान आकर्षित करना चाहता हूँ। वह यह हैं कि इसलामपुर सब डिविजन बिहार से बंगाल मे १९५३ में आया था। १९५३ के बाद वहाँ पर रेभन्यु कलेकशन कभी नहीं हुआ। वहाँ के वासियो से कहा गया कि सेटिलमेन्ट होने के बाद दिया जायेगा। खाजना ३० वर्षसे अदायी नहीं किया गया लेकिन अब जोनल आफिस से नोटिश दी गई हैं कि रेन्ट अदायी की जायगी। गरीब वासियों के पास ५-६ एकड़ जमीन है। उनके मालिक भी मर गए है। अब किसीके पास १ एकड जर्मान, किसीके पास २ एक जमीन है। जमीन का बँटवारा उनके लड़को मे हो गयी है। इसलामपुर सबडिबिजन के जेलर आफिस से नोटिश दे कर उनसे २० रु, के बदले १८६० रु, माँगा गया है, ३० रुपया के बदले २८६० रु, माँगा गया है। जहाँ ४१ रुपया था, वहाँ ३५९० रुपया माँगा

गया है। उनसे कहा गया है कि सात दिन के अन्दर रेन्ट नहीं देने से कानून के मुताबिक ऐक्शन लिया जायगा। घर-बाडी कुर्क किया जायगा। इसलिए वँहाके चासी परेशान हैं। इसलिए मैं चाहता हुँ कि रेभन्यु मिनिस्टर इसपर फोरैन कार्यबाही करें। वहाँ के गरीब चासियों की माँग है कि जैसे बिहार में इन्टरेस्ट बाद देकर खाजना अदायी किया जाता है, उसी तरह से यहाँ भी इन्टरेस्ट बाद देकर खाजना अदायी करने की व्यवस्था की जाय।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** স্যার, একটি বিষয়ে আমি আইন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সাব রেজস্ট্রি অফিসে দলিল রেজস্ট্রি হবার পর কতকগুলি কপিস্ট কিছু মজুরি নিয়ে তারা দলিল লিখত। সেই দলিল ফেরত পাওয়া যেত ২/৩ মাসের মধ্যে। বর্তমানে তারা সরকারি কর্মচারী হবার ফলে সেগুলি পেতে ২/৩ বছর সময় লাগছে। রেজেস্ট্রি দলিল লেখার লোক আর নেই। ফলে দলিল যারা রেজস্ট্রি করেছে তাদের সরকারি লোন পেতে অসুবিধা ভোগ করছে। দলিল রেজেস্ট্রি হবার পর যাতে তা ২/৩ মাসের মধ্যে ফেরত পাওয়া যায় তার ব্যবস্থা যেন তিনি করেন।

**Mr. Speaker :** Shri Satya Ranjan Bapuli. Mr. Bapuli, you have tabled a Mention which is not at all a Mention. It relates to the assent of the President given to a Bill. How can this be a Mention matter? Mention can be on an incident, not to the legislative procedure. I will not allow it. It is rejected. Please take your seat. Now I call upon Shri Abanti Mishra to speak of his Mention.

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** এরকম জিনিস হাউসে আগে হয়নি। আপনি অনেককে বলেছেন ঠিক হয়নি, কারেকশন করে দেবেন। কিন্তু এরকমভাবে ডিসঅ্যালাও করলেন কেন?

**Mr. Speaker :** Please try to understand Mr. Bapuli. Their notices were not in fault. I did not say that the subject matters were out of our jurisdiction. But in your case the subject matter is not within our jurisdiction. Therefore, I can't allow it. No debate on it. Please take your seat. I have passed my ruling. No debate on it. Now, Mr. Abanti Misra.

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** আপনি আমার বাংলা পড়তে পারেন নি। আপনি বাংলা জানেন না, বাংলা পড়তে পারেন নি। আপনি বাংলা পড়ে নিন কি লেখা আছে।

**শ্রী অবন্তী মিশ্র ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় ইছামনি থেকে দেপাহাড়া ভায়া ডুয়াজিবাহড় ও নিজমইডোরা স্বাস্থ্য কেন্দ্র একটা গুরুত্বপূর্ণ রাস্তা। কারণ এই রাস্তাটি ৫টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে, লোক সংখ্যা প্রায় ৪০ হাজারের বেশি এবং দৈর্ঘ্য ১২ কিলো মিটার। তাদের মধ্যে অনেকে কৃষিজীবী। ৫টি গ্রাম পঞ্চায়েতের বাইরে যোগাযোগকারী রাস্তা এটাই। এই রাস্তাটির অধিকাংশ কাদামাটির। স্বর্গত বীরেন্দ্র শাসমলের প্রতিমূর্তি উন্মোচনের সময় মন্ত্রী মহাশয় এই রাস্তাটির উপর দিয়ে গেছেন এবং যাবার সময় তিনি সেখানকার মানুষের গতিবিধি উপলব্ধি করেছেন। ১৯৮২/৮৩ আর্থিক

বছর হতে ১৯৮৬/৮৭ আর্থিক বছরের প্রত্যেকটি বাজেটে এই রাস্তাটি স্থান পেয়েছে। আমি আবেদন করছি অবিলম্বে, এই রাস্তাটি বোল্ডার দিয়ে নির্মাণ করা হোক।

[2-50 — 3-00 P. M.]

**Mr. Speaker:** Now, Shri Nirode Roychowdhury.

**শ্রী নীরোদ রায়চৌধুরী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জরুরি বিষয়ে খাদ্য ও সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী:** স্যার, আমার একটা পয়েন্ট অব প্রিভিলেজ আছে।

**Mr. Speaker:** Please file your privilege. I will see to it.

**শ্রী সত্যরঞ্জন বাপুলী:** আমার প্রিভিলেজ আপনি শুনবেনই না?

**Mr. Speaker:** Mr. Bapuli please see the rule and file your privilege? (গোলমাল) Mr. Bapuli, please take your seat. For the last time I am saying it. Don't disturb.

**শ্রী সত্যরঞ্জন বাপুলী:** আপনি যখন আমার কথা শুনবেনই না তখন এর প্রতিবাদে আমি সভা কক্ষ ত্যাগ করছি।

(এই সময় শ্রী সত্যরঞ্জন বাপুলী সভা কক্ষ ত্যাগ করিলেন)

**শ্রী নীরোদ রায়চৌধুরী:** স্যার গত ২/২/৮৬ তারিখে বারাসাত সাব-ডিভিসনের সমস্ত এম আর ডিলাররা একতরফাভাবে সরকারকে কিছু না জানিয়ে, কার্ড হোল্ডারদের কিছু না জানিয়ে গোটা বারাসাত সাব-ডিভিসনে তারা কর্ম বিরতি করছে অর্থাৎ রেশন তুলছে না। ফলে সমগ্র এলাকার কোনো মানুষ রেশন পাচ্ছে না। তারা বলছে যে যারা হোলসেল ডিলার আছে তাদের বাদ দিয়ে তাদের মনোমতো লোককে হোলসেল ডিলার করতে হবে। তারা বলছে, যে কোয়ানটিটি চাল বা অন্যান্য জিনিস দেওয়া হচ্ছে তার পরিমাণ বাড়াতে হবে, এইসব দাবির ভিত্তিতে তারা গত ২/২/৮৬ তারিখ থেকে আজ পর্যন্ত কর্ম বিরতি করছে, রেশন তুলছে না। ফলে চাল, গম, তেল, ডাল ইত্যাদি জিনিসপত্রের দাম অনেক বেড়ে গেছে। এই সব যারা ডিলার তাদের গ্রেপ্তার করতে হবে, অন্যথায় তাদের লাইসেন্স ক্যানসেল করতে হবে। যারা এই রকম অন্যায়ভাবে সরকারের কাছে না জানিয়ে গোপনে এইসব কাজ করছে আমি খাদ্যমন্ত্রীর কাছে দাবি করছি তাদের ডিলারশিপ ক্যানসেল করা হোক, অন্যথায় তাদের গ্রেপ্তার করা হোক এবং যাতে অনতিবিলম্বে রেশন এলাকায় চালু হয় এবং ডিলাররা রেশন তোলে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী সেখ ইমাজুদ্দিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় থানার পুলিশ কংগ্রেস কর্মীদের বিরুদ্ধে মিথ্যা মামলা জড়িয়ে দিয়ে হয়রান করছে। রঘুনাথ গঞ্জ থানার খিদিরপুর গ্রাম ২০/১২/৮৫ তারিখে হারু সেখ মারা যায়। কে বা কারা খুন করেছে আজ পর্যন্ত তার হদিশ পাওয়া যায়নি। কিন্তু মিথ্যাভাবে কংগ্রেস কর্মীদের জড়িয়ে তাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে। তাদের নাম হচ্ছে মহঃ বদিউজ্জমান ওরফে কালু সেখ, খুদু সেখ, ঝাটু

সেখ, গুলু সেখ, রাসেদ সেখ। এদের মধ্যে মহঃ বদিউজ্জমান একজন স্বাস্থ্য বিভাগের কর্মী, সেই ঘটনার সময় তিনি সেই গ্রামে ছিলেন না, রঘুনাথগঞ্জে ছিলেন। অথচ তাঁর নামে মিথ্যা মামলা দায়ের করা হয়েছে। এই রকমভাবে কংগ্রেস কর্মীদের হয়রান করা হয়েছে। এই ঘটনার পূর্ণ তদন্ত দাবি করছি এবং যাদের বিরুদ্ধে মিথ্যা মামলা করা হয়েছে সেই মামল প্রত্যাহার করে যারা প্রকৃত দোষী সেই আসামিদের ধরা হোক। এই যে আসামি আছে তাদের মধ্যে একজন গ্রাম পঞ্চায়েতের সদস্য আছে। সেজন্য কংগ্রেসের কর্মীদের বিরুদ্ধে মিথ্যা মামলা করা হয়েছে। সেজন্য আমার দাবি হচ্ছে তদন্ত করে যারা নিরপরাধী তাদের খালাস করা হোক।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এখন মাধ্যমিক পরীক্ষা চলছে, আজকে পরীক্ষার দ্বিতীয় দিন। আর কয়েকদিন পরে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হবে। এই সময়ে ছেলেমেয়েরা মনোযোগ দিয়ে পড়াশুনা করে, সেজন্য একটা অনুকূল পরিবেশের দরকার হয়। কিন্তু পথে ঘাটে যত্রতত্র মাইক ব্যবহার করার ফলে তাদের পড়াশুনার বিঘ্ন ঘটেছে। বিয়ে বাড়িতে, লটারির টিকিট বিক্রি করতে, সিনেমা, ভি. ডি. ও.র প্রচার করতে যেভাবে মাইক ব্যবহার করা হচ্ছে তাতে সংলগ্ন এলাকার মানুষের কান ঝালাপালা, প্রাণ ওষ্ঠাগত হওয়ার উপক্রম হয়েছে। সেজন্য স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে অনুরোধ করছি প্রশাসনিক নির্দেশ বলে পশ্চিমবঙ্গের সর্বত্র মাইক ব্যবহার নিষিদ্ধ করা হোক অন্তত যে কয়েকদিন পরীক্ষা রয়েছে সেই কয়েকদিনের জন্য।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র ও পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আমার কুশমন্ডী বিধানসভা কেন্দ্রে বর্তমানে কোনো আইন শৃঙ্খলা নেই। গত ২ মাসের মধ্যে কুশমন্ডী এলাকায় নির্বাচিত কংগ্রেসি গ্রাম পঞ্চায়েত প্রধান ইবনে সুদকে খুন করা হয়েছে ৭ই ফেব্রুয়ারি তারিখে। গত ১৯৮৫ সালের ডিসেম্বর মাসের ১৯ তারিখে পার্শ্ববর্তী গ্রাম পঞ্চায়েতের কংগ্রেসি মেম্বার রাজেন রায়কে খুন করা হয়েছে। এর আগে আমার এলাকার ৩ জন কংগ্রেসি কর্মীকে খুন করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি পরিকল্পিত ভাবে কংগ্রেস কর্মী এবং কংগ্রেস নেতাদের খুন করবার একটা চক্রান্ত শুরু করা হয়েছে। অবিলম্বে এর প্রতিকার না হলে, এই সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা না হলে কুশমন্ডী এলাকার সাধারণ মানুষ বিপর্যয়ের সম্মুখীন হলে তার সমস্ত দায় দায়িত্ব মুখ্যমন্ত্রীকে গ্রহণ করতে হবে।

**শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার অন্তর্গত রায়না এবং খন্ডঘোষ এলাকার ৩ থেকে ৪ হাজার একর বোরো চাষের জমি বিদ্যুৎ সরবরাহের অভাবে নষ্ট হয়ে যেতে বসেছে। বিদ্যুতের অভাবে ডিপ টিউবওয়েল চলছে না। বিগত ৩/৪ মাসের মধ্যে সেখানে ১/২ ঘণ্টার বেশি বিদ্যুৎ থাকছে না। এই অবস্থায় চাষীরা খুব অসুবিধায় পড়েছে। এই অবস্থা প্রতিকারের জন্য ডি. ই.র কাছে অনেকবার লেখা হয়েছে এবং আমার কাছেও তারা অনেকবার আবেদন করেছে। আমিও আবেদন করেছি, কিন্তু এখন পর্যন্ত ব্যবস্থা গ্রহণ করা হয়নি। সেহারা বাজার সাব-স্টেশনের একটি ট্রান্সফরমার নষ্ট হয়ে গেছে এই সাব-স্টেশনের ট্রান্সফরমারটার পরিবর্তন এখনো করা হয়নি। সত্বর পরিবর্তন না করলে ঐ এলাকার অধিকাংশ

চাষীর ফসল নষ্ট হয়ে যাবে এবং তারা ক্ষতিগ্রস্ত হবে। অবিলম্বে এই ট্রান্সফরমার লাগানোর ব্যবস্থা করার জন্য মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কলকাতার বুকে এবং সারা পশ্চিমবাংলার বুকে লা মার্টিনিয়ার স্কুলের একটা ঐতিহ্য রয়েছে, একটা ইতিহাস রয়েছে। বেশ কয়েক বছর ধরে এই স্কুলে বেআইনিভাবে বোর্ড অব গভর্নরসের মাধ্যমে প্রিন্সিপ্যালের নেতৃত্বে একটা চক্র গড়ে উঠেছে। সেখানে লক্ষ লক্ষ টাকার ব্যবসা শুরু হয়েছে। একদিকে লক্ষ লক্ষ টাকার ব্যবসার মাধ্যমে ছাত্রছাত্রী ভর্তি চলেছে এবং পাশাপাশি একই সঙ্গে সেই স্কুলের লক্ষ লক্ষ টাকার সম্পত্তি বেআইনিভাবে বাইরের ব্যবসায়ীদের কাছে বিক্রি করে দেওয়া হচ্ছে। স্যার, অত্যন্ত দুঃখের ব্যাপার শুনলে আপনি অবাক হয়ে যাবেন- গত ১৪/১৫ই ডিসেম্বর ঐ স্কুলের ১৫০ বছর পূর্তি উপলক্ষে যে কারনিভ্যাল হল সেখানে একটি লটারির আয়োজন করা হয়েছিল। প্রকাশ্যে সেই লটারির মাধ্যমে বাচ্ছা বাচ্ছা ছেলে মেয়েদের জুয়া খেলার পারমিশন দেওয়া হল, সেখানে ড্রাগ অ্যাডিকশনের ব্যবস্থা হল। সেখানে কয়েকজন শিক্ষকের নেতৃত্বে ডোপ, কোকেন, ডোপ অ্যাডিকশন চলছে। স্যার, সেখানে একটা লন্ড ভন্ড ব্যাপার চলছে। সেই স্কুলে কয়েক হাজার টাকার রসিদ বই ছাপিয়ে সেখানকার প্রিন্সিপ্যাল, বারসার, বেশ কয়েকজন বোর্ড সদস্য কয়েক লক্ষ টাকা বেআইনিভাবে কামিয়ে নিয়েছে, তার কোনো হিসাব নেই। এই সংবাদ কলকাতা শহরের সংবাদপত্রে প্রকাশিত হয়েছে এবং সারা ভারতবর্ষের মাসিক, পাক্ষিক পত্রিকাগুলিতে প্রকাশের ব্যবস্থা চলছে।

**Mr. Speaker :** Dr. Bhunia, Please take your seat. Other members also have the right to mention their cases. Mr. Anil Mukherjee , your mention is out of order. You have mentioned about the insecurity of Nepalese in Assam. It is not a matter of our State. I cannot allow it.

[3-00 — 3-10 P. M.]

**Shri Abdur Rauf Ansari :** I want to draw the attention of the Minister for School Education, West Bengal. The teachers belonging to Anglo Indian Schools in West Bengal have certain grievances. The teachers of the Anglo Indian Schools have since written to the Minister for their grievances. Being nowhere, they were disappointed and they came out on the streets last week. They demonstrated and demanded for the release of all arrear instalments of dearness allowance, and puja ex-gratia as admissible to the Government Schools. The Minister in West Bengal promised last year to meet their grievance by 31st December. But the Minister as well as the Government have failed.

So I would request hon'ble Minister to take immediate steps for the release of dearness allowance and release of ex-gratia to these teachers as admissible to the Government schools.

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা এবং কলকাতার বাইরের কিছু

কিছু পত্রপত্রিকাতে একটি উদ্বেগজনক সংবাদ কিছুদিন ধরে প্রকাশিত হচ্ছে যে আমাদের এই কলকাতা শহর ধীরে ধীরে মাটির নিচে বসে যাচ্ছে। তাতে আশঙ্কা করা হচ্ছে যে, এই প্রক্রিয়া যদি চলতেই থাকে তাহলে কলকাতা শহর বিপন্ন হতে পারে। স্যার, আমাদের এখানকার দুজন ভূ-বিজ্ঞানী ডাঃ এ. কে. সাহা এবং ডঃ এ. বি. বিশ্বাস, তাঁরা ইতিমধ্যে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার সহযোগিতায় হাতে কলমে এটা পরীক্ষা করে দেখেছেন যে সত্যসত্যই কলকাতা বসে যাচ্ছে। তাঁদের গবেষণার ফলাফল ন্যাশনাল সায়েন্স অ্যাকাডেমির প্রকাশিত পত্রিকাতে প্রকাশিত হয়েছে। স্যার, জানা গেছে যে প্রয়োজনীয় অর্থের অভাবে গবেষণার কাজ বিলম্বিত হচ্ছে। স্যার, কলকাতা শুধু একটি শহরই নয়, এই শহর আমাদের গর্ব, আমাদের আশা আকাঙ্খা। কলকাতা আমাদের সভ্যতা এবং আমাদের সংস্কৃতির প্রাণকেন্দ্র। এই কলকাতাকে বাঁচিয়ে রাখার জন্য গবেষণার কাজ যাতে অর্থের অভাবে বিঘ্নিত না হয় সেটা আমাদের সকলেরই দেখা দরকার। এ ক্ষেত্রে রাজ্য সরকারের যদি কিছু করণীয় থাকে তাহলে সেটা করার সঙ্গে সঙ্গে বিষয়টি সম্পর্কে ভারত সরকারের দৃষ্টি আকর্ষণের জন্য আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বিজয় পাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১১ তারিখের বাংলা বন্ধের সাফল্য দেখে কংগ্রেসিরা, বিশেষ করে ট্রেড ইউনিয়ান কংগ্রেস লিডার বলে যারা পরিচিত তাদের মধ্যে সজ্জন সিং নামে এক গুন্ডার নেতৃত্বে আমাদের এই হাউসের মাননীয় সদস্য শ্রী বামাপদ মুখোপাধ্যায় মহাশয়ের উপর আক্রমণ চালানো হয় তাকে হত্যা করার জন্য। এতে আমাদের আরোও কয়েকজন ভলেনটিয়ার আহত হয়েছে। এই সজ্জন সিং প্রথমে কংগ্রেস (এস) এর মেম্বার ছিলেন, এখন কংগ্রেস-আইতে এসেছেন। এই অঞ্চলে শুধু যে বামাপদ মুখার্জিকে আক্রমণ করেছেন তাই নয়, চিত্তরঞ্জন থেকে আসানসোল বেল্ট পর্যন্ত গুন্ডামি করে বেড়াচ্ছেন। ইনি কংগ্রেস-আইয়ের ছত্র-ছায়ায় আশ্রয় পাচ্ছেন। এখনও পর্যন্ত গ্রেপ্তার হননি। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি, তিনি যেন অবিলম্বে তাঁকে গ্রেপ্তার করার জন্য ও তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ দেন।

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। চাঁপদানী জি. এস. আই কটন মিল আজ সাড়ে ৪ মাস ধরে ঐ মিল মালিক কোঠারী অন্যায়ভাবে বন্ধ করে রেখেছেন। এই বিষয়ে এর আগে কয়েকবার লেবার কমিশনারের দপ্তরে মিটিং হয়েছে। কিন্তু সেই মিটিং-এ কোনো ফয়সালা হয়নি। মালিক কর্তৃপক্ষ অন্যায়ভাবে, অযৌক্তিকভাবে কাজের বোঝা শ্রমিকদের উপর চাপাতে চান। উইভিং ডিপার্টমেন্টে যে ১২টি তাঁত আছে, সেই ১২টি তাঁতের জায়গায় ১৪টি তাঁত করতে চান। সেখানে ডাবল মেশিন যেটা স্পিনিং ফ্রেম সেখানে ৩টি সাইজের জায়গায় ৫টি সাইজ চালাতে চান। ড্রয়িং দুটো মেশিনের জায়গায় ৪টি মেশিন চালাতে চান। এইরকমভাবে কাজের চাপ বাড়াচ্ছেন। সাড়ে ৪ মাস ধরেও এ ব্যাপারে নিষ্পত্তি হয়নি। আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই তিনি যেন এ ব্যাপারে হস্তক্ষেপ করে ব্যবস্থা গ্রহণ করেন যাতে ওখানকার ৩ হাজার শ্রমিক আবার কাজ ফিরে পায়।

**মিঃ স্পিকার ঃ** এখন আমি শ্রী লক্ষ্মীকান্ত দেকে ডাকছি। মিঃ দে, আপনি দুটো মেনশন দিয়েছেন যেটা হয় একটা বেছে নেবার জন্য। ভবিষ্যতে এইরকম দুটো মেনশন দিলে দুটোই বাতিল করে দেব। আজকে আমি আপনাকে অ্যালাউ করছি। বলুন,—

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পরশুদিন মধুমিতা মিত্র নামে একটি মেয়ে যিনি অনার্স পড়ছেন ফার্স্ট ইয়ারে, যাঁর পায়ে পোলিও, ৪টার সময়ে যখন শিয়ালদহ স্টেশনে বাস থেকে নামে। তখন একটি বোমা সরাসরি তাঁর মাথায় এসে লাগে। এখন ঐ মেয়েটি বোমায় আহত হয়ে এন. আর. এস হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। ওই বোমায় আরোও কয়েকজন ছেলে আহত হয়েছে। এই বোমা ছুঁড়েছে ছাত্রপরিষদের কয়েকজন নেতৃস্থানীয় কর্মী। এই বোমা ছোঁড়ার ফলে সাধারণ পথচারী এবং একটি মেয়ে যিনি কোনো পলিটিক্যাল পার্টির সঙ্গে জড়িত নন আহত হয়েছেন। এইরকম ঘটনা শিয়ালদহ অঞ্চলে প্রতিনিয়ত ঘটছে। আপনার নিশ্চয়ই মনে আছে, আমি একটি মেনশন করেছিলাম যে সমীর রতন দে নামে একটি ছেলেকে ছাত্র পরিষদের কর্মীরা তিন তলার জানালা দিয়ে রাস্তায় ফেলে দেয়। তাই আমার অনুরোধ, এইসব ছাত্র পরিষদের কর্মীদের যদি ঠিকমতো গ্রেপ্তার করা না হয় তাহলে শিয়ালদহ অঞ্চলে শান্তি-শৃঙ্খলা ফিরে আসবে না। শিয়ালদহ অঞ্চলে শান্তি-শৃঙ্খলা দীর্ঘদিন ধরে বিপন্ন। সাধারণ মানুষের জীবন-যাত্রা একটা অসহায় অবস্থার মধ্যে গিয়ে পৌছেছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি,, তিনি যেন কোনো চাপের কাছে নত না হয়ে এদের গ্রেপ্তার করেন এবং ঐ এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষা করেন।

[3-10 — 3-20 P. M.]

**শ্রী মহঃ নিজামুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় উচ্চ শিক্ষা দপ্তরের ভার প্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাজী মহসীন কলেজে উর্দু বিভাগে অনার্স পড়ানো হয়। কিন্তু সেখানে টিচার্স মাত্র ২ জন। এই নিয়ে কংগ্রেস আমলেও তারা বহুবার বলেছিলেন কিন্তু কোনো প্রতিকার হয়নি। প্রায় ১ বছর আগে আমার নজরে এই বিষয়টি আনা হয়েছিল। আমি তখন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে গিয়েছিলাম। তিনি এই কথা শুনে অবাক হয়ে গিয়েছিলেন এবং বলেছিলেন যে আমার এলাকার মধ্যে এই কলেজ, আমি এটা দেখব। তিনি দেখার পর গত ১৯শে জুন, ১৯৮৫ অর্ডার জি. ও. নং ১৪২ ই.ডি.এইচ. (সি.জি)/৪ই-২/৮৩ ডেটেড ১৯.৬.৮৫ হয় এবং দুটো পোস্ট ক্রিয়েট হয়। কিন্তু জুন থেকে আজ পর্যন্ত সেই পোস্টে কোনো টিচার নিয়োগ করা হয়নি। আমি উচ্চ শিক্ষা দপ্তরের ভার প্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি এবং আপনি নিজে তদারকী করে পি. এস. সি-তে ফাইল পাঠিয়ে যাতে অবিলম্বে এই টিচার নিয়োগ করা যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু দৃষ্টি আকর্ষণ করেছি, অনেক জনসাধারণের কথা কর্ণে আকর্ষণ করার চেষ্টা করেছি, এখন ভাবছি (***) করতে হবে কিনা। এই ঘটনা পশ্চিমবঙ্গে ঘটছে। আজকে শুধু সমাজ বিরোধী নয়, সি. পি. এম, সমাজ

*** Note : Expunged as ordered by the chair

বিরোধী এবং পুলিশ একসঙ্গে সাধারণ মানুষের উপরে যেভাবে অত্যাচার চালাচ্ছে, এটা শুধু গল্প কথা নয়, এটা পশ্চিম বাংলার বিভিন্ন জায়গায় ঘটছে। গত ১১/৩/৮৬ তারিখে ভদ্রেশ্বর থানার জগদ্ধাত্রী পল্লীতে সি. পি. এম, সমাজ বিরোধী একশ্রেণীর মানুষ, এক শ্রেণীর গুন্ডা, সি. আই. এবং ও.সি একসঙ্গে এসে জগদ্ধাত্রী পল্লীর মানুষের উপরে অত্যাচার করে, তাদের ঘরে ঘরে পুলিশের সামনে দাঁড়িয়ে আগুন লাগানো হয়, মা, বোনদের উপরে অত্যাচার করা হয়। সি. আই. দাঁড়িয়ে, ও. সি দাঁড়িয়ে, ভদ্রেশ্বরের পৌর প্রধান দাঁড়িয়ে, সেখানে ৮টি বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হল, মা, বোনদের ঘর থেকে টেনে এনে তাদের গায়ের গহনা খুলে নিয়ে সি.পি.এম পার্টির ফান্ড বাড়াবার পরিকল্পনা করা হল। আমার কাছে জেরক্স কপি আছে। কনস্টেবল যখন আসামিকে ধরল, সেই কনস্টেবল-এর কাছ থেকে সি. আই., ও. সি. আসামিকে ছাড়িয়ে নেবার চেষ্টা করল। সি. পি. এম-এর লোক তার বিরুদ্ধে যেন অ্যাকশন না নেওয়া হয় সে জন্য কনস্টেবলকে চাপ দিল। কনস্টেবল এস. ডি. পি. ও'র কাছে দরখাস্ত করেছে। ঐ সি. আই. এবং ও. সি প্রমোশন পাবার জন্য নিজেদের মেরুদন্ড ভেঙ্গে প্রশাসনকে বিক্রয় করে দিয়েছে সি. পি. এম-এর গুন্ডাদের হাতে।

**শ্রী বিভূতিভূষণ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পৌর মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যে সমস্ত এলাকা পৌর এলাকা হিসাবে চিহ্নিত হওয়ার যোগ্যতা আছে তার মধ্যে মেদিনীপুরের নারায়ণগঞ্জ ব্লকের বেলদা পড়ে। কাজেই ঐ জায়গাটি অবিলম্বে পৌর এলাকা বলে চিহ্নিত করার জন্য সমস্ত রকম ব্যবস্থা নেবার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করছি। পৌর এলাকা করার জন্য এলাকার মানুষরা দীর্ঘদিন ধরে দাবি জানিয়ে আসছেন এবং এবিষয়ে বহু আলোচনা হয়েছে। তাই আমি পৌর এলাকা বলে চিহ্নিত করার জন্য সমস্ত রকম ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় পৌরমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী হিমাংশু কুঙর ঃ** মিঃ স্পিকার স্যার, আমি পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষামন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নয়া শিক্ষা নীতির প্রতি প্রতিবাদ জানাচ্ছি। স্যার, আপনি ইতিমধ্যে শুনেছেন যে, কেন্দ্রীয় সরকার নয়া প্রস্তাব দিয়েছেন যে, উচ্চ-মাধ্যমিক পরীক্ষা আর হবে না, পরীক্ষা ব্যবস্থা বাতিল হবে এবং মূল্যায়ন ব্যবস্থা চালু হবে। আমাদের পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার সার্বজনীন শিক্ষার কথা ভেবে এবং শিশু মনের কথা ভেবে ১১ বছর বয়স পর্যন্ত শিশুদের জন্য মূল্যায়ন ব্যবস্থা চালু করেছেন। কিন্তু মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক ক্ষেত্রে মূল্যায়ন ব্যবস্থা চালু করা হয়নি। কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত নীতি যদি চালু করা হয় তাহলে শিক্ষার মান তছ-নছ হয়ে যাবে। ঐ নীতি চালু হলে বিভিন্ন স্কুলের শিক্ষক মহাশয়রাই শিক্ষার মান ধার্য করবেন। ফলে ছাত্রছাত্রীরা পড়াশুনায় আগ্রহ না দেখিয়ে শিক্ষক মহাশয়দের খুশি করার দিকেই বেশি আগ্রহ দেখাবে। তাতে শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য দেখা দেবে। বিভিন্ন স্কুলের মান বিভিন্নভাবে ধার্য হবে। শিক্ষা ক্ষেত্রে দারুণ অরাজকতার সৃষ্টি হবে। এই অবস্থায় আমি কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত নয়া শিক্ষা নীতির প্রতি আমাদের রাজ্য সরকারের শিক্ষামন্ত্রী মহাশয়ের মাধ্যমে প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পান্ডুয়া থানার পান্ডুয়া-কালনা রোড, স্টেশন রোড এবং পান্ডুয়া এলাকার জি.টি. রোডের মাননীয়

পূর্তমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই রাস্তাগুলি দীর্ঘ দিন ধরে মেরামত করা হচ্ছে না। ফলে জনসাধারণের খুবই অসুবিধা হচ্ছে। এ ছাড়া এই রাস্তাগুলির দুধারে বেআইনি দখলদাররা দখল করে রয়েছে। ফলে রাস্তাগুলি প্রস্থে ছোট হয়ে গিয়েছে। এ বিষয়ে পি. ডাবলু. ডি এবং পি. ডাবলু. ডি (কনস্ট্রাকশন)-কে বার বার জানানো হয়েছে। কিন্তু এখন পর্যন্ত কোনো প্রতিকার হয় নি। অবিলম্বে রাস্তাগুলি মেরামত না করলে এবং বে-আইনি কনস্ট্রাকশন সরিয়ে না দিলে ওখানে যে কোনো মুহূর্তে দুর্ঘটনা ঘটতে পারে, এমন কি মানুষের মৃত্যু পর্যন্ত হতে পারে । সেই জন্য আমি বিষয়টির প্রতি নজর দেবার জন্য মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বিপদজনক ঘটনা নাহলে আমি সচরাচর হাউসে উল্লেখ করি না। আজকে একটা অত্যন্ত বিপদজনক ঘটনার কথা আমি আপনার মাধ্যমে হাউসে উল্লেখ করছি। স্যার, গত ২রা মার্চ আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে একটি বাড়িতে—৪নং তাঁতিবাগান—দুপুরবেলা এক শ্রেণীর সমাজবিরোধীরা—ডাকাত বলাই ভাল—ঢুকে সমস্ত মূল্যবান জিনিস-পত্র নিয়ে যায়। পরে সেখানে পুলিশ যায়, আমি নিজেও যাই, গিয়ে দেখি সব কিছু তছনছ করে আলমারি ভেঙ্গে সব নিয়ে গেছে। পুলিশকে সমস্ত কিছু বলা সত্ত্বেও গত ৮ তারিখ পর্যন্ত পুলিশ কিছু করে নি, শুধু একটু-আধটু খোঁজাখুঁজি করেছে, কিন্তু কাউকে ধরতে পারে নি। গত ৮ তারিখ ওখানে সর্বশ্রেণীর জনসাধারণের পক্ষ থেকে জনসভা করা হয়—কংগ্রেস কাউনসিলাররাও ওখানে উপস্থিত ছিলেন—ওখান থেকে দাবি ওঠে পুলিশকে সমাজবিরোধীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। এরপর গত ৯ তারিখে ওখানে পুলিশ মুন্না নামে একজন সমাজবিরোধী তথা সাট্টাওয়ালাকে চেস্ করে। সে এবং তার সঙ্গে আর যে সমস্ত সমাজবিরোধীরা ছিল তারা তখন দৌড়ে একটি বাড়ির মধ্যে পালিয়ে যায়। সব চেয়ে আশ্চর্যের কথা হচ্ছে, যাঁরা এখানে সব চেয়ে বেশি আইন-শৃঙ্খলার প্রশ্ন নিয়ে চিৎকার করেন তাঁদের দলের—কংগ্রেস (আই) দলের—কয়েকজন কাউনসিলার এবং একজন এম. এল. এ-র নেতৃত্বে গত ১০ তারিখ বেনেপুকুর থানায় ডেমনস্ট্রেশন করা হয় এবং কেন সমাজবিরোধীদের চেস্ করা হ'ল, সাট্টাওয়ালাকে চেস্ করা হল জানতে চাওয়া হয়। সেখানে যে সমস্ত কাউনসিলার এবং এম. এল. এ ছিলেন তাঁদের নামও আমি এখানে উল্লেখ করতে পারি। যে এম. এল. এ. ওখানে উপস্থিত ছিলেন এবং নেতৃত্ব দিয়েছিলেন তাঁর নাম। [**]

**মিঃ স্পিকার ঃ** কোনো মেম্বারের নামে কোনো অভিযোগ করবেন না। কোনো মেম্বারের নাম উল্লেখ করে অভিযোগ করতে হলে তাঁকে আগে নোটিশ দিতে হবে। নোটিশ না দিয়ে নাম উল্লেখ করা যায় না। মিঃ হীরার বক্তব্য থেকে আব্দুল রউফ আনসারী 'নাম'টি বাদ যাবে।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** স্যার, তারপরে গত ১০ তারিখ ঐ সমস্ত সমাজবিরোধীদের রক্ষা করার জন্য ঐ রাজনৈতিক দলের জন-প্রতিনিধিরা পর্যন্ত রাস্তায় নেমে ছিলেন। এই হচ্ছে ওঁদের আজকে চরিত্র, ওঁরা এমন জায়গায় নেমে গেছেন যে, ওঁদের আজকে আর কেউ রক্ষা করতে পারবেন না, এমন কি কংগ্রেসের জন্মদাতা হিউম সাহেব পর্যন্ত এসে ওঁদের রক্ষা করতে পারবেন না।

---

** Note : Expunged as ordered by the chair

[3-20 — 3-30 P.M.]

**শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ আক্ষেপের ঘটনা এখানে উল্লেখ করতে চাই। আমাকে যাঁরা এই বিধানসভায় পাঠিয়েছেন—অনেক বারই পাঠিয়েছেন—সেই রামপুরহাট শহর উন্নয়নের কাজে ভীষণভাবে উপেক্ষিত। তার ফলে সেখানকার মানুষ অত্যন্ত বিক্ষুব্ধ হয়ে আমাদের উপর তাঁদের যে আস্থা ছিল সেটা প্রায় তুলে নিয়েছেন ১৯৫৫ সালে ওখানে একটা হাসপাতালের জন্ম হয়েছিল, তার যে কটা বেড ছিল আজ পর্যন্ত তার কোনো উন্নয়ন হয়নি। ওখানে একটা কলেজ আছে, যেখানে প্রফেসর জে. এল. ব্যানার্জি, এবং ডঃ শ্রী কুমার বন্দ্যোপাধ্যায় বা আরও অনেক বড় বড় পন্ডিত ব্যক্তি যাঁরা ছিলেন—সেই কলেজের অনার্স ক্লাশ-ইত্যাদির কোনো উন্নয়ন হয় নি। তৃতীয়ত, সেখানে বালকদের একটি মাধ্যমিক বিদ্যালয় আছে, সেখানে অসংখ্য শিক্ষকের প্রয়োজন, আজ পর্যন্ত কোনো শিক্ষকের ব্যবস্থা হচ্ছে না। পরিবহন ব্যবস্থার প্রয়োজন সেখানে একটা বাস স্ট্যান্ড করার জন্য আজ ৪ বছর ধরে বলা হচ্ছে, এখানে আমাদের একজন মাননীয় উপমন্ত্রী রয়েছেন, তিনি নিজে অবস্থাটি দেখে এসেছেন, কিন্তু তার কোনো ব্যবস্থাই হচ্ছে না। যুবকদের সাংস্কৃতিক উন্নয়নের জন্য কোনো ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। অ্যাডমিনিস্ট্রেটিভ ডেভেলপমেন্টের জন্য যে সব বাড়ি, ঘরদোরের কথা বলা হয়েছিল সে সব কিছুই হয় নি। এক কথায় সেই রবীন্দ্রনাথের কাব্যে উপেক্ষিতার মতো রামপুরহাট শহর সম্পূর্ণভাবে উপেক্ষিত সেটাই নিবেদন করছি।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি খুবই গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনীয় বিষয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মেদিনীপুর জেলার নন্দীগ্রাম থানায় একটি গ্রামেও আজ পর্যন্ত বিদ্যুৎ আসে নি। ৩ লক্ষ লোকের বসবাস, প্রায় ৩০০টি গ্রাম সেখানে আছে, কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত সেখানে বিদ্যুৎ যায়নি। ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত বার বার মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করা সত্ত্বেও সেখানে বিদ্যুৎ যায়নি, বরং একটা ভুল তথ্য পরিবেশন করা হয়েছে যে ৬টি গ্রামে বিদ্যুৎ গেছে। আমি এখানে চ্যালেঞ্জ করছি ৬টি নয়, একটিও গ্রামে গেছে এই যদি দেখাতে পারেন তাহলে আমি আমার সদস্যপদ ত্যাগ করব। সেই ভুল তথ্য এখন আছে। সেখানে যে সমস্ত অধিবাসী আছেন তাদের প্রয়োজনে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী অবিলম্বে যাতে সেখানে বিদ্যুৎ পৌছানোর ব্যবস্থা করেন সেজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** এখন জিরো আওয়ার। কাশীনাথ মিশ্র মহাশয় আপনার বক্তব্য বলুন।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে মধ্যশিক্ষা পর্যদে একটা অদ্ভুত অবস্থা চলছে। সেখানে সরকারি বই নিয়ে একটা দুরবস্থা সৃষ্টি হয়েছে এবং সবথেকে দুঃখজনক ঘটনা হচ্ছে, সেখানে আজকে সবকিছু একাকার হয়ে যাচ্ছে। আমরা শুনতাম যে, ভারতবর্ষে এসে সবাই একদেহে লিন হয়ে গিয়েছিল, সেখানে সকলের সান্নিধ্য চাওয়া হয়েছিল। কিন্তু একসাথে একই বইয়ের মধ্যে ইতিহাস ও গণিত কখনও দেখিনি। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদের ১০ম শ্রেণীর যে গণিত, তাতে দেখবেন যে তার ৯৫/৯৬ পাতার পর মধ্যযুগের ইতিহাস শুরু হয়েছে। সেই বই

বিলি হয়েছে এবং আমাদের ছাত্র-ছাত্রীরা তা পাচ্ছে। তার উপর, বই-এর যে অবস্থা, ছাপার যে অবস্থা সেটাও ভয়াবহ। তাছাড়া ইংলিশ প্রোজ অ্যান্ড ভার্সেরও কোনো সেকশন নেই। এর দাম ৪ টাকা নেওয়া হচ্ছে কিন্তু দাম লেখা আছে ৩ টাকা। বইয়ের দাম বাড়লে সেটা রাবার স্ট্যাম্প লাগিয়ে দেখানো হয়, কিন্তু এতে সেটাও করা হয়নি। এইভাবে মধ্যশিক্ষা পর্ষদ বইয়ের যে কেলেঙ্কারী সৃষ্টি করেছে সে-ব্যাপারে তদন্ত হোক। ছাত্র-ছাত্রীরা অসহায় হয়ে পড়েছে, এদিকে কালো বাজারে বই বিক্রি হচ্ছে। নির্ধারিত দরে বই পাওয়া যাচ্ছে না। প্রায় ২২ হাজার বই রাজাবাজারের প্রেসে সরকার ছাপিয়েছেন, কিন্তু ছাত্ররা তা পাচ্ছে না। এ-ব্যাপারে উপযুক্ত তদন্ত করতে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি কেন্দ্রীয় রেলমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এখানে শিয়ালদহ বনগাঁ সেকশনের রেলের দুরবস্থা সম্বন্ধে এখানে দুই-একটি কথা বলছি। আমি একটি সতর্কবাণী উচ্চারণ করে বলছি যে, অনতিবিলম্বে ঐ সেকশনটি বন্ধ করে দেওয়া হোক। তা না হলে যে কোনো সময়ে একটা বড় দুর্ঘটনা ঘটবে। এ-ব্যাপারটা আমি এখানে আগেও উল্লেখ করেছি।

**মিঃ স্পিকার ঃ** নীরোদবাবু, যে কথা এখানে আগে বলা হয়েছে সেটা জিরো আওয়ারে আসেনা।

**শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** মিঃ স্পিকার স্যার, এটা বলছি এই কারণে যে, ঐ সেকশনে প্রায়ই ওভার-হেড লাইন-এর তার চুরি হয়ে যাচ্ছে, ফলে ঘণ্টার পর ঘণ্টা ট্রেন বন্ধ হয়ে থাকছে। গতকালই ১০.৫০-এর ট্রেন আসছিল, কিন্তু পথে ট্রেনটি লাইনচ্যুত হয়। এ-ব্যাপারে কর্তৃপক্ষের বক্তব্য, অত্যন্ত রোদের তাপে রেল লাইন ফাঁক হয়ে গেছে বলেই এটা ঘটেছে। তারপর দেখুন, ঐ সেকশনে এই মাসের ৬.৩.৮৬ তারিখে ট্রেন ৪ ঘণ্টা লেট, ৮.৩.৮৬ তারিখে ৬ ঘণ্টা লেট, ১১.৩.৮৬ তারিখে ২ ঘণ্টা লেট, ১২.৩.৮৬ তারিখে ৬ ঘণ্টা লেট ট্রেন শিয়ালদহ পৌঁছেছে। এইসব অব্যবস্থা দূর করতে আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[3-30—4-00 P.M.] (including adjournment)

## Statement Under Rule 346

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of Judicial and Legislative Departments will make a statement.

**Shri Syed Abul Mansur Habibullah :** Mr. Speaker, Sir, I beg to make a statement before the House.

The Bar Association of the Calcutta High Court has protested against the implementation of the Court Fees Amendment Act, 1985, whereby the court fees as regards applications under the Writ Jurisdiction of the High Court has been raised. They have also stated that they would abstain from work in courts on 17.3.1986. I consider it my duty to place all facts before this House and the people.

The Bill was passed by this Assembly more than four months ago (30.10.1985) without any serious opposition from any quarters. But before this for four years the matter was being considered by the Central Court Fees Committee, set up by the Central Government. This Committee toured all major States, met and examined members of the Bar, Bar Councils, Advocate-Generals, Judges including retired judges and practically all concerned with the matter. At the end of their deliberations they submitted a unanimous report which was published in October, 1984. In our Court Fees Act we have implemented the recommendations partly and our scale is actually less than the said recommendation. The Committee divided Writ application in three catagories—Writs regarding Fundamental Rights, Writs regarding Miscellaneous Matters and Writs regarding Tax Matters apart from Habeas Corpus. Whereas regarding Fundamental Rights the Court Fee recommended by the Committee is Rs. 100/- for other Miscellaneous Matters recommendation is for Rs. 250/- and for Taxation Rs. 500/-. In our Court Fees Act, we have charged Rs. 100/- for all Writs excluding Habeas Corpus and for Taxation Rs. 250/- only and Rs.500/- for Taxation appeals. I may also add that in many other States fees are higher than ours from long before. As we have said recommendations of the Committee was published more than a year back after long deliberations and thereafter the Bill was published as an Act. Nothing was done in a hurry or without consultations. Therefore, I do not find any reason why members of the Bar would suddenly take the posture they have taken.

As everybody is aware the rising cost index is having its effect on expenditure on Judicial Administration and the Central Government is not ready to compensate any amount. Besides we are increasing the number of courts every year. Establishment of one lower court entails an additional expenditure to the tune of Rs. 2 lakhs. The total estimated collection from icreased Court fees is about Rs.14 lakhs ; this is about half of the total increased cost that is going to be added to our High Court budget for the 11 new Judges. Though increase in number of Judges hardly produces the desired result of increasing disposals.

We have been pleading with the Central Government for participation in Judicial budget at least to compensate the increasing cost. But no assurances are coming from that end. Central Government does not spend anythings on Judicial Administration except running the Supreme Court and courts in to Centrally administered areas.

I am surprised that those who are eager to object to our humble demands are not demanding anything from the Centre. The Finance

Commission allotments are from our shares of taxes collected here and that has nothing to do with compensating our rising cost of Judicial Administration.

Some High Court lawyers have suggested that we should have raised lower court fees and on such items as affidavits, ordinary petitions, etc. We are prepared to consider the suggestions. We can only say we have tried to tap a source without burdening the general and average litigants. Given the consideration that we will have to increase the amount of court fees to meet partly the rising cost—we may sit with representatives of the District Court and High Court lawyers to consider how best it can be done. We are always ready to consider suggestions provided that increases our total collection.

I may further add that poorer sections of applicants will be provided with Legal Aid and procedure in this regard, may be simplified, if necessary.

I would, therefore, earnestly request lawyer friends to refrain from hasty action. There is no reason why threats of case work should accompany petitions for consideration.

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** (**)

**মিঃ স্পিকার ঃ** একটা ঘড়ি তো চলছে। যাই হোক এই কথাগুলি বাদ যাবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** আপনাদের দিকের ঘড়িটি চলছে আর আমাদের দিকের ঘড়িটি চলছে না। কেন চলছে না? ঘড়ি চালাবার জন্য সরকারের কি পয়সা নেই? সরকার পক্ষের দিকের ঘড়িটি চলছে আর অপোজিশনের দিকের ঘড়িটি চলছে না। এর জন্য আমি আপনার মাধ্যমে প্রতিবাদ জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** মিঃ বাপুলি আমার রাইট হ্যান্ড সাইডের ঘড়িটি হল আপনাদের জন্য অতএব ওই ঘড়িটি চলছে।

(At this stage the House was adjourned till 4-00 P.M.)

[4-00 — 4-10 P. M.] (After Adjournment)

**Shri Abdur Rauf Ansari :** Mr. Speaker, Sir, I have a personal explanation.

**Mr. Speaker :** Mr. Ansari, there is no necessity of giving personal explanation. I have already expunged your name. So, no problem. Now, Shri Patit Paban Pathak to lay the Bidhan Chandra Krishi Viswa-Vidyalaya (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. XII of 1985).

** Note : Expunged as ordered by the chair

## Laying of Ordinance

### The Bidhan Chandra Krishi Viswa-Vidyalaya (Amendment) Ordinance,1985 (West Bengal Ordinance No. XII of 1985)

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to lay the Bidhan Chandra Krishi Viswa-Vidyalaya (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No XII of 1985).

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। আমরা আজকে এখানে দেখলাম যে, পরিষদীয় মন্ত্রী মহাশয় অর্ডিন্যান্স লে করলেন। স্যার, আমরা মনে করছি এর দ্বারা আমাদের এই হাউসকে মিসলিড্ করা হয়েছে। কেননা, আমাদের এখানে একটা কনভেনশন আছে যে হাউস খোলার সঙ্গে সঙ্গেই অর্ডিন্যান্স হাউসে লে করতে হবে. এটি আমাদের একটি রাইট। স্যার, অন্য দপ্তরের ৫টি অর্ডিন্যান্স বিধানসভা খোলার দিন ইতিমধ্যে লে করা হয়েছে। কিন্তু অর্ডিন্যান্স নং ১২, ১৯৮৫ টি এখানে সেই ভাবে লে করা হয় নি। আমরা মনে করি, এর দ্বারা হাউসে আমাদের যে অধিকার আছে তা ক্ষুণ্ণ করা হয়েছে। এই ব্যাপারে আমরা আপনার প্রোটেকশন দাবি করছি। এই অর্ডিন্যান্সটি এখানে তুলে আমাদের মিসলিড্ করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় এটি যথাসময়ে এখানে না তোলার ফলে আমাদের যে অধিকার ক্ষুণ্ণ করা হয়েছে, সেই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**Mr. Speaker :** I think the point raised by the Opposition member, Shri Kashinath Misra has got some force in it. Generally, Ordinance should be laid on the re-opening of the House on the day itself i.e. as early as possible. But I find that the House has re-opened on the 3rd March and to-day is the 13th. There has been delay of 10 days. I do not know to what extent it can be a breach of privilege that I will go through. But according to the parliamentary practice it is in the fitness of things that it is laid as soon as the House re-opens. But there has been some delay. I request the Hon'ble Minister to make note of this point. Generally, Ordinances are issued when the House is not in session. But as soon as the House re-opens it should be laid forthwith. There should be no delay. Members have every right to know about it. I would repeat that according to parliamentary procedure this is required to be laid as soon the House re-opens and this point should be taken note of by the Hon'ble Minister. I will go through the other aspects and I will give ruling, if necessary ; and If not, I will not.

## LEGISLATION

### The West Bengal Land Reforms (Amendment) Bill, 1986

**শ্রী সুনীলকুমার মজুমদার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, ১৯৮৬ সালের পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার সংশোধন বিধেয়ক আপনার অনুমতি ক্রমে বিধানসভায় পেশ করছি।

(Secretary then read the Title of the Bill)

**শ্রী সুনীলকুমার মজুমদার :** আপনার অনুমতি নিয়ে এই প্রস্তাব উত্থাপন করছি এবং ১৯৮৬ সালের ভূমিসংস্কার সংশোধনী বিধেয়কটি বিবেচনার জন্য গৃহীত হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮৪ সালের ৪ঠা জানুয়ারি থেকে ১৯৫১ সালের কলিকাতা পুর আইন বাতিল হয়েছে। এবং ১৯৮০ সালের কলিকাতা পুর কর্পোরেশন আইনটি চালু হয়েছে। কাজেই ১৯৫৫ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের ১(২) ধারায় যেখানে ১৯৫১ সালের কলিকাতা পুর আইনের উল্লেখ আছে, সেখানে ১৯৮০ সালের কলিকাতা পুর কর্পোরেশন (সংশোধন) আইন বলে প্রাক্তন যাদবপুর সাউথ সুবার্বান এবং গার্ডেনরিচ পুর এলাকাগুলি ১৯৮৪ সালের ৪ঠা জানুয়ারি থেকে কলিকাতা পৌর এলাকায় অন্তর্ভুক্ত হয়েছে। ১৯৮০ সালের কলিকাতা পুর কর্পোরেশন আইন চালু হওয়ার আগে ভূমি সংস্কার আইন অন্যান্য এলাকাসহ ঐ তিনটি পুরসভার অন্তর্গত এলাকাগুলিতেও প্রযোজ্য ছিল। ১৯৮০ সালের কলিকাতা পুর কর্পোরেশন আইন ১৯৮০ সালের সংশোধিত হওয়ার পরেও যাতে প্রাক্তন যাদবপুর, সাউথ সুবাবার্ন ও গার্ডেনরিচ পুরসভার অন্তর্গত এলাকাগুলিতে ভূমি সংস্কার আইনের প্রয়োগ বজায় থাকে তজ্জন্য এই আইনের ১(২) ধারার যথাযথ সংশোধন প্রয়োজন। এই সংশোধনের ফলে ঐ তিনটি পুরসভা কলিকাতা কর্পোরেশনের অন্তভূর্ক্ত হওয়ার আগে যেসব এলাকায় ভূমি সংস্কার আইন প্রযোজ্য ছিল, সংশোধনের পরেও সেইসব এলাকাতেই প্রযোজ্য থাকবে। আলোচ্য বিধেয়কটিতে এই সংশোধনগুলির প্রস্তাব করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করব মাননীয় সদস্যগণ আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমার উত্থাপিত ১৯৮৬ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার (সংশোধন) বিধেয়কটি বিধানসভা কর্তৃক অনুমোদনের জন্য গৃহীত হবে।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের ভূমি সংস্কার বিভাগের রাষ্ট্রমন্ত্রী মহাশয় যে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার (সংশোধন) বিধেয়ক ১৯৮৬ এই বিলটি নিয়ে এসেছেন সংশোধনের আকারে তাতে মূলত ভূমি সংস্কার আইনের প্রারম্ভিক আছে। এই অধিনিয়মকে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার অধিনিয়ম ১৯৫৫ বলে। ইহা কলিকাতা মিউনিসিপ্যাল অ্যাক্ট ১৯৫১এর তফসিল ১-এ বর্ণিত অঞ্চল, যাহা উক্ত আইনের ৫৯৪ ধারা অনুসারে সংশোধিত বলে বিবেচিত হবে। তাহা ব্যতীত পশ্চিমবঙ্গের সর্বত্র প্রসারিত হবে। আমরা দেখতে পাচ্ছি যে গার্ডেনরীচ, যাদবপুর এবং সংলগ্ন এলাকা, পৌর এলাকার অন্তর্ভূক্ত এবং বেহালাও নতুনভাবে কর্পোরেশনের সঙ্গে যুক্ত করার জন্য এই বিলটি এনেছেন। এই বিলটি একটা বৈষম্য সৃষ্টি করার জন্য আনা হয়েছে। এর মূল উদ্দেশ্য হচ্ছে অ্যানোমলি অফ ক্যালকাটা কর্পোরেশন অ্যাক্ট, ১৯৮০ অ্যান্ড রিফমর্স অ্যাক্ট, ১৯৫৬ আর অ্যানোমলি যেটা আছে এবং ১৯৮০ সালের কলিকাতা কর্পোরেশনের অন্তর্ভূক্ত যেটা হল যথা যাদবপুর, বেহালা এবং গার্ডেনরীচ এবং তারপরে ১৯৮৩ সালের থেকে ১৯৮৬ সালের মধ্যে ল্যান্ড রিফমর্স অ্যাক্ট এইসব জায়গার ইনক্লুশন হল না কেন?

[4-10 — 4-20 P. M.]

এই তিনটি বছরের আইনের সংশোধন করার কোনো প্রয়োজনীয়তা উপলব্ধি করলেন না। যে পৌর এলাকাগুলি কর্পোরেশনের সাথে যুক্ত হল সেগুলি ল্যান্ড রিফর্ম অ্যাক্ট আওতাভূক্ত

হল এবং পরবর্তীকালে ক্যালকাটা কর্পোরেশনের অ্যাক্টের সাথে যুক্ত হল। কিন্তু সেখানে আপনারা সংশোধনের কোনো রকম চিন্তা করলেন না। নিশ্চয় এখন এমন কোথাও একটা গলদ ধরা পড়েছে যার জন্য সংশোধন করতে হচ্ছে। কিন্তু এটা আরও আগে ত্বরান্বিত করা উচিত ছিল। আপনাদের দুটি দপ্তরের মধ্যে কোনো সামঞ্জস্য নেই। এবং দুটি দপ্তরই একটা অসামঞ্জস্যপূর্ণ অবস্থার মধ্যে দিয়ে চলছে। কিন্তু এই কাজটা আপনারা তিনটি বছর ধরে চিন্তা করলেন না। অর্ডিনেন্স যখন বলেছে তখন নিশ্চয় খুব একটা প্রয়োজন আছে। এবং অর্ডিনান্স যখন করেছে তার কার্যকারিতা উপলব্ধি করেই এই বিল নিয়ে এসেছেন। কিন্তু যে অবস্থা দেখলাম সেই অবস্থা তাদের কাছ থেকে আশা করিনি। যাদবপুর, বেহালা এবং গার্ডেনরীচ যখন কর্পোরেশনের আওতাভুক্ত হয়ে গেল তখন এর পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা গিয়েছিল। যেটা আমরা স্টেটমেন্টস অফ অবজেক্টস-র মধ্যে দেখতে পাচ্ছি। এটা আর ল্যান্ড রিফর্মস অ্যাক্টের আওতার মধ্যে থাকছে না। অতএব আমাদের পরিবর্তন সংশোধিত আকারেই নিতে হচ্ছে। আমরা জানতে চাই এমন কি কি কারণ ঘটল যার জন্য এই সংশোধন করে বিল আকারে আনতে হল? এই বিলের প্রয়োজনীয়তা পৌর আইনের সঙ্গে অসংলগ্ন থাকার জন্য এবং কাজের সুবিধার জন্য আইনের সংশোধনের মাধ্যমে এই জিনিস করছেন। কিন্তু সেটা ততটা ঠিক মতো ভাবে রূপায়িত হচ্ছে এবং প্রকৃত ভাবে যা জনস্বার্থে নিয়োজিত হবে সেটা দেখতে হবে। সরকার জনসাধারণের উপকারের জন্য আইন করেন। কিন্তু তারা তিন বছরের মধ্যে এটা করলেন না। সেই জন্য একটা বিভ্রান্তিকর অবস্থার মধ্যে সরকারকে উপস্থিত হতে হয়েছে। তার দপ্তর উপলব্ধি করছেন এখন এটা সংশোধন না করলে কাজের অসুবিধা হবে। সেই পরিপ্রেক্ষিতে বিলটা আনা হয়েছে এবং আমরা মনে করি কার্যক্ষেত্রে এই বিলকে আরো তরান্বিত করার প্রয়োজন ছিল। ভূমি সংস্কার আইনের বহু ধারা বিভিন্নভাবে জনস্বার্থ বিরোধী হিসাবে নিয়োজিত হচ্ছে, প্রকৃতভাবে স্বার্থকে দেখছে না, সরকারের এক রকম নির্দেশ থাকে কিন্তু কার্যক্ষেত্রে প্রয়োগের সময় বিভিন্নভাবে অপপ্রয়োগ দেখা যায়। সেই অপপ্রয়োগের যারা বলি হয় তাদের দেখার সুযোগ সরকারের থাকে না, সেখানে বিরোধী দলের বক্তব্যগুলি তদন্ত করে তারমধ্যে যেগুলি ঘটনা সেগুলি পরিবর্তন করার জন্য সংশোধন করার প্রয়োজন হয়। এই সরকার বারে বারে বলেছেন যে বিগত ১৯৮১ সালের আইনটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে রাষ্ট্রপতির অনুমোদনের জন্য, কিন্তু তা পাওয়া যায়নি, রাষ্ট্রপতির সই হয়ে আসেনি বলে আমরা প্রকৃত কাজ করতে পারছি না, আমাদের প্রকৃত কাজ করতে বিরোধী দল তথা কেন্দ্রীয় কংগ্রেস সরকার দিচ্ছে না। কিন্তু কংগ্রেস সরকারই এই বিলের প্রণেতা। সুতরাং বিরোধী দলের বক্তব্যটাকে শুনে সেটাকে কার্যকর করার ব্যবস্থা করা প্রয়োজন। সরকার সেখানে শুধু কেন্দ্রের উপর দোষারোপ করে ভূমি সংস্কার আইন নিয়ে যে সমস্ত সমালোচনা করেছেন সেটা কতটা অযৌক্তিক তা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন পেয়ে উপলব্ধি করেছেন। এই রকমভাবে শুধু দোষারোপ না করে, এই যে ডিলেইং পলিসি সরকার নিয়েছেন, এটা না করে জনস্বার্থে আইনটাকে কার্যকর করা উচিত ছিল। এরজন্য মন্ত্রী মহাশয়কে দোষ দিতে পারি না, তাঁর দপ্তরের দোষ, তাঁর দপ্তর তৎপর নয়। তাঁর দপ্তর তৎপর না থাকার জন্য হঠাৎ তাঁদের এই আইনকে তৈরি করতে হয় এবং তৈরি করতে গিয়ে সেখানে অনেক কিছু ত্রুটি থেকে যায় যার জন্য তাঁদের আরো সংশোধন করতে হয়।

[4-20 — 4-30 P. M.]

যার জন্য একটা সংশোধনী আনা হল, পুনরায় দেখা গেল কয়েক মাস পরে আবার একটা সংশোধনী আনতে হল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী বিনয়কৃষ্ণ চৌধুরী মহাশয় এই দপ্তরের ভার প্রাপ্ত আছেন এবং তিনি প্রকৃতভাবে তাঁর দপ্তরকে একটা বিজ্ঞান ভিত্তিক দপ্তরে পরিণত করার জন্য চিন্তা ভাবনা করেন। কিন্তু তাঁর দপ্তরের কেন দেরি হল এবং কোথায় বাধা পেল বিলটি আনতে সেটা আমরা পরিষ্কারভাবে দেখতে পাই নি। এই ব্যাপারে কলকাতা কর্পোরেশনের সাথে যুক্ত বা বিভিন্ন নোটিফায়েড্ এরিয়ার সাথে যুক্ত বা বিভিন্ন মিউনিসিপ্যালিটির সাথে যুক্ত এই রকম কোনো জায়গায় যদি অ্যানোম্যালি থাকে তাহলে সেগুলি দূর করার জন্য সরকার একটা পূর্ণাঙ্গ আইন আনার চিন্তা ভাবনা করছেন কিনা এবং সেখানে ভূমি সংস্কারের চিন্তা ভাবনা আছে কিনা এবং এই অবস্থায় সরকারের কোথায় কি অসুবিধা হচ্ছে সেগুলি কিন্তু আমরা পরিষ্কারভাবে এখানে দেখতে পাচ্ছি না। কাজেই এইগুলিকে আরো তরান্বিত করার জন্য আমি আপনার মাধ্যমে বিভাগীয় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন জানাচ্ছি আমি আশা করছি যে স্বার্থে বিলটি নিয়ে আসা হয়েছে প্রকৃতভাবে সেই স্বার্থেই বিলটি নিয়োজিত হবে। আমি এই আশা ও বিশ্বাস রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটি পয়েন্ট অব অর্ডার আছে। আমাকে একটু বলবার সময় দেবার জন্য আমি আপনার কাছে কৃতজ্ঞ। স্যার, আপনি জানেন গতকাল কলকাতা বিশ্ববিদ্যালয়ের 'কুটা'—ক্যালকাটা ইউনির্ভাসিটি টিচার্স অ্যাসোশিয়েশন-এর নির্বাচন হয়েছিল। সেই নির্বাচনে সি. পি. এম. এর দল থেকেও প্রার্থী ছিল। প্রত্যেকটি আসনে তাঁরা গো-হারান হেরেছেন, একটি আসনেও জিততে পারেন নি। এটা আমি স্যার, আপনার কাছে জানিয়ে দিলাম।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি বসুন। জয়নাল সাহেব আপনার কি পয়েন্ট অব অর্ডার আছে বলুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে এই, যে বিলটি নিয়ে আলোচনা হচ্ছে এটা কনসিকোয়েনসিয়্যাল বিল। প্রসিডিওরের দিক দিয়ে আমি আপনার রুল ৭৭এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। যে পাবলিকেশন এবং ডিস্ট্রিবিউশনে এই বিলটি আমাদের দিয়েছেন তার মেম্বার Member in charge of the Bill is Shri Benoy Krishna Chowdhury. Shri Benoy Krishna Chowdhury is in charge of the Bill. আপনি পারেন, আপনার এক্তিয়ার আছে টু অ্যালাও। এনি আদার মেম্বার ইজ টু কনডাক্ট দি প্রসিডিংস অব দি বিল। কিন্তু ইন্ট্রোডাকশন মোশানের পরে যদি মেম্বার ইন চার্জ চেঞ্জ হয়ে যায় তাহলে একটা অ্যামেন্ডমেন্ট মোশন এখানে আনা দরকার আন্ডার রুল ৭৭, সেটা এখানে পালিত হয়নি' গুরুত্বপূর্ণ এই রকম বিলে আপনার তরফ থেকে ফ্রম দি চেয়ার আমি জানতে চাইছি, Under what rule and under what Convention and under what authority Shri Sunil kumar Majumdar, Minister of State and who is not declared to be the member in charge of the Bill has been permitted to introduce the Bill? কনসিডারেশন মোশনে অ্যামেন্ডমেন্ট —without moving a motion for an amendment with regard to the member in

charge of the Bill. আপনি পারমিশন দিলেন, এটা ব্যাখ্যা করে বলুন। আপনি তা বলেন নি। ইউ আর বাউন্ড বাই ল অ্যান্ড কনভেনশন। তারপর অ্যামেন্ডমেন্ট মোশন—কোনো ইন্ট্রোডাকশন তার বদলে আর একজন সদস্যের নামে এ মেম্বার ইন হুইচ নেম দি বিল হ্যাজ বিন পাবলিশড্, এটা আমাদের ব্যাখ্যা দিন। এ মেম্বার, হাউ হি ক্যান ব্রট ইন দি পিকচার? আমি রুল ৭৭ এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যদি আপনার বোধগম্যের কিছু অসুবিধা থাকে তাহলে আপনি সময় নিন, পরে রুলিং দেবেন। Possibly he cannot proceed with the Bill unless an amendment is made. He must introduce by a subsequent amendment that another member has become in charge of the Bill. আপনি এটা আমাদের উত্তর দিন, না জানলে পরে বলবেন।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, একটু আগে মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব বক্তৃতা করার সময় আপনাকে কটাক্ষ করে বললেন "আপনার বোধগম্যের যদি অভাব থাকে" ইত্যাদি স্যার, একথা বলার স্পর্ধা ওঁর কি করে হয়? স্যার, এটা আনপার্লামেন্টারি কথা, আপনি এটা এক্সপাঞ্জ করে দিন।

(নয়েজ)

যাদের বোধগম্যের অভাব থাকে তারাই একথা বলতে পারে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আমি একটা ইনফরমেশন দিতে চাই। আমাদের বহু আকাঙ্ক্ষিত একটি বিল ভূমি সংস্কার বিল, তাতে মাননীয় রাষ্ট্রপতি অনুমোদন দিয়েছেন। স্যার, এরজন্য আমাদের এই হাউস থেকে শুধু মাননীয় রাষ্ট্রপতি মহাশয়কে নয় কংগ্রেস দলকেও ধন্যবাদ দেওয়া উচিত। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই হাউসে বক্তৃতা দেবার সময় অসত্য কথা বলেছিলেন যে নাকি অ্যাসেন্ট দেয় নি কিন্তু তার আগেতে অনুমোদন দেওয়া হয়েছে। এটা স্যার, একটা যুগান্তকারী ব্যাপার। মাননীয় মুখ্যমন্ত্রী যে অসত্য ভাষণ রেখেছিলেন তারজন্য তাঁর হাউসে ক্ষমা চাওয়া উচিত। স্যার, মুখ্যমন্ত্রী মহাশয়কে হাউসে ক্ষমা চাইতে বলুন, তিনি হাউসে ভুল বলেছেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিনিস্টার এখানে বিলটা মুভ করেছেন।

**Dr. Zainal Abedin :** Under what rule you are giving this ruling?

**Mr. Deputy Speaker :** The Minister who has moved this Bill is in charge of this Department.

**Dr. Zainal Abedin :** Sir, express provision is here that after introduction amendment motion may be brought before the House by some other cabinet colleague who will be in charge of the Bill and whose name will be published in the bulletin.

**Mr. Deputy Speaker :** Before introduction of the Bill, he has sought the permission of the Chair. So there is nothing wrong at all.

**শ্রী অবন্তি মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মাননীয় রাষ্ট্রমন্ত্রী আজ এই হাউসে ভূমি সংস্কারের উপর যে সংশোধনী বিল এনেছেন তা আরো

সংশোধন করা একান্ত প্রয়োজন। কারণ সেই সংশোধনী বিল প্রয়োগের ক্ষেত্রে যদি যথার্থতা পালন করা না হয় তবে সেই বিল জনস্বার্থের পরিপন্থী হয়ে দাঁড়ায়। স্যার, প্রবাদ আছে, যার ছেলেকে কুমিরে খায় সে ঢেঁকি দেখলেই ভয় পায়।

[4-30 — 4-40 P. M.]

ভূমি সংস্কার করার ক্ষেত্রে প্রশাসনকে কবজা করে বে-আইনি ভাবে ভূমি সংস্কার আইনকে যেভাবে প্রয়োগ করা হয়েছে তার ফলে পশ্চিমবঙ্গে বহু উপযুক্ত কৃষক আজকে চোখের জল ফেলছে, বহু বিধবা চোখের জল ফেলছে, একথা কেউ স্বীকার করতে পারবেন না।. মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ধরনের নজির আমরা বহু পেয়েছি। কাজেই আজকে যে সংশোধনী বিল মন্ত্রী মহাশয় এনেছেন সেটা প্রয়োগের ক্ষেত্রে যাতে যথাযথ ভাবে রক্ষা করা হয় সেই আবেদন আপনার মাধ্যমে করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮১ সালে ভূমি সংস্কার সংশোধনী বিল রাষ্ট্রপতির অনুমোদন সাপেক্ষে পাঠানো হয়েছিল। ভূমি সংস্কারের মতো একটা গুরুত্বপূর্ণ বিল, সেই বিলকে খতিয়ে দেখা দরকার, বিশেষ ভাবে দেখা দরকার। সেই বিলকে বিশেষভাবে দেখতে গিয়ে সময় লেগেছে, এটা অস্বীকার করার কথা নয়। কিন্তু আমাদের বিরোধী পক্ষের রাজনৈতিক দলগুলি ঐ বিলটি খতিয়ে দেখতে সময় লেগেছে বলে কংগ্রেসকে, কেন্দ্রীয় সরকারকে তথা রাষ্ট্রপতিকে নানাভাবে কটূক্তি করেছিল। আমি আজকে তাদের একথা বলতে চাই যে কংগ্রেস কখনও জমিদার, জোতদারদের স্বার্থ দেখেনি। কংগ্রেস ভূমিহীনদের স্বার্থ রক্ষা করে এসেছে এবং আজও রক্ষা করতে চায়। আপনারা মুখে এক কথা বলেন আর কাজের সময়ে অন্য রকম করেন। আপনারাই জমিদার, জোতদারদের স্বার্থ রক্ষা করছেন তার স্বরূপ আজকে পশ্চিমবঙ্গে দেখা দিয়েছে। একটা কথা আছে, 'তোমারে বধিবে যে গোকুলে বাড়িছে সে।' একটু অপেক্ষা করুন, আপনাদের অবস্থা সেই রকম হবে। আপনারা ভূমি সংস্কার আইনকে নিয়ে যেভাবে অপপ্রয়োগ করেছেন তাতে ১৯৮৭ সালের নির্বাচনে পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের ক্ষমা করবেনা। আমি এই কথা বলতে চাই, আজকে ভূমি সংস্কার সংশোধনী বিল যেটা এনেছেন সেটার যদি যথাযথ ভাবে প্রায়োগ করা হয় তবেই দেশের কল্যাণ হতে পারে। কিন্তু আমাদের এই রিবোধী পক্ষ দেশের কল্যাণ হতে দেবেনা তার বহু প্রমাণ, বহু নজির আমার কাছে রয়েছে। এরা এখানে চিৎকার করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দায়িত্ব নিয়ে বলছি যে ভূমিহীনদের মধ্যে জমি বণ্টন করার নাম করে এরা ভূমিহীনদের উৎখাত করেছে। যারা ভূমিহীন তাদের জমি না দিয়ে যাদের জমি আছে তাদের জমি দেওয়া হয়েছে। এরা মুখে এক রকম কথা বলে আর কাজের সময়ে অন্য রকম করে। এই হচ্ছে এদের চরিত্র। আমি আবেদন করব যে ভূমি সংস্কার সংশোধনী বিল আনা হয়েছে সেই বিলকে জনসাধারণের স্বার্থে যেন যথাযথ ভাবে কার্যকর করা হয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে আমাদের ৩টি নন-অফিসিয়াল রেজলিউশন আছে এবং ঠিক হয়েছে যে সেই বিষয়ে আলোচনা হবে। কালকে যে ৩টি নন-অফিসিয়াল রেজলিউশন নিয়ে আলোচনা হবে, আমরা হাউসের সদস্য হিসাবে আন্ডার রুল ১৭৪(২)-তে আমাদের অধিকার আছে, প্রিভিলেজ আছে যে আমরা অ্যামেন্ডমেন্ট দিতে পারি। অ্যামেন্ডমেন্ট দেবার নিয়ম হচ্ছে বিফোর ২৪ আওয়ারস। কালকে একটার সময়ে হাউস

বসছে, এখনও আমরা রেজলিউশনের কপি পাইনি। কাজেই আমরা কি করে অ্যামেন্ডমেন্ট দেব এবং ডিসকাশনে অংশ গ্রহণ করব? সে জন্য আমি এই বিষয়ে আপনার রুলিং চাইছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মান্নান সাহেব, আপনি বোধ হয় ভুলে গেছেন যে, আজকে ৩-টে পর্যন্ত ওটা রিসিভ করার সময় আছে, তারপরে অ্যাডমিট হবে, কি করে হবে না, স্পিকার সাহেব ডিসিশন নেবেন। সুতরাং যেটা অ্যাডমিট করাই হবে না, সেটার উপর অ্যামেন্ডমেন্ট কি করে নেওয়া হবে?

**শ্রী আব্দুল মান্নান ঃ** কাল আমরা আলোচনা করব কি করে।

(At this stage, Mr. Speaker took the Chair and Shri Satya Ranjan Bapuli rose to speak)

**Mr. Speaker :** I will explain the situation, Mr. Bapuli. The Business Advisory Committee, where all the parties are represented, met in my Chamber when this matter was discussed and agreed to by a consensus and it was agreed that this procedure was to be followed. So, the question of pointing out the rules does not arise because your party was represented there. They have argeed. It is a very bad parliamentary practice to argee at one stage and again to raise points on that in the House at another stage. The House approved all those things. Please do not do this. This is not good. Don't try to hit below the belt. It is not proper. If your member, who was there, had protested it, then we would not have fixed tomorrow as a non-official day. Most probably in the lottery, you did not get any chance. That is why you have raised the question now. Don't behave in this way. Don't do it. please take your seat now. So no further discussion on this issue. There is no point of order in it and your point of order is over-ruled.

**Shri Satya Ranjan Bapuli :** Sir, again I rise on a point of order.

**Mr. Speaker :** No point of order. Mr. Bapuli, please keep in mind that the rules are subject to this House. The House is sovereign and not the rules, keep that in mind. When the House approves certain things, even if it is against the rules, the rules do not prevail. That is the parliamentary practice, keep that in mind and try to behave in that way in future. So, please take your seat.

Now, Shri Md. Ramjan Ali, you please start your speech.

**Shri Mohamad Ramjan Ali :** Mr. Speaker, Sir, rising to speak on the West Bengal Land Reforms (Amendment) Bill, 1986, I would like to say that this Bill serves the ambiguity which we had after the amendment of the Calcutta Municipal Corporation Bill in the year 1983—extending the jurisdiction of the Calcutta Municipal Corporation. This amendment Bill is out of the necessity and in the extended juris-

diction of the Calcutta Municipal Corporation, there were some contradiction between the Land Reforms Act and the Calcutta Municipal Corporation Amendment Act. To remove the overlapping jurisdiction and contradictions in conformity with the said Act of the Calcutta Municipal Corporation, this Bill has been brought here. This Bill will serve the purpose which has been aimed at in the Object of this Bill. In this connection, I would like to submit through you, Mr. Speaker, Sir, that the Land Reforms Act is a vital thing which has brought many things for the poor mass and it has generated employment thereby getting the relevancy of this Bill. Though I support the Bill and its subject matter, still here is lack of economic holdings. In West Bengal, we are distributing the land among the individual elligible person and then they cultivate on the land allotted to them—which is not creating any economic holding for their future, nor their wealth is rising in our State. so, from that point of veiw, it will be appreciable if the West Bengal Government take initiatives to constitute economic holdings for the people through the State Co-operative Farm. So economic holding can be created for the better utilisation of the surplus land. Sir, one thing is very good in the Land Reforms Act,, i.e., ceilling limit has been brought throughout the State on an equal footing. Prior to this, some villages in some districts had not this privilege and some persons retained more lands in the name of **Bheris** and orchards. They possessed land exceeding the ceiling limit applicable to the other districts. But now the ceiling limit is equal in all the district and none can possess land beyond that limit in the name of orchards or **Bheris**. So it is now uniform in the State and it has served the purpose. But I like the Goverment to enter and look into the matter to created economic holding for the benefit of the agricultural sector for more output.

I have noting more to say, Sir, except to support this Bill as this Bill is fully in in conformity with the Calcutta Municipal Corporation Act. Thank you, Sir.

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, I want to draw your attention on one point.

**Mr. Speaker :** I know, Dr. Abedin. I have heard you in my chamber.

**Dr. Zainal Abedin :** No, Sir, this is a separate issue. Shri Abdul Mànnan, while he was making his submission,, had no intention to hurt the feeling of the Chair. Unfortunately, he did not complete his submission. I again say, Sir, that he had no intention to hurt your feeling. The question was that he was going to seek some relaxation as per rules,

as per your discretion. It is upto the discretion of the Speaker who is competent to relax the rules. But Shri Mannan was not able to obtain that relaxation and complete his say since you interfered and made some remarks.

**Mr. Speaker :** What do you want me to do? Do you want that the time for submission of amendments be extended? Very well, Dr. Abedin, you can submit your amendments and those will be accepted.

[4-40 — 4-50 P. M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Thank you, Sir, now with regard to this Bill আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই স্পেশিফিক একটি কথা আপনি উত্তর দিন, বিফোর দিজ্ অ্যামেন্ডমেন্ট আপনি স্পেশিফিক উত্তর দিন Implementation of the land Reforms Act, provisions in those areas kept in abeyance. ছিল কিনা? ক্যালকাটা কর্পোরেশন আইন আগেই পাস হয়ে গেছে It is a political decision that Certain fringe municipalities will be incorporated into the Calcutta Corporation. You have lost in Calcutta Corporation. Only by virtue of these fringe areas you have owned the corporation election. You have lost in the calcutta corporation proper. আপনি জবাব দিন, আপনি যে সংশোধনী আনলেন-আপ-টু দিজ অ্যামেন্ডমেন্ট এটা এখনও এনফোর্স হয়নি, এখনও পর্যন্ত ইমপ্লিমেনটেশন অফ দিজ প্রভিসন এটা till assented to by the president. সুতরাং আপনি এটা এনফোর্স করতে পারবেন না। দীর্ঘদিন পর্যন্ত implementation of the Land Reforms Act with regard to Jadavpur, South Subarban and গার্ডেনরীচ আপনি বন্ধ রেখেছিলেন। এটার অ্যাডমিনিস্ট্রেটিভ কি ব্যবস্থা ছিল, কি অবস্থা ছিল? অ্যাডমিনিস্ট্রেশনে কি ব্যবস্থা ছিল, কি ব্যবস্থা আপনাদের আছে, তা দেখে স্পেশিফিক জবাব দেবেন। প্রত্যেকটি কনসিকোয়েনটাল অ্যামেন্ডমেন্ট এখানে ব্যবস্থা আছে। এখানে আর একটা কথা, আপনাদের বিবেচনা করার সময় এসেছে কিনা। Because of developmental projects, because of the planned economy proposed by the Congress administration in the Centre through out this long 36 years with an interruption of two and half years in between. আজকে The prices in the urban areas have multiplied by 500 times, report of the Reserve Bank of India the prices have been appreciated by 500 times in the metropolitan area. In other areas of the metropolitan area it has been appreciated by 20 times. এটা অ্যানোমেলি, আমাদের ইনইকোয়ালিটি ইন পজেসন অফ দি বাউনটিজ অফ নেচার। এখানে সরকারের দৃষ্টিভঙ্গি আমরা পুরোপুরি জানতে চাই। It is not a comprehensive bill, it is piecemeal, it is patch—work. আপনাদের দৃষ্টিভঙ্গি কি সেটা জানতে চাই। Have you lost your direction, have you any long-term project that you have provided to the society with certain direction and certain goal? এই ৩টি প্রশ্নের জবাব কনসিডারেশন মোশনে আমাকে দেবেন। থ্যাঙ্ক ইউ স্যার।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মিঃ স্পিকার স্যার, ভূমি সংস্কার সদ্ব্যবহার দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন The West Bengal Land Reforms (Amendment) Bill, 1986. তাকে আমি সমর্থন করছি। কারণ এই বিলের মধ্যে খুব গুরুত্বপূর্ণ বিষয় নেই। কলকাতা কর্পোরেশন আওতাতে যে সব নতুন এলাকাগুলি এসেছে সেই এলাকা গুলির পুরোনো ভূমিসংস্কার আইন মতই চলবে, আর কলকাতা কর্পোরেশন ভূমি সংক্রান্ত যে কোনো বিষয় কলকাতা কর্পোরেশন আইন মতোই চলবে। এই হচ্ছে মূল কথা। এই সংশোধনের প্রয়োজন দেখা দিচ্ছে, এ জন্য যে কলকাতার পুরানো যে কর্পোরেশন এলাকা তার সঙ্গে এটার তফাৎ আছে। ঐ নতুন এলাকাগুলিতে স্বভাবতই কলকাতা আইনে প্রযুক্ত হতে যাচ্ছে। সেই ক্ষেত্রে মূল যে তফাৎ আছে কলকাতা কর্পোরেশনের মূল ভূখন্ড তার সঙ্গে যুক্ত হয়েছে। জমির যা কিছু পার্থক্য থাকার ফলে এই বিল আনতে হয়েছে। এটা একটা সামান্যতম সংশোধন। এই সংশোধনের মধ্যে দিয়ে তিনি একটা বিষয়ে সামঞ্জস্য ব্যবস্থা করেছেন। এখানে বিরোধিপক্ষের তরফ থেকে যেসব আক্রমণ হয়েছে তা এখানে চলেনা। শ্রী অবন্তি মিশ্র এবং শ্রী কাশীনাথ মিশ্র মহাশয়, এই বিলের বিরুদ্ধাচরণ করতে গিয়ে মূল বক্তব্য থেকে সরে গেছেন। আপনারা সম্প্রতি দেখেছেন ভূমি সংস্কার বিলে মাননীয় রাষ্ট্রপতি সম্মতি দিলেন, যার ফলে পশ্চিমবঙ্গের ভূমি ব্যবস্থার আমূল পরিবর্তন হতে চলেছে। পশ্চিমবঙ্গের শ্রমজীবী মানুষ তাদের অধিকার অর্জন করতে যাচ্ছে। ওঁরা তাতে ভীত, সন্ত্রাস এবং কায়েমী স্বার্থের মানুষরা প্রতিবাদে আর্তনাদ করছেন। কিন্তু এই বিলের মধ্যে আর্তনাদ বা চিৎকার করার মতো কিছু নেই। একটা সামান্যতম পরিবর্তন। কিন্তু সম্প্রতি যে সম্মতি হয়ে গেল তারপর আমরা সংবাদপত্রে দেখছি তাঁরা এই বলে আর্তনাদ করছেন যে গ্রামাঞ্চলে অসন্তোষের আগুন জ্বলবে। কিন্তু সে বিলে তো গ্রামের মানুষের ক্ষেত্রে আমূল পরিবর্তন আনবে। শ্রমজীবী মানুষ তার অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে নতুন ইতিহাস রচনা করছে। পশ্চিমবঙ্গের শ্রমজীবী মানুষের যে সংগ্রাম সেই সংগ্রাম আরও উচ্চতর পর্যায়ে চলে যাচ্ছে। ভূমি এবং জমি সংক্রান্ত ব্যাপারে ওঁদের বিরোধিতা এবং সেই ক্ষেত্রে ভূমি সংক্রান্ত কোনো বিল উত্থাপিত হলে ওঁরা বিরোধিতা করে চলেন। অবন্তি বাবু কি করে সামাল দিতে পারবেন চেষ্টা করুন। বিধানসভায় বলে কোনো লাভ হবে না। ঐ আইন প্রযুক্ত হবে। গ্রামে সাধারণ মানুষ অধিকার বলে লড়াই করবে, সেই লড়াইয়ের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের রাজনৈতিক চেতনা সংরক্ষিত হবে। আগামী দিনের জন্য আপনাদের যে উৎকণ্ঠা সেই উৎকণ্ঠা আমরা বুঝতে পেরেছি, কিন্তু আমরা নাচার। বিলকে কেন্দ্র করে নতুন করে সাধারণ মানুষকে সংগঠিত করার যে লড়াই সেটা চলবে। আমাদের কিছু করার নেই। ওদের দুঃখ কষ্ট হচ্ছে সে ব্যাপারে আমাদের কিছু করার নেই। উপসংহারে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন সেখানে রুল গত, প্রসিডিওর গত কিছু প্রশ্ন উত্থাপিত হলেও এগুলি আইনানুগ হয়েছে বলেই মাননীয় স্পিকার মহাশয় উত্থাপন করার সুযোগ দিয়েছেন। আমি এই বিল উত্থাপনের প্রয়োজনীয়তা আছে বলে একে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 P.M.]

**Mr. Speaker :** Dr. Zainal Abedin, as regards the point that you have raised, that Rule-77 matter, your contention is that Shri Sunil Majumdar.

**Shri Satya Ranjan Bapuli :** স্যার, ওটাতো decided হয়ে গেছে।

**Mr. Speaker :** I believe a question has been raised and if there are argumental points then it should be thrashed out completely and it should not be left half-finished. When a question has been raised it is better that we make ourselves more aware of the rules and procedures.

You have said that Shri Sunil Majumdar not being the Member giving notice of the Bill does not have authority and power under the Rules to introduce the Bill. I think you have referred to Rule 77. The Rule states, "No motion that a Bill be taken into consideration or be passed shall be made by any member other than the member in charge of the Bill and no motion that a Bill be referred to a Select Committee of the House, or be circulated for the purpose of eliciting opinion thereon shall be made by any member other than the member in charge except by way of amendment to a motion made by the member in charge". Then there are some provisoes etc. in that Rule. Now, I want to draw your attention to Rule 2 of our Rules of Procedure and conduct of Business. It is at page 3 of our Rule Book where 'Member in charge of Bill' has been defined. It states, "Member in charge of the Bill" means the member who has introduced the Bill and any Minister in the case of a Government Bill.

**Dr. Zainal Abedin :** I agree.

**Mr. Speaker :** Now, Member in charge of the Bill means the member who has introduced the Bill. The Bill has been introduced by Shri Sunil Majumdar.

**Dr. Zainal Abedin :** Under what authority, Sir?

**Mr. Speaker :** Dr. Abedin, I beg to draw your attention to this proviso.

"Provided that if the member in charge of a Bill is unable, for reasons which the Speaker considers adequate, to move the next motion So, first motion is the introduction.

**Dr. Zainal Abedin :** Sir, next motion means the first motion after the introduction motion. The first motion is compulsory and that the member in whose name the Bill has been published is bound to move the first motion. Sir, here I place emphasis on the words 'next motion', that is, any subsequent motion after the introduction. He or any other member may move that with the approval of the Speaker. So I put my emphasis on one point that in whose name the Bill has been circulated and published he is required compulsorily to introduce the Bill or a

motion should be brought before the House before hand that he is unable or otherwise not in a position to move the Bill and that the Bill will be moved by so and so who will be the member in charge of the Bill.

**Mr. Speaker :** Dr. Zainal Abedin, I think you have allowed yourself to be misled for a little while for a very small portion of what you have referred to in your speech. Regarding notice of a motion I can say that nowhere Rule 77 refers to a notice of a motion. I again read Rule 77.

'No motion that a Bill be taken into consideration or be passed shall be made by any member other than the member in charge of the Bill'. Member in charge of the Bill, according to our definition, means the member who has introduced the Bill. He is the Member in charge of the Bill. What is the difficulty and what is your revulsion about this?

**Dr. Zainal Abedin :** Sir, there is great disparity. You have placed and circulated the Bill long long ago and we were under the impression that Shri Benoy Krishna Chowdhury would introduce the Bill. Further, in the Order Paper that you have circulated today, I repeat today, it is like this—'Government Business, Legislation, The West Bengal land Reforms (Amendment) Bill, 1986— Shri Benoy Krishna chowdhury to introduce The West Bengal Land Reforms (Amendment) Bill, 1986'. So, again we were under the impression and under notification that Shri Benoy Krishna Chowdhury is the Member in charge of the Bill.

**Mr. Speaker :** Dr. Abedin, being under impression or under notification does not make things illegal or against the rules and as such not in violations of the rules. If Member in charge means the Member who has introduced the Bill and any Minister in the case of a Government Bill then any Minister, he may not belong to Land and Land Reforms Department or even the Parliamentary Affairs Minister, may move this. What is the problem then?

(Shri Abdus Sattar rose to speak)

**Mr. Speaker :** Yes, Mr. Sattar, let me learn something from you.

**Shri Abdus Sattar :** Sir, rule 77 says, 'No motion that a Bill be taken into consideration or be passed shall be made by any member other than the member in charge of the Bill.'

**Mr. Speaker :** Yes, I argee that the member in charge of the Bill is to move the motion of introduction. Read rule 2, what does it say?

**Shri Abdus Sattar :** Sir, in the List of Business it is named as Shri Benoy Krishna Chowdhury to introduce the Bill.

**Mr. Speaker :** I am not on the List of Buisness. The List of Business can be printed wrongly or on a wrong notion or it may be mis-printed or the Minister may not come due to various reasons. I have given him the permission. What is the bar to move the motion for introduction of the Bill by Shri Majumdar? Once he has moved the motion he becomes the member in charge of the Bill. This is the rule.

**Shri Abdus Sattar :** You are giving protection to the Minister of State.

**Mr. Speaker :** It is in the rule.

**Dr. Zainal Abedin :** Sir, I contend, till the motion of amendment that the member in charge whom the Speaker has been pleased to permit, and the motion of amendment has been moved in the House that the member in charge of the Bill will be so and so— I still stand on my earlier contention—possibly it will not be in consonance with the spirit of the rules.

**Mr. Speaker :** Very well. I give my ruling. The Honourable Member, Dr. Zainal Abedin, has raised a question that how the Hon'ble Minister of State, Shri Sunil Kumar Majumdar, not having given notice of his intention to move this Bill, notice of which has been given by the Hon'ble Minister, Shri Benoy Krishna Chowdhury can move. It is his further contention that in today's business Shri Benoy Krishna Chowdhury's name has been printed as member in charge who would be introducing the Bill. Dr. Zainal Abedin contends that as Shri Benoy Krishna Chowdhury has not moved the motion for introduction of the Bill, he being the member in charge by virtue of his having given notice of his intention to do so, Shri Sunil Kumar Majumdar cannot move the motion for introduction of the Bill. I will now draw the attention of the Honourable Members of the House to rule2-in the definition of member in charge of the Bill. "Member in charge of bills means, the member who has introduced the Bill and any Member in case of Government Bill". In this case it will be also in the fitness or things, incompetence, if any other Minister other than Shri Sunil Kumar Majumdar who holds the port folio of Land Revenue Department or if any other Minister who is holding and other port folio, also introduces the Bill and becomes the member in charge. The Contemplation of the Rule 77 is, in the case of any Bill having been introduced by a certain Minister and he becomes the member in charge after the introduction. Then if another member wants to move it, the question of amendment

will arise but not before the motion has been moved. The motion has been moved by Shri Sunil Kumar Majumdar then in accordance with the rules there is no contradiction. Anyway, he, as the member in charge of the Bill, is entitled to move the Bill, and more so, he has been permitted to do so. Now, Shri Sunil Kumar Majumdar will move motion for consideration.

**Shri Sunil Kumar Majumdar :** Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1986 be taken into consideration. মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটা এখানে আনা হয়েছে, এর মধ্যে সামান্য একটা ব্যাপার আছে। এই বিলের পিছনে অন্য কিছু নেই। ল্যান্ড রিফর্মস অ্যাক্ট কলকাতাতে যেটা ছিল—পৌর আইনের মধ্যে এটি ছিল। কিন্তু ১৯৮৪ সালের ৪ঠা জানুয়ারি সাউথ সুবার্বান মিউনিসিপ্যালিটি, বেহালা এবং গার্ডেনরিচ কলকাতা কর্পোরেশনের মধ্যে অন্তর্ভুক্ত হওয়ার জন্য এটি বাদ যায় এবং সেজন্য আমরা মনে করেছি যে ল্যান্ড রিফর্মস অ্যাক্টের আওতার মধ্যে এটা এনে রাখা ভাল। সেজন্যই এই বিলটি এখানে আনা হয়েছে। মাননীয় কাশীবাবুকে শুধু একটি কথা বলতে চাই যে, কাজটি আমরা দ্রুততার সাথে শেষ করব, এই প্রতিশ্রুতি আমরা তাকে দিতে পারি।

The Motion of Shri Sunil Kumar Majumdar that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1986, be taken into consideration, was then put and argeed to.

**Clauses 1, 2 and preamble**

The question that clauses 1, 2 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Sunil Kumar Majumdar :** Sir, I beg to move that the West Bengal land Reforms (Amendment) Bill, 1986, as settled in the Assembly, be passed.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে প্রশ্নটি তুলেছি, এখানে এই যে আইনটি পাস হতে চলেছে সে সম্বন্ধে ওঁর কোনো জ্ঞান আছে কি? এই আইনটি পাস হওয়ার আগে এ সম্বন্ধে ওঁর উত্তর কি, সেটা জানতে চাই। ল্যান্ড রিফর্মস্ অ্যাক্ট'এর অ্যাপ্লিকেশন শুরু হওয়া উচিত ছিল from the date of publication of the first rule and assented by the President. তাহলে ঐ এরিয়াতে এই আইনটার ইমপ্লিমেনটেশন বন্ধ ছিল কি বন্ধ ছিল না, সে সম্বন্ধে ওঁর উত্তর কি? উনি সে সম্বন্ধে এড়িয়ে গেলেন কেন? এর উত্তর আগে উনি এখানে দিন যদি কোনো কাজ হয়ে থাকে what did you do? will you then reverse it by some other order?

[5-00 — 5-10 P.M.]

The motion of Shri Sunil Kumar Majumdar that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1986, as settled in the Assembly be

passed, was then put and agreed to.

**The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1986.**

**Mr. Speaker :** Shri Sunil Kumar Majumdar, Minister of State will now introduce the Bill.

**শ্রী আব্দুল মান্নান ঃ** আজকে কলিং অ্যাটেনশনের রিপ্লাই দেবার সময় এক জায়গায় একটা ছেলের নাম উল্লেখ করে আমাদের হাউসকে মিসগাইড্ করা হয়েছে। 'শঙ্কর সেন', নদীয়া জেলার ইউথ কংগ্রেসের প্রেসিডেন্ট বলে যে নাম উল্লেখ এখানে করা হয়েছে সেটা ঠিক নয়। আমি ঐ জেলার যুব কংগ্রেসের প্রেসিডেন্ট ছিলাম। আমি জানি, ঐ নামে কোনো ছেলে ইউথ কংগ্রেসের প্রেসিডেন্ট ছিল না। এটা খুব সাংঘাতিক ব্যাপার। এই স্টেটমেন্টের রিপোর্ট চিফ মিনিস্টারকে উইথড্র করতে বলুন।

**মিঃ স্পিকার ঃ** মিঃ মান্নান, আমি যখন বিল মুভ করার জন্য মন্ত্রীকে ডেকেছি এবং অলরেডি মিনিস্টার যখন বিল মুভ করতে উঠে গেছেন তখন এই কথা বলা ঠিক নয়।

THE WEST BENGAL PREMISES TENANCY (AMENDMENT) BILL, 1986

**Shri Sunil Kumar Majumdar :** Sir, I beg to introduce the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1986.

(Secretary then read the Title of the Bill)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Sir, I would like to oppose the introduction of the Bill কারণ তার Decision to bring certain municipality within the jurisdiction of Calcutta Corporation. এটা একটা পলিটিক্যাল বিষয়। আমি এই কথা বারেবারে বলেছি দিজ আর কনসিকোয়েন্টাল, এরমধ্যে কনটেন্ট বলে কিছু নেই। এই ইন্টারমিডিয়েট পিরিয়ড টাতে what was the state of administration with regard to the application and implementation of the Bill former one and this one? এ সম্বন্ধে কোনো উত্তর পাচ্ছি না। তারপরের স্যার, আগেরটাতে যেমন ফিনানসিয়াল লাইবেলিটি কমে যাওয়ার কথা কারণ ওখানে ল্যান্ড অ্যান্ড রিফর্মস অপারেট করবে না। তেমনি আবার এটাতে ফিনানসিয়াল মেমোরানডা এবং অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপারেটাস বাড়বে কারণ প্রেমিসেস টেনেন্সি অ্যাক্টের জুরিসডিকশন পরে ৩টি মিউনিসিপ্যালিটি কর্পোরেশনের সঙ্গে মার্জ করছে। তারফলে অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপারেটার্স এবং ফিনানসিয়াল মেমোরানডাম বাড়বে। কিন্তু তার কিছুই এরমধ্যে নেই।

**Mr. Speaker :** The Bill has already been introduced.

**Dr. Zainal Abedin :** I oppose the introduction of the Bill.

**শ্রী সুনীলকুমার মজুমদার ঃ** Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1986, be taken into consideration. মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৬ সালের পশ্চিমবঙ্গ বাড়িভাড়া আইন অন্যান্য এলাকাসহ

কলিকাতার সর্বত্র প্রযোজ্য। এই আইনটির ২(ক) ধারায় 'কলিকাতা'র যে সংজ্ঞা আছে তাতে বলা হয়েছে "কলিকাতা" বলতে ১৯৫১ সালের কলিকাতা পুর আইনের ৫৯৪ ধারা বলে সংশোধিত ঐ আইনের 'ক' তফসিল বর্ণিত এলাকাগুলি বোঝাবে।

১৯৮৪ সালের ৪ ঠা জানুয়ারি থেকে ১৯৫১ সালের কলিকাতা পুর আইন বাতিল হয়েছে এবং ১৯৮০ সালের কলিকাতা পুর কর্পোরেশন আইনটি চালু হয়েছে। কাজেই, বাড়িভাড়া আইনের ২(ক) ধারায় ১৯৫১ সালের কলিকাতা পুর আইনের উল্লেখ আছে, সেখানে ১৯৮০ সালের নতুন আইনের উল্লেখ প্রয়োজন। অপরদিকে, ১৯৮৩ সালের কলিকাতা পুর কর্পোরেশন (সংশোধন) আইন বলে প্রাক্তন যাদবপুর, সাউথ সুবাবার্ন এবং গার্ডেনরীচ পুর এলাকাগুলো ১৯৮৪ সালের ৪ঠা জানুয়ারি থেকে কলিকাতা পৌর এলাকায় অন্তর্ভুক্ত হয়েছে। এই পরিবর্তনটি বাড়িভাড়া আইনেও প্রতিফলিত হওয়া প্রয়োজন। সে উদ্দেশ্যেই আলোচ্য বিধেয়কটিতে পশ্চিমবঙ্গ বাড়িভাড়া আইনের ২ (ক) ধারায় প্রদত্ত "কলিকাতা"র সংজ্ঞাটি সংশোধনের প্রস্তাব করা হয়েছে। যাদবপুর, সাউথ সুবার্বান ও গার্ডেনরিচ পুর এলাকাগুলো আগে ২৪ পরগনা (সদর) রেন্ট কন্ট্রোলারের অধীনে ছিল। বর্তমানে সংশোধনের ফলে এগুলো কলিকাতার রেন্ট কন্ট্রোলারের অধীনে চলে আসবে।

যখন কোনো ভাড়াটিয়া রেন্ট কন্ট্রোলারের কাছে ভাড়ার টাকা জমা দেন, তখন তাঁকে দরখাস্তের সঙ্গে অন্যান্য তথ্যসহ একটি "এফিডেভিট" দাখিল করতে হয়। পূর্বতন যাদবপুর, সাউথ সুবার্বান এবং গার্ডেনরিচ পুরসভার এলাকাধীন কোনো বাড়ির ক্ষেত্রে কোনো মাসের ভাড়ার টাকা জমা দেবার সময় দরখাস্তের সঙ্গে এফিডেভিট দাখিল করার পরিবর্তে যাতে সংশ্লিষ্ট মাসের অব্যবহিত পূর্ববর্তী মাসের ভাড়াজমা দেওয়ার চালান দাখিল করে ভাড়া জমা দেওয়া যায়, তার জন্যে আলোচ্য বিধেয়কটিতে আইনটির ২১ নং ধারায় এরূপ সংশোধনের প্রস্তাব করা হয়েছে।

যাদবপুর, গার্ডেনরিচ ও সাউথ সুবার্বান পুরসভাগুলো পূর্বে ২৪ পরগনা (সদর) রেন্ট কন্ট্রোলারের অধীনে ছিল। বাড়িভাড়া আইনে "কলিকাতা"র সংজ্ঞাটি সংশোধনের ফলে সেগুলো কলিকাতার রেন্ট কন্ট্রোলারের অধীনে চলে আসবে। এজন্য রাজ্য সরকার স্থির করেছেন যে, প্রস্তাবিত সংশোধনী আইনটি কার্যকর হওয়ার তারিখ অবধি ঐ তিনটি পুরসভার এলাকাধীন বাড়ির ক্ষেত্রে ভাড়া জমা দেওয়া সংক্রান্ত যে সব প্রসিডিংস ২৪ পরগনা (সদর) রেন্ট কন্ট্রোলারের কাছে নিষ্পত্তির অপেক্ষায় থাকবে, সেগুলো তিনি নিষ্পত্তি করবেন। আর, ভাড়া জমা দেওয়া সংক্রান্ত প্রসিডিংস ছাড়া অন্যান্য যেসব প্রসিডিংস ২৪ পরগনা (সদর) রেন্ট কন্ট্রোলারের কাছে অমীমাংসিত থাকবে, সেগুলো প্রস্তাবিত সংশোধনী আইনটি কার্যকর হওয়ার তারিখ থেকে কলিকাতার রেন্ট কন্ট্রোলারের অধীনে চলে আসবে। তবে, ১৯৮৪ সালের ৪ঠা জানুয়ারি বা তার পরবর্তী কোনো দিনে এরূপ কোনো প্রসিডিংসের ক্ষেত্রে ২৪ পরগনা (সদর) রেন্ট কন্ট্রোলার কর্তৃক প্রদত্ত আদেশ কলিকাতার রেন্ট কন্ট্রোলার কর্তৃক প্রদত্ত আদেশ হিসাবে গণ্য করা হবে। এই প্রকার সিদ্ধান্ত অনুযায়ী বাড়িভাড়া আইনের যথাযথ সংশোধনের জন্য আলোচ্য বিধেয়কটিতে প্রয়োজনীয় বিধান রাখা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করব, মাননীয় সদস্যগণ আমার প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমার উত্থাপিত ১৯৮৬ সালের পশ্চিমবঙ্গ বাড়িভাড়া (সংশোধন) বিধেয়কটি বিধানসভা কর্তৃক অনুমোদনের জন্য

গৃহীত হবে।

[5-10 — 5-20 P. M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটার কনটেন্ট এবং সাবস্টেন্স এর বিরোধী আমি নই। কনসিকোয়েন্সিয়াল অ্যামেন্ডমেন্ট। কিন্তু যে প্রশ্নগুলো আমি করছি তার জবাব কেন এড়িয়ে যাচ্ছেন। দিস ইজ ওয়ান অ্যাসপেক্ট। সেকেন্ড পয়েন্ট হচ্ছে আপনারা নিজেরা নিজেদের প্রগতিশীল বলে বর্ণনা করেন। (গোলমাল) [**] আপনি একটু থামবেন।

**মিঃ স্পিকার ঃ** ওটা বাদ যাবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনারা নিজেদের প্রগতিশীল বলে বর্ণনা করেন। আপনাদের চরিত্র প্রগতিশীল বলে ঢাক পেটান। কিন্তু The whole world is divided into two parts one is man made and the other is bounties of nature. আপনাদের ল্যান্ড রিফর্মস যদি আদার দান মেট্রোপলিস এলাকাতে প্রযোজ্য হয় তাহলে ১ নম্বর হচ্ছে যা গান্ধীজি বলেছিলেন ল্যান্ড টু দি টিলার্স অর্থাৎ চাষ যে করবে সেই জমির মালিক হবে। আপনাদের যিনি গুরুদেব যার আদর্শ ধার করে নিয়ে চলছেন তিনি কি এই কথা বলে দেননি যে, বাড়িতে বাস করবে যে সেই মালিক হবে? এই ডিসপারিটি কেন? আপনাদের কি সোসালিস্ট আইডিয়া উড়ে গেছে? Because for about a decade you all have become capitalists and non-capitalists. ৮ বছরের শাসন কালে আপনারা একটা ক্যাপিটালিস্ট সোসাইটি গড়ে তুলেছেন। এবং আপনারা এর তল্পিবাহক।

**Mr. Speaker :** Dr. Abedin, I think you are well aware of the rules. Noting could be mentioned outside the subject matter of the Bill. But you are mentioning something which is not relevant here.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Sir, it is the principle of the government. আজকে ঢাক ঢোল পিটিয়ে আউট অফ কনটেকসটে গিয়ে আপনারা বলেন They are progressive. Their measures are for the down trodden people, the dis-advantageous classes and the inconvenienced one. কিন্তু এখানে আমরা দেখছি কোনো কমপ্রিহেনসিভ লেজিসলেশন এল না উইথ রিগার্ড টু টেনান্সি। দুটি প্রবলেম আমরা ইগ্‌নোর করতে পারি না—সরকার কিম্বা হাডকো বলুন আর হুডকো বলুন কিম্বা কো-অপারেটিভ এরা একা কেউই শহরে বাসস্থানের সমাধান করতে পারবে না, সেখানে শহরাঞ্চলে বাসস্থানের সমাধানের জন্য বেসরকারি উদ্যোগ, বেসরকারি অর্থনীতি কিম্বা যৌথ উদ্যোগের ব্যাপারে আপনার লঙ টার্ম পলিসি কি, আপনাদের অবজেক্ট কি সেটা বলুন। এই বিলটা কন্‌সিকোয়েন্সিয়াল, আই অ্যাম নট অপোজিং দি কনটেন্টস অ্যান্ড দি সাবস্ট্যান্স, কিন্তু এর পলিসি অ্যান্ড প্রোগ্রাম কি আমি জানতে চাই। আমি বার বার বলেছি এর প্রায়রিটির কথা। আমি বার বার বলেছি আজকে বাসস্থানের যে সমস্যা শহরাঞ্চলে ব্যাপকভাবে দেখা দিয়েছে তাতে সরকার কিম্বা কো-অপারেটিভ কিম্বা হাডকো এরা সমাধান করতে পারেনি, এখনও করতে পারছে না। এই সম্বন্ধে, সরকারের লঙটার্ম পলিসি আজ পর্যন্ত আমরা জানতে

** Note Expunged as ordered by the chair

পারলাম না। দেয়ার আর কন্ট্রাডিকশন্স—ওয়ান, যদি ক্যাপিটালিজমের দিকটা খর্ব করতে হয় তাহলে দিস প্রোপার্টি উইল হ্যাভ টু বি সোসিয়ালাইজড। সুতরাং দি আর্বান প্রোপার্টি, আর্বান ব্যারনস সম্বন্ধে গভর্নমেন্টের নীতি, দৃষ্টিভঙ্গি এবং প্রোগ্রাম কি আমি জানতে চাই। অন্যদিকে যে স্কেয়ারসিটি রয়েছে সেটাকে বাই হোয়াট মিনস ইউ ওয়ান্ট টু সল্‌ভ দিস? আপনারা এর সমাধানের কথা বলুন। আর অর্থনৈতিক যেকথা বলেছেন ফাইনান্‌সিয়াল মেমোরেন্ডাম কেন দিলেন না? আপনি প্রেমিসেস টেন্যান্সি অ্যাক্ট এক্সটেন্ড করবেন, সেখানে অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপারেটাস আজকে যা আছে আপনি কি মনে করেন উইথ দি এগজিসটিং ইনস্ট্রুমেন্ট, দি এজিসটিং অ্যাপারেটাস ইজ সাফিসিয়েন্ট টু কোপ উইথ লারজার ভলিউমস অব দি রেসপন্‌সিবিলিটি হুইচ ইউ আর গোইং টু সোল্ডার? এরজন্য আমার মনে হয় দি বিল ল্যাক্স এসেনসিয়্যালি দি ফাইনান্‌সিয়াল মেমোরেন্ডাম। একথা আপনারা কখনও বলেননি। আমাদের এই কয়েকটি প্রশ্নের যদি জবাব দেন—এই অ্যামেন্ডমেন্ট আনার আগে পর্যন্ত উইথ রিগার্ড টু দিস প্রেমিসেস টেন্যান্সি অ্যাক্ট কোনোটা প্রযোজ্য ছিল এবং সেই অনুসারে একটা ডিসিসান হয়ে থাকবে, এই ৩ বছর আইডেল ছিল না, একটা ডিসিসান যদি হয়ে থাকে যেটা কন্ট্রাডিক্টিং দি প্রোভাইসো অব দি নিউ লেজিসলেশন তাহলে গভর্নমেন্টের পলিসি কি—ওটাকে রিপালসিভ করার প্রভিসন এই বিলে কোথায়? সো দি বিল ইজ ডেফিসিয়েন্ট ইন ওয়ান হ্যান্ড এবং আপনারা যে কাজ করে ফেলেছেন বিফোর ইন্ট্রোডাকশন অ্যান্ড লেজিসলেশন অব দিস পার্টিকুলার অ্যান্যাক্টমেন্ট এই সম্বন্ধে আপনাদের জবাবটা আমরা জানতে চাই।

**শ্রী অনিল মুখার্জি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। প্রথমে আমি আপনার কাছে যেটা তুলছি সেটা হচ্ছে ডাঃ জয়নাল আবেদিন যে বক্তব্য রাখলেন এই বিলের সঙ্গে তার কোনো সম্পর্ক নেই এবং তিনি ইরেলিভ্যান্ট টক্‌ করলেন। আমি জানি না তাঁর মতো একজন পার্লামেন্টেরিয়ান কি করে এখানে এই ধরনের বক্তব্য রাখলেন। রেন্ট ডিপজিট দেওয়ার ব্যাপারে একটা কন্‌সিকোয়েন্সিয়াল অ্যামেন্ডমেন্ট করছেন এরিয়া সংযুক্ত হয়েছে বলে। উনি আইনটা পড়েন নি, সেজন্য ধান ভাঙ্গতে শিবের গীত গাইলেন। এই বিলের সঙ্গে কোনো সম্পর্ক নেই সেই রকম কথাবার্তা বললেন।

**Mr. Speaker:** I think what you have stated just now is also irrelevant.. Because I have already drawn the attention of Dr. Zainal Abedin on the matter. Now proceed with your speech.

[5-20 — 5-50 P. M.]

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উপর বলতে গিয়ে ওরা বলেছেন আমরা এই বিলটিকে অপোজ করছি না। কনটেন্টস অ্যান্ড সাবস্টান্স অপোজ করার কোনো কথা নয়। কারণ, কতকগুলি এলাকা জয়েন্ট হয়েছে এবং সেই জন্য রেস্ট্রোস্পেকটিভলি বলা হয়েছে। এখন ক্যালকাটা রেন্ট কন্ট্রোলারের কাছে ডিপজিট দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যখন টেন্ডার করে তখন রিফিউজ করে। রিফিউজ করলে রেন্ট কন্ট্রোলারের কাছে টাকা জমা দেয়। আগে এলাকাগুলি ২৪ পরগনার মধ্যে ছিল। ২৪ পরগনা রেন্ট কন্ট্রোলারের কাছে ডিপজিটেড্‌ হত। স্বাভাবিকভাবে কলকাতার ভিতর এসে যাওয়ার অ্যামেন্ডমেন্ট নেসেসারি হয়ে গেছে। ক্যালকাটা রেন্ট কন্ট্রোলারের কাছে জমা দিতে হবে এবং সেইভাবে ডিপজিট ডেফিনিশন শিডিউল চেঞ্জ করা হয়েছে। শিডিউল ১ এ

ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন অ্যাক্টের ভিতর এটাকে নিয়ে আসা হয়েছে এবং তার পরবর্তী কনসিকোয়েনসিয়াল নতুন সেকশান ইনসার্ট করে ক্যালকাটা রেন্ট কন্ট্রোলার করা হয়েছে। কোনো অ্যানম্যালি এর মধ্যে নেই। আমি এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী পশ্চিমবঙ্গ বাড়ি ভাড়া সংশোধনী বিধেয়ক ১৯৮৬ নিয়ে এসেছেন। প্রথম বিলটি ভূমি সংস্কারের ব্যাপারে ছিল। তারপর এই বিলটি নিয়ে এলেন। বেহালা, গার্ডেনরিচ, যাদবপুর এই তিনটি পৌর এলাকা ক্যালকাটা কর্পোরেশনের সঙ্গে যুক্ত হবার পরে কিছু অ্যানম্যালি সৃষ্টি হওয়ায় এই বিলটি নিয়ে এসেছেন। এখানে দেখা যাচ্ছে "Where the landlord does not accept any rent tendered by the tenant within the time referred to in section 4 or where there is a bonafide doubt as to the person or persons to whom the rent is payable, the tenant may deposit such rent with the Controller in the prescribed manner.

Provided that where any rent is remitted by the tenant to the landlord by postal money order, the date of issue of the postal money order shall, for the purposes of this sub-section, be deemed to be the date of tender of such rent by the tenant to the landlord." তারপর মেনলি যেটা আমরা দেখতে পাচ্ছি সেটা হচ্ছে এই, "In the case of a deposit made under the West Bengal Rent Control (Temporary Provisions) Act, 1950, the West Bengal Premises Rent Control (Temporary Provisions) Act, 1948.

(এই সময় হঠাত লোড্‌শেডিং হয়ে যাওয়ায় আধ ঘন্টার জন্য সভা মুলতুবি হয়ে যায়।)

[5-50—6-03 P.M.] (after adjournment)

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। আমি আপনার কাছে নিবেদন করছি, আপনি আধ ঘন্টার জন্য হাউস অ্যাডজোর্ন করে দিলেন। তারপর হাউস কি করে বসবে, কোন আইনে বসবে? এই রকমভাবে হাউস চললে তো বে-আইনি হাউস হবে।

**মিঃ স্পিকার :** বসবে, বসবে, আপনি বসুন।

**Mr. Speaker :** Mr. Bapuli, you can go and see the clock in my room, electronic clock, to ascertain at what time the load shedding started.

**Shri Satya Ranjan Bapuli :** I have seen the watch in this particular room.

**Mr. Speaker :** In my room there is a watch. It stopped at 5.25. We had half-an-hour's adjournment. The House starts five minutes to six on the dot. Now, Mr. Kashinath Misra may please proceed.

**Shri Kashinath Misra :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, 'in the case of a deposit made under the West Bengal Premises Rent Control (Temporary Provisions) Act, 1950, the West Bengal Premises Rent Control (Temporary Provisions) Act, 1948, the Calcutta Rent Ordinance, 1946, the Calcutta House Rent Control Order, 1943, or the Bengal House Rent Control Order, 1942, which has not been forfeited to Government by an order made by the Controller under the law in force immediately before the date of commencement of the West Bengal Premises Tenancy (Amendment) Ordinance, 1965, within two year such date.' ঘরবাড়ি সংক্রান্ত ব্যাপারে এই কর্পোরেশনে আসার পর সেখানে কর্পোরেশনে আসার আগে কোনো রেন্ট কন্ট্রোলের বা খাজনার ব্যাপার থাকে তাহলে পুনরায় যুক্ত হবার পর কিছু লাগবে না। সেখানে কোনো বাধা আসবে না। যদিও এখানে বলেছেন, "অধিকন্তু কলিকাতার সীমার অন্তর্ভুক্ত কোনো অঞ্চল যাহা ৪ঠা জানুয়ারি, ১৯৮৪ তারিখের অব্যবহিত পূর্বে যাদবপুর, সাউথ সুবার্বান বা গার্ডেনরিচ পৌর সংঘের অন্তর্গত ছিল, তন্মধ্যে অবস্থিত কোনো ভূগৃহাদি সম্পর্কে কোনো মাসের ভাড়া জমাকরণের ক্ষেত্রে, জমাকরণের সময়ে যদি অব্যবহিত পূর্ববর্তী মাসের জমাকরণের নিদর্শনক্রমে চালান পেশ করা হয় তাহা হইলে ঐরূপ জমাকরণের জন্য আবেদনের সমর্থন কোনো অতিরিক্ত শপথপত্র আবশ্যক হইবে না।" প্রতিটি ভূমি সংস্কারের ক্ষেত্রে যেটা হয়েছিল এখানেও আমরা তাই আশঙ্কা করছি। এটা কি কি কাজের জন্য আটকাচ্ছে, কোনো কোনো জায়গায় আটকাচ্ছে এটা জানা দরকার। আমাদের মাননীয় সদস্য শ্রদ্ধেয় ডাঃ জয়নাল আবেদিন সাহেব বারবার এ সম্পর্কে বলেছেন। কোথায় বাধা এবং এরজন্য কি কি ব্যবস্থা নিচ্ছেন, কি কারণে করছেন আমরা জানতে চেয়েও পাই নি। এখানে উদ্দেশ্য এবং হেতুতে আপনি বলেছেন যে কি কারণে এই বিলটা আনছেন কিন্তু কোনো অর্থনৈতিক চাপ এই বিলের মাধ্যমে আসবে কিনা সেটা পরিষ্কার ভাবে নেই। আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণের সময় এটা পরিষ্কার করে বলবেন। এই কথা বলে ভবিষ্যতে যে প্রতিবন্ধকতার সৃষ্টি হবে তা যাতে না হয় তা দেখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীলকুমার মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিলটিতে এমন কিছু নেই। বাড়ি ভাড়া আগে কোথায় দেওয়া হত, এখন কোথায় দেওয়া হবে সেটাই বলা হয়েছে। ১৯৮৪ সালের ৪ঠা জানুয়ারি থেকে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট চালু হবার পরে সাউথ সুবার্বান মিউনিসিপ্যালিটি, যাদবপুর, গার্ডেনরিচ, এরা বাড়ি ভাড়া জমা দিত আলিপুর সদরে রেন্ট কন্ট্রোলে। বর্তমান আইনে ঐ অঞ্চলগুলি কলকাতা কর্পোরেশনের মধ্যে আসায় এখন সেটা এসে পড়ছে ক্যালকাটা কন্ট্রোলারের কাছে। এই হচ্ছে বিষয় বস্তু। ১৯৮৪ সালের আগে যে সমস্ত বাড়ি ভাড়া ছিল তারা আলিপুর সদরে জমা দিত। এই আইন কার্যকর হবার পরে ক্যালকাটা কন্ট্রোলারের কাছে দেবে। কিন্তু যারা পুরানো, যারা দিয়ে দিয়েছেন তারা যদি লাস্ট চালানটা দেখাতে পারেন তাহলে তাদের আর কোনো অ্যাফিডেভিট করতে হবে না, এটা বলা হয়েছে। এটাই হচ্ছে বিলের বিষয় বস্তু, এতে আর কিছু নেই। আর ফাইনানসিয়াল স্টেটমেন্ট কিছু নেই। আমাদের যা আছে অ্যাডমিনিস্ট্রেশন তাতে আমরা মনে করছি যে তা দিয়ে কাজ

চালাতে পারব। সে জন্য ঐ স্টেটমেন্টের বিশেষ প্রয়োজন নেই। কর্পোরেশনের ডিউটি এবং উইথড্রয়ালের ক্ষেত্রে ম্যাক্সিমাম ৮ থেকে ১০ পারসেন্ট রেভিনিউ আসার সম্ভাবনা আছে। তবে আমরা রিভিউ করে পরে বলতে পারব। সে জন্য ফাইনানসিয়াল লায়েবিলিটিস আসছে না, আমরা সেই জায়গায় এখনও যাইনি। পরবর্তীকালে যাতে তাড়াতাড়ি করা যায় সেটা আমরা দেখব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sunil Kumar Majumdar that The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1986, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1, 2, 3, 4 and Preamble

The question that Clauses 1, 2, 3, 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sunil Kumar Majumdar :** Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1986, as settled in the Assembly, be passed.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মন্ত্রী মহাশয়, এই কনসিকোয়েনসিয়াল অ্যামেন্ড আর কোন কোন আইনে আপনাদের কতগুলি আনতে হবে সে সম্পর্কে আপনার কিছু জানা আছে?

**Mr. Speaker :** How can he say that? Now I put the motion to vote.

The motion of Shri Sunil Kumar Majumdar that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1986, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 6.03 P.M. till 1 P.M. on Friday, the 14th March, 1986 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 14th March, 1986 at 1.00 p.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim.) in the Chair, 5 Ministers, 4 Ministers of State and 149 Members.

[ 1-00 — 1-10 P.M. ]

### Adjournment Motion

**Mr. Speaker :** Today, I have received three notices of Adjournment Motion. The first is from Shri Ashok Ghosh on the subject of out break of small-pox in North Howrah resulting in death of three children. The second is from Shri Kashinath Mishra on the subject of deplorable condition of roads causing disruption of traffic service in the State specially in Bankura district and the last is from Shri Arun Goswami on the subject of alleged anti-social activities on the refugee colony at Bhadreshwar, Hooghly.

On the subject of the first motion, a statement will be made by the Minister-in-charge of the Department concerned on the 21st March, 1986 in reply to Calling Attention Notice tabled by Shri Dhirendranath Sarkar on 13.3.1986. I, therefore, disallow this motion.

On the subject of second and third motions, the Members will get opportunity of discussing them during general discussion on the Budget commencing on the 17th of March, 1986. Moreover, the Members may draw the attention of the Ministers concerned to the subjects through Calling Attention, Questions, Mention Cases etc.

I, therefore, withhold my consent to the motions. One Member of the party may, however, read out the text of the motions as amended.

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

সারা রাজ্যে পরিবহন ব্যবস্থা রাস্তাঘাটের দুরবস্থার জন্য একেবারেই ব্যাহত হয়েছে। বিশেষত বাঁকুড়া জেলার রাস্তাগুলির দুরবস্থার জন্য বাস ও ট্রাক-এর ড্রাইভার হেল্পাররা দুর্ঘটনার সম্মুখীন হয়ে আদালতের রায় অনুযায়ী সশ্রম কারাদণ্ড ভোগ করছে এবং তাদের

পরিবারবর্গ অনাহারে দিনযাপন করছে। ১৯৭৮ সালের ভয়াবহ বন্যার পর বাঁকুড়া জেলার পরিবারবর্গ অনাহারে দিন যাপন করছে। ১৯৭৮ সালের ভয়াবহ বন্যার পর বাঁকুড়া জেলার রাস্তাঘাটে ব্যাপক হারে দুর্ঘটনা ঘটছে। পূর্ত দপ্তর বাঁকুড়া জেলার ক্ষেত্রে একেবারেই নীরব। বরাদ্দকৃত টাকা প্রত্যেক আর্থিক বছরের শেষে ফেরত যাচ্ছে।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** Today, I have received five notices of Calling Attention, namely –

1, Alleged malpractices by the officials of Calcutta Corporation from Shri Satya Ranjan Bapuli.

This Calling Attention cannot be considered here since the Corporation has its own elected body and the matter has to be discussed there.

2. Reported looting of 14 houses at Tutranga village under Narayangarh P.S. Midnapore from Dr. Manas Bhunia.

3. Reported rise of Bus and Mini Bus fares from May, 1986 from shri Anil Mukherjee.

4. Strike resorted to by M. R. Dealers— from Shri Kashinath Mishra.

5. Reported antisocial activities at Jagatdhatri Palli under Bhadreswar, P. S., Hooghly- from Shri Arı n Goswami.

I have selected the notice of Dr. Manas Bhunia on the subject of reported looting of 14 houses at Tutranga village under Narayangarh P. S., Midnapore.

The Minister-in-charge will please make a statement on the subject today, if possible, or give a date.

But I find that Dr. Manas Bhunia is not present in the House. This is very unfortunate. Today I am allowing his motion but I will not do it next time.

**Shri Patit Paban Pathak :** On the 3rd April, 1986.

## Presentation of Twenty-first and Twenty-Second Reports of the Committee on Public Accounts, 1985-86.

The chairman (**Shri Abdus Sattar**) : Mr. Speaker, sir, I beg to present.

(i) The Twenty-first Report of the Committee on Public Accounts, 1985 on the Appropriation Accounts, Finance Accounts and

Reports of the Comptroller and Auditor General of India for the years 1974-75, 1975-76, 1976-77 and 1977-78 (Civil) relating to the Panchayat and Community Development Department ; and

(ii) The Twenty-Second Report of the Committee on Public Accounts, 1985-86 on the Appropriation Accounts, Finance Accounts and Reports of the comptroller and Auditor General of India for the years 1974-75, 1975-76, 1976-77 and 1977-78 (Civil) relating to the Metropolitan and Develoment Department.

**Seventyfifth Report of the Advisory Committee.**

**Mr. Speaker** : I now to present the seventyfifth Report of the Business Advisory Committee which at its meeting held on the 13th March, 1986 in my chamber considered the question of allocation of dates and time for the disposal of legislative business and recommended as follows—

| | | |
|---|---|---|
| Monday, 17-3-86 | .. | General discussion on Budget—4 hours. |
| Tuesday, 18-3-86 | .. | (i) The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1986 (Introduction, Consideration and Passing)—$^1/_2$ hour.<br>(ii) General discussion on Budget—4 hours. |
| Wednesday, 19-3-86 | .. | (i) Presentation of Supplementary Estimates for the year, 1985-86.<br>(ii) General discussion on Budget—4 hours. |
| Thursday, 20-3-86 | .. | (i) General discussion on Budget—4 hours.<br>(ii) Motion for Vote on Account—$^1/_2$ hour. |
| Friday, 21-3-86 | .. | Discussion and Voting of Demands for Supplementary Grants for the year 1985-86—2 hours. |
| Monday, 24-3-86 | .. | (i) The West Bengal Appropria- |

tion (Vote on Account) Bill, 1986 (Introduction, Consideration and Passing)—$^1/_2$ hour.

(ii) The West Bengal Appropriation Bill, 1986 (Introduction Consideration and Passing)—1 hour.

(iii) The West Bengal Taxation Laws (Amendment) Bill, 1986 (Introduction, Consideration and Passing)—2 hours.

There will be no Mention Cases on Monday, The 17th March, 1986.

The Minister-in-charge of Parliamentary Affairs Minister may now move the motion for acceptance of the House.

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to move that the Seventy-fifth Report of the Business Advisory Committee presented this day, be agreed to by the House.

**Mr. Speaker :** I hope that the motions is accepted by the House

(Voices—Yes)

The motion is accepted. Now I call upon Shri Suniti Chattaraj to speak.

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি একটি বিশেষ ঘটনা হাউসের কাছে ইনফরমেশন দিচ্ছি। এই সরকার শ্রমিক দরদি সরকার বলে নিজেদের পরিচয় দেন। কিন্তু এই সরকার শ্রমিকদের দুঃখ-কষ্টকে পাশ কাটিয়ে কিভাবে মালিকের সঙ্গে আঁতাত করে চলেছেন। পূর্ব কলিকাতায় ওরিয়েন্ট ফ্যান কারখানাটি আজ ৮ মাস যাবত বন্ধ হয়ে আছে বেআইনি ভাবে।

**মিঃ স্পিকার ঃ** আপনি তো খালি ইনফরমেশন দেবেন বললেন?

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** হ্যাঁ স্যার, এই কারখানাটি বন্ধ করার জন্য ১৫০০ শ্রমিক অনাহারের মধ্যে আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী শ্রী শান্তিরঞ্জন ঘটক মহাশয়কে এই ব্যাপারে ইমিডিয়েট অ্যাকশন নেবার জন্য অনুরোধ করছি। সরকারের সঙ্গে আঁতাত করে বেআইনি ভাবে কারখানাটি বন্ধ করে রেখেছে। সুতরাং এইসব বন্ধ করতে হবে।

## Private Members Business Resolution under Rule 166

**Mr. Speaker :** I call upon Shri Sachin Sen to move his Resolution.

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আমার প্রস্তাবটি এখানে পড়ে দিচ্ছি। ারবর্তী সময়ে জবাবি ভাষণে আমি আমার বক্তব্য রাখব।

যেহেতু পূর্ব রেলপথের শিয়ালদহ ডিভিসনের দক্ষিণ বিভাগের বগুল রোড রেলওয়ে লভেল ক্রসিংটি হাজার হাজার মানুষের প্রতিদিন চলার পথে বিপজ্জনক।

যেহেতু হাজার হাজার মানুষ আদালত, কারখানা, স্কুল, কলেজ ও বিভিন্ন ব্যবসা াণিজ্যের জন্য প্রতিদিন উক্ত লেভেল ক্রসিং দিয়ে যাতায়াত করেন,

যেহেতু বাস, মিনিবাস, রিক্সা, ঠেলাগাড়ি প্রভৃতি ব্যাপকভাবে প্রতিদিন উক্ত লেভেল ্রসিং দিয়ে যাতায়াত করে।

যেহেতু উক্ত লেভেল ক্রসিং-এ রেলওয়ে গেট একটানা দীর্ঘসময় বন্ধ থাকার ফলে ফিসযাত্রী কারখানা কর্মী ও অন্যান্য পথচারী কোনদিনই সময়মতো কর্মস্থলে কিংবা গন্তব্যস্থলে পৌঁছাতে পারেন না।

সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে ইউনিয়ন সরকারকে অনুরোধ জানাচ্ছে যে, বিলম্বে বগুল রোড রেলওয়ে লেভেল ক্রসিং-এ উড়ালপুল নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা াক।

[1-10–1-20 P. M.]

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী শচীন সেন মহাশয় ভেলের রেল গেটে ফ্লাইওভার নির্মাণের জন্য যে প্রস্তাবটা আজকে এনেছেন তিনি বিরোধী াজনৈতিক দলের লোক হলেও এই প্রস্তাব সম্পর্কে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু স্তাবটা আনার আগে তিনি যদি একটু পিছনের দিকে তাকিয়ে দেখতেন এই রেল গেট মস্যা সমাধানের জন্য আর কোন কোন রাজনৈতিক দল কি কি পদক্ষেপ নিয়েছিলেন। টাকে যদি একটু বিচার বিবেচনা করতেন তাহলে একটা ভাল প্রস্তাব আনা যেত। আজকে । প্রস্তাব আমাদের হাউসে এসেছে আমরা যখন পশ্চিমবঙ্গের বিধানসভায় আলোচনা করছি, র আগে গত সেশনে আমি একটা প্রস্তাব এনেছিলাম জেলা পরিষদের ব্যাপারে। আপনি ামাকে বলেছিলেন স্পেসিফিক পার্টিকুলার একটা জায়গা নিয়ে একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে জলিউশন আনা যায় না। আমি টেকনিক্যাল ব্যাপারে কোন প্রশ্ন করতে চাই না। আজকে ভেলে ফ্লাইওভারের কোন ব্যাপার নয়—

**মিঃ স্পিকার ঃ** মিঃ মান্নান, আপনাকে অ্যাওয়ার করে দিই দিস ইজ এ মোশন বাই টারী, কাজেই লটারীতে যাঁর নাম উঠবে তিনি বলবেন। এখানে ডিস্ক্রিশন হয় না। মোশন বং রেজলিউশন দিজ আর টু ডিফারেন্ট থিংস। সেটা বুঝবেন। Speaker is the object f common criticism.

এটা হয় না। এম. এল. এ. হয়েছেন, জিনিসগুলি বুঝবেন। শুধু এম. এল. এ হয়ে লার অধিকার আছে বলে সবই বলবেন? আপনি কি আনবেন, না আনবেন, সেটা আপনি ঝবেন এটা মেম্বারস ডিস্ক্রিশন। কাজেই আমার সমালোচনা করার কি আছে?

**শ্রী আবদুল মান্নান ঃ** স্যার, আপনার নির্দেশ শিরোধার্য। কিন্তু আমি মাননীয় সদস্যকে বলছি, আপনাকে কটাক্ষ করছি না। শুধু কি তিনি বন্ডেলের ব্যাপারেই চিন্তা করবেন? তিনি পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য গোটা পশ্চিমবঙ্গের ব্যাপার নিয়েই তিনি চিন্তা করবেন। আজকে গোটা পশ্চিমবঙ্গের অন্যান্য জায়গায় যে সমস্ত রেলগেট রয়েছে, ফ্লাইওভার না থাকায় সেখানে যান জট দেখা দিচ্ছে; সেখানকার মানুষের কষ্টবোধ হচ্ছে। আজকে শুধু বন্ডলের পার্টিকুলার প্রবলেম নয় অনেক জায়গায় এই প্রবলেম আছে। আমরা জানি শুধু বন্ডেল গেটে ফ্লাইওভার নয়, গোটা পশ্চিমবঙ্গে ১০ টা জায়গায় ফ্লাইওভার করার জন্য আগে যিনি রেলমন্ত্রী ছিলেন এখনও কেন্দ্রীয় সরকারের মন্ত্রী আছেন—সেই গনিখান চৌধুরী মহাশয়ের কাছে মাননীয় আবদুস সাত্তার মহাশয়ের নেতৃত্বে আমরা ৩০ জন বিধানসভার সদস্য এখন অনেকে এখানে রয়েছেন, মাননীয় আবদুস সাত্তার, শ্রী কাশীনাথ মিশ্র, শ্রী সুনীতি চট্টরাজ, শ্রী অশোক ঘোষ এবং শ্রী অম্বিকা ব্যানার্জি। আমরা সকলে কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে আবেদন রেখেছিলাম পশ্চিমবঙ্গের ১০টি জায়গায়—শিলিগুড়ি, শ্রীরামপুর, সোদপুর, পুরুলিয়া—এই রকম বহু জায়গায় যেখানে রেলের গেটে ফ্লাইওভার না থাকায় যানজটের সমস্যা আছে সেটা দূর করার জন্য। রেলমন্ত্রী আমাদের অনেকগুলি দাবি মেনে নিয়েছিলেন। ব্যান্ডেল রেল গেটের কথা রেল বোর্ডের বিচার বিবেচনাধীন আছে সে কথাও জানিয়েছিলেন। কাগজপত্র দেখবেন ১৯৮৩ সালের, তাহলেই বুঝতে পারবেন। রেলমন্ত্রী ঘোষণা করেছিলেন যে যাতে ওটা করা যায় তিনি তার জন্য চেষ্টা করবেন। আমার বক্তব্য হচ্ছে শুধু ফ্লাইওভারের প্রস্তাব নয়, একটা ফ্লাইওভার নির্মাণ করতে গেলে—মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে আমরা এখানে শ্রীরামপুরের সম্বন্ধে প্রশ্ন রেখেছিলাম, মাননীয় পতিত বাবুও জানেন ভালভাবে। কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড অনুমোদন করবে কিন্তু এতে রাজ্য সরকারেরও দায়িত্ব আছে। রাজ্য সরকারের কমপ্লিট করে দেওয়ার কথা, কমপ্লিট করার পরে যে একটা পারসেনটেজ আছে ৫০ পারসেন্ট না কত অ্যাকজাক্ট বলতে পারছি না, সেই টাকাটা কেন্দ্রীয় সরকার দিয়ে দেন। রেল দপ্তর থেকে দেওয়া হয়। মাননীয় সদস্য তো সরকারি দলের সদস্য, তিনি অ্যাসিওর করতে পারবেন? কেন্দ্রীয় সরকার প্রকল্প অনুমোদন করার পর পশ্চিমবঙ্গ সরকার সমস্ত টাকা দিয়ে নির্মাণ করে দিতে পারবে? আপনি কি এ ব্যাপারে হাউসকে অ্যাসিওর করতে পারবেন? আজকে এ ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রীকে এবং পূর্তমন্ত্রীকে দিয়ে কি অ্যাসিওর করাতে পারবেন? কারণ আমরা জানি, অতীত দিনেও এটা আমরা দেখেছি যে, শিলিগুড়ির জন্য অ্যাডভান্স টাকা দেওয়া সত্ত্বেও সেটা আপনারা করতে পারেন নি। শিলিগুড়ির সেই ফ্লাইওভার আজও কমপ্লিট করতে পারেন নি। কতগুলি ক্ষেত্রে ফ্লাইওভারের কাজের উদ্বোধন হয়ে গেল। সেখানে জি. টি. রোডের মতো রাস্তা বন্ধ করে দেওয়া হল এবং কাজ শুরু হল। কেন্দ্রীয় সরকারকে প্রতিশ্রুতি দেওয়া হল যে শ্রীরামপুরের এই ফ্লাইওভার ৬ মাস থেকে ১ বছরের মধ্যে তৈরি হয়ে যাবে। কিন্তু দেখতে পাচ্ছি, আজও সেটা হল না। আমরা ভূগর্ভ রেল কলকাতায় যা চালু করেছি সেখানেও কয়েকটি জায়গায় ফ্লাইওভার দরকার আছে। কাজেই আজকে সেক্টেরিয়ান আউটলুক থেকে শুধুমাত্র ব্যান্ডেল রোডের কথা না বলে বালিগঞ্জের কথা না বলে যদি সমস্ত পশ্চিমবঙ্গের প্রয়োজনীয় ফ্লাইওভারের কথা প্রস্তাবে তুলে ধরতেন, দৃষ্টি আকর্ষণ করতেন তাহলে অ্যাকসেপ্ট করতে পারতাম, স্বাগত জানাতে পারতাম। এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অনুমোদিত যে ফ্লাইওভারগুলি রাজ্য সরকার করতে পারছেন না, যেগুলোর ক্ষেত্রে তাঁরা

দায়িত্ব পালন করতে পারছেন না, সেসব ক্ষেত্রে যদি অর্থমন্ত্রীকে চাপ দিতেন, পূর্তমন্ত্রীকে চাপ দিতেন তাহলে শচীনবাবুর সদিচ্ছার অর্থ বুঝতাম। উনি আমার চেয়ে বেশি অভিজ্ঞ, আমার চেয়ে অনেক মাথার চুল তাঁর পেকে গেছে। উনি ভাল করেই জানেন যে, সামনে নির্বাচন এবং এই ১৯৮৭-র নির্বাচনের প্রাক্কালে এলাকার মানুষকে জানাতে হবে যে তিনি কাজ করছেন। তবে ব্যান্ডেল রেলগেট সম্পর্কে রেলমন্ত্রী কি বলেছেন, জানি না, সাত্তার সাহেব কবে বিক্ষোভ দেখিয়েছেন তাও বলছি না। তবে আপনি বিধানসভার সদস্য হয়ে যেখানে ব্যান্ডেল গেটে ফ্লাই ওভার করবার জন্য দাবি জানিয়েছেন, সেখানে আমরা চাই—শুধু ব্যান্ডেল গেটে নয়, পশ্চিমবঙ্গে যে সমস্ত জায়গার ফ্লাইওভারের কাজ রাজ্য সরকার বন্ধ করে রেখে দিয়েছেন, কেন্দ্রীয় সরকার অর্থ দেবার পরও যেসব কাজগুলি রাজ্য সরকার করতে পারেন নি—সেগুলো কমপ্লিট করুন এবং জনগণের দুর্ভোগ দূর করতে এগিয়ে আসুন। আজকে শচীন বাবু প্রস্তাব নিয়ে এসেছেন ; লটারীতে তাঁর নাম উঠেছে এবং ডিসক্রিশন অনুযায়ী তিনি এই প্রস্তাব এনেছেন, স্পিকার মহাশয়ও এটা অনুমোদন করেছেন। কাজেই প্রস্তাবটি আনবার তাঁর নিশ্চয়ই অধিকার রয়েছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, ব্যান্ডেল গেটের সঙ্গে যদি আমরা কিছু কিছু ফ্লাইওভারের দাবি তিনি এইসঙ্গে আনতেন এবং যেগুলো কমপ্লিট না হয়ে পড়ে আছে, যার জন্য কেন্দ্রীয় সরকার অ্যাডভান্স টাকা পর্যন্ত দিয়েছেন—সেগুলোর ক্ষেত্রে রাজ্য সরকারের কাছে যদি অ্যাস্যুরেন্স চাইতেন তাহলে বুঝতাম যে তাঁর সদিচ্ছা রয়েছে। তবে এইভাবে তুলে কিছু মানুষকে স্তোক দেওয়া যায়, কিন্তু কাজের কাজ কিছু হয় না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শচীন সেন মহাশয় যে রেজলিউশন এখানে পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি। এই সমর্থন করতে গিয়ে প্রথমেই বলছি যে, মাননীয় সদস্য মান্নান সাহেব এর আগের দিন যখন আমাদের মাননীয় অর্থমন্ত্রী বাজেট পেশ করছিলেন, ঐ বাজেট পেশ করবার সঙ্গে সঙ্গে বলেছিলেন যে, ওটা নির্বাচনী ভূত। এই প্রস্তাবেও দেখছি ওঁরা একই ভূত দেখছেন। নিশ্চয়ই পশ্চিমবঙ্গে অনেকগুলি ফ্লাইওভার করবার দরকার আছে এবং সেখানে রাজ্য সরকারের ভূমিকা আছে, কেন্দ্রীয় সরকারেরও ভূমিকা আছে। এখানে মাননীয় সদস্য শচীনবাবু ব্যান্ডেল গেট লেভেল ক্রসিংয়ে ফ্লাইওভার করবার জন্য যে প্রস্তাব এনেছেন তাকে নিশ্চয়ই সমর্থন করব। এই ধরনের অনেকগুলো লেভেল ক্রসিং-এর প্রশ্ন রাজ্যে আছে, কেন্দ্রীয় সরকার সম্মতি দিয়েছেন অথচ কাজ হচ্ছে না। সোদপুরে এই রকম একটি ক্রসিং রয়েছে। শ্রীরামপুরের ফ্লাইওভারের কাজ অসম্পূর্ণ অবস্থায় বন্ধ হয়ে গেছে। স্পিকার মহাশয়, বারাসাতে নতুন জেলা স্থাপনের পর সেখানে প্রচণ্ড সমস্যা দেখা দিয়েছে। অবশ্য এখানকার আলোচনার বিষয়বস্তু সেটা নয়।

[1-20–1-30 P. M.]

আমি মাননীয় সদস্য শচীনবাবুকে বলব লেভেল ক্রসিং-এর ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে প্রস্তাব দিয়ে কেন্দ্রের যেটা করণীয় সেটা তারা যাতে করে সেটা তিনি যেন দেখেন। সেই সঙ্গে সঙ্গে মাননীয় সদস্যকে অনুরোধ করব কলিকাতা শহরে যে সমস্ত রুটে অনিয়মিত ভাবে ঠেলা, রিক্সা চালায় সেইগুলি তিনি যেন বন্ধ করার চেষ্টা করেন। এই ঠেলা, রিক্সা চলার ফলে রাস্তায় জ্যামের সৃষ্টি হচ্ছে এবং সেই সঙ্গে সঙ্গে কলিকাতা শহর অপরিচ্ছন্ন

হচ্ছে। এই ব্যাপারে আমি প্রাক্তন পরিবহন মন্ত্রীকে বলেছিলাম এবং বর্তমান মন্ত্রী রবীন বাবুকেও বলেছি। শুধু ব্যান্ডেল রেল গেটের জন্য নয় কলিকাতার সমস্ত মানুষের ঠেলা, রিক্সা বন্ধ করে দেওয়া উচিত। কলিকাতার পথচারীরা এই ঠেলা ও রিক্সার জন্য ব্যতিব্যস্ত হয়ে উঠেছে। যারা এই ঠেলা, রিক্সা চালায় তারা সরকারকে এক পয়সা ট্যাক্স দেয় না এবং সঙ্গে সঙ্গে কলিকাতাকে অপরিষ্কার করে তুলছে। তা ছাড়া এখান থেকে তারা যা রোজগার করে তার সমস্ত পয়সা ভিন্ন রাজ্যে নিয়ে চলে যাচ্ছে। কর্পোরেশন আমাদের লোকেরা চালাচ্ছে এবং এই সরকার আমাদের লোকেরা চালাচ্ছে। সেই জন্য এই ঠেলার ব্যাপারে তিনি যাতে একটা রেজলিউশন ইমপোজ করতে পারেন সেটা তিনি যেন দেখেন। মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব বিরোধী দলের সদস্যরা সমর্থন করেছেন এবং আমি এটা সমর্থন করি। ঠেলা, রিক্সার ব্যাপারে যখন অ্যাকশন নেওয়া হল তখন বম্বে থেকে ফার্নাণ্ডেজ এলেন তাদের হয়ে লড়তে। দিল্লিতে কি এই ভাবে ঠেলা, রিক্সা চালানো যায়, বম্বেতে কি এই ভাবে ঠেলা, রিক্সা চালানো যায়? সেই জন্য কলিকাতা শহরকে সুন্দর এবং পরিচ্ছন্ন করার জন্য আমি মাননীয় সদস্যর কাছে আবেদন জানাচ্ছি। কলিকাতা কর্পোরেশন যারা পরিচালনা করছে তারাই এই সরকার পরিচালনা করছে। সুতরাং কলিকাতায় ঠেলা এবং রিক্সা চালানোর ব্যাপারে কি ভাবে একটা আইন প্রণয়ন করা যায় সেই ব্যাপারে তিনি যদি একটা সংশোধনী আনেন তাহলে আমি অত্যন্ত খুশি হব। মাননীয় সদস্য লেভেল ক্রসিং-এর ব্যাপারে যে প্রস্তাব এখানে এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শচীন সেন মহাশয় বন্ডেল রোডে উড়াল পুল নির্মাণের জন্য যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি সমর্থন করে দুএকটা কথা বলতে চাই। আমার আগে আমার দলের মাননীয় সদস্য আবদুল মান্নান সাহেব বলে গেছেন এবং বন্ডেল রোডের উড়াল পুল নির্মাণের জন্য যে প্রস্তাব শচীন সেন মহাশয় এনেছেন তাকে মোটামুটি সমর্থন করেই বলে গেছেন। গত পরশু দিন আমাদের মুখ্যমন্ত্রী যে বাজেট এই সভায় পেশ করেছেন সেই বাজেট পেশ করার আগেই আমরা ধরে নিয়েছিলাম যে এটা একটা নির্বাচনী চমক। ঠিক তেমনি শচীনবাবু তাঁর এলাকার নির্বাচনী বৈতরনী পার হবার জন্য এই রকম একটা প্রস্তাব এনেছেন। তিনি দুটি দরখাস্তে ভরা বস্তা এনেছেন, সেই বস্তা নিয়ে বিধানসভার লবিতে ফটোগ্রাফারদের কাছ থেকে ফটো তুলে কাগজে বের করার চেষ্টা করবেন এবং তাতে তিনি দেখাবার চেষ্টা করবেন নিজের এলাকার জন্য তিনি কিছু করছেন। এই হচ্ছে তাঁর উদ্দেশ্য। এই ভাবনাটা যদি তিনি সাড়ে চার বছর আগে ভাবতেন তাহলে ভাল হত। কিন্তু ওনার জানা উচিত রেল দপ্তরে খোঁজ নিয়ে যে ১৯৮৩ সালে আমরা ৩০ জন বিধানসভার কংগ্রেস সদস্য সুনীতি চট্টরাজের নেতৃত্বে তৎকালীন রেলমন্ত্রী গণিখান সাহেবের কাছে এই ব্যাপারে দরবার করতে গিয়েছিলাম। এই ব্যাপারে আমি দিল্লিতে গিয়েছিলাম এবং বেশ কিছু কাজকর্ম এগিয়েছে। এখানে বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালের পর থেকে সব ব্যাপারে কেন্দ্রের দিকে আঙ্গুল দেখিয়ে বলে আসছেন যে, কেন্দ্র কিছু দিচ্ছে না তাই আমরা কিছু করতে পারছি না। এই বন্ডেল রোডের ব্যাপারে শচীন বাবু এই বিধানসভায় দাঁড়িয়ে বলুন কেন্দ্রের কাছ থেকে যে টাকা তাঁদের প্রাপ্য সেই টাকা পেলে রাজ্য সরকারের ভাগে যেটা পড়বে সেটা তাঁরা দেবেন। কেন্দ্রের কাছ থেকে যে টাকা প্রাপ্য সেই টাকা তাঁদের দিতে কোন আপত্তি নেই। আমরা জানি বামফ্রন্ট সরকারের একটা বড় দলের সদস্য হয়েও

তিনি এই কথা বলতে পারবেন না। আপনারা খোঁজ নিয়ে দেখুন এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের করণীয় কিছু নেই। বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু এখানে বলুন, তিনি এখান থেকে একটা সিগন্যাল দিন যে, আমাদের যা করণীয় তা আমরা করব। আমি দায়িত্ব নিয়ে বলছি শুধু এই বিধানসভার সদস্য হিসাবে নয় আমাদের দলের পক্ষ থেকে আমরা সকলে মিলে দিল্লিতে রেলমন্ত্রীর কাছে দরবার করব। এই সাথে সাথে আমরা একথাও জানি যে, স্টেট গভর্নমেন্ট নিজেরা কোন টাকা দেবেন না। একথাও ঠিক যে আজকে এখানে যে রেজলিউশন শচীনবাবু এনেছেন তার জন্য আগামীকাল সমস্ত কাগজে—আনন্দবাজার, যুগান্তর, বর্তমান—এই সংবাদ বেরোবে এবং এরজন্য তাঁর এলাকার লোকেদের বেশি বেশি করে কাগজও কেনাবেন। মাননীয় শচীনবাবুর কাছে আমার অনুরোধ, এটাকে তিনি যেন নির্বাচনী চমক হিসাবে ব্যবহার না করেন। তিনি যেন আন্তরিকতার সঙ্গে, মনেপ্রাণে কাজটি করার চেষ্টা করেন। এই সাথে সাথে মাননীয় সদস্য আব্দুল মান্নান এখানে যে প্রস্তাবটি রেখেছেন—শ্রীরামপুরে লেভেল ক্রসিংয়ের সমস্যা আছে বা পশ্চিমবাংলার অন্যান্য জায়গায় লেভেল ক্রসিংয়ের সমস্যা আছে—সেগুলোকেও ইনক্লুড করুন। কেন না, আমরা কেবলমাত্র ব্যান্ডেল রোড রেলওয়ে লেভেল ক্রসিংটির জন্য অসুবিধা ফেস করছি না, এই সমস্যা পশ্চিমবঙ্গের আরও বহু জায়গায় আমরা ফেস করছি। সেজন্য ঐ সমস্তগুলোও ইনক্লুড হওয়া দরকার এবং তা করলে আমরা আরও বেশি খুশি হব। মাননীয় সরলবাবু এখানে যে প্রস্তাব রেখেছেন—কলকাতার বুকে ঠেলা ও রিক্সার জন্য যানজটের যে সমস্যা—তা খুবই সত্যি কথা। কলকাতা কর্পোরেশন এবং রাজ্য সরকার কলকাতার মত এতবড় একটা শহরে এই ঠেলা এবং রিক্সার জন্য যে সমস্যার সৃষ্টি হয়, প্রায়ই যানজটের সৃষ্টি হয়, তা দূর করতে কেন এগিয়ে আসছেন না? এই সমস্যা দূর করতে এত দ্বিধা কেন আপনাদের মধ্যে? কলকাতা শহরে ঠেলা এবং রিক্সার মত শ্লথ গতির যান মানুষের নিয়মিত কাজকর্ম কার্যত বন্ধ করে দিচ্ছে। সেজন্য এই ব্যাপারে একটা অ্যাকশন অবশ্যই গ্রহণ করা উচিত বলে আমি মনে করি। এই কথা বলে মাননীয় সদস্য শচীনবাবু এখানে যে প্রস্তাব এনেছেন, তার প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে বন্ডেল রোড রেলওয়ে লেভেল ক্রসিংয়ে ওভার ব্রিজ এর জন্য যে প্রস্তাব এখানে নিয়ে এসেছেন, আমি তার প্রতি পূর্ণ সমর্থন জানাই। এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আমি এখানে দুএকটি কথা বলতে চাই। মাননীয় অশোকবাবু এবং মান্নান সাহেব এখানে যে বক্তব্য রাখলেন তা সুন্দর বলে মনে হল। অর্থাৎ কিছু বলতে হবে, না বললে নয়, তাই আর কি। সোজাসুজি কথা না বলে নির্বাচনী স্বার্থ সূচক একটি প্রস্তাব নিয়ে এসেছেন বলে উল্লেখ করলেন। এই প্রস্তাবটিকে সমর্থন করতে গিয়ে ওঁরা 'ধান ভানতে শিবের গীত' এখানে গাইলেন। যে প্রস্তাব এখানে এসেছে, তার উপরে আলোচনা না করে ওঁরা সমস্ত পশ্চিমবাংলার কথা থাকলে ভালো হত। আরও বললেন যে, শচীনবাবু কেবলমাত্র তাঁর কনস্টিটিউয়েন্সীর কথা এখানে রেখেছেন। কিন্তু পশ্চিমবাংলার কথা বললে ভালো হত। কিন্তু পশ্চিমবাংলার কথা যদি এখানে রাখা হত, তাহলে ওঁরা আবার বলতেন যে, বামফ্রন্ট সরকার ইলেকশন চমক দেবার জন্য প্রস্তাব নিয়ে এসেছেন। তাহলে বলুন, আমরা কি করব? আমাদের করার আর কি আছে? আমি এই প্রস্তাব সমর্থন করার সঙ্গে সঙ্গে এখানে একটি গল্পের কথা উল্লেখ করতে চাই। একটা

ছেলের বিয়ে হচ্ছে পাশের বাড়িতে। হাট-বাজার করতে যেতে হবে। ছেলের বাবা ছেলেকে বলে দিলেন, তোমার হবু শ্বশুরের সঙ্গে তোমাকে বাজারে যেতে হবে; বাজারে যেতে যেতে শ্বশুরের সঙ্গে কিন্তু কথা বলবে। তা না হলে শ্বশুর তোমাকে পাগল ভাববেন, তুমি পাগল বলে সাব্যস্ত হয়ে যাবে। বাজারে যেতে যেতে ছেলেটি শ্বশুরের কাছে জিজ্ঞাসা করল, আমরা কোথায় যাচ্ছি?—তোমার বাবা তো বলে দিয়েছেন, তুমি আমার সঙ্গে হাটে বাজার করতে যাচ্ছ। কিছুক্ষণ পরে ছেলেটি পথে যেতে যেতে আবার জিজ্ঞাসা করল, হাটে কি কি কিনবেন? আমাদের কি কি কিনতে হবে? তাহলে তো একটা কথা হল—এখানে ওঁদের কথা শুনে মনে হল কথা একটা বলতে হয়, তাই ওঁরা কিছু বললেন।

[1-30–1-40 P. M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার বক্তব্য হচ্ছে শ্রী শচীন বাবু যে প্রস্তাব এনেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ কলিকাতার বন্ডেল রোড হচ্ছে একটা ইন্ডাস্ট্রিয়াল বেল্ট, এখানে সরকারি অফিস এবং সরকারি দপ্তর অবস্থিত। সুতরাং এখানে আসতে গেলে কর্মচারিদের যথাসময়ে খাওয়া দাওয়া করে বেরিয়ে আসতে হয় কিন্তু রেলওয়ে গেট যদি বন্ধ থাকে তাহলে যথাসময়ে অফিসে আসতে পারে না। শুধু তাই নয় এটা কলিকাতার ব্যবসা বাণিজ্যের কেন্দ্র, সুদুর পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে এখানে ট্রাক, বাস প্রভৃতি আসে কিন্তু সেগুলি যথা সময়ে পৌঁছতে পারে না। ফলে মানুষকে রিক্সা বা ঠেলাগাড়ি করে আসতে হয় এবং ঘন্টার পর ঘন্টা পথে দাঁড়িয়ে থাকতে হয়। সুতরাং জনসাধারণের স্বার্থে এবং প্রয়োজনের তাগিদে কেন্দ্রের দায়িত্ব আছে এগুলিতে সম্মতি দেওয়া। এই ব্যাপারে কংগ্রেসিদের তো আগে এগিয়ে আসা উচিত এবং কেন্দ্রকে বোঝানো উচিত। ওনারা এই প্রস্তাবের সমালোচনা করছেন কিন্তু ওনারা যদি সমস্ত লেভেল ক্রসিংগুলিতে ওভার পুলের ব্যবস্থা করতে পারেন তাহলে আমরা তাদের বাহবা দেব। অতএব শচীন বাবু যে প্রস্তাব এনেছেন তাকে তো বিরোধীপক্ষের সমর্থন করা উচিত। কিন্তু তারা তা না করে ধান ভানতে শিবের গীত গেয়ে যাচ্ছেন। সুতরাং বাজেটের সময়ে যেমন সরল বাবু আপনাদের বলেছিলেন যে ভূত দেখছেন তেমনি এই প্রস্তাবেও আপনারা ভূত দেখছেন। সরল বাবুর এই উক্তিটি অত্যন্ত বাস্তব সম্মত। আপনারা আমাদের ভালো কিছু দেখতে পারেন না। সব সময়ে একটা আলোচনা করা আপনাদের স্বভাবে পরিণত হয়ে গেছে। সুতরাং এই প্রস্তাব অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আশা করি সর্বান্তকরনে সকলেই একে সমর্থন করবেন। আপনারা আপনাদের নেতাদের বলে একটু তদ্বির করে এর যে প্রয়োজনীয়তা আছে তা ওঁদের বুঝিয়ে বলুন। এই প্রস্তাবটিতে সম্মতি করান তারপরে আপনারা যা প্রস্তাব আনবেন পশ্চিমবঙ্গের জন্য আমরা তা সমর্থন করব। সুতরাং এই প্রস্তাবকে সবাই সর্বান্তকরণে সমর্থন করবে এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তারাপদ সাধুখাঁ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ সরকারি পক্ষের শ্রী শচীন সেন মহাশয় যে প্রস্তাব নিয়ে এসেছেন যে বন্ডেলে রেললাইনের উপর ফ্লাইওভার হবে তা অত্যন্ত ভালো প্রস্তাব। ফ্লাইওভার হওয়া নিশ্চয় ভালো প্রস্তাব, আমি কায়মনোবাক্যে শচীন বাবুর এই প্রস্তাবকে সমর্থন করি। রেলওয়ে লাইনের উপর ছেলে বেলা থেকেই আমার একটা আকর্ষণ ছিল এবং কলেজ লাইফেও আমার এই ব্যাপারে একটা ইনটারেস্ট ছিল। আমি রেলওয়েতে ট্রেন কিভাবে চলে, সিগন্যালিং কি ভাবে হয় এবং গেট সিস্টেম সম্বন্ধে আমার যথেষ্ট

পরিচিতি আছে। তাছাড়া আমি রেলের পরীক্ষাও দিয়েছিলাম কলেজ থেকে গিয়ে রেলওয়ে লেভেল ক্রসিং পার হয়ে গানের ক্লাস করতাম। তারপরে আমি এখন এম. এল. এ হবার পরে বরকত সাহেবের সঙ্গে বহুবার দরবার করেছি। চন্দননগরের রেলওয়ে লেভেল ক্রসিংটি আন্ডার ব্রিজের উঁচু করতে হবে তা না হলে গাড়ি চলবে না, এই কথা আমি বহুবার তখনকার রেলওয়ে মন্ত্রীকে জানিয়েছিলাম। সেইরকম শ্রীরামপুরে একটা ফ্লাইওভার করার ব্যাপারে বরকত সাহেবের সঙ্গে দেখা করেছিলাম এবং এই ব্যাপারে দরবার অনেকবার করেছিলাম। তখন রেলওয়ে মন্ত্রী মিটিংয়ে বলেছিলেন যে স্টেট গভর্নমেন্টের যা করণীয় তা করছে না। আমাদের কাছ থেকে ২ কোটি টাকা অগ্রিম নিয়ে আমি শ্রীরামপুরের কাজ আরম্ভ করেছি। কিন্তু সেখানে পি. ডব্লিউ. ডি. একটা গর্ত পর্যন্ত খোঁড়েনি একটা বিষয় শচীনবাবুকে অনুরোধ করব রেল লাইনের উপর দিয়ে এই রকম ধরনের ফ্লাইওভার বা আন্ডার গ্রাউণ্ড রাস্তা করতে গেলে কি পদ্ধতি নিতে হয় সেটা রেলের অফিসগুলিতে গেলে জানতে পারতেন। আসল পদ্ধতি হচ্ছে আমাদের পশ্চিমবাংলার সরকার থেকে তাদের আগে একটা স্কিম দিতে হয়। আমি বরকতদাকে দিল্লিতে দরবার করে বলেছিলাম—হোসেনপুর মিঙ্কি, মুস্তাফাপুর এলাকাগুলি কামারকুন্ডুর কাছে মুসলিম অধ্যুষিত এলাকায় একটা আণ্ডার গ্রাউন্ড রাস্তা বার করতে হবে। তিনি বললেন মুসলিম বেল্ট বলে তুমি কি আমাকে সুড়সুড়ি দিচ্ছ। আমি বলেছিলাম আপনি প্রয়োজনভিত্তিক করুন। বন্ডেলে যে ফ্লাইওভার চাইছেন সেটা আমি সমর্থন করি। শুধু বন্ডেল নয় সোদপুর ইত্যাদি অনেক জায়গায় ফ্লাইওভার করার দরকার আছে যদি পশ্চিমবাংলার সরকার থেকে দেয় অর্থ পরিকল্পনার গ্যারান্টি দেওয়া হয় তাহলে আমরা টাকা সময়মতো দেব। প্রত্যেকটি জায়গায় ফ্লাইওভার করার মত মানসিকতা ওদের আছে যেটা আমাদের নেই। শ্রীরামপুরের রাস্তা ২।১ বছর ধরে বন্ধ আছে সেখান দিয়ে গাড়ি যেতে পারছে না, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ফ্লাইওভার করার জন্য সেখানে একদিন ইঞ্জিনিয়ার গিয়েছিলেন। এই যদি কাজের গতি হয় তাহলে আমার মনে হয় ফ্লাইওভারের প্রস্তাব শুধু ফাইলেই থাকবে। অনেকে এটাকে যে স্ট্যান্ড বলেছে তাই থেকেই যাবে। আসলে সমস্যার সমাধান হবে না। ঠেলা গাড়ি সম্বন্ধে যে প্রস্তাব তিনি এনেছেন তাতে তাঁকে বলি যে ফুটপাতগুলি তো প্রায় বন্ধ করে রাখা হয়। হাওড়ার ফ্লাইওভার হবার পর মনে হল যেন জ্যাম বন্ধ হয়ে যাবে। কিন্তু পুলিশি ব্যবস্থা বানচাল হবার ফলে বড়বাজার এলাকায় যে যানজট সেটা রয়েই গেছে। যে যোগ্যতা থাকলে যানজট থেকে মুক্তি পাওয়া যায় সেই যোগ্যতা এই সরকারের নেই। তবুও এই প্রস্তাবকে সমর্থন করে আমি প্রস্তাবককে বলব সরকারের দেয় পরিকল্পনা নিয়ে তারা যেন রেল দপ্তরের সঙ্গে আলোচনা করেন।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** স্যার, শচীন সেন মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করি। অনেকে জনবহুল জায়গায় ফ্লাইওভারের কথা বলেছেন সেটাও আমি সমর্থন করি। এই প্রসঙ্গে আমি আমার অঞ্চলের দুএকটি জায়গার কথা বলব। তারাপদ বাবু খানিকটা ঠিক কথাই বলেছেন। কিন্তু সবটা বলেননি। তিনি বলতে চেয়েছেন পশ্চিমবাংলার সরকার যদি চাইতেন তাহলে রেলওয়ে ব্রিজ হত এটা ঠিক নয়। আসল কথা হচ্ছে ফ্লাইওভার করার জন্য রেলওয়ে অথরিটির একটা সেফটি ফাণ্ড আছে যার থেকে এটা করা হয়। এই বিষয়ে রাজ্য সরকারের ভূমিকা হচ্ছে অ্যাপ্রোচ রোডে জমি অধিগ্রহণ করা।

[1-40-1-50 P. M.]

আমি এটুকু জানাচ্ছি আমার অঞ্চল লিলুয়াতে একটা রেলওয়ে ওভার ব্রিজের জন্য ১৯৮৩ সালে অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভ্যাল হয়েছিল এবং অ্যাপ্রুভালের পর রেলওয়ে কর্তৃপক্ষ সেটা ভুলে গিয়েছিলেন। ১৯৮৩ সালের সেপ্টেম্বরে সেখানে একটা খুব গুরুতর অ্যাক্সিডেন্ট হয় এবং রেলওয়ে অফিসার ঘেরাও হন। তখন তিনি জনসভায় বলেন পশ্চিমবঙ্গ সরকার জমি দিচ্ছেন না বলে এটা করা যাচ্ছে না, জমি দিলে করা যাবে। ১৯৮৩ সালে আমার যতদূর স্মরণ আছে সেপ্টেম্বরে বিধানসভা চলছিল, সেখানে পূর্তমন্ত্রী জানান অ্যাকসিডেন্টের আগেই পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে সম্মতি দিয়ে দেওয়া হয়েছে। ১৯৮৩ সালের অক্টোবরে একটা ফিজিবিলিটি সার্ভে হয়। কোনখান দিয়ে অ্যালাইনমেন্ট হবে তারজন্য জমি এবং দেয় টাকা দেবেন বলে লিখিত আকারে পশ্চিমবঙ্গ সরকার জানিয়েছেন। তাঁদের প্রাপ্য দেয় দেওয়ার পর সেখানে সার্ভে হয়, অ্যালাইনমেন্ট স্টাডি করে জমি জমার হিসাব হয়। তারপর হঠাৎ আর কিছু বোঝা যাচ্ছে না। আমরা এবারে লক্ষ্য করলাম রেলওয়ে বাজেটে অনেকগুলি ফ্লাইওভারের কথা হয়েছে। যার কথা আজকে এখানে বলা হচ্ছে এই ফ্লাইওভারের নাম তার মধ্যে নেই। দিল্লিতে ৭টি ফ্লাইওভার তৈরি হচ্ছে এবারে। মাননীয় সদস্য যাঁরা সমর্থন করেছেন তাঁদের বলব এটা আমাদের সকলেরই সমস্যা, শুধু বণ্ডেল নয় যেখানে যেখানে করার দরকার আছে তারজন্য সর্বদলীয়ভাবে যিনিই রেলমন্ত্রী হন তাঁকে বোঝানো দরকার যে এটা হচ্ছে পশ্চিমবঙ্গের সার্বিক সমস্যা, এটা এখনই করা দরকার। এই কথা বলে আবার এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাবটি খুবই পরিষ্কার। আমার বিরোধী সদস্যরা সমর্থন নাকি করেছেন, সেইভাবে বক্তব্য রেখেছেন, আমার কাছে মনে হয়েছে সমর্থনের নাম করে বিরোধীতাই করেছেন। আমি বলব এই বণ্ডেল লেভেল ক্রসিংটা শিয়ালদহ ডিভিসনের সমগ্র দক্ষিণ বিভাগের মানুষের দীর্ঘদিনের দাবি, এটা নির্বাচনী স্টান্ট নয়। ১৯৭৮ সাল থেকে এই প্রচেষ্টা চালানো হয়েছে। এখন এর গুরুত্ব এত বেশি বেড়েছে যে একবার না দেখলে বোঝা যায় না যে কি সাংঘাতিক অবস্থার সৃষ্টি হয়। একটার পর একটা ট্রেন যখন পাশ করে তখন গেট পড়ে যায়। কয়েকজন সাংবাদিক বন্ধু ওখানে কোয়ার্টারে থাকেন, তাঁরাও বিভিন্ন সময়ে কাগজে লিখেছেন, এক মাইল দেড় মাইল পর্যন্ত সেখানে গাড়ি বাস দাঁড়িয়ে যায়, মানুষ চলাচল করতে পারে না, বহু অ্যাক্সিডেন্ট হয়েছে। প্রতিদিন এর গুরুত্ব বাড়ছে, ঐ অঞ্চলের মানুষ এটাকে ব্যাপক দাবির আকার প্রায় লক্ষাধিক মানুষ সই করে এই মেমোরেন্ডাম জনপ্রতিনিধির কাছে উপস্থিত করেছেন। আপনার কাছে আমার বিশেষ বলার কিছু নেই, এই প্রস্তাবটার মধ্যে আর পাঁচটাকে জড়ানো যায় না।

একটু আগে মাননীয় পরিষদীয় মন্ত্রী যে কথা উল্লেখ করলেন—তিনি সঠিক পরিসংখ্যান দিতে পারেন নি। খোদ দিল্লি শহরে সপ্তম যোজনায় ৯টি ওভার ব্রিজ, ফ্লাইওভার করার প্রস্তাব আছে। এর মধ্যে ৫টি রেল লাইনের উপর দিয়ে হবে, আর ৪টি একটি রাস্তার সঙ্গে আর একটি রাস্তার সংযোগ সাধনের জন্য হবে। পশ্চিমবঙ্গে অনেকগুলি থাকতে পারে। তবে এই দাবি বহুদিন যাবত চলছে। সুনীতিবাবুর নাম ওঠেনি কি করা যাবে—আমার নাম উঠেছে। এটা যদি আমার অঞ্চলের জন্য হয়ে যায় কি করা যাবে—ওর নাম ওঠেনি, আমি দুঃখিত।

সকলেরই স্বার্থ এতে জড়িত আছে, আমার একার স্বার্থ নয়। কলকাতা শহর বাড়ছে। পূর্ব কলকাতা এবং দক্ষিণ-পূর্ব কলকাতায় উপনগরী তৈরি হচ্ছে। হাজার হাজার মানুষের বাড়ি তৈরি হচ্ছে। নতুন নতুন ব্যবসা সেখানে বাড়ছে সস্তা জমি বলে এবং ওখানে গ্যাস টারবাইন আছে। কিন্তু ওদিকে একটাও হাসপাতাল নেই। আমার নিজের চোখের সামনে রেলওয়ের গেট পড়ে গেল। একজন প্রসূতিকে নিয়ে সেই জায়গা দিয়ে একটা অ্যাম্বুলেন্স যাচ্ছিল। গেট খোলার আগেই বাচ্চা প্রসব হয়ে গেল। এই রকম আরো অনেক ঘটনা ঘটছে। ওভার ব্রিজের প্রয়োজনীয়তা মানুষ উপলব্ধি করছে, এমন একটা অবস্থার মধ্যে চলে গেছে। কাজেই ওখানে অবিলম্বে ওভার ব্রিজ না হলে যে কোনো সময় বিরাট ম্যাসাকার হয়ে যেতে পারে। ওখান দিয়ে বাচ্চা শিশুরা যাতায়াত করে। কয়েকদিন আগে একটি স্কুলের ছাত্র রেল গেট পড়ে যাওয়ায় পাশ দিয়ে যাবার চেষ্টা করেছিল, অন্যদিক থেকে ট্রেন এসে তাকে চাপা দিয়ে চলে গেল। সেই ছেলেটির সেদিন পরীক্ষা ছিল, তাকে তাড়াতাড়ি যেতেই হবে। মানুষকে জীবনের ঝুঁকি নিয়ে রেল লাইন পার হতে হচ্ছে। এই রকম অজস্র ঘটনা ঘটেছে। রেল লাইনের উপর দিয়ে ওভার ব্রিজ হবে। বামফ্রন্ট সরকার সব করুন, যে প্রসেসের কথা মাননীয় এক্সপার্ট তারাপদ সাধুখাঁ বললেন আমরা তাকে বলছি এক্সপার্ট হিসাবে আপনার সাহায্য আমরা নেব। বণ্ডেল ক্রসিং-এ ওভারব্রিজের ব্যাপারে আপনি সাহায্য করুন। ওখানে ওভারব্রিজ তৈরি করা হোক, এটা জনগণের দীর্ঘদিনের দাবি। লক্ষাধিক সই সংগ্রহ করে আনা হয়েছে এবং দু বান্ডিল সই করা কাগজ এম. এল. এ হিসাবে আমার কাছে দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে অনুরোধ করব আপনি পরিবহন মন্ত্রীকে ডাকুন বা তার মাধ্যমে এই সই করা কাগজগুলি কেন্দ্রীয় সরকারের কাছে, রেলওয়ে দপ্তরের কাছে পাঠিয়ে দেবার ব্যবস্থা করুন।

**মিঃ স্পিকার ঃ** শচীন বাবু, আপনি এই বান্ডিলগুলি ডাইরেক্টলি ট্রান্সপোর্ট মিনিস্টারের কাছে পাঠিয়ে দেবেন, এটা আমরা রাখতে পারব না।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব শেষে আমি মাননীয় সকল সদস্যের কাছে আবেদন করব যে, আপনারা সর্ব সম্মতিক্রমে এই প্রস্তাবটি গ্রহণ করুন। কোনো রকম বাহানা তুলবেন না, প্রস্তাবটিকে সরাসরি সমর্থন জানান, আমি আপনাদের কাছে এই আবেদন জানাচ্ছি।

The motion of Shri Sachin Sen that—

যেহেতু পূর্ব রেলপথের শিয়ালদহ ডিভিসনের দক্ষিণ বিভাগের বণ্ডেল রেলওয়ে লেভেল ক্রসিংটি হাজার হাজার মানুষের প্রতিদিন চলার পথে বিপজ্জনক ;

যেহেতু হাজার হাজার মানুষ আদালত, কারখানা, স্কুল, কলেজ ও বিভিন্ন ব্যবসা-বাণিজ্যের জন্য প্রতিদিন উক্ত লেভেল ক্রসিং দিয়ে যাতায়াত করেন ;

যেহেতু বাস, মিনিবাস, রিক্সা, ঠেলাগাড়ি প্রভৃতি ব্যাপক ভাবে প্রতিদিন উক্ত লেভেল ক্রসিং দিয়ে যাতায়াত করে;

যেহেতু উক্ত লেভেল ক্রসিং-এ রেলওয়ে গেট একটানা দীর্ঘ সময় বন্ধ থাকার ফলে

অফিসযাত্রী, কারখানা কর্মী ও অন্যান্য পথচারী কোনদিনই সময়মতো কর্মস্থলে কিংবা গন্তব্যস্থলে পৌঁছতে পারেন না ;

সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে ইউনিয়ন সরকারকে অনুরোধ জানাচ্ছে যে, অবিলম্বে বন্ডেল রোড রেলওয়ে লেভেল ক্রসিং-এ উড়ালপুল নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা হোক।

Was then put and agreed to.

[1-50—2-00 P.M.]

**Mr. Speaker :** So, the resolution is carried unanimously.

Now, Shri Kisku may move his resolutions.

**শ্রী উপেন কিস্কু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রস্তাবটি হাউসে রাখছি। "যেহেতু দেশের অর্থনীতির পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ খনিজসম্পদ উলফ্রাম বাঁকুড়া জেলার ছেঁদাপাথরে মজুত আছে;

যেহেতু লিজ ব্যবস্থার মাধ্যমে সরকার খনিটি চালাতে ব্যর্থ হয়েছেন এবং একাধিক ব্যক্তি খনিটি লিজ নিয়ে শ্রমিকদের ন্যায্য পাওনা না দিয়ে খনিটিকে প্রায় তিন বছর যাবত বন্ধ করে রেখেছে ;

যেহেতু প্রায় পাঁচ শতাধিক তফসিলি আদিবাসী সম্প্রদায়ভুক্ত শ্রমিক এর ফলে জীবিকা থেকে বঞ্চিত হচ্ছেন ;

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব করছে যে, শিল্পে অনগ্রসর বাঁকুড়া জেলার অর্থনৈতিক উন্নতির স্বার্থে উক্ত খনিটি অবিলম্বে সরকারি মালিকানায় পরিচালিত হোক।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এই উলফ্রাম একটি মূল্যবান ধাতু। ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজস্থান এবং পশ্চিমবাংলা এই দুটি জায়গায় এই ধাতুটি পাওয়া যায়। এই ধাতুটি রপ্তানী করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জিত হয়। এই খনিটি দীর্ঘদিন ধরে গৌরীপুর ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড পরিচালিত করত, তারপর খৈতান ব্রাদার্স এর লিজ নেয়। তারা ২-৩ বছর চালিয়ে শ্রমিকদের বকেয়া পাওনা না দিয়ে পালিয়ে গিয়েছে। সরকারের প্রাপ্য টাকাও দেয় নি। স্যার, এর মাধ্যমে ৫ শতাধিক তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত মানুষ রুজি রোজগার করত, তারা আজকে অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আজকে আমি হাউসে এই প্রস্তাব এনেছি, আশা করি হাউসের প্রত্যেক মাননীয় সদস্য এই প্রস্তাব সমর্থন করবেন। আপাতত আমি এখানেই শেষ করছি, জবাবি ভাষণের সময় বাকিটা বলব।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় সদস্য শ্রী উপেন্দ্র কিস্কু যে প্রস্তাব নিয়ে এসেছেন আমি সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। স্যার, এই শিল্পটি বাঁকুড়া জেলার একটি পুরাতন শিল্প এবং তা বাঁকুড়া জেলার তফসিলি ও

আদিবাসী অধ্যুষিত এলাকায় অবস্থিত। যেদিন থেকে এই শিল্পটি চালু হয়েছিল সেদিন থেকে গৌরীপুর ইন্ডাস্ট্রিজ বলে একটি প্রাইভেট ফার্ম এটি চালাত। তারা দীর্ঘদিন ধরে ঐ উলফ্রাম, টাংস্টেন বিদেশে পাচার করত এবং বহু বৈদেশিক মুদ্রা লাভ করত। এই খনিজ সম্পদ নিয়ে তারা বিত্তশালী হয়ে উঠেছিল। সেখানে যে ৫০০ শ্রমিক কাজ করত তাদের প্রায় সবাই আদিবাসী সম্প্রদায়ভুক্ত। স্যার, বাঁকুড়া জেলাতে বিভিন্ন খনিজ পদার্থ আছে। রাণীবাঁধ থানার ছেঁদাপাথর ঐতিহাসিক দিক থেকেও চিহ্নিত হয়ে আছে। সেটা বিপ্লবী যুগে শহীদ ক্ষুদিরামের আশ্রয়স্থল ছিল। ঐ এলাকায় যে খনিজ পদার্থ আছে উলফ্রাম এবং টাংস্টেন সেটা ভারতবর্ষের মধ্যে কেবল রাজস্থান ও পশ্চিমবাংলাতে পাওয়া যায় এবং এটি একটি মূল্যবান খনিজ পদার্থ। এই ধাতু ইলেকট্রিক বাল্ব, এরোপ্লেন ইত্যাদি তৈরি করতে লাগে। স্যার, আমরা আশা করেছিলাম এই শিল্পের মাধ্যমে ঐ' এলাকার সামগ্রিক উন্নয়ন হবে এবং পাশাপাশি পরিপূরক শিল্প গড়ে তুলতে সাহায্য করবে কিন্তু দেখলাম তা ক্রমশই দুর্বল হয়ে গিয়েছিল। খৈতান কোম্পানী সেটা গ্রহণ করলেন। স্যার, বিধানসভার প্রসিডিং যদি দেখেন তাহলে দেখবেন, বিগত কংগ্রেস সরকারের আমলে বারবার আমরা এ সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। এই কারণে আমরা করতে চেয়েছিলাম, বাঁকুড়ার যে ভবিষ্যত একদিকে ছোটনাগপুর, আর একদিকে শিল্প নগরী—দুর্গাপুর বলুন বা বার্ণপুর বলুন বা রাণীগঞ্জ বলুন এই সব শিল্প নগরীর সঙ্গে যুক্ত আছে। আজকে বিভিন্ন ভাবে সরকারি যে সাহায্য তা থেকে আমাদের বঞ্চিত করতে পারেন কিন্তু প্রকৃতি আমাদের বঞ্চিত করেনি। সেখানে ১০০ বছরের যে কোল ডিপোজিট আছে আজকে সেই কয়লা উত্তোলন হতে যাচ্ছে। আজকে সব চেয়ে সুখের বিষয় যে পশ্চিমবঙ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকার বিশেষ ভাবে কেন্দ্রীয় সরকারের যে শিল্পনীতি, সেই শিল্পনীতির মধ্যে অনুন্নত এলাকা এবং শিল্প বিহীন এলাকা বলে বাঁকুড়া জেলাকে ঘোষণা করা হয়েছে এবং সেখানে শিল্প তৈরি করার জন্য যে ইনফ্রাস্ট্রাকচার প্রয়োজন তার ব্যবস্থা করা হচ্ছে। রাজ্য সরকারও সেখানে ব্যবস্থা করার জন্য প্রস্তাব নিয়েছেন। উদাহরণ স্বরূপ বলা যায় যে স্পিনিং মিল, সিনথেটিক ফাইবার নাইলন সিল্ক, তারপরে চায়না ক্লে এবং তার অ্যানসিলারী ইনডাস্ট্রি রয়েছে, মিনি পেপার মিল এবং তার সঙ্গে আরো ইন্ডাস্ট্রিয়াল এস্টেট বিষ্ণুপুরে ঘোষণা করেছেন এবং শিল্প যে সব এলাকায় আছে সেখানে কেন্দ্রীয় সরকার যে তৎপরতা দেখিয়েছেন, অনুরূপভাবে রাজ্য সরকারও তৎপরতা দেখিয়েছেন। কেন্দ্রীয় সরকার কর্তৃক আগামী জুলাই মাস থেকে কালিদাসপুরে যে কয়লা উত্তোলনের ব্যবস্থা হয়েছে যদিও সামান্য কয়লা উঠবে, কিন্তু ১৯৮৭ সালের জানুয়ারি থেকে পূর্ণদ্যোমে কয়লা তোলা হবে এবং ৬৩০ মেগা ওয়াট থার্মাল পাওয়ার স্টেশন এর জন্য ডি. ভি. সি.'র ৫৬৬ কোটি টাকা এই সপ্তম যোজনায় কেন্দ্রীয় সরকারের অনুমোদন এসেছে। সেই পরিপ্রেক্ষিতে আমি অন্তত আশা করি বাঁকুড়া জেলা যেটা সব চেয়ে অনুন্নত এবং তার মধ্যে আরো অনুন্নত হচ্ছে রাণীবাঁধ, রায়পুর। সেখানে এই শিল্পের সাম্ভাব্যতা রয়েছে। কাজেই যেখানে এতবড় একটা শিল্প ধ্বংসের দিকে যাচ্ছে, ৫ শত শ্রমিক রয়েছে এবং তার সঙ্গে আরো ২ হাজার শ্রমিক বিভিন্ন ভাবে যুক্ত আছে। তারা একটা অসহনীয় অবস্থার মধ্যে দিয়ে চলেছে। সেই অসহনীয় অবস্থার প্রতিকারের জন্য মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন আমি মনে করি সেটা প্রকৃত বাস্তব দৃষ্টিভঙ্গিতে আনা হয়েছে এবং সেটা অবিলম্বে কার্যকর করা দরকার। রাজ্য সরকার হোক আর কেন্দ্রীয় সরকার হোক, এটার প্রয়োজনীয়তা আছে। সেই পরিপ্রেক্ষিতে

এখানে রাজ্য সরকারেরও কিছু করণীয় আছে। রাজ্য সরকার অনেক শিল্পকে সিক ইন্ডাস্ট্রি বলে অধিগ্রহণ করে থাকেন। কেন্দ্রীয় সরকারের কাছে আমরাও দাবি করি, কেন্দ্রীয় সরকারও সেই ব্যাপারে আগ্রহী হন। কিন্তু রাজ্য সরকারের কাছ থেকে সেই প্রস্তাব গেলে আরো বেশি তৎপরতা বাড়বে বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওখানে আরো দেখা যায় যে ছেঁদাপাথরে তামা বিখ্যাত এবং তার পাশেই টাটা শিল্প নগরী রয়েছে।

[2-00–2-10 P. M.]

দীর্ঘ দিন ধরে ওখান থেকে আকরিক তামা বেসরকারি প্রতিষ্ঠানের মালিকরা, বিশেষ করে গৌরীপুর ইন্ডাস্ট্রির মালিকরা অঘোষিত ভাবে টাটানগর এবং অন্যান্য পার্শ্ববর্তী শিল্প-নগরীতে পাচার করেছে এবং প্রচণ্ডভাবে মুনাফা করেছে। সেই হিসাবনিকাস রাজ্য সরকার দেখেছেন কিনা আমি জানি না। সেখানে কি পরিমাণ প্রোডাকশন হত না হত তা শিল্প দপ্তর জানেন কিনা আমি জানি না। বা সেখানে দীর্ঘ দিন ধরে শ্রমিকরা তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হয়েছে এবং পি. এফ. গ্র্যাচুইটি ইত্যাদির টাকা পেয়েছে কিনা তা রাজ্য শ্রম দপ্তর জানেন কিনা আমি জানি না। বেসরকারি মালিকরা দীর্ঘ দিন ধরে ওখানে সুপরিকল্পিতভাবে শোষণ চালিয়েছিল এবং সেই শোষণ থেকে আজও ওখানকার শ্রমিকদের মুক্তি মেলে নি। বামফ্রন্টের বন্ধুরা আমাদের ওপর দোষারোপ করে বলেন, "আপনারা দীর্ঘ ৩০-৩২ বছর ধরে কিছুই করতে পারেন নি।" অনুরূপভাবে আমরা আজকে বামফ্রন্ট সরকারের কাছে জিজ্ঞাসা করছি, আপনারা তো নিজেদের তফসিলি, আদিবাসী প্রভৃতি সর্বহারা সম্প্রদায়ের দরদি বন্ধু বলে দাবি করেন এবং আরো দাবি করেন যে গ্রামবাংলার মানুষ সব চেয়ে বেশি আপনাদের সমর্থন করছে, তাহলে যেটাকে সব চেয়ে গন্ডগ্রাম বলা চলে, যে এলাকায় সব চেয়ে বেশি আদিবাসী সম্প্রদায়ের মানুষের বাস সেই এলাকার উন্নতির জন্য, শিল্পের প্রসার ঘটাবার জন্য বিগত ৯ বছরে আপনারা কি করেছেন? বাঁকুড়া জেলার একমাত্র শিল্প হচ্ছে এই খনি শিল্প, এই শিল্পের দীর্ঘ দিন যে অবস্থা হয়েছে সেই অবস্থার প্রতিকার বিগত ৯ বছর ধরে রাজ্য সরকার করতে পারেন নি। তথাপি আজও সে দিকে দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে। রাজ্য সরকার যদি কিছুটা তৎপরতা দেখাতে পারেন, তাহলে নিশ্চয়ই বাঁকুড়া জেলায়ও অনেক কিছু হতে পারে। সেখানে তামা পাওয়া যায় কিনা, সে বিষয়ে খোঁজ নিতে হবে, ছোটনাগপুর সংলগ্ন রাণীবাঁধ এলাকায় কয়লা পাওয়ার সম্ভাবনা আছে, এমনকি ওখানে পেট্রোলিয়াম-জাত পদার্থ পাওয়ারও সম্ভাবনা আছে, এই সমস্ত সম্ভাবনাগুলির বিষয়ে কেন্দ্রীয় সরকারের ও. এন. জি. সি. নামক যে সংস্থা আছে তাদের দিয়ে পরীক্ষা-নিরীক্ষা এবং তদন্ত করা প্রয়োজন। আমার মনে হয় ওখানে কয়লা এবং পেট্রোলজাত দ্রব্য পাওয়া যাবে। আমার এবং অনেকেরই ধারণা এই সমস্ত খনিজ পদার্থ ওখানে প্রচুর পরিমাণে ডিপোজিট আছে। বাঁকুড়া জেলায় প্রচুর পরিমাণে চিপ্ স্টোন আছে। অথচ পশ্চিমবাংলার বিভিন্ন সংস্থা সাধারণভাবে বলে থাকে যে, পাকুড়ের চিপ্ স্টোন হচ্ছে সব চেয়ে ভাল। কিন্তু বাঁকুড়া পুরুলিয়ার পাথর পাকুড়ের পাথরের চেয়ে কোনো অংশে ফেলনা নয়। আজকে রাজ্যে চিপ্ স্টোন কোয়রি কর্পোরেশন গঠন করে সেই পাথরগুলির সুব্যবস্থা করা প্রয়োজন। এই সমস্ত কাজের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার শিল্পের প্রসার ঘটানো সম্ভব হবে। কিন্তু দুঃখের বিষয় রাজ্য সরকারের মধ্যে এই প্রচেষ্টা আমরা লক্ষ্য করছি না।

মাননীয় চেয়ারপার্সন মহাশয়া, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বাঁকুড়া জেলাকে শিল্পহীন জেলা বলে ঘোষণা করা হয়েছে। আমরা জানি শিল্পহীন জেলাগুলির জন্য বিভিন্ন ভাবে সাবসিডি দেওয়ার কথাও ঘোষণা করা হয়েছে। আজকে রাজ্য সরকারের পক্ষ থেকে যৌথ প্রচেষ্টায় পশ্চিমবঙ্গে শিল্পের বিকাশ ঘটাবার চেষ্টা করা হচ্ছে। সেখানে শুধু সমাজতান্ত্রিক দেশগুলির সঙ্গেই হাত মেলানো হচ্ছে না, পুঁজিপতি দেশগুলির সঙ্গেও হাত মিলিয়ে শিল্পের অগ্রসর ঘটাবার চেষ্টা করা হচ্ছে। অথচ দেশ স্বাধীন হওয়ার পর থেকে দীর্ঘদিন পশ্চিমবঙ্গে যাঁরা বিরোধী দলে ছিলেন তাঁরা যদি সে সময়ে যৌথ শিল্প উদ্যোগের ব্যাপারে তৎকালীন রাজ্য সরকারের সঙ্গে সহযোগিতা করতেন, যদি ব্যক্তিগত মালিকানাধীন শিল্পের প্রসার ঘটাবার জন্য সরকারের সঙ্গে সহযোগিতা করতেন, টাটা বিড়লা প্রভৃতির মতো সংস্থার মাধ্যমে শিল্প স্থাপনকে স্বাগত জানাতেন তাহলে আজকে আর এই রাজ্যে ৪৮ লক্ষ ছেলে বেকার থাকত না। তাহলে অন্তত আজকে আমাদের পশ্চিমবাংলায় কয়েক লক্ষ বেকার যুবকযুবতীকে কর্মসংস্থানের অভাবের জন্য প্রাণ দিতে হত না। আমরা দেখতে পাচ্ছি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে বহু বেকার যুবকযুবতীর সরকারি চাকরির বয়সসীমা অতিক্রম করে গেছে। আজকে তারা অসহনীয় অবস্থার মুখে এসে দাঁড়িয়েছে। তাদের উপকারার্থে সেল্ফ এমপ্লয়মেন্ট প্রোগ্রামের মাধ্যমে সেই অসহনীয় অবস্থা থেকে উদ্ধার করা যাবে বলে আমি মনে করি। আজকে দেখছি, বিভিন্নভাবে এবং বিভিন্ন জায়গায় যৌথ প্রচেষ্টার মাধ্যমে কিম্বা বেসরকারি মাধ্যমে যদি শিল্পের বিকাশ করা যায় অর্থাৎ শিল্প উদ্যোগ বৃদ্ধি করা যায়, শিল্পের সম্প্রসারণ করা যায় তাহলে দেশের সার্বিক উন্নয়ন হতে পারে, অনগ্রসর জেলার উন্নয়ন হতে পারে। আমি আশা করি, এই সরকার সেইদিকে চিন্তাভাবনা করবেন। আজকে দেখছি এই বেকারত্ব দুর করবার জন্য রাজ্য সরকার যে প্রচেষ্টা চালাচ্ছেন তাতে আরও উদ্যোগ বাড়ানো দরকার, শিল্প বিহীন এলাকাগুলিতে যেমন, বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম প্রভৃতি এলাকাগুলিতে আরও শিল্পের সম্প্রসারণ করা দরকার এবং নতুন নতুন শিল্প গড়ে তোলা দরকার। শুধু এইসব এলাকা নয়, উত্তরবঙ্গের পশ্চিমদিনাজপুর থেকে আরম্ভ করে, কুচবিহার থেকে আরম্ভ করে, মালদা থেকে আরম্ভ করে মুর্শিদাবাদ পর্যন্ত শিল্প স্থাপনের ব্যাপারে আরও আগ্রহী হওয়া দরকার। এইসব যদি করা হয় তাহলে আমি মনে করব শিল্পের প্রকৃতভাবে উন্নতি হয়েছে, গ্রাম এলাকায়, শিল্প বিহীন এলাকায় শিল্পের প্রসার ঘটেছে। শিল্পের প্রসারের সঙ্গে সঙ্গে ক্ষুদ্র কুটির শিল্পের উন্নতি প্রয়োজন। এই ক্ষুদ্র কুটির শিল্পের উন্নতির জন্য যে প্রচেষ্টা আপনারা চালাচ্ছেন সেটা নিম্নমুখী হয়ে যাচ্ছে, উর্ধ গতিতে নিয়ে যাওয়ার প্রয়োজন আছে। আজকে যদি ক্ষুদ্র কুটির শিল্পের উন্নতি হয় তাহলে আমরা দেখব গ্রামভিত্তিক শিল্প গড়ে উঠবে এবং যেসব এলাকায় বিভিন্ন খনিজ পদার্থ আছে সেইসব এলাকার খনিজ পদার্থগুলির যদি সদব্যবহার করা হয়, যদি ঠিকমতো কাজে লাগানো হয় তাহলে সেইসব এলাকার প্রকৃত উন্নতি হবে। সেগুলি চোরাকারবারীদের হাতে যদি চলে না যায়, আনঅথরাইজড অকুপায়েন্টস-এর মাধ্যমে গৃহীত যদি না হয় তাহলে শিল্পের সম্ভাবনা বাড়বে। আমি সরকারকে অনুরোধ করব, সরকারি উদ্যোগে কিম্বা যৌথ উদ্যোগে যে ইনফ্রাস্ট্রাকচার তৈরির চেষ্টা করছেন বিভিন্ন জায়গায়, সেইসব জায়গায় আগে জলের ব্যবস্থা করা দরকার, রাস্তাঘাটের ব্যবস্থা করা দরকার এবং সর্বোপরি বিদ্যুৎ ব্যবস্থাকে সচল করতে হবে। বিদ্যুৎ-এর অবস্থা ক্রমশ অচল অবস্থার দিকে যাচ্ছে এবং এতে করে উৎপাদন ব্যাহত হচ্ছে। শিল্প বিকাশের যে গতি সেই গতিকে হ্রাস

করে দিচ্ছে। যদি অনগ্রসর এলাকায় কোন শিল্পপতিকে শিল্প তৈরি করার জন্য ডাকা হয় তাহলে প্রথমেই সে দেখবে বিদ্যুতের কি অবস্থা, রাস্তাঘাটের কি অবস্থা, এগুলি সে নিশ্চয়ই দেখবে। বিদ্যুৎ এবং যোগাযোগের অভাব যদি দেখা দেয় তাহলে কোন শিল্পপতিই এগিয়ে আসবে না। একদিনেই দুর্গাপুর, রাউরকেল্লা এবং ভিলাই তৈরি হয়নি। আস্তে আস্তে শিশু চারাগাছকে লালনপালন করতে হয়। সেই চারাগাছকে ঠিকমতো জলের যোগান দিতে হবে, রক্ষণাবেক্ষণ করতে হবে। শিশু অবস্থায় যদি চাপ সৃষ্টি করা যায়, যদি তার উপর আঘাত হানা হয় অর্থাৎ আমি বলতে চাইছি ট্রেড ইউনিয়ন আন্দোলনের ঝামেলা যদি বৃদ্ধি পায় তাহলে অশান্ত পরিবেশ সৃষ্টি হবে এবং এক্ষেত্রে শিল্পের উন্নতি হবে না। সুতরাং বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে চিন্তাভাবনা করতে হবে। আজকে শিল্পের গতি ক্রমশ হ্রাস পাচ্ছে। সে সরকারি সেক্টরেই বলুন আর বেসরকারি সেক্টরেই বলুন, শিল্পের গতি হ্রাস পাচ্ছে, অশান্তি বৃদ্ধি পাচ্ছে। এইসব অশান্তি কমাতে হবে। অনুন্নত এলাকার উন্নতিকল্পে, আদিবাসী এলাকার উন্নতিকল্পে শিল্প সম্প্রসারণের দিকে দৃষ্টি দিতে হবে। গৌরীপুর ইণ্ডাস্ট্রি খৈতান নিলেন কিন্তু কেন গেলেন না সে ব্যাপারে তদন্ত করা দরকার আছে।

[2-10–2-20 P. M.]

এইগুলিকে তদন্ত করে সেখানে প্রকৃতভাবে ঐ উলফ্রামকে বাঁচাবার জন্য রাজ্য সরকার চেষ্টা ও উদ্যোগ গ্রহণ করুন এবং কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হোক। এ ব্যাপারে আমাদের তরফ থেকে কোন রকম আপত্তি থাকবে না। আমি সম্মতি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নীরোদ রায়চৌধুরী :** * * * * * *

**মিঃ স্পিকার :** এটা রেকর্ড হবে না। সব সময় ছেলেমানুষী চলে?

**শ্রী গুণধর চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী উপেন কিস্কু মহাশয় বাঁকুড়ার ছেঁদাপাথরে যে উলফ্রাম খনি আছে সেটা যাতে কেন্দ্রীয় সরকার কর্তৃক পরিচালিত হয় তার জন্য যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি। এই সমর্থন করতে গিয়ে আমি দু-একটি কথা বলছি। ইতিমধ্যে বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় বলেছেন যে আপত্তি নেই, প্রস্তাবটি ভাল। কিন্তু প্রস্তাব সমর্থন করতে গিয়ে উনি যত শিল্প, যত রাস্তাঘাট, যত কিছু আছে সব এনে উপস্থিত করেছেন। যাইহোক উনি বলেছেন যে আপত্তি নেই, আনন্দের কথা এতে যদি আপত্তি থাকে তাহলে বুঝতে হবে ওঁদের দেশের প্রতি বা জনসাধারণের প্রতি দরদ নেই। যাই হোক, এই ছেঁদাপাথরে মূল্যবান খনি আছে, এই পাহাড়ী আদিবাসী এলাকায় বহু মূল্যবান সম্পদ আছে যে, উলফ্রাম ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজস্থানে আছে আর বাঁকুড়ার এই ছেঁদাপাথরে পাওয়া যাচ্ছে পাহাড়ের নিচে। ইংরাজ আমলে ওখানে তামা, অভ্র পাওয়া যেত, এগুলি বন্ধ হয়ে গিয়েছিল। ওখানে একটা গ্রামের নামই আছে তামাখুন। সেগুলি এখনও যদি অনুসন্ধান করা যায় তাহলে মাটির নিচে থেকে এখন কিছু কিছু পাওয়া যাবে। কেন্দ্রীয় সরকার অনুসন্ধান করছেন না। ইংরাজ আমলের পর গৌরীপুর ইন্ডাস্ট্রিজ অ্যান্ড কোম্পানী লিমিটেড ওটা পরিচালনা করে উৎপাদন

** Note Expanged as ordered by the Chair.

করে বিদেশে চালান দিত। তারপর কোম্পানী ক্ষমতা প্রয়োগ করে ওটা বন্ধ করার চেষ্টা করলে সেই আপত্তিতে সেখানে ইউনিয়ন তৈরি হয়। আদিবাসী গরিব কৃষকেরা স্ত্রী, পুরুষ নির্বিশেষে প্রায় ৫০০রও বেশি মানুষ তাদের হাড়ভাঙ্গা পরিশ্রম করে এই পাথর ভেঙ্গে তার ভিতর থেকে অমূল্য সম্পদ বার করত। তারপর খৈতান কোম্পানী ওটা পরিচালনা করতে শুরু করেন। তাঁরা কয়েকবছর চালাবার পরে মাঝখানে বন্ধ করে দেন। শ্রমিকরা সরকারের সঙ্গে কথা বলে কেন্দ্রীয় সরকারের কাছে ডেপুটেশন দেন। তখন বেসরকারি ভাবে এদের সঙ্গে আলোচনা করা হয়। তখন এই খৈতান অ্যান্ড ব্রাদার্স আবার ওটা চালু করেন। এখন আবার ওটা মধ্যে বন্ধ করে দেন। শ্রমিকদের অনাহারে রেখে দেওয়ার চেষ্টা করেন। পরবর্তীকালে সেটা প্রায় তিন বছর বন্ধ শ্রমিকরা বেতন পান না। তাদের অবস্থা অত্যন্ত খারাপ, ওখানে চাষ বাসের জমি কম, পাহাড়ী এলাকা, আদিবাসী, গরিব কৃষক, ক্ষেতমজুর যে সমস্ত মানুষ ওখানে কাজ করতেন তাঁরা বেকার জীবন যাপন করছেন। এই যে অমূল্য সম্পদ বিদেশি মুদ্রা আয় করে সেটা ভারত সরকার পরিচালন ভার নিয়ে চালনার ব্যবস্থা করুক। বার বার সিটু শ্রমিকদের ইউনিয়ন ছেঁদাপাথর উলফ্রাম শিল্পের ব্যাপার নিয়ে দিল্লিতে শিল্প বাণিজ্য মন্ত্রীর কাছে ডেপুটেশন দিয়েছিলেন। তাঁরা বলেছিলেন আমরা দেখছি, তাঁরা গ্রাহ্য করেন নি। সেজন্য আজকে এই যে প্রস্তাব আনা হয়েছে আমি আশা করব যে রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হোক। কেন্দ্রীয় সরকার যাতে অবলম্বে খনিটি চালু করার ব্যবস্থা করেন, নিজে পরিচালন ভার নিয়ে এই খনি শিল্প যাতে পরিচালিত হয় ওখানে শ্রমিকদের জীবন ধারণের সুযোগ সুবিধা হয় সেদিকে যাতে ব্যবস্থা করেন এই অনুরোধ জানিয়ে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি শ্রী উপেন কিস্কু মহাশয়কে এই প্রস্তাব আনার জন্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। কিছুক্ষণ আগে আমাদের বিরোধী দলের সদস্য শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় এই প্রস্তাবে আপত্তি নেই বলেছেন, কিন্তু সম্পূর্ণ সমর্থন আছে—এটা বলেন নি। যদি সমর্থনও করে থাকেন, তবু বলব যে, এ পর্যন্ত কংগ্রেসই এই রাজ্যে ক্ষমতায় ছিলেন, কিন্তু বিগত ৩৭ বছর ধরে বাঁকুড়া জেলার শিল্পে অনগ্রসরতার বিরুদ্ধে তাঁরা কোনো ব্যবস্থা গ্রহণ করেন নি। কেন্দ্রের কংগ্রেসি সরকারের তরফ থেকেও বাঁকুড়া জেলার উন্নতির জন্য আজ পর্যন্ত কেনো রকম কাজ করা হয়নি। কিন্তু আমরা ঐ জেলার উন্নতির জন্য বার বার বলেছি যে, আদ্রা খড়গপুর রেল লাইন বিদ্যুতায়ন করুন, মেজিয়া-বর্ধমান রেল লাইন চালু করুন। কোলিয়ারি ভিত্তিক শিল্প সেখানে গড়ে তোলার জন্যও নানা প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে আমরা দিয়েছি। বাঁকুড়া জেলা অনগ্রসর, খরাক্লিষ্ট, অনুন্নত গরিব জেলা। এই রকম একটি জেলাকে সাহায্যের উদ্দেশ্যে সেখানে শিল্প গড়ে তোলার জন্য কেন্দ্রকে এগিয়ে আসতে বলেছি। কিন্তু দুঃখের বিষয়, পরিতাপের বিষয়, কংগ্রেস দীর্ঘদিন ধরে রাজত্ব করা সত্ত্বেও সেখানে কিছুই করেন নি। আজকে মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র, যেটা ৬৩০ মেগাওয়াটের হবার কথা হয়েছে, সেটাও ষষ্ঠ পরিকল্পনায় না এসে সপ্তম নোট ছাপাবার কারখানার কথা যা বলা হয়েছে—সেটা চালু হবে কি হবে না জানি না, তবে এর আগে দেখেছি যে, বলা হয়েছে হাওড়া থেকে তমলুক হয়ে দীঘা পর্যন্ত রেল লাইন চালু করা হবে, কিন্তু বাস্তবে তা আজও রূপদান করেনি। খবরের কাগজে বের হয় যে, কেন্দ্রীয় সরকার এই কাজ করছেন, ঐ কাজ করছেন, কিন্তু বাস্তবে দেখতে পাচ্ছি, এই পশ্চিমবাংলায়

অনেক কাজ কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতি মতো হয়নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী উপেন কিস্কু মহাশয়ের প্রস্তাবে বাঁকুড়ার উলফ্রাম খনির কথা যা বলা হয়েছে, ভারবর্ষের মধ্যে একমাত্র রাজস্থান প্রদেশে এই মহামূল্য খনিজ সম্পদ খানিকটা দেখতে পাওয়া যায়। এই দুর্মূল্য সম্পদের একটি খনি কি করে ব্যক্তিগত মালিকানায় এই দুর্মূল্য সম্পদ তুলে দিলেন? আগে দেখেছি, কংগ্রেস, আমলে বাঁকুড়া জেলার বিরোধী দলের সদস্যরা এবং ট্রেজারি বেঞ্চের কাশী বাবু স্বয়ং অনেকবার এই উলফ্রাম নিয়ে হাউসে মেনশন তুলেছেন। কিন্তু কেন্দ্রীয় সরকার তাতে কর্ণপাত করেন নি। কারণ ওঁদের বলার মধ্যে দ্বিধাগ্রস্ততা ছিল, বলার মধ্যে প্রাণ ছিল না। ওঁরা বিষয়টি নিয়ে কেন্দ্রকে জোর করতে পারেন নি, কারণ ওঁরা মেরুদণ্ডহীন, প্রতিবাদ করবার কোন উপায় ওঁদের ছিল না। এবং সেইজন্যই ওঁরা কেন্দ্রের কাছ থেকে কিছু আদায় করতে পারেন নি।

[2-20–2-30 P. M.]

তাই আমি আজকে বলতে চাই অবিলম্বে কেন্দ্রীয় সরকার যেন এটা গ্রহণ করেন। গরিব মানুষ না খেতে পাওয়া মানুষ, আদিবাসী এবং পার্বত্য অঞ্চলের মানুষের উন্নয়নের জন্য এই উলফ্রাম উন্নয়ন করার জন্য বলা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য উপেন্দ্র কিস্কু মহাশয়কে আর একবার ধন্যবাদ জানিয়ে, এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় সদস্য উপেন্দ্র কিস্কু মহাশয় বাঁকুড়া জেলার রাণীবাঁধে যে উলফ্রাম খনি আছে সেটাকে সরকারি উদ্যোগে পুনরায় চালু করার জন্য যে প্রস্তাব এনেছেন আমি তাঁকে সমর্থন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি নিজে এই এলাকা পরিদর্শন করতে গিয়েছিলাম। বিশেষ করে এই খনিতে কি ভাবে কাজ কর্ম চলছে সেটা সরেজমিনে দেখাই ছিল আমার উদ্দেশ্য। সেখানে গিয়ে আমি কয়েক ঘন্টা ছিলাম। এই খনির প্রান্তে দাঁড়িয়ে আমি বেশ কিছুক্ষন ধরে খনির শ্রমিকরা কি ভাবে কাজ করছে, তাদের মজুরি কত এই সমস্ত নিয়ে আলোচনা করেছি। দেখলাম বাঁকুড়া জেলায় প্রচণ্ড গ্রীষ্মের রোদে মাথার ঘাম পায়ে ফেলে সেই খনির শ্রমিক কর্মচারি এই খনি এলাকা থেকে পাথর কাটছে। সেই পাথর ভেঙ্গে তার ভেতর থেকে কালো কয়লার মতন টুকরো টুকরো পদার্থ বের করছে। এইগুলি উলফ্রাম বা টাংস্টেন বলে পরিচিত। এবং আরো দেখলাম তারা কি ভাবে প্রসেস করছে। খবর নিয়ে জানলাম এর বাজার মূল্য নাকি অনেক, প্রতি কেজির দাম ২০০ টাকা কি আরো বেশি হবে। কিন্তু খনির শ্রমিকরা তাদের মজুরি নাম মাত্র পায় এবং সেখানে দেখলাম ৫০-৬০ জন মজুর কাজ করছে। এই রকম একটা সম্ভাবনাময় শিল্প, একটা খনিজ ভাণ্ডার মজুত আছে আমি জেলার মানুষ হয়েও আগে জানতাম না, পশ্চিমবাংলার অনেক লোকের কাছে এটা অন্ধকারে থেকে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বাঁকুড়া জেলা শিল্পের দিক থেকে অনেক পিছিয়ে আছে। শিল্পক্ষেত্রে সারা ভারতবর্ষের মধ্যে যে ক'টি জেলা পিছিয়ে আছে তার মধ্যে বাঁকুড়া অন্যতম। কোনো শিল্প আজ পর্যন্ত সেখানে গড়ে ওঠেনি, কিন্তু সেখানে সম্ভাবনা ছিল, এবং আজও আছে। সেটাকে কাজে লাগাবার কোন উদ্যোগ আজ পর্যন্ত নেওয়া হয়নি। একটা ব্যক্তিগত মালিকানায় এই খনির কাজ পরিচালিত হচ্ছিল সেটাও বন্ধ হয়ে গেল। সংগতভাবে এই

অঞ্চলের মানুষের কাছ থেকে সরকারের কাছে দাবি এসেছে যাতে করে এই খনির মধ্যে প্রভূত পরিমাণ যে মূল্যবান খনিজ পদার্থ আছে সেটার সদ্ব্যবহার হয়। এই টাংস্টেন খনিজ পদার্থ অন্য কোন জায়গায় পাওয়া যায় না। এই খনি যদি চালু করা যায় তাহলে অন্য কোন জায়গা থেকে এই খনিজ পদার্থ আমদানি করতে হবে না। এই খনিতে মেয়ে পুরুষ সব ধরনের শ্রমিক আছে। আমাদের দেশে এই রকম একটা খনিজ পদার্থ থাকা সত্ত্বেও অবহেলায় সেটা নষ্ট হয়ে যাচ্ছে। এই জিনিস আমাদের বিদেশ থেকে আনতে হচ্ছে। দেশের অভ্যন্তরে এই রকম একটা খনিজ পদার্থ থাকা সত্ত্বেও সেটা তুলে কাজে লাগানো হচ্ছে না, এটা থেকে আমরা বঞ্চিত হচ্ছি। এখানে প্রস্তাবটি এসেছে, সেটির সমস্ত দিক বিবেচনা করে যাতে এটি অধিগ্রহণ করে কাজকর্ম পুনরায় চালু করার ব্যবস্থা হয়, তারজন্য আমি এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মলকুমার বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী উপেন্দ্র কিস্কু যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি দু'একটা কথা বলতে চাই। আমাদের বাঁকুড়া জেলার আশেপাশে উলফ্রাম ধাতুটি ছড়িয়ে রয়েছে। এটি খুবই গুরুত্বপূর্ণ একটি ধাতু। প্রতিরক্ষা এবং অন্যান্য নানা কাজে এই ধাতুটি লাগে। বিভিন্ন খোঁজ খবর করে যে তথ্য আমরা পাই তাতে দেখা যায় যে, প্রায় ২,২৮১.৫০ একর এলাকা জুড়ে এই ধাতুটি ছড়িয়ে রয়েছে। ওখানে আকরিক ধাতু রয়েছে প্রায় ৪ লক্ষ টন। এই ধাতু বাছাই করে প্রায় ৪০০ মেট্রিক টন এই জিনিস আমাদের পাওয়ার সম্ভাবনা রয়েছে। এই অভিমত আমাদের নয়, বিশেষজ্ঞদের অভিমত। এই মূল্যবান ধাতুর জন্য ১৯৫৪ সালে 'গৌরীপুর ইন্ডাস্ট্রিজ'কে ২০ বছরের জন্য লিজ দেওয়া হয়েছিল। ১৯৭৪ সালে লিজের মেয়াদ শেষ হয়ে গেলে এটি কিছু দিনের জন্য বন্ধ ছিল। তারপর তাঁরা নতুন করে আবার কিছু দিনের জন্য চালিয়ে ছিলেন। এখন আবার বন্ধ হয়ে আছে। তাঁদের কাছে আমাদের এখনও অনেক টাকা পাওনা আছে। রয়্যালটি বাবদ আমাদের পাওনা আছে ১,১২,৯৬১ টাকা এবং খাজনা বাবদ পাওনা আছে ১,১২,৫৩২ টাকা। অর্থাৎ মোট ২,২৫,৪৯৩ টাকা আমাদের এখনও পাওনা আছে। তাঁদের হাত থেকে কিছু দিনের জন্য রায় চৌধুরীদের হাতে গিয়েছিল এবং বর্তমানে এটি জে. পি. খৈতানের হাতে হস্তান্তরিত হয়েছে। বর্তমানে এটি বন্ধ অবস্থাতেই আছে। এই এলাকার প্রায় ৩৫০ জনের মত তফসীল জাতি ও উপজাতি সম্প্রদায়ের মানুষ এখানে কাজ করতেন। এই অবস্থায় খনিটি বন্ধ অবস্থায় পড়ে থাকাটা খুবই দুর্ভাগ্যজনক। আমরা চাই খনিটি আবার চালু হোক এবং সেজন্য রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা চেষ্টা করছি। নতুন মালিক জে. পি. খৈতানের সঙ্গে কথাবার্তা চলছে। আমাদের দপ্তরে খনিজ আধিকারিক যিনি আছেন, ডাইরেক্টর অব মাইনস, তিনি আলোচনা চালাচ্ছেন। কথাবার্তা চলছে যে, কি ভাবে এটি চালু করা যায়। মালিকপক্ষকে তাঁরা একটি প্রস্ততাবও দিয়েছেন। উলফ্রাম এবং কোয়ার্টজ একটি মূল্যবান ধাতু। এই দুটি ধাতুর কাজ তাঁরা যদি একসঙ্গে করেন তাহলে তাঁরা লাভবান হবেন। তাঁরা চালাতে রাজি হয়েছেন। আমাদের পাওনা হিসাবে বলেছি টাকার অর্ধেক আমাদের দিতে হবে এবং বাকিটা হবে লিজের ভিত্তিতে। তাঁদের সঙ্গে টাকা পয়সা নিয়ে কথাবার্তা চলছে। আমাদের আশা আছে, তাঁরা এটি খুলবেন। কিন্তু তাঁরা না খুলতেও তো পারেন, সেই কারণে আজকে এখানে যে প্রস্তাব এসেছে—কেন্দ্রীয় সরকার, তোমরা এটি চালাও'—সেই

প্রস্তাবকে আমি সমর্থন করি। এই ধাতুকে মুখ্যত দুটি ভাগে ভাগ করা যায়, একটি মুখ্য এবং অপরটি গৌণ ধাতু—মেজর মিনারেল এবং মাইনর মিনারেল। উলফ্রাম, টাংস্টেন মাইনর মিনারেলস্ এর মধ্যে পড়ে না এবং এগুলি রাজ্য সরকারের অন্তর্ভুক্ত নয়। কিন্তু মেজর মিনারেলস্ এর মধ্যে যেগুলি পড়ে, সেগুলি কেন্দ্রীয় সরকারের এক্তিয়ার ভুক্ত। এগুলির ব্যাপারে লাইসেন্স দিতে গেলে আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করতে হয়। তাঁদের অনুমতি নিয়ে আমরা জমি দিতে পারি। জমি যেহেতু আমরা দিই, সেজন্য তা লিজ হিসাবে দিতে পারি। মাইনর মিনারেলস্গুলি রাজ্য সরকারের অন্তর্ভুক্ত। উলফ্রাম, টাংস্টেন প্রভৃতি ধাতুগুলি প্রতিরক্ষার কাজে লাগে এবং বিদেশেও যায়। এই রকম মূল্যবান জিনিস রাজস্থানেও আছে। সম্প্রতি কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে একটি সভা ডেকেছিলেন। সেখানে আমাদের রাজ্যের এবং রাজস্থানের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। তাঁরা এই ধাতুগুলি নিয়ে আলোচনা করেছেন। সুতরাং আমাদের এই বিধানসভা থেকে যদি এই প্রস্তাব সর্বান্তকরণে গ্রহণ করে পাঠাই যে, 'এই ধাতু তোমাদের দরকার, এটি তোমাদের কাজে লাগে, এটি তোমরা নিজেরা চালাও।' খুব সাধু প্রস্তাব। আমি এই প্রস্তাবকে সমর্থন করি। এই মূল্যবান খনিজ পদার্থ যদি উপযুক্ত ভাবে ব্যবহার করা যায়, তাহলে সাড়ে তিনশ শ্রমিক আবার তাঁদের কাজ ফিরে পাবেন। অনেক সদস্য এখানে যে কথা উল্লেখ করেছেন—বাঁকুড়া জেলা শিল্পে অনুন্নত একটি জেলা, এখানে এই ধাতুর কাজ হলে এই এলাকার উন্নয়ন সম্ভব হবে—সে কথা সর্বাংশেই সত্য। বাঁকুড়া জেলা পিছিয়ে পড়া একটি জেলা। ভারত সরকার পশ্চিমবঙ্গে যে চারটি জেলাকে শিল্পবিহিন জেলা—নো ইন্ডাস্ট্রি ডিস্ট্রিক্ট বলে চিহ্নিত করেছেন, তারমধ্যে বাঁকুড়া হচ্ছে একটি। বাঁকুড়া এবং পুরুলিয়া জেলাতে বিভিন্ন রকম খনিজ পদার্থ আছে; এর সদ্ব্যবহার করতে পারলে এখানে ব্যাপক উন্নয়নের সম্ভাবনা আছে। আমাদের রাজ্য সরকার, আমাদের দপ্তর এবং আধিকারিক সেই চেষ্টা করছেন। সম্প্রতি বিষ্ণুপুরের কাছে আমরা একটি শিল্পোন্নয়ন কেন্দ্র—ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার—গড়ে তোলার জন্য সিদ্ধান্ত নিয়েছি। সেজন্য ১৬০ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। ওয়েবকন এবং আই. ডি. বি. আই.—ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অব ইণ্ডিয়া এই ব্যাপারে এগিয়ে এসেছেন। ওয়েবকন কনসালটেন্সীর উদ্যোগে বাঁকুড়া জেলায় কি কি শিল্প গড়ে উঠতে পারে সে সম্বন্ধে একটি পুস্তক প্রকাশ করা হয়েছে নানা রকম খোঁজ খবর করে। তাই আমরা আশাকরি, এই পিছিয়ে পড়া শিল্প বিহীন বাঁকুড়া জেলা সত্যি সত্যিই একটি শিল্পোন্নত জেলা হিসাবে পরিচয় লাভ করবে। রাজ্য সরকার দুর্গাপুরের অতি নিকটবর্তী এত খনিজ পদার্থে সমৃদ্ধ যে জায়গাটির সুযোগ আছে শিল্পের এক ব্যাপক উন্নতি করার, তা নিয়ে একটি পরিকল্পনা তৈরি করছেন।

[2-30–2-40 P. M.]

শিল্পোন্নয়ন করার চেষ্টা করছি এবং আশা করি এই কাজে অধিকাংশই এগিয়ে আসবেন। এই আশা রেখে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী উপেন কিস্কু :** মাননীয় স্পিকার মহাশয়, আমি যে প্রস্তাবটি উত্থাপন করেছিলাম সেই প্রস্তাবটিকে বিরোধীপক্ষের সদস্যরা সমর্থন করেছেন তারজন্য তাঁদে ধন্যবাদ জানাচ্ছি। বাঁকুড়া জেলা অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া জেলা এবং শুধু এই জেলা আদিবাসী অধ্যুষিত এলাকা, পাহাড়, জঙ্গলে পরিপূর্ণ। এখানে ক্ষুদিরামের জন্মস্থান ছেঁদাপাথরে প্রচুর

উলফ্রাম পাওয়া যায়। বিশেষজ্ঞরা সমীক্ষা করে দেখেছেন এখানে কয়েক লক্ষ কিলোমিটার জুড়ে কয়েক হাজার টন উলফ্রামের স্টক এখান থেকে উত্তোলন করা যেতে পারে। ভারত সরকার ঘোষণা করেছেন যে বাঁকুড়া জেলা শিল্পবিহীন জেলা, অন্য কোন খনিজ পদার্থ এখান থেকে উত্তোলন করা যায় না। এই অধ্যুষিত এলাকায় এইরকম একটা খনিজ পদার্থ পাওয়া যায় অত্যন্ত ভাগ্যের কথা। কারণ এটি অত্যন্ত মূল্যবান খনিজ পদার্থ। রাজস্থানেও এই খনিজ পদার্থ পাওয়া যায় কিন্তু তার মান অত্যন্ত নিম্ন। বাঁকুড়ায় এই উলফ্রাম উন্নতমানের খনিজ পদার্থ, এখানে এতো স্টক আছে যে রাজস্থানে সেই তুলনায় নেই। এই খনিজ পদার্থটি প্রতিরক্ষার প্রয়োজনে অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুতরাং এতো সম্ভাবনা থাকা সত্ত্বেও, প্রতিরক্ষার প্রয়োজনে অত্যন্ত গুরুত্বপূর্ণ হওয়া সত্ত্বেও এবং এর থেকে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন হবে একথা জেনেও ভারত সরকার কেন যে এই গুরুত্বপূর্ণ পদার্থটিকে বেসরকারি মালিকানায় ছেড়ে দিয়ে বসে আছেন তা বুঝতে পারছি না। প্রতিরক্ষার খাতিরেই ভারত সরকারের তত্ত্বাবধানে উত্তোলনের প্রয়োজন ছিল। কিন্তু তা কেন যে করছেন না তার কারণ আমরা খুঁজে পাচ্ছি না। ভারত সরকারকে আজ পর্যন্ত বহু আবেদন-নিবেদন করা সত্ত্বেও উত্তোলনের কোন ব্যবস্থা করেন নি। ওখানকার শ্রমিকরা এরজন্য বারে বারে লড়াই, আন্দোলন করেছে। কেন্দ্রের শিল্পবাণিজ্য মন্ত্রীর কাছে এই ব্যাপারে ডেপুটেশন পর্যন্ত দিয়েছেন। বাঁকুড়ার লোকেরা এই ব্যাপারে ৫০ মাইল পদযাত্রা করেছেন। অবস্থান করেছেন। লড়াই ডেপুটেশন এবং আন্দোলনের মাধ্যমে এখানকার শ্রমিকরা সরকারের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছেন। মালিকরা দীর্ঘদিন ধরে এদের বঞ্চিত, করে রেখেছে তবে শ্রমিকরা অনেকদিন লড়াই, আন্দোলন করে তাদের মজুরি বাড়াতে পেরেছে এবং বোনাসও কিছু আদায় করেছে। তবে শেষ রক্ষা করতে পারে নি, খৈতান ব্রাদার্স তাদের খনি বন্ধ করে দিয়ে পালিয়ে গেছেন। এই রকম অবস্থায় আজকে এটা স্বাবাবিকভাবেই সমস্ত দলের সদস্যরা সমর্থন করবে এই গুরুত্বপূর্ণ বিষয়টিকে তাতে কোন সন্দেহ নেই। নিরন্ন শ্রমিক আজকে গত ৩ বছর ধরে কর্মবিহীন অবস্থায় অর্ধাহার, অনাহারে দিন কাটাচ্ছে। তাদের বাঁচবার কোন পথ নেই। এই রকম অবস্থায় ভারত সরকার এটা গ্রহণ করে যদি কোষাগার থেকে অর্থ সাহায্য করেন তাহলে এই শ্রমিকরা খানিকটা বেঁচে যাবেন। সুতরাং এই সমস্ত দিক থেকে বিচার করে এই প্রস্তাব যেটা এখানে উত্থাপন করলাম আশা করব সর্বসম্মতিক্রমে কেন্দ্রীয় সরকার এটা গ্রহণ করে নেবেন। দীর্ঘদিনকার এই ছোঁদাপাথর প্রায় জরাজীর্ণ অবস্থায় পড়ে আছে। রাজ্য সরকার এখানে কিছু কিছু কাজ করেছিলেন। তারপর থেকে আর কিছু হয়নি। বাঁকুড়া এবং মেদিনীপুরের সংকীর্ণ পথ দীর্ঘ ২৫-৩০ মাইল জঙ্গল পরিপূর্ণ এলাকা, যোগাযোগের খুব অভাব। যাতায়াত করা যায় না। এখানে খুব কম বাস চলে এর ফলে ওখানকার মানুষদের অসন্তোষের ক্ষোভ দানা বেঁধে আছে। এখানে বিচ্ছিন্নতাবাদের কাজকর্মও চলে। মাইলের পর মাইল রাস্তার কোন উন্নতি হয়নি, এগুলোর দিকে নজর দেওয়ার প্রয়োজন আছে। এই এলাকায় যোগাযোগ ব্যবস্থা অবিলম্বে করা দরকার। এখানে ব্রিটিশ আমলে তামা উত্তোলন করা হত। এই তামা উত্তোলন করে এখান থেকে প্রচুর টাকা তারা নিয়ে গিয়েছে এবং প্রচুর উন্নতিও করেছে। এখানে যে সমস্ত পাথরগুলি পাওয়া যায় সেইগুলি খুব মূল্যবান পাথর। সেই পাথর বিক্রি করে এখানকার মানুষ জীবিকার্জন করছে। সুতরাং এখানে এই বিষয়ে একটা কমপ্লেক্স গড়ে তোলার সম্ভাবনা আছে এবং মানুষকে কাজ দেওয়া যায়। তাই আমি আশা করব এই সভা সর্ব্বসম্মতিক্রমে

এই প্রস্তাব গ্রহণ করবে এবং আশা করব কেন্দ্রীয় সরকার এর পরিচালনাভার গ্রহণ করবেন। যেহেতু দেশের অর্থনীতির পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ খনিজ সম্পদ উলফ্রাম বাঁকুড়া জেলার ছেঁদাপাথরে মজুত আছে ;

The motion of Shri Upen Kisku that

যেহেতু লিজ ব্যবস্থার মাধ্যমে সরকার খনিটি চালাতে ব্যর্থ হয়েছেন এবং একাধিক ব্যক্তি খনিটি লিজ নিয়ে শ্রমিকদের ন্যায্য পাওনা না দিয়ে খনিটিকে প্রায় তিন বছর যাবত বন্ধ করে রেখেছে ;

যেহেতু প্রায় পাঁচ শতাধিক তফসিলি আদিবাসী সম্প্রদায়ভুক্ত শ্রমিক এর ফলে জীবিকা থেকে বঞ্চিত হচ্ছেন ;

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব করছে যে, শিল্পে অনগ্রসর বাঁকুড়া জেলার অর্থনৈতিক উন্নতির স্বার্থে উক্ত খনিটি অবিলম্বে সরকারি মালিকানায় পরিচালিত হোক।

was then put and agreed to.

**Mr. Speaker :** Now I call Shri Hemanta Kumar Roy to move his motion.

**শ্রী হেমন্ত রায় ঃ** মিঃ স্পিকার স্যার আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের উপর এই প্রস্তাব এনেছি। আমি প্রথমে এই প্রস্তাবটি পড়ে দিচ্ছি এবং পরবর্তীকালে কিছু বলবার প্রয়োজন হলে বলব।

যেহেতু বর্ধমান জেলার অন্তর্গত সমগ্র আসানসোল মহকুমার অর্ধেক অংশে কয়লাখনি অঞ্চলের প্রায় ২০ লক্ষাধিক মানুষের বসতি এবং তাঁদের সম্পত্তি ও জীবিকা অভূতপূর্ব বিপদের সম্মুখীন হয়েছে ;

যেহেতু উক্ত এলাকায় কয়লাখনি মালিকদের দ্বিশতাধিক বছর যাবত অবৈজ্ঞানিক ও বে-আইনিভাবে কয়লা উত্তোলনের ফলে সমগ্র উপরিতল ভূমি ধ্বসের সম্মুখীন ;

যেহেতু কয়লাখনি রাষ্ট্রীয়করণের আগে কয়লাখনির মালিকরা নিজেদের মুনাফার স্বার্থে স্লটার মাইনিং চালিয়েছে এবং জাতীয়করণের পরেও সি. আই. এল.-এর কর্তৃপক্ষ এই পদ্ধতিতে কয়লা উত্তোলন করছে যার ফলে একদিকে যেমন উপরিতল ভূমি বিপজ্জনক অবস্থায় উপনীত হয়েছে অপরদিকে কয়েক লক্ষ টন কয়লা উত্তোলন না হওয়ায় দেশ কোটি কোটি টাকার অমূল্য সম্পদ থেকে বঞ্চিত হচ্ছে ;

যেহেতু বর্তমানে খনিগর্ভে বালি ভর্তির (স্ট্যান্ড স্টেইং) ব্যাপারে গাফিলতি দেখা যাচ্ছে ;

যেহেতু বর্তমানে খোলামুখ খনি (ওপেন কাস্ট) চালুর ফলে কয়েক হাজার একর জমি বিনষ্ট হয়েছে যার ৩৭টির অধিক মৌজা বিপজ্জনক বলে ঘোষিত;

যেহেতু ভূগর্ভে জলতল নেমে যাওয়ায় জল কষ্ট চরমে উঠেছে এবং হাজার হাজার একর জমি নষ্ট হয়ে যাওয়ায় কৃষক ও ক্ষেতমজুর বেকার হয়ে পড়েছে ;

যেহেতু উপরোক্ত কয়লাখনিগুলি কেন্দ্রীয় সরকারের সি. আই. এল. সংস্থার অধীন ;

সেহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে—

(১) ক্ষতিগ্রস্তদের অবিলম্বে ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করা হোক ;

(২) বিপজ্জনক বলে ঘোষিত এলাকার মানুষদের পুনর্বাসনের এবং বিকল্প জীবিকার ব্যবস্থা করা হোক;

(৩) উক্ত এলাকায় পানীয় জলের ব্যবস্থা করা হোক ;

(৪) বিপজ্জনক এলাকায় ধ্বস প্রতিরোধের ব্যবস্থা করা হোক ; এবং

(৫) এলাকার উন্নয়নের স্বার্থে কয়লাভিত্তিক শিল্প স্থাপন করা হোক।

এই প্রস্তাব আমি আপনাদের কাছে রাখছি। আশা করব মাননীয় সদস্যরা এতে সকলেই একমত হবেন। কারণ এটা একটা জাতীয় সমস্যা। কারণ সেখানকার মানুষ আজ বিপন্ন, এবং তার সঙ্গে সঙ্গে কয়লাশিল্পও আজ বিপন্ন। এই প্রস্তাব বিবেচনার জন্য আমি আবেদন রাখছি।

**Mr. Speaker :** There is one amendment to this motion by Shri Lakhan Bagdi. The amendment is in order. Shri Lakhan Bagdi is now to move his amendment.

**Shri Lakhan Bagdi :** Sir, I beg to move that in Para 1, line 1, for the words "মহকুমার অর্ধেক অংশে" the words "মহকুমা এবং দুর্গাপুর মহকুমার অর্ধেক অংশে এবং বাঁকুড়া, বীরভূম ও পুরুলিয়া জেলার কিছু অংশে" be substituted.

[2-40—2-50 P.M.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার, স্যার, মাননীয় বিধায়ক শ্রী হেমন্ত রায় যে প্রস্তাব এনেছেন তা পূর্ণ সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। এই সমস্যা শুধু পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় যে সম্পদ যে ব্ল্যাক ডায়মন্ড এবং যার জন্য পশ্চিমবঙ্গ আজও অনেকটা এগিয়ে আছে সেই সম্পদ যেভাবে নষ্ট হতে চলেছে সেটা আমাদের পর্যালোচনা করার দরকার আছে। এই সম্পদকে বাঁচাতে গেলে শুধু কেন্দ্রীয় সরকারের একক প্রচেষ্টায় হবে না, দায়িত্ব রাজ্য সরকারেরও আছে আমরা নিশ্চয়ই জানি তিনি একজায়গায় বলেছেন আন সায়েন্টিফিক ওয়েতে কয়লা তোলা হচ্ছে, তাতে একধারে কয়লার অপচয় হচ্ছে, আর একধারে এমনভাবে নেওয়া হচ্ছে যাতে করে সেই কয়লা মানুষের কাজে লাগছে না, মাটিতে পড়ে থাকছে। এই আনসায়েন্টিফিক ওয়েতে কয়লা বিগত ২শো বছর ধরে তোলা হচ্ছে। কিন্তু আমরা জানি ধানবাদ স্কুল অব মাইনস এর প্রশিক্ষণের মাধ্যমে অনেক কোলিয়ারী ম্যানেজার, সুপারভাইজারস তৈরি করার জন্য এটা তৈরি হয়েছিল। তারপর বহুকাল ধরে

সেখানে শুধু পশ্চিমবঙ্গের টেকনিসিয়ানরা যে শিক্ষিত হয়েছে তা নয়, সমস্ত ভারতবর্ষ, এমনকি বাইরের দেশ জাপান থেকে এসে এখানে ট্রেনিং নিয়ে কোলিয়ারী টেকনিক শিখে গেছে। আমাদের দেশে যারা টেকনিশিয়ানস আছে তারা যথেষ্ট প্রতিভাবান, এই ব্যাপারে তাঁরা জানেন, তাঁরা এই রকম বিভিন্ন কারিগরী বিদ্যায় বিভিন্ন কোলাবোরেশনের মাধ্যমে আরো বেশি উন্নত হয়েছেন, কাজেই কেন তাঁরা পারছেন না সেটা দেখা দরকার। আমরা লক্ষ্য করে দেখছি সেখানে ম্যানেজমেন্ট এবং লেবারদের মধ্যে এমন একটা সমঝোতা গড়ে তোলা যাতে করে সেখানে প্রোডাকশন ঠিকমতো হতে পারে। ম্যানেজমেন্টের দিকে যে কোরাপশন নেই তা নয়, পরিচালন ব্যবস্থায় করাপশন রয়েছে, সেগুলি আমাদের সরকারের কাছে তুলে ধরা দরকার। সেখানকার মানুষের নিরাপত্তা নেই, সেখানে মাফিয়া টাইপের একদল ট্রেড ইউনিয়নিস্ট হয়েছে সে আই এন টি ইউ সি হোক, সিটু হোক তারা এককভাবে এমন সন্ত্রাসের রাজত্ব চালিয়ে যাচ্ছে যে যারা সাধারণ কর্মী তারা সেখানে কাজ করতে চাইলেও কাজ করতে পারছে না।

সেখানে এক শ্রেণীর কনট্রাক্টর আছে ওরা বলেছেন, যে জায়গাটা খোঁড়া হয় সেখানটা বালি দিয়ে ভর্তি করে দিতে হয়, তা না হলে ধ্বস নামার সুযোগ থাকে। এটা ঠিক, বহু টাকা ব্যয় করে বালি আনা হচ্ছে এবং সেই ব্যবস্থাও আছে, টাকাও খরচ হচ্ছে। কিন্তু এক শ্রেণীর কর্মচারি দুর্নীতির জন্য সেখানে ঠিকভাবে বালি দেওয়া হচ্ছে না। ম্যানেজমেন্টকে সেখানের কোন কাজ করতে দেওয়া হচ্ছে না। এই সব মানুষের জন্য ম্যানেজমেন্ট কাজ করতে পারছে না। আপনারা নিশ্চয় খবরের কাগজের মাধ্যমে দেখেছেন বহু জায়গায় সৎ কোলিয়ারি ম্যানেজার বা ডিপার্টমেন্টাল ইন-চার্জকে এই মাফিয়াদের কথা না শোনার জন্য চলে যেতে হয়েছে। বহু কোলিয়ারি ম্যানেজারের ক্ষেত্রে এই সব ঘটনা ঘটেছে সেটা আমরা সকলেই জানি। এর জন্য বহু জায়গায় কোলিয়ারি ম্যানেজার মার্ডারও হয়েছে। এইসব সৎ মানুষদের কাজ করার সুযোগ দিতে হবে। ওপেন কাস্ট মাইনের কথা বলেছেন। ওপেন কাস্ট মাইন আনসায়েন্টিফিক নয়। বর্তমানে যে সমস্ত ইললিগ্যাল ওপেন কাস্ট মাইন করা হচ্ছে সেগুলিকে বন্ধ করতে হবে। সেখানে কোন লাইসেন্স নেই। ওপেন কাস্ট মাইন থেকে কয়লা তুলছে এবং সেই কয়লা সেখান থেকে নিয়ে চলে যাচ্ছে বহু ইললিগ্যাল কোক ওভেন নিয়ে নিচ্ছে। সেখানকার আবহাওয়া পলিউটেড হচ্ছে এবং কোক ওভেনের জন্য বায়ু বিষাক্ত হয়ে মানুষের স্বাস্থ্য হানি ঘটছে। পলিউশন বেড়ে চলেছে। কোক ওভেনে যে কয়লা দেওয়া হচ্ছে সায়েন্টিফিক ওয়েতে না করার জন্য কয়লা থেকে উৎপাদিত বহু সম্পদ, গ্যাস নষ্ট হয়ে যাচ্ছে। গ্যাস তো পাওয়া যাচ্ছে না, উপরন্তু কয়লার যেটুকু থাকা উচিত তাও পুড়ে ছাই হয়ে যাচ্ছে, প্রাপ্য কয়লা পাওয়া যাচ্ছে না। সরকারের এক্তিয়ারে যেটুকু আছে সেটাকে অন্তত বন্ধ করা উচিত। আমাদের সরকার সেখানকার ল অ্যান্ড অর্ডার সিচুয়েশন ফেরাতে পারেন, চুরি বন্ধ করতে পারেন, এটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার নয়। সাধারণ পুলিশ দিয়ে এই বন্দোবস্ত সরকার করতে পারেন। পুলিশের এক অংশ সেখানে এমন রাজত্ব চালাচ্ছে, যে কোন সাধারণ মানুষ যারা কাজ কর্ম করতে চায়, সৎ ভাবে কাজ করতে চায়, অ্যাডমিনিস্ট্রেশনের যারা সৎভাবে কাজ করতে চায়, তারা কাজ করতে পারছে না। এটা সরকারকে দেখতে হবে। তবে এটা ঠিক যে আনসায়েন্টিফিক ওয়েতে চলছে বলে সেখানে ধ্বস নামছে। আমরা সেই

সব জায়গায় গিয়ে দেখে এসেছি। সেখানকার মানুষ যাতে প্রপার কমপেনসেশন পায় সেটা দেখতে হবে। এই কমপেনসেশন পেতে গেলে রাজ্য সরকারের রেকমেন্ডেশন দরকার হয়। ন্যায্য ভাবে যাতে মানুষ কমপেনসেশন পায় সেই ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে রাজ্য সরকারের যোগাযোগ রেখে চলা দরকার। এছাড়াও আরও বহু সমস্যা আছে। তার মধ্যে পানীয় জলের সমস্যা একটা বড় সমস্যা। এই সমস্যাকে সাপোর্ট করা দরকার। আরো অনেক কিছু বলতে পারতাম, সময় নেই। মাননীয় সদস্য হেমন্তবাবু যে প্রস্তাব দিয়েছেন তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিজয় পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে প্রস্তাব উত্থাপিত হয়েছে সেই প্রস্তাবকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন জানাতে গিয়ে আমি এই প্রশ্ন করছি যে, এই প্রস্তাবের গুরুত্ব কত দূর সেই সম্পর্কে আমরা অনুধাবন করতে পেরেছি কি না জানি না। আমার মনে হয় এই প্রস্তাব খালি খনি অঞ্চলের প্রস্তাব নয়, এটা একটা জাতীয় সমস্যা। ভারতবর্ষের শিল্পায়নের কথা বলতে গেলে এটাই বলতে হয় যে, কয়লা খনির সমস্যা তার মধ্যে জড়িত রয়েছে। আপনারা জানেন জার্মানীর রুর‍্যাল অঞ্চল বা আলসান লরেন অঞ্চলের কয়লা খনির সঙ্গে সংশ্লিষ্ট বেসিক ইন্ডাস্ট্রির ভিত্তিতে জার্মান গড়ে উঠেছে। তাই জার্মানী ইন্ডাস্ট্রিয়ালাইজড কান্ট্রি হিসাবে পৃথিবী খ্যাত হয়।

[2-50–3-00 P. M.]

এরকম একটা গুরুত্বপূর্ণ এলাকা সেটা হচ্ছে রুর অঞ্চল। পন্ডিত নেহেরু একসময় এই আসানসোল এবং দুর্গাপুরকে ফিউচার রুর অব ইন্ডিয়া বলে অভিহিত করেছিলেন। কিন্তু দুঃখের কথা, তাঁর উত্তরসুরীরা যাঁরা এখানে বসে আছেন বা পরবর্তীকালে কংগ্রেসের নেতৃত্ব দিচ্ছেন বা দিয়েছেন তাঁরা এ সম্পর্কে বা ঐ এলাকা সম্পর্কে নজর দেন নি। সেইজন্য আমি একথা বলতে চাই যে, এর গুরুত্ব অপরিসীম সেকথা আমাদের সকলকেই বুঝতে হবে এবং তা বুঝে আমাদের এই প্রস্তাবকে কার্যকর করতে হবে। স্যার, এই শিল্পাঞ্চল যখন শুরু হয় তখন সমস্ত জোত জমি নিয়ে নেওয়া হয় এবং তার ফলে একটা স্লটারিং মাইন্ডে অর্থাৎ যেখানে খুশি কয়লা উত্তোলনের ফলে এবং সেখানে স্যান্ড স্টোয়িং না হবার ফলে নানান সমস্যা দেখা দেয়—ধ্বস নামে, চাষাবাদ নষ্ট হয়ে যায়, পুকুর, কুয়ো ইত্যাদিতে জল থাকে না—এইসব ব্যাপার দেখা দেয়। স্যার, সারা ভারতের শিল্পের উন্নয়নের জন্য কয়লা যোগাতে গিয়ে ঐ এলাকার মানুষ, কৃষকরা সর্বহারা হয়েছেন। তাদের জোত জমি চলে গিয়েছে, তাদের জীবন জীবিকা নষ্ট হয়ে গিয়েছে। এর সঙ্গে সঙ্গে স্যার, গোদের উপর বিষফোঁড়ার মতন নতুন আর একটা সমস্যার সৃষ্টি হয়েছে। ঐ বিধ্বস্ত এলাকাটি দেখলে মনে হবে যেন যুদ্ধ হয়ে গিয়েছে। সেখানে সব উল্টোপাল্টা হয়ে গিয়েছে। তার উপর স্যার, সেখানে ও. সি. প্রোজেক্টের নামে কিছু ওপেন কাস্ট মাইনস শুরু হচ্ছে। কয়েকটি গ্রামে নোটিশ দেওয়া হয়েছে। সোনাপুরি বাজার, নাগরাকোদা, কুমারখালি প্রভৃতি গ্রামে উচ্ছেদের নোটিশ দেওয়া হয়েছে। স্যার, আমি জিজ্ঞাসা করতে চাই সেইসব গ্রামের হাজার হাজার মানুষ তারা আজ যাবেন কোথায়? কিছুদিন আগে ই. সি. এল-এর সি. এম. ডি., তার সঙ্গে এদের পুনর্বাসন নিয়ে কথা বলছিলাম এবং জিজ্ঞাসা করেছিলাম এদের পুনর্বাসন সম্বন্ধে কি করতে চান? আমি সেখানে কোন রকম পজিটিভ উত্তর পাই নি। তারা জমি চাচ্ছেন, বলছেন

আমাদের নতুন প্রোজেক্ট করতে হবে। তারা চিৎকার করছেন সরকার জমি দিচ্ছেন না বলে এবং সে সম্পর্কে অপপ্রচারও চালাচ্ছেন কিন্তু গ্রামের মানুষ তারা যাবে কোথায়? আমি বলতে চাই, ঐ এলাকায় জমি দেবার জন্য আমরা প্রস্তুত আছি কিন্তু আমরা জানতে চাই, যে কৃষকের জমি দেওয়া হবে তাদের কি ব্যবস্থা হবে? আমরা জানতে চাই, সেখানকার ক্ষেতমজুরদের চাকরি দেওয়া হবে কিনা? এই কারণেই আটকে আছে। স্যার, এই প্রসঙ্গে বলতে চাই, প্রায় বছর তিনেক আগে যাদের জমি জমা গিয়েছে তাদের চাকরি নিয়ে ই. সি. এল-এর সঙ্গে চুক্তি হয়েছিল। সেখানে চিফ মিনিস্টার ছিলেন, ই. সি. এল-এর প্রতিনিধি ছিলেন এবং সৌভাগ্যক্রমে আমিও ছিলাম। সেখানে যে চুক্তি হয়েছিল তা তারা প্রত্যাখান করেছেন, তা কার্যকর করেন নি। এই সবের পরেও তারা বলছেন, জমি পাওয়া যাচ্ছে না। জমি দেওয়া হচ্ছে না বলে তারা সরকারের বিরুদ্ধে অপপ্রচারও চালাচ্ছেন। স্যার, আরো বিপদের কথা, সেখানকার মানুষরা আজ ভীত, সন্ত্রস্ত হয়ে দিন কাটাচ্ছে। এটা আমার কথা নয়, জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার রিপোর্টে বলা হচ্ছে যে, যেকোন মুহূর্তে কুলটি, বরাকরের একাংশ ধ্বসে যেতে পারে, পাতালে যেতে পারে। সেখানে ৩২টি মৌজা অ্যাফেক্টেড হয়েছে। আজকে ৫২টি গ্রাম থেকে তারা উঠে গেছে। এই রকম একটা অবস্থার মধ্যে দিয়ে ঐ অঞ্চলের মানুষকে বসবাস করতে হচ্ছে। মানুষ রাত্রে শুয়ে আছে, সে জানে না হঠাৎ তার বাড়িতে ভূকম্পন হচ্ছে, বাড়ি কেঁপে উঠছে তারপরে দেখছে তাতে ফাটল ধরেছে। এই রকম একটা অবস্থার মধ্যে মানুষ বাস করছে। তাদের পিতৃপুরুষের ভিটে ছেড়ে অন্য জায়গায় যেতে হচ্ছে। তাদের এই যে ক্ষতি হচ্ছে, এই ক্ষতি পূরণের জন্য কোন ব্যবস্থা নেই। আমি সে জন্য এই কথা বলতে চাই যে, সেই ক্ষতি পূরণের ব্যবস্থা করতে হবে। আজকে ধ্বসের যে কথা বললাম তাতে যে কোন সময়ে বিপদ হতে পারে। এই ব্যাপারে রিপোর্টও আছে। আর একটা বিপদের কথা আমি এখানে বলতে চাই। ওখানে ১০-১২ মাইল এলাকা জুড়ে একটা কয়লা খনি আছে। সেই কয়লা খনির মধ্যে আগুন ধরেছে। এটাকে বলা হয় নিমচা কয়লা খনি। বিগত কয়েক বছর ধরে সেখানে আগুন জ্বলছে কিন্তু সেটা নেভাবার জন্য কোন ব্যবস্থা করা হয়নি। তার ফলে ঐ আগুন আরো ছড়িয়ে পড়ছে এবং কোটি কোটি টাকার কয়লা নষ্ট হচ্ছে। অথচ সে সম্পর্কে প্রয়োজনীয় কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আজকে এই জিনিসগুলি মনে রাখতে হবে। এই সমস্যা সমাধানের জন্য বাগচী কমিটি করা হয়েছিল। তার রিপোর্ট কি এবং সেটা কার্যকর করা হয়েছে কিনা তা আমি জানি না। আমরা জানি যে কেন্দ্রীয় সরকার এই সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। আমি এই কথা বলতে চাই যে বাগচী কমিটির রিপোর্ট কেন কার্যকর করা হল না? আজকে ন্যাশনালাইজ করা হয়েছে ঠিক কথা। কিন্তু তাতে কয়লা খনির কি উপকার হয়েছে? আমরা দেখছি যে শুধু শ্রমিকদের মাইনে বেড়েছে, কিন্তু সমস্যাও অনেক বেড়েছে। আজকে কয়লার দাম ১০ গুণ বেড়েছে। এখানে বলা হয়েছে যে 'সেস' যেটা বাড়ানো হয়েছে সেটা নাকি অন্যায় করা হয়েছে। ঐ বেঞ্চে যারা বসে আছেন আমি তাদের বলতে চাই যে বিহারে ডাবল সেস আছে, সে সম্পর্কে তো কোন চিন্তা করেন না, কোনো কথা বলেন না। আর এখানে কয়েক পারসেন্ট সেস বাড়ার সঙ্গে সঙ্গে আপনারা চিৎকার করছেন যে এই বাজেটে সেস বাড়ানো হয়েছে। আমি এখানে কয়লা খনিগুলির যে সমস্যা রয়েছে সেগুলি তুলে ধরলাম এবং সেই সঙ্গে সঙ্গে আশা করব যে এর সমস্যা সমাধান কি ভাবে করা যায় সেটাও চিন্তা করে দেখতে

হবে। এই সম্পর্কে আমি এই কথা বলতে চাই যে আমাদের প্রতি কেন্দ্রীয় সরকার যে বৈষম্য করেছেন সেটাও দূর করতে হবে। আপনি জানেন যে ৩ হাজার কোটি টাকার পরিকল্পনা নিয়ে বিহারে একটা মাস্টার প্ল্যান করা হয়েছে ধানবাদ এবং ঝরিয়া কয়লা খনি অঞ্চলের জন্য আর পশ্চিমবঙ্গ কি অপরাধ করল? বিহারে যেখানে ৩ হাজার কোটি টাকার মাস্টার প্ল্যান করা হয়েছে সেখানকার কয়লা খনিগুলিকে ভাল করার জন্য সেখানে পশ্চিমবঙ্গ কি অপরাধ করল কাজেই এই যে বৈষম্য আমাদের প্রতি করা হচ্ছে এগুলি দূর করতে হবে। আজকে আমি মনে করি যে এই সমস্যাগুলি যদি দূর করতে হয় তাহলে পিসমিল কোন আলোচনা করলে হবে না, সামগ্রিক ভাবে এই ব্যাপারে আলোচনা করতে হবে এবং এর সমাধান করতে হবে। সেই দিক থেকে এই প্রস্তাবকে সমর্থন করে এই কথা বলতে চাই যে আমাদের অঞ্চলের জন্যও একটা মাস্টার প্ল্যান রচনা করা দরকার যে মাস্টার প্ল্যানের দ্বারা এই অঞ্চলকে বাঁচানো যাবে, কয়লাখনিগুলি বাঁচবে, সঙ্গে সঙ্গে শ্রমিকরাও বাঁচবে এবং এরই সঙ্গে সঙ্গে সেখানে পানীয় জলেরও ব্যবস্থা করতে হবে। সর্বশেষে এই প্রস্তাবকে সমর্থন করে আমি এই কথা বলতে চাই যে ঐ অঞ্চলের ট্রেড ইউনিয়ন সম্পর্কে সমস্যা আছে।

[3-00–3-10 P. M.]

আমরা জানি সেখানে ট্রেড ইউনিয়ন সমস্যা আছে, অনেক সমস্যা আছে, কিন্তু সব চেয়ে বড় সমস্যা হচ্ছে মাফিয়াদের সমস্যা। যে মাফিয়াদের পরোক্ষভাবে কংগ্রেস (আই)'র তরফ থেকে নানাভাবে সাহায্য করা হয় সেই মাফিয়াদের দমন করতে হবে। কিন্তু আমরা জানি তাদের শায়েস্তা করা সহজ ব্যাপার নয়। কারণ কেন্দ্রীয় সরকারে যাঁরা বসে আছেন, তাঁরাই মাফিয়াদের সাহায্যে বসে আছেন। তাই তাঁরা মাফিয়াদের দমন করতে পারবেন না। এই কয়টি কথা বলে এই প্রস্তাবকে পুনরায় সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পিকার, স্যার, দিতে হবে, করতে হবে, চলতে হবে ইত্যাদি স্লোগান দেওয়ার পার্টি সরকারে বসার পরেও পার্টির সদস্যরা ঐ সমস্ত স্লোগানগুলি এখনো ভুলতে পারেন নি। একটু আগেই ওঁদের একজন সদস্য বক্তব্য রাখতে গিয়ে, দিতে হবে, করতে হবে, চলতে হবে ইত্যাদি স্লোগানগুলি দিয়ে গেলেন। স্যার, তাহলে রাজ্য সরকারের করণীয় কর্তব্য কি? সমস্ত দায়দায়িত্ব কি কেন্দ্রীয় সরকারের? আর পশ্চিম বাংলায় যাঁরা সরকারে বসে আছেন তাঁরা শুধু আমড়া চুষবেন, এটা চলতে পারে না। তাঁদেরও দায়িত্ব আছে। তথাপি আজকে যে মোশন এখানে উত্থাপন করা হয়েছে সে মোশনকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। কিন্তু যে বক্তব্যগুলি মাননীয় সদস্য বিজয়বাবু রাখলেন, সে বক্তব্যগুলি যুক্তিপূর্ণ বক্তব্য নয়। উনি মাফিয়া সর্দার, কোন চোর ইত্যাদি অনেক কথা বলে গেলেন। যাই হোক মাননীয় মন্ত্রী নির্মলবাবু এখানে উপস্থিত আছেন, 'নিমচা' খনির ঘটনা তিনি জানেন। ঐ খনির ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্ট বার বার স্টেট গভর্নমেন্টকে বলেছেন যে ওখানে জমি ঠিক করে দেওয়া হোক। ঐ খনিটির ২০০০ শ্রমিক বেকার হয়ে বসে আছে। অতএব ই সি এল থেকে স্টেট গভর্নমেন্টকে বলা হয়েছে, স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে জমি দেওয়া হোক, এরিয়া মেনশন করে রেকমেন্ডশন করা হোক। কিন্তু আমরা আশ্চর্য হয়ে লক্ষ্য করছি সে বিষয়ে স্টেট গভর্নমেন্টের সময় হচ্ছে না। কারণ ২০০০ শ্রমিকদের নিয়ে রাজনীতি

করতে হবে। অথচ আমরা বলছি শ্রমিকদের কথা চিন্তা করতে হবে, শুধু রাজনীতি করার জন্য মোশন আনলে চলবে না। আজকে মাননীয় সদস্য হেমন্ত রায় এখানে মোশন এনেছেন। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে, '৮৪ সালের ৮ই ফেব্রুয়ারি আমি, প্রদীপ ভট্টাচার্য, সৌগত রায় প্রভৃতি আমাদের বর্ধমান জেলা পরিষদের সদস্য শ্রী জীতেন চ্যাটার্জির নেতৃত্বে কোল কনজিউমার্স' অ্যাসোসিয়েশনের তরফ থেকে ই সি এল এর কাছে যে দাবিগুলি রেখেছিলাম সেই দাবি গুলিকেই আজকে কপি করে এখানে মোশান আনা হয়েছে। অবশ্য আমরা জানি ওঁরা কপি করতে খুবই এক্সপার্ট। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি, ১৯৮৪ সালের ৮ই, ফেব্রুয়ারি আমরা শ্রী জীতেন চ্যাটার্জির নেতৃত্বে যে সমস্ত দাবিগুলি ই. সি. এল এর কাছে দিয়েছিলাম, হেমন্ত বাবু নিশ্চয়ই স্বীকার করবেন যে, সেই দাবিগুলিই আজকে তিনি প্রস্তাবাকারে এখানে উত্থাপন করেছেন। যদি তাঁর এতটুকু সততা থাকে তাহলে তিনি নিশ্চয়ই এ কথা স্বীকার করবেন। অতএব স্যার, মাননীয় সদস্য যে প্রপোজাল আজকে এখানে এনেছেন অলরেডি সেই প্রপোজাল ই সি এল কে আমাদের তরফ থেকে জীতেন চ্যাটার্জির নেতৃত্বে দেওয়া হয়েছে। স্যার, ১৯৮৫ সালের ৯ই ফেব্রুয়ারি আমি এবং প্রদীপ ভট্টাচার্য ওখানে সভা করতে গিয়েছিলাম এবং শুনেছিলাম যে, সি পি এম. এম. এল. এ. এবং সদস্যরা নাকি খুবই চিন্তিত হয়ে পড়েছেন। এক বছর পরে কেন ওঁরা চিন্তিত হয়ে পড়লেন, না রাজনীতি করার জন্য। ওঁরা চিন্তিত হলেন কেন, না যে সমস্ত মানুষগুলি ওখানে বেকার হয়ে রয়েছে, বেকার সমস্যায় জর্জরিত হয়ে রয়েছেন এবং যে সমস্ত কালটিভেটরসদের জমি চলে যাচ্ছে তাদের সকলকে নিয়ে রাজনীতি করার জন্য। আজকে মেইন অসুবিধা কি? মেইন অসুবিধা হচ্ছে জাতীয়করণের আগে কোল বেল্ট এরিয়াতে যে সমস্যা ছিল অর্থাৎ স্লটারিং সিস্টেম দ্যাট ইজ দি মেইন ডিফেকটস। এখানে ই সি এলকে সেন্ট্রাল গভর্নমেন্ট একটা পলিসি করে দিয়েছে। সেন্ট্রাল গভর্নমেন্টের মন্ত্রী তো আর ইমপ্লিমেন্ট করতে আসবে না, সেন্ট্রাল গভর্নমেন্ট ই সি এলকে অথরিটি দিয়ে দিয়েছে অফিসিয়াল ইমপ্লিমেনটেশন করার জন্য। ই সি এল এটা ইমপ্লিমেন্ট করতে চায় কিন্তু স্লটারিং মাইনিং সিসটেমের অ্যান্টি পলিসি বাধা দিচ্ছে কে? সিটুর ট্রেড ইউনিয়ন এবং সিটুর বন্ধুরা তারা বলছে ওপেন কাস্ট চালু রাখতে হবে। কারণ এই ওপেন কাস্টের মাধ্যমে কয়লা চুরির যতগুলি অভিযোগ হয়েছে তার মধ্যে সি পি এমের নির্বাচিত সদস্যরা কতজন আছে, গ্রাম পঞ্চায়েত সদস্যরা কতজন আছে তা তদন্ত করলেই প্রমাণিত হবে। সমস্ত জিনিস নিয়ে ওঁরা রাজনীতি করছেন। ওখানকার বিরাট অঞ্চল কয়লার উপর নির্ভর করে। আমাদের অধিকাংশ ইন্ডাস্ট্রিজ কয়লার উপর নির্ভর করে। আমি স্পটে গিয়েছিলাম। কালটিভেটরদের প্রচুর জমি এর জন্য গেছে কিন্তু তাদের কমপেনসেশান দেওয়া হচ্ছে না। এটা তো স্টেট গভর্নমেন্ট দেবে, সেন্ট্রাল গভর্নমেন্ট নিশ্চয়ই নয়। আমি দাবি করেছিলাম, ১ থেকে ২ একর জমি যাদের যাচ্ছে তাদের পরিবারের একজন করে চাকরি দিতে হবে। শুধু কোল এলাকায় নয়, বীরভূমেও কোলের সন্ধান পাওয়া গেছে। স্টেট গভর্নমেন্ট সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে রেকমেন্ড করে চুপচাপ বসে আছে, কোন প্রপোজাল নেই। কেন সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে কোন প্রপোজাল দিচ্ছেন না? ওখানকার ভূমিহীন লোকেরা কোলিয়ারির চাকরির উপর নির্ভরশীল। আজ যদি কোলিয়ারি ধ্বসে যায়, আনসায়েন্টিফিক কোলিয়ারি যদি ধ্বসে যায় তাহলে তাদের কি অবস্থা হবে। সুতরাং এসব নিয়ে রাজনীতি করবেন না, শ্মশানে রাজনীতি করবেন না। অন্তর দিয়ে চিন্তা করতে হবে।

১৯৮৪ সালে কংগ্রেস (আই) এই ব্যাপারে চিন্তা করেছেন। আজকে হেমন্ত বাবু কালটিভেটরস এবং কোল কনজিউমারসদের সমস্ত অসুবিধার কথা চিন্তা করে রেজলিউশন এনেছেন। আমি সমস্ত পয়েন্টস রিপিট করতে চাই না। পানীয় জলের কথা, বেকার সমস্যার সমাধানের কথা, কমপেনসেশনের কথা বলে রিপিট করতে চাই না। সায়েন্টিফিক ওয়েতে স্লটারিং মাইনিং সিস্টেম অ্যাবলিশ করে দিতে হবে। ওপেন কাস্ট সিস্টেমের ব্যাপারে আজকে যদি ওঁরা বলেন এটা সাপোর্ট করব না তাহলে চলুন আমরাও একসঙ্গে যাচ্ছি। ই সি এলের কাছে গিয়ে বলি ওপেন কাস্ট সিস্টেম বন্ধ করতে চাই। কিন্তু সি পি এমের লোকেরা মিছিল নিয়ে যাচ্ছে যে, ওপেন কাস্ট সিস্টেম চালু রাখতে হবে। আজকে এটা শুধু পশ্চিমবাংলার স্বার্থ জড়িত নয়, কোল বেল্ট যদি ধ্বংস হয়ে যায়, আজকে যদি কোলিয়ারী শেষ হয়ে যায় তাহলে ভারতের অর্থনীতি বাধাপ্রাপ্ত হবে। এটা শুধু বামফ্রন্টের স্বার্থ জড়িত নয়। আজকে হেমন্তবাবু যে মোশন এনেছেন আমি তা সমর্থন করছি এবং হেমন্ত বাবুকে সত্য কথা স্বীকার করার জন্য অনুরোধ করছি যে রেজলিউশনের আসল হোতা কারা? নির্মলবাবু এখানে আছেন। নিমচা কোলিয়ারী এবং বীরভূমের ব্যাপারটি জানতে চাইছি, উনি রেকমেন্ডেশনটা জানান।

**Mr. Speaker :** Now I call upon Shri Bhakti Bhusan Mandal to speak.

(Shri Satya Ranjan Bapuli rose to speak)

**Mr. Speaker :** Mr. Bapuli, you cannot mention any matter in any time. When one matter is being discussed you cannot get up and say on another subject. It cannot be done. In parliamentary procedure it cannot be done. Your speech will not be recorded.

[3-10–3-20 P. M.]

শ্রী সত্যরঞ্জন বাপুলি মহাশয়ের বক্তব্য রেকর্ড হবে না। ৩টে ভুল হোক, ১০টা হোক রেকর্ড হবে না। শ্রী ভক্তিভূষণ মণ্ডল, আপনি বলুন।

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার কাছে এইটুকু বলতে চাইছি যে, এই রেজলিউশনের যে অ্যামেন্ডমেন্টটা এনেছেন সেটা গ্রহণ করা হোক। তার কারণ হচ্ছে, কয়লাখনি সম্বন্ধে যেটা আছে সত্যিকারের সমস্ত বেল্টটা যদি বিবেচনা করা যায় তাহলে ওয়েস্ট বেঙ্গল এ যেমন আসানসোল সাবডিভিশন আছে, তেমনি বাঁকুড়ারও অনেকটা অংশ আছে, বিশেষ করে মালিয়াড়ার দিকটা, এবং পুরুলিয়ার যেটা রঘুনাথপুর, সেই রঘুনাথপুরের কতকটা, ২-৩টে থানা আছে সেখানেও কয়লাখনি আছে আর একটা জায়গা, সেটা হচ্ছে এই যে বীরভূমের বিশেষ করে সদর সাব-ডিভিসনের ৪-৫টা থানা আছে, সেখানেও এই কয়লাখনি আছে। আমি বলতে চাইছি এই জিনিসগুলি যদি আমরা ভালভাবে দেখি তাহলে আজকে দেখা যায় আগেকার দিনে যে প্রাইভেট কোম্পানীগুলি ছিল, কোল কোম্পানীর এবং তারপর যখন ই সি এল নেয় তখন তাদের গাফিলতি, দুর্নীতি, এবং টাকা নষ্ট করার জন্য এই জিনিসগুলি হয়েছে। অর্থাৎ ৩টি সিস্টেমে—স্টোয়িং সিস্টেমে হয়। এই স্টোয়িং সিস্টেমটা ঠিকভাবে না চলার জন্যই আজকে এই দুরাবস্থা হয়েছে। একটা ভ্যালাটী, অর্থাৎ আসানসোলের

পশ্চিম প্রান্তে দামোদরের কাছে যে ভ্যালিটিতে লুজ সিস্টেম ছিল সেই লুজ সিস্টেমে কয়েকটা কোলিয়ারীকে স্টোয়িং করা হত। আর কতকগুলি আছে ওভার হেড। ওভারহেডে যে স্যান্ড বয়ে নিয়ে যাবার গাড়িগুলি আছে সেই গাড়িতে স্টোয়িং সিস্টেম করা হয়, কিন্তু ফাঁকি দেওয়ার জন্য এইগুলি সমস্ত ঠিকভাবে কয়লা যে অঞ্চলটায় খালি হয়ে আছে সেটা স্টোয়িং করে না। আর স্টোয়িং না করার ফলে এই দাঁড়ায় যে এমনভাবে পিলারিংগুলি কাটার চেষ্টা করে, তখনই সমস্ত জিনিসটা ক্র্যাক হয়ে যায়। কাজেই এই ক্র্যাক যদি হয়ে যায় তখন অটোমেটিকেলি সেটা ধ্বসে পড়বে। আমি ওপেনকাস্ট সম্বন্ধে কয়েকটা কথা বলতে চাইছি। যে ওপেন কাস্ট কতকগুলি জায়গায় আরম্ভ হয়েছে, এবং ওপেন কাস্ট একদিক দিয়ে খারাপ নয়। কারণ লেটেস্ট যেটা সাইনটিফিক ইনভেনশন বলুন আর যাই বলুন হয়েছে। তাতে বলেছে যে ওপেনকাস্ট মোর সাইনটিফিকলি। মেজর রেজিংটা করা সম্ভব হয়। কাজেই সেই জিনিসটা আমাদের চিন্তা ভাবনা করে দেখার দরকার আছে। যদি কেউ বলেন যে ওপেনকাস্ট হবে না, সেটা ঠিক নয়, আবার ওপেন কাস্টটা আজকালকার সব চাইতে সাইনটিফিক বেস। ওপেনকাস্ট হচ্ছে যেখানে গাড়ি পর্যন্ত ঢুকে যায়, রেলগাড়ী পর্যন্ত গিয়ে পরে সেইগুলোকে নিয়ে কয়লা রেজিং করতে পারে। তা আমি এইটুকু বলতে চাইছি যে সমগ্র এলাকাটা যেটুকু বলেছেন আসানসোল মহকুমার অর্ধেক, এটা না করে যেসব কথাগুলি লক্ষ্মণ বাগ্দী মহাশয় বলেছেন সেটা সমস্তই করা হোক। সমস্ত বিষয়টার উপর ব্যবস্থা নেওয়ার কথা বলছি এবং যে রেজলিউশনটা এসেছে আমি সেটাকে সমর্থন করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় প্রবীণ সদস্য শ্রী হেমন্ত রায় মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাব অত্যন্ত জরুরি এবং রাজনীতি নিরপেক্ষ। শুধু পশ্চিমবঙ্গ নয় সমস্ত ভারতবর্ষের অর্থনৈতিক বুনিয়াদ গড়ে তোলার ক্ষেত্রে এই অঞ্চলের কয়লাশিল্পের যে বিরাট ভূমিকা, সেই ভূমিকার দিকে দৃষ্টি রেখে আজকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবে খুব সঠিকভাবে বলা হয়েছে যে, ২০ লক্ষ মানুষ—যাঁরা বাস্তুচ্যুত হতে চলেছে, তাঁদের পুনর্বাসনের সমস্ত দায়দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে গ্রহণ করতে হবে। ঐ অঞ্চলেরই মানুষ এবং ট্রেড ইউনিয়নের নেতা শ্রী বিজয় পাল মহাশয় এ বিষয়ে আরো ভালভাবে বলেছেন। যেসব মানুষ সেখানে উচ্ছেদ হয়েছেন এবং হচ্ছেন তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণের জন্য এখানে দাবি জানান হয়েছে এবং স্বভাবতই কেন্দ্রীয় সরকারকে সেই দায়িত্ব গ্রহণ করতে হবে। দ্বিতীয়ত ঐ কয়লা খনি অঞ্চলে এমন কয়লাখনি আছে যেগুলো পূর্ণমাত্রায় ব্যবহৃত হয়নি। অনেক কয়লা সেখান থেকে তোলার পর যখন ভিতরে বড় বড় পাথর বেরিয়েছে তখন কয়লা উত্তোলন বন্ধ করে দেওয়া হয়েছে, ফলে কয়লার মিসইউজ হয়েছে। পরে সেইসব খনির ভিতর গ্যাস জন্মেছে এবং তাতে আগুন লেগে যাবার ফলে ঐসব অঞ্চল বিপন্ন হয়ে পড়েছে। এখনও ঐসব খনিতে আগুন জ্বলছে। এইসব ঘটনা সেখানে ঘটেছে। এদিকে অনেকে আশঙ্কা প্রকাশ করে থাকেন যে, অদূর ভবিষ্যতে কয়লা নিঃশেষিত হয়ে যেতে পারে। এই সমস্ত আশঙ্কা থেকে মুক্ত হতে খনিগর্ভে কয়লার অপচয় বন্ধ করবার ব্যবস্থা নিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এছাড়া কয়লাখনি অঞ্চলের আধুনিকীকরণ এবং সেখানকার সমস্যার মোকাবিলা করবার দায়িত্বও সম্পূর্ণভাবে কেন্দ্রকে নিতে হবে—এই দাবি সমাজের সমস্ত স্তর থেকে তুলতে হবে।

এই প্রসঙ্গে খনি অঞ্চলে শান্তিশৃঙ্খলা যেভাবে বিঘ্নিত হচ্ছে সেই প্রসঙ্গে মাফিয়াদের কথা এখানে আলোচিত হয়েছে। আজকে সকলেই জানেন যে, একটা বিরাট মাফিয়াচক্র খনি অঞ্চলে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে। এই অবস্থা থেকে পরিত্রাণ পেতে হলে অত্যন্ত দৃঢ়তার সঙ্গে মাফিয়াদের বিরুদ্ধে লড়াই করা দরকার। এই মাফিয়াচক্র যদি সেখানে থাকে, তাহলে কয়লাখনি অঞ্চল আধুনিকীকরণের চেষ্টা বাঞ্চাল হয়ে যাবে, সঙ্গে সঙ্গে সেখানকার ট্রেড ইউনিয়ন আন্দোলনও বিঘ্নিত হবে। তাই এখানে যেসব দাবি প্রস্তাবে রাখা হয়েছে, সেগুলো অত্যন্ত জরুরি এবং এই কথা বিরোধীপক্ষের মাননীয় সদস্যরাও সবাই স্বীকার করেছেন। আমি আশা করব, এই দাবি-প্রস্তাব অনুমোদন করবার সঙ্গে সঙ্গে আমাদের বিধানসভা থেকে একটা সর্বদলীয় ডেলিগেশন টিম দিল্লিতে যেতে হবে এবং আমাদের দাবি যে অত্যন্ত জরুরি ও সঠিক—সেটা সেখানে প্রতিষ্ঠিত করতে হবে। আমি এই সভাকে এই ব্যাপারে একটা সিদ্ধান্ত নিতে অনুরোধ জানিয়ে এবং এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী হেমন্ত রায় মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন এবং এই প্রস্তাবের উপর শ্রী লক্ষ্মণ বাগ্দী মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন—এই দুটো প্রস্তাবকেই সমর্থন করে এখানে দুই একটি কথা বলতে চাই। এই প্রস্তাবে কয়লাখনি অঞ্চলে পানীয় জলের সমস্যা, বেকারদের কথা, কয়লাভিত্তিক শিল্প স্থাপনের কথাসহ একাধিক প্রস্তাব আছে। সবথেকে গুরুত্বপূর্ণ বিষয় হল—শুধু আসানসোল, রাণীগঞ্জ বা জামুরিয়া নয়, পশ্চিমবঙ্গের বিস্তীর্ণ কয়লাখনি অঞ্চলটাই আজ দারুণভাবে বিপন্ন। এর সঙ্গে দুর্গাপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলাও বিপন্ন হয়ে পড়েছে। বিগত ২০০ বছর ধরে কয়লা খনিগুলির মালিকরা ব্যক্তিগত মালিকানায় চালিয়েছে এবং কোটি কোটি টাকা মুনাফা লুটেছে। কিন্তু তারা খনি থেকে কয়লা তোলার পর শূন্যস্থান নিয়মমাফিক ভরাট করবার ব্যবস্থা করেনি এবং তারজন্য সাধারণ মানুষকে আজ প্রায়শ্চিত্ত করতে হচ্ছে, গোটা এলাকা ধ্বসে যাচ্ছে। কিছুদিন আগে আমি রাণীগঞ্জ পরিদর্শনে গিয়েছিলাম। আমাদের মাননীয় পরিষদীয় মন্ত্রী শ্রী পতিতপাবন পাঠক মহাশয়ও আমার সঙ্গে সেখানে উপস্থিত ছিলেন।

[3-20–3-30 P. M.]

সেখানকার স্থানীয় বিধায়ক হারাধন রায়কে সঙ্গে নিয়ে, পৌরসভার বন্ধ এবং বেঙ্গল চেম্বার অব কমার্সের বন্ধুদের সঙ্গে নিয়ে রাণীগঞ্জ শহরের চারপাশে ঘুরছি সেই সময় খবর এল আর একটা জায়গা—বরাকরের কিছু আগে—ধ্বসে পড়েছে। আমরা গিয়ে সেখানে দেখলাম বাড়িগুলি তখনও ধ্বসে পড়ছে। আমরা দেখলাম একটা গরু মাঠে চরছিল হঠাৎ দেখলাম তার পা বসে যাচ্ছে। এর আগে কোন দিন এটা পুরণ হয়নি, নিচের দিকে ফাঁক থেকে গেছে। পুরানো রাণীগঞ্জ পৌরসভা শহরটি ধ্বসে পড়তে পারে। সেখানকার লক্ষ লক্ষ মানুষ আজ চিন্তাগ্রস্ত, এইভাবে চলতে পারে না। তাই ১৯৮১ সালে আমাদের রাজ্য সরকার প্রথম উদ্যোগ গ্রহণ করে এই এলাকাকে নিয়ে কি করা যায়। তারপর অনেক আলোচনা হয়েছে এবং ভারত সরকারের মাইন অ্যান্ড সেফটি অর্থাৎ নিরাপত্তা বিভাগের ডিরেক্টর যিনি বর্তমানে আসানসোল এবং দুর্গাপুর ডেভেলপমেন্ট বোর্ডের চেয়ারম্যান তাঁর সঙ্গে কথা হয়েছিল এবং এই ব্যাপারে তিনি বিশেষজ্ঞ, তাঁর নাম হল এইচ. বি. ঘোষ—তিনি একটা পরিকল্পনা

করেছেন। রাণীগঞ্জে একটা পাইলট প্রোজেক্ট চলছে, সেটা আমরা রাণীগঞ্জ কোলিয়ারীতে গিয়ে দেখে এসেছি, এপ্রিল মাসের মধ্যে তার চূড়ান্ত রিপোর্ট পাওয়া যাবে। এই প্রকল্পের কাজ হল মাটি ফেলে, জল ফেলে এই এলাকাকে ভরাট করা অনেকগুলি বিকল্প পরিকল্পনা, বিদেশি বিশেষজ্ঞ এবং পোল্যান্ড বিশেষজ্ঞরা যা বলেছিলেন সেইগুলির কথাও ভাবা হয়েছে। এমন কি এমন কথাও ভাবা হয়েছে যে রাণীগঞ্জ শহরে অন্য কোন জায়গায় নিয়ে যাওয়া যায় কিনা। রাণীগঞ্জ শহরকে অন্য জায়গায় নিয়ে যেতে গেলে ১২০০ কোটি টাকা লাগবে। আর এই যে পরিকল্পনা, জল ফেলে মাটি ফেলে যদি এলাকা ভরাট করা যায়—যেটাকে আমরা ঘোষ পরিকল্পনা বলছি, যেটা ইতিপূর্বে সাফল্য লাভ করেছে—তাহলে তাতে ২০০ কোটি টাকা লাগবে। এই ২০০ কোটি টাকা ভারত সরকারকে ব্যয় করতে হবে। কারণ কয়লা কেন্দ্রীয় সরকারের ব্যাপার, কোল ইন্ডিয়া কেন্দ্রীয় সরকারের ব্যাপার, ১৯৭৩ সালে কয়লা খনি জাতীয়করণ করা হয়েছে, কয়লা থেকে পুরো টাকাটা কেন্দ্রীয় সরকার নিচ্ছে, হাজার হাজার কোটি টাকা তাঁরা থেকে লাভ করছে। সুতরাং তাঁদেরই এই বিরাট এলাকাকে রক্ষা করতে হবে, শহরগুলিকে রক্ষা করতে হবে, মানুষগুলিকে রক্ষা করতে হবে। এই ২০০ কোটি তাঁদের কাছে এমন কিছু ব্যাপার নয়। গত ৬ই মার্চ এই প্রস্তাব নিয়ে আলোচনা করার জন্য কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রী বসন্ত শেঠের সঙ্গে কথা বলেছি। ইতিপূর্বে কয়লা বিভাগের যিনি সচিব ছিলেন তাঁর সঙ্গে কথা বলেছিলাম, নতুন সচিব ভারমার সঙ্গে কথা বলেছি। তাঁদের ওয়াকিবহাল করার চেষ্টা করেছি, তাঁদের সচেতন করার চেষ্টা করেছি যে এই বিরাট এলাকা নষ্ট হয়ে যাচ্ছে। আমি বলেছি এই যে এলাকা শেষ হয়ে যাচ্ছে এই জন্য আপনারা কিছু করবেন না? ওনারা বলছেন, হ্যাঁ করব, আমাদের তো একটা দায়িত্ব আছে। আমি বলেছিলাম আপনারা করবেন বলছেন তবে বসে আছেন কেন? ওনারা বলেছেন এক মাসের মধ্যে রিপোর্ট পাবেন। আমাদের ভারত সরকারের বা কোল ইন্ডিয়ার কোন সাবসিডারী সে ডি. সি. এল. হোক, ডি. সি. সি. এল. হোক তার কিছু করতে পারবে না। তাঁরা অন্তত কোন কোন এলাকাগুলি বিপন্ন তার একটা হদিস করুন, একটা মানচিত্র করুন। বর্তমানে কোনো মানচিত্র নেই যে এই এলাকাগুলি বিপন্ন, এই এলাকাগুলি ধ্বসে পড়তে পারে। এই জিনিসগুলি ভাল করে করবার জন্য আমরা প্রস্তাব করেছি। আর বলেছি যে এখানে বেশ কিছু বরাদ্দ করুন এবং এটা যাতে ভাল করে করা যায় তার ব্যবস্থা করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথা হল এই যে প্রস্তাব আনা হয়েছে সেটা বিরোধী পক্ষ সমর্থন করুক এবং বিধানসভা থেকে ভারত সরকারের কাছে পরিষ্কার করে বলা হোক যে এইভাবে আমরা এই এলাকাগুলি ধ্বসে যেতে দিতে পারি না। ভারত সরকার তোমার দায়িত্ব আছে, তুমি এই ব্যাপারে ব্যবস্থা নাও, আমাদের যা করণীয় আমরা করব। যদি আমাদের জমি দিতে হয় তাহলে সেটা আমরা দিয়ে দেব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুনীতি একটা কথা বলেছেন যে ভারত সরকার এখানে কয়লাখনি করতে যাচ্ছেন আমরা নাকি জমি দিচ্ছি না। আমরা জমি দিতে রাজি আছি, কিন্তু একটা কথা বলতে চাই যে যার জমি তার পরিবার থেকে একটা লোককে চাকুরি দেবে এই প্রতিশ্রুতি দিতে হবে। এক একর জমির পেছনে একজন লোককে চাকুরি দিতে হবে, এতে যদি ভারত সরকার রাজি থাকে তাহলে আমরা জমি দেব, তা না হলে জমি দেবে না। আমাদের রাজ্য সরকার যেটা করে থাকে যে জমি দিলে চাকুরির দেয় সেটা ওনাদের করতে হবে। আমরা জমি দিতে প্রস্তুত, বলুন আপনারা চাকুরি দেবেন কিনা। সুতরাং চাকুরি দিলে

জমি পেতে কোন সমস্যা হবে না। এই কথা বলে আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

(Noise)

(At this stage members of the Congress(I) walked out of the Chember)

**শ্রী হেমন্তকুমার রায় ঃ** মাননীয় স্পিকার স্যার, এখানে মাননীয় সদস্যরা যা বলেছেন, তার উপর আমার বিশেষ কিছু বলার নেই। তবে দুঃখের বিষয়, বিরোধী দলের সদস্যরা তাঁদের চরিত্রগত বৈশিষ্ট বজায় রেখেই কিছু কিছু সমর্থন এই প্রস্তাবের উপরে করেছেন। কিন্তু হঠাৎ দেখলাম কি হল, তাঁরা এই প্রস্তাবের বিপক্ষে গিয়ে হাউস থেকে চলে গেলেন। তাঁদের একটা কথা বিশেষভাবে জানা দরকার—কিছু কিছু মাফিয়া ওখানে কয়লা লুটপাট করছেন। এসব কথাও তাঁরা বলেছেন, যেহেতু এটি তাঁদের জানা আছে। ওখানে ই. সি. এল. কোম্পানী ভারত সরকার কয়লা শিল্প অধিগ্রহণ করার পর তাদের খনি রক্ষী বাহিনী রাখে। ঐ খনি রক্ষী বাহিনী ওখানকার গ্রামে গিয়ে সাধারণ মানুষের উপর অত্যাচার করে বলে আমরা শুনছি। কারণ তাদের সম্পত্তি তারা রক্ষা করতে পারছে না। তাদের নিজস্ব বাহিনী সেখানে রেখেছে। আমাদের পুলিশের কোন এক্তিয়ার নেই খনি অঞ্চলে গিয়ে কিছু করে। এইসব অন্যায় অত্যাচারের দায় রাজ্য সরকারের উপর চাপিয়ে দিয়ে বিরোধীপক্ষের সদস্যরা এখান থেকে চলে গেলেন। ওখানকার স্থানীয় জনসাধারণের আজকের দিনের যে প্রশ্ন ও সমস্যা ওখানে আছে তারফলে এগুলির সাথে সাথে আগামী দিনে কয়লা শিল্পই ধ্বংস হয়ে যাবে। মাননীয় সদস্যদের অনেকেই এই সমস্ত কথা জানেন। তাঁদের আরও জেনে রাখা দরকার যে—দামোদর নদ এবং অজয় নদী, এই দুটির মাঝখানে মাত্র ২৫ কিমি ব্যবধান আছে। নিচের মাটিতে ফাঁক থাকার ফলে এমন দিন আসতে পারে যে নদী দুটিতে ভাঙ্গন সৃষ্টি হয়ে ঐ অঞ্চলে এক মরুভূমি সৃষ্টি হবে। নদী দুটি একত্রে মিশে যেতে পারে। যারফলে ঐ জায়গাটির অস্তিত্বই আর থাকবে না। এই সমস্ত কথা আমার নয়। যাঁরা ভূতত্ত্ববিদ্, তাঁরা সার্ভে করে এইসব রিপোর্ট দিয়েছেন। বিরোধী দলে এখানে যাঁরা আছেন, তাঁদেরই দল কেন্দ্রীয় শাসন ক্ষমতায় আছেন। তাঁরা যে শিল্প থেকে কোটি কোটি টাকা মুনাফা করে নিয়ে যাচ্ছেন, যে শিল্পের উপরে নির্ভর করে বহু শিল্প তাঁরা গড়ে তুলছেন, সেই কয়লা শিল্পের কথা তাঁরা যেন বিশেষ ভাবে চিন্তা করেন। আজকে এখানে এই রকম একটি গুরুত্বপূর্ণ প্রস্তাবের উপরে আলোচনাকালীন বিরোধীপক্ষের সদস্যরা কিভাবে যে বাইরে চলে গেলেন তা আমরা বুঝলাম না। এর মধ্যে দিয়ে বোঝা যায় এবং প্রমাণ পাওয়া যায় যে, এই শিল্প কাদের মদতে আজ ধ্বংস হতে বসেছে। আমি আর বেশি কিছু বলতে চাইনা। মাননীয় সদস্য লক্ষ্মণ বাগ্দী এখানে যে প্রস্তাব এনেছেন, তার প্রতি সমর্থন জানিয়ে এবং এই প্রস্তাবের প্রতি যাঁরা সমর্থন জানিয়েছেন, তাঁদের ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য আমি শেষ করছি।

The motion of Shri Lakhan Bagdi that in para 1, line 1, for the words "মহকুমার অর্ধেক অংশে" The words "মহকুমা এবং দুর্গাপুর মহকুমার অর্ধেক অংশে এবং বাঁকুড়া, বীরভূম ও পুরুলিয়া জেলার কিছু অংশে" be substituted, was then put and agreed to.

The motion of Shri Hemanta Kumar Roy, as amended.

"যেহেতু বর্ধমান জেলার অন্তর্গত সমগ্র আসানসোল মহকুমা এবং দুর্গাপুর মহকুমার অর্ধেক অংশে এবং বাঁকুড়া, বীরভূম ও পুরুলিয়া জেলার কিছু অংশে কয়লাখনি অঞ্চলের প্রায় ২০ লক্ষাধিক মানুষের বসতি এবং তাঁদের সম্পত্তি ও জীবিকা অভূতপূর্ব বিপদের সম্মুখীন হয়েছে ;

যেহেতু উক্ত এলাকায় কয়লাখনি মালিকদের দ্বিশতাধিক বছর যাবত অবৈজ্ঞানিক ও বেআইনিভাবে কয়লা উত্তোলনের ফলে সমগ্র উপরিতল ভূমিধ্বসের সম্মুখীন ;

যেহেতু কয়লাখনি রাষ্ট্রীয়করণের আগে কয়লাখনির মালিকরা নিজেদের মুনাফার স্বার্থে স্লটার মাইনিং চালিয়েছে এবং জাতীয়করণের পরেও সি আই এল-এর কর্তৃপক্ষ এই পদ্ধতিতে কয়লা উত্তোলন করছে যার ফলে একদিকে যেমন উপরিতল ভূমি বিপজ্জনক অবস্থায় উপনীত হয়েছে অপরদিকে কয়েক লক্ষ টন কয়লা উত্তোলন না হওয়ায় দেশ কোটি কোটি টাকার অমূল্য সম্পদ থেকে বঞ্চিত হচ্ছে ;

যেহেতু বর্তমানে খনিগর্ভে বালি ভর্তির (স্যান্ড স্টোয়িং) ব্যাপারে গাফিলতি দেখা যাচ্ছে ;

যেহেতু বর্তমানে খোলামুখ খনি (ওপেন কাস্ট চালুর ফলে কয়েক হাজার একর জমি বিনষ্ট হয়েছে যার ৩৭টির অধিক মৌজা বিপজ্জনক বলে ঘোষিত;"

was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 3.30 P. M. till 1 P. M. on Monday, the 17th March, 1986 at the Assembly House, Calcutta-1.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 17th March, 1986 at 1 P. M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 7 Ministers, 9 Ministers of State and 139 Members.

**[1-00—1-10 P.M]**

**Shri Subrata Mukherjee :** Sir, on a point of order. আমার কিছু বলার আছে।

**Mr. Speaker :** কোশ্চেন আওয়ারে কোনো পয়েন্ট অব অর্ডার হয় না।

(Shri Subrata Mukherjee rose to speak.........)

**Mr. Speaker :** Mr. Mukherjee, Please take your seat. Now starred question No. 140. সুব্রত মুখার্জির কোনো বক্তব্য রেকর্ড হবে না।

## Starred Question

## (to which oral answers were given)

### বহরমপুরে স্টেডিয়াম নির্মাণ

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২০।) **শ্রী অমলেন্দ্র রায় :** ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বহরমপুরে স্টেডিয়াম নির্মাণের কাজ (১) কবে আরম্ভ হয়েছে; (২) এ পর্যন্ত কতটা কাজ হয়েছে; এবং (৩) কবে নাগাদ সম্পূর্ণ শেষ হবে বলে আশা করা যায়?

**শ্রী সুভাষ চক্রবর্তী :**

(১) ১৯৭৭ সালে।

(২) এ পর্যন্ত পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার টাকা সরকারি অনুদান মঞ্জুর করা হয়েছে।

(৩) আর্থিক অপ্রতুলতার জন্য কাজ সম্পূর্ণ করার পথে বাধা সৃষ্টি করায় নির্মাণ কাজে একটু দেরি হচ্ছে তবে আশা করা যায় যে বিষয়টি যথাসম্ভব শীঘ্র নিষ্পত্তি করা যাবে।

**শ্রী অমরেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই স্টেডিয়ামটা কম্প্রিহেনসিভ ধরনের হচ্ছে কি না?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** এই রাজ্যে যে সকল স্টেডিয়াম করা হয়েছে তার মধ্যে এই স্টেডিয়ামে বিভিন্ন ধরনের খেলার ব্যবস্থা ছাড়াও থাকবে একটি ৪০০ মিটারের ট্রাক, স্পোর্টস

গেমসের ব্যবস্থা এবং তার সঙ্গে ফুটবলের ব্যবস্থাও থাকবে।

(অম্বিকা ব্যানার্জি কিছু বলার জন্য উঠিয়া দাঁড়াইলেন)

**Mr. Speaker :** Mr. Banerjee, why are you behaving in this way- I cannot understand this. Please take your seat.

**শ্রী অমলেন্দ্র রায় :** আর একটি সাপ্লিমেন্টারি স্যার, যতদিন এই স্টেডিয়াম সম্পূর্ণভাবে তৈরি না হচ্ছে ততদিন এখানে সাময়িকভাবে খেলাধূলার ব্যবস্থার কথা কি চিন্তা করছেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** সাময়িকভাবে ব্যবস্থা নেওয়া হয়েছে। আশা করা যাচ্ছে এই বছর থেকে ফুটবল খেলা শুরু করা যাবে।

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minister-in-charge be pleased to state as to when the first decision of construction of the stadium in Berhampore was taken and whether it was a single isolated decision or an overall decision of the state and when it was taken?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** ১৯৭৭ সাল থেকে এই সিদ্ধান্ত করা হয়েছে।

**শ্রী সুব্রত মুখার্জি :** যে ল্যাঙ্গুয়েজে প্রশ্ন হয় সেই ল্যাঙ্গুয়েজে উত্তর দেওয়া উচিত।

**Mr. Speaker :** Mr. Chakraborti, It is a rule of the House that a question has to be answered in the same–Language in which it is put. It is a rule of the Houses and not any ruling.

**Dr. Zainal Abedin :** Sir, only a part of my question has been answered.

**Shri Subhas Chakraborti :** The decision and administrative clearance was given in 1977 and it was a comprehensive decision of the State.

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি কম্প্রিহেনসিভ যে স্টেডিয়াম রয়েছে, এতে কেন্দ্রীয় সরকারের কোনো অনুদান রয়েছে কিনা বা চেয়েছেন কি না?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা অনুদান চেয়েছি, কিন্তু ১ পয়সাও পাইনি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই স্টেডিয়ামটি করতে কত খরচ হয়েছে বা ডিস্ট্রিক্টস স্পোর্টসের জন্য কত খরচ হয়েছে এবং ফুটবলের জন্য কত খরচ হয়েছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মাননীয় সদস্য খেলার জগতের লোক বলে পরিচিত তার কাছ থেকে এই ধরনের প্রশ্ন আশা করিনি। এতে ৫ লক্ষ টাকা আপাতত দেওয়া হয়েছে এবং পরে আরও লাগবে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** কেন এই ধরনের প্রশ্ন হয় না?

**Mr. Speaker** : Football does not arise out of this question. You should give specific notice for that.

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** বহরমপুরের স্টেডিয়ামটি কত পার্সেন্ট তৈরি হয়ে গেছে এবং কতটা বাকি আছে?

**শ্রী অরুণ গোস্বামী :** [***]

**Mr. Speaker** : This position will be expunged.

**শ্রী সুভাষ চক্রবর্তী :** স্টেডিয়ামের বাউন্ডারির ফেনসিংটা হয়েছে, চারিদিকের যে সীমাটা সেটা হয়েছে এবং খেলোয়াড়দের জন্য প্যাভেলিয়ান হয়েছে এবং দর্শকদের জন্য গ্যালারি, ৪০০ মিটারের ট্রাক, জিমনাসিয়াম, ভলি, ও বাস্কেট বল এগুলির কিছু বাকি আছে, আর কিছুতে হাত দেওয়া যায়নি।

**প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের অবসরগ্রহণের বয়স**

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫।) **শ্রী দেবপ্রসাদ সরকার :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের অবসর গ্রহণের বয়স ৬৫ বছর থেকে কমিয়ে ৬০ বছর করায় ঐ সিদ্ধান্তের বিরুদ্ধে রাজ্যের কয়েকটি শিক্ষক সংগঠন হাই-কোর্টে মামলা দায়ের করে কোর্টের রায়ের ভিত্তিতে নিজ নিজ সংগঠনভুক্ত শিক্ষক-শিক্ষিকাদের অবসরগ্রহণের বয়স ৬৫ বছরে বহাল রাখতে সক্ষম হয়েছে; এবং

(খ) সত্য হলে,—

(১) ঐ মামলা দায়েরকারী শিক্ষক সংগঠনগুলোর নাম কি, ও

(২) হাইকোর্টের ঐ আদেশের ফলে এই রাজ্যে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের অবসর গ্রহণের বয়সের ক্ষেত্রে যে পার্থক্য দেখা দিয়েছে তা দূর করার জন্যে রাজ্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী কান্তি বিশ্বাস :**

(ক) দ্বিতীয় বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী বেতন ক্রম ও চাকুরির অন্যান্য শর্তাবলী সংক্রান্ত আদেশনামা জারির পূর্বে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক শিক্ষিকাদের অবসর গ্রহণের বয়স ছিল ৬০ বছর। তবে কয়েকটি শর্তসাপেক্ষে ঐ সব শিক্ষকদের চাকুরির মেয়াদকাল এক বছর এক বছর করে বাড়িয়ে ৬৫ বছর পর্যন্ত বাড়ান। ২য় বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী শিক্ষকদের বেতন সংক্রান্ত যে আদেশ নামা (নং ৩৭২-ই ডি এন (বি) তাং ৩১-৭-৮১) বাহির করা হয় তাতে শিক্ষকদের চাকুরির মেয়াদকাল ৬০ বছর রাখা হয় (কয়েকটি বিশেষ

---

**Note** : ***Expunged as ordered by the chain.

শ্রেণীর শিক্ষক অবশ্য এই আওতায় আসে না)। এই আদেশের বিরুদ্ধে কয়েকটি শিক্ষক সংগঠন হাইকোর্টে মামলা দায়ের করেন এবং মহামান্য হাইকোর্ট অন্তর্বর্তী রায়ে ঐ সমস্ত সংগঠনভুক্ত শিক্ষক-শিক্ষিকাদের ক্ষেত্রে ঐ শর্ত (৬০ বছর বয়সে চাকুরির মেয়াদ শেষ) কার্যকরি করতে নিষেধ করেন।

(খ) (১) (ক) পশ্চিমবঙ্গ প্রধান শিক্ষক সমিতি ও অন্যান্যরা।

(খ) মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি ও অন্যান্যরা।

(গ) পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতি ও অন্যান্যরা

(ঘ) পশ্চিমবঙ্গ ইউনিট অব সারা ভারতীয় শিক্ষক শিক্ষাকর্মী কংগ্রেস

(ঙ) হায়ার সেকেন্ডারি টিচার্সফোরাম

(চ) প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতি

(ছ) বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতি

(জ) পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি।

(২) এই বিষয়ে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া সরকারের বিবেচনাধীন আছে।

[1-10–1-20 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** একই রাজ্যে একই সরকারের অধীনে একই শিক্ষা ক্ষেত্রে যেখানে কলেজ শিক্ষকদের অবসর গ্রহণের বয়স সীমা ৬৫ বছর সেখানে স্কুল শিক্ষকদের জন্য ৬৫ থেকে কমিয়ে ৬০ করে এই বৈষম্যমূলক ব্যবস্থা কেন করা হল?

**শ্রী কান্তি বিশ্বাস :** ৬৫ বছর থেকে কমিয়ে ৬০ বছর করা হয়নি। পূর্বে ৬০ বছর যেটা ছিল তাতে এক্সটেনশনের সুযোগ ছিল। এখন যেহেতু তাদের সুযোগ সুবিধার পরিমাণ যথেষ্ট বৃদ্ধি করা হয়েছে এবং রাজ্যে বেকারের সমস্যা তীব্র সেহেতু তাদের চাকরির মেয়াদ সম্প্রসারিত না করার সিদ্ধান্ত সরকার গ্রহণ করেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মামলার ফলে এই পরিস্থিতি এমন হয়েছে যে সরকারি পৃষ্ঠপোষকতায় যেসব শিক্ষক সংগঠন আছে তারা সরকারি সিদ্ধান্তের বিরুদ্ধে মামলা করতে ভরসা পাচ্ছে না। এই পরিস্থিতিতে শিক্ষকদের বাঁচাবার জন্য সাময়িকভাবে অবসর গ্রহণের বয়স ৬৫বছর করবেন কি না?

**শ্রী কান্তি বিশ্বাস :** সরকার সমর্থক শিক্ষক সংগঠন কিনা জানি না, তবে কিছু প্রগতিশীল শিক্ষক সংগঠন আছে যারা মামলা না করার সিদ্ধান্ত নিয়েছেন। কারণ তাঁরা নীতিগতভাবে এটা মেনে নিয়েছেন।

**শ্রী সুমন্তকুমার হীরা :** [* * *]

**শ্রী কান্তি বিশ্বাস :** [* * *]

**শ্রী ধীরেন্দ্র নাথ সরকার :** [* * *]

---

**Note :** *** Expunged as ordered by the chair.

**মিঃ স্পিকার ঃ** হাউ ক্যান ইট বি ডিসকাশড ইন দি হাউস? এই নিয়ে কোনো প্রশ্ন অ্যালাওড হবে না। আগেকার প্রশ্নোত্তর এক্সপাঞ্জড হবে এবং এটাও বাদ যাবে। আই অ্যাম সরি ইট উইল নট বি অ্যালাওড।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই উনি সুযোগ-সুবিধার কথা বলেছেন, কলেজের অধ্যাপক এবং অধ্যাপিকারা অনেক বেশি সুযোগ-সুবিধা পান, তাঁদের ক্ষেত্রে ৬৫ বছরের সুযোগ দিলে এই প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে এই বৈষম্য থাকবে কেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** ১-৪-৮১ তারিখে যে সুযোগ-সুবিধা ছিল তার থেকে যে পরিমাণ বৃদ্ধি করা হয়েছে কলেজ শিক্ষকদের ক্ষেত্রে সেই পরিমাণে বৃদ্ধি করা হয়নি।

**শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** [**]

**মিঃ স্পিকার ঃ** আপনার সাপ্লিমেন্টারি হবে না, ওটা সাব-জুডিস, ওটা এক্সপাঞ্জড হবে।

**শ্রী নারায়ণদাস মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ভারতবর্ষের অন্য কোনো রাজ্যে শিক্ষকদের ৬৫ বছর পর্যন্ত এই রকম বয়স সীমা চাকরির ক্ষেত্রে আছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** ভারতবর্ষের কোনো রাজ্যে শিক্ষকদের বয়স সীমা ৬৫ বছর পর্যন্ত করা হয়নি।

**শ্রী অনিল মাখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কিছুক্ষণ আগে বললেন যে কয়েকটি সংগঠন মামলা করেছেন....

**মিঃ স্পিকার ঃ** মামলা হলে আমি অ্যালাও করব না।

**শ্রী অনিল মুখার্জি ঃ** আমার প্রশ্ন মামলা নিয়ে নয়। মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন হচ্ছে যারা মামলা করেছেন তাদের সংখ্যা.....

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাওড।

**যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা**

***১৪৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২৫৫।) **শ্রী সুব্রত মুখার্জি ও শ্রী কাশীনাথ মিশ্র ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বর্তমান অচল অবস্থা দূর করার জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি;

(খ) হয়ে থাকলে, তা কিরূপ;

(গ) ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪, ১৯৮৪-৮৫ ও ১৯৮৫-৮৬ সালে ঐ বিশ্ববিদ্যালয়ে ইন্টারন্যাল অডিটসহ সরকারি অডিট না হওয়ার কারণ কি;

(ঘ) নতুন উপাচার্য নিয়োগ ব্যাপারে আইনগত কোনো বাধা আছে কিনা; এবং

**Note : ***Expunged as ordered by the chair.**

(ঙ) বর্তমানে কোর্টের দশজন সদস্যপদের বৈধতা নিয়ে কোনো ট্রাইবুন্যাল গঠিত হয়েছে কি না?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

(ক) ও (খ) কোনো অচল অবস্থা সৃষ্টি হয়নি কলিকাতা হাইকোর্টের আদেশের সঙ্গে সঙ্গতি রেখে এবং ১৯৮১ সালের যাদবপুর বিশ্ববিদ্যালয় আইনের ৯(১) ধারা অনুযায়ী প্রফেসর শঙ্করকুমার সেনকে নতুন উপাচার্য পদে নিয়োগ করা হয়েছে এবং তিনি কার্যভার গ্রহণ করেছেন।

(গ) এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের মতামত নিম্নরূপ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের হিসাব বিভাগের কতিপয় অভিজ্ঞ ব্যক্তি একযোগে অন্যত্র চলে যাওয়ায় বেশ কিছু অসুবিধা দেখা দেয়। তাছাড়া উপযুক্ত সংখ্যক অফিসার না থাকায় হিসাব সংক্রান্ত কার্যবিধি যথাযথ সম্পাদিত হতে পারেনি। এমতাবস্থায় ১৯৮০-৮১ থেকে হিসাব পরীক্ষা সম্ভব হয়নি। ১৯৮৫-৮৬ সালের হিসাব আর্থিক বৎসরের শেষে তৈরি করা হবে।

(ঘ) না।

(ঙ) হ্যাঁ, গঠিত হয়েছিল এবং এই ট্রাইবুন্যাল তার রায় দিয়েছেন।

[1-20–1-30 P.M.]

**শ্রী সুব্রত মুখার্জি :** মন্ত্রী মহাশয় বললেন এই যে ১৯৮০-৮১ সাল থেকে ১৯৮৫-৮৬ সাল পর্যন্ত অডিট হওয়া সম্ভব হয়নি, তারজন্য তিনি অনেকগুলি কারণ দেখিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে এর মধ্যে গুরুত্বপূর্ণ কারণগুলি কি এবং ট্রাইবুন্যালের সদস্যদের নামগুলি বলতে পারবেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** অডিট সংক্রান্ত ব্যাপারে বিশ্ববিদ্যালয় যে রিপোর্ট দেয় তাতে দেখা গেছে অনেক বছর অডিট হয়নি। আমরা বিশ্ববিদ্যালয়ের দৃষ্টি আকর্ষণ করেছি যাতে সমস্ত বছরের অডিট তাড়াতাড়ি শেষ করতে পারেন।

**শ্রী সুব্রত মুখার্জি :** যে ১০ জন সদস্য নিয়ে ট্রাইবুন্যাল গঠিত হয়েছিল সেইসব সদস্যদের নাম বলতে পারেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** ওটা নোটিশ চাই।

**মিঃ স্পিকার :** ওটা কালকে এখানে পাঠিয়ে দেবেন।

**শ্রী শচীন সেন :** মন্ত্রী মহাশয় জবাব দেবেন কি যে, যে ১০ জন গ্র্যাজুয়েট কনস্টিটিয়েন্সি থেকে সদস্য নির্বাচন হয়েছিল তাদের নির্বাচনকে চ্যালেঞ্জ জানিয়েছিল বলে তাদের নির্বাচন অবৈধ বলে ঘোষণা করেছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** তাদের নির্বাচন বৈধ বলে ঘোষণা করেছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** এই যে অডিট হয় প্রতিটি আর্থিক বছরে এবং অডিট না হবার জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আর্থিক অনটন হয়েছিল এবং ইউ জি সি-র গ্র্যান্ট পেতে অসুবিধা হচ্ছে কি না?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** অডিট না হবার ফলে ইউ. জি. সি.র কাছ থেকে টাকা পেতে অসুবিধা দেখা দিয়েছে।

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ঐ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অচল অবস্থার সূত্রপাত যে হয়েছিল সেটা চাকুরি সংক্রান্ত ব্যাপার নিয়ে কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** বর্তমানে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে কোনো গণ্ডগোল নেই।

## রাজ্যের প্রাথমিক বিদ্যালয়ে শিশু শ্রেণী ও পঞ্চম শ্রেণীর সংযুক্তিকরণ

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৪।) **শ্রী মনোহর তিরকে ঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, এ রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিশু শ্রেণী ও পঞ্চম শ্রেণী কবে নাগাদ যুক্ত হবে বলে আশা করা যায়?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিশুশ্রেণী যুক্ত করার কোনো পরিকল্পনা বর্তমানে সরকারের নাই। জুনিয়র বেসিক বিদ্যালয়গুলিতে বর্তমানে পঞ্চম শ্রেণী রয়েছে। পঞ্চম শ্রেণীতে ভর্তির সমস্যা সমাধানকল্পে যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় প্রয়োজনীয় শিক্ষা ও গৃহের ব্যবস্থা থাকলে সেই সমস্ত প্রাথমিক বিদ্যালয় জেলা বিদ্যালয় পর্ষদের সভাপতি এবং জেলা পরিদর্শকের অনুমতি সাপেক্ষে পঞ্চম শ্রেণী যুক্ত করতে পারে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে শিশুদের শিক্ষার ব্যাপারে সরকার কি কোনো দায়িত্ব নিজের হাতে রাখেননি?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** আমাদের রাজ্যে প্রাথমিক স্তর থেকে শিক্ষার দায়িত্ব সরকার নিয়েছে, তবে কোনো কোনো জায়গায় যে সমস্ত বিদেশি প্রতিষ্ঠান আছে সেখানে তাদের দায়িত্বেই এটা আছে এবং প্রি-বেসিক স্কুল বলে আছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** প্রাইমারি স্টেজের এডুকেশনকে আমাদের কন্ট্রোলের মধ্যে আনার কোনো চেষ্টা নাই। দেখা যাচ্ছে এই শিশুদের এডুকেশন নিয়ে নানারকম ব্যবসায়ী প্রতিষ্ঠান শিক্ষা সংগঠন গড়ে উঠেছে। এটা কি সরকার অবগত আছেন? যাতে সঠিক পন্থায় যেটা আমরা চাই, যেভাবে আমরা শিক্ষার প্রসার করতে চাই সেইভাবে যাতে হয় তার জন্য সরকার কি কোনো কর্মসূচী নিয়েছেন?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** নতুন শিক্ষাবিজ্ঞান বলে আমরা এটা মনে করি যে, প্রাথমিক শিক্ষা ৬ বছরের পর থেকে বা ৫ বছর থেকে হওয়া উচিত এবং সেইভাবেই আমরা দায়িত্ব নিয়েছি। সামগ্রিকভাবে সরকারের যদি অর্থানুকূল্য থাকত বা সম্ভব হত তাহলে সেইভাবেই নেওয়া যেত। আমাদের সরকারের সেইভাবে সামর্থ নেই এবং নেওয়া সম্ভব নয়। এর জন্য যে সামাজিক প্রয়োজন আছে তাতে সব কিছুই এখনই নেওয়া সম্ভব নয়। যে সব ব্যবসায়ী প্রতিষ্ঠান এই সমস্ত করছে তারা আগামী দিনে ইংরাজি স্কুলে ভর্তির জন্যই করছে।

আমাদের সরকারের পক্ষ থেকে অন্য ডিপার্টমেন্ট—সোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট থেকে গ্রামে বাচ্ছাদের পুষ্টি প্রকল্পের মাধ্যমে আই. সি. ডি. এস.-এর মধ্য দিয়ে কিছুটা শিক্ষা দেবার ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রী সরল দেব ঃ** পঞ্চম স্তরে প্রাথমিক শিক্ষার সঙ্গে যুক্ত নয় কিন্ডার গার্ডেন। কিন্ডারগার্ডেন যুক্ত না থাকলে এত ব্যাঙের ছাতার মতো তারা ফলাও কারবার চালাচ্ছে কি করে এবং এই বেআইনি কারবার বন্ধ করবার ব্যবস্থা আপনি করবেন কি?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** আমাদের দেশে যে সংবিধান আছে সেই সংবিধান অনুসারে এই ধরনের ইন্সটিটিউশন খোলার ক্ষেত্রে আমাদের কোনো বাধা সৃষ্টি করার মতো অধিকার নেই।

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minister of State-in-Charge of Primary Education be pleased to state as to how the Students will be trained under Government scheme to Primary Education and what language will be talked or alphabets learnt under Government supervision and Govenment scheme?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** বর্তমানে প্রাথমিক স্তরে আমরা যে সিলেবাস করেছি তাতে প্রথম অক্ষর বর্ণ পরিচয় শিখবে ৬ বছর থেকে এবং সেইভাবেই বই-এর ব্যবস্থা করা হয়েছে। ছেলেদের ৬ বছর বয়স আসার আগেই তাদের বর্ণ পরিচয় কিছু আছে বলে আমরা মনে করি না।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** পঞ্চম শ্রেণী খোলার ব্যাপারে চালু বিদ্যালয় তাদের অনুমতি সাপেক্ষে—আপনি কি বলবেন কোনো কোনো বিষয়গুলি পূরণ হলে চালু বিদ্যালয় পরিদর্শক অনুমতি দেবেন, এই রকম কোনো নির্দেশ আছে কি, না তাদের খেয়ালখুশির উপর সেটা নির্ভর করছে?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** এই বিষয়ে আমাদের সুনির্দিষ্টভাবে আদেশ আছে, যে বিদ্যালয়ে ছাত্র ভর্তির জন্য প্রয়োজন হবে সেখানে সঙ্গে সঙ্গে পঞ্চম শ্রেণী খুলবে। তবে সেখানে গৃহ শিক্ষক যথেষ্ট পরিমাণে আছে, একটা শ্রেণী বাড়তি হলেও সেখানে নতুন করে খরচ দিতে হবে না, এই অবস্থাটা বুঝে নিয়ে স্কুল বোর্ড, মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, জেলাপরিষদের সভাধিপতি, ডি. এম. ইত্যাদি এদের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেবেন।

**শ্রী অনিল মুখার্জি ঃ** কিন্ডারগার্ডেন প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত যদি কোনো প্রাইমারি স্কুলে হয় তাহলে সেই কিন্ডারগার্ডে রাখাটা কি আইনসঙ্গত হবে?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** না, এটা আইন সিদ্ধ নয়। কোনো প্রাইমারি বিদ্যালয় এই রকম কিন্ডারগার্ডেন স্কুল খুললে আমাদের নজরে এলে আমরা সেই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করব।

**হাওড়া ডুমুড়জলায় মহেশচন্দ্র ভট্টাচার্য কলেজ নির্মাণ**

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৫।) **শ্রী অশোক রায় ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া ডুমুড়জলায় মহেশচন্দ্র ভট্টাচার্য কলেজটির নির্মাণকার্য কতটা সম্পন্ন হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে, বর্তমানে উক্ত কার্য বন্ধ আছে; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** (ক), (খ) ও (গ) শিক্ষাবিভাগ "মহেশচন্দ্র ভট্টাচার্য কলেজ" নামে কোনো কলেজ স্থাপনে অনুমোদন দেয় নাই।

সুতরাং অন্য প্রশ্ন আসে না।

[1-30–1-40 P.M.]

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, মহেশচন্দ্র ভট্টাচার্য, এই নামে কোনো ডিগ্রি কলেজের কোনো পরিকল্পনা আছে কিনা হাওড়ার ঐ এলাকাতে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** শিক্ষা দপ্তরে এরকম কোনো পরিকল্পনা পায়নি।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ৭ম যোজনায় ঐ এলাকায় বা হাওড়া জেলাতে কোনো ডিগ্রি কলেজ করার কোনো পরিকল্পনা আছে কি না?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** আমার মনে হয় এই প্রশ্ন থেকে এই অতিরিক্ত প্রশ্ন ওঠে না।

**উলুবেড়িয়া পশু হাসপাতালের ক্ষতিগ্রস্ত বাউন্ডারি দেওয়ালের পুনর্নির্মাণ**

***১৪৬।** (অনুমোদিত প্রশ্ন·নং *৫০৯।) **শ্রী রাজকুমার মণ্ডল ঃ** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ১৯৭৮ সালের বন্যায় উলুবেড়িয়া পশু হাসপাতালের ক্ষতিগ্রস্ত বাউন্ডারি দেওয়াল আজ পর্যন্ত পুনর্নির্মাণ করা হয় নাই;

(খ) অবগত থাকিলে, উক্ত দেওয়াল পুনর্নির্মাণের জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা; এবং

(গ) গ্রহণ করা হইয়া থাকিলে, কবে নাগাদ উহার কাজ শুরু হইবে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ**

(ক) হ্যাঁ।

(খ) উক্ত দেওয়াল পুনর্নির্মাণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(গ) আশা করা যাইতেছে যে আগামী আর্থিক বৎসরে নির্মাণ কার্য শুরু করা হইবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** যদিও দেওয়াল নির্মাণের সঙ্গে আমার প্রশ্নটা রিলেটেড নয়, তবুও মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, তিনি জানেন, রিন্ডারপেস্ট মড়কের আকারে দেখা দিয়েছে—এ সম্পর্কে তিনি কোনো বক্তব্য রাখবেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়ের অনুমতি নিয়ে জানাচ্ছি যে আগামীকাল রাইটার্স-এর রোটান্ডায় একটি বিশেষ অধিবেশন ডেকেছি। তাতে ভারত সরকারের অ্যানিমাল হাসবেন্ড্রি বিভাগকে আমন্ত্রণ করেছি, আই. সি. এ. আর-এর ম্যানেজিং ডিরেক্টারকে আমন্ত্রণ করেছি এবং আমাদের পশ্চিমবাংলায় রিন্ডার পেস্টের যে সমস্ত চেকপোস্ট আছে তার অফিসারদের ডেকেছি। এটা খুবই দুঃখের কথা যে আমাদের ভারতবর্ষে রিন্ডারপেস্ট আছে। রিন্ডারপেস্ট জার্মান কথা—রিন্ডার মানে হচ্ছে অ্যানিম্যাল এবং পেস্ট হচ্ছে প্লেগ। আমাদের দেশিয় ভাষায় এটাকে বলা হয় গুটি বসন্ত। গুটি বসন্ত হয়েছে। বিহার থেকে যে পশু আসছে - গরু এবং মোষ এবং ইউ. পি. থেকে যে পশু আসছে বেআইনিভাবে চালান হয় তার ফলে পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় বিশেষ করে বর্ধমান, পুরুলিয়া, বীরভূম এবং ওয়েস্টদিনাজপুর ও মুর্শিদাবাদের খানিকটা অংশে প্রায় ৭শো পশু এতে মারা গিয়েছে। আমাদের যথেষ্ট ভ্যাকসিন আছে, আমরা ভ্যাকসিন দিচ্ছি। আমরা ভ্যাকসিন সম্বন্ধে বিশেষজ্ঞদের কাছ থেকে অভিমত নিতে চাই। ডাঃ আবেদিন ডাক্তার মানুষ, যদিও তিনি পশুর ডাক্তার নন, তিনি আমার কথাটা বুঝতে পারবেন। গোট টিস্যু ভ্যাকসিন বলে একটা ভ্যাকসিন আছে। আমরা এটা তৈরি করি, আগেও তৈরি হত। সম্ভবত টিস্যু কালচার ভ্যাকসিন সবচেয়ে উপযোগী বলে শোনা যাচ্ছে। আবার এও শোনা যাচ্ছে যে অ্যান্টি রিন্ডারপেস্ট সিরাম—এটাও নাকি খুব উপযোগী সিরাম। যাইহোক কোন সিরাম সবচেয়ে উপযোগী এবং কেন্দ্রীয় সরকার কত টাকা এরজন্য দেবেন সেটা জানবার জন্য কেন্দ্রীয় কৃষি মন্ত্রণালয়ে লিখেছি। তারা নিশ্চয় আসবেন। মিটিং-এর ফলাফল মাননীয় স্পিকার মহাশয় যদি অনুমতি দেন আমি পরশুদিন জানিয়ে দেব।

### শ্রীরামপুর "কলেজ অব টেক্সটাইল টেকনোলজি'তে শর্ট কোর্স পুনরায় চালু

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০৩।) **শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলি জেলার অন্তর্গত শ্রীরামপুরে "কলেজ অব টেক্সটাইল টেকনোলজি"তে ১৯৭৮ সাল হইতে মহিলাদের শর্ট কোর্স (দুই বৎসরের) বালক বিভাগের আর্টিজান কোর্স (এক বৎসরের) এবং বালক বিভাগের অপারেটিভ কোর্স (ছয় মাসের) বন্ধ আছে;

(খ) সত্য হইলে, উক্ত কোর্সগুলি চালু করিবার জন্য ১৯৮০ সালে উক্ত কলেজের গভর্নিং বডি কোনোও সিদ্ধান্ত লইয়াছিলেন কি না;

(গ) লইয়া থাকিলে, তাহা কার্যকর না হইবার কারণ কি; এবং

(ঘ) উক্ত শর্ট কোর্সগুলি পুনরায় চালু করিবার কোনোও পরিকল্পনা আছে কি না?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) হ্যাঁ।

(খ) উক্ত কোর্সগুলি চালু করার জন্য কলেজের গভর্নিং বডির সুপারিশ ছিল;

(গ) চাকুরির ক্ষেত্রে কোনো সুয়োগ না থাকায় কোর্সগুলি ছাত্রদের কাছে আকর্ষণ হারায়। সেইজন্য পুনরায় কার্যকর করা হয়নি।

(ঘ) না।

**শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, এই শর্ট কোর্সগুলি অতীতে যখন চালু ছিল, ওখানে যারা শিক্ষা লাভ করত তারা সার্টিফিকেট পেত এবং ঐ সার্টিফিকেট বলে তারা বিভিন্ন জায়গায় চাকরি পেত। আজকে যখন অ্যাকিউট আন-এমপ্লয়মেন্ট প্রবলেম চলছে। সেই সময় এই হ্যান্ডলুম, পাওয়ার লুম, টেক্সটাইল টেকনোলজির এই সার্টিফিকেট কোর্সের শিক্ষা থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে কেন? যদিও ১৯৮০ সালে দি দেন গভর্নিং বডি আবেদন করেছিল সরকারের কাছে যাতে এই কোর্স আবার চালু করা হয়, তা সত্ত্বেও এটা করা হচ্ছে না কেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** এই সব সার্টিফিকেট কোর্সগুলোর আগে চাকরির ক্ষেত্রে একটা দাম ছিল। পরবর্তীকালে চাকরির ক্ষেত্রে সার্টিফিকেট কোর্সগুলির আর কোনো দাম নেই। বর্তমানে টেক্সটাইল কলেজে সুযোগ পেতে গেলে জয়েন্ট এন্ট্রান্সের মাধ্যমে আসতে হয়। যার ফলে ঐ সার্টিফিকেট কোর্সের চাকরির ক্ষেত্রে কোনো মূল্য নেই। সেই জন্য এই সার্টিফিকেট কোর্স পুনরায় চালু করার কথা আর বিবেচনা করা হচ্ছে না।

**শ্রী অরুণকুমার গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, এই কোর্স যখন চালু ছিল, তখন যে সব স্টাফ নিয়োগ করা হয়েছিল, তারা কি বসে বসে মাইনে পাচ্ছে এবং যে বাড়িটা ভাড়া নেওয়া হয়েছিল, সেটা কি ভাড়া দিয়ে ফেলে রাখা হয়েছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** যে বাড়িটা সরকার ভাড়া নিয়েছিলেন, সেটাকে সরকার চেষ্টা করছেন অন্য কোনোও শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা যায় কি না। স্টাফ সম্পর্কে যে প্রশ্ন করলেন, এই ব্যাপারে নোটিশ চাই।

**শিলিগুড়িতে অতিরিক্ত জেলা গ্রন্থাগার স্থাপন**

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৬।) **শ্রী হিমাংশু কুঙর ঃ** (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দার্জিলিং জেলার শিলিগুড়িতে যে অতিরিক্ত জেলা গ্রন্থাগার স্থাপিত হইবার প্রস্তাব ছিল তাহা আরম্ভ হইয়াছে কি; এবং

(খ) (১) আরম্ভ হইলে, কত দিনে তাহা সম্পন্ন হইবে এবং (২) ঐ বাবদ কত টাকা ধার্য আছে?

**শ্রীমতী ছায়া বেরা ঃ**

(ক) হ্যাঁ, আরম্ভ হইয়াছে।

(খ) ১) নির্দিষ্ট করিয়া বলা সম্ভব নয়।

২) এই আর্থিক বছরে গ্রন্থাগারের ভবন নির্মাণের কাজ আরম্ভ করিবার জন্য ৮ লক্ষ ৪৩ হাজার টাকা মঞ্জুর করা হইয়াছে।

**শ্রী হিমাংশু কুণ্ডর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়া কি জানাবেন, অন্যান্য কোনো কোনো জেলায় অতিরিক্ত জেলা গ্রন্থাগার হওয়ার প্রস্তাব আছে?

**শ্রীমতী ছায়া বেরা ঃ** আপাতত যেটা দুর্গাপুরে একটা করবার প্রস্তাব রয়েছে, শুধু প্রস্তাব নয়, সেটা আরম্ভও হয়েছে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়া জানাবেন কি, এই অতিরিক্ত জেলা গ্রন্থাগার-এর যে স্কীম কেন্দ্রীয় সরকারের আছে ২০ দফা কর্মসুচীর মধ্যে, এই ব্যাপারে যে সমস্ত জায়গায় গ্রন্থাগার নেই, সেই সমস্ত জায়গায় করছেন কি না, কেন্দ্রীয় সরকারের এই স্কীম অনুযায়ী?

**শ্রীমতী ছায়া রেবা ঃ** কেন্দ্রীয় সরকার এই ধরণের কোনো স্কীম রাজ্য সরকারের কাছে পাঠাননি। সুতরাং এই বিষয়ে আমাদের জানা নেই।

**১৯৮৪-৮৫ সালে শিক্ষাখাতে কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থ**

***১৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮০।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৪-৮৫ সালের আর্থিক বছরে শিক্ষা খাতে কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ছিল;

(খ) উক্ত টাকার সম্পূর্ণ অংশ পাওয়া গিয়েছিল কিনা; এবং

(গ) ঐ প্রাপ্ত টাকার কোনো অংশ কাজে না লাগানোর জন্য ফেরত গিয়েছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক), (খ) ও (গ) ঃ বিষয়টি কেন্দ্রীয় সরকারের শিক্ষামন্ত্রী বর্তমানে মানবিক সম্পদ উন্নয়ন বিভাগের মন্ত্রীমহোদয় এই প্রশ্নের জবাব দেওয়ার অধিকারী।

[1-40–1-50 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, প্রশ্নটি একটু ভাল করে দেখুন। এখানে জানতে চাওয়া হয়েছে কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থ বলতে আমাদের সরকারের সঙ্গে সম্পর্ককৃত অর্থের পরিমাণ কত ছিল, অর্থাৎ কত দেবার কথা ছিল এবং সত্যি সত্যি কত দিয়েছেন? এ সম্পর্কে আপনার কাছে কোনো খবর থাকলে তা আমাদের জানান।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** স্পিকার স্যার, এখানে প্রশ্নটি করা হয়েছে, "১৯৮৪-৮৫ সালের আর্থিক বছরে শিক্ষাখাতে কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ছিল?"

**মিঃ স্পিকার ঃ** সেটা আপনি কি করে বলবেন? আপনার সে ক্ষমতা নেই, সেটা কেন্দ্রীয় সরকার বলতে পারেন। আমাকে দেখতে হবে...how to this question is allowed?

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্যার, আমি যেটা জানতে চেয়েছি অতিরিক্ত প্রশ্নের মাধ্যমে সেটা হচ্ছে, এই সময়ের মধ্যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে রাজ্য সরকারকে শিক্ষা খাতে কত

টাকা দেওয়্যার কথা ছিল এবং কত টাকা দিয়েছেন।

**মিঃ স্পিকার ঃ** মূল প্রশ্নটি তা নয়। আপনি প্রশ্নটি দেখুন, ...That question is not for here. How the question is allowed.

এটা দেখা দরকার। কারণ কেন্দ্রীয় সরকারের কত টাকা বরাদ্দ ছিল, তা রাজ্য সরকার কিভাবে বলবেন?

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্যার, আমাদের রাজ্যকে অ্যাকচুয়ালি ঐ বছর কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছেন, সেটাই আমি জানতে চাইছি? এবং তার মধ্যে কত টাকা খরচ হয়েছে?

**মিঃ স্পিকার ঃ** মিঃ বিশ্বাস, কত টাকা পেয়েছেন তা বলতে পারবেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** স্যার, প্রথম কথা হচ্ছে, কেন্দ্রীয় সরকার সরাসরি দু'একটা প্রকল্প ছাড়া প্রাথমিক, মাধ্যমিক ও লাইব্রেরি শিক্ষার জন্য কোনো টাকা দেন না। দ্বিতীয় কথা হচ্ছে, মাননীয় সদস্য যে বছরটির কথা উল্লেখ করলেন সেই বছরের জন্য কেন্দ্রীয় সরকারের শিক্ষাখাতে বরাদ্দ ছিল ৪২১ কোটি টাকা, আর আমাদের রাজ্য সরকারের বরাদ্দ ছিল ৪৮০ কোটি টাকা। ফলে মাননীয় সদস্যরা নিশ্চয়ই বুঝতে পারছেন যে, রাজ্য সরকারগুলিকে শিক্ষা খাতে সাহায্য করার কোনো ক্ষমতাই কেন্দ্রীয় সরকারের ছিল না। তা সত্ত্বেও তাঁরা রাজ্যের প্রাথমিক স্তরের মহিলা শিক্ষিকাদের জন্য ৪২ লক্ষ ২৮ হাজার টাকা বরাদ্দ করেছিলেন এবং সেটা আমরা খরচ করেছি। ঐ বছর বিধিবদ্ধ শিক্ষার জন্য কেন্দ্রীয় সরকারের মোট বরাদ্দ ধার্য ছিল ১ কোটি ৩০ লক্ষ ৭০ হাজার টাকা, আর আমরা ঐ বছরই বিধিবদ্ধ শিক্ষার জন্য ২ কোটি ৩৯ লক্ষ টাকা খরচ করেছি। অতএব তাঁরা যে সামান্য টাকা দিয়েছিলেন তা নিয়ে কোনো প্রশ্নই উঠতে পারে না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** যে স্কুল বাড়িগুলি ভেঙে যাচ্ছে সেগুলি মেরামত করার জন্য গত কয়েক বছর ধরেই কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতি দিচ্ছিলেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন আগামী ৩১শে মার্চ যে আর্থিক বছর শেষ হয়ে যাচ্ছে এর মধ্যে আপনি এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঐ বাবদ কোনো টাকা-পয়সা পেয়েছেন বা পাবেন কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** কেন্দ্রীয় সরকার সরাসরি আমাদের স্কুল বাড়ি নির্মাণের জন্য কোনো টাকা দেন না। ৮ম, অর্থ কমিশনের সামনে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে আমরা যে স্মারকলিপি পেশ করেছিলাম তাতে আমরা ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের প্রাপ্য ৪৯ কোটি টাকা ব্যয় করবার অনুমতি চেয়েছিলাম এবং সেই টাকা কিভাবে ব্যয় করব তার পরিকাঠামোও আমরা জমা দিয়েছিলাম। সৌভাগ্যের কথা তাঁরা কিছুদিন আগে সেটা অনুমোদন দেবেন বলেছেন এবং ১৫ই মার্চের আগে অনুমোদন দেবেন। তাই যদি হয় তাহলে আগামী ১৪ দিনের মধ্যে নিশ্চয়ই ১১০০ বিদ্যালয় গঠন করা সম্ভব নয়। সে কথা চিন্তা করে ওঁরা আরও বলে দিয়েছেন, 'বর্তমান আর্থিক বছরের আর ১৪/১৫ দিন থাকছে, অতএব ওটা ল্যাপ্স হবে না, পরবর্তী বছরে খরচ করতে পারবেন।' কিন্তু এই টাকা দিল্লি সরকারের দেয় টাকা নয়, বা তাঁরা দেন না। ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে থেকেই এই টাকাটা তাঁরা আমাদের এই বাবদ খরচ করবার অনুমতি দিয়েছেন।

**প্রাথমিক বিদ্যালয়ে স্নাতক শিক্ষকদের বেতন**

***১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৫০২।) শ্রী শীশ মহম্মদ ঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের প্রাথমিক বিদ্যালয়ে যেসকল বি এ, বি কম অথবা বি এস সি পাস ব্যক্তি শিক্ষকতা করছেন তাঁদের যোগ্যতা ও সম্মানজনক ভিত্তিতে বেতন দেওয়ার কথা সরকার ভাবছেন কি না;

(খ) 'ক' প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে, কত দিনের মধ্যে ঐ চিন্তাধারা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়; এবং

(গ) প্রাথমিক বিদ্যালয়ের স্নাতক শিক্ষকদের মাধ্যমিক বিদ্যালয়ে বদলি করে নিয়ে যাওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ**

(ক) "না"—কারণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, স্কুল ফাইনাল। মাধ্যমিক, ম্যাট্রিক বা তৎ সমতুল্য এবং তপসিল উপজাতিদের ক্ষেত্রে অষ্টম শ্রেণী পাস।

(খ) কোনো প্রশ্নই ওঠে না।

(গ) না।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, এইসব বি. এ, বি. কম. বি. এস. সি. পাস করা শিক্ষকেরা প্রাথমিক বিদ্যালয়ে ঢুকলেন কি করে?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** যখন শিক্ষক নিয়োগের জন্য ইন্টারভিউ ডাকা হয় তখন ওনারা দরখাস্তে কেবলমাত্র ম্যাট্রিক পাস দেখান। তখন তাদের স্কুল ফাইনাল যোগ্যতা অনুসারেই নেওয়া হয়েছিল। বি. এ., বি. এস. সি. কিম্বা বি. কম. বাড়তি যোগ্যতা অনুসারে ঢোকানো হয়নি।

**শ্রী দেবরঞ্জন সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের সময় বেসিক ট্রেনিং পাশ কিম্বা বি. টি. পাস এইসব ব্যক্তিদের অগ্রাধিকার দিয়ে অর্থাৎ তাদের মধ্য থেকে বেশি সংখ্যক শিক্ষক নিয়োগ করা সম্পর্কে কোনো নিয়মনীতি গ্রহণ করেছেন কি?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** এ ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হয় এবং সেইভাবে নির্দেশ আছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, বি. এ., বি. এস. সি. পাস যারা প্রাথমিক বিদ্যালয়ে ঢুকল তাদের ইন্টারভিউ বোর্ড জেনেশুনেই নিচ্ছে যদিও তারা বি. এ., বি. এস. সি. পাস সার্টিফিকেট দিচ্ছে না। যেসব স্কুলে গ্রাজুয়েট টিচার পোস্ট খালি আছে সেইসব স্কুলে ডি. আই. এদের নামগুলি দেয় না। এইসব ক্ষেত্রে এইসব মাস্টারমশাইদের দেওয়ার সম্ভাবনা আছে কি?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** মাধ্যমিক বিদ্যালয়ে অ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে যে নিয়মনীতি আছে সেটা হচ্ছে ম্যানেজিং কমিটি বিদ্যালয় পরিদর্শকের কাছে কোন কোন পোস্ট আছে, কি কোয়ালিফিকেশন অনুসারে পোস্ট আছে সেটা জানায় এবং তার ভিত্তিতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম নিয়ে তারপর তাদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়। সুতরাং এই সুযোগ সেখানে নেই।

**শ্রী নিরঞ্জন মুখার্জি ঃ** প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বেসিক ট্রেনিং টিচার্স ট্রেনিং বাধ্যতামূলক করা হবে কি না?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** আমরা এখনও সেটা করিনি, বাধ্যতামূলক নয়। তবে আমাদের একটা নীতি আছে, শতকরা ৬০ ভাগের মতন শিক্ষক নরম্যাল-ভ্যাকেন্সি যেটা হয়েছে ট্রেন্ড-টিচার নিতে হবে এইরকম নিয়ম আছে।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন বি.এ., বি.এস.সি., এম.এ., এম. এ. বি. টি. এদের নেওয়ার প্রভিসন নেই। যারা মাট্রিক পাস অর্থাৎ যাদের আইন অনুযায়ী নেওয়া হল তারা যদি কোয়ালিফিকেশন বাড়ায় চাকরিতে ঢোকার পর তাহলে সেই কোয়ালিফিকেশন অনুযায়ী তারা মাহিনা পাবে কি?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** না, এই ধরনের নিয়ম নেই। নিজেদের শিক্ষাগত যোগ্যতা যাঁরা বাড়ান তাঁরা কোনো বাড়তি বেতন পান না।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** শিক্ষক নিয়োগের সময় ইন্টারভিউর ক্ষেত্রে তাঁরা ন্যূনতম যোগ্যতার কথা উল্লেখ করেন, অন্য যোগ্যতার কথা প্রকাশ করেন না অর্থাৎ তথ্য সেখানে গোপন করা হয়। এই তথ্য গোপন করার ব্যাপারটা যদি প্রকাশ পায় অর্থাৎ সাপ্রেসান অফ ফ্যাক্টস এই সম্পর্কে সরকার তাদের ক্ষেত্রে কোনো ব্যবস্থার কথা ভেবেছেন কি?

**শ্রী মহম্মদ আব্দুল বারি ঃ** এটা ঠিক সাপ্রেসান অফ ফ্যাক্টস নয়, যদি কোয়ালিফিকেশন কেউ গোপন করে তাতে শাস্তি দেওয়ার কি আছে।

## Income and expenditure of Haringhata Milk Dairy

***153.** (Admitted Question No. *623.) **Shri Anil Mukherjee :** Will the Minister-in-charge of the Dairy Development Department be pleased to state–

(a) the total income and expenditure in Haringhata Milk Dairy per annum; and

(b) the total income and expenditure per annum in the commercial production and sale of chocolate, toffee, protein biscuit and sterilise flavoured milk?

[1-50–2-00 P.M.]

**Shri Amritendu Mukherjee :** (a) The total income and expen-

diture in Haringhata Milk Dairy per annum is as follows : –

| **Income :** | **Expenditure :** |
|---|---|
| Rs. 121.39 lakhs (Rupees One crore twenty one lakh thirty nine thousand) only | Rs. 653.67 lakhs (Rupees Six crores fifty three lakhs sixty seven thousand) only. |

(b) The total incoem and expenditure per annum in the said account is as follows : –

| **Income :** | **Expenditure :** |
|---|---|
| Rs. 0.12 lakhs (Rupees Twelve thousand) only. | Rs. 0.84 lakhs (Rupees Eighty four thousand) only. |

This scheme was taken up on an experimental basis and we are running with some losses. But I think if it can be taken up commercially then it can be viable.

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের কাছে বললেন যে টোটাল ইনকাম হয়েছে হরিণঘাটা মিল্ক ডেয়ারি থেকে ১২১.৩৯ লক্ষ টাকা এবং খরচ হয়েছে ৬ কোটির উপর, এখন দেখা যাচ্ছে যে, এই যে ৫ কোটির উপর লস হচ্ছে এখানে, আবার অন্য জায়গাতেও ঠিক এই রকম ১২ হাজার টাকা ইনকাম হয়েছে এবং ৮৪ হাজার খরচা হচ্ছে। কাজেই উভয় ক্ষেত্রেই এই যে লোকসান দিয়ে চালানো হচ্ছে এটার কারণ কি এবং সরকার এইগুলির ক্ষতিপূরণের জন্য কোনো ব্যবস্থা নিচ্ছেন কি না?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন। এটা আমাদের ঠিক কমার্সিয়াল স্কীম নয়। এটা সোশ্যাল ওয়েলফেয়ার স্কীম। শিশুদের দুধ দেওয়া হবে, হাসপাতালে দুধ দেওয়া হবে, এবং অন্যান্য ক্ষেত্রে যারা অপুষ্টিতে ভোগে তাদের দুধ সরবরাহ করা হবে। এটা সমাজকল্যাণমূলক প্রকল্প হিসাবে আমরা দেখি। সুতরাং হরিণঘাটা ডেয়ারি লস বলে মনে হচ্ছে। যে গরুর দুধ আমরা দিই সেই গরুর দুধ তৈরি করতে প্রসেসিং কস্ট পড়ে ৫.৩১ টাকা পার লিটার। বিক্রি করি ৪.৫০ টাকা পার লিটার, সেখানে ৮১ পয়সা পার লিটারে গভর্নমেন্টকে সাবসিডি দিতে হচ্ছে।

টোন্ড মিল্কের প্রসেসিং কস্ট পড়ছে ৪ টাকা ৮০ পয়সা পার লিটার, বিক্রি হচ্ছে পার লিটার ২.৭০ টাকা দরে। এক্ষেত্রে সাব-সিডি দিতে হচ্ছে পার লিটার ২ টাকা ১১ পয়সা। ডবল টোন্ড মিল্ক তৈরির খরচ পড়ছে পার লিটার ৪ টাকা ৪৭ পয়সা সাবসিডি দিতে হচ্ছে। কিন্তু বিক্রি হচ্ছে ১ টাকা ৮০ পয়সা লিটার দরে। এক্ষেত্রে পার লিটার ২ টাকা ৬৭ পয়সা সাব-সিডি দিতে হচ্ছে। এই কারণেই লস হচ্ছে। তবে এটা লস নয়, কারণ এটা সমাজকল্যাণমূলক প্রকল্প।

**শ্রী অনিল মুখার্জি ঃ** তাহলে লস যা হচ্ছে সেটা সাবসিডির কারণেই হচ্ছে। দেখা যাচ্ছে, পার লিটার ৩ টাকা মতো সাবসিডি দিচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, হরিণঘাটা ছাড়া এই ধরনের সাবসিডি মাদার ডেয়ারি এবং অন্যান্য রাজ্যগুলিও কি এক্ষেত্রে দিয়ে থাকেন?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি** ঃ এটার সঠিক উত্তর দিতে গেলে আমাকে তথ্য জানতে হবে। তবে সম্প্রতি দিল্লি গিয়ে সেখানকার কেন্দ্রীয় সরকারের ডেয়ারি পরিদর্শন করে এসেছি। সেখানে দেখেছি, আমাদের যেটা টোন্ড মিল্ক হিসাবে বিক্রি হচ্ছে এবং যার মান হচ্ছে ৩ পার্সেন্ট ফ্যাট এবং ৮ পার্সেন্ট এস. এল. এম. — সেটা সেখানে স্ট্যান্ডার্ড মিল্ক হিসাবে অনেক বেশি দামে বিক্রি হচ্ছে। মহারাষ্ট্রেও অনেক বেশি দরে এই দুধ বিক্রি হচ্ছে। একমাত্র পশ্চিমবঙ্গে আমরাই সবথেকে কম দরে দুধ বিক্রি করি এবং অন্য রাজ্যে বা জায়গায় কোনো সাবসিডিও দেওয়া হয় না। দিলেও সামান্য হয়ত দিয়ে থাকে, তবে কতটা দেয় জানি না। ডানকুনির মাদার ডেয়ারিও কমার্সিয়ালি চালানো হচ্ছে, সেখানেও সাবসিডি দেওয়া হয় না এবং সেখানকার দুধের দামও বেশি। চকলেট নিয়ে আমরা পরীক্ষামূলক গবেষণা করছি। তবে আমার মনে হয়, কমার্সিয়ালি বেসিসে পারলে এতে কিছুটা লাভ হতে পারে। তবে লাভ না হলেও না লাভ, না লোকসান অবস্থায় এটা এসে যাবে।

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ শ্রদ্ধেয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—হরিণঘাটা প্রকল্প জনকল্যাণমূলক একটা রুগ্ন শিশু বলে আপনি ব্যক্ত করে এর মুখ্য উদ্দেশ্য ব্যবসা নয় বলে যা বললেন, এই উদ্দেশ্যগুলি মুখ্যত কখন গৃহীত হয়েছিল এবং কখন থেকে এটা কার্যকর হয়েছিল?

**শ্রী অমৃতেন্দ্র মুখার্জি** ঃ আপনি পুরানো সদস্য হলেও আমার থেকে বয়স অনেক কম। এল. কেসি যখন অবিভক্ত বাংলার গভর্নর ছিলেন তখন সামরিক নির্দেশে এই হরিণঘাটাকে অধিগ্রহণ করা হয়। সামরিক প্রয়োজনে এল. কেসি ঠিক করেছিলেন যে, ওখানে গরু পালন করা হবে এবং দুগ্ধ উৎপাদন করা হবে। পরবর্তীকালে দেশ স্বাধীন হবার পর ডাঃ বি. সি. রায় বললেন যে হসপিটাল ছাড়া অন্য জায়গায় দুধ দেওয়া হবে না। পরবর্তীকালে অবশ্য এর কিছু পরিবর্তন হয়েছিল। পরে আমরা এসে অনেক জায়গায় এই দুধ দিচ্ছি। গ্রাম-গঞ্জে, এমন কি হলদিয়াতে পর্যন্ত দুধ সরবরাহ করছি।

[2-00–2-10 P.M.]

**শ্রী সত্যপদ ভট্টাচার্য** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, হরিণঘাটার দুধ খায় কলিকাতার লোক এবং তার জন্য ৬ কোটি টাকা সাবসিডি দেবে পশ্চিমবাংলার যাবতীয় জনসাধারণ, এতে জনকল্যাণ হচ্ছে না জন অকল্যাণ হচ্ছে?

**শ্রী অমৃতেন্দ্র মুখার্জি** ঃ ঠিক এইভাবে এই জিনিসটাকে দেখবেন না, মাননীয় সদস্যকে এই ব্যাপারে একটু বিবেচনা করতে বলছি। এই দুধ শুধু কলিকাতার লোককে সরবরাহ করা হচ্ছে না। কলিকাতার হাসপাতালে যে সমস্ত রোগী আসে তারা নানা জায়গা থেকে আসে এবং তাদেরও দুধ সরবরাহ করা হয়। এ ছাড়া কলিকাতার বাইরেও দেওয়া হয়। আপনি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছেন সেখানে এবং সেই জেলায় আমরা দুধ সরবরাহ করছি।

## Starred Question
## (to which written answers were laid on the Table.)

### রাজ্য ক্রীড়া পর্ষদ ও জেলা ক্রীড়া পর্ষদ গঠন

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩।) **শ্রী নটবর বাগদী** ঃ ক্রীড়া ও যুবকল্যাণ

বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য ক্রীড়া পর্ষদ ও জেলা ক্রীড়া পর্ষদ গঠন কিভাবে করা হয়;

(খ) জেলা ক্রীড়া পর্ষদের কোনো মতামত রাজ্য ক্রীড়া পর্ষদ গ্রহণ করেন কি না; এবং

(গ) (১) খেলাধূলার ব্যাপারে জেলা পর্ষদগুলোর এ পর্যন্ত কতটা অগ্রগতি হয়েছে; এবং (২) জেলা পর্ষদগুলোকে পরিচালনার জন্যে রাজ্য পর্ষদ থেকে কোনো নির্দেশ দেওয়া হয় কি না?

**The Minister of State-in-Charge of youth Services and Sports branch of Education Department : –**

(ক) সরকারি সিদ্ধান্তের মাধ্যমে রাজ্য ক্রীড়া পর্ষদ ও জেলা ক্রীড়া পর্ষদ গঠন করা হয়।

(খ) জেলা ক্রীড়া পর্ষদের যুক্তিপূর্ণ এবং গ্রহণমূলক মতামত রাজ্য ক্রীড়া পর্ষদ গ্রহণ করেন।

(ক) (১) জেলা ক্রীড়া পর্ষদ গঠিত হবার পর জেলা স্তরে খেলাধূলার অগ্রগতির ব্যাপারে দায়িত্ব তাঁদের হাতে দেওয়া হয়েছে এবং বিভিন্ন জেলার আবাসিক ও অনাবাসিক প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে খেলাধূলার অগ্রগতির প্রচেষ্টা অব্যাহত আছে।

(২) সরকারি সিদ্ধান্তেই জেলা পর্ষদগুলোর পরিচালনার কথা বলা হয়েছে। তবে প্রয়োজন বিশেষে রাজ্য ক্রীড়া পর্ষদ থেকে জেলা ক্রীড়া পর্ষদগুলোকে উপযুক্ত নির্দেশ দেওয়া হয়।

**আদিবাসী এলাকায় স্বল্পসাক্ষরজ্ঞান জনগণের জন্য গ্রন্থাগার**

***১৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৪১।) **শ্রী রামপদ মাণ্ডি ঃ** শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, আদিবাসী এলাকায় স্বল্পসাক্ষরজ্ঞান জনগণের জন্য তাদের উপযোগী গ্রন্থাগার নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

**The Minister of State-in-Charge of Social, Non-formal and Library Services of Education Department : –**

আপাতত নেই।

**পৌর এলাকায় যুবকল্যাণ অফিস**

***১৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৭।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পৌর এলাকায় যুবকল্যাণ অফিস খোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, হলদিয়া নোটিফায়েড অথরিটি এলাকায় কবে নাগাদ ঐ ধরনের অফিস খোলা হবে?

**The Minister of State-in-charge youth Services and Sports branch of Education Department :–**

(ক) হ্যাঁ।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

**বগুলা শ্রীকৃষ্ণ কলেজে বিজ্ঞান বিভাগ**

***১৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৭।) **শ্রী সতীশচন্দ্র বিশ্বাস :** গত ১-৪-১৯৮৫ তারিখের প্রশ্ন নং *১৮৯ (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৭)-এর উত্তর উল্লেখপূর্বক শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার বগুলা শ্রীকৃষ্ণ কলেজে বিজ্ঞান বিভাগ খোলার বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) কবে নাগাদ উহা কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister-in-charge of Education (Higher) Department : –**

(ক) ও (খ) সরকারের বিবেচনাধীন আছে।

**বে-সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের অবসর গ্রহণের বয়স**

***১৫৭।** (অনুমোদিত প্রশ্ন .নং *৩৩৭।) **শ্রী নীরোদ রায়চৌধুরী :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের বে-সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের অবসরের বয়স ৬৫ বৎসর করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না?

**The Minister of State-in-charge of Secondary Education Department :–**

বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

**কলিকাতায় স্বীকৃতিপ্রাপ্ত অর্গানাইজড স্কুল**

***১৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৩।) **শ্রী লক্ষ্মীকান্ত দে :** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় ১৯৮৫-৮৬ সালে অর্গানাইজড স্কুলগুলোর মধ্যে। কতগুলোকে স্বীকৃতি দেওয়া হয়েছে ;

(খ)(১) তার ভাষাভিত্তিক সংখ্যা কত; এবং (২) না দেওয়া হলে, তার কারণ কি?

**The Minister of State-in-charge of Primary Education Department : –**

(ক) সরকার কলকাতায় ১৯৮৫-৮৬ সালে অর্গানাইজড স্কুলগুলোর মধ্যে একটিকেও স্বীকৃতি দেন নাই।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) সরকারের এরূপ স্কুলগুলোকে স্বীকৃতি দেওয়ার কোনো পরিকল্পনা নাই।

**হরিণঘাটা দুগ্ধ প্রকল্পের উন্নতি**

*১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০০২।) **শ্রী সরল দেব :** দুগ্ধ উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিণঘাটা দুগ্ধ প্রকল্পের উন্নতির জন্য রাজ্য সরকার কোনো ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে, কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister-in-charge of Animal Husbandry and Vetarinary Services Department :–**

(ক) হ্যাঁ, হরিণঘাটা দুগ্ধ প্রকল্পের উন্নতির জন্য রাজ্য সরকার বেশ কয়েকটি কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছেন।

(খ) এই উদ্দেশ্যে সম্প্রতি হরিণঘাটা ডেয়ারিতে নতুন এল. টি. 'ইউডেক' বোতলীকরণ যন্ত্র বসানোর কাজ শেষ হয়েছে; এই যন্ত্রের বোতলীকরণ ক্ষমতা ১০,০০০ বোতল প্রতি ঘন্টায়।.এছাড়া বাষ্পবাহী নলসমূহের (steam pipe lines) (স্টিম পাইপ লাইন) নবীকরণের কাজও যথারীতি অগ্রসর হচ্ছে। অন্যান্য কাজের মধ্যে - দুগ্ধ সংরক্ষণ ট্যাঙ্কের প্রয়োজনীয় মেরামতের জন্যও যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**উলুবেড়িয়ায় স্টেডিয়াম নির্মাণ**

*১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬২।) **শ্রী রবীন্দ্র ঘোষ :** ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়ার স্টেডিয়াম নির্মাণের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছিল;

(খ) ঐ বাবদে এ পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে; এবং

(গ) কবে নাগাদ ইহার নির্মাণকার্য শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State-in-charge of youth services and Sports branch of Education Department : –**

(ক) এক লক্ষ একুশ হাজার তিনশত সাতাত্তর টাকা সরকারি অনুদানসহ মোট এক লক্ষ বাহাত্তর হাজার নয়শত সাতাত্তর টাকা পাওয়া গিয়াছে।

(খ) ঐ বাবদ আজ পর্যন্ত ১,৭০,৬১২ টাকা ৩১ পয়সা খরচ করা হইয়াছে।

(গ) প্রথম পর্যায়ের কাজ শেষ হইয়াছে। পরবর্তী পর্যায়ের জন্য কোনো এস্টিমেট এখনও পর্যন্ত পাওয়া যায়নি।

**বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে অধ্যাপকদের শূন্যপদ**

***১৬১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯২।) **শ্রী বিভূতিভূষণ দে :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে বর্তমানে কতগুলো অধ্যাপকের পদ খালি আছে;

(খ) এই শূন্যপদগুলো পূরণ করার জন্যে কোনো ব্যবস্থা নেওয়া হয়েছে কি; এবং

(গ) নেওয়া হলে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**The Minister-in-charge of Education (Higher) Department : –**

(ক) দুইটি অধ্যাপকের পদ খালি আছে।

(খ) ও (গ) শূন্য পদ পূরণের ব্যবস্থা করেন বিশ্ববিদ্যালয়। এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করা হয়েছে।

**রাজ্যে নতুন জুনিয়র হাই ও মাধ্যমিক বিদ্যালয় স্থাপন**

***১৬২।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** শিক্ষা (মাধ্যমিক) ভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে রাজ্যে কতগুলি নতুন জুনিয়র হাইস্কুল, মাধ্যমিক বিদ্যালয় স্থাপিত হইয়াছে/হইবে; এবং

(খ) কি কি ভিত্তিতে এই নতুন বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়?

**The Minister of State-in-charge of Secondary Education epartment : –**

(ক) ১-১-৮৬ শিক্ষাবর্ষ হতে ১৫০টি হাইস্কুল স্থাপনের পরিকল্পনা সরকারের আছে।

(খ) স্থানীয় প্রয়োজন, স্থানীয় জনসংখ্যার নিরিখে শিক্ষার প্রয়োজনীয়তা, বিদ্যালয়ের পরিকাঠামোগত অবস্থা, অর্থনৈতিকভাবে অনুন্নত এলাকায় বিদ্যালয় স্থাপন ইত্যাদি।

**রামপুরহাট শহরে ফুটবল খেলার মাঠে দর্শক গ্যালারি নির্মাণ**

***১৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮০৩।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল :** ক্রীড়া ও যুবকল্যাণ ভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রামপুরহাট শহরের ফুটবল খেলার মাঠে দর্শকদের বসার জন্যে গ্যালারি নির্মাণের কোনো পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা কার্যকরি হবে?

**The Minister of State-in-charge of Youth Services and Sports Branch of Education Department : –**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**কাঁথি পলিটেকনিক কলেজ**

*১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬২।) **শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি পলিটেকনিক কলেজে পঠন-পাঠন কোনো্ শিক্ষাবর্ষ হইতে শুরু হইবে;

(খ) উক্ত কলেজে কোন ·কোন বিষয়ে শিক্ষাদান কাজ চালু হইবে; এবং

(গ) নির্দিষ্ট শিক্ষাবর্ষ হইতে শিক্ষাদান কাজ চালু করিবার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**The Minister-in-charge of Education (Higher) Department : –**

(ক) এই নতুন পলিটেক্নিকে পঠন-পাঠন আগামী শিক্ষাবর্ষ (১৯৮৬-৮৭) হইতে শুরু করিবার পরিকল্পনা আছে।

(খ) প্রারম্ভিক পর্যায়ে নিম্নলিখিত বিষয়ে শিক্ষাদান কাজ চালু করার প্রস্তাব নেওয়া হয়েছে : -

(১) ফিশারি টেক্নোলজি

(২) সিভিল ইঞ্জিনিয়ারিং (গ্রামোন্নয়ন ভিত্তিক)।

(গ) (১) নতুন পলিটেক্নিক ভবনের অসমাপ্ত কাজ - রাস্তা নির্মাণ, পানীয় জলের ব্যবস্থা এবং বিদ্যুৎ সরবরাহ ইত্যাদি দ্রুত নির্মাণ করার উদ্দেশ্যে প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হয়েছে।

(২) প্রস্তাবিত কোর্সগুলির পাঠক্রম প্রস্তুত করা হচ্ছে।

**প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও শি[illegible] পেনশন**

*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৩।) **শ্রী গোপাল মণ্ডল :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মীদের পেনসন দানের সহজ এবং দ্রুততম পরিকল্পনা চালু করবার নিয়মনীতি ইতিমধ্যে প্রণয়ন করা হয়েছে কি; এবং

(খ) যদি না হয়, তা প্রণয়ন করতে কতদিন সময় লাগবে?

**The Minister of State-in-charge of Primary and Secondary Education Department : –**

(ক) প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মীদের পেনশন দানের ব্যাপারে সরকারি আদেশ ও পরিকল্পনা জারি করা হয়েছে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**কৃষ্ণনগর সরকারি মহাবিদ্যালয়ে আইন শিক্ষা**

***১৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৩।) **শ্রী সাধন চট্টোপাধ্যায় :** গত ৯-৫-১৯৮৫ তারিখের অ-তারকিত প্রশ্ন নং ৪০৮ (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৪) এবং ২০-৯-১৯৮৫ তারিখের অ-তারকিত প্রশ্ন নং ৫৪ (অনুমোদিত প্রশ্ন নং ৩৯)-এর উত্তর উল্লেখপূর্বক শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগরে অবস্থিত সরকারি মহাবিদ্যালয়ে আইন শিক্ষা প্রদানের বিষয়টি বর্তমানে কোনো্ পর্যায়ে আছে; এবং

(খ) কোন্ সময় হইতে উক্ত বিষয়ে পঠন-পাঠন শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister-in-charge of Education (Higher) Department : –**

(ক) কৃষ্ণনগর সরকারি মহাবিদ্যালয়ে আইন শিক্ষা প্রদানের বিষয়ে অর্থদপ্তরের অনুমোদন পাওয়া গিয়াছে। এ ব্যাপারে অনুমতি দেওয়ার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করা হইয়াছে। বিষয়টি এখন বিশ্ববিদ্যালয়ের অনুমতির প্রতীক্ষায় আছে।

(খ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমতি পাইলেই এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**দুবরাজপুরে বালিকা বিদ্যালয়ের অনুমোদন**

***১৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪১।) **শ্রী সাত্ত্বিককুমার রায় :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় দুবরাজপুরে একটি বালিকা বিদ্যালয় অনুমোদনের অনুকূলে দুবরাজপুরে মিউনিসিপ্যালিটি এবং দুবরাজপুর পঞ্চায়েত সমিতির গৃহীত প্রস্তাব এবং বীরভূম জেলা পরিষদের সভাধিপতির সুপারিশ সত্ত্বেও সেখানে অদ্যাবধি কোনো বালিকা বিদ্যালয় স্থাপনের অনুমোদন সরকার দেন নাই; এবং

(খ) সত্য হইলে, অনুমোদন না দেওয়ার কারণ কি?

**The Minister of State-in-charge of Primary and Secondary Education Department : –**

(ক) প্রশ্নকর্তা ঠিক কোনো বিদ্যালয়ের কথা বলিতে চাহিয়াছেন তা স্পষ্ট নয়। তবে দুবরাজপুরের শ্রী শ্রী সারদেশ্বরী বিদ্যামন্দিরের স্বীকৃতি দেওয়ার বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীনে আছে।

(খ) উপরিউক্ত বিদ্যালয়ের ক্ষেত্রে জেলা পরিদর্শক টিমের রিপোর্ট আসার পর বিষয়টি পরীক্ষা করা হবে।

### সরকারি কলেজে অধ্যক্ষের শূন্যপদ

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং * ১৩৯৭।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের কয়টি সরকারি কলেজে বর্তমানে অধ্যক্ষের পদ শূন্য আছে; এবং

(খ) উক্ত শূন্যপদগুলি পূরণ করিবার জন্য কি ব্যবস্থা লওয়া হইয়াছে/হইতেছে?

**The Minister-in-charge of Education (Higher) Department : –**

(ক) বর্তমানে বারোটি সরকারি কলেজ (কলা, বিজ্ঞান, বাণিজ্য চারুকলা ও শরীর শিক্ষা) অধ্যক্ষের পদ শূন্য আছে।

(খ) অধিকাংশ প্রবীণ অধ্যাপকরা উক্ত পদে যোগদান করিতে আগ্রহী না হওয়ায় পদগুলি পূরণ করা সম্ভব হয় নাই। পদগুলি পূরণের ব্যবস্থা লওয়া হইতেছে।

## Unstarred Questions

## (to which written answers were laid on the Table)

### ইউনিয়ন সরকারের প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি

১। (অনুমোদিত প্রশ্ন নং ২।) **শ্রী হিমাংশু কুঙর ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইউনিয়ন সরকারের প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সমর্থন করেন কিনা; এবং করলে বা না করলে কি কি কারণে;

(খ) ভারতবর্ষে আজ পর্যন্ত যতগুলি শিক্ষা কমিশন গঠিত হয়েছে তাদের মধ্যে কোন কোন কমিশনের সুপারিশ অনুযায়ী এই শিক্ষানীতির প্রস্তাব এসেছে; এবং

(গ) এই শিক্ষানীতি কি সার্বজনীন শিক্ষা গ্রহণের এবং নিরক্ষরতা দূরীকরণের পক্ষে সহায়ক হবে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় ঃ** (ক), (খ) ও (গ) নতুন প্রস্তাবিত শিক্ষানীতি কোনো বিশেষ কমিশনের সুপারিশের ভিত্তিতে গঠিত হয়নি। আলোচনার কিছু কাগজপত্র ও পশ্চিমবঙ্গ সরকারের মতামত লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হল।

### Re-organisatiion of bigger subdivisions

2. (Admitted question No. 14.) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (P&AR) Department be pleased to state–

(a) whether the Government is contemplating Re-organisation of

bigger subdivisions in the light of the recommendations of the Administrative Reforms Committee;

(b) if so, the position of Sadar subdivision in Midnapore district in this regard;

(c) whether there is any proposal to set up some new subdivisions in the State; and

(d) if so, the names of the new subdivisions?

**Minister-in-charge of the Home (P&AR) Department :** (a) Yes.

(b) It is under consideration of the Committee constituted to look into the problems of re-organisation of bigger subdivision, police-stations and blocks.

(c) Yes.

(d) The proposals for new subdivisions at Haldia in Midnapore dirstrict, Raghunathpur in Purulia district and Gazol in Malda district are under consideration. Besides, it has already been decided to set up a new subdivision at Khatra in Bankura district.

**কলিকাতা পুরসভার জন্য বিশ্বব্যাঙ্কের ঋণ**

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯।) **শ্রী দেবপ্রসাদ সরকার :** মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে,

(১) নির্দিষ্ট কতগুলি শর্তে বিশ্বব্যাঙ্ক কলকাতার পুরসভাগুলিকে ঋণ দিয়েছে;

(২) সেইসব শর্ত অনুযায়ী কতটা কাজ হয়েছে সে সম্পর্কে সরেজমিনে খোঁজখবর নেওয়ার জন্য বিশ্বব্যাঙ্কের একটি প্রতিনিধিদলের কলকাতায় আসার কথা আছে;

(খ) ''ক'' প্রশ্নের উত্তর ''হ্যাঁ'' হলে বৃহত্তর কলকাতার পুরসভাগুলিকে ঋণদানের ক্ষেত্রে বিশ্বব্যাঙ্কের আরোপিত নির্দিষ্ট শর্তসমূহ কি কি; এবং

(গ) বর্তমান সরকার এই রাজ্যে ক্ষমতায় আসার পর থেকে অদ্যাবধি উল্লিখিত খাতে বিশ্বব্যাঙ্কের কাছ থেকে গৃহীত ঋণের পরিমাণ কত?

**মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) (১) পুরসভার ক্ষেত্রে আলাদাভাবে কোনো শর্ত আরোপিত হয়নি।

(২) বিশ্বব্যাঙ্কের প্রতিনিধি কয়েক মাস অন্তর সমস্ত কাজের পর্যালোচনা করার জন্য আসেন। বিশেষ কোনো কাজের পর্যালোচনা সাধারণত হয় না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**পুরুলিয়া জেলায় কৃষকদের জমির পাট্টা**

৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০।) **শ্রী শুধাংশুশেখর মাঝি :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৮ সালের জানুয়ারি মাস থেকে ১৯৮৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত সময়ে পুরুলিয়া জেলায় মোট কতজন কৃষককে চাষযোগ্য জমির পাট্টা দেওয়া হয়েছে (জেলাওয়ারি হিসাব); এবং

(খ) তন্মধ্যে তফসিলি জাতি ও তফসিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত কৃষকের সংখ্যা কত?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) ৬৪,১৯৭ জনকে।

(খ) ১৯,২৮৮ জন তফসিলি জাতি সম্প্রদায়ভুক্ত এবং ২২,২৭৩ জন তফসিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত।

**এন আর ই পি, আর এল ই জি পি, আই আর ডি পি ও ডি আর ডি এ জাতীয় পরিকল্পনা।**

৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫।) **শ্রী অনুপকুমার চন্দ্র ও শ্রী কাশীনাথ মিশ্র :** গ্রাম উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৫-৮৬ সালে (জানুয়ারি মাস পর্যন্ত) জাতীয় পরিকল্পনাগুলির মাধ্যমে (এন আর ই পি, আর এল ই জি পি, আই আর ডি পি, ও ডি আর ডি এ প্রভৃতি) কেন্দ্রীয় সরকার কত পরিমাণ অর্থ, গম, চাল, গ্রামাঞ্চলের উন্নতির জন্য বরাদ্দ করেছেন;

(খ) উক্ত বরাদ্দকৃত অর্থ, গম, চাল সরকার কি কি গ্রামীণ উন্নয়নের কাজে ব্যয় করেছেন (জেলাওয়ারি) হিসাব; এবং

(গ) উক্ত সময়ে কত শ্রমদিবস সৃষ্টি হয়েছে?

**গ্রাম উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) উক্ত সময়ে কেন্দ্রীয় সরকারের বরাদ্দের পরিমাণ নিম্নরূপ : —

এন আর ই পি

(১) অর্থ—১,০৬৪.৪০ লক্ষ টাকা।

(২) গম—৭,০০৫০ মেট্রিক টন (অর্থ বরাদ্দের অংশভুক্ত), ৩৮,৮০০ মেট্রিক টন (বিনামুল্যে, ২৮-১-৮৬ তারিখের আদেশনামায় বরাদ্দ হয়েছে)।

আর.এল.ই.পি.জি.

(১) অর্থ—৩৪৮৪.৭৩ লক্ষ্য টাকা

(২) গম—১২,৭২৯ মেট্রিক টন (অর্থ বরাদ্দের অংশভুক্ত), ৩৮,৮০০ মেট্রিক টন (বিনামূল্যে, জানুয়ারি—সালের শেষ ভাগে বরাদ্দ হয়েছে)

আই আর ডি পি

বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৮৪৭.৫৫ লক্ষ টাকা। এই প্রকল্পে গম বরাদ্দ বা ব্যবহার করা হয় না।

ডি আর ডি এ নামে কোনো প্রকল্প নেই। এটি জেলার একটি সংস্থার নাম যার মাধ্যমে আই আর ডি পি রূপায়িত হয়।

(খ) এন আর ই পি ও আই আর ডি পি প্রকল্পে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারকে সমহারে অর্থ বরাদ্দ করতে হয়। আর এল ই জি পি প্রকল্পের সম্পূর্ণ খরচ কেন্দ্রীয় সরকার বহন করেন। বিভিন্ন প্রকল্পে মোট বরাদ্দ অর্থ নিম্নলিখিত স্কীমগুলির রূপায়ণের কাজে ব্যয় করা হয়েছে—

এন আর ই পি (সকল জেলায়)

১। সমাজভিত্তিক বনসৃজন।

২। তফসিলি শ্রেণীভুক্ত ও আদিবাসী সম্প্রদায়ের লোকদের উপকারের জন্য বিশেষ কাজ, গৃহ নির্মাণ নলকূপ খনন, সেচ ব্যবস্থা ইত্যাদি।

৩। পুকুর খনন/সংস্কার।

৪। বন্যা প্রতিরোধক কাজ, জল নিকাশের জন্য কাজ, ক্ষুদ্র সেচ।

৫। ভূমি পুনরুদ্ধার ও সংরক্ষণ।

৬। গ্রামীণ সড়ক ও কলাবর্ত নির্মাণ/উন্নতিসাধন।

৭। স্কুল ঘর, পঞ্চায়েত ঘর, খোঁয়াড়, সাধারণের ব্যবহার্য শৌচাগার, প্রতীক্ষালয়, পানীয় জলের নলকূপ, ইঁদারা নির্মাণ ইত্যাদি।

আর এল ই জি পি

১। গ্রামীণ সড়ক নির্মাণ—সকল জেলায়।

২। ক্ষুদ্র সেচ ব্যবস্থা—সকল জেলায়।

৩। প্রাথমিক বিদ্যালয় গৃহ নির্মাণ/উন্নয়ন—চব্বিশপরগনা ও পুরুলিয়া।

৪। সমাজভিত্তিক বনসৃজন—নদীয়া, হুগলি, মেদিনীপুর, বাঁকুড়া ও বীরভূম।

৫। পতিত জমির পুনরুদ্ধার—হুগলি ও বর্ধমান।

৬। মৎস্যচাষ উন্নয়ন—জলপাইগুড়ি, নদীয়া চব্বিশপরগনা, হাওড়া, হুগলি, পুরুলিয়া, বাঁকুড়া ও বর্ধমান।

আই আর ডি পি

পরিবারভিত্তিক আর্থিক কর্মসূচী কৃষি, পশুপালন, ক্ষুদ্র ও কুটির শিল্প, মৎস্য চাষ, গ্রামীণ ব্যবসাবাণিজ্য ইত্যাদি স্কীম সকল জেলাতেই রূপায়িত হচ্ছে।

(গ) উক্ত সময়ে এন আর ই পি ও আর এল ই জি পি প্রকল্পে সৃষ্ট শ্রমদিবসের হিসাব নিচে দেওয়া হল—

এন আর ই পি—৯৪.৯৬ লক্ষ।

আর এল ই জি পি—৭৭.৯৮ লক্ষ।

আই আর ডি পি-তে শ্রমদিবস সৃষ্টি হয় না। আলোচ্য সময়ে এই প্রকল্পে উপকৃত পরিবারের মোট সংখ্যা—১,১১,৭৪৭।

**বাঁকুড়াসহ সি এম ডি এ এলাকাভূক্ত পৌর সংস্থার জন্য সি ইউ ডি পি-র অনুদান**

৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৬।) **ডাঃ মানস ভুঁইয়া ও শ্রী কাশীনাথ মিশ্র :** মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সি ইউ ডি পি-র অনুদান ও ঋণ সি এম ডি এ-র এলাকাভুক্ত ৩৬টি পৌর সংস্থাসহ বাঁকুড়া, বিষ্ণুপুর, সোনামুখী পৌর এলাকাতে ১৯৮৫-৮৬ সালের আর্থিক বছরে উন্নয়নমূলক কাজের জন্য দেওয়ার ব্যবস্থা হয়েছে;

(খ) সত্য হলে, সি এম ডি এ-র এলাকাভুক্ত ৩৬টি পৌর এলাকা ও বাঁকুড়া, বিষ্ণুপুর ও সোনামুখীকে কি কি উন্নয়নমূলক কাজের জন্য উক্ত অনুদান ও ঋণ ১৯৮৫-৮৬ সালের আর্থিক বছরে দেওয়া হয়েছে; এবং

(গ) সি ইউ ডি পি-র উদ্যোগে ১৯৮২ সালের ১লা জুলাই হতে ১৯৮৫ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত বাঁকুড়া, বিষ্ণুপুর ও সোনামুখীতে উন্নয়নমূলক কাজের জন্য অর্থ সাহায্য ও ঋণদান করা হয়েছে কি না?

**মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**পুরুলিয়া জেলার পৌরসভার জনসংখ্যাগত ও আয়তনগত পার্থক্য**

৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৫।) **শ্রী নটবর বাগদী :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ৩টি পৌরসভার (রঘুনাথপুর, পুরুলিয়া, ঝালদা) মধ্যে জনসংখ্যাগত ও আয়তনগত পার্থক্যের বিষয়ে সরকার অবগত আছেন কি; এবং

(খ) পুরুলিয়া পৌরসভার নিকটবর্তী রাঘবপুর গ্রাম পঞ্চায়েতের অধীন গ্রাম ও বোঙাবাড়ী পৌরসভার সাথে সংযুক্তি না হওয়ার কারণ কি?

**স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) হ্যাঁ। রঘুনাথপুর, পুরুলিয়া ও ঝালদা পৌরসভার আয়তন যথাক্রমে ৫ বর্গমাইল, ৫.৩৮ বর্গমাইল এবং ১.৫ বর্গমাইল। উহাদের জনসংখ্যা ১৯৮১ সালের আদমসুমারি অনুযায়ী যথাক্রমে ১৫,৬০৬ জন, ৭৩,৯০৪ জন এবং ১৩,১৯৪ জন।

(খ) প্রশ্ন ওঠে না। কারণ রাঘবপুর গ্রাম ও বোঙাবাড়ী এলাকা পুরুলিয়া পৌরসভার সঙ্গে যুক্ত করার কোনো প্রস্তাব স্থানীয় জনসাধারণ অথবা পুরুলিয়া পৌরসভার নিকট থেকে রাজ্য সরকারের কাছে পেশ করা হয়নি।

**আইফাড প্রকল্পের মাধ্যমে চব্বিশপরগনা জেলায় রাস্তায় ইট পাতার প্রস্তাব**

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৬।) **শ্রী প্রবোধ পুরকাইত :** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি আইফাড প্রকল্পের মাধ্যমে চব্বিশপরগনা জেলার জয়নগর ২ নং ব্লকের নূতনহাট হইতে ঘটিহারানিয়া পর্যন্ত ভায়া কিল্লা দুর্গানগর রাস্তাটি ইট পাতার জন্য প্রস্তাব গ্রহণ করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত প্রকল্পের কত অর্থ বরাদ্দ করা হইয়াছে; এবং

(গ) উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) হ্যাঁ। প্রকল্পের জন্য কাজ শুরু হয়ে গেছে।

(খ) মোট এগার লক্ষ টাকা এ পর্যন্ত মঞ্জুর করা হয়েছে।

(গ) আশা করা যায়, উক্ত প্রকল্পের কাজ চলতি আর্থিক বৎসরের মধ্যে শেষ হবে।

**ক্রীড়াবিদ্‌দের জন্য প্রশিক্ষণ**

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩২২।) **শ্রী নীরোদ রায়চৌধুরী :** ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের অর্থিক সহযোগিতায় মোট কতজন পুরুষ ও মহিলা ক্রীড়াবিদ্ বর্তমানে প্রশিক্ষণ পাচ্ছেন (জেলাওয়ারি হিসাব); এবং

(খ) এঁদের ক্রীড়াগত মানই বা কি?

**ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) ও (খ) মোট ষোলটি জেলা ক্রীড়া পর্ষদের অধীনে বিভিন্ন জেলায় (যথা—ফুটবল, ভলিবল, খো-খো, কবাডি, সাঁতার প্রভৃতি) আবাসিক ও অনাবাসিক প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বেশ কিছু শিক্ষার্থীকে নিয়মিত প্রশিক্ষণের সাহায্যে ভবিষ্যতে ক্রীড়াবিদ্ তৈরির চেষ্টা চলছে।

### বালীগঞ্জ এলাকায় মদের দোকানের লাইসেন্সের জন্য আবেদন

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৭।) **শ্রীশীশ মহম্মদ :** আবগারি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৪-৮৫ এবং ১৯৮৫-৮৬ সালে বালীগঞ্জ থানার অধীনে বিদেশি ও দেশি মদের লাইসেন্সের জন্য কোন কোন সংস্থা ও ব্যক্তি আবেদন করিয়াছেন;

(খ) একই ব্যক্তি বা সংস্থাকে একাধিক লাইসেন্স দেওয়া হয় কিনা; এবং

(গ) হইলে, এ বিষয়ে সরকারের বর্তমান নীতি কি?

**আবগারি বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) আবেদনকারিদের বিবরণ নিচে দেওয়া হল :

| সাল | বিদেশি মদ | প্রস্তাবিত স্থান | বেশি মদ |
|---|---|---|---|
| ১৯৮৪-৮৫ | (১) শ্রী কে. ভদ্র | ১৩, বালীগঞ্জ সার্কুলার রোড, কলি-১৯ | কোন আবেদনকারি নেই। |
| | (২) মিস বি. নেগী | ৫৬/৩, হাজরা রোড কলিকাতা-১৯ | |
| ১৯৮৫-৮৬ | (১) শ্রী আর. কে. রায় | ৬২-১এ হাজরা রোড কলিকাতা-১৯ | কোনো আবেদনকারি নেই। |
| | (২) মিসেস এ. আর. পারাধিওয়ালা | ৬৭-এ, বালীগঞ্জ সার্কুলার রোড, কলি। | |

সমস্ত আবেদনপত্র বাতিল করা হয়েছে।

(খ) সাধারণত একই ব্যক্তি বা সংস্থাকে একাধিক লাইসেন্স দেওয়া হয় না।

(গ) এ বিষয়ে সরকারি নীতি এই যে, লাইসেন্স প্রার্থীদের আবেদন তুলনামূলকভাবে বিবেচনা করার সময় যদি দু'জন প্রার্থীর যোগ্যতা একই রকম হয়, তবে, সেক্ষেত্রে যে প্রার্থীর পরিবারভুক্ত কোনো ব্যক্তির কোনো আবগারি লাইসেন্স নেই সে প্রার্থী লাইসেন্স পেতে অগ্রাধিকার পাবেন। প্রসঙ্গক্রমে বলা যায় যে, "পরিবার" অর্থে পিতা-মাতা, ভাই, বোন, স্ত্রী, স্বামী, পুত্র ও কন্যা ব্যতীত অন্যান্য নিকট আত্মীয়কেও পরিবারভুক্ত বলে ধরা হয়। আলাদাভাবে থাকা এইসব ব্যক্তিকে পরিবারের সংজ্ঞার বাইরে ধরা হয় না।

### নদীয়ার শীলকেড়িয়া মৌজায় খাস জমি

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৪।) **শ্রী সতীশচন্দ্র বিশ্বাস :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার হাঁসখালী থানার অন্তর্গত শীলবেড়িয়া মৌজায় এ পর্যন্ত কত জমি খাস বলে সরকার ঘোষণা করেছেন; এবং

(খ) উক্ত জমির উপর আদালতের কোনো নির্দেশ আছে কি না?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) জমিদারি গ্রহণ আইনে মোট ৪৬

একর কৃষি জমি এবং ২৪.৫৭ একর অকৃষি জমি খাস হয়েছে। এ ছাড়া ভূমিসংস্কার আইনে ৯.৮০ একর কৃষি জমি সরকারে বর্তেছে।

(খ) ভূমিসংস্কার আইনে ন্যস্ত জমির মধ্যে ১.৯৫ একর জমি মামলায় দায়বদ্ধ আছে।

**ভূমিহীনদের জন্য খাস জমি বিতরণ**

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৫।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর এ পর্যন্ত রাজ্যের কি পরিমাণ খাস জমি ভূমিহীনদের মধ্যে বিতরণ করা হয়েছে;

(খ) ঐ খাস জমির পাট্টা প্রাপকের সংখ্যা কত; এবং

(গ) ঐ সময়ে হাইকোর্টের নিষেধাজ্ঞাপ্রাপ্ত (ইনজাংক্টেড ভেস্ট ল্যান্ড) খাস জমির পরিমাণ কত?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) ৮,১৩,০৫৪.১৭ একর ন্যস্ত কৃষি জমি ভূমিহীন প্রান্তিক চাষীদের মধ্যে বিলি করা হয়েছে।

(খ) ১৬,৩৯,৭৬৮ জন।

(গ) ১,৮২,৪২২.৮১ একর খাস জমি হাইকোর্ট বা অন্যান্য কোর্টের নিষেধাজ্ঞাপ্রাপ্ত।

**পশ্চিমবাংলায় প্রাথমিক, টাউন ও জেলা গ্রন্থাগার**

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৫।) **শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য :** শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে মোট কতগুলি প্রাথমিক, টাউন ও জেলা গ্রন্থাগার আছে;

(খ) বৃহত্তর কলকাতায় এবং গ্রামাঞ্চলে প্রাথমিক গ্রন্থাগারের সংখ্যা কত;

(গ) প্রাথমিক গ্রন্থাগার প্রতিষ্ঠার নিয়মাবলী কি?

**শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) ২,৪১৬টি।

(খ) গ্রন্থাগারের হিসাব জেলাওয়ারি রাখা হয়। কলকাতা জেলায় ১১৫টি এবং কলকাতা জেলা বাদে অন্যান্য জেলাসমূহে মোট ২,১৬১টি প্রাথমিক গ্রামীণ গ্রন্থাগার আছে।

(গ) কোনো গ্রন্থাগারের সরকারি অনুমোদন লাভের জন্য নিম্নলিখিত প্রাথমিক শর্তের প্রয়োজন : -

(১) সাধারণত নিজস্ব জমি ও ছোটখাট ঘর থাকবে,

(২) কমপক্ষে ১০০ জনের মত সদস্য থাকবে, এবং

(৩) ২,৫০০র মত বই থাকবে।

তবে জনস্বার্থে জেলা গ্রন্থাগার কৃত্যক অন্যান্য দিকও খতিয়ে দেখতে পারে। কিংবা উপরোক্ত শর্তগুলি শিথিলও করতে পারে। অবশ্যই সংশ্লিষ্ট গ্রন্থাগারের সরকারের অনুমোদনের জন্য একটি চুক্তিনামা সই করতে হয় যার মধ্যে আবশ্যিক শর্ত, গ্রন্থাগারের সমস্ত সম্পত্তি জেলা গ্রন্থাগার কৃত্যকের অনুকূলে সমর্পণ করতে রাজি থাকবে। দ্বিতীয় আবশ্যিক শর্ত হল পশ্চিমবঙ্গ সাধারণ গ্রন্থাগার আইনের আওতায় বিজ্ঞাপিত পশ্চিমবঙ্গ সাধারণের গ্রন্থাগার পরিচালনা বিধি অনুযায়ী গ্রন্থাগারটি পরিচালিত হবে।

**রবীন্দ্রনাথের ১২৫তম জন্মবার্ষিকী**

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯০২।) **শ্রী আনিসুর রহমান :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৬ সালে রবীন্দ্রনাথ ঠাকুরের ১২৫তম জন্মবার্ষিকী সাড়ম্বরে পালনের কোন সিদ্ধান্ত সরকারের অছে কিনা; এবং

(খ) থাকলে, ঐ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) হ্যাঁ। আছে।

(খ) মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে বিশিষ্ট বুদ্ধিজীবী, শিল্পী ও সাহিত্যিকদের নিয়ে একটি উদ্‌যাপন কমিটি গঠিত হয়েছে। শিক্ষা বিভাগ, তথ্য ও সংস্কৃতি বিভাগ, যুবকল্যাণ ও ক্রীড়া বিভাগ, কলকাতা পুরসভা, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় প্রভৃতির যৌথ উদ্যোগে এই উৎসব সংগঠিত হবে। রাজ্য ও জেলাস্তরে উৎসবের রূপরেখা উদ্‌যাপন কমিটিতে আলোচনা করে শীঘ্রই চূড়ান্ত করা হবে।

**আবগারি শুল্কের আয় হ্রাস**

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭০।) **শ্রী অনুপকুমার চন্দ্র ও শ্রী কাশীনাথ মিশ্র :** আবগারি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য আবগারি শুল্ক বাবদ সরকারি আয় গত পাঁচ বৎসরের তুলনায় দিন দিন হ্রাস পাচ্ছে;

(খ) সত্য হলে, এর কারণ কি;

(গ) উক্ত বছরগুলোতে সরকারের শুল্ক আয়ের হার কত;

(ঘ) ১৯৮২-৮৩ হতে ১৯৮৫-৮৬ সালের ৩১ জানুয়ারি পর্যন্ত উক্ত শুল্ক বাবদ আয় ও ব্যয়ের পরিমাণ কত?

**আবগারি বিভাগের মন্ত্রী মহাশয় :** (ক) ইহা সত্য নয় যে বিগত পাঁচ বছর ধরে আবগারি শুল্ক আদায় প্রতি বছরই ক্রমাগত তুলনামূলকভাবে হ্রাস পাচ্ছে। নিচের পরিসংখ্যান থেকে উপরের বক্তব্যের সত্যতা যাচাই করা যাবে। অবশ্য চলতি আর্থিক বছরে (১৯৮৫-৮৬) জানুয়ারি মাস পর্যন্ত প্রথম ১০ (দশ) মাসে যে আবগারি শুল্ক আদায় হয়েছে তা গত বছরের ঐ সময়ের তুলনায় কিছু হ্রাস পেয়েছে। যেমন ১৯৮৪-৮৫ আর্থিক বছরে জানুয়ারি

মাস পর্যন্ত ৬৩.৯৫ কোটি টাকা আদায় হয়েছিল। চলতি আর্থিক বছরে জানুয়ারি মাস পর্যন্ত ৫৩.৯৮ কোটি টাকা আদায় হয়েছে বলে হিসেব করা হয়েছে।

| সাল | আদায়কৃত আবগারি রাজস্ব (কোটি টাকা) | হ্রাস-বৃদ্ধির শতকরা হিসাব |
|---|---|---|
| ১৯৮১-৮২ | ৫২.৭৭ | — ৬.৬ |
| ১৯৮২-৮৩ | ৬০.২৯ | + ১৪.২৫ |
| ১৯৮৩-৮৪ | ৬৯.৩৮ | + ১৫.৭৮ |
| ১৯৮৪-৮৫ | ৭৫.২৫ | + ৮.৪৫ |
| ১৯৮৪-৮৫ (জানুয়ারি পর্যন্ত) | ৬৩.৯৬ | |
| ১৯৮৫-৮৬ (জানুয়ারি পর্যন্ত) | ৫৩.৯৮ | — ১৫.৬ |

(খ) চলতি আর্থিক বছরে আদায়কৃত রাজস্বের হ্রাস হওয়ার কারণ এই যে, সারা ভারতবর্ষে গত বছর ও এই বছর আখের উৎপাদন বহুল পরিমাণে কমে যাওয়ায় সুরাসারের সরবরাহ বহুলাংশে বিঘ্নিত হয়েছে। পশ্চিমবঙ্গ আখ, চিনি ও ঝোলা গুড় উৎপাদনে চিরকালই একটি ঘাটতি রাজ্য ও অন্যান্য উদ্বৃত্ত রাজ্যের ওপর নির্ভরশীল। অন্যদিকে উদ্বৃত্ত রাজ্যগুলিও তাদের উৎপাদন কম হওয়ায় আমাদের প্রয়োজনমতো সুরাসার যোগান দিতে অক্ষম হন। এই কারণে আবগারি শুল্ক আদায় কিছুটা কম হয়েছে।

(গ) প্রয়োজনীয় পরিসংখ্যান 'ক' প্রশ্নের উত্তরে দেওয়া হয়েছে।

(ঘ) আয়ের পরিসংখ্যান 'ক' প্রশ্নের উত্তরে দেওয়া হয়েছে। ব্যয়ের হিসাব নিম্নরূপ ঃ —

| সাল | মোট ব্যয় (কোটি টাকায়) |
|---|---|
| ১৯৮২-৮৩ | ৪.৩৫ |
| ১৯৮৩-৮৪ | ৪.২১ |
| ১৯৮৪-৮৫ | ৪.৫০ |
| ১৯৮৫-৮৬ (জানুয়ারি পর্যন্ত) | ৫.০৬ |

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motin. The first is from Shri Kashinath Mishra on the subject of order of Calcutta High Court on M/s. Peerless Company Limited and the second is from Shri Ashoke Ghosh on the subject of acute scarcity of drinking water in North Howrah.

The subject matter of Shri Kashinath Misra is out of order and is not considered because the High Court judgement cannot be a matter of Adjournment Motion or Calling Attention notice.

I, therefore, disallow the motion.

The subject matter of the second motion may be raised by the member during general discussion on the subject which is commencing today. I, therefore, withhold my consent to the motion. Shri Ghosh may, however, read out the text of the motion, as amended.

**শ্রী অশোক ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল —

হাওড়া জেলার বিশেষ করে উত্তর হাওড়ায় কয়েকটি ডিপ-টিউবওয়েল, টিউবওয়েল, রাস্তার এবং বস্তির কলগুলি দীর্ঘদিন যাবত অকেজো। এক ফোঁটাও জল পাওয়া যায় না, পদ্মপুকুরের জল প্রকল্পটি কোনো কাজে আসেনি। অবিলম্বে জলের ব্যবস্থা না হলে নাগরিক এক ভয়াবহ বিপদের সম্মুখীন হবে। হাওড়া কর্পোরেশন একেবারে নীরব।

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** I have received three notices of Calling Attention namely : –

| | | |
|---|---|---|
| 1. | Alleged murder of 5 persons of a family at Banaraypore under Budge Budge Police Station, 24-Parganas (South) | – Shri Kashinath Mishra, Shri Aup Kumar Chandra and Shri Ashok Ghosh |
| 2. | Scarcity of drinking water in Calcutta and at West Dinajpur | – Shri Dhirendranath Sarkar |
| 3. | Irregular supply of Kerosin Oil in West Bengal | – Shri Sadhan Chattopadyhay |

I have selected the notice of Shri Kashinath Misra, Shri Anup Kumar Chandra and Shri Ashok Ghosh on the subject of alleged murder of 5 persons of a family at Banaraypore under Budge Budge Police Station, 24-Parganas (South).

The Minister-in-charge will please make a statement to-day, if possible or give a date.

**Shri Patit Paban Pathak :** Sir, the statement will be made on 3rd April, 1986.

## LAYING OF REPORT

**First Annual Report and Accounts of the Calcutta Tramways Company (1978) Limited for the period from 15th October, 1982 to 31st March, 1983.**

**Shri Patit Paban Pathak** : Sir, with your permission, I beg to lay the First Annual Report and Accounts of the Calcutta Tramways Company (1978) Limited for the period from 15th October, 1982 to 31st March, 1983.

**Mr. Speaker** : Dr. Zainal Abedin, what is your point of privilege?

**Dr. Zainal Abedin** : Mr. Speaker, Sir, I will be considering myself enriched if I get a valuable guidance on the point which I propose to raise in this Session. Sir, as you know, that the proceedings of any State Legislature or proceedings in the Parliament cannot be the subject matter – cannot be discussed or cannot be aspersed – here on the floor of this Assembly. This is my humble conception on parliamentary etiquette and decorun.

Sir, you know, after this controversial ....

**Mr. Speaker** : It can be referred to.

**Dr. Zainal Abedin** : 'Referred to' is a different thing. But what I mean, if you exactly read it. It was mentioned in Bengali and the Hon'ble Chief Minister also intervened in Bengali. So, Sir, if it was properly translated into the language you considered best, then, Sir, you would come to know.

**Mr. Speaker** : No, No. I can understand Bengali. There's no problem. I can understand everything. You please continue.

**Dr. Zainal Abedin** : Sir, you have many qualities – I agree. We are very much enriched to have a Speaker who possesses multifarious qualities.

Sir, anyway, what I find, whether the proceedings, whether the passage of the Bill, whether the legislature or whether the objects can be the subject matter here with a critical eye? The other day one Member from the ruling front raised the point and naturally, Sir, if I quote **Nietzsche** 'God created woman. And boredom did indeed cease from that moment—but many other things ceased as well. Woman was God's second mistake.'

**Mr. Speaker** : Man was first?

**Dr. Zainal Abedin** : Sir, you are well versed – you are well versed, I again say. I am not as much cynical as **Nietzsche,** neither are you Sir, and my learned friends on the Opposite – they are neither.

**Mr. Speaker** : Doctor Zainal Abedin, was it the mistake of God to make man according to his likeness or was it some other mistake?

**Dr. Zainal Abedin** : Sir, you are a scholar and you can perceive as well as we will be privileged and enriched by your explanation and further elucidation on the point.

What I mean to say is that the Bill has only been proposed. It has only been introduced. It has not even reached the First, Second and Third Reading stage, not to speak of the assent by the President. As you know, Sir, any legislation has to pass in the other camera of this Parliament. Sir, it has been introduced in one House of the Parliament. It has not seen the light of the other house and neither the President has assented to it. But even then the seven hundred million Indians and the world outside are competent to criticize it outside the floor of the House. It is my conception of Parliamentary etiquette. But unfortunately, Sir, under the garb of Rule 351, it was discussed here critically, which I consider an aspersion, a libellous aspersion, on the very objects of the Bill. As such it should be summarily expunged. And to my misfortune, I was away on the particular moment and the Hon'ble Chief Minister intervened, and this is again very vague. This query cannot be the subject matter of this forum unless it is brought in by a substantive motion. Hence I would request your goodself to expunge the whole proceedings because all leading Calcutta journalists have published it in all periodicals and dailies. I think, Sir, possibly we have exceeded what we could do within the floor of this House, till the assent of the President.

**Mr. Speaker** : How can it become a privilege? I can understand your claim for expunction, but breach of privilege, how can it become?

**Dr. Zainal Abedin** : Sir, here I quote from Rule 328, sub--Rule (iii) and also refer to sub-Rule (v). It is mentioned clearly here that – 'A Member while speaking shall not —, 'I lay emphasis on the words 'shall not', 'use offensive expressions about the conduct or proceedings of Parliament or any State Legislature; The observation made by the Hon'ble Member on this floor is not palatable, nor complimentary either.

[2-10 – 2-20 P.M.]

**Mr. Speaker** : Can you quote relevant portion?

**Dr. Zainal Abedin** : I again quote Rule 328(iii) and (v) taken together, "use offensive expressions about the conduct or proceedings of Parliament or any State Legislature; reflect upon the conduct of any person whose conduct can only be discussed on a substantive motion drawn up in proper terms under the Constitutions".

**Mr. Speaker** : That has not been done. As far as I remember

the honourable member, Shrimati Aparajita Goppi during mention hour spoke about the rights of divorced women. She did not make any comment on it. The Chief Minister said that "Our party gave their views and I would like to know what are their views." That was the contention.

**Dr. Zainal Abedin** : I will draw your attention to May's Parliamentary Practice (20th Edition) page 152. You can go through the relevant portion.

**Mr. Speaker** : Are you supporting the Bill? I find from your submission that there are two mistakes of God. One is the mistake in regard to creation of man, that is tolerable and mistake about women, that is intolerable. Is that which you like to mean? I would like to know whether you are supporting the Bill pending before the Parliament?

**Dr. Zainal Abedin** : Our party has moved the Bill and naturally I support the Bill. My submission is whether it can be discussed here before the President's Assent.

**Mr. Speaker** : When the Bill is pending in another House, more so, in Parliament, it cannot be disccussed in any legislature. I have full concurrence with you on that score. I fully agree with you. It is the parliamentary practice and a good parliamentary practice. It is not the forum to discuss it here and we are not competent enough to discuss it. Parliament is competent to discuss it. I would repeat that it cannot be disccussed here when it is pending before the Lok Sabha. But the question arises whether in a democratic set up can any one express his or her opinion and do certain criticism? Why not? Where is the bar to that? There is no bar in it.

**Dr. Zainal Abedin** : I have quoted rule 328 and also it is found from May's Parliamentary Practice – which we are following here that anything is spoken in this way forms constructive contempt against the House. So I think it falls within the breach of privilege.

**Mr. Speaker** : I will go through the proceedings and I will see if there is anything which forms contempt of the House. As far as I have heard there is nothing like that. However, I will go through it and if I find that there is something which is going rules I will expunge it. But I can say it is not a case of breach of privilege.

**Dr. Zainal Abedin** : I will submit to you, Sir, that you would be kind enough to examine the spirit and object also.

**Mr. Speaker** : Rather the purported impact of it. Now Zero

Hour mentioning. I call upon Shri Sachin Sen.

**Zero hour mention**

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ........

**(Shri Ambica Banerjee rose to speak)**

**(Noise)**

**মিঃ স্পিকার ঃ** দিতে হবে মানেটা কি, আপনারা জোর করে নেবেন নাকি। আমি যদি মনে করি তাহলে বলতে দেব। শচীনবাবু আপনি বলুন।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। সমগ্র দক্ষিণ কলিকাতা একেবারে থমথমে হয়ে আছে বিশেষ করে আমি যে অঞ্চলে বাস করি তার কাছেই ঘটনাটি ঘটেছে। সুজাতা সদন বলে একটি হল আছে হাজরা রোডের উপরে, গতকাল সকালে সেই হলে তুলকালাম কাণ্ড হয়ে গেছে, কংগ্রেস(ই)র দলীয় সভা ছিল নাকি, কিন্তু সভাপতিদের দলীয় ব্যাপারের জন্য ওই অঞ্চলের মানুষেরা ভীত সন্ত্রস্ত হয়ে গেছে। সভা করতে এসেছিলেন দক্ষিণ কলিকাতার সভাপতি এবং দক্ষিণ কলিকাতার জেলা কংগ্রেস কমিটির সভাপতি কিন্তু তারা সভা করতে পারেননি। ওদের বিরোধী দল সভা করতে দেয়নি। সেটা ওদের ব্যাপার, তারা মারামারি করুক বা খুনোখুনি করুক সে তাদের ব্যাপার কিন্তু ওদের সভাপতি একটা স্টেটমেন্ট দেন যে সি. পি. এম.রা এইসব করাচ্ছেন, একথা কেন বলবেন? এবং এই এলাকাকে এবং সমগ্র দক্ষিণ কলিকাতাকে তারা অশান্ত করবে তা বরদাস্ত করা যায় না। মাননীয় স্পিকার মহাশয়, আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে এবং ওঁদের একটু ভদ্রভাবে চলবার ব্যবস্থা করতে অনুরোধ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে রাখছি। সম্প্রতি দক্ষিণ ২৪-পরগনা জয়নগর মন্দির বাজারে মথুরাপুর তথা সমগ্র সুন্দরবন অঞ্চল-এ ডাকাতির প্রকোপ মারাত্মকভাবে বৃদ্ধি পেয়েছে। সন্ধ্যাবেলায় প্রকাশ্যে রাস্তায় ডাকাতি হচ্ছে এবং এই এলাকার মানুষ তারা খুবই ভীত সন্ত্রস্ত এবং আতঙ্কগ্রস্ত। সন্ধ্যার সময় সমস্ত দোকানপাট বন্ধ হয়ে যাচ্ছে। ক্রমান্বয়ে এই জিনিস ঘটেই চলেছে। ফলে সমগ্র সুন্দরবন অঞ্চলে এই ঘটনা ঘটছে। আমি এই ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সাধারণ মানুষের জীবনের নিরাপত্তার স্বার্থে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়, বিশেষ করে দক্ষিণ ২৪-পরগনার।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, খুবই গুরুত্বপূর্ণ ঘটনা এটা হাউস কনসার্ন হতে পারে বলে আমি মনে করি। আমাদের পরিষদীয় মন্ত্রী এবং এই হাউসের সকলের কাছে অত্যন্ত রেসপেকটেড এবং তিনি যে অঞ্চলের প্রতিনিধি — বালি, বেলুড়, উত্তরপাড়া, হাওড়ার বিস্তীর্ণ অঞ্চলের তিনি একজন প্রবীণ শ্রদ্ধাবান রাজনৈতিক নেতা। ১৯৪৬ সালে একবার তার আদর্শ নীতির জন্য বালি জুট মিলে আক্রান্ত হয়েছিলেন তবুও তিনি তার আদর্শকে পরিত্যাগ করেননি। দীর্ঘ কয়েক বছর বাদে তার বাড়িতে গত শনিবার ১৫ তারিখে

সন্ধ্যাবেলায় ছাত্র পরিষদ এবং কংগ্রেসের কিছু কর্মী হামলা করে। শুধু হামলা করাই নয়—পতিতবাবু ছিলেন মিউনিসিপ্যালিটিস কনফারেন্সে - বাড়িতে ছিলেন তাঁর স্ত্রী ও পুত্রবধূ অপর কোনো পুরুষ ছিলেন না। ঐ পাড়ার মানুষ খুবই ভদ্র, ঐ সমস্ত গুণ্ডাদেরকে তারা ভদ্রভাবেই বিদায় দিয়েছেন। তারা এসে অভদ্র ও বাজে ভাষায় গালাগালি করেছে। ঐ কংগ্রেসের লোকেদের লজ্জায় মাথা হেঁট হওয়া উচিত। এটা আনএক্সপেকটেড নয়। এটা ওদের দেখা দায়িত্ব। আমাদের পরিষদীয়মন্ত্রীরি বাড়িতে এই ধরনের হামলাবাজি বরদাস্ত করতে আমরা রাজি নই। স্যার এটা জেনে রাখা দরকার, বেলুড়ের লালবাবা কলেজে ছাত্রপরিষদ তাদের ঝগড়ার জন্য একটা আসনও পাননি, প্রতিদানে আমাদের ছেলেরা জয়যুক্ত হয়েছে। একজন প্রবীণ রাজনৈতিক নেতা, অত্যন্ত সভ্য মানুষ, সাধারণ মানুষের আন্দোলনে যিনি থাকেন তিনি হাওড়ার কিছু দুষ্কৃতকারীদের দ্বারা আক্রান্ত হতে পারেন এটা ভাবাই যায় না। বালি জুট মিলের এলাকার লোকেদের এই দুঃসাহসকে বরদাস্ত করা যায় না। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমরা এ জিনিস আর বরদাস্ত করব না। (গোলমাল)

[2-20—2-30 P.M.]

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ কথা হাউসে রাখতে চাই। বিষয়টি হচ্ছে ক্যালকাটা টেলিফোন সম্বন্ধে। টেলিফোনের যে দুরবস্থা তাতে কোনো কোনো মন্ত্রী টেলিফোন ফেরত দিয়েছেন। কেউ কেউ খোল করতাল বাজিয়ে টেলিফোনের শশ্মানযাত্রা করিয়েছেন। কেউ কেউ ভুতুড়ে বিল পাচ্ছেন। এ বিষয়ে অনেকে অনেক দাওয়াই বদলাচ্ছেন। সম্প্রতি এক ব্যক্তি দাওয়াই দিয়েছেন যে মুখ্যমন্ত্রীর জন্য টেলিফোনের এই হাল। শুনছি তিনি নাকি যোগাযোগ মন্ত্রী। এই ভদ্রলোককে আপনার মাধ্যমে একটি কথা জানাচ্ছি—"তাবত শোভতে মূর্খ, যাবৎ কিঞ্চিৎ নভাষতে।"

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** স্যার, শান্তশ্রীবাবু যখন উল্লেখ করছিলেন তখন অশোকবাবু এবং অম্বিকাবাবু কিছু ইঙ্গিত করছিলেন। (গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** ওরা কনডেম করছেন।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** কারা কারা করছেন প্রয়োজন হলে আমি নাম বলে দিতে পারি।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** স্যার, ছাত্রপরিষদের ছেলেরা যাদের নিয়ে এখানে এত কথা হল এবং যারা আমাদের পরিষদীয় মন্ত্রীর বাড়িতে হামলা করেছে তারা ১২ মার্চ শেয়ালদায় মধুমিতা নামে একটি কলেজের মেয়েকে গুরুতরভাবে আহত করে। সে এখন এন. আর. এস. হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এখানে বলা হচ্ছে তারা খুব শান্ত ছেলে। এনটায়ার শেয়ালদা অঞ্চলে তাদের বোমাবাজির জন্য কেউ দোকান করতে পারছে না। কয়েকদিন আগে তারা ছায়া স্টোরে বোমা ফেলে। এইসব সমাজবিরোধীদের মধ্যে ৩ জনকে ধরা হয়েছে। এদের এই ভ্যান্ডালিজম বন্ধ হওয়া উচিত। এ জিনিস বেশিদিন চলতে পারে না।

**শ্রী রবীন ঘোষ ঃ** স্যার, উলুবেড়িয়ার ১ নং এবং শ্যামপুর ব্লকের গ্রামে গ্রামে খুব

বসন্ত আরম্ভ হয়েছে। সেখানে হেল্‌থ সেন্টারে কোনো ডাক্তার নেই, ঔষুধ নেই। আগে যেমন গ্রামে টিকা দেবার প্রথা ছিল সে রকম টিকা দেবার ব্যবস্থা করার জন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আমাদের শ্যামপুর ১ নং ব্লকে প্রতি বাড়িতে বাড়িতে পক্স আরম্ভ হয়ে গেছে। উলুবেড়িয়া ১ নং ব্লকে গ্রামে গ্রামে আরম্ভ হয়েছে জলবসন্ত। স্বাস্থ্য কেন্দ্রে কোনো ওষুধ নেই, ডাক্তার নেই। স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ অতীতের ন্যায় টিকা দেওয়ার ব্যবস্থা যেন করা হয়।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে আমাদের এই পশ্চিমবঙ্গে আসাম ঘটনার পরিপ্রেক্ষিতে যেসব শরণার্থী এসেছিল তাদের এখনও অনেকজন এখানে আছে এবং তাদের দায়-দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারকে বহন করতে হচ্ছে তার এই আর্থিক সঙ্কটের মধ্যেও। কিছুদিন আগে আবার আসামে নেপালী যারা বাস করত সেই নেপালীদের বিতাড়ন শুরু হয়েছে, ফলে হাজার হাজার নেপালী আবার শরণার্থী হয়ে পশ্চিমবাংলায় আসছে এবং এসে পড়েছে। এর ফলে আবার পশ্চিমবঙ্গের অর্থনীতির উপর আঘাত হানবে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে রয়েছেন, তিনি যদি এই সম্পর্কে হাউসকে কিছু বলেন তাহলে ভাল হয়। তিনি এই শরণার্থীদের সম্পর্কে কি ব্যবস্থা নিয়েছেন, কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন কি না জানতে চাই।

**শ্রী ক্ষিতিভূষণ রায় বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বাওয়ালীর একটা গুরুত্বপূর্ণ বিষয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে জানাতে চাই। ঘটনাটি হচ্ছে ৩টি খুনের ঘটনা। বাওয়ালীর বনরায়পুর গ্রামে ১৩ তারিখে মধ্য রাত্রে ১০/১৫ জন সশস্ত্র ব্যক্তি রাঘব রায় বলে এক ভদ্রলোকের বাড়িতে চড়াও হয় এবং তাদের বাড়ির ৩ জনকে নৃশংসভাবে খুন করে। খুন যেভাবে হয়েছে তাতে সবাই বলবেন অত্যন্ত নৃশংস এবং এর পিছনে কোনোরকম ডাকাতির মোটিভ আছে বলে আমাদের মনে হয় না। আমরা যা খবর পেয়েছি তাতে খুন করে তারা সেখান থেকে চলে যায়, একটি ডাকাতও সেখানে মারা যায়। এটা খুব দুঃখজনক ঘটনা এবং সবাই এই বিষয়ে আমরা নিন্দা করি। কিন্তু আশ্চর্য ঘটনা হচ্ছে এই খুন করার অব্যবহিত পরে ওখানকার জেলা পরিষদের সদস্য গুরুপদ রায় সেখানে হাজির হন এবং যারা যারা এইভাবে জখম হয়েছিল তাদের হাসপাতালে নিজে নিয়ে যান, সারা রাত ধরে তিনি সেখানে থাকেন এবং ডাক্তারের ব্যবস্থা করেন। কিন্তু তারপর হঠাৎ কাল থেকে দেখা যাচ্ছে তাঁর বাড়িতে হামলা হচ্ছে, রাস্তায় অবরোধ হচ্ছে, অপপ্রচার করা হচ্ছে যে সি পি এম খুন করেছে। আমার বক্তব্য হচ্ছে এই ধরনের গোয়েবলস কায়দায় যদি অপপ্রচার হয় যেখানে রাজনৈতিক কোনো সম্পর্ক আছে বলে মনে করি না, খুন করার পিছনে ব্যক্তিগত আক্রোশ আছে বলে মনে করি, সেখানে এই অবস্থার সৃষ্টি করলে অবস্থা আরও জটিল হবে। আমি বলব এই ব্যাপারে নিরপেক্ষ তদন্ত হোক। কংগ্রেসি বন্ধুদের বলব এই ঘৃণ্য কাজ থেকে সরে দাঁড়ান, তা না হলে ঐ অঞ্চলে একটা গুরুতর অবস্থার সৃষ্টি হবে।

[2-30—2-40 P.M.]

**শ্রী আনন্দমোহন বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভাকক্ষে

একটি মর্মান্তিক ঘটনার বিষয় উল্লেখ করছি এবং সাথে সাথে ত্রাণ মন্ত্রীরও দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতকাল নদীয়া জেলার চাপরা থানার অন্তর্গত পদ্মমালা গ্রামে একটি বিভৎস অগ্নিকাণ্ড ঘটে। এবং এর ফলে শিশুসহ প্রায় ১৫০ জন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হয়। এখনও পর্যন্ত সেখানে ত্রাণসামগ্রী পৌঁছায়নি। যাতে সেখানে অতি সত্বর ত্রাণসামগ্রী পৌঁছায় তার ব্যবস্থা করা হোক। এবং দ্বিতীয় হচ্ছে যে ঘটনা ঘটেছে সে জায়গাটি কৃষ্ণনগর সদর শহর থেকে মাত্র ১৭ মাইল দূরে। এই সদর শহরে ফায়ার ব্রিগেডের হেড কোয়ার্টার। সেখানে সংবাদ দেওয়া সত্ত্বেও কোনো ফায়ার ব্রিগেড পৌঁছায়নি। এই বিষয়ে তদন্ত করে দেখার জন্য ত্রাণ মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** বিষয়টি তদন্ত করে দেখার জন্য আমি ত্রাণমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** আমি এই খবর শুনেছি। সেখানে ত্রাণসামগ্রী পৌঁছেছে এবং আরও যাতে যায় তারও ব্যবস্থা করা হয়েছে। আর ঐ যে ফায়ার ব্রিগেডের কথা বললেন, আমি কালকে কৃষ্ণনগরে গিয়েছিলাম আমি শুনেছি যে সেখানে ফায়ার ব্রিগেড গিয়েছিল, তবে একটু দেরিতে গিয়েছিল। অনেক দূরে গ্রাম সেইজন্য সেখানে ফায়ার ব্রিগেড যেতে একটু দেরি হয়েছিল। আরও বেশি ত্রাণসামগ্রী যাতে যায় তার ব্যবস্থা আমি করব।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আপনার কাছে বক্তব্য রাখছি। আমি আশা করছি আপনি নিশ্চয় এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। আমি রেল দপ্তর সম্বন্ধে বলছি। আমি উত্তরবঙ্গের কুচবিহার থেকে এখানে আসি। আমাদের আসার একমাত্র ট্রেন হচ্ছে কামরূপ এক্সপ্রেস এবং এখানে আসতে ২৪ ঘন্টা সময় লাগে। গত ১৭ জানুয়ারি একটি ঘটনা ঘটে। আমাকে বেশির ভাগ সময় এখানে যাতায়াত করতে হয়। কোনো কম্পার্টমেন্টে একটা ছিটকিনি নেই, জল নেই। এ সম্পর্কে রেল দপ্তরে বারে বারে অভিযোগ করা সত্ত্বেও কোনোই ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই রেলে সব অদ্ভুত ঘটনা ঘটে। এই কিছুদিন আগে একটা ডাকাতিও হয়ে গেছে। আমি দেখেছি আমাদের ফার্স্ট ক্লাস কম্পার্টমেন্টে কোনো ছিটকিনি নেই, জলের ব্যবস্থা নেই। হঠাৎ দেখলাম কতকগুলি লোক আমার কম্পার্টমেন্টে ঢুকে গেল এবং এদের ব্যবহার অত্যন্ত খারাপ। এই অবস্থা হওয়ায় আমাকে আমার কম্পার্টমেন্ট থেকে টি. টি. এ. সি. কম্পার্টমেন্টে নিয়ে গেলেন। আমি আবেদন করছি এ সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা হোক, না-হলে আমাদের পক্ষে এই ট্রেনে যাতায়াত করা খুব দায় হয়ে পড়বে। যখন তখন কিছু লোক এইসব কম্পার্টমেন্টে ঢুকিয়ে দেওয়া হয়। এবং টি টি--রাই ঐসব লোকদের ঢুকিয়ে দেয়। এইভাবে তারা টাকা-পয়সা রোজগার করে। এইসব লোক ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি করে। আমি প্রতিবাদ করা সত্ত্বেও কোনো গুরুত্ব দেওয়া হয়নি। একটা ছিটকিনি নেই, জল নেই, আলো নেই। আমি আপনাকে অনুরোধ করছি আপনি জেনারেল ম্যানেজারকে এ সম্পর্কে জানান এবং আমাদের জীবন, সম্পত্তি রক্ষা করার ব্যবস্থা করুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট ডিসকাশন শুরু করার আগে আমি আপনাকে অনুরোধ করছি গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল-এর পক্ষ থেকে ১৯৮৬-৮৭ সালের বাজেট বরাদ্দের জন্য যে বাজেট পাবলিকেশন নং-১ দেওয়া হয়েছে সেটা

আপনি দয়া করে একটু দেখুন। স্যার, এটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। কারণ, এটাতে আইনের ব্যাপার আছে, আপনার নিজের পেরিফেরির ব্যাপার নয়, সাংবিধানিক প্রশ্নের ব্যাপার আছে। বাজেটে ভুল আছে। ফিন্যানশিয়াল ম্যাটার বলে একটা ব্যাপার থাকে বাজেটে, আপনার পেরিফেরি ছাড়া সংবিধানের একটা নির্দেশ আছে। আপনি সংবিধানের নির্দেশকে অমান্য করে কিছু করতে পারেন না। সেইজন্য বাজেট বরাদ্দের ডিসকাশন শুরু করার আগে হাউস বন্ধ করে এই ভুল সংশোধন না করে আপনি আলোচনা শুরু করতে পারেন না। এক নং হচ্ছে, জেনারেল সার্ভিস—ফিসক্যাল সার্ভিস, কালেকশন অব ট্যাক্স অন প্রপার্টি অ্যান্ড ক্যাপিটাল ট্রানজ্যাকশনস হেড অব অ্যাকাউন্ট ঃ ২৩০ স্ট্যাম্পস অ্যান্ড রেজিস্ট্রেশন, ১ নং বই-এর ২৮ পাতায় বলা হচ্ছে গ্রস এক্সপেন্ডিচার ৬ কোটি ৫১ লক্ষ ৮৭ হাজার টাকা দেখানো হয়েছে। রিকভারিজ করে মাইনাস ২ লক্ষ ৯৪ হাজার টাকা হয়েছে। নেট এক্সপেন্ডিচার ৬ কোটি ৪৮ লক্ষ ৯৩ হাজার টাকা দেখানো হয়েছে। কিন্তু উপরে হেড অব অ্যাকাউন্ট এ ভোটেড রুপিজ ৬ কোটি ৪৮ লক্ষ ৯৩ হাজার টাকা দেখানো হয়েছে। সাধারণভাবে নিয়ম হচ্ছে যেটা গ্রস এক্সপেন্ডিচার সেটাই ভোটেড দেখানো হবে। কিন্তু দেখানো হয়নি। তার প্রমাণস্বরূপ আমি উদাহরণ দিয়ে দেখাচ্ছি। ৭১ পাতায় জেনারেল সার্ভিসে গ্রস এক্সপেন্ডিচার ৯ কোটি ৯৮ লক্ষ ১৬ হাজার টাকা দেখানো হয়েছে। ভোটেড রুপিজ ৯ কোটি ৯৮ লক্ষ ১৬ হাজার দেখানো হয়েছে। আপনি যদি প্রিন্টিং মিসটেক বলেন আলাদা কথা। প্রিন্টিং মিসটেক না বললে ভুল অ্যাকাউন্ট প্লেস করছেন এবং সেই একই ভুলেরই পুনরাবৃত্তি করা হয়েছে। এই ভোটেড অন অ্যাকাউন্ট নিয়ে ডিসকাশন করতে পারেন না কিপিং অল দিজ মিসটেকস হিয়ার। তাহলে সমস্ত ভোটেড অ্যাকাউন্টই ভুল প্রমাণিত হবে। আমি প্রথমেই যেটা উল্লেখ করলাম ২৮ পাতায় রেভিনিউ অ্যাকাউন্ট, জেনারেল সার্ভিস — হেড অব অ্যাকাউন্ট ঃ ২৩০ - স্ট্যাম্পস অ্যান্ড রেজিস্ট্রেশন-এ ভুল ৬ কোটি ৪৮ লক্ষ ৯৩ হাজার টাকা দেখানো হয়েছে, সেটা ৬ কোটি ৫১ লক্ষ ৮৭ হাজার টাকা হবে। কাজেই যেটা প্লেস হয়েছে সেটা ডিসকাশন হবে, পাস হবে। সেখানে এই ভুল রেখে ডিসকাশন হতে পারে না। সুতরাং, আই বেগ টু স্টেট হেয়ার দ্যাট দিস ইজ নট আন্ডার পেরিফেরি। ইফ ইট ইজ এ জেনুইন মিসটেক, ভোটেড অন অ্যাকাউন্ট যেটা প্লেস করেছেন যার উপর ভিত্তি করে বাজেট ডিসকাশন শুরু হবে সেখানে মিসটেক রেখে আপনি সংবিধানকে রক্ষা করতে পারবেন না। তা যদি হয় তাহলে ইট উইল অ্যাবসোলিউটলি বি ইললিগ্যাল হয়ে দাঁড়াবে এবং সংবিধান বহির্ভূত কাজ হবে। তাই আমার হাম্বল রিকোয়েস্ট হচ্ছে আপনি ১৫ মিনিটের জন্য হাউস অ্যাডজোর্ন করুন। আপনি অফিসারস, অর্থমন্ত্রীর সাথে আলোচনা করে রুলিং দিন, তাহলে অল রাইট হবে, আমরা মেনে নেব, বক্তব্য রাখবার চেষ্টা করব। আর তা না হলে ইট অ্যাবসোলিউটলি ইললিগ্যাল হবে। এটা ঠিক করার আগে আমি ডিসকাশন শুরু করতে চাই না।

**মিঃ স্পিকার ঃ** ডিসকাশনের সঙ্গে ভোটিং-এর কি সম্পর্ক আছে? আপনারা যখন ভোটিং করবেন তখন ভুল থাকলে সংশোধন করা যায়। কাজেই ভোটিং-এর আগে ডিসকাশন শুরু করতে অসুবিধা কি আছে? আমরা অ্যাকসেপ্ট করলাম ভুল আছে, ভোটিং-এর আগে সেটা সংশোধন হবে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** আপনি ভুল নিয়ে ডিসকাশন করতে পারেন না। ইউ প্লেস

সামথিং, সেটা নিয়ে আলোচনা হল, পরবর্তীকালে অন্য একটা জিনিস পাস করলেন।

**মিঃ স্পিকার ঃ** ডিমান্ড ওয়াইজ ভোটিং নিয়ে যখন আলোচনা হবে তখন বলবেন।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ভোটিং-এর ব্যাপারটা জানেন সবটা ভোটিং হয় না।

**মিঃ স্পিকার ঃ** দ্যাট ইজ নট হিজ কনটেনশন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, ধরুন ১০০ কোটি টাকা পেশ করার জন্য বলেছেন এবং সেই নিয়ে আলোচনাও হল। কিন্তু পরে সংশোধন করে ১২০ কোটি পাস যদি করা হয় তাহলে বক্তৃতা করার ফান্ডামেন্টাল কনসেপ্টই নষ্ট হয়ে যাচ্ছে।

**মিঃ স্পিকার ঃ** জেনারেল ডিসকাশনে তো ভোটিং হয় না। যখন ভোটিং হবে তখন এটা ঠিক করে দেওয়া যাবে। এখন ডিসকাশন করতে বাধা কোথায়?

**Shri Subrata Mukherjee :** Sir, the placing is wrong. How is it possible to start the discussion basing on a wrong figure. It is not possible.

**Mr. Speaker :** Mr. Mukherjee, during General Discussion on the Budget no voting takes place. You have pointed out an error, If you are right, that error may be corrected at the time of voting. I shall have to go through the records before doing anything.

**Shri Subrata Mukherjee :** Sir, everything is guided by the Constitution. You are also guided by the Constitution, even as a Speaker. It is not a simple error and it is not under your peripherry. You cannot violate this.

**Mr. Speaker :** Mr. Mukherjee, the question is very simple. If you are right then it can be corrected at the time of voting. You will get chance to correct the error at the time of voting on demands for grants. Thre is no need to take up this matter now. Please sit down.

**Shri Subrata Mukherjee :** Sir, if the amount is wrong, then how can the discussion take place on that worng amount?

**Mr. Speaker :** Mr. Mukherjee, what I have understood from your point is that something more should have been allotted. If a mistake has been done at the present moment that can be corrected by a supplementary demand. So there is nothing wrong in it at all.

**Shri Subrata Mukherjee :** Sir, the placing is wrong. The discussion cannot take place. We want your ruling Sir.

**Mr. Speaker :** Please sit down. I have heard you. I will pass my ruling afterwards.

**Shri Subrata Mukherjee** : Sir, do not protect the [***]

**Mr. Speaker** : The word these shall be expunged.

**Shri Subrata Mukherjee** : Sir, you cannot protect the [**]

**Mr. Speaker** : This will also be expunged. Now Mr. Ambica Banerjee please make your submission.

[2-40—2-50 P.M.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী, জ্যোতি বসু মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ৪ দিনে আমার কেন্দ্রে ৩ জন লোক খুন হয়েছেন এবং এক জায়গায় তারা খুন হয়েছেন। স্যার, মার্ক দিস ওয়ার্ড—'একই জায়গায় তারা খুন হয়েছেন।' স্যার, হাওড়ার টিকিয়াপাড়া ব্রিজ এলাকা দিয়ে সকাল থেকে শুরু করে সারাদিন ধরে বহু লোক চাকরি-বাকরি করার জন্য যাতায়াত করেন। এই টিকিয়াপাড়া ব্রিজ এলাকাটি অ্যান্টিসোশ্যালদের আড্ডাখানায় পরিণত হয়েছে। স্যার, এটা শুধু আজকের ব্যাপার নয়, বছরের পর বছর ধরে এই জিনিস চলছে। আমরা এ সম্পর্কে বহু কমপ্লেন করেছি। এমন দিন নেই যে দিন এই রাস্তায় রাহাজানি না হয়, মাঝে মাঝে খুনও হয়। গত ৪ দিনে তিনজন খুন হয়েছেন। আপনারা কাগজে দেখেছেন তিনদিন আগে রফিক খুদা বলে একজন খুন হয়েছেন। আজ সকালে সোরাব জান বলে পোর্ট কমিশনারের একজন কর্মী, তিনি ওখান দিয়ে যাচ্ছিলেন, তিনি খুন হয়েছেন। স্যার, আমি ওঁদের বলতে চাই, আপনাদের মতন সস্তার রাজনীতি আমি করি না। আমি বলতে চাই এরা অ্যান্টিসোশ্যালদের হাতেই খুন হয়েছে, এটা কোনো রাজনৈতিক খুন নয়। স্যার, আজ সকাল থেকে সেখানে হাজার হাজার সব ধর্মের, সব পার্টির লোক রাস্তায় বাস বন্ধ করে দিয়ে রাস্তা অবরোধ করে বসে আছেন। যে জায়গায় খুন হয়েছে তার ১০০ হাতের ভেতরে পুলিশ পিকেট আছে। প্রতিটি খুনের সময় সেখানে পুলিশ পিকেট ছিল কিন্তু দেখা গিয়েছে সেখানকার পুলিশরা কনভিনিয়েন্টলি বলছে হয় তারা কোনো কাজে গিয়েছে, না হয় জল খেতে গিয়েছিল ইত্যাদি ইত্যাদি। স্যার, ঐ তিনটি খুনের কিনারা হওয়া তো দূরের কথা একজন কালপ্রিটও ধরা পড়েনি।

আজকে মুখ্যমন্ত্রী এখানে আছেন, তিনি এই ব্যাপারে এখানে কিছু বলুন। দক্ষিণ হাওড়া শহরে কিছুদিন আগে দেখলাম তিনজনকে পিটিয়ে খুন করা হল। এই নিয়ে সেখানে প্রচণ্ড উত্তেজনা রয়েছে। আমরা অনুরোধ করছি এই খুনের কিনারা করার জন্য পুলিশ প্রশাসনকে সতর্ক করুন এবং ঐ খুনের কিনারা করার জন্য ইমিডিয়েট অ্যারেঞ্জমেন্ট করা হোক।

**মিঃ স্পিকার** : মন্ত্রী মহাশয় এই ব্যাপারে আন্ডার রুল ৩৪৬ একটা স্টেটমেন্ট পরে করবেন।

---

*** **Note** : Expunged as ordered by the Chair.

** **Note** : Expunged as ordered by the Chair.

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন, গত ১০ই মার্চ প্রশ্নোত্তরের সময় মাননীয় সদস্যরা ২২-২-৮৬ তারিখে দিল্লিতে অনুষ্ঠিত উদ্‌বাস্তু পুনর্বাসন দপ্তরের মন্ত্রীদের যে সম্মেলন করেছিলেন কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী শ্রী অরুণ নেহেরু মহাশয়, সেখানে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমাদের দৃষ্টিভঙ্গি এবং আমাদের দাবি সেখানে আমি উপস্থিত করেছিলাম। মাননীয় সদস্যরা প্রশ্নোত্তরের সময় আমার কাছে দাবি করেছিলেন, সেই বিষয়ে আমি এখানে যেন আমাদের যা বক্তব্য ছিল, তার একটা বাংলা ট্রানস্লেশন করি। বর্তমানে সেটি বন্টন করার জন্য মাননীয় স্পিকার মহাশয়ের আমি অনুমতি প্রার্থনা করছি।

**মিঃ স্পিকার ঃ** ঠিক আছে। জ্যোতিবাবু সুব্রতবাবু যা বললেন, সেই ব্যাপারে কিছু বলবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি শুনেছি একটা ভুলের কথা উনি বলেছেন বাজেটের একটা বই-এর মধ্যে। আমি ফাইন্যান্স ডিপার্টমেন্টের একজনকে ডেকেছিলাম। আমরা সেটা দেখছি। আমি যতদূর শুনেছিলাম, একটা স্লাইট মিসটেক আছে, It does not effect the Budget at all.

একটা অ্যাগ্রিগেটের ব্যাপার আছে, উনি যেটা পয়েন্ট আউট করেছেন সেটা খানিকটা ঠিক। কিন্তু It does not affect the Budget at all and discussion can go on...

**Shri Subrata Mukherjee :** Sir, the mistake cannot be rectified by the Chief Minister. It is constitutional mistake. Here the mistake is mistake. So, the House should be adjourned.

**Mr. Speaker :** No, No. Now general discussion on Budget. Shri Abdus Sattar, you start your speech.

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী আব্দুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বেআইনি জিনিস নিয়ে প্রথমে আরম্ভ করছি, বাজেটে একটা বেআইনি জিনিস আছে, সেটা মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী স্বীকার করেছেন এবং আমাদের চিফ হুইফ সেটা পয়েন্ট আউট করেছেন। যাই হোক, আপনার রুলিং-এ ডিসকাশন চলছে। যেটা ভুল-ত্রুটি আছে, সেটা পরে সংশোধন নাকি করা হবে। যাই হোক মুখ্যমন্ত্রী তথা, অর্থমন্ত্রী ১২-৩-৮৬ তারিখে যে বাজেট এই হাউসে রেখেছেন, সেই সম্পর্কে আমার প্রতিক্রিয়া আমি সেদিনই জানিয়েছিলাম। তিনি যে বাজেট রেখেছেন, সেটা বামফ্রন্টের একটা রাজনৈতিক দলিল ছাড়া আর কিছুই নয়। আমাদের মুখ্যমন্ত্রী তিনিও খুশি আছেন, বাজেট খুব ভাল হয়েছে। তবে একটু যদি ভেতরে ঢোকেন তাহলে দেখবেন, এই বাজেটে সত্যিকারের কোনো জনগণের আশা-আকাঙ্খার চিহ্ন নেই এবং আমি বলব এক কথায় এটা অ্যান্টি পিপল বাজেট, জনবিরোধী বাজেট, তাঁর বাজেট প্রকৃত আর্থিক চিত্রের প্রতিফলন নয়, তাঁর বাজেট বিবৃতি একটা রাজনৈতিক ধাপ্পা ছাড়া আর কিছুই নয়। এই বাজেট পেশ করে মুখ্যমন্ত্রী তাঁর কর্তব্য পালন করেননি, কেবল মাত্র একটা দায়িত্ব সেরেছেন। তাঁর বাজেটে মৌলিক চিন্তার কোনো পরিচয় আমরা পাইনি। এই বাজেটকে কেন্দ্রের বিরুদ্ধে

একটা দলিল হিসাবে আমাদের বামফ্রন্ট সরকার গ্রহণ করেছেন। তবে আমি বলব, এই বাজেট যদি ঠিকভাবে পর্যালোচনা করা যায় তাহলে দেখা যাবে এটা বামফ্রন্ট সরকারের ব্যর্থতার একটা দলিল মাত্র।

[2-50—3-00 P.M.]

বাজেট তৈরির সময় নিশ্চয়ই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর সামনে জনগণ ছিল না। ছিল কিছু ধনী মানুষ এবং উচ্চ-মধ্যবিত্ত মানুষ। অবশ্য এই বাজেট তৈরির পিছনে নিশ্চয়ই একজন বিখ্যাত কারিগর আছেন। আমি যদি তাঁর নাম করি তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয় নিশ্চয়ই আমাকে বাধা দেবেন, আমাকে নাম করতে দেবেন না। তথাপি এটা নিশ্চিত যে, এই বাজেট তৈরির পিছনে একজন বদ্যি আছেন, সে বদ্যি কে, তাও আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই জানেন। নাম করলে মাননীয় অধ্যক্ষ মহাশয় তা অ্যালাউ করবেন না, তাই আমি নাম করছি না। অঙ্কের জাগ্লারি করে এই বাজেটকে উদ্বৃত্ত দেখান হয়েছে। সুতরাং আমি বলছি, This Budget is an illusary Budget. I do not know, Hon'ble Chief Minister, whether you are the magician or anybody else, who may be the magician.

স্যার, একটা কথা আপনি নিশ্চয়ই জানেন যে, তিন রকমের [**] আছে, একটা হচ্ছে, [**], আর একটা ডাহা [**] এবং আরও একটা হচ্ছে পরিসংখ্যান বা স্ট্যাটিসটিক্স। যে কারিগর এই বাজেট করেছেন, তিনি অত্যন্ত ক্লেভার। তিনি ডাহা [**] সমস্ত হিসাব-পত্র এখানে দেখিয়েছেন।

**মিঃ স্পিকার :** সাত্তার সাহেব, "মিথ্যে কথা" পার্লামেন্টরি ওয়ার্ড নয়। অসত্য বলতে হয়। সাত্তার সাহেবের বক্তব্য থেকে "মিথ্যা" শব্দগুলি বাদ যাবে।

**শ্রী আব্দুস সাত্তার :** স্যার, আমি বলছি তিন রকমের মিথ্যা আছে। একটা মিথ্যা, একটা ডাহা মিথ্যা এবং আর একটা হচ্ছে পরিসংখ্যান। আমি বলছি না যে, মাননীয় মুখ্যমন্ত্রী মিথ্যা কথা বলেছেন। আমি এ কথা বলিনি বা বলছি না। কিন্তু এই বাজেটের মধ্যে একটা অঙ্কের মারপ্যাঁচ নিশ্চয়ই আছে এবং তার সাহায্যে বাজেটকে উদ্বৃত্ত করা হয়েছে। এই বাজেটে একটা শব্দ ব্যবহার করা হয়েছে, সেই শব্দটা হচ্ছে "পাবলিক অ্যাকাউন্ট।" মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই জানেন যে, তিনি এর আগে যখন এই হাউসে বাজেট পেশ করেছেন তখন এই পাবলিক অ্যাকাউন্ট কথাটি ব্যবহার করেননি। এমন কি তাঁর পূর্বসূরী ডঃ মিত্র, যিনি বিরাট অর্থনীতিবিদ, যাঁর অনেক নাম-ডাক আছে, যিনি পদত্যাগ করেছেন—জানি না কি কারণে মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেছেন, আমি কোনো কারণ খুঁজে পাচ্ছি না? (শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় : আরিফ মহম্মদ খাঁ পদত্যাগ করেছেন।) আমাদের আরিফ মহম্মদও পদত্যাগ করেছেন, কিন্তু তিনি কি কারণে পদত্যাগ করেছেন তা স্বীকার করেছেন। ডঃ অশোক মিত্র তা স্বীকার করেননি—তিনিও কখনো 'পাবলিক অ্যাকাউন্ট' শব্দটি ব্যবহার করেন নি। আমরা দেখছি 'পাবলিক অ্যাকাউন্ট'কে বাদ দিয়ে এই বাজেট ঘাটতি বাজেট। আমরা আশ্চর্য হয়ে লক্ষ্য করছি যে, মাননীয় মুখ্যমন্ত্রীর নিজেরই কনফিডেন্স নেই পাবলিক অ্যাকাউন্টের টাকা ধরা যায়,

**Note : Expunged as ordered by the Chair.

কি যায় না। সে বিষয়ে তিনি দ্বিধাগ্রস্ত, সেইজন্য দুটো কথা বলেছেন। পাাবলিক অ্যাকাউন্টকে নিয়ে এই বাজেট উদ্বৃত্ত, আর তাকে বাদ দিয়ে এই বাজেট ঘাটতি। অর্থাৎ বাজেটের মধ্যে এটা ধরা যায় কিনা সে বিষয়ে তাঁর মধ্যে দ্বিধা রয়েছে। কিন্তু আমরা দেখছি A new innovation in the Budget. This is a new innovation in the Budget.

আগে কখনই আমরা দেখিনি পাবলিক অ্যাকাউন্টস, অর্থাৎ প্রভিডেন্ট ফান্ডের টাকা, সরকারের কাছে বিভিন্ন গচ্ছিত টাকা, পেনশনের টাকা ইত্যাদি বাজেটের মধ্যে দেখানো হয়েছে। কেউ কখনো বাজেটের মধ্যে এ সব দেখায়নি। মাননীয় মুখ্যমন্ত্রীর এই বাজেটকে উদ্বৃত্ত দেখাবার এত আকাঙ্খা কেন? বাজেট ঘাটতি হতেই পারে, উন্নয়ন পরিকল্পনাকে জোরদার করার জন্য বাজেট ঘাটতি হতেই পারে। অঙ্কের গোঁজামিল দিয়ে ডেফিসিট বাজেটকে উদ্বৃত্ত বাজেট দেখাবার এই প্রচেষ্টা কেন? আমি বলব এটা জনগণকে ধাপ্পা দেওয়া ছাড়া আর কিছু নয়। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বাজেট বিবৃতির ২৭ দফায় বলেছেন, "১৯৮৫-৮৬ সালটি আমরা শেষ করব পাবলিক অ্যাকাউন্ট বাদে ৪২ কোটি ৮১ লক্ষ টাকা ঘাটতি নিয়ে।" ইতিপূর্বে ১৯৮৫-৮৬ সালে যখন বাজেট তৈরি হয়েছিল তখন ৮,৯৭৬ কোটি টাকা খরচ দেখানো হয়েছিল, কিন্তু পরবর্তীকালে সংশোধিত বাজেটে ৯,৮০৫ কোটি টাকা খরচ দেখানো হয়েছে। ডঃ অশোক মিত্র যখন ১৯৮৫-৮৮ সালের বাজেট পেশ করেছিলেন তখন তিনি ২৯ কোটি ৯২ লক্ষ টাকা উদ্বৃত্ত দেখিয়েছিলেন।

সেই বাজেট এখন এসে ঘাটতি হয়ে গেল ৪২ কোটি ৮১ লক্ষ টাকার মতন। আপনি সম্পদ সংগ্রহ নিশ্চয়ই করেছেন, কাজে লেগেছে কিনা বলতে পারি না। গত বছর ১৯৮৫-৮৬ সালে ২৯.৯২ কোটি টাকা উদ্বৃত্ত বাজেট দেখানো হয়েছিল ১৯৮৫-৮৬ সালে বাজেট বরাদ্দ ছিল ৮৯৭৬ কোটি টাকা। সংশোধিত বাজেট দেখানো হয়েছে ৯৮০৫ কোটি টাকা। চলতি আর্থিক বছরে বাজেটে ধার্য টাকার চেয়ে ৮২৯ কোটি টাকা বেশি খরচ করে ঘাটতি হয়েছে ৪২ কোটি ৮১ লক্ষ টাকার মতন। সংশোধিত বাজেটে ৮২৯ কোটি টাকা বেশি ধরা হয়েছে। পাবলিক অ্যাকাউন্টস বাদ দিলে ১৯৮৬-৮৭ সালে বাজেটে অনুমিত চলতি আয়-ব্যয়ের হিসাবে ১১২.৬২ কোটি টাকা ঘাটতি হবে। আপনি ৪২ দফায় বলেছেন বিভিন্ন কর বিন্যাস করে কোনো কোনো জায়গা থেকে বেশি কর আসবে। আপনি কয়লার উপর সেস বসিয়েছেন। আপনি দু'বার কয়লার উপর সেস বসালেন এবং তাতে আগে ১৪০ কোটি টাকা বাড়তি আয় হয়েছে। এবারেও আপনি ৩০ কোটি টাকা বসালেন। এই ৩ বছরে আপনি ১৭০ কোটি টাকা বসালেন। ৪৭ কোটি টাকা অতিরিক্ত অর্থ সংস্থানের কথা বলা হয়েছে। আপনি বলেছেন প্রশাসনিক ব্যবস্থার দ্বারা বেশি টাকা আসতে পারে। তাহলে ৪৭ কোটি টাকা যদি বাদ দেওয়া যায় তাহলে ৬৫ কোটি ৬২ লক্ষ টাকা ঘাটতি দেখা যাচ্ছে। ১৯৮৬--৮৭ সালের বাজেটে চলতি আয়-ব্যয়ের হিসাবে ৬৫ কোটি ৬২ লক্ষ টাকা ঘাটতি দেখা যাচ্ছে। ৪২ দফায় বলা হয়েছে পাবলিক অ্যাকাউন্টস-এর ৮৭.৫৬ কোটি টাকা যোগ করলে ৫০.৫৩ কোটি উদ্বৃত্ত হবে। বাদ দিলে ৩৭.০৪ কোটি টাকা ঘাটতি হবে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব আপনার এই যে প্রচেষ্টা, এটা ঠিক নয়। প্রকৃত আর্থিক অবস্থা জনগণের সামনে তুলে ধরা হয়নি। কারণ এখানে পরিষ্কার দেখা যাচ্ছে ঘাটতি বাজেটকে উদ্বৃত্ত করেছেন যেহেতু সামনে নির্বাচন। সেইজন্য আপনি ঘুরিয়ে-ফিরিয়ে নানারকম হিসাবের

মার-প্যাঁচ বাজেটের মধ্যে করেছেন। এই বাজেট উদ্বৃত্ত দেখানো হয়েছে কিন্তু প্রকৃতপক্ষে এই বাজেট ঘাটতি বাজেট। আমার প্রশ্ন হচ্ছে, ঘাটতি বাজেট বলতে রাজ্য সরকারের লজ্জা কি আছে? ষষ্ঠ, সপ্তম পরিকল্পনা নিয়ে এর আগে আমরা আলোচনা করেছি। আপনারা এখানে একটি কথা বারবার বলছেন। আগেই বলেছেন, আবার বলছেন অষ্টম অর্থ কমিশনের ৩২০ কোটি টাকার কথা। ভদ্রলোকের এক কথা। ডঃ অশোক মিত্র, তিনিও বলেছেন - ভদ্রলোকের এক কথা আর এবারেও একই কথা বলছেন। ৩২০ কোটি টাকার কথা এখনও ভুলতে পারেননি। ১৯৮৪-৮৫ সালে একই কথা শুনলাম, ১৯৮৫-৮৬ সাল চলে গেল, সেই একই কথা আর ১৯৮৬-৮৭ সালে সেই একই ভদ্রলোকের কথা। ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে আপনাদের ব্যর্থতার কথা একবার বলুন, এটা সকলে জানুক।

[3-00—3-10 P.M.]

ষষ্ঠ পরিকল্পনায় যে টাকা বরাদ্দ করা হয়েছিল সেই টাকা ঠিক ঠিক ব্যয় করতে না পারার কারণ, কিংবা যে টাকা সেই টাকার টোটাল আউটলে ৩৫০০ কোটি টাকা যেটা ছিল আপনি আপনার শেয়ারের সেই টাকা ওঠাতে পারেননি, ওঠাতে না পারার কারণ হচ্ছে এই ৩৫০০ কোটি টাকা খরচ করার জন্য যে বিভিন্ন বড় বড় খাতে ব্যয় করার কথা তা করতে পারেননি। এর জন্য দায়ী এই সরকার। আমি একে একে দেখাতে চেষ্টা করব। ৩৫০০ কোটি টাকার মধ্যে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং তদানীন্তন অর্থমন্ত্রী মহাশয় ডঃ অশোক মিত্র তখন প্রমিস করেছিলেন যে ৩৫০০ কোটির মধ্যে আপনারা ২১৭৮ কোটি টাকা ওঠাবেন, কিন্তু দুঃখের বিষয় এই সরকার যেটা মোবিলাইজ করতে পেরেছেন—প্রথম প্রথম কিছুই করতে পারেননি, শেষের দিকে করেছিল—৩০১ কোটি টাকা। কেন্দ্রের কাছ থেকে আপনারা যা পাবেন সেটা নেওয়ার ব্যাপার আমরা আপনাদের সঙ্গে নিশ্চয়ই মিলব কিন্তু আপনারা পরামর্শ করেন না। সব সময়ে বিরোধী দলের মানুষকে আপনারা একটা অবজ্ঞা প্রকাশ করে চলেছেন। আপনি একজন বিরাট ব্যক্তিত্বসম্পন্ন লোক, আপনার অতীত আমি জানি। এই বেঞ্চে বসে আপনি ডাঃ রায়ের আমলে সব সময়ে দাবি করতেন যে বিরোধীদের সঙ্গে একসঙ্গে বসে কেন্দ্রের কাছে দাবি ওঠানো হবে। আজ পর্যন্ত কেন্দ্রের কাছে কোনো দাবি—যে দাবিতে আমরা যুক্ত থাকা সত্ত্বেও আপনারা তা করেননি। ৩৫০০ কোটি টাকার মধ্যে ৩০১ কোটি টাকা সংগ্রহ করতে পেরেছেন। আর একটা কথা বলছি, আপনারা আপনাদের ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ওভার ড্রাফ্ট নিয়েছেন গড়ে ২০০ দিন, ওভার ড্রাফ্ট এক বছরে ১৯৮৩-৮৪ সালে ৩৬৫ দিনই নিয়েছেন। ডঃ অশোক মিত্র মহাশয়ের সময়ে পশ্চিমবঙ্গের যে অবস্থা ছিল আপনি সে অবস্থা থেকে নিশ্চয়ই উদ্ধার করেছেন এ কথা আমি বলব, আবার সঙ্গে সঙ্গে এ কথাও বলব যে, এই যে কেন্দ্র দিচ্ছে না, দিচ্ছে না বলে আপনারা স্লোগান দেন এটা সব সময়ে ঠিক নয়। কেন্দ্রীয় সরকার তখন ৩৪০ কোটি টাকা, — ১৯৮২-৮৩ সালে যেটা ওভার ড্রাফ্ট ছিল সেটা মিডিয়াম টার্ম লোনেতে কনভার্ট করেছিলেন, তারপর ১৯৮৩-৮৪ সালে, ১৯৮০-৮১, ৮১-৮২ এবং ৮২-৮৩ সালে কেন্দ্রীয় সরকার অ্যাডভান্স দিলেন ১৪৪ কোটি টাকা, টু হ্যাভ প্ল্যান অ্যাট লিস্ট অফ দি প্রিভিয়াস ইয়ার, কারণ আপনারা যে টাকাটা—এবারে ৭৭৬ কোটি টাকা হয়েছে—টাকাটা বরাদ্দ হওয়া বড় কথা নয়, ঠিক ঠিকভাবে খরচা হওয়াটাই আসল কথা। গত ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রথম বছর

যে টাকা বরাদ্দ করা হয়েছিল সে টাকা আপনি খরচ করতে পারেননি। তার কারণ হচ্ছে আপনি রিসোর্স মোবিলাইজড করতে পারেননি। এটাই হল মূল কথা। ১৪৪ কোটি টাকা অ্যাডভান্স। ১৯৮৩-৮৪ সালে অ্যাডভান্স প্ল্যান অ্যাসিসটেনস ৬৯ কোটি, তারপর যে টোটাল সেন্ট্রাল অ্যাসিসটেনস টু দি স্টেট ডিউরিং দি সিক্সথ প্ল্যান ছিল ৬৮০ কোটি। এই ৬৮০ কোটির জায়গায় ৭৬১ কোটি পেয়েছেন এটা নিশ্চয়ই স্বীকার করবেন। আপনাদের কাছে নিশ্চয়ই হিসাব আছে। অরিজিনালি ৩৫০০ কোটির মধ্যে আপনাদের কেন্দ্রের কাছে দাবি ছিল ৬৮০ কোটি, সেখানে কেন্দ্র দিচ্ছে ৭৬১ কোটি টাকা।

১৯৮৫-৮৬ সালে সেন্ট্রাল রিলিজ টু দি স্টেট গভর্নমেন্ট অফ রুপিজ ২০৫.৯৯ ক্রোর্স দেওয়া হয়েছিল। এটা তাঁরা দিয়েছিলেন to enable the State Government not only clear its overdraft of Rs. 141 crores at the end of 1984-85 but also enable it to have a caution of Rs. 65 crores during 1985-86. সুতরাং দেখতে পাচ্ছি, Plan expenditure as a percentage of the total expenditure of State which rose from 9.68 in 1971-72 to 21.89 in 1976-77. মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানেন যে, ১৯৭১-৭২ সালে টোটাল এক্সপেন্ডিচার ৯.৬৮ পারসেন্ট খরচ হয়েছে প্ল্যানে। ১৯৭৬-৭৭ সালে অর্থাৎ আপনারা আসার আগের বছর এটা উঠেছিল ২১.৮৯ পার্সেন্টে। তখন টোটাল এক্সপেন্ডিচারের মধ্যে এটাই প্ল্যানে খরচ হয়েছিল।

**মিঃ স্পিকার ঃ** মিঃ সাত্তার, ওটা আপনি কি পড়ছেন?

**শ্রী আব্দুস সাত্তার ঃ** আমার পয়েন্ট লেখা কাগজ থেকে আমি পড়ছি। স্পিকার মহাশয়, তারপর দেখতে পাচ্ছি, এই টোটাল এক্সপেন্ডিচারের মধ্যে প্ল্যানের খরচ ১৯৮৪-৮৫ সালে ১১.৯৬ পার্সেন্টে নেমে এসেছে। অর্থাৎ ১০০ টাকায় ১২ টাকা আপনার প্ল্যান অর্থাৎ উন্নয়নে খরচ করেছেন, বাকি ৮৮ টাকা গেছে অন্য খাতে। যার উপর নির্ভর করছে গোটা রাজ্যের অর্থনীতি—সেই অর্থনীতির গোড়াটাই আপনারা শেষ করে দিয়েছেন। সেটা শেষ করে দেবার ফলে আপনাদের আর কিছু করবারও নেই। অ্যাডিশনাল সেন্ট্রাল অ্যাসিস্টেন্স হিসাবে সিক্সথ প্ল্যানে আপনারা ১১৪ কোটি টাকা পেয়েছেন। এরপর মিডল টার্ম অ্যাসিস্টেন্স হিসাবে আপনারা ৮০০ কোটি টাকা পেয়েছেন। কিন্তু দেখতে পাচ্ছি, ঠিক ঠিকভাবে কিছুই খরচা করতে পারেননি। সিক্সথ প্ল্যানের ৩ হাজার ৫ শত কোটি টাকার সবটা যে খরচ করতে পারলেন না সেটাও রিসোর্সেস মোবিলাইজ করতে পারেননি বলেই পারলেন না। এবং সেই কারণে এবার যেখানে ৭ হাজার কোটি টাকা পাওয়ার কথা ছিল, সেখানে পাচ্ছেন ৪ হাজার ১২৫ কোটি টাকা। এই ব্যর্থতা রাজ্য সরকারের, এই ব্যর্থতা বর্তমান মুখ্যমন্ত্রী মহাশয়ের।

মিঃ স্পিকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই জানেন যে, বিদ্যুৎ না হলে কোনো দেশের অগ্রগতি সম্ভব হয় না। বলা হচ্ছে, বিদ্যুতের উৎপাদন বেড়েছে, ইন্‌স্টলেশন বেড়েছে। কতটা বেড়েছে? এক্ষেত্রে ইউটিলাইজেশন হচ্ছে ৩০ থেকে ৩৫ পার্সেন্ট। এখানে বিদ্যুৎমন্ত্রী মহাশয় প্রশ্নোত্তর পর্বে জানিয়েছেন যে, ১৯৯০ সালে ১০০০ মেগাওয়াটের উপর বিদ্যুৎ ঘাটতি থাকবে।

আবার কেন্দ্রীয় সরকার যে বুলেটিন দিচ্ছেন তাতে বলছেন যে ১৯৯০ সালে বিদ্যুৎ

উদ্বৃত্ত হবে। সারপ্লাস হবে কি ঘাটতি হবে সেটা আমরা কিছুতেই বুঝতে পারছি না। আমার বাড়ির পাশে একটা হাসপাতাল আছে সেখানে দেখি রাত্রি বেলায় প্রতিদিন ৩-৪ বার লোড শেডিং হচ্ছে। এই যে পাওয়ার এই পাওয়ারের জন্য ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বরাদ্দ ছিল ৮৮৬.৫৫ লক্ষ টাকা। মাননীয় মুখ্যমন্ত্রী আপনি একটু দেখুন, এই ৮৮৬.৫৫ লক্ষ টাকার মধ্যে খরচ হয়েছে ৫৮৯.৪৬ লক্ষ টাকা, ২৯৭.০৯ লক্ষ টাকা খরচ হয়নি। কেন খরচ হয়নি তার কারণ আপনারা বলতে পারবেন না। আপনি দেখুন ইরিগেশন অ্যান্ড ফ্লাড কন্ট্রোল, যেটা একটা মেন জিনিস, একটা দেশের উন্নতি, সমৃদ্ধি এবং এগিয়ে যাওয়া নির্ভর করে। এই দপ্তরে বরাদ্দ ছিল ৬০৩.৭৭ লক্ষ টাকা, বামফ্রন্ট সরকার গত ৫ বছরে খরচ করেছেন ৩১৭.৪০ লক্ষ টাকা। এই টাকা আপনারা বস্তা ভরে ফেরত দিয়েছেন তা বলছি না, আপনারা প্রমিস করেছিলেন যে এই টাকা আপনারা খরচ করবেন। কিন্তু আপনাদের প্রমিস আপনারা রাখতে পারেননি। যেহেতু ইউ কুড নট মোবিলাইজ দি রিসোর্সেস। এই খাতে ২৮৬.৩৪ লক্ষ টাকা ফেরত গেছে, ইউ কুড নট স্পেন্ড দ্যাট। সোশ্যাল অ্যান্ড কমিউনিটি সার্ভিস-এ আসুন, এই খাতে বরাদ্দ ছিল ৯১২.৮০ লক্ষ টাকা। সোশ্যাল সার্ভিস ডিপার্টমেন্ট একটা গুরুত্বপূর্ণ ডিপার্টমেন্ট। এই খাতে খরচ হয়ছে ৬৮৭.৫০ লক্ষ টাকা, ২২৫.৩০ লক্ষ টাকা খরচ হয়নি। আপনারা খুব এডুকেশন নিয়ে বলেন। নন-ফর্মাল এডুকেশনের জন্য গ্রামে কোটি কোটি টাকা আসছে। কিন্তু কোথাও একটা স্কুল নেই, কেবলমাত্র ক্যাডার বসে আছে এবং তারা টাকা পেয়ে যাচ্ছে। নন-ফর্মাল এডুকেশনে টোটাল বরাদ্দ ছিল ২৭৫ কোটি টাকা তার মধ্যে খরচ হয়েছে ১৭৭ কোটি ৪৩ লক্ষ টাকা, ৯৭.৫৭ লক্ষ টাকা খরচ হয়নি। যেহেতু ইউ কুড নট মোবিলাইজ দি রিসোর্সেস। ওয়াটার সাপ্লাই নিয়ে আপনারা নানান রকম কথা বলেন, এই ওয়াটার সাপ্লাই-এ বরাদ্দ ছিল ১০৩ কোটি টাকা বরাদ্দ ছিল, আপনারা খরচ করেছেন ৬১.১২ লক্ষ টাকা, ৪১.৮৮ লক্ষ টাকা খরচ হয়নি। এইরকম অনেক গুরুত্বপূর্ণ দপ্তর আছে, তার সমস্ত ফিরিস্তি দিতে গেলে সময় লাগবে বলে আমি দিতে পারছি না। মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি বলছি, মাননীয় মুখ্যমন্ত্রী এখন অর্থমন্ত্রী, অশোক মিত্র এখন অর্থমন্ত্রী নয়, সুতরাং থিয়োরিটিক্যাল কচকচানি অনেক কমে গেছে। এবারের জন্য টাকা অ্যালটমেন্ট চেয়ে ছিলেন ৭৫০ কোটি টাকা আর আপনারা পেয়েছেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৭৭৬ কোটি টাকা। খুব ভাল কথা ওয়েস্ট বেঙ্গলের পক্ষে। এর আগে যে ৬৭৫ কোটি না ৬৭৬ কোটি টাকা পেয়েছিলেন, এই টাকার কতখানি যে খরচ হবে সেটা বুঝতে পারছি না, এর হিসাব তো আমরা এখনও পাইনি। এই টাকা পশ্চিমবাংলার নয় এবং কেন্দ্রেরও না, এটা কারো বাপের সম্পত্তি নয়। বামফ্রন্ট সরকার এটা যদি মনে করে থাকেন তাহলে ভুল করবেন। এই টাকা কেবলমাত্র ক্যাডার পোষার জন্য দেওয়া হয়নি। পঞ্চায়েতে দুর্নীতি চরম শিখরে উঠেছে। এই টাকা দ্বারা সবাই যাতে উপকৃত হতে পারে সেটা দেখতে হবে। জেলা পরিষদে ডেভেলপমেন্টের যে সমস্ত কাজ হচ্ছে যেখানে সি. পি. এম. পঞ্চায়েত আছে কেবলমাত্র সেখানেই রাস্তার ডেভেলপমেন্টের কাজ হচ্ছে। যেখানে কংগ্রেস পঞ্চায়েত বা সমিতি আছে কিংবা আপনাদের শরিকের কোনো পঞ্চায়েত সমিতি আছে সেখানে একটা পয়সাও খরচ করা হচ্ছে না। অনিলবাবু ভাগ না পেলেও বলবেন ভাগ পাই, তা না হলে ওনার চাকুরি চলে যাবে।

[3-10—3-20 P.M.]

মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই দেখেছেন যে কেন্দ্রীয় সরকার অ্যান্টি পভার্টি স্কীম-২০ দফা কার্যসূচী বলে যেটা আমরা জানি—হিসাবে একটা ম্যাসিভ্ প্রোগ্রাম এবারে হাতে নিয়েছেন। এই প্রোগ্রামের অঙ্গ হিসাবে ১৯৮৬-৮৭ সালের জন্য এন. আর. ই. পি.তে স্থির করেছেন থ্রি হাণ্ড্রেড মিলিয়ন ম্যান্ডেস টু বি জেনারেটেড, অর্থাৎ ৩০ কোটি শ্রমদিবস সৃষ্টি করা হবে। এটা কেবলমাত্র পশ্চিমবঙ্গের জন্য নয়, সারা ভারতবর্ষের জন্য। এই কর্মসূচীর রূপায়ণ এখানে নির্ভর করছে মাননীয় মুখ্যমন্ত্রীর উপর। কারণ এই কর্মসূচীর জন্য যে টাকা অ্যালটমেন্ট হিসাবে কেন্দ্র থেকে পাওয়া যাবে, সেই টাকা তিনি খরচ করতে পারবেন অথবা ফেরত চলে যাবে, তা সম্পূর্ণভাবেই মুখ্যমন্ত্রীর বিষয়। টাকা ফেরত চলে গেলে কর্মসূচীর রূপায়ণ আর কিভাবে করা সম্ভব হবে। এই কর্মসূচীর জন্য ১৯৮৫ সালে ২৫৩ মিলিয়ন ম্যান্ডেস সৃষ্টির জন্য বরাদ্দ ছিল ২৩০ কোটি টাকা। ১৯৮৬-৮৭ সালে বরাদ্দ রাখা হয়েছে ৪৪৩ কোটি টাকা। এবারের কেন্দ্রীয় বাজেটে এই টাকা প্লেস করা হয়েছে। এবারে আর. এল. ই. জি. পি.র ব্যাপারে আসা যাক। ১৯৮৬-৮৭ সালে বরাদ্দ হয়েছে ৬৩৩ কোটি টাকা, এবং ২৬৪ মিলিয়ন ম্যান্ডেস সৃষ্টি করা হবে বলে উল্লেখ করা হয়েছে। ১৯৮৫-৮৬ সালে এই খাতে যেখানে বরাদ্দ ছিল ৪০০ কোটি টাকা, সেখানে এবারে রাখা হয়েছে ৬৩৩ কোটি টাকা। ১৯৮৫-৮৬ সালে আই. আর. ডি. পি.তে যেখানে বরাদ্দ ছিল ২৮৩ কোটি টাকা, সেখানে ১৯৮৬-৮৭ সালে বরাদ্দ রাখা হয়েছে ৪২৮ কোটি টাকা। অর্থাৎ ৫১ পার্সেন্ট ইনক্রিজ হয়েছে। ১৯৮৫-৮৬ সালে ১০০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল হাউজিং স্কীম ফর দি শিডিউল্ড কাস্টস অ্যান্ড শিডিউল্ড ট্রাইবস্ খাতে। এবারে ঐ খাতে বরাদ্দ হয়েছে (১৯৮৬-৮৭) ১৮৫ কোটি টাকা। এই খাতে ১৯৮৩-৮৪ সালে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে দিয়েছিলেন ৭ কোটি ৪০ লক্ষ টাকা। আমাদের একজন সদস্য ডাঃ মোতাহার হোসেনের এক প্রশ্নের উত্তরে গত ৫-৩-১৯৮৬ তারিখে এখানে মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরী মহাশয় এই কথা স্বীকার করেছিলেন। সেদিন তিনি উত্তরে আরও বলেছিলেন যে গত ৩ বছরে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে মোট ৫৮ কোটি ৫২ লক্ষ ৩৮ হাজার টাকা দিয়েছেন এবং তার মধ্যে রাজ্য সরকার খরচ করতে পেরেছেন ২৫ কোটি ৩৫ লক্ষ টাকা, এই হিসাব এই বছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত যে সময় অতিবাহিত হয়েছে, সেই সময় পর্যন্ত। মাননীয় মন্ত্রী মহাশয় ৩ বছরের এক হিসাব দিয়ে বলেছেন যে ১৯৮৩-৮৪ সালে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ৭ কোটি ৪০ লক্ষ টাকা দিয়েছিলেন। কিন্তু রাজ্য সরকার ঐ টাকার এক পয়সাও খরচ করতে পারেননি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, এই তো হচ্ছে আপনাদের অবস্থা। এই উত্তর দিয়েছেন স্বয়ং বিনয়বাবু। তিনি আরও বলেছেন যে ১৯৮৪-৮৫ সালে কেন্দ্রীয় সরকার দিয়েছিলেন ১৫ কোটি ৯৭ লক্ষ ৬৫ হাজার টাকা। রাজ্য সরকার ঐ বছরে খরচ করতে পেরেছিলেন ১০ কোটি ৯৫ লক্ষ ৬০ হাজার টাকা। ১৯৮৫-৮৬ সাল, যা এখনও চলছে (এ পর্যন্ত, অর্থাৎ ফেব্রুয়ারি মাস পর্যন্ত যে হিসাব পাওয়া গেছে) কেন্দ্রীয় সরকার দিয়েছিলেন ৩৪ কোটি ৮৪ লক্ষ ৭৩ হাজার টাকা। কিন্তু খরচ হয়েছে ১৪ কোটি ৩১ লক্ষ ৪০ হাজার টাকা।

এখানে এন. আর. ই. পি., আর. এল. ই. জি. পি. এবং আই. আর. ডি. পি.তে

পশ্চিমবঙ্গের অবস্থা কি? সেখান সেন্ট পার্সেন্ট খরচ করেছে মহারাষ্ট্র এবং হরিয়ানা। আর ইন বিটুইন ৯০ টু ১০০ পার্সেন্ট খরচ করেছে রাজস্থান এবং গুজরাট। আর ৮০ থেকে ৯০ প্যার্সেন্ট অর্থাৎ ইন বিটুইন ৮০ পার্সেন্ট টু ৯০ পার্সেন্ট খরচ করেছে হিমাচলপ্রদেশ, উত্তরপ্রদেশ, হরিয়ানা, অন্ধ্রপ্রদেশ, পাঞ্জাব, কেরালা, মণিপুর এবং কর্ণাটক এবং ইন বিটুইন ৭০ পার্সেন্ট টু ৮০ পার্সেন্ট খরচ করেছে ওড়িশা, আসাম, বিহার এবং মধ্যপ্রদেশ। অবশেষে বিলো ৭০ পার্সেন্টের মধ্যে পড়ছে সিকিম, ত্রিপুরা, মেঘালয় এবং পশ্চিমবঙ্গ। সুতরাং জম্মু ও কাশ্মীর এবং পশ্চিমবঙ্গের অবস্থা এক। পশ্চিমবঙ্গে ১৯৮২-৮৩ সালের স্থান ছিল ১৬ র‍্যাঙ্কে, আর ১৯৮৩-৮৪ সালে দাঁড়িয়েছে ১৯-এ এবং ১৯৮৪-৮৫তেও দাঁড়িয়েছে ১৯-এ। এই টাকা আসে গরিব মানুষের জন্য, গ্রামের মানুষের উপকারের জন্য এই টাকা আসে কিন্তু সেই টাকাও আপনারা ঠিকমতো খরচ করতে পারেন না। আপনারা দেশের গরিবি কি করে হঠাবেন? মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যদি সত্যি কথা বলেন তাহলে বলবেন যে এই টাকা আমরা খরচা করতে পারিনি, আমরা জেলা পরিষদকে দিয়ে দিয়েছি। এটা খুব ভাল কথা যে প্ল্যানিং নিচের লেভেলে চলে গেছে, ডেমোক্রেটিক দিক থেকে এটা নিশ্চয় ভাল কিন্তু আপনাদের কি সেই রকম ক্যাপাসিটি আছে খরচ করবার। জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতি কিভাবে আর. এল. ই. জি. পি. এবং এন. আর. ই. পি.র টাকা খরচ করছে চিন্তা করা যায় না। পঞ্চায়েত সমিতিগুলিতে তাদের ক্যাডার দিয়ে কাজ করানো হচ্ছে কিন্তু যেসব পঞ্চায়েত সমিতিতে কংগ্রেসরা আছে সেখানে কাজ হচ্ছে না এবং এই টাকা খরচ করা হচ্ছে না। তারপরে আপনারা বেনিফিসিয়ারী কমিটি করেছেন কিন্তু তাতেও আপনাদের পার্টির লোক রয়েছে। আরামবাগে যে বেনিফিসিয়ারি কমিটি আছে তা দিয়ে কোনো কাজ হয় না, কিন্তু পঞ্চায়েত সমিতির মাধ্যমে সেখানে টাকা খরচ করা হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী যেখানে বসে আছেন সেখানে এই খবরগুলো আর পৌঁছায় না। ব্লক যেখানে যেখানে আছে সেখানে আপনারা রাস্তাঘাট করে দিচ্ছেন কিন্তু যেখানে ব্লক নেই সেখানকার রাস্তাঘাট করা হচ্ছে না। বিরাট এক দুর্নীতি সেখানে এমনভাবে রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে যে জ্যোতিবাবুর নিয়ন্ত্রণের বাইরে। প্রশাসন আগা থেকে গোড়া পর্যন্ত দুর্নীতিতে ভরা। এই দুর্নীতি দূর করা যাবে না। সুতরাং আপনাদের স্থান সিকিম, ত্রিপুরা এবং মেঘালয়ের মধ্যে পড়ে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আনএমপ্লয়েড বা বেকার সমস্যা সম্বন্ধে বাজেট বইয়ের ৮-৯ দফায় বলেছেন। আপনি জানেন যে সারা রাজ্যের বেকার সংখ্যার তুলনায় পশ্চিমবঙ্গে বেশি। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতার সময়ে বললেন যে ২ কোটি ৫০ লক্ষ বেকারের মধ্যে পশ্চিমবঙ্গে ৪০ লক্ষ রেজিস্ট্রিভুক্ত বেকার। ভদ্রলোকের এক কথা অশোক মিত্র মহাশয়ও আগেরবার একথা বলেছিলেন ২ কোটি ৩০ লক্ষের মধ্যে পশ্চিমবঙ্গের ৪০ লক্ষ রেজিস্ট্রিকৃত বেকার। তাহলে এই যে ভারতবর্ষে ১০ লক্ষ বেকারের সংখ্যা বেড়ে গেল তাতে পশ্চিমবঙ্গ বেকারের সংখ্যার কোনো কি হেরফের হয়নি। তারপরে জ্যোতিবাবু সেদিন নাকি বলেছেন যে সাত্তার সাহেব বললেন ৬ হাজার কংগ্রেস কর্মী মারা গেছেন, আমি বলি আপনি কান দিয়ে কিছু শোনেন না, আমি ওকথা কোনো দিনই বলিনি।

মাননীয় মুখ্যমন্ত্রী আমি আপনাকে সেদিন নাকি বলেছিলাম এই হাউসে on the floor of the house ১৯৭৭ জুন থেকে ১৯৮২ জুন মাস পর্যন্ত সব মিলে খুন হয়েছিল ৬০৭২ জন। আমি কখনো বলিনি কংগ্রেস কর্মীরা খুন হয়েছে ৬ হাজার। তার পরে ৪ বছর হয়ে

[3-20—4-05] (including adjournment)

গেল আরও ৬ হাজার খুন হয়েছে। সাত্তার সাহেবের কথা, এক কথাই। মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে বলেছিলেন ১৯৮৫ সাল থেকে পুরো এক বছরে জানুয়ারি থেকে ডিসেম্বর— সাধারণ মানুষ খুন হয়েছে নদীয়া জেলায়—২৯৬ জন। আপনি সেদিন বলেছিলেন কেন্দ্র বলেছে মাত্র ৬ মাসে দু'টি খুন। মাননীয় জ্যোতিবাবু আপনি বলছেন ৬ মাসে দুটি খুন, গড়ে ৫/৬টি করে খুন হচ্ছে। আপনি বলেছেন কেন্দ্র বলছে, কেন্দ্রকে তো সাপ্লাই আপনারাই দিয়েছেন, নিজে বলেছেন নদীয়ায় ২৯৬ জন এক বছরে, মুর্শিদাবাদে ১৮৫ জন খুন, আবার আপনি বলছেন এই অবস্থা; গত বছরে ২০ মার্চ এই কথা বলেছেন। আমি এইটুকু বলতে পারি এই ইকনমিক রিভিউ যেটা বলা আছে সেটা পেজ ২৭-এ আছে। আমাদের মূল প্রচেষ্টা হবে নথিভুক্ত বেকারদের নতুন স্বনিযুক্ত প্রকল্পে উৎসাহিত করা। আপনি বেকার সমস্যার সমাধান করবেন বলেছেন। সেল্ফ এমপ্লয়মেন্ট প্রোগ্রামে ১ হাজার জন রয়েছে ভবিষ্যতে ৫ হাজার হবে। ৪০ লক্ষের মধ্যে ৫ হাজার জনকে দিয়ে আপনি বেকার সমস্যা সমাধান করবেন? আজকে লক্ষ লক্ষ বেকার রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। তাদের কথা তো আজকে শুনিনি। তার পরে আসুন পাবলিক আন্ডারটেকিংস সম্পর্ক, এই ব্যাপারে তো কিছু বলেননি। ২১টি পাবলিক আন্ডারটেকিং-এর মধ্যে ২টি বাদ দিয়ে সবই তো লোকসানে চলছে। বাস, ট্রামের ব্যাপারে বলছি ৪৭ কোটি টাকা গুনতে হবে, কই এই সম্পর্কে কিছু বলেননি তো, সেখানে চুপচাপ আছেন পাবলিক আন্ডারটেকিংস-এর লসের কথা জনসাধারণের কাছে তুলে ধরুন না। এইটথ কমিশনের রিপোর্ট আপনি নিশ্চয় দেখেছেন সেখানে সি. এস. টি.র ফ্লিটের সংখ্যা হচ্ছে ৬৪ পার্সেন্ট, স্টাফ পার বাস ১২.৬ পয়েন্ট ইন ইন্ডিয়া। এইটথ কমিশনে পার কিলোমিটার অ্যালাও করেছে ২.৮২। ১৯৮১-৮২ সালে লস হয়েছে ১৩ কোটি টাকার মতো। তার পরে গুজরাটে ইউটিলাইজেশন হয়েছে ৮২.৮ পার্সেন্ট, পার বাস, স্টাফ ৯.৩ পার্সেন্ট, পার বাস যায় ৪.৭৪ কিলোমিটার। সেখানে আমাদের চলে ২.৮২ পার লিটার (কিলোমিটার)। মধ্যপ্রদেশে ৮৪ পার্সেন্ট, আর সেখানে স্টাফ ৭.৩ পার্সেন্ট, কিলোমিটার ৪.৭। আর মহারাষ্ট্রে ৯.৬ পার্সেন্ট, স্টাফ ৮৬.৩ পার্সেন্ট আর ওড়িশায় ইউটিলাইজেশন ৮৩ পার্সেন্ট, স্টাফ ৭.৭।

স্টাফ প্যাটার্ন ৭.৭, কিলোমিটার পার লিটার ৪.১। ট্রান্সপোর্টের মূল ব্যাধি কোথায় সেটা আপনারা অ্যাকাউন্ট করতে পারছেন না। এ ব্যাধি দূর না করতে পারলে সারা জীবন যে টাকা সংগ্রহ করবেন তা ভর্তুকির হাত থেকে না বাঁচলে পশ্চিমবাংলাকে বাঁচানো যাবে না। পরিবহনের ব্যবস্থা প্রায় শেষ হয়ে গেছে। তারপরেও করাপশন আছে। প্রত্যেক শহর আর. টি.-এর মেম্বারদের ঘুষ দিয়ে টেম্পোরারি পারমিট এক সপ্তাহের জন্য বের করে দিনের পর দিন চালাচ্ছে। বহরমপুরে ১৪-১৫ খানা এইরকম বাস অছে। এর ফলে সরকারি বাসে প্যাসেঞ্জার পাওয়া যায় না। এটা গৌরবের কথা যে কৃষি উৎপাদন এবার ভাল হয়েছে। অর্থাৎ ৯১.৯২ মেট্রিক টন। অনেক টাকা পেয়েছেন, কিন্তু টাকা পেয়েও সেচ ব্যবস্থা করতে পারেননি। ১৯৭৫-৭৬ সালে ৮৫ লক্ষ ৯২ হাজার টন, ১৯৭৬-৭৭ সালে ৭৪ লক্ষ ৫০ হাজার টন, ১৯৭৭-৭৮ সালে ৮৯ লক্ষ ৭০ হাজার টন, ১৯৭৮-৭৯ সালে ৮০ লক্ষ ৪৪ হাজার টন, ১৯৭৯-৮০ সালে ৭১ লক্ষ ১৫ হাজার টন — অর্থাৎ ৪০১ লক্ষ ৭১ হাজার টন। সুতরাং ১৯৭৫-৭৬ সাল থেকে ১৯৭৯-৮০ পর্যন্ত গড় উৎপাদন ছিল ৫ বছরে ৮০

লক্ষ ৩৪ হাজার টন। ১৯৮০-৮১ থেকে ১৯৮৪-৮৫ পর্যন্ত ৫ বছরে গড় উৎপাদন হয়েছে ৩৯১ লক্ষ ৩৬ হাজার মেট্রিক টন। সুতরাং গড়ে প্রতি বছরে ৭৮ লক্ষ ২৭ হাজার মতন গড়ে প্রতি বছরে ২ লক্ষ কম উৎপাদন হয়েছে। ১৯৭৫-৭৬ থেকে ১৯৮০-৮১ সাল পর্যন্ত খাদ্যোৎপাদন গড়ে কমে আসছে। অথচ আমাদের অর্থনীতি নির্ভর করছে কৃষির উপর। কৃষিতে যতটা অ্যালটমেন্ট দিচ্ছেন তার চেয়ে রিভাইজডে কমে আসছে। এইভাবে প্রত্যেক বছর দেখছি কৃষিকে অবহেলা করা হচ্ছে। পশ্চিমবাংলার অর্থনীতিকে বাঁচাতে হলে কৃষির উপর জোর দিতে হবে। শিল্পের ক্ষেত্রে পশ্চিমবাংলায় রুগ্ন শিল্প খুব বেশি। আই. আর. সি.-এর যে অ্যাসিসটেন্স পাওয়ার কথা তা থেকে ৮০ পার্সেন্ট পাওয়া যায়। আমি বলছি এখানে ম্যান্ডেজ যে হারে লস হয়েছে তাতে হায়েস্ট ম্যান্ডেজ লস্ট ইন ইন্ডিয়া। এখানে যে হারে ইন্ডাস্ট্রিজ সিক হয়েছে তাতে হায়েস্ট সিক ইন্ডাস্ট্রিজ ইন ইন্ডিয়া। অথচ এখানে মেহের পাগলার মতো বলছেন—'সব ঝুটা হ্যায়'। কিন্তু প্রকৃত অবস্থা তা নয়, প্রকৃত অবস্থা খুব খারাপ। আমি বলব পশ্চিমবঙ্গের এই জরাজীর্ণ অর্থনৈতিক অবস্থায় যেভাবে আপনি বাজেট বরাদ্দ রেখেছেন তাতে এটা ভাঁওতা ছাড়া আর কিছু নয়, আপনি যা হিসাব রেখেছেন সব ফাঁকিতে ভরা। এই কথা বলে আপনি যে বাজেট বরাদ্দ রেখেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 4-05 P.M.)

(After adjournment)

[4-05—4-15 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব ইনফরমেশন আছে।

**মিঃ স্পিকার ঃ** না, কোনো পয়েন্ট অব ইনফরমেশন নেই। আচ্ছা বলুন—কি আপনার ইনফরমেশন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি আমাকে বলতে দেবার জন্য ধন্যবাদ। স্যার, আপনি জানেন সাতগাছিয়ায় তিনজন খুন হয়ে গেছে। এই ব্যাপারে যারা এখনও গ্রেপ্তার হয়নি...

**মিঃ স্পিকার ঃ** এটা অলরেডি হয়ে গেছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, এটা একটা ভাইট্যাল ব্যাপার।

(noise)

**Mr. Speaker :** I will not allow any discussion to-day. I have already selected a calling attention notice on this subject to-day. so there can be no discussion to-day. If you say anything now, everything will be expunged. Now, Santasri Chattopadhyay.

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী তথা অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি অনুমোদনের জন্য এখানে উপস্থিত

করেছেন তাকে আমি সমর্থন জানাই। সর্বপ্রথম এই বিষয়ের বিতর্কের উদ্বোধন করে আমাদের বিরোধী দলের মাননীয় নেতা শ্রী আব্দুস সাত্তার তাঁর দীর্ঘ বক্তৃতায় এই হাউসে বহু কিছু উত্থাপন করেছেন। বিরোধী দলের নেতা স্বাভাবিক কারণে এই হাউসের মধ্যে এবং হাউসের বাইরে একজন সম্মানীয় ব্যক্তি। তাঁর কাছ থেকে আমরা সামগ্রিকভাবে এমন কিছু শুনতে চাই যার মধ্য দিয়ে আমরা উপকৃত হতে পারি। তিনি অনেক বিশেষণ দিয়ে এই বাজেটকে প্রতিহত করেছেন। নানা ধরনের বক্তৃতা এখানে বলবার চেষ্টা করেছেন। আমি সবের মধ্যে যাবার চেষ্টা করব না। খুব হতাশ হয়ে বলতে হয় যে এই হাউসে যখন আমরা বিরোধী পক্ষে ছিলাম আমাদের নেতা যখন বক্তৃতার সূচনা করতেন তখন গোটা হাউস চঞ্চল হয়ে উঠত। পার্লামেন্টারি প্র্যাকটিস এবং কনভেনসন যা শিক্ষা দেয় সেটা হচ্ছে The rules of the opposition is to watch and criticise so as to put a continuous check on the ruling party. Unfortunately it is locking from the existing positions.

এটা প্রথম ব্যাপার। দ্বিতীয় হচ্ছে উনি বললেন যে এই বাজেট হচ্ছে ওঁদের একটা রাজনৈতিক দলিল একটা নির্বাচনের চমক। বামফ্রন্টের পক্ষ থেকে আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট প্রস্তাব রাখবেন সেটা নিশ্চয় কংগ্রেসের রাজনৈতিক দলিল হবে না। কোথায় রাজনৈতিক দলিল হল? আর যদি রাজনৈতিক দলিল হয়—তা আমরা একে যেভাবে রাখতে চাইছি—তাতে আমরা বলতে চাই পশ্চিমবাংলার স্বার্থে যদি এই রাজনৈতিক দলিল ব্যবহৃত হয়, যদি পশ্চিমবাংলার উন্নয়নের স্বার্থে তাকে অগ্রাধিকার দেবার স্বার্থে যদি এই বাজেট রচনা করতে পারি তাহলে এটা রাজনৈতিক দলিল—আমরা দুঃখিত হব না।

আমরা গর্বিত হব এবং সেই গর্ব নিয়েই আমরা পশ্চিমবাংলার মানুষের যে দায়িত্বভার গ্রহণ করেছি তাকে পালন করবার চেষ্টা করব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি ভাল করে জানেন যে, বাজেট হচ্ছে একটা সরকারের অর্থনৈতিক, রাজনৈতিক নীতির প্রতিফলন। এবারে মাননীয় অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী যে বাজেট বক্তব্য এখানে হাজির করেছেন তার মধ্য দিয়ে বর্তমান পরিস্থিতিতে আমরা কি করতে চাই, কি করতে চলেছি, সারা ভারতবর্ষের অর্থনৈতিক পরিস্থিতি কি, সেই পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে তিনি কতকগুলি সুনির্দিষ্ট বক্তব্য উত্থাপন করেছেন। উনি বললেন এটা একটা নির্বাচনী চমক। যদি ধরেও নেওয়া যায় নির্বাচনী চমক তাহলে এটা বলতে হবে যে বাজেট কিছু খারাপ হয়নি। তার এই বক্তব্যের মধ্যে কিছু সমালোচনা দেখলাম না বা বিকল্প প্রস্তাব দেখলাম না যে, সম্পদ সংগ্রহের জন্য এই ব্যবস্থা নেওয়া হোক বা এই পদক্ষেপ নেওয়া হোক। এই নিয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার ১০টি বাজেট বিধানসভায় উত্থাপন করেছেন। এই ১০টি বাজেটের চরিত্র, নীতির সঙ্গে ভারত সরকারের বাজেট পলিসি, ফিসক্যাল পলিসি, কর নীতির তুলনামূলক বিচার করে দেখলে এই পার্থক্যটা পরিষ্কার হয়ে যাবে। আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা খুব ভাল করেই জানেন আমরা যে অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে এই বাজেট পেশ করেছি সেটা কোনো জনগণতান্ত্রিক সরকারের বাজেট নয়, কোনো সমাজতান্ত্রিক সরকারের বাজেট নয়, আমাদের দেশে কেন্দ্রীয় শাসকগোষ্ঠী যে পরিকল্পনা গ্রহণ করেন, যে নীতি নির্ধারণ করেন তার সঙ্গে একমত না হতে পারি, তার সঙ্গে মৌলিক পার্থক্য থাকতে পারে, কিন্তু ভারতবর্ষের বর্তমান সাংবিধানিক

কাঠামোর মধ্যে দাঁড়িয়ে আমাদের এই বাজেট রচনা করতে হয়েছে। এই সংবিধান সম্বন্ধে মার্কসবাদী কম্যুনিস্ট পার্টি ও বামফ্রন্টের দলগুলির বিশ্লেষণ হচ্ছে জমিদার, বুর্জোয়া শ্রেণীর স্বার্থ রক্ষা করার জন্য যে সংবিধান সেই সাংবিধানিক কাঠামোর মধ্যে দাঁড়িয়ে সারা ভারতবর্ষের পরিকল্পনা রচনা করতে হয় আর সেই পরিকল্পনার চৌহদ্দিকে সামনে রেখে আমাদের রাজ্য বাজেট ঘোষণা করতে হয়, সেই কথা এই বাজেট বক্তৃতায় বলা হয়েছে। সপ্তম পরিকল্পনা আলোচনার জন্য যখন জাতীয় উন্নয়ন পর্ষদের বৈঠক হল তখন সেই বৈঠকে আমরা সই করিনি এবং সেই দলিলে আমরা বলেছি আমাদের সঙ্গে মৌলিক পার্থক্য আছে এবং আমাদের ভিন্ন মত, বিকল্প বক্তব্য আমরা হাজির করেছি। এটা ভারতবর্ষের মানুষ জানুক, অন্য রাজ্যের মানুষ জানুক, পশ্চিমবাংলার মানুষ জানুক এবং পাশাপাশি বলেছি যা স্থির হয়েছে তাকে আমরা আমাদের রাজ্যে নিশ্চয় রূপায়িত করব। এটা ঠিক মতাদর্শের সংঘাত, দৃষ্টিভঙ্গির পার্থক্য এবং এই দৃষ্টিভঙ্গি, পার্থক্যের মধ্য দিয়ে আমাদের রাজ্যের বাজেটকে বিচার করতে হবে। উনি বললেন আমাদের বাজেট জনস্বার্থ বিরোধী। উনি একটি ভাল বিশেষণ দিয়ে দিলেন। স্যার, কেন্দ্রীয় সরকারের করনীতি আপনার জানা আছে। ১৯৫০-৫১ সালে প্রত্যক্ষ করের হার ছিল শতকরা ৩৬ ভাগ, পরোক্ষ করের হার ছিল শতকরা ৬৪ ভাগ। অনেক কমিশন হয়েছে। অধ্যাপক ক্যালডনের মতো বিখ্যাত অর্থনীতিবিদ্ এখানে এসে পরামর্শ দিয়েছিলেন। ভারত সরকারের আজকে কী অবস্থা হয়েছে? পরোক্ষ করের পরিমাণ হচ্ছে ৮০ ভাগ, আর প্রত্যক্ষ করের পরিমাণ ২০ ভাগ। তার অর্থই হচ্ছে সাধারণ মানুষের উপর আরও বেশি অর্থনৈতিক চাপ বেড়েছে। এই কথা আমরা সকলেই বুঝব এবং ওরাও নিশ্চয় এতে একমত হবেন।

[4-15—4-25 P.M.]

সাম্প্রতিকালে যে ঘটনা ঘটে গেল তা পার্লামেন্টারি ডেমোক্রাসির ক্ষেত্রে In the annals of Parliamentary democracy. আনপ্রিসিডেন্টেড। সেখানে ১০টি অত্যাবশ্যকীয় জিনিসপত্রের দাম এক কলমের খোঁচায় বাড়িয়ে দেওয়া হল যাকে বলা হয় অ্যাডমিনিস্টার্ড প্রাইস তা করে। পার্লামেন্টকে অবজ্ঞা করে নিউজপ্রিন্ট, হোয়াইট প্রিন্ট, চাল, গম, সার, পেট্রোল, কেরোসিন, ডিজেল, রান্নার গ্যাস ইত্যাদির দাম বাড়ানো হল। বিশিষ্ট অর্থনীতিবিদরা হিসাব করে দেখিয়েছেন যে এর মাধ্যমে অন্তত ১৮০০ কোটি টাকা সংগৃহীত হবে। মানুষের উপর যে বোঝা চাপল তার বিরুদ্ধে মানুষ প্রতিবাদ আন্দোলন শুরু করেছেন। পার্লামেন্টকে ডিঙিয়ে এইভাবে জিনিসপত্রের যে মূল্যবৃদ্ধি ঘটানো হচ্ছে তাতে মানুষের জীবন দুর্বিসহ হয়ে উঠছে। এটা যদি পার্লামেন্টের মাধ্যমে করা হত—আমরা অবশ্য চাই না তা হোক—তাহলে তার একটা অংশ রাজ্য সরকারগুলি পেত কিন্তু তা না করে এইভাবে রাজ্য সরকারগুলিকেও বঞ্চিত করা হচ্ছে। তারপর স্যার, কেন্দ্রীয় বাজেটে ৪৬৭ কোটি টাকার অতিরিক্ত কর আদায়ের ব্যবস্থা হয়েছে অর্থাৎ মোট হল ২২৬৭ কোটি টাকা। এর উপরও আবার ৩৫০০ কোটি টাকার বিরাট এক ঘাটতি থেকে যাচ্ছে। স্যার, আমরা সকলেই জানি, প্রচন্ড গণপ্রতিরোধের মধ্যে দাঁড়িয়ে পার্লামেন্টের অধিবেশন সামনে থাকায় ভারত সরকার খানিকটা পিছু হটেছেন কিন্তু অধিবেশন শেষ হবার পর ঐ ঘাটতি কি করে পূরণ করা হবে তা আমরা আমাদের অতীত অভিজ্ঞতায় সকলেই জানি। আর এ ক্ষেত্রে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের নীতি

কি? আমরা মোট ১০টি বাজেট আমাদের রাজ্য সরকারের তরফ থেকে এই হাউসে উপস্থিত করেছি। একথা আগেই বলেছি এবং আবারও বলছি, আমরা অতিরিক্ত করভার চাপিয়ে সাধারণ মানুষের জীবন দুর্বিসহ করে তুলিনি। বরং কোনো কোনো ক্ষেত্রে আমরা কর লাঘব করেছি এবং কোনো কোনো ক্ষেত্রে কর ব্যবস্থার সরলীকরণও করেছি যাতে আমাদের রাজ্যে কর আদায় বেশি হয় এবং এই কাজ সহজ হয়। স্যার, এখানে বিরোধীদলের মাননীয় নেতা বক্তৃতা করার সময় বললেন যে আমরা নাকি অতিরিক্ত সম্পদ সংগ্রহের ক্ষেত্রে ব্যর্থ হয়েছি we have failed to mobilise the additional resources. এবং তারজন্যই নাকি কেন্দ্রীয় সরকার অন্যান্য রাজ্যকে যা দিচ্ছেন আমাদের রাজ্য সরকারকে তার চেয়ে কম দিচ্ছেন। উনি অবশ্য একটা সাধু ইচ্ছা প্রকাশ করেছেন যে মুখ্যমন্ত্রী এবং আমাদের সরকারের পক্ষ থেকে ওঁদের দলকে আমন্ত্রণ করা হলে ওঁরা একসঙ্গে পশ্চিমবঙ্গের দাবি নিয়ে দিল্লির কাছে দরবার করবেন। ভাল কথা, সাধু প্রস্তাব, আমি সে কথায় পরে আসছি। তবে এ ক্ষেত্রে আপনাদের স্মরণ করতে বলব যে, আমরা দেখিয়েছি যে, বিক্রয়কর ছাড়া আর আমাদের এখানে বড় কর বসানোর সুযোগ নেই যা থেকে অতিরিক্ত সম্পদ সংগ্রহ করা যায়। আপনারা জানেন, রপ্তানিযোগ্য পাট, চা-এর উপর কর বসানো যাবে না। কেন্দ্রীয় সরকারের নির্দেশ হচ্ছে, যেগুলি গুডস অব ন্যাশনাল ইমপর্টেন্স বলে ঘোষিত তার উপর ৪ ভাগের বেশি কর বসানো যাবে না। ১৯৫৭ সাল থেকে যে নীতি চালু হয়েছে—যা নিয়ে এই হাউসে বহুবার আলোচনা হয়েছে—রাজ্যগুলির সাংবিধানিক অধিকার পদদলিত করে সূতিশিল্প, তামাক, চিনি ইত্যাদি দ্রব্য রাজ্য তালিকা থেকে নিয়ে যাওয়া হল কেন্দ্রীয় তালিকায়। তার অর্থ হল, অ্যাডিশনাল এক্সাইজ ডিউটির মাধ্যমে কেন্দ্রীয় সরকার সম্পদ সংগ্রহ করবেন কিন্তু যদি আমরা সেলস ট্যাক্সের মাধ্যমে এই সম্পদ সংগ্রহ করতে পারতাম তাহলে আমাদের রাজ্যে আমরা অধিক সম্পদ সংগ্রহ করতে পারতাম। অন্যান্য রাজ্যও ক্ষতিগ্রস্ত হয়েছে, আমাদের এই পশ্চিমবঙ্গ রাজ্যের ১৯৫৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত প্রায় দু'হাজার টাকা ক্ষতি হয়েছে কেন্দ্রীয় সরকারের এই নীতির ফলে। এসব সত্ত্বেও ১৯৭৬-৭৭ সালে আমাদের এই পশ্চিমবাংলায় বিক্রয় কর বাবদ যেখানে আদায় হয়েছিল ১৮২ কোটি ৪৭ লক্ষ টাকা সেখানে ১৯৮৪-৮৫ সালের রিভাইজড এস্টিমেটে দেখছি সেটা বেড়ে হয়েছে ৫০০ কোটি টাকা।

আমরা আমাদের প্রশাসনিক ব্যবস্থাকে যথাযথভাবে কাজে লাগিয়ে আমাদের চেষ্টায়, জনসাধারণের সহযোগিতায় এইভাবে অতিরিক্ত সম্পদ সংগ্রহ করতে পেরেছি। স্বল্প সঞ্চয় প্রকল্পে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার একটা বিশিষ্ট স্থান আছে। ১৯৭৬-৭৭ সালে এই স্বল্প সঞ্চয় প্রকল্পে ৪৬ কোটি ৩২ লক্ষ সংগৃহীত হয়েছে, আর ১৯৮৫-৮৬ সালে ৪১৭ কোটি ৮৯ লক্ষ সংগৃহীত হয়েছে। ওনারা ৬ষ্ঠ পরিকল্পনা নিয়ে অনেক সমালোচনা করেছেন যে আমরা টাকা খরচ করতে পারিনি, আমরা অতিরিক্ত সম্পদ সংগ্রহ করতে পারিনি। এই বাজেট বক্তৃতায় মুখ্যমন্ত্রী বলেছেন সামগ্রিকভাবে ৬ষ্ঠ পরিকল্পনায় আমাদের ৫১২ কোটি টাকার সম্পদ সংগ্রহের লক্ষ্য মাত্রা ধার্য করা হয়েছিল। কিন্তু প্রকৃত হয়েছে ৭৪১ কোটি টাকা। আমাদের যা টার্গেট ছিল তার থেকে ৪৪ ভাগ বেশি আমরা সংগ্রহ করেছি। এটা যেন সাফল্যের ইঙ্গিত নয়। সারা ভারতবর্ষের অর্থনীতি যখন ক্ষয়িষ্ণু, মুমূর্ষু পুঁজিবাদী ব্যবস্থার মধ্যে থেকেও, পশ্চিমবঙ্গে তার সঙ্কটের বিরাট প্রভাব থাকা সত্ত্বেও তার মধ্যে দাঁড়িয়ে আমরা ৬ষ্ঠ

পরিকল্পনায় এইভাবে সংগ্রহের পরিমাণ বাড়িয়েছি। এই সময় গেছে খরা, গেছে বন্যা, নানা প্রাকৃতিক দুর্যোগের মধ্যে দিয়ে যেতে হয়েছে। এই সময় ওভার ড্রাফ্‌টের নাম করে আমাদের সঙ্গে কেন্দ্রীয় সরকার যে ব্যবহার করেছেন, এই হাউসে আমরা বার বার তার প্রতিবাদ জানিয়েছি। যা নিয়ে উন্নয়ন কমিশনের অধিবেশনে আমাদের সরকার পক্ষ থেকে বলা হয়েছে। যে কথা এখানে উল্লেখ করা হয়েছে, ৮ম অর্থ কমিশন আমাদের যে ৩০০ কোটি টাকা দেবার সুপারিশ করেছিলেন, তা পর্যন্ত পাওয়া গেল না, তা থেকে পশ্চিমবঙ্গকে বঞ্চিত করা হল। এই সমস্ত পরিস্থিতির মোকাবিলা করে ৬ষ্ঠ পরিকল্পনায় যা করতে পেরেছি, বিরোধী পক্ষের আমাদের সমর্থন করা উচিত ছিল, সাধুবাদ জানানো উচিত ছিল। তা তারা করেননি। এবং যিনি এই চক্রান্তের নায়ক ছিলেন, এখানে তাঁর নাম করা চলবে না, তাঁর রাজনৈতিক ভাগ্যাকাশে আজকে দুর্যোগের ঘনঘটা। দ্বিতীয় কথা, আমরা এমন ধরনের ট্যাক্স ব্যবস্থা চালু করেছি, কোনো বড় আকারে কর করিনি। আব্দুস সাত্তার খুব মৃদুভাবে কয়লার সেস এর ব্যাপারে বলে গেলেন। তিনি বহুদিন এই হাউসে আছেন, তিনি নিশ্চয়ই জানেন ১৯৭১ সালে কয়লা শিল্পের জাতীয়করণের পর থেকে কয়লার দাম ছয় গুণ বেড়েছে, তা কেন্দ্রীয় সরকারের নীতির জন্য। কয়লা খনি জাতীয়করণের পর থেকে আমরা ১৭।। থেকে ২০% করেছি, পাশের রাজ্য ৩০% করেছে। আমরা বিরাট অপরাধ করিনি বরং এই রকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের রাজ্য সরকারকে আরও অনেক দায়দায়িত্ব গ্রহণ করতে হয়েছে। এই যে স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ এই ক্ষুদ্র শিল্প বামফ্রন্ট সরকারের আমলে পশ্চিমবঙ্গে গর্ববোধ করতে পারে—পশ্চিমবাংলার ভাল হলে ওদের কেন দুঃখ হয় আমরা বুঝতে পারি না, স্মল স্কেলে আমরা অনেক ছাড় দিয়েছি।

[4-25—4-35 P.M.]

ইলেকট্রনিক্স-এ দিয়েছি, রেডিমেড গারমেন্টস-এ দিয়েছি, হোসিয়ারীতে ছাড় দিয়েছি। আর পাশাপাশি কেন্দ্রীয় সরকার কি করেছেন? তাঁরা এক্সাইজ ডিউটি এমনভাবে চাপিয়েছেন যে, আমাদের দেশের স্মল স্কেল ইন্ডাস্ট্রিগুলি শেষ হতে চলেছে। যে কুটির শিল্পের কথা গান্ধীজী বার বার বলতেন, সেই কুটির শিল্পকে বর্তমান কেন্দ্রীয় সরকার শেষ করে দিচ্ছেন। গান্ধীজী বলতেন কুটির শিল্পের পুনরুজ্জীবন ঘটাতে হবে। আমাদের দেশের মানুষের বৃটিশ সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রামের মধ্যে কুটির শিল্পের পুনরুজ্জীবন ঘটাবার অন্যতম দাবি ছিল। কিন্তু তার বিকাশ ঘটাবার জন্য স্বাধীনতার পরবর্তী পর্যায়ের পরিকল্পনায় তার অগ্রাধিকার কি আমরা দেখেছি? এ ক্ষেত্রে আগে ২০ লক্ষ টাকা পর্যন্ত কেন্দ্রীয় সরকারের এক্সাইজ ডিউটি ছাড় ছিল, এবারে সাড়ে সাত লক্ষ টাকার ওপর এক্সাইজ ডিউটি ইম্পোস করা হয়েছে। এই সমস্তর পরিপ্রেক্ষিতেই তো আমরা বলি দুটো মতাদর্শের সংঘাত, দুটো নীতির সংঘাত—পরিষ্কার বোঝা যাচ্ছে। ওঁদের নীতি হচ্ছে, বৃহৎ পুঁজিপতি, ধনিকশ্রেণী, জমিদার, জোত্‌দার, বহুজাতিক সংস্থার মালিকদের স্বার্থ রক্ষার নীতি, তাদের আরও বেশি করে কনসেসনস্ দেওয়ার নীতি। ছোট ব্যবসায়ী, শ্রমিক কর্মচারী এবং সাধারণ মানুষদের শেষ করে দেবার নীতি। তাই তো আজকে ছোট ছোট ব্যবসায়ীরা প্রতিবাদ জানাচ্ছে। আজকে স্মল-স্কেল ইন্ডাস্ট্রিস মালিকরা পশ্চিমবাংলাসহ সারা ভারতবর্ষে কেন্দ্রীয় সরকারের শিল্প নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে ধর্মঘট পালন করছে। এমন কি দিল্লিতেও ধর্মঘট হচ্ছে। স্যার, আজকে যখন ট্রেনে করে এখানে আসছিলাম

তখন শেওড়াফুলির একজন ছোটো শিল্পের মালিকের সঙ্গে দেখা হল—আমি সেই ভদ্রলোকের নাম করতে চাই না, তাঁকে আমাদের সকলের শ্রদ্ধেয় সদস্য মাননীয় শ্রী শান্তিমোহন রায় খুব ভাল করে চেনেন—তিনি আমাকে বললেন, "আমরা চিরকাল কংগ্রেসকে ভোট দিয়ে এসেছি, কিন্তু বর্তমানে কেন্দ্রীয় কংগ্রেস সরকার আমাদের ক্ষুদ্র শিল্পের মালিকদের যে আঘাত করলেন, তাতে আমাদের ব্যবসা শেষ হয়ে যাবে, আমরা ধ্বংস হয়ে যাব।" ভদ্রলোক আমার ছাত্রজীবনের বন্ধু, তিনি আমাকে এই কথা বললেন। স্যার, আজকে বিরোধী পক্ষের নেতা ভয়াবহ বেকার সমস্যার জন্য উদ্বেগ প্রকাশ করলেন। অবশ্যই আমরা সকলে তাঁর সঙ্গে সমভাবে উদ্বিগ্ন। কিন্তু শুধু পশ্চিমবাংলাতেই বেকারত্ব নেই, সারা ভারতবর্ষেই আজকে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য বেকার যুবকরা দুর্বিসহ জীবনযাপন করতে বাধ্য হচ্ছে এবং এ ব্যাপারে আমরা সকলেই সমভাবে উদ্বিগ্ন। আমরা চাইছি আমাদের এই রাজ্যে বেকার সমস্যা দিন দিন যেভাবে বাড়ছে তাতে তার অন্তত কিছুটা লাঘব হোক। কিন্তু আমরা কখনও বলি না, কখনও এই ধরনের প্রতিশ্রুতি দিই না যে, আমাদের কর্মসূচীর মধ্যে দিয়ে আমরা সামগ্রিকভাবে বেকার সমস্যার সমাধান করতে পারব। সারা ভারতবর্ষে যে ধরনের অর্থনৈতিক ব্যবস্থা চালু আছে তা চালু থাকলে বেকারদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়ে যাবে, সব বেকার সমস্যার সমাধান হয়ে যাবে, এ কথা আমরা কখনও বলি না। এটা হতে পারে না। তবে আমাদের রাজনৈতিক সদিচ্ছার কোনো অভাব নেই, আগ্রহের কোনো অভাব নেই, আন্তরিকতার কোনো অভাব নেই। একটা পুরানো কথা আমি এখানে আবার অবতারণা করতে চাই। ইতিপূর্বে কথাটি বহুবার এই হাউসে আলোচিত হয়েছে। তথাপি আমি সারা ভারতবর্ষের শিল্প পরিস্থিতির সঙ্গে পশ্চিমবঙ্গের শিল্প পরিস্থিতির একটা তুলনা করছি। ১৯৬০ সালে গোটা ভারতবর্ষের শিল্প উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গে উৎপাদন হত শতকরা ২২.৯ ভাগ। আর ১৯৮১-৮২ সালের হিসাব বলছে তা ৯.৮ ভাগে নেমে এসেছে। বর্তমানে আরও নেমে যাচ্ছে। আজকে পশ্চিমবঙ্গের শিল্পগুলি রুগ্ন হয়ে যাচ্ছে ইত্যাদি বিষয়ে অনেক আলোচনা সমালোচনা হল। যখন পশ্চিমবাংলায় শিল্প বেশি পরিমাণে রুগ্ন হচ্ছে ইত্যাদি কথা বলা হল তখন কিন্তু একবারও বলা হল না মাশুল সমীকরণ নীতির কথা। এই নীতি আমাদের পশ্চিমবাংলার শিল্প রুগ্ন হওয়ার সব চেয়ে বড় কারণ। এর বিরুদ্ধে আমরা পশ্চিমবাংলার মানুষের পক্ষে বার বার প্রতিবাদ জানিয়েছি। আমাদের পশ্চিমবাংলার সবক'টি কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন—কংগ্রেসের পরিচালিত আই. এন. টি. ইউ. সি. সমেত—এ বিষয়ে একমত হয়েছি এবং যুক্তভাবে ১৩ দফা দাবি সনদ প্রস্তুত করেছি। তাতে আমরা পরিষ্কার বলেছি, যে মাশুল সমীকরণ নীতি আমাদের রাজ্যের তথা পূর্বাঞ্চলের অর্থনীতির উপর প্রচণ্ড আঘাত হানছে, এই নীতি প্রত্যাহৃত হোক। তা না-হলে আমাদের রাজ্যের অনেকগুলি শিল্প এবং রাসায়নিক শিল্প মার খাচ্ছে। স্যার, আমার জেলায় দু'টি বড় বড় ফার্মাসিউটিক্যাল কনসার্ন সুরাসারের জন্য দরবার করছে, আমাদের মুখ্যমন্ত্রী পর্যন্ত এ বিষয়ে ছোটাছুটি করছেন। অথচ মহারাষ্ট্রের একজন প্রাক্তন মুখ্যমন্ত্রী বলেছেন, 'আমরা অন্য রাজ্যে দেব, তবু পশ্চিমবাংলায় দেব না।'

আমরা একই ভারতবর্ষের লোক, আমরা জাতীয় সংহতির কথা বলি, জাতীয় ঐক্যের কথা বলি অথচ মাসুল সমীকরণের যে নীতি সেই নীতির দ্বারা আমাদের রাজ্যের গোটা অর্থনীতিকে ধ্বংস করছে। সুতরাং এটা ভাবা দরকার। ইস্পাত শিল্পের জন্য আমরা গর্ব অনুভব করতাম। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা এবং বিহার পাশাপাশি রাজ্য। আমরা গর্ব

অনুভব করতাম। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা এবং বিহার পাশাপাশি রাজ্য। আমরা ছিলাম সর্বপ্রথম। আজকে দুর্গাপুর ধুকছে। আমরা ট্রেড ইউনিয়নগুলি যুক্তভাবে বসে আলোচনা করে ঠিক করেছি যে দুর্গাপুরকে আমরা মরতে দেব না। বার্নপুর ধুঁকছে, আমরা বলেছি মরতে দেব না। পশ্চিমবাংলার বিধানসভায় দাঁড়িয়ে একমত হয়ে আমাদের এই কথাই বলতে হবে ভারতবর্ষের স্বার্থে এই জিনিস চলতে পারে না। সেল ১৬ কোটি টাকা দুর্গাপুরকে ভর্তুকি দিত। তাঁরা বলছেন, এপ্রিল মাস থেকে বন্ধ করে দেওয়া হচ্ছে। জে. সি. ঘোষ কমিশন বলেছেন সিন্থেটিক অয়েল কয়লা থেকে উঠতে পারে। কিন্তু তাও পরিত্যক্ত হয়েছে। ১৯৪৭ কলকাতা বন্দরে ৫০ ভাগ মাল ওঠানামা করত। এখন সেটা শতকরা ৪ ভাগে এসে দাঁড়িয়েছে। এটা কাদের বঞ্চনার নীতি? কাদের অসহযোগিতার নীতি? এই হলদিয়াকে আরও ভাল করে উন্নত করে গোটা পূর্বাঞ্চলের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করার জন্য সাহায্য চাইছি। কলকাতা বন্দরের নাব্যতা বাড়াবার জন্য অনুরোধ জানাচ্ছি। ভারতবর্ষের মধ্যে যতগুলি বন্দর ছিল তারমধ্যে পশ্চিমবাংলার কলকাতা বন্দর দিয়ে সবচেয়ে বেশি মাল যাতায়াত করত। সুতরাং পশ্চিমবাংলার কলকাতা বন্দর ছিল সবচেয়ে শ্রেষ্ঠ। আজ সেই বন্দরকে ধ্বংস করা হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গ সরকারকে এর মধ্যে দাঁড়িয়ে চলতে হচ্ছে, সমস্ত পরিস্থিতিটাকে দেখতে হচ্ছে। এককালে দমদম বিমান বন্দর আমাদের গর্ব ছিল। আন্তর্জাতিক ক্ষেত্রে এই বন্দরের সুনাম ছিল। এখন এখান থেকে ক্রমশ ক্রমশ পর্যটন ব্যবস্থাকে তুলে দেওয়া হচ্ছে, দমদম বিমান বন্দরকে পঙ্গু করে দেবার চেষ্টা হচ্ছে। এই রকম অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের পশ্চিমবাংলার সরকারের পক্ষ থেকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় এই বাজেট প্রস্তাব এখানে পেশ করেছেন। আমি আশা করব, পশ্চিমবাংলার স্বার্থে যারা এখানে আছেন দলমত নির্বিশেষে পূর্বাঞ্চলের মানুষের জন্য, আমাদের রাজ্যের জনগণের বাঁচার দাবি নিয়ে ঐক্যবদ্ধ হয়ে দিল্লিতে দরবার করতে যেতে হবে বন্ধ রুগ্ন কারখানা খোলার জন্য, শিল্প পুনরুজ্জীবনের জন্য, পশ্চিমবাংলার অর্থনীতিকে চাঙ্গা করার জন্য, আমরা সবাই দিল্লির সাহায্য চাই, সহযোগিতা চাই আমাদের রাজ্যের মানুষের স্বার্থে। ধন্যবাদ।

**শ্রী শান্তিমোহন রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী আমাদের এই বিধানসভায় যে বাজেট উপস্থাপিত করেছেন সেই বাজেট দেখলে আমার মনে হয় কেন্দ্রীয় সরকারকে আসামির কাঠগড়ায় দাঁড় করিয়ে তাঁর বক্তব্য শুরু করেছেন। অথচ বাজেট পর্যালোচনা করলে আমরা দেখতে পাই সবচেয়ে বেশি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নিয়ে এসে এই পশ্চিমবঙ্গ সরকারের ব্যয়-বরাদ্দ স্থিরিকৃত হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, কেন্দ্রীয় সরকারের প্রদত্ত টাকার অনেকখানি আজকে পশ্চিমবঙ্গ সরকার ফেরত দিয়েছে, ব্যয় করতে পারেননি। আমি জানতে চাইছি, পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের প্রদত্ত টাকা কোনো কোনো খাতে, কত টাকা ফেরত দিয়েছে। আমি সংবাদপত্র মারফত পড়েছি। "বর্তমান লিখেছে, আনন্দবাজার পত্রিকাও লিখেছে।" তাদের তথ্যের উপর নির্ভর করে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি।

[4-35—4-45 P.M.]

কেন্দ্রীয় সরকারে প্রদত্ত টাকার কত অংশ কোনো কোনো খাতে ব্যয় করতে তিনি অক্ষম হয়ে ফেরত দিয়েছেন। তিনি পশ্চিমবঙ্গে শিল্প উদ্যোগের নতুন করে চেষ্টা নেবার জন্য

পৃথিবীর সব উন্নত দেশগুলি পরিক্রমা করে এসেছেন, বিলেত, আমেরিকা—কিন্তু আমরা দেখতে পাচ্ছি বর্তমান বাজেটে শিল্পে কম টাকা ধরা হয়েছে। আমরা ভেবেছিলাম যে শিল্পোদ্যোগ যদি আমাদের পশ্চিমবঙ্গে বেশি হয় তাহলে আমাদের বেকার সমস্যার সমাধান হবে, সম্পদ বৃদ্ধি হবে, কিন্তু আমরা সেই জায়গায় শিল্পের যে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে তাতে বিপরীত ইঙ্গিতের পরিচয় পেলাম। যে কুটির এবং ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠা করলে পশ্চিমবঙ্গে বেকার সমস্যার অনেকখানি সমাধান হতে পারে সেখানে কুটির এবং ক্ষুদ্র শিল্পের খাতে পশ্চিমবঙ্গ সরকার কত ব্যয়বরাদ্দ ধরেছেন তা আমরা জানি না, কিন্তু আমরা যেটুকু জানতে পেরেছি সেটা হচ্ছে ক্ষুদ্র এবং কুটির শিল্পে ব্যয় বরাদ্দ কম ধরা হয়েছে। এর ফলে পশ্চিমবঙ্গের বেকার সমস্যা সমাধানের আশা অত্যন্ত কম। আমরা জানি পশ্চিমবঙ্গে কিছু কিছু শিল্প যেগুলি তৈরি হচ্ছে সেই শিল্পে উৎপাদিত যে দ্রব্য পশ্চিমবঙ্গ সরকার যদি আমাদের এখানকার মানুষকে এবং প্রশাসনের কাজে যাঁরা নিযুক্ত আছেন তাঁদের সেইসব জিনিস কিনতে উৎসাহিত করতেন যেমন টি. ভি., টেপ রেকর্ডার, ফ্রিজ এইসব পশ্চিমবঙ্গে উৎপাদিত শিল্প তাহলে আমার মনে হয় আজকে কেন্দ্রীয় সাহায্য, কেন্দ্রীয় সাহায্য বলে চিৎকার করতে হত না। প্রোডাকশন বাড়বে, এবং আমরা যদি পর্যালোচনা করে দেখি তাহলে আমাদের দেশের কুটির ও ক্ষুদ্রশিল্প তার যে প্রোডাকটিভিটি তার যে ওয়েড স্ট্রাকচার, তার যে ইলেক্ট্রিসিটি ফেলিওর সেইসব যদি অন্য রাজ্যের সঙ্গে তুলনা করে দেখি সেইসব রাজ্যের তুলনায় আমাদের শিল্পজাত দ্রব্যসমূহ আনকমপিটেটিভ হয়ে গেল। যাতে কমপিটেটিভ হতে পারে সেদিকে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি দেওয়া উচিত। গ্রেটার ক্যালকাটাতে পশ্চিমবঙ্গ সরকারের যে টাকা, অর্থাৎ গ্রেটার ক্যালকাটার মানুষের জন্য ট্রান্সপোর্ট। এবং অন্যান্য অ্যামিনিটিজের জন্য পশ্চিমবঙ্গ সরকার যা খরচ করেন কুচবিহার, পশ্চিমদিনাজপুর এক কথায় মফস্বল জেলাগুলিতে তার তুলনায় অনেক কম খরচা করেন। আমরা মেট্রো রেলে নিশ্চয় চড়ব, কিন্তু গাঁয়েতে একটা রাস্তা পর্যন্ত এখন তৈরি হয় না, আমরা কোনো ট্রান্সপোর্ট ব্যবস্থা পেতে পারি না। সুতরাং আমি আপনাকে বলছি গ্রেটার ক্যালকাটার দিকে নজর দেবেন, অ্যামিনিটিজের কথা ভাববেন, মেট্রো রেলওয়ে ইত্যাদি, কিন্তু গাঁয়ের মানুষদের—যাদের কথা বিধানসভায় এবং বাইরে বলেন—তাদের যে অ্যামিনিটিজ, সেই অ্যামিনিটিজের কি ব্যবস্থা করছেন সেটা ভাল করে পর্যালোচনা করে দেখবেন।

আমরা জানি যে আমাদের অনেক ইন্টিরিয়ার গ্রামে কোনো ট্রান্সপোর্ট ব্যবস্থা নেই। যেখানে বাস রাস্তা আছে, সেখানেও ১ ঘন্টা বা ২ ঘন্টার আগে বাস ছাড়ে না এবং সেই বাসও সময়মত পাওয়া যায় না। রাস্তার অবস্থা অতি ভয়ঙ্কর। এই সরকার নিজেদের গরিবের সরকার, সর্বহারাদের সরকার বলেন, কিন্তু আমি এই সরকারকে জিজ্ঞাসা করব যে, আজকে গরিবের স্বার্থে এই বাজেটে কত টাকা ধরেছেন? মাথাপিছু কত টাকা তাঁদের জন্য ব্যায় হবে সেটা মাননীয় জ্যোতিবাবু যখন বাজেটের জবাবি ভাষণ দেবেন, জানাবেন।

মাননীয় স্পিকার মহাশয়, আমরা দেখছি যে, আমাদের বামফ্রন্ট সরকার সংস্কৃতির কথা বলেন। কিন্তু আমরা দেখছি তাঁরা রাস্তার দুই ধারে যত গাছপালা লাগাচ্ছেন—সেখানে রাধাচূড়া এবং কৃষ্ণচূড়া বসাচ্ছেন, কিন্তু এগুলো বিদেশি গাছ। দেশের সংস্কৃতি রক্ষার জন্য যদি তাঁদের চেষ্টা থাকত তাহলে এক্ষেত্রে দেশি গাছ বসাতে পারতেন, কিছু ফলের গাছও

বসাতে পারতেন। কিন্তু সেদিকে সংস্কৃতিবান বামফ্রন্ট সরকারের দৃষ্টি নেই। এই ক'টি কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের বাজেটটা আমরা যদি অ্যানালাইজ করে দেখি তাহলে দেখা যাবে যে, এটা অনেকটা প্রো-পিপল্ বাজেট। এই বাজেটটা যে সোশ্যালিস্ট পয়েন্ট অফ ভিউতে একটা ভাল বাজেট একথা আমি বলছি না। ক্যাপিটাল স্ট্রাকচারে তার যে মেন পেরেন্ট বডি তাকে সামনে রেখেই এটা করতে হয়েছে। কারণ পেরেন্ট বডিতে এমন ব্যবস্থা রয়েছে, যার ফলে তার অর্থাৎ সেন্ট্রাল গভর্নমেন্টের বাজেটের, যতই সমালোচনা করি না কেন, তার একটা ছবি পশ্চিমবাংলা তথা যে কোনো রাজ্যের বাজেটে আসতে বাধ্য। আবার আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের যে বাজেট দেখি, সেটাও কানেকটেড উইথ্ ইন্টারন্যাশনাল বাজেট। তাহলেও ভারতবর্ষের সেন্ট্রাল গভর্নমেন্টের বাজেট সম্বন্ধে কিছু বলা দরকার। ওঁদের ঐ বাজেট অ্যান্টি-পিপল বাজেট সে বিষয়ে সন্দেহ নেই। আপনারা দেখবেন, ঐ সেন্ট্রাল বাজেট ডেফিসিট আছে। সেন্ট্রাল গভর্নমেন্টের এই বাজেটে একটা হিউজ ডেফিসিট আছে, প্রায় ৩,৭০০ কোটি টাকা। তারপর দেখতে হবে, এখানে ইনফ্লেশন কতটা বেড়েছে। ইনফ্লেশনের ক্ষেত্রে ১৯৪৯ সালকে যদি আমরা বেস করি, তাহলে আজকে প্রায় ৮০০ পার্সেন্ট তার ইনডেক্স নাম্বার হয়ে গেছে। অর্থাৎ ১৯৪৯ সালে যার দাম ছিল ১ টাকা, আজকে তার দাম ৮ টাকার কিছু বেশি হয়েছে। সুতরাং ইনফ্লেশনের ব্যাপারটা দেখতে হবে। এর পাশাপাশি যদি আমরা সোশ্যালিস্ট কান্ট্রির বাজেট দেখি, তাহলে দেখতে পাব, বিশেষ করে চিন দেশে দেখেছি, সেখানে ১৯৫৩ সালে যে ইন্ডেক্স নাম্বার ১ ছিল, ১৯৭৯ পর্যন্ত সেই ইন্ডেক্স নাম্বার একই ছিল।

[4-45—4-55 P.M.]

এখানে তাদের ইকনমি রিফর্মসের জন্য কিছু বেড়েছে, সেটা হচ্ছে .৩৫। অথচ আমাদের বাড়ছে — ১৯৫০ সাল থেকে যদি দেখি তাহলে প্রায় ৮০০। আপনারা ডেফিসিট বাজেটের কথা বলছেন। আমি আপনাকে ইনফ্লেশনের কথা বলছিলাম। আর ইন্টারনাল ডেট্, যেটা ফরেন ডেট্ বলা হয় সেই ফরেন ডেট্ সেন্ট্রাল গভর্নমেন্টের কাজের ফলে সেটা ৩০ হাজার কোটি টাকার বেশি হয়ে গেছে। এখানে ১৯৪৭ সালে ফেবারেবেল ছিল, আমাদের দেশে গোল্ড রিজার্ভ ছিল সেটা ১৯৮৬ সালে দেখতে পাচ্ছি ফরেন ডেট্ প্রায় ৩০,০০০ কোটি টাকা বেড়েছে ইনক্লুডিং অল রিসোর্সেস। আর ব্যালান্স অফ ট্রেড সেটা ৫০০০-এর বেশি উপরে উঠে গেছে। সুতরাং এইগুলো যদি যোগ করে দেখি তাহলে দেখব টাকার দাম এত নিচে নেমে গেছে যে সেটা বলার কথা নয়। সেন্ট্রাল গভর্নমেন্ট একটা অ্যান্টি-পিপল বাজেট তৈরি করেছেন এই অ্যান্টি পিপল বাজেটের যে ছবি সেই ছবি নিশ্চয়ই স্টেট বাজেটে পড়তে বাধ্য। তার জন্য কিছু খুঁত এই বাজেটের মধ্যে আছে সেটা আমি বলার চেষ্টা করব। কিন্তু চেষ্টা করা হয়েছে। যাদের মার্জিনাল ইউটিলিটি অফ মানি অর্থাৎ গরিব মানুষকে যেন হার্ড হিট না করা হয়। এই বাজেটের মধ্যে এই জিনিসটা করার চেষ্টা করা হয়েছে এবং সেই জন্য এই বাজেটকে প্রো-পিপল বাজেট বলেছি। আজকে আমাদের এই কথা বলতে হবে উই আর বাউন্ড বাই দি ল। কন্সটিটিউশনে যে অ্যালোকেশন অফ রিসোর্সের কথা আছে তার বাইরে আমরা যেতে পারব না। আমাদের চিন্তাধারা, দৃষ্টিভঙ্গি যতই সোশ্যালিস্ট হোক না

কেন এটা আমরা পারব না। এই যে কাঠামো এই কাঠামো যত দিন আছে, আমাকে কন্সটিটিউশন অফ ইন্ডিয়া যে অ্যালোকেশন অফ রিসোর্সে আছে তার শিডিউল ওয়ান, টু, থ্রি সেটাকে মেনে চলতে হবে। আমরা যদি শিডিউল ওয়ান, টু, থ্রি মেনে চলি তাহলে রাজ্যগুলির হাতে কোনো ক্ষমতা নেই বললেই চলে। ডাইরেক্ট ট্যাক্সের কোনো ক্ষমতা নেই বললেই চলে, মেজরিটি যে ট্যাক্স করতে হবে রাজ্য সরকারগুলিকে—ইনক্লুডিং ওয়েস্ট বেঙ্গল—সেটা হচ্ছে ইনডাইরেক্ট ট্যাক্স। এই ইনডাইরেক্ট ট্যাক্সের সিংহভাগ পড়ে রয়েছে সেল ট্যাক্সের মধ্যে। সেইজন্য আমাদের বাধ্য হয়ে কতকগুলি জিনিসের উপর ট্যাক্স বসাতে হয়েছে। ট্যাক্স যেটা বসানো হয়েছে আমি বলব এটা একটু বিচার বিবেচনা করা উচিত। সেটা হচ্ছে কোলের উপর যে ট্যাক্স বসানো হচ্ছে তার ইন্সিডেন্স অফ ট্যাক্সেশন দেখা গেল কিছু গরিব মানুষের ক্ষতি হবে। এটা অস্বীকার করে কোনো লাভ নেই যে এই ইন্সিডেন্স অফ ট্যাক্সেশন এটা তারা কিছুটা বেয়ার করবে এবং কিছু ক্ষতি হবে। কিছু ক্ষতি হবে ঠিকই, কিন্তু কোনো উপায় নেই আর কোনো রিসোর্স খুঁজে পাওয়া যাচ্ছে না, এই কথা বলার চেষ্টা করা হয়েছে। আমি খুব বিনীতভাবে মাননীয় মুখ্যমন্ত্রী এবং এখন যিনি ফাইন্যান্স মিনিস্টার তাঁর কাছে একটা জিনিস সাজেস্ট করছি সেটা তিনি যেন দেখেন। সেটা হচ্ছে যে সমস্ত মালটি-স্টোরিড বিল্ডিং আছে ল্যান্ড রিফর্মসের উইদিন দি কম্পিটেন্স অফ দি স্টেট গভর্নমেন্ট সেই ব্যাপারে তিনি কিছু করতে পারেন। আমি সাজেস্ট করতে চাই বিনীতভাবে, মাল্টি-স্টোরিড বিল্ডিং বহু আছে কলিকাতা শহরে এবং যেগুলি কর্পোরেশন বা একটা কমিটি দিয়ে তৈরি করেছে টাটা-বিড়লার মতো বড় লোকেরা এই মাল্টি-স্টোরেড বিল্ডিং-এর উপর ট্যাক্স বসানো যায় কিনা সেটা একটু দেখবেন। বসানো গেলে কত পেতে পারেন তার একটা অ্যাসেসমেন্ট করলে ভাল হয়। এই প্রস্তাব আমি বিনীতভাবে রাখছি।

অন্য যে সমস্ত ট্যাক্স আছে, সেগুলো মোটামুটিভাবে ঠিক আছে। একমাত্র কোল-এর উপরে যেটা বসিয়েছেন এবং ৩০ কোটি টাকা আসবে বলে যেটা উল্লেখ করেছেন, সেটাতে একটু ডিফেক্ট আছে, একথা অস্বীকার করলে ভুল হবে। কিন্তু অন্য যেগুলো আছে, সেগুলোর দ্বারা গরিব মানুষের উপরে হার্ড হিট করবে না বলে মনে হয়। এক্সপেন্ডিচার বেসিস সম্বন্ধে আমি আর একটা কথা এখানে বলতে চাই। এ ব্যাপারে শান্তিবাবু শহরের সঙ্গে গ্রামের খানিকটা পার্থক্যের কথা উল্লেখ করেছেন। আমি গতবারে বলেছি, এবারেও বলছি যে, নিচের তলার মানুষের উপকার যদি সত্যিই করতে হয়—গ্রামের মধ্যেই যে দুস্থ মানুষের সংখ্যা বেশি তা কখনই অস্বীকার করা যায় না, দুস্থ মানুষ শহরে যে একেবারে নেই, একথা অবশ্য আমি এখানে বলছি না, কিন্তু কম্পারেটিভলি গ্রামের মানুষের অবস্থা অনেক খারাপ—তাদের জন্য কিছু অবশ্যই করতে হবে। গ্রামের মধ্যে যেগুলো ইরিগেশন এরিয়া নয়, সেই সমস্ত মানুষের অবস্থা অর্থাৎ তাদের ইকনমিক কন্ডিশন শহরের মানুষের তুলনায় অত্যন্ত খারাপ। এই যদি গ্রামের মানুষের প্রকৃত চিত্র হয়, তাহলে আমরা পার ক্যাপিটা বাজেট ইন্ট্রোডিউস করার কথা চিন্তা করে দেখতে পারি এবং তা করতে পারলে অনেক উপকার করা হবে বলে আমি মনে করি। ইট ইজ উইদিন দি কম্পিটেন্স অফ দি স্টেট গভর্নমেন্ট। পার ক্যাপিটা যদি আমরা করি তাহলে আমার মনে হয় যে, গরিব মানুষের পক্ষে আমরা কিছুটা কাজ করতে পারব। কিন্তু গরিব মানুষের আমরা ভাল করব, অমুক করব, তমুক করব ইত্যাদি বলে কোনো লাভ নেই। সেজন্য পার ক্যাপিটা বাজেট করলে আমার মনে হয় মফস্বলের লোকেরা অনেক বেশি

উপকৃত হবে। এটা দয়া-দাক্ষিণ্যের কোনো ব্যাপার নয়, যেটুকু ন্যায্য পাওনা, সেই পার ক্যাপিটা, সেটা তাদের দেওয়া হোক। আমি বিষয়টি মাননীয় চিফ মিনিস্টার তথা ফাইন্যান্স মিনিস্টারের কাছে বিনীতভাবে রাখছি। এবারে আমি আর একটি কথা—মাননীয় সাত্তার সাহেব এখানে যা বলেছেন সে সম্বন্ধে বলতে চাই। তাঁর বক্তৃতার মধ্যে যেন সুর — জাগ্লারি অফ স্ট্যাটিসটিক্স — আমরা যা শুনেছি তা হচ্ছে, সেন্টার থেকে পশ্চিমবঙ্গ সরকারকে যে টাকা দেয়, সেই টাকাটা খরচ করতে পারছেন না এবং এরজন্য পশ্চিমবঙ্গের জনসাধারণের ক্ষতি হচ্ছে। বিষয়টি নিয়ে নিশ্চয়ই ভেবেচিন্তে দেখার দরকার আছে। শুধু পার্টির দিক দিয়ে নয়, জনসাধারণ এবং সাধারণ মানুষের দিক দিয়েও এটি ভেবে দেখার দরকার আছে। এই ব্যাপার আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এখানে যে কথাগুলো বলব, সে সম্বন্ধে তিনি যদি আমাদের একটু আলোকপাত করেন, তাহলে আমাদের পক্ষে সুবিধা হয়। আমরা জানি, সেন্ট্রাল গভর্নমেন্ট স্টেট গভর্নমেন্টকে দু'ভাবে টাকা দেন, যাকে সাবসিডি বলা হয়ে থাকে। তারমধ্যে একটি হচ্ছে কম্পালসরি এবং অপরটি হচ্ছে ডিস্ক্রিশনারি। তাঁদের পার্টি ডিস্ক্রিশনারি গ্র্যান্ট হিসাবে যে টাকা দেন, সেই ডিস্ক্রিশনারি গ্র্যান্ট বাবদ টাকার ব্যাপারে আমি তথ্য দিয়ে প্রমাণ করতে পারি। কিন্তু তথ্য দিতে গেলে সময় থাকবে না। সেজন্য আমি আপনাকে মোটামুটিভাবে একটি কথা বলব সেটা আপনি একটু ভেরিফাই করে দেখবেন। কম্পালসরি গ্র্যান্ট যেটা, সেই কম্পালসরি গ্র্যান্ট বা সাবসিডির টাকা কিভাবে রাজ্যের হাতে দেওয়া হয়? এই টাকাগুলো এমনভাবে দেওয়া হয় যে, তাতে মনে হয় যেন শত্রুতা করে তা দেওয়া হচ্ছে। সেখান থেকে যে গ্র্যান্টগুলো দেওয়া হয়, সেই খাত বাবদ খরচ তাঁরা দেখান। এই টাকা খরচ করতে পারলে আবার টাকা দেওয়া হয়। এবারে উনি ডাটাটা যদি দিয়ে দেন, তাহলে আমাদের কাছে তা পরিষ্কার হয়ে ওঠে। উনি রিসোর্স মোবিলাইজেসনের কথা বলেছেন। উনি বলেছেন যে আমরা টাকা খরচ করতে পারছি না। কেন্দ্রের ঐ টাকা যে খরচ করতে পারা গেল না তা প্রকৃতপক্ষে কাদের দোষে, সেটা পরিষ্কার হয়ে যাবে যদি উনি ডাটা আমাদের কাছে রাখেন। এইজন্য এই কথাগুলো আমি এখানে বলছি।

[4-55—5-05 P.M.]

সাধারণত এই কম্পালসরি গ্র্যান্ট অ্যান্ড সাবসিডির টাকা প্রথম দিকে গ্র্যান্ট করে না। অর্থাৎ তারা যখন মনে করেন বাজেট শেষ হতে আর কিছুদিন বাকি তখন ওই টাকা দেন। অর্থাৎ এতদিন বাগ-বিতণ্ডা করে করে শেষকালে টালবাহনা করে যখন সেই টাকা দিলেন তা দিয়ে কোন কাজ হবে না। এমন সময়ে দিলেন যে তা দিয়ে বাজেটের এই সমস্যার প্রসেস করে প্রসিডিউরালি টাকা খরচ করা যায় না। আগেকার দিনে অর্থাৎ কংগ্রেস আমলে এই টাকা খরচ হত কিভাবে আমি জানি। তখন ওই টাকা কখন এল সেটা দেখা হত না, যদি ১৫-২০ দিন আগেও আসে বাজেট শেষ হওয়ার তাও তারা বাজেটে রেখে দিতেন যে ওই টাকা এইভাবে খরচ হচ্ছে—অমুক জায়গায় ২৫টি ইদারা করা হবে, অমুক জায়গায় ২৬টি রাস্তা করে দেব ইত্যাদি। এতে অবশ্যি অনেক ক্ষতিও হত এবং টাকা অপচয়ও হত কারণ সমস্ত টাকাটাই কন্ট্রাক্টরদের হাতে চলে যেত, কাজের কাজে লাগত না। সেইদিক দিয়ে জ্যোতিবাবু জ্ঞানী লোক, তিনি জানেন কি করণীয় করতে হবে এবং হি ইজ দি কম্পিটেন্ট পারসন টু সে। সুতরাং এই ব্যাপারে আমাদের কিছু বলার দরকার নেই। আরেকটি কথা

বলতে চাই মাননীয় বিরোধীদলের নেতা বললেন যে রিসোর্স চলে যায় আর আমরা খরচ করতে পারি না। আমি তাঁকে বলি যে ওই টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট এমন সময়ে পাঠান তাতে গভর্নমেন্টের যে প্রসিডিউর আছে, প্রসিডিউরালি শেষকালে ওই টাকা খরচ করা যায় না, কাজে কাজেই সেই টাকা চলে যায়। সুতরাং কম্পালসরি এবং সাবসিডি গ্র্যান্ট হচ্ছে এটা আর ডিসক্রিশনারির কথা আগেই আপনাদের কাছে বলেছি। অর্থাৎ আমার যদি ভাল লাগে তো দেব তা না হলে দেব না। সুতরাং এইসব বিবেচনা করে দেখছি এই যে বাজেট এখানে মাননীয় অর্থমন্ত্রী এনেছেন, এটা অবশ্য কয়েক মাসের বাজেট, তারপরে আরও কিছু সংযোগ করবেন কিনা জানি না, তবে এখনো পর্যন্ত যে বাজেট আমরা দেখছি তা অতি প্রো-পিপল বাজেট বলে আমি মনে করি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বক্তৃতা দিয়েছেন তার উপরে যে আলোচনা হচ্ছে আমি সেখানে কয়েকটি কথা আপনার মাধ্যমে রাজ্য সরকার এবং বিশেষত অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বাজেট বিবৃতির মধ্যে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক সমস্যার বিশ্লেষণ বা অ্যানালিসিস যেটাকে বলি তার উল্লেখযোগ্য কোনো বিবরণ এই রাজ্য সরকারের বা অর্থমন্ত্রীর স্পিচের মধ্যে নেই। সরকার কোনো পথে এবং কিভাবে এই সমস্যাগুলির সমাধান করবেন বা এই সমস্যাগুলির পথ নির্ধারণের কোনো নির্দেশ এই বাজেট বইয়ের মধ্যে দেখতে পাচ্ছি না। সবচেয়ে বড় কথা হচ্ছে আজকে কর্মসংস্থান যেটার উপর সবচেয়ে জোর দেওয়া উচিত ছিল এবং এ সম্বন্ধে আপনাদের যে কৌশল আছে, সেখানে বেসরকারি উদ্যোগে বা জয়েন্ট কোলাবরেশনে যে কৌশল গ্রহণ করেছেন তার পুরো ব্যাখ্যা আমরা পেলাম না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমরা দেখতে পাচ্ছি কি, এই সরকার যে কথাগুলি বলেছেন তার সঙ্গে বাস্তবে কোনো মিল থাকছে না। আমার প্রশ্ন হচ্ছে এক্ষেত্রে সরকারের অর্থনৈতিক সম্পদ সৃষ্টি করার ক্ষেত্রে যে বাধা তা কতখানি এবং কিভাবে তা রোধ করা যাবে তা সম্বন্ধে আজ পর্যন্ত কোনো উত্তর মাননীয় অর্থমন্ত্রী বাজেট স্পিচের মধ্যে পেলাম না।

আমি একটা পরিসংখ্যান দিয়ে বলতে পারি ১৯৭৭ সালে বামফ্রন্ট আসার আগে, রাজ্যের মাথাপিছু আয় ছিল ৮১১ টাকা, আর বামফ্রন্টের ৮৮ বছর পর ১৯৮৪-৮৫ সালে মাথাপিছু আয়ের হিসাবটা যদি দেখি তাহলে দেখব সেটা ১৫ টাকা বেড়ে বর্তমানে দাঁড়িয়েছে ৮২৬ টাকায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্টের সদস্যরা, মন্ত্রী মহাশয়রা বলেছেন তারা ১২ লক্ষ একর জমি বিলি করেছেন। এই বিলিকৃত জমি থেকে কত ফসল উৎপাদন হচ্ছে, কত ফসল এসেছে সরকারের কাছে সেটা বলতে পারেন? এটার হিসাব মুখ্যমন্ত্রী মহাশয় বা তার দপ্তর কোনোদিনে পরিষ্কারভাবে দেননি। তাহলে আমরা কি বলব ঐ দরিদ্র মানুষদের প্রকৃত যা লক্ষ সেই লক্ষে তারা পৌছেছে? এটা আমরা বলতে পারি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা আতঙ্কগ্রস্ত হই এই কারণে যে ১৯৮৫-৮৬ সালের বরাদ্দকৃত অর্থটা খরচ হয়নি। মোটামুটি আমরা দেখতে পাচ্ছি পূর্ত দপ্তর, গৃহ নির্মাণ দপ্তর, কর্মসংস্থান দপ্তর, খাদ্য, শিক্ষা দপ্তর, বিচার বিভাগীয় দপ্তর — সমস্ত দপ্তরে মোট বরাদ্দ হয়েছিল ২৭৭ কোটি ২২ লক্ষ ১০ হাজার টাকা এটা পুরোটা খরচা হয়নি। এই চিত্রটি দেখলে বোঝা যায় সরকারের কতখানি ব্যর্থতা এটা অ্যানালিসিস করা হয়নি। আজকে খাদ্য উৎপাদনে কেন্দ্রীয় সরকারের

যে বাজেট সেইদিকে তাকালে বোঝা যায় যে ক্রমাগতভাবে খাদ্যের হার ফুড অ্যান্ড ফার্টিলাইজার.. Food and fertiliser subsidies have now reached of Rs. 3,700 crores and have increased by over 40% per annum in the last three years. Even with buoyant Tax revenue, this order of increase is simply not substainable. At present rates of growth, these subsidies would have reached Rs. 14,000 crores by the end of the 7th Plan... এর থেকে বোঝা যাচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্টের চিন্তাভাবনা উৎপাদন বাড়ানোর জন্য। কিন্তু এখানে সম্পদ তৈরি করার যে প্রচেষ্টা বা উদ্যোগ সেটা আমরা দেখতে পাচ্ছি না, যেটা আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের পরিকল্পনার মধ্যে দেখতে পেয়েছি, কিন্তু রাজ্য সরকারের পরিকল্পনার মধ্যে পাইনি।

[5-05—5-15 P.M.]

আমাদের বলা হল বিদ্যুৎ দেওয়া হবে কিন্তু সেটা কতখানি কার্যকর হবে সেটা চিন্তা করা হল না। বিশ্লেষণ সেভাবে হয়নি বলে অসুবিধা দেখা দিচ্ছে। নির্বাচনের পরিপ্রেক্ষিতে এই বাজেট। এই বাজেট সম্বন্ধে মধ্যবিত্ত, উচ্চ মধ্যবিত্ত, গরিব-বড়লোক কারুর কোনো প্রশ্ন নেই, কারুর কোনো প্রতিক্রিয়া লক্ষ্য করতে পারিনি। কারণ এটা নির্বাচনী বাজেট। যে ৯৬৬ কোটি টাকা ব্যয়-বরাদ্দ হয়েছিল এবং গত বছর যে ৬৯০ কোটি টাকা যেটা হিসেবের তুলনায় ৩৯ কোটি টাকা কম। আমরা চলতি আর্থিক বছরে দেখতে পাচ্ছি ৮২৯ কোটি টাকা খরচ করে ঘাটতি হচ্ছে ৪২.৮১ কোটি টাকা। সেখানে এবারে কৌশলে পাবলিক অ্যাকাউন্টস ফান্ড এবং পি. এফ. থেকে আরম্ভ করে সরকারি ঘাটতি মেটানো হবে দেখিয়েছেন। অর্থাৎ এই পরিপ্রেক্ষিতে দেখিয়েছেন ২৮.৫৭ কোটি টাকা। এটা সারা বছরের চিত্র নয়। সেটা কতটা ঘাটতি হিসেবে দেখাবেন সেটা আগে থেকে আঁচ করতে পারছি। বাজেট বরাদ্দের শতকরা ৫২ ভাগ কেন্দ্রের বিভিন্ন আর্থিক সূত্র থেকে পেয়ে থাকেন। এটাও আমরা পরিষ্কারভাবে বুঝতে পারছি না। এই তথ্য আমরা বিভিন্ন সময়ে বিভিন্নভাবে দেখতে পাই। সরকার এগুলি সম্বন্ধে যদি চিত্র দেন তাহলে জনসাধারণের মনে ধোয়াটে ভাব আর থাকবে না। দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছে বলে আমরা সকলেই চিৎকার করি। পার্লামেন্ট যদি খোলা থাকত তাহলে হত এই যে দাম বাড়ছে তার একটা অংশ যদি রাজ্যগুলি পেত তাহলে হত। কিন্তু সংবিধানের এই অধিকার থেকে রাজ্যগুলি বঞ্চিত হচ্ছে। রাজ্য সরকার তাঁর চিন্তা-ভাবনার মাধ্যমে বলেছেন। আমরা বলছি সেই চিন্তার প্রকৃত চিত্র রাজ্য সরকার তুলে ধরতে পারেননি। গ্রাম বাংলার উন্নতির কথায় অমরা দেখতে পাই সেখানে সেচের টাকা ব্যয় হচ্ছে না। দ্বারকেশ্বর পরিকল্পনার দ্বারা বাঁকুড়া, পুরুলিয়া জেলায় সেচ হতে পারত। সেটা কেন ফাইল বন্দী করে রাখা হল? যেখানে কংসাবতী পরিকল্পনা শেষ, তিস্তা চলছে সেখানে রেভিন্যু বিভাগ হাসির কাজ করছে। ৩০ হাজার টাকার রেভিন্যু আদায় করতে গেলে ১৬ লক্ষ টাকা সরকার ব্যয় করেন।

৩০ হাজার টাকা রেভিন্যু আদায় করতে গিয়ে ১৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এইভাবে কি করে সুরকার প্রকৃত দুস্থ অসহায় মানুষদের সেবা করবেন? আজকে গ্রামবাংলার পরিকল্পনাগুলি দেখলে অবাক হয়ে যেতে হয়, রাস্তা-ঘাটের চিত্র দেখলে অবাক হয়ে যেতে হয়। আমাদের বাঁকুড়া জেলার একজন মন্ত্রী আছেন, তিনি জানেন, আমাদের বাঁকুড়ার রাস্তার

এক হাত করে গর্ত হয়ে গেছে। রাস্তার দু'পাশে ফ্ল্যাঙ্কগুলি যেভাবে নষ্ট হয়ে গেছে তাতে গাড়ি উল্টে যাবে। অথচ টাকা ফেরত চলে যাচ্ছে, সেখানকার রাস্তা-ঘাটের সংস্কার হয় না। মন্ত্রী মহাশয় যখন বাঁকুড়ার হেড কোয়ার্টারে যান বা নিজের কনস্টিটিয়েন্সিতে যান তখন বরাবর রাস্তা দিয়ে যেতে পারেন না। বাঁকুড়া জেলার মধ্যে রাজা গ্রাম—বিসপুরিয়া রোড যেটা পুরুলিয়ার সঙ্গে সংযুক্ত সেই রাস্তাটা সবচেয়ে খারাপ। চিফ ইঞ্জিনিয়ারকে বলেও কিছু হয় না। রাস্তা-ঘাট, নদী-নালা, হাসপাতালের ক্ষেত্রে সরকার ব্যর্থতার পরিচয় দিচ্ছেন। হাসপাতালে অব্যবস্থার জন্য আজকে হসপিট্যাল মাইন্ডেড লোক হাসপাতাল থেকে দূরে সরে যাচ্ছে, হাসপাতালে যাচ্ছে না। কারণ, হাসপাতালে ওষুধ, ডাক্তার, চিকিৎসা ব্যবস্থা নেই। হাসপাতালে এক্স-রে চলে না, সার্জিক্যাল ব্যবস্থা ভেঙে পড়েছে। ডিস্ট্রিক্ট হাসপাতাল, সাব-ডিভিশন্যাল হাসপাতাল, সাবসিডিয়ারি হাসপাতাল, প্রাইমারি হেল্‌থ সেন্টার, ছোটো বড় সব হাসপাতালেই একই অবস্থা। হাসপাতালের উন্নতির ব্যাপারে সরকারের কোনো চিন্তা-ভাবনা আমরা দেখতে পাচ্ছি না। সরকার উচ্চ বিত্ত, ধনী সম্প্রদায়ের সুবিধার জন্য মোটর গাড়ি, মপেড, স্কুটার, সাইকেল অবশ্য সকলেই চড়ে, কিন্তু মপেড, স্কুটার, মোটর গাড়ি ধনী লোকেরা চড়ে, এই সবের উপর ট্যাক্স রিল্যাক্‌সেশন করে দিলেন জনসাধারণের মধ্যে একটা সমতা সৃষ্টি করার জন্য। এইগুলির উপর কর বরাদ্দ করে এই টাকা নিয়ে সরকার পরিকল্পনার কাজে লাগাতে পারতেন, কিন্তু তা করলেন না। নির্বাচনী বছর বলে সকলের প্রতি সমান ব্যবহার দেখাতে হবে, সেজন্য স্বামী বিবেকানন্দের নীতি অনুসরণ করে চললেন। কোনো কোনো ক্ষেত্রে খুশি করার জন্য সরকার প্রমোদ কর রিল্যাক্‌স করে দিয়েছেন। অথচ ইট ভাটাগুলি থেকে ঠিকমতো ট্যাক্স আদায় করবার জন্য ব্যবস্থা করলেন না। আনঅথরাইজড বালি খাদের ক্ষেত্রে বিভিন্নভাবে সরকারি রেভিন্যু চলে যাচ্ছে, সেক্ষেত্রে কর বসিয়ে টাকা আদায় করতে পারতেন।

এই যে সব বড় বড় হাইওয়ে রাস্তা রয়েছে তার পাশে দেখবেন সব বড় বড় হোটেল আছে এবং সেগুলি ছোটখাট হোটেল নয়, এগুলির উপর যদি ট্যাক্স বসিয়ে, টাকা আদায় করতে পারতেন—অর্থাৎ বি. টি. রোড, জি. টি. রোড ন্যাশনাল হাইওয়ে যেসব রাস্তাগুলি আছে, তার পাশে অনেক বড় বড় হোটেল আছে তার উপর থেকে যদি কর সংগ্রহ করতে পারতেন তাহলে সেই টাকা জনসাধারণের কাজে লাগত এবং আপনারাও জনসাধারণের কাছে আরও সমাদৃত হতে পারতেন—আরও অভিনন্দন পেতে পারতেন। কিন্তু তা করলেন না। এটা হচ্ছে একেবারে একটা নির্বাচনী বাজেট—আমাদের এক নজরে দেখে তাই মনে হয়েছে। এতে গরিব মানুষের রিলিফের ব্যবস্থা নেই—তাদের কোনো রকম সুযোগ-সুবিধার ব্যবস্থা নেই। এই বাজেট জনসাধারণের স্বার্থের বাজেট নয়।

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার দৃষ্টিভঙ্গি কেন্দ্রের থেকে একটু আলাদা। এ কথা বলার উদ্দেশ্য হচ্ছে একটা বিশেষ অবস্থার মধ্যে এই বাজেট পেশ করতে হচ্ছে। কেন্দ্রীয় সরকার পরিচালিত হচ্ছে একটা ধনবাদী নীতি নিয়ে এবং সেই অবস্থার মধ্যে থেকেই এই পশ্চিমবাংলাকে পরিচালিত হতে হচ্ছে। এর থেকে আমাদের সরে যাবার কোনো অধিকার নেই রাজ্য সরকার হিসাবে। এই বাজেট যেটা এখানে পেশ করা হয়েছে সেটা কি দৃষ্টিভঙ্গির পরিচয় দিচ্ছে? সেটা হচ্ছে অভাবের সঙ্গে একটা সুগৃহীনি যেমন চেষ্টা করে যা আছে তাই

দিয়ে কি করে সংসারের মানুষকে খাওয়ান যায়। এখানেও ঠিক সেই ব্যবস্থাই করা হয়েছে একথা স্বীকার করতেই হবে। কারণ মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতার প্রারম্ভেই বলেছেন যে রাজ্য সরকারের হাতে সম্পদ সংগ্রহ করার ক্ষমতা খুবই সীমাবদ্ধ। কেন্দ্রের দিকে যদি তাকিয়ে দেখি তাহলে দেখব সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, যেটা রাজীব গান্ধীর নেতৃত্বে সরকার চলছেন, তারা ঘোষণা করেছেন যে ১ লক্ষ ৮০ হাজার কোটি টাকা তারা ব্যয় করবেন। কিন্তু সেই পরিকল্পনার দিকে তাকিয়ে দেখলে দেখা যাবে যে ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে যেটুকু ভাল দৃষ্টিভঙ্গি ছিল সপ্তম পরিকল্পনায় সেটা ধুলিসাৎ করে দেওয়া হয়েছে। রাষ্ট্রীয় লগ্নি এবং বেসরকারি লগ্নির ক্ষেত্রে যে টাকা লগ্নি করা হয়েছিল বিগত ষষ্ঠ পরিকল্পনায় সপ্তম পরিকল্পনায় তার হার কমে গেছে। রাষ্ট্রীয় লগ্নির ক্ষেত্রে করা হয়েছে ৪৭ ভাগ আর বেসরকারি লগ্নির ক্ষেত্রে করা হয়েছে ৫৩ ভাগ। এতে কী ইঙ্গিত পাওয়া যায়? দেশের যারা একচেটিয়া পুঁজিপতি, বড় লোক তাদের আরও সম্পদ কুক্ষিগত করার ব্যবস্থা করে দেওয়া হচ্ছে। এবং কেন্দ্র সেটাই চাইছেন। পশ্চিমবাংলার সম্পদ সংগ্রহ করার ক্ষমতা সীমিত। এবং যেটুকু সুযোগ-সুবিধা আছে যেটা পশ্চিমবাংলা ব্যবহার করতে চাইছে সেখানেও অনেক অসুবিধা। একটা বাজেটের দুটি উদ্দেশ্য থাকে। একটা জরুরি খরচ যার জন্য জরুরি খরচা হিসাবে টাকা রাখতে হয়। আর একটা বরাদ্দ হয় স্থায়ী উন্নয়নমূলক কাজে পরিকল্পনা মাফিক বরাদ্দ রাখতে হবে। এবারে পশ্চিমবাংলার সবচেয়ে আর্থিক ক্ষতি হয়েছে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে।

[5-15—5-25 P.M.]

আপনাদের সামনে আজকে তুলে ধরতে চাই বিশেষ করে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের মানুষের আর্থিক ক্ষমতা নির্ভর করে পাট চাষের উপর। পাট জাত দ্রব্য বিক্রি করে বিগত বছরে পশ্চিমবাংলার পাট চাষীরা সামান্য কিছু টাকা পেয়েছিলেন। আর এই বারে পাটের ফলন যথেষ্ট হওয়া সত্ত্বেও পাটের দাম কেন্দ্রীয় সরকার যা বেঁধে দিয়েছেন তাতে পশ্চিমবাংলার পাট চাষীদের সর্বনাশ হয়ে গেছে। এবারে পশ্চিমবাংলার অর্থনীতি একেবারে পঙ্গু হয়ে যাবে। বিগত ৫ই মার্চ দিল্লির কেন্দ্রীয় সরকারের কাছে আমরা ধর্ণা দিতে গিয়েছিলাম, প্রতিবাদ করতে গিয়েছিলাম। আমরা কেন্দ্রীয় কৃষি মন্ত্রীর কাছে আবেদন করেছি শুধু পশ্চিমবাংলা নয়, গোটা পূর্বাঞ্চলের অর্থনীতিকে বাঁচিয়ে রাখার স্বার্থে কাঁচা পাটের দাম ৬০০ টাকা কুইন্টাল বেঁধে দেওয়া হোক। কিন্তু কেন্দ্রীয় মন্ত্রী আমাদের প্রস্তাব মেনে নিতে অক্ষমতা প্রকাশ করলেন। পাটকল মালিকরা আরও বেশি করে মুনাফা লোটার সুযোগ যাতে পায় সেই সুযোগই করে দিলেন। পশ্চিমবাংলার মানুষের পক্ষ থেকে, পাট চাষীদের পক্ষ থেকে, গ্রাম বাংলার লক্ষ লক্ষ মানুষের পক্ষ থেকে দিল্লিতে যখন আমরা এই প্রস্তাব নিয়ে গেলাম আমাদের দাবির কোনো সুবিচার পেলাম না। আজকে বিধানসভার পক্ষ থেকে রাজীব গান্ধীর একটি বুকলেট দেওয়া হয়েছে। আপনারা গর্ব করেন যে আমাদের দেশ এগিয়ে যাচ্ছে। এই বুকলেটে রাজীব গান্ধী শিক্ষা ব্যবস্থা সম্পর্কে কি বলছেন? তিনি নিজে স্বীকার করছেন, যে হারে আমাদের জনসংখ্যা বেড়ে চলেছে তাতে পরবর্তী শতাব্দীতে আমাদের দেশে ৫০ কোটি নিরক্ষর ব্যক্তি থাকবে। অর্থাৎ বিংশ শতাব্দী যখন শেষ হবে, একবিংশ শতাব্দী শুরু হবার সময় ভারতবর্ষে নিরক্ষর মানুষের সংখ্যা হবে ৫০ কোটি। অর্থাৎ পৃথিবীর নিরক্ষর জনসংখ্যার অর্ধকের বেশি

হবে ভারতবর্ষে। এই অবস্থার কোনো পরিবর্তন তারা করতে পারলেন না। এর থেকেই প্রমাণিত হচ্ছে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা জনস্বার্থের পক্ষে, না জনস্বার্থ বিরোধী। আমাদের বন্ধু ভক্তিবাবু বলেছেন, এই বাজেট জনসাধারণের পক্ষে কথা বলবার চেষ্টা করেছে, অর্থনৈতিক দিক থেকে স্বার্থ রক্ষা করবার চেষ্টা করেছে, আর কেন্দ্রীয় সরকারের বাজেট সেই জায়গা থেকে ছুঁড়ে দিচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন আজকে আমরা সর্বজনীন শিক্ষা ব্যবস্থার কথা চিন্তা করতে পারি না, বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থার মাধ্যমে কিছু লোককে শিক্ষিত করতে পারব এই সমস্ত আধুনিক কলকারখানা যেগুলি তৈরি হচ্ছে যাতে তারা সেখানে কাজ করতে পারে, অধিক উৎপাদন দিতে পারে। আর বাকি মানুষের জন্য আমাদের চিন্তা করার কোনো সুযোগ নেই। আমরা এই বিধানসভায় বারে বারে বলবার চেষ্টা করেছি যে, ভারতবর্ষের মধ্যে পূর্বাঞ্চল সবচেয়ে বেশি বঞ্চিত। পশ্চিমবাংলা, ত্রিপুরা, আসাম, বিহার প্রভৃতি রাজ্যগুলিতে যথেষ্ট সম্পদ আছে। এখানে যথেষ্ট সম্পদ থাকা সত্ত্বেও এই রাজ্যগুলির জনসাধারণের জন্য, খেটে খাওয়া মানুষের জন্য কেন্দ্রীয় সরকার কোনো সুষ্ঠু পরিকল্পনা নিয়ে কাজ করছেন না। যার ফলে এখানকার অর্থনৈতিক অবস্থা দিনের পর দিন খারাপ হয়ে যাচ্ছে। এটা আমাদের কথা নয়, কেন্দ্রীয় সরকার যে কথা বলবার চেষ্টা করেছেন—মাননীয় রাজীব গান্ধীর উক্তি আমি এখানে তুলে ধরছি। তিনি স্বীকার করছেন, "তাই আমাদের সামনে এখন কর্তব্য হল আরও দ্রুত হারে আরও সুষ্ঠুভাবে কৃষি সমৃদ্ধ পূর্বাঞ্চলের ভূমি অধ্যুষিত এলাকায় এই সবুজ বিপ্লব সম্প্রসারিত করতে হবে। কারণ, এ না হলে আমাদের জনগণের একটা বৃহৎ অংশের বাস্তব অবস্থা ও দারিদ্র্য সমস্যা উঠবে চরমে।" যে কথা আমরা বারে বারে বলেছি, আজকে তাদের সেই কথা স্বীকার করতে হচ্ছে। কিন্তু এটা লজ্জা ও দুঃখের কথা, এই সব সত্ত্বেও আমাদের বিরোধী দলের আসনে যে সব বন্ধুরা বসে আছেন তারা এই দাবির যৌক্তিকতা স্বীকার করে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ন্যায্য দাবি আদায় করতে পারছেন না। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আরও বলতে চাই একটি রাজ্যের উন্নতি নির্ভর করে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা কতখানি সে বাড়াতে পেরেছে, সেচ ব্যবস্থার কতখানি উন্নতি করতে পেরেছে। পশ্চিমবাংলার শিল্পের দিক থেকে তারা বলছেন পশ্চিমবাংলায় নতুন শিল্প গড়ে উঠছে না। আমি ওদিকের বন্ধুদের বলব ১৯৮৫ সালে রিজার্ভ ব্যাঙ্কের একটা সমীক্ষা বেরিয়েছে সেটা একটু দেখে নিন। সেই সমীক্ষায় দেখা যাচ্ছে গোটা ভারতবর্ষে ৮৪ হাজার কলকারখানা বন্ধ হয়ে আছে। তার মধ্যে পশ্চিমবঙ্গের সংখ্যা হচ্ছে প্রায় ১১ হাজার।

[5-25—5-35 P.M.]

সেই সমীক্ষা অনুসন্ধান করতে গিয়ে রিজার্ভ ব্যাঙ্ক বলেছেন, কারখানাগুলি যে যে কারণে বন্ধ হয়েছে তারমধ্যে "শ্রমিক অসন্তোষের জন্য কারখানা বন্ধ" তার পার্সেন্টেজ হচ্ছে শতকরা ১১ ভাগ। আর সেখানে শতকরা ৮০ ভাগ কারখানা বন্ধ হয়েছে মালিকদের দুর্নীতি, অপদার্থতা, তাদের নিজস্ব পারিবারিক বিরোধের জন্য। স্যার, এই হচ্ছে বাস্তব ঘটনা। ব্যক্তিগত মালিকানার কারখানাগুলি আজ ধুঁকছে, বন্ধ হয়ে যাচ্ছে কিন্তু তাদের সম্পত্তির উপর আইনগত অধিকার আমাদের নেই। স্যার, এ ক্ষেত্রে যদি তদন্ত করে দেখা হয় তাহলে দেখা যাবে এই সমস্ত বন্ধ কারখানার মালিকরা ব্যাঙ্কের কাছ থেকে, ইন্স্যুরেন্স কোম্পানির কাছ থেকে, বিভিন্ন আর্থিক সংস্থার কাছ থেকে দেনা করে বসে আছে। এইভাবে আমাদের দেশের জনসাধারণের

সঞ্চিত টাকা নিয়ে তারা ছিনিমিনি খেলেছে। তাই আমরা সরকারকে বলেছি, এই কারখানাগুলিকে সরকারি নিয়ন্ত্রণে এবং হেফাজতে আনতে হবে এবং তা এনে এগুলির পরিচালনার ব্যবস্থা করতে হবে। আধুনিকীকরণের কথা বলা হয়েছে, আধুনিকীকরণ আমরাও চাই। যৌথ পরিকল্পনার কথা এঁরা বলেছেন। স্যার, আমরা যারা মার্কসবাদী, আমরা বিশ্বাস করি পুঁজিবাদী ব্যবস্থায় যৌথ পরিকল্পনা সুষ্ঠুভাবে কাজ করতে পারে না। মহান দেশ চিন এক সময় যৌথ প্রকল্পের পরিকল্পনা নিয়েছিল। সেই সময় গণপ্রজাতন্ত্রী চিন দেশের রাষ্ট্রক্ষমতা বা কেন্দ্রীয় সরকার ছিল দেশের জনসাধারণের হাতে। আজকে পশ্চিম বাংলায় আমরা যৌথ প্রকল্প করছি তার কারণ আমাদের বিকল্প পথ নেই। এই ব্যবস্থার ভেতর দিয়ে আমরা কিছু বেকার ভাইদের চাকরি দিতে পারব। স্যার, ওঁদের সাথে আমাদের তফাৎ হচ্ছে, ওঁরা যৌথ প্রকল্পের নাম করে দেশের মানুষকে আরও সর্বনাশের পথে ঠেলে দিয়েছেন আর আমরা, আমরা সেই ব্যবস্থার মধ্যে দিয়ে সামগ্রিকভাবে বেকার সমস্যার সমাধান করা যায় না, যাবেও না। কিন্তু তা সত্ত্বেও এই পরিকল্পনা নিয়ে আমরা পরীক্ষা শুরু করেছি। স্যার, এঁরা বলেন, বামপন্থীদের কোনো বাস্তববোধ নেই। আমরা সেই বোধের পরিচয় দেবার জন্য একটা ধনবাদী ব্যবস্থার মধ্যে থেকেও সরকার পরিচালনা করছি এবং আগামী দিনেও করব সে বিশ্বাস আমাদের আছে কারণ পশ্চিমবঙ্গের জনসাধারণ আমাদের সঙ্গে আছেন তা অতীতেও প্রমাণিত হয়েছে এবং আগামী দিনেও হবে। স্যার, অন্যান্য সমস্যা এবং অভাব থাকার জন্য কারখানাগুলি আধুনিকীকরণ হচ্ছে না। পশ্চিমবঙ্গ রাজ্যসরকার যে কারখানাগুলির দায়িত্ব নিয়েছেন সে ক্ষেত্রে আমরা বার বার কেন্দ্রকে অনুরোধ করেছি, মুখ্যমন্ত্রী মহাশয় পরিকল্পনাও দিয়েছেন, তিনি বলেছেন যে আমরা চাই পশ্চিমবাংলায় উন্নত ধরনের কারখানা গড়ে উঠুক, কিন্তু সে ব্যবস্থা তাঁরা করতে পারেননি। স্যার, শিল্পে বিনিয়োগের প্রশ্নে এবারে আসছি। এ ক্ষেত্রে আমাদের বক্তব্য হচ্ছে, পশ্চিমবঙ্গ থেকে বেসরকারি মালিকরা মুনাফার পাহাড় গড়ে তুলবেন এবং সেই পুঁজি গুজরাট, মহারাষ্ট্র, রাজস্থানে বিনিয়োগ করবেন—এই অবস্থাটা আমরা করতে দিতে চাই না। তাই নতুন বিকল্প ব্যবস্থা করার জন্য রাষ্ট্র নিয়ন্ত্রিত কারখানা যাতে গড়ে উঠতে পারে তারজন্য আবেদন করেছি এবং সেই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। কর্মে নিয়োগের ক্ষেত্রে এঁরা অনেক বড় বড় কথা বললেন। স্যার, আপনার মাধ্যমে আমি দুটো তথ্য তুলে ধরতে চাই। কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই নীতি হিসাবে ঘোষণা করেছেন—উন্নতশীল দেশগুলি আজকে এই নীতি গ্রহণ করেছেন—যে ডাক ও তার বিভাগকে ভেঙে দাও এবং এটা বেসরকারি সংস্থার হাতে তুলে দাও। পোস্টালের দু-একটি ব্যবস্থা সরকারের হাতে রেখে গোটা পোস্টাল ব্যবস্থাটা বেসরকারি মালিকানার হাতে তুলে দিতে চাইছেন এবং তার কাজও ইতিমধ্যে শুরু করে দিয়েছেন। রেল দপ্তরের দিকে তাকিয়ে দেখুন। কেন্দ্রীয় সরকার বলেছেন, রেলের আধুনিকীকরণ করতে হবে। স্যার, ১৯৭৪ সালে যখন রেল ধর্মঘট তখন রেলে ক্যাজুয়াল ওয়ার্কার ও নিয়মিত কর্মী মিলিয়ে মোট কর্মী ছিলেন ২২ লক্ষ, আজকে সেই সংখ্যাটা ১৭ লক্ষে এসে দাঁড়িয়েছে। আগামীদিনে সেই সংখ্যাটা আরও কমানোর জন্য তাঁরা পরিকল্পনা নিয়েছেন। রেলে অটোমেশন চালু করবেন, ইলেকট্রনিক্স সিসটেমে কাজ হবে—এই পদ্ধতি যদি চালু হয় এবং তার সঙ্গে সঙ্গে যদি বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা না থাকে তাহলে আমাদের দেশ সর্বনাশের দিকে চলে যাবে। এবং সেদিকে আজকে রাজীব গান্ধী এগোচ্ছেন, কেন্দ্রীয় সরকার এগোচ্ছেন। সেইজন্য বলতে চাই, আমাদের পশ্চিমবঙ্গ সরকার সীমিত

ক্ষমতার মধ্যে থেকে যে কাজগুলোর কথা বলেছেন, যে দৃষ্টিভঙ্গির কথাগুলো বলেছেন অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী, সেটা বাস্তব সম্মত, কিন্তু তা সত্ত্বেও তাঁর কাছে আবেদন রাখব, আজকে সেচ বিভাগ, গৃহ নির্মাণ এর জন্য পরিকল্পনা এবং অন্যান্য সামাজিক দায়দায়িত্ব যা আছে, বিশেষ করে গ্রামবাংলার মানুষের প্রতি, সেখানে সেই সমস্ত উন্নয়নমূলক কাজ যাতে এই সীমিত ক্ষমতার মধ্যে যথেষ্ট অর্থ বরাদ্দ করতে পারেন, আমি বিশ্বাস করি অর্থমন্ত্রী এই সব ব্যাপারে গভীরভাবে দৃষ্টি দেবেন। বনজ সম্পদ আহরণের কথা বলি, অর্থাৎ বনে যে কাঠ হয়, সেই কাঠ বিক্রি করে সরকারের আয় বাড়াতে পারা যায়। আজকে বনে যে দুর্নীতি চলছে, জঙ্গলে কাঠ চুরি যা করে, সেই সব লোকদের কঠোর হস্তে দমন করতে হবে যাতে সরকারের সেই সম্পদ আমরা সুরক্ষিত করতে পারি এবং সেটা ন্যায্যমূল্যে বিক্রি করে রাজ্য সরকারের কোষাগারে টাকা জমা দিতে পারি। আজকে যারা কাঠ চুরি করে তাদের কাছে নানারকম আগ্নেয়াস্ত্র থাকে। বনের যারা পাহারাদার তাদের এইসব চোরাকারবারিদের সঙ্গে মোকাবিলা করা সবসময় সম্ভব হচ্ছে না। মুখ্যমন্ত্রী সেদিকে দৃষ্টি দেবেন। শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবাংলা যে কাজগুলো শুরু করেছে এবং বিগত নয় বছরে যে কাজগুলো করতে পেরেছে—একটা খবর শোনাই, আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি, বরানগর কনস্টিটিউয়েন্সি, বিগত সেনসাসে জানা গেছে বরানগর পৌরসভার অধিবাসীদের মধ্যে শতকরা ৮৬ জন শিক্ষিত। এটা পশ্চিমবাংলার বামফ্রন্টের শিক্ষা নীতির কৃতিত্ব এবং শিক্ষা নীতি যে সুচিন্তিতভাবে চলেছে এটাই প্রমাণ করে এবং মানুষের শিক্ষার হার কিভাবে বেড়ে যাচ্ছে তাও প্রমাণ করে। কিন্তু সমস্ত ভারতবর্ষের দিকে যদি তাকাই এবং আন্তর্জাতিক মানের দিকে যদি তাকাই তাহলে লজ্জায় মাথা নিচু করতে হয়। কেন্দ্রীয় সরকারের শিল্পনীতির ফলে আগামী দিনে বেকারের হার বেড়ে যাবে। কারখানা আধুনিকীকরণের নামে যা হচ্ছে তাতে লক্ষ লক্ষ বেকার ছেলেমেয়েতে দেশ ছেয়ে যাবে। তাদের জন্য কোনো বিকল্প পরিকল্পনা নেই। আজকে সেই জন্য এই ধনবাদী ব্যবস্থাকে জিইয়ে রেখেও গরিব জনসাধারণের উপর সমস্ত কিছু করের বোঝা, দায়দায়িত্ব চাপিয়ে দিয়ে, নিজেরা বড়লোকেদের সন্তুষ্ট রাখছেন, তাদের স্বার্থ রক্ষা করার জন্য রাজীব গান্ধী সরকার সচেষ্ট আর পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তাঁর দৃষ্টিভঙ্গি উল্টো, গরিব মানুষের স্বার্থ রক্ষার জন্য তিনি সবসময় সচেষ্ট, এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে কত বেশি আমরা সাধারণ মানুষের স্বার্থ রক্ষা করতে পারি, সেদিকে তিনি দৃষ্টি রেখেছেন। আজকে সেই জন্য এই বিধানসভায় যে বাজেট বরাদ্দ তিনি উত্থাপন করেছেন, তার জন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্ঞান সিং সোহনপাল ঃ** স্যার, ট্রেজারি বেঞ্চে কোনোও মন্ত্রী নেই।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আছে, ট্রেজারি বেঞ্চে মন্ত্রী আছেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বক্তৃতা দেবার সময় বলেছেন বরানগর এলাকায় শতকরা ৮৬ জন লোক নাকি শিক্ষিত। অথচ সারা পশ্চিমবাংলার চিত্র দেখা যাচ্ছে অন্য রকম। সুতরাং তাঁর বক্তব্যের মধ্যে যে বৈষম্য প্রকাশ পাচ্ছে—সারা পশ্চিমবাংলার সঙ্গে ওঁর এলাকার বৈষম্য আছে কি না এটা পরিষ্কার বোঝা যাচ্ছে—

**Mr. Deputy Speaker :** There is no point of order. Now I call upon Shri Naba Kumar Roy to speak.

[5-35—5-45 P.M.]

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী তথা ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী মহাশয় আমাদের সামনে স্বল্প দিনের জন্য একটা বাজেট পেশ করেছেন এবং সেই বাজেট নিয়ে এখানে আলোচনা চলছে। কিন্তু এই বাজেটের উপর সরকার পক্ষের সদস্যদের আলোচনা শুনে আমার মনে হল আমরা বোধ হয় দিল্লির লোকসভায় বসে কেন্দ্রীয় সরকারের বাজেটের উপর আলোচনা শুনছি। সরকার পক্ষের সদস্যরা রাজ্য বাজেট নিয়ে আলোচনা না করে কেন্দ্রীয় বাজেট, কেন্দ্রীয় সরকার কি করতে চাইছেন, রাজীব গান্ধী কি বলেছেন ইত্যাদি বিষয়ে আলোচনা করলেন। একটু আগে শ্রদ্ধেয় মতীশবাবুর বক্তব্য শুনে মনে হল উনি বোধ হয় মাঠে-ময়দানে নির্বাচনী ভাষণ দিচ্ছেন। তিনি কেন্দ্র বিরোধী খুবই উত্তপ্ত ভাষণ রাখলেন এবং আমার আরও মনে হল তিনি যেন বামফ্রন্টের হয়ে ভোট চাইছেন। তিনি একবারও বাজেটের ভাল দিক এবং খারাপ দিক নিয়ে কোনো আলোচনা করলেন না। তবে এটা আমরা ধরে নিতে পারি যে, নির্বাচনী বছরের স্বল্প সময়ের জন্য নির্মিত বাজেট নিশ্চয়ই নির্বাচনের দিকে লক্ষ্য রেখেই তৈরি হবে। এই রকম বাজেটের মধ্যে কোনো সরকারই বেশি ট্যাক্স বসাতে চান না। নির্বাচনী বছরে কোনো সরকারই বেশি বেশি ট্যাক্স বসিয়ে কখনই জনসাধারণের অপ্রিয় হন না। তথাপি পশ্চিমবাংলার মানুষ এবারে অনেক আশা করেছিল যে, পশ্চিমবাংলার একমাত্র কর্ণধার পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু যখন এবারের বাজেট বিধানসভায় পেশ করবেন তখন নিশ্চয়ই তাদের কিছু কিছু আশা-আকাঙ্খা পূরণ হবে, সাধারণ মানুষের উপকার হবে। কিন্তু পশ্চিমবাংলার সাধারণ মানুষ জ্যোতিবাবুর বাজেট দেখে হতাশ হয়েছে।

মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমরা পশ্চিমবঙ্গকে সাধারণভাবে দু'ভাগে ভাগ করে দেখি, একভাগ হচ্ছে উত্তরবঙ্গ এবং আর একভাগ হচ্ছে দক্ষিণবঙ্গ। আমি উত্তরবঙ্গের মানুষ, অতএব আমি উত্তরবঙ্গের ব্যাপারেই প্রথমে বলব। আমরা দেখছি যে জ্যোতিবাবুর এই বাজেটে ভোট আদায়ের জন্য সামান্য সুড়সুড়ি রয়েছে। তিনি তাঁর বাজেট বক্তৃতার মধ্যে গরিব মানুষকে কিছু পাইয়ে দেওয়ার জন্য বক্তব্য রেখেছেন এবং আরও বলেছেন তাঁরা নাকি ইতিমধ্যে কিছু কিছু পাইয়ে দিয়েছেন। তিনি বলেছেন গরিব চাষী এবং বর্গাদারদের ভেস্ট জমি দেবেন, নতুন নতুন বর্গাদার নিয়োগ করা হচ্ছে। অর্থাৎ তিনি বর্গাদারদের সমর্থন করতে বলছেন। যারা ভেস্ট জমি পেয়েছে তারা যাতে বামফ্রন্ট সরকারকে সমর্থন করে, তার জন্য তিনি তাদের কাছে প্রতিশ্রুতি চাইছেন। কিন্তু স্যার, এ বিষয়ে আমাদের অভিজ্ঞতা কি? আজকে সরকার পক্ষের মাননীয় সদস্যরাও নিশ্চয়ই অস্বীকার করতে পারবেন না যে, বর্গা আইন বা বর্গাদারদের নাম নথিভুক্ত করার বিষয়টি জ্যোতিবাবুর সরকার শুরু করেননি। এটা নিশ্চয়ই সকলে স্বীকার করবেন যে, তৎকালীন কংগ্রেস সরকারের মুখ্যমন্ত্রী মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় গরিব কৃষক এবং বর্গাদরদের মঙ্গলের জন্য, কৃষির উন্নতির জন্য, গ্রামীণ অর্থনীতির উন্নতির জন্য উদ্বৃত্ত জমি বের করে গরিব মানুষকে দেবার জন্য আইন করেছিলেন, সেই আইন প্রযোজ্য হয়েছিল। তবে হ্যাঁ, তখনকার অবস্থার সঙ্গে এখনকার অবস্থার কিছুটা তফাৎ আছে, এখন বামফ্রন্ট সরকারের আমলে আমরা কি দেখছি, না, যে কোনো দিন বর্গায় জমি চাষ করেনি, তার নামও রেকর্ডভুক্ত করা হয়েছে। আমি আমাদের পশ্চিম দিনাজপুরে দেখেছি, একজন ৩ বিঘা জমির মালিক, নিজে হাল নিয়ে চাষ করেন, তাঁর জমিতেও বর্গাদার

নিযুক্ত হয়ে গেছে, একজন বিধবার নামে বর্গা দেওয়া হয়ছে, যে বিধবার কোনো হাল নেই, চাষ করতে পারে না এবং এমন কি যে কিনা নন-ফর্মাল স্কুলের টিচার, তার নাম রেকর্ডভুক্ত হয়েছে। কেন হল? না সে বর্তমান বামফ্রন্ট সরকারে বড়-শরিকের — বড় বৌ-এর সমর্থক, তাই তাকে এক বিঘা জমির বর্গা রেকর্ড দেওয়া হয়েছে এবং উপঢৌকন হিসাবে নন-ফর্মাল স্কুলের শিক্ষকতা দেওয়া হয়েছে। এই জাতীয় বহু ঘটনা আছে এবং হাইকোর্টে বহু মামলা রয়েছে। প্রত্যেকটি জেলায় এই জিনিস হচ্ছে। বিশেষ করে নর্থ বেঙ্গলের জলপাইগুড়ি, কুচবিহার, পশ্চিম দিনাজপুর, মুর্শিদাবাদ, মালদহ জেলায় এ রকম বহু ঘটনা ঘটেছে এবং ঘটছে। আমরা দেখেছি প্রাইমারি স্কুলের শিক্ষক ১০০০ টাকা মাইনে পায় সেও বর্গায় জমি পাচ্ছে চাষ করার জন্য এই রকম ঘটনা নিয়ে হাইকোর্টে মামলা রয়েছে। আনন্দবাজার পত্রিকায় এবং অন্যান্য পত্রিকায় এই জাতীয় ঘটনা বহুবার প্রকাশিত হয়েছে। এ সমস্ত ঘটনার কথা নিশ্চয়ই সদস্যরা সকলে জানেন।

পশ্চিমবঙ্গ সরকার বিধানসভার নির্বাচনের জন্য বর্গাদারদের সম্পর্কে সুড়সুড়ি দিয়ে ভোট পাবার চেষ্টা করেছেন। আবার ওঁরা বলেছেন, নতুন যে আইন তৈরি হল যা নাকি পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে পাস হয়েছে এবং কিছুদিন আগে রাষ্ট্রপতি স্বীকৃতি দিয়েছেন তার মাধ্যমে অনেক জমি বেরুবে অর্থাৎ উদ্বৃত্ত জমি যেটা জোতদারদের কাছ থেকে বেরুবে সেইসব জমিগুলি গরিব মানুষের কাছে বিলি করে দেওয়া হবে। এই পূর্বাভাষ অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় শুরুতেই রেখেছেন। এর মাধ্যমে জনসাধারণের কাছ থেকে ভোট চাওয়া হয়েছে। এটা আমরা সবাই বুঝি। তিনি আরও বলেছেন, এটা নির্বাচনের বছর, আমরা কাউকে এখন খেপাতে চাই না। যেসব জোতদাররা বেশি জমি রেখেছেন আমরা তা ধার করব না। এইরকম স্টেটমেন্ট আনন্দবাজারে দেখেছি। এতে করে একটা জিনিস বোঝাবার চেষ্টা করেছেন জোতদার শ্রেণীর মানুষের দিকে ওনারা ঝুঁকেছেন এবং বামফ্রন্ট সরকার যে এটা চাচ্ছেন তার প্রকৃষ্ট উদাহরণ পশ্চিম দিনাজপুর জেলায় আমরা দেখেছি। একটু আগে মতীশ রায় মহাশয় পাট নিয়ে খুব কড়া ভাষায় বক্তৃতা দিলেন। পাট হচ্ছে পশ্চিমবাংলার মানুষের কাছে বিরাট সুড়সুড়ি। এর আগে দেখলাম, ১৯৮৩ সালে পশ্চিমবাংলার হাটে-বাজারে পাটের মূল্য যখন ৪০০ টাকা মণ ছিল তখন বামফ্রন্ট সরকারের বহু নেতারা বলেছিলেন এবং বামফ্রন্টের কর্মীদের মিছিলে এই স্লোগান শুনেছিলাম, পাটের দাম বাড়াল কে? জ্যোতিবাবুর সরকার আবার কে। আর ১৯৮৫ সালে হাটে-বাজারে যখন পাটের দাম মণ প্রতি ২০০ টাকা, ১০০ টাকায় নেমে গেল, পাট বিক্রি যখন হচ্ছে না তখনও এই সি পি. এম. কর্মীদের মিছিলে আওয়াজ শুনেছি, /পাটের দাম কমাল কে রাজীব সরকার আবার কে"। তার মানে হচ্ছে, যখন পাটের দাম বেড়ে গেল তখন সেটা জ্যোতিবাবু বাড়ালেন আর যখন পাটের দাম কমে গেল তখন রাজীব গান্ধী পাটের দাম কমিয়ে দিলেন। এই হচ্ছে বামফ্রন্ট সরকারের কৌশল। আমরা সবাই জানি, এই বাজেট হচ্ছে কৌশল বাজেট। পাট কেনবার জন্য যখন জে. সি. আই. গ্রামে গ্রামে গেছে তখন এইসব গ্রাম পঞ্চায়েতদের ফোঁপরদালালি দেখেছি। জে সি. আই. যখন পাট কেনবার জন্য গেছে তখন বামফ্রন্টের সমর্থক গ্রাম পঞ্চায়েত মেম্বাররা, অঞ্চল পঞ্চায়েত মেম্বাররা এবং পার্টি ক্যাডাররা—এর মধ্যে আবার — ১ নম্বর, ২ নম্বর, ৩ নম্বর এইরকম বড়, মেজ, সেজ পার্টি ক্যাডার আছে—বলেছেন আপনারা তো অল্প অফিসার আছেন, আপনারা পাট কিনতে পারবেন না, আমরা কিনে দিচ্ছি। তখন এইসব

চামচারা কৃষকদের কাছ থেকে অল্প পয়সায় পাট কিনে জে. সি. আই. অফিসারদের কাছে বেশি দামে রিক্রি করে মাঝখান থেকে কিছু মুনাফা লুটে নিল — এও আমরা দেখেছি। তারপর তাঁরা যখন চলে গেলেন তখন এরা আওয়াজ দিলেন /বামফ্রন্ট সরকার জিন্দাবাদ, জ্যোতি বসু জিন্দাবাদ*। তাই বলছি, মতীশবাবু এইরকমভাবে বলে কিছু সুড়সুড়ি দিয়ে ভোট নিতে চাইছেন। আমার বক্তব্য হচ্ছে, পাটের ব্যাপারে কৃষকদের প্রতি এতই দরদ তাহলে রাজস্থান, পাঞ্জাব এবং হরিয়ানাতে কৃষকদের ভর্তুকি দিয়ে তাদের ন্যূনতম অর্থনৈতিক সমস্যা যেভাবে মেটান আপনারা সেইভাবে আজকে এদের ভর্তুকি দিন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তো তার ধারে-পাশেও যাননি। খালি একই আওয়াজ শুনতে পাচ্ছি, কেন্দ্রীয় সরকার ভারতবর্ষের গরিব মানুষের বিপরীত ভূমিকায় কাজ করে যাচ্ছেন। এখানে ভক্তিবাবু তাঁর বাজেট বক্তৃতায় বললেন, পশ্চিমবঙ্গ সরকার যে বাজেট রেখেছেন সেটা জনগণের পক্ষে আর কেন্দ্রীয় সরকার যে বাজেট রেখেছেন সেটা জনগণের বিপক্ষে।

[5-45—5-55 P.M.]

এটা আপনারা সকলেই জানেন যে সৎমায়ের কাছে ছেলের সুনাম পাওয়া যায় না। সেইরকম পশ্চিমবঙ্গের বিধানসভার সদস্যদের ঘাড়ে কটা মাথা আছে যে এইখানে থেকে কেন্দ্রীয় সরকারের বাজেটের সুনাম করবে? এটা আপনারা সকলেই জানেন যে সত্য কথা সহজভাবে বলার সুযোগ পাওয়া গেছে কেন্দ্রীয় বাজেটে। তার মানে গোটা ভারতবর্ষের গরিব মানুষদের কথা চিন্তা করেই এই রকম একটা বাজেট তৈরি করা হয়েছে। এটা আপাতত খারাপ হলেও ভবিষ্যতে দেশের মঙ্গল হবে। আর পশ্চিমবঙ্গ সরকার আপাতত দেখালেন যে এই বাজেটে কোনো লোকসান নেই, উদ্বৃত্ত বাজেট, কিন্তু ৩ মাস পরে দেখা যাবে যে কোটি কোটি টাকা লোকসান হচ্ছে, বাজেটে নতুন করে ট্যাক্স বসানো হল। এইভাবে জনগণকে বোকা বানানোর চেষ্টা করা হয়েছে, কিন্তু জনগণ এ ব্যবস্থা বেশিদিন সহ্য করবে না। বেকার সমস্যা সম্বন্ধে আমরা অনেকেই আগ্রহশীল, সামনে নির্বাচন, কাজেই এই নির্বাচনে বেকারদের পক্ষে কিছু বক্তব্য যদি রাখতে না পারা যায় তাহলে বেকাররা নির্বাচনের সময় কাজ করবে না। তাই বেকাররা ভারতবর্ষের সুস্থ নাগরিক হিসাবে বেঁচে থাকতে চায় এইসব কথা তাদের সম্বন্ধে বলা হচ্ছে বা তাদের দলে ভেড়ানোর চেষ্টা করা হচ্ছে। সবাই বেকারদের অবস্থার সুযোগটা নেবার চেষ্টা করে যাতে বেকারদের আশ্রয় করে নির্বাচনের বৈতরণী পার হওয়া যায়। ১৯৭৮ সালে তৎকালীন অর্থমন্ত্রী মহাশয় যখন বেকার ভাতার বিল নিয়ে এসেছিলেন তখন আমরা তাতে বিরোধিতা করেছিলাম, বিরোধিতা করেছিলাম এই জন্য যে মাসে ৫০ টাকা করে পাইয়ে দিয়ে সমস্যার সমাধান করা যাবে না। স্থায়ী সমাধান যাতে হয় তার ব্যবস্থা করতে হবে এবং মাসে ৫০ টাকা করে দিয়ে ৩ বছরে একটা বেকারের সমস্যার সমাধান করা যেতে পারে না। সেদিন জ্যোতিবাবু বলেছিলেন যে বামফ্রন্ট সরকারের ইস্তাহারে ৩৬ দফা কর্মসূচীর মধ্যে আমরা বলেছিলাম যে আমরা বেকারভাতা দেব, ৩৬ দফা কর্মসূচীর নির্বাচনী ইস্তাহারে যেটা আমরা রেখেছি সেটা আমরা পালন করব। তারপর কি দেখা গেল? ১৯৮২ সালে জ্যোতিবাবু বললেন যে বেকারদের টাকা কোথা থেকে দেওয়া হবে, সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দিচ্ছে না। বেকারভাতা স্টপ করে দেওয়া হল। স্টপ ঘোষণা করে দেওয়ায় দেখা গেল যে মফঃস্বলে ওঁদের কেরানি এবং ক্যাডার পাওয়া যাচ্ছে না। যে সব যুবক ওঁদের

পার্টি ক্যাডার, পার্টির সমর্থক তাদের জন্য নতুন একটা অর্ডিন্যান্স জারি করে দিলেন যে কিছু কিছু বেকারকে মাইনে দেওয়ার ধরনের কিছু টাকা পাইয়ে দিতে হবে। তাঁরা নিশ্চয় স্বীকার করবেন যে বেকারদের স্বনির্ভর কর্মসূচীর কথা কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছিলেন, তাতে কি হয়েছে, না একটা বেকারকে একসঙ্গে কিছু টাকা দিয়ে একটা ব্যবসা-বাণিজ্য করে দিয়ে বেকারকে সাকার করা যায় কিনা। কেন্দ্রীয় সরকার সেই চেষ্টা করেছিলেন। জ্যোতিবাবু আশা দিয়েছিলেন যে এক হাজারে বেকারের স্বনির্ভর কর্মসংস্থান করে দেওয়া হবে। কিন্তু কি হয়েছে জানেন? যে সব বেকারকে ওঁরা টাকা পাইয়ে দিয়েছিলেন তাদের আবার চাকরিও হয়ে গেছে। বেকারদের নির্ধারণ করবে কে, তারা তো আর নিজেরা পারে না। তাই ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিজ সেন্টারের যে অফিস আছে সেখানকার অফিসাররা এবং ওখানে যারা বামফ্রন্টের মেম্বার আছেন তাঁরা যাদের বেকার বলে চিহ্নিত করে আবেদন করেছেন তারাই ঐ স্বনির্ভর কর্মসূচীর মধ্যে পড়েছেন। সেজন্য এটা আলাদা করে আর ওঁরা আলোচনা করেননি। আমরা সকলেই জানি যে আমাদের উত্তরবঙ্গে রেশমের চাষ হয়, গুটি পোকার চাষ করে ওখানে কিছু কিছু পয়সা পাওয়ার চেষ্টা কংগ্রেস আমলে হয়েছিল। ওখানে রেশম শিল্প তৈরি করে গরিব এবং অল্প জমি যাদের আছে তাদের একটা অর্থনৈতিক কর্মসংস্থানের সুযোগ করে দেওয়ার চেষ্টা হয়েছিল। বামফ্রন্ট সরকার সেইসব রেশম শিল্পের জায়গায় ফুটবলের মাঠ তৈরি করেছেন। অনেকে প্রস্তাব দিয়েছেন যে ওখানে স্টেডিয়াম তৈরি করে ফুটবল বা অন্যান্য খেলাধূলার আয়োজন করা যায় কিনা। উত্তরবঙ্গের রাস্তার অবস্থাও সকলে জানেন। অনেক ফর্ম দিয়েছেন, কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছেন সে সম্বন্ধে, আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বলেছেন কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছিলেন এবং কত টাকা ফেরত গেছে, খরচা করতে পারা যায়নি। এই তো রোডের অবস্থা, রেলওয়ের অবস্থাও খারাপ, আর রোডের এই অবস্থার ফলে পরিবহন ব্যবস্থার সেরকম সুযোগ নেই।

আমরা দেখছি, পশ্চিম দিনাজপুর জেলায় রেল লাইন নেই, সেখানে বাসের উপর নির্ভর করতে হয়। কিন্তু ইসলামপুর থেকে আরম্ভ করে রায়গঞ্জ, বালুরঘাট যেখানেই যান না কেন, রাস্তার অবস্থা এমন হয়েছে যে প্রতিদিনই সেখানে অ্যাক্সিডেন্ট হচ্ছে। ঐসব রাস্তার প্রস্থ এত কম যে, একটি গাড়ি গেলে আর একটি গাড়ি যেতে পারে না। সেই কারণে সেখানে প্রতিদিন কিছু লোক অ্যাক্সিডেন্টে মারা যাবেই। এ ব্যাপারে বলা সত্ত্বেও তার কোনো প্রতিকার হচ্ছে না। আমার নিজের এলাকাতেও কিছু কিছু বড় ধরনের অসুবিধা রয়েছে। আমারে অঞ্চলে কাহালৈ নদীর উপর একটি ব্রিজের জন্য অনেক বলা হয়েছে। ঐ অঞ্চলের দুই দিকে বড় বড় নদী, ফলে সেখান থেকে রায়গঞ্জ, কালিয়াগঞ্জ যাতায়াতের খুবই অসুবিধা। এ ব্যাপারে বহুবার চেষ্টা করেছি, কিন্তু প্রতিকারের কোনো ব্যবস্থা হয়নি।

পরিশেষে, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এনেছেন, সঙ্গত কারণেই আমি তা সমর্থন করতে পারছি না। কারণ এটা একটা নির্বাচনী বাজেট এবং এর পরিচয় নির্বাচনের পরই সবাই পেয়ে যাবেন। সে কারণে এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গুণধর চৌধুরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করছি। কংগ্রেস দলের কিছু মাননীয় সদস্য এর বিরোধিতা করতে গিয়ে যেসব কথা বললেন, তাতে একটি অর্থই পরিস্ফুট হয় — যারে

দেখতে নারি তার চলন বাঁকা। এটাই হচ্ছে ওঁদের মনোভাব। আজকের এই বাজেট হচ্ছে জনস্বার্থবাহী বাজেট। এই বাজেটের ফলে পশ্চিমবাংলার অর্থনীতি গতিশীল হবে। স্যার, আপনি জানেন যে, ১৯৭৭ সাল পর্যন্ত সারা পশ্চিমবাংলার অর্থনীতিকে ওঁরা বিপর্যস্ত করেছিলেন। এই বামফ্রন্ট সরকার সেই বিপর্যস্ত অর্থনীতিকে চাঙ্গা করবার জন্য লাগাতার প্রয়াস চালিয়ে যাচ্ছেন এবং এই বাজেট সেই প্রয়াসেরই অঙ্গ। একটা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে আমাদের বামফ্রন্ট সরকার তাঁদের প্রতিশ্রুতি মতো কংগ্রেসের সেই বিপর্যস্ত অর্থনীতিকে চাঙ্গা করে চলেছেন। ১৯৮৬-৮৭ সালের বাজেট তাঁদের সেই প্রয়াসেরই প্রতিফলন ঘটেছে। এই বাজেটে ৪০ কোটি ৫০ লক্ষ টাকার যে অতিরিক্ত অর্থ সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে তাতে সাধারণ মানুষের ক্ষতি হবে না, কিন্তু এই বাজেটে কর যা ছাড় দেওয়া হয়েছে তার ফলে ব্যবসা-বাণিজ্যের আরও উন্নতি হবে। আজকে এই সরকারের নীতি হল সাধারণ মানুষের উপর থেকে বোঝা লাঘব করা, যে কথা মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলেছেন। তিনি তাঁর ভাষণে আরও জানিয়েছেন যে, সাধারণ মানুষের জন্য কিছু উন্নয়নমূলক কাজকর্ম করে দেওয়ার উদ্দেশ্যে কিছু সম্পদ সংগ্রহ করা হচ্ছে এই বাজেটের উদ্দেশ্য। এইভাবে সাধারণ মানুষের উপর বোঝা না চাপিয়ে এই সরকার সম্পদ সংগ্রহ করে চলেছেন। সকলেই জানেন যে, ৮ম অর্থ কমিশন পশ্চিমবঙ্গকে ৩২৫ কোটি টাকা দেবার কথা বলেছিলেন, কিন্তু সেই টাকা কেন্দ্রীয় সরকার দিলেন না। অন্যদিকে তাঁরা লোকসভাকে এড়িয়ে প্রশাসনিক আদেশ জারি করে জিনিসপত্রের দাম বাড়িয়ে দিচ্ছেন যাতে আয়ের অংশ রাজ্য সরকারগুলি না পায়। এইভাবে রাজ্য সরকারকে তাঁরা বঞ্চনা করে চলেছেন। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আজকে এই সরকারকে কাজ করতে হচ্ছে। দুই বছর আগে এক মুখ্যমন্ত্রীদের সম্মেলনে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল এবং পরিকল্পনা কমিশন তাকে অনুমোদন করিছিলেন যে, কনসাইনমেন্ট ট্যাক্স ধার্য করা হোক।

[5-55—6-05 P.M.]

কিন্তু এই কেন্দ্রীয় সরকার সেই কনসাইনমেন্ট ট্যাক্স ধার্য করল না। এই কনসাইনমেন্ট ট্যাক্স-এর ব্যাপারে মুখ্যমন্ত্রী সম্মেলনে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় এবং পরিকল্পনা কমিশন সেটা অনুমোদন করেছিল। যদি এই কনসাইনমেন্ট ট্যাক্স ধার্য করা হত তাহলে প্রতিটি রাজ্য তার অংশ পেত এবং পশ্চিমবাংলা তার থেকে ১০০ কোটি টাকা আরও বেশি রাজস্ব পেত। এই টাকা থেকে আমাদের বঞ্চিত করেছে কেন্দ্রীয় সরকার। কংগ্রেস সদস্যরা আবার এখানে বসে বড় বড় কথা বলছেন! মুখে ওনারা গণতন্ত্রের কথা বলেন, সমাজতন্ত্রের কথা বলেন কিন্তু ১৯৪৭ সালে দেশ স্বাধীন হবার পর থেকে ওনারা গোটা দেশটাকে স্বৈরতন্ত্রে, সামন্ততন্ত্রে ঢুকিয়ে রেখেছেন। ওনারা বেকার, জিনিসপত্রের মূল্য এবং ট্যাক্স বাড়িয়ে চলেছে। পশ্চিমবাংলা এ ভারতবর্ষের বাইরের রাজ্য নয়। এই সংবিধানের মধ্যে দাঁড়িয়ে। এই সরকার সুষ্ঠভাবে কাজ করে চলেছে। ৮ বছর ধরে এই সরকার পশ্চিমবাংলার সাধারণ মানুষের কল্যাণের জন্য কাজ করে চলেছে, ওনারা সেটা দেখতে পাচ্ছেন না। ওনারা তো অন্ধকারের জীব, আলো সহ্য করতে পারেন না, ওনারা অন্ধকারে থাকতে চান। জনকল্যাণমূলক কাজের মাধ্যমে এই সরকার মানুষকে আলোর মধ্যে আনার চেষ্টা করছে, সেই আলো ওনারা সহ্য করতে পারছেন না। ওনারা এখানে বিভ্রান্তিকর তথ্য দিয়ে, বিকৃত তথ্য দিয়ে এই সভাকে বিভ্রান্ত

করার চেষ্টা করছেন। এইসব কিছু পশ্চিমবাংলার মানুষ জানে, আমরা জানি, সুতরাং তাদের এইভাবে ভুল বোঝানো যাবে না। আজকে পশ্চিমবাংলা রাজস্ব সংগ্রহের ব্যাপারে কেন্দ্রর উপর সম্পূর্ণ নির্ভরশীল নয়. নিজে উদ্যোগ নিয়ে রাজস্ব সংগ্রহ করেছে। পশ্চিমবাংলা নিজ উদ্যোগে সম্পদ সংগ্রহ করছে সেটা ওনারা দেখতে পাচ্ছেন না। রাজ্যগুলির যে আয় তার প্রধান উৎস হল বিক্রয় কর। ওনাদের আমলে যে বিক্রয় কর আদায় হত ১৯৭৭ সালের পর থেকে সেই আয় আজকে অনেক গুণ বেড়েছে, বিক্রয় বাবদ টাকা আদায় অনেক গুণ বেড়েছে সেটা ওনারা দেখতে পাচ্ছেন না। এটা একটা আশার আলো ওনারা সেটা স্বীকার করতে পারছেন না। সেইজন্য আমি চলতে চাই এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকেও রাজ্যের গ্রামে এবং শহরে উন্নয়নমূলক কর্মকাণ্ড অব্যাহত রয়েছে। এই সরকার গ্রামে এবং শহরে উন্নয়নমূলক কাজ চালিয়ে যাচ্ছে। শিক্ষার ক্ষেত্রে ওনারা কি করেছেন? শিক্ষাখাতে ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবাংলায় বাজেট বরাদ্দ ছিল ১১২ কোটি টাকা। আজকে সেই জায়গায় পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার ৬৩৫ কোটি টাকা শিক্ষা খাতে বাজেট বরাদ্দ করেছেন মোট বাজেট বরাদ্দের ২৩ পারসেন্ট অর্থাৎ প্রায় এক চতুর্থাংশ বলা যেতে পা:.। এটা ওনারা দেখতে পাচ্ছেন না। অপর দিকে কেন্দ্রীয় সরকার তার বাজেট বরাদ্দের ১ ভাগ শিক্ষা খাতে বাজেট বরাদ্দ করেছেন। তার কারণ শিক্ষাকে শোচনীয় অবস্থার দিকে নিয়ে যাওয়ায় এবং ধ্বংস করার জন্য এই কাজ করেছেন। যেখানে কেন্দ্রীয় সরকার তার বাজেট বরাদ্দের ১ ভাগেরও কম শিক্ষা খাতে ব্যয় করছেন সেখানে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার ৬৩৫ কোটি টাকা ব্যয় বরাদ্দ করছেন, এটা কি ওদের চোখে পড়ে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই জন্য আমরা বারে বারে এই কথা বলেছি যে শিক্ষাকে রাজ্যের তালিকায় আনা হোক। তা না করে ওনারা যুগ্ম তালিকায় রেখেছেন। তার কারণ হল তাঁরা আমাদের মাথার উপর ছড়ি ঘোরাবেন বলে। জাতীয় শিক্ষা নীতি প্রবর্তন করার পরিকল্পনা ইতিমধ্যে শুরু হয়ে গেছে। সারা ভারতবর্ষের মানুষকে এবং পশ্চিমবাংলার মানুষকে নিরক্ষর রাখার জন্য এবং কিছু বড় লোক, উচ্চ বিত্ত লোককে শিক্ষা দেবার জন্য এই শিক্ষা নীতি তাঁরা চালু করতে চলেছেন। কিছু বড় লোককে সুযোগ করে দেবার জন্য, তাদের পথ খুলে দেবার জন্য, তাদের যাতে উন্নতির পথ গড়ে উঠতে পারে তার জন্য ওনারা চেষ্টা করছেন।

এ থেকেই বোঝা যায় ওঁরা কাদের সমর্থন করেন এবং সেজন্যই কোনো ভাল জিনিস এই বাজেটের মধ্যে ওঁরা দেখতে পান না। এখানে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার আগে কৃষির অবস্থা এবং খাদ্যের উৎপাদন কত ছিল? বামফ্রন্ট এখানে প্রতিষ্ঠিত হবার পর এখানে দেখা দিয়েছিল প্রচণ্ড বন্যা, দেখা দিয়েছিল প্রচণ্ড খরা। সেই বন্যা এবং খরাকে মোকাবিলা করে কৃষির উৎপাদন বাড়াতে সক্ষম হয়েছে এই বামফ্রন্ট সরকার। শুধুমাত্র কৃষির উৎপাদন যে বৃদ্ধি পেয়েছে তা নয়, বৃদ্ধি পেয়েছে কৃষি উৎপাদনের হার। এই জিনিস ওঁরা দেখতে পান না। কেনই বা পাবেন? বামফ্রন্ট সরকার এখানে প্রতিষ্ঠিত হবার আগে ১০/১২ বছর আগে পশ্চিমবাংলার গরিব মানুষের অবস্থা কি ছিল? পশ্চিমবাংলার গরিব মানুষ তখন একটু রিলিফ, একটু সাহায্য, একটু ভিক্ষার দয়াতে অর্ধাহারে অনাহারে বাস করত। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের গরিব মানুষের এই ছিল তখন প্রকৃত অবস্থা। আমরা এখানে সরকারে থেকেও কখনও বলি না যে গ্রামাঞ্চলের সমস্ত মানুষের দুঃখ-দুর্দশার অবসান করে দিয়েছি। তবে একথা আজ সত্য যে, পশ্চিমবাংলার বুকে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর কৃষির

উন্নতি হয়েছে, যেখানে সেচের ব্যবস্থা ছিল না সেখানে সেচের ব্যবস্থা হয়েছে, গ্রামাঞ্চলের বুকে মানুষের শ্রম দিবস সৃষ্টি হয়েছে। নানা রকম পরিকল্পনার মাধ্যমে মানুষকে উৎসাহিত করতে পেরেছে এই বামফ্রন্ট সরকার। কৃষির উন্নতি যেমনভাবে এখানে হয়েছে, তেমনিভাবে উৎসাহ সৃষ্টি হয়েছে কৃষকদের মধ্যে। সর্বোপরি এখানে যা হয়েছে তা হচ্ছে ভূমি-সংস্কার। এই জন্যই ওঁদের গায়ে এত জ্বালাা দেখা দিয়েছে। এখানে বর্গাদারের নাম রেকর্ড হয়েছে। যে সমস্ত খাস জমি সরকারে ন্যস্ত হয়েছে, সেগুলো গরিব ভূমিহীন কৃষকদের পাট্টার মাধ্যমে বিলি করা হয়েছে। গ্রামাঞ্চলে সকলের মনে আজ এক উদ্দীপনার সঞ্চার হয়েছে। মাথাপিছু উৎপাদন আজ অনেক পরিমাণে বৃদ্ধি পেয়েছে। এগুলো আপনারা অর্থনৈতিক সমীক্ষা থেকে দেখে নেবেন। আপনারা তো অঙ্ক জানেন, সুতরাং হিসাব বুঝতে আপনাদের কোনো অসুবিধা হবে বলে তো মনে হয় না। আমি কোনো ভুল তথ্য এখানে বলিনি, অর্থনৈতিক সমীক্ষা দেখলেই সে কথা প্রমাণ হয়ে যাবে। আজকে এখানে খাদ্যোৎপাদন যেমন বেড়েছে, তেমনি বেড়েছে মাথাপিছু উৎপাদনের হার। কংগ্রেসিদের আমলে এখানে 'মাইলো, গম' ইত্যাদি বিদেশ থেকে ভিক্ষা করে আনা হ'ত এবং গরিব মানুষদের মধ্যে তা সাহায্য হিসাবে দেওয়া হত। তবে তার মধ্যেও এক ইতিহাস লুকিয়ে আছে। আজকে এখানে যে সমস্ত লোকদের দেখা যাচ্ছে, সেই লোকেরা পথ দিয়ে চলার সময় সাধারণ মানুষ আঙুল তুলে বলত, 'ঐ চোর যাচ্ছে'। বিদেশ থেকে ভিক্ষা করে আনা সেই গম, মাইলো ঐ সমস্ত লোকেরা আবার চুরি করত। সেজন্য লোকে তখন তাদের চোর বলে চিহ্নিত করেছিল। পশ্চিমবাংলার গ্রামের মানুষের আজকে আর সেই আগের অবস্থা নেই। বামফ্রন্ট সরকার তাদের জন্য কিছু করতে যে পেরেছে, সেটা ওঁদের চোখে পড়ে না। আজকে কৃষির যে এত উন্নতি ঘটেছে, কৃষকের মধ্যে যে উৎসাহের সঞ্চার হয়েছে এবং সর্বোপরি ভূমি-সংস্কারের যে কাজ এখানে হয়েছে, সেগুলো ওঁদের চোখে এসেও আসছে না। ওঁরা এখানে অনেক বড় বড় কথা বলছেন, ভারতবর্ষের বুকে ওঁরা সমাজতন্ত্র কায়েম করতে চলেছেন এই সব কথা বলছেন। কিন্তু আপনাদের কাছে প্রশ্ন করি, ভূমি-সংস্কারের ব্যাপারে আপনারা কতখানি করতে পেরেছেন? ভূমি-সংস্কারের ক্ষেত্রে পশ্চিমবাংলার স্থান হচ্ছে শীর্ষে। অন্য কোনো রাজ্যে ভূমি-সংস্কারের কাজ এইভাবে হয়নি। পশ্চিমবাংলা যে ভূমি-সংস্কারের ব্যাপারে শীর্ষে অবস্থান করছে, সেকথা ওঁরা স্বীকার করতে চান না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার অর্থনীতির কাঠামো মূলত কৃষির উপরেই নির্ভলশীল, একথা আপনি জানেন। কৃষির যদি উন্নতি ঘটে তাহলে অর্থনীতির সর্বাঙ্গীণ উন্নতি ঘটে তাহলে অর্থনীতির সর্বাঙ্গীণ উন্নতি কেবলমাত্র সম্ভব। এই রাজ্যে কেন্দ্রীয় সরকার কোনো বৃহৎ শিল্প স্থাপন করতে এগিয়ে আসছেন না, যেজন্য এখানে কোনো বৃহৎ শিল্প গড়ে উঠছে না। একথা ওঁরা ভালভাবেই জানেন। সেজন্য আমি ওঁদের বিশেষভাবে বলব যে, আপনারা কেন্দ্রীয় সরকারকে এই ব্যাপারে যেন বলেন। এখানে বড় শিল্প গড়ে তুলতে আপনারা আমাদের সঙ্গে সহযোগিতা করুন, এগিয়ে আসুন আমাদের সঙ্গে। এখানে শিল্প গড়ে তোলার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আপনারা বলুন। বামফ্রন্ট সরকার এখানে কৃষির উন্নতি ঘটিয়ে — কৃষিই হচ্ছে আমাদের মৌলিক সমস্যা — কৃষকের মুখে হাসি ফুটিয়ে তুলতে পেরেছেন। এরই সাথে সাথে এখানে যদি শিল্পের অগ্রগতি ঘটানো সমম্ভব হয়, তাহলে পশ্চিমবাংলা শিল্প এবং ব্যবসা-বাণিজ্যে অগ্রগতির পথে চলতে পারবে এবং তাহলেই পশ্চিমবাংলার মানুষকে সার্বিক উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যেতে পারবে।

পশ্চিমবাংলার বামফ্রন্ট এখানকার সেই অগ্রগতির কথা মনে রেখে, মানুষকে এগিয়ে নিয়ে যাবার জন্য জনস্বার্থমুখী বাজেট এখানে রেখেছেন। বিরোধিপক্ষের সদস্যদের কেউ সে কথা বুঝতে চান না। ওঁরা অন্ধকারের জীব, অন্ধকারে থাকতেই ভালবাসেন এবং সেই পথেই চলবেন। বামফ্রন্ট সরকার তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়েও এই বাজেটের মধ্যে দিয়ে মানুষের মনে আশার আলো জাগাতে পেরেছেন বলে আমি মনে করি। আগামী দিনে পশ্চিমবাংলার মানুষ আরও এগিয়ে যেতে পারবেন বলে বিশ্বাস করি। এই সরকারের জনমুখী যে বাজেট এনেছেন, সেই দৃষ্টান্তে এই বাজেটকে আমি পূর্ণ সমর্থন জানাই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-05—6-15 P.M.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী জ্যোতি বসু মহাশয় যে বাজেট বিবৃতি উত্থাপন করেছেন তাতে এটা পরিষ্কার করে বলা যেতে পারে এ বাজেট একটা নির্বাচনী চমক সৃষ্টি করা ছাড়া কিছু নয়। এই বাজেটের মাধ্যমে সাধারণ গ্রামবাংলার কাজকর্মের যে প্রতিফলন তা কিছু মাত্রায় প্রতিফলিত হয়নি। রাজ্য সরকারের যে কতকগুলি গুরুত্বপূর্ণ দপ্তর রয়েছে সেই দপ্তরগুলি সম্বন্ধে কিছু বলা হয়নি। কেবলমাত্র সর্বস্ব টাকা পুলিশ বাজেটে ব্যয় করা হয়েছে। পুলিশি রাজ কায়েম করবার জন্য অন্যান্য দপ্তরগুলির আর্থিক বরাদ্দ কমিয়ে সেটা পুলিশ বাজেটে দেওয়া হল। জ্যোতিবাবু ক্ষমতায় আসাব পর থেকেই পুলিশ বাজেটের বরাদ্দ ক্রমশ বাড়াচ্ছেন আর পাশাপাশি নানা রকম যে জনকল্যাণমূলক দপ্তরগুলি রয়েছে সেই খাতগুলিতে উত্তরোত্তর টাকা বৃদ্ধির পরিবর্তে টাকা কমে যাচ্ছে। তাদের দেওয়া বাজেটের মাধ্যমে এটাই সুস্পষ্টভাবে প্রমাণ করে। অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্ট অফ দি গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল ১৯৮৬-৮৭ এর থেকে উদ্ধৃত করে বলছি যে পুলিশ দপ্তর ১৯৮৪-৮৫ সালে যে টাকা ব্যয় হয়েছিল সেটা ১৯৮৫-৮৬ সালে রিভাইজড বাজেটে বেড়ে গিয়ে ২৫ কোটি ৮৬ লক্ষ ৮৩ হাজার টাকা হয়েছিল এবং তার থেকে ১৯৮৫-৮৬ সালে এস্টিমেট বাজেটে বেড়ে গিয়ে ১৯৮৬-৮৭ সালে দাঁড়াল ২৪ কোটি ১৪ লক্ষ ৭০ হাজার টাকা। অর্থাৎ বছরে গড়ে প্রায় সাড়ে ২৪ কোটি টাকা পুলিশ খাতে ব্যয়বরাদ্দ করেছেন। পাশাপাশি লক্ষ্য করলাম জনকল্যাণমূলক খাতে যে বাজেট বরাদ্দ রয়েছে সেটা বছরের পর বছর কিভাবে কমে যাচ্ছে। আমি এখানে এডুকেশন এবং স্পোর্টস সম্বন্ধে উল্লেখ করতে চাই, ১৯৮৫-৮৬ সালে বাজেট এস্টিমেটে যা ছিল পরের বছর রিভাইজড এস্টিমেটে সেটা কমে গিয়ে দাঁড়াচ্ছে ৪ কোটি ৪৮ লক্ষ ৮০ হাজার টাকা। তারপরে মেডিক্যাল খাতে ১৯৮৫-৮৬ সালে বাজেট এস্টিমেটে যা ছিল ১৯৮৫-৮৬ সালে রিভাইজড্ এস্টিমেটে সেটা কমে গেছে, কমে গিয়ে দাঁড়াল ১৩ লক্ষ ১৯ হাজার টাকা। এইভাবে আমরা দেখতে পাচ্ছি জনকল্যাণমূলক খাতে ব্যয় বরাদ্দ বছরের পর বছর কমে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরেকটি দিক লক্ষ্য করলাম মাল্টি পারপাস রিভার প্রোজেক্টস — এই খাতে কি অবস্থা সৃষ্টি করেছেন সেটা দেখলাম। ১৯৮৪-৮৫ সালে এইখাতে অ্যাকচুয়াল যে বরাদ্দ হয়েছিল সেখান থেকে বর্তমান বছরের বাজেটে বেড়ে যাওয়ার পরিবর্তে ১ কোটি ৫৯ লক্ষ ৩৯ হাজার টাকা কমিয়ে দিয়েছেন। এইভাবে আপনারা বিভিন্নরকম জনকল্যাণমূলক কাজে ব্যয়বরাদ্দ কমিয়ে দিচ্ছেন। এরপরে আমি কো-অপারেশনের কথায়

আসি - সেখানে ১৯৮৫-৮৬ সালে বাজেট এস্টিমেটে যা ছিল সেখানে রিভাইজড এস্টিমেটে কমে গিয়ে দাঁড়াবে ৩ কোটি ১৪ লক্ষ ৫৭ হাজার টাকা। এইভাবে আপনারা বছরের পর বছর কোটি কোটি টাকা জনকল্যাণমূলক কাজে ব্যয় কমিয়ে দিচ্ছেন পুলিশি রাজ কায়েম করবার জন্য এই পুলিশি রাজ কায়েম করবার জন্য আপনারা বছরে গড়ে প্রায় সাড়ে ২৪ কোটি টাকা বাড়িয়ে দিয়েছেন। এইভাবে পাবলিকের টাকা নিয়ে পুলিশি রাজ কায়েম করা যাবে না একথা আপনাদের বলে রাখি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিভাবে কংগ্রেস প্রশাসন ঝাঁঝরা হয়ে গেছে তার কথাগুলি বলতে চাই। একটা দুর্নীতির কথা আপনার সামনে উদাহরণস্বরূপ রাখছি কৃষক যখন কৃষির উন্নয়নের জন্য কৃষি লোন রাজ্য সরকারের কাছ থেকে গ্রহণ করে এবং তা সময়মত শোধ না করবার ফলে রাজ্য সরকারের পুলিশ তাকে ধরে নিয়ে যায় এবং শাস্তি দেয়। যেহেতু ঋণ শোধ করতে পারছে না তার জন্য সমুদয় সম্পত্তি ক্রোক করে তাকে শাস্তি প্রদান করে। পাশাপাশি রাজ্য সরকারও ডিফালকেশন করে চলেছেন। আমি আরামবাগের একটি কথা বলতে চাই, এখানে যিনি এগ্রিকালচারাল সেলস অফিসার আছেন তিনি ডিফালকেশনের সঙ্গে জড়িত। ৮৭০ কেজি সেভিন যেটা বিষাক্ত জিনিস এটা এগ্রিকালচারের ক্ষেত্রে কাজে লাগে। এই সেভিন যেটা ৮৭০ কেজি এবং ২ হাজার ৯৫২ কেজি সেভিন বিক্রি করেছিলেন ঐ অফিসার যিনি একজন দায়িত্বশীল অফিসার। যার মোট মূল্য ছিল কেজি প্রতি দরে ১ কোটি ২৯ লক্ষ টাকা। কিন্তু দুঃখের বিষয় মাত্র কয়েক টাকা হিসাব দিয়ে ১ কোটি ২২ লক্ষ টাকার হিসাব পাওয়া যায়নি। এর বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আমি যে উদাহরণ দিচ্ছি সেটা রিপোর্ট অফ দি কন্ট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া, ১৯৮২-৮৩ বইতে উল্লেখ আছে। সেই অফিসারের শাস্তি হওয়া তো দূরের কথা বরং তাকে আলাদা ইউনিটে সেম একটা পোস্ট দিয়ে বসিয়ে রাখা হয়েছে। তিনি এখনও কাজ করছেন। তিনি কোনো টাকার হিসাব দিতে পারেননি। তার বিরুদ্ধে শাস্তি প্রদান করা দরকার। তা না করে তাকে একই কাজে বহাল রেখেছেন। এই হচ্ছে দুর্নীতিমুক্ত জ্যোতিবাবুর প্রশাসনের নমুনা। স্যার, ক্যালকাটা কালেকটরের একটা ইতিহাস জানাতে চাই, ক্যালকাটা কালেকটরের অফিসে একটা ইলেক্‌ট্রিক জেনারেটার কিনেছিলেন, কেনেননি অবশ্য ভাড়া করেছিলেন — তার ভাড়ার হার হচ্ছে মাসিক ৯৫ হাজার টাকা। সেই সময় ইলেক্‌ট্রিক জেনারেটারের দাম যা ছিল তা ৮ মাসের ভাড়ার টাকার সমান। তার বিরুদ্ধে কোনো অ্যাকশন নেওয়া হয়নি। স্যার, এইভাবে দেখা যাচ্ছে তিনি মোট ৮ দিনের ভাড়া তিনি শেষ করে দিয়েছেন ঐ কয়েকদিনের মধ্যে। এটা দুর্ভাগ্য ছাড়া আর কিছুই নয়। স্যার, গভর্নমেন্টের লেবার ডিপার্টমেন্টের কতকগুলি কাজ রয়েছে, আমি যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে ওয়ার্কিং অফ দি ইন্সপেক্টার অফ ফ্যাক্টরিস। এখানে কোনো ইন্সপেকশন হয় না, দিনের পর দিন দুর্নীতি চলছে এখানে। ১৯৭৯ সালের ইন্সপেকশনের যা হার ছিল সেটা মাত্র ৩০ পার্সেন্ট। কেন্দ্রীয় সরকার বলে দিয়েছে বছরে একবার অন্তত ইন্সপেকশন করতে হবে। কিন্তু ইন্সপেকশন করা হয় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তাই এই বাজেটকে সমর্থন করি না।

**শ্রী সরল দেব :** ডেপুটি স্পিকার মহাশয়, বিরোধী দলের নেতার বক্তব্য শুনে হতাশ হতাম। ভারতবর্ষ একটা দেশ যেখানে পুঁজিবাদী সংবিধান আছে। এর মধ্যে থেকে রাজ্য

সরকারকে তার বাজেট পেশ করতে হয়েছে। ১১২ কোটি টাকা ঘাটতির কথা বলেছেন। রাজ্যে যদি ঘাটতি হয় তাহলে আর্থিক খুব ক্ষয়ক্ষতি হয় না। কেন্দ্রে ১০ হাজার কোটি টাকার ঘাটতি মেটাতে গিয়ে নোট ছাপাতে হচ্ছে। টাকার দাম ১৭ পয়সা থেকে ১৩ পয়সা হয়েছে। বৈদেশিক ঋণের মাত্রা ২৯ হাজার কোটি টাকা। বিরোধী নেতা বললেন রিসোর্স মোবিলাইজেশন করতে পারছেন না। অর্থমন্ত্রী বলেছেন দারিদ্র্য-পীড়িত এই রাজ্যে আমরা নতুন করভার করে মানুষকে জর্জরিত করতে চাই না। রিসোর্স মোবিলাইজেশন মানে কি হচ্ছে দেশের মানুষকে করভারে জর্জরিত করে টাকা তোলা। কেন্দ্র বলছেন সপ্তম পরিকল্পনায় ১ হাজার ৮৭ কোটি টাকা ব্যয় করবেন। কাশীবাবু বললেন ৭ হাজার কোটি টাকা খরচ করতে পারতেন, কিন্তু পারলেন না রিসোর্স মোবিলাইজেশান করতে পারেননি বলে। ১২ মার্চ রাজ্য সভায় এ বিষয়ে প্রাক্তন অর্থমন্ত্রী বলেছেন—He has also expressed the view that the Finance Minister 'has become soft towards resource mobilisation', and said all the Plan expenditure was met by borrowing money. 'Can we carry on like this for all time to come?' He also asked 'If we depend on foreign borrowing, it will be dangerous.' Mr. Mukherjee also expressed concern that most of the States had also gone in for deficit budgets, out of the six Congress ruled States. এ কথাটা আমাদের কথা নয়। তিনি আবার বলেছেন all the time they are dependent upon the borrowed money from the foreign countries.

তারপর বলছেন—States which had presented their Budgets in the last few days, only one State had sought to finance its plan from additional taxation...

ওরা বলছেন আমাদের রাজ্য সরকারের যে বাজেট ৭৫৬ কোটি টাকার তার মধ্যে ৫৪৮ কোটি টাকা আমাদের এবং ওরা দিচ্ছেন মাত্র ২২৮ কোটি টাকা। ওরা বলছেন আমরা সেচ, কৃষি, শিল্প করতে পারিনি। ওদের ট্যাক্সেশনের যে নীতি তাতে ১০০ টাকা ট্যাক্স ধার্য করা হয় তার ৮১ ভাগ ট্যাক্স পরোক্ষ কর। তার মানে গরিব দেশের গরিব মানুষরা এই কর দেয়। আর মাত্র ১৯ ভাগ ডাইরেক্ট ট্যাক্স। ইকোনমিক্স টাইমস পত্রিকা বলছে আমাদের দেশের ২০টা ধনী পরিবার কেমনভাবে স্ফীতকায় হয়েছে। টাটার টাকা ছিল যেখানে ৩৭৫ কোটি সেটা সেখানে ১৯৮৪ সালের ডিসেম্বরে হয়েছে ২৪৮৯.৩ কোটি টাকা; বিড়লার টাকা ছিল ২৮২.৯ কোটি টাকা সেটা বেড়ে ১৯৮৪ সালে হল ২৫৩১.৬ কোটি টাকা; মফতলালের ৩৯.৫ কোটি টাকা বেড়ে হল ৭১২.২ কোটি টাকা।

[6-15—6-25 P.M.]

সিংহানিয়ার ১৯৬৩-৬৪ সালে টাকার পরিমাণ ছিল ৫৪ কোটি ৫ লক্ষ, ১৯৮৪ সালে সেটা গিয়ে দাঁড়িয়েছে ৬৯২ কোটি ৩ লক্ষে। থাপারের ১৯৬৩-৬৪ সালে টাকা ছিল ৬৩ কোটি ৩ লক্ষ, সেটা ১৯৮৪ সালে দাঁড়িয়েছে ৫৭২ কোটি ১ লক্ষে। এইচ. সি. সি.-র ১৯৬৩-৬৪ সালে ৭৬ কোটি ৯ লক্ষ টাকা ছিল, ১৯৮৪ সালে সেটা হল ৪৫৬ কোটি ২ লক্ষ। সরাভাই-এর ১৯৬৩-৬৪ সালে ছিল ৩৩ কোটি ৮ লক্ষ টাকা, সেটা গিয়ে দাঁড়াল

৪৪০ কোটি ৯ লক্ষ টাকায়। এ. সি. আই.-এর ৩৬ কোটি ৯ লক্ষ টাকা ছিল, সেটা ১৯৮৪ সালে দাঁড়িয়েছে ৪৪৯ কোটি ৭ লক্ষ টাকায়। বাঙ্গুরের ৬২ কোটি ৫ লক্ষ টাকা ছিল, ১৯৮৪ সালে সেটা হয়েছে ৩৭৩ কোটি ৭ লক্ষ। কিরলোস্কারের ১৯ কোটি ১ লক্ষ টাকা ছিল, সেটা দাঁড়িয়েছে ৩৭০ কোটি ২ লক্ষ টাকায়। রিলায়েন্সের ১৯৮৪ সালে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৬০ কোটি ৩ লক্ষ। শ্রীরামের ৫০ কোটি ৩ লক্ষ থেকে ৩৫৯ কোটি ৬ লক্ষ টাকায় দাঁড়িয়েছে। অশোক লেল্যান্ডের ১৯৮৪ সালে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৩৩৬ কোটি ৫ লক্ষ এবং হিন্দুস্থান লিভারের টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৩২৯ কোটিতে। স্যার, ভূতের মুখে রাম নাম শুনছি। আমাদের রাজ্য সরকার দেখেছেন রেডিমেড গার্মেন্টস, ইলেক্ট্রিক বাল্‌ব এই সমস্ত জিনিসের উপর ট্যাক্স কমিয়েছেন। কয়লার উপর ঠিকই আমরা ৩০ কোটি টাকা পাই, তাতে ইন্ডাইরেক্টলি অ্যাফেক্টেড হবে কনজিউমাররা। কিন্তু উপায় কি আছে। ৬ হাজার ৯ শো কোটি টাকা আন্তঃশুল্ক, ইনকাম ট্যাক্স, পণ্য কর বাবদ বিভিন্ন রাজ্য থেকে নিলেন, আর সমস্ত রাজ্যগুলিকে দিলেন মাত্র ১৫ শো কোটি টাকা, যেন ওদের পৈতৃক টাকা দিতে হচ্ছে। আমাদের যে টাকা দিলেন তার পরিমাণ ৪০ শতাংশের কম, অথচ বেশি টাকা আমাদের থেকে তারা নিয়ে যাচ্ছে। ওরা বলেছেন আমাদের এখানে সেচ হচ্ছে না। স্যার, তিস্তা প্রকল্পের জন্য এপর্যন্ত আমাদের সরকার ১৬০ কোটি টাকা খরচ করেছেন, ওরা দিয়েছেন মাত্র ৫ কোটি টাকা। আমরা আরও ২০ কোটি টাকা চেয়েছিলাম, ওরা দিলেন না। উত্তরবঙ্গের একটা বড় প্রকল্প, উত্তরবঙ্গের জল নিষ্কাশন এবং কৃষি তার উপর নির্ভরশীল, সেই টাকা ওরা দিলেন না। সপ্তম পরিকল্পনায় বিদ্যাধরী যদি সংস্কার করা হয়, ২৪-পরগনার এই বৃহৎ মজা নদীকে যদি সংস্কার করা হয় তাহলে ২ লক্ষ মণ ধান অ্যাডিশন্যাল উৎপন্ন হবে এবং ড্রেনেজ হবে। সপ্তম পরিকল্পনায় এই রাজ্য থেকে এরজন্য বার বার আবেদন করা হয়েছে, কিন্তু সেই টাকা মঞ্জুর করা হয়নি। স্যার, আপনি জানেন কেন্দ্রীয় ঘাটতি এই বছরে ৩ হাজার ৬৫০ কোটি টাকা, বছরের শেষে সেটা গিয়ে দাঁড়াবে ৭ হাজার কোটি টাকায়। কেন্দ্রীয় সরকারের নাসিক প্রেস আছে, নোট ছাপাবে, ফলে ইনফ্রেশান হবে, সাধারণ মানুষ তাতে জর্জরিত হবে। ওরা বার বার বলেন ৭ হাজার কোটি টাকার কাজ করতে পারতাম, কিন্তু গ্যাডগিল ফর্মুলা অনুযায়ী ৫ হাজার বলুন আর ৭ হাজার বলুন এর ৭০ ভাগ রাজ্যকে দিতে হয়, আর ৩০ ভাগ কেন্দ্র দেবে, কেন্দ্রের কতকগুলি এক্সপোর্ট গুডস আছে, আমরা সেখানে ৪ পার্সেন্টের উপর ট্যাক্স ধার্য করতে পারি না, সুতরাং টাকাটা কোথা থেকে আসবে? কয়েকদিন আগে একথা তোলা হয়েছিল এন আর ই পি-তে মাত্র ৬৩ লক্ষ ম্যান্ডেজ করা হয়েছে, করার কথা ছিল অনেক বেশি। আগে ৭ টাকা মজুরি ছিল, সেটাকে বাড়িয়ে ১২ টাকা করা হয়েছে। ওরা ভুল তথ্য দিলেন, ১০২ কোটি ৪৮ লক্ষ ম্যান্ডেজ তৈরি করা গেছে এবং লেবার কস্ট আমরা বাড়িয়ে দিয়েছি। মুস্কিল হচ্ছে আমাদের দেশে একটা প্রবাদ আছে—'পাঁচির ছেলে ম্যাজিস্ট্রেট হলে কি হবে বেতন পায় না'—কংগ্রেসি বন্ধুদের অবস্থা তাই দাঁড়িয়েছে। স্যার ওরা ওভারড্রাফ্টের কথা বললেন। অষ্টম অর্থ কমিশন বিভিন্ন রাজ্যের আয়-ব্যয়ের ব্যবধানের যে হিসাব দিয়েছেন তাতে আমাদের রাজ্য সরকারের যে ৫১২ কোটি টাকা লক্ষ্যমাত্রা ছিল তার থেকে অতিরিক্ত সম্পদ সংগ্রহ করা হয়েছে। অথচ সংবিধানের ২৭৫(১) ধারা অনুযায়ী অষ্টম অর্থ কমিশন যে টাকার সুপারিশ করলেন সেই টাকা কেন্দ্রীয়

সরকার আমাদের দিলেন না, সেই টাকা দিলে আমাদের ওভারড্রাফ্‌ট থাকত না। ওরা বার বার বেকার সমস্যার কথা বলেছেন। স্যার, আমাদের এই রাজ্যে আমরা কর্ম সংস্থান বাড়িয়েছি, কিন্তু ওরা সেটা দেখতে পাচ্ছেন না।

আমরা নতুন নতুন পরিকল্পনা করে ৫৭ হাজার মানুষের সুবিধা করে দিয়েছি। আমি একটি কথা রাজ্য সরকারের কাছে সাজেশান হিসাবে রাখতে চাই। এই কয়লার উপর যে ট্যাক্স সেটা কমাতে পারেন কিনা সেটা দেখবেন। কারণ সমস্ত সাধারণ মানুষ এই কয়লা ব্যবহার করে। যেসব মাল্টিস্টোরিড বিল্ডিংস হচ্ছে এবং ঐ এক চেটিয়া পুঁজিপতিরা বিভিন্ন কায়দা করে বিভিন্ন জায়গায় বড় বড় বাড়ি করছে তাদের উপর আরও ট্যাক্স করা যায় কিনা এবং ঐ রঙ্গিন টিভি-র উপর আর ট্যাক্স করে ঐ সমস্ত গরিব লোকদের আরও সুবিধা করতে পারেন কিনা সেটা একটু দেখবেন। এই কথা বলে আমাদের মুখ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুকুমার রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১২-৩-৮৬ তারিখে আমাদের মুখ্যমন্ত্রী তথা পশ্চিমবাংলার অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন এবং যে বাজেট ভাষণ দিয়েছেন সেটা আমরা দেখেছি। এতে আমরা এমন কিছু দেখতে পাইনি যাতে মনে হতে পারে যে পশ্চিম বাংলার মানুষের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন এতে আছে। পশ্চিমবাংলার মানুষের আশা-আকাঙ্খার প্রতিফলন যেটা পশ্চিমবাংলার মানুষ দেখতে চেয়েছেন তার কোনো ইঙ্গিত এর মধ্যে নেই। এতে বরং সাধারণ মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করা হয়েছে—কিছুটা ধাপ্পা দেবার চেষ্টাও হয়েছে। উনি বাজেটের এক জায়গায় বলেছেন ঘাটতি বাজেট — আবার কোনো কোনো জায়গায় দেখাচ্ছেন উদ্বৃত্ত বাজেট। সাধারণ মানুষকে পরিষ্কারভাবে এই বাজেটের প্রতিফলন কি সেটা যদি বলা হত তাহলে আমার মনে হয় ভাল হত। কারণ তিনি দেখিয়েছেন ৪২.৮২ কোটি টাকা ঘাটতি নিয়ে এই বাজেট তৈরি হয়েছে। বিগত আর্থিক বছরে — অর্থাৎ যে বছর এখনও চলছে ১৯৮৫-৮৬ সালে এটা ঘাটতি বলে দিয়েছিলেন। এখন আমাদের এটা উদ্বৃত্ত বাজেট প্লেস করা হয়েছে। এই ৪২.৮২ কোটি টাকা বছরের শেষে গিয়ে দেখব সেটা ১১২ কোটি টাকার মত ঘাটতি দাঁড়াবে। এটা তো পরিষ্কারভাবে বলা উচিত ছিল। এর পরও বলছেন উদ্বৃত্ত বাজেট। তারপর পাবলিক অ্যাকাউন্টে ৮৭.৫৬ কোটি টাকা দেখিয়ে—সেটা নিয়ে উদ্বৃত্ত বাজেট হয়েছে। আমি জানি না এটা কি করে হয়—এই পাবলিক অ্যাকাউন্ট কখন এবং কিভাবে খরচ করতে হয়? আমার যতদূর বিদ্যা-বুদ্ধি পাবলিক অ্যাকাউন্টের, সিকিউরিটি ডিপোজিটের টাকা রিলিফ ফান্ডের টাকা কখন হাতে দিতে হয়। যখন আর্থিক অবস্থা এমন দেউলিয়া অবস্থায় পৌছে যায় যে খরচ না করে আর উপায় নেই। তাহলে কি মুখ্যমন্ত্রী যা বলছেন তাতে মনে করতে পারি কি যে পশ্চিমবাংলার অর্থনীতি এমন একটা দেউলিয়া সম্পন্ন হয়ে পড়েছে যার প্রতিফলন এই বাজেটের মধ্যে পড়েছে? এটা যদি পরিষ্কার করে সাধারণ মানুষকে বুঝিয়ে দিতেন তাহলে ভাল হত। অনেকে বলেছেন রিসোর্স মোবিলাইজেশন করা যাচ্ছে না। রিসোর্স মোবিলাইজেশন অন্তত এ বছর যে কিছুই হবে না সেটা সকলেই জানতে পেরেছেন।

[6-25—6-35 P.M.]

তবে এই বাজেটের মধ্যে একটা জিনিস লক্ষ্য করেছি কিছু কিছু লোককে খুশি করতে

চাওয়া হয়েছে। শহরের উচ্চ মধ্যবিত্ত মানুষদের খুশি করতে চাওয়া হয়েছে। কিন্তু গ্রামের জন্য কি কি কর ছাড় দেওয়া হয়েছে, তাদের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা কিন্তু এই বাজেটের মধ্যে প্রতিফলিত হয়নি, অন্তত আমার চোখে পড়েনি, মাননীয় সদস্যদের চোখে পড়েছে কিনা তাও বলতে পারছি না, তাদের বক্তৃতার মধ্যে সেটুকু বুঝতেও পারলাম না। তারা কেবল কেন্দ্রের কথা বলে যাচ্ছেন। আমি কেন্দ্রের সঙ্গে এর তফাৎ করতেও যাচ্ছি না, তার সঙ্গে ক্রিটিসিজম্ করে এটা ভাল, এটা মন্দ তাও করতে চাচ্ছি না। পশ্চিমবাংলার মানুষের কথা চিন্তা করে আমাদের পশ্চিমবাংলার জন্য যে বাজেট করা হয়েছে আমি আমার বক্তব্য তার উপরই রেখে চলেছি। এখানে আমরা দেখলাম শহরের মানুষকে কিছু খুশি করতে চাওয়া হয়ছে। আমরা দেখলাম গ্রামের মানুষের জন্য আজকাল পঞ্চায়েত থেকে ট্যাক্স বসানো হচ্ছে। পঞ্চায়েত কি জন্য ট্যাক্সেশন নিচ্ছে? বাড়ির জন্য ট্যাক্সের ব্যবস্থা করছে। এই ট্যাক্সের মাধ্যমে কত টাকা আসছে সেটা কিন্তু মন্ত্রী মহাশয় ভাল করে বোঝাতে চেষ্টা করেননি। মাননীয় অর্থমন্ত্রী শহরের কিছু মানুষের জন্য ট্যাক্স কমিয়ে দিচ্ছেন, ভাল কথা কার ট্যাক্স কমিয়ে দেবেন? উচ্চ মধ্যবিত্তের। কিন্তু মধ্যবিত্ত যারা তাদের দেখে বোঝাই যাচ্ছে উনি বললেন টি. ভি.র উপর থেকে প্রমোদ কর উঠিয়ে দিলাম। আমি কেন্দ্রীয় সরকারের কথা বলব না, তারা কিন্তু এটা আগেই উঠিয়ে দিয়েছিলেন। উনি বসিয়েছিলেন, উঠিয়ে দিলেন, ভাল কথা। কিন্তু সঙ্গে সঙ্গে ৪% ট্যাক্স করলেন। যদি একটা টি.ভি.র দাম ৩ হাজার টাকা হয় তাহলে ৪% করলে কত হয়? ঘুরিয়ে ফিরিয়ে কিন্তু উনি মধ্যবিত্ত মানুষদের উপর ট্যাক্সের বোঝা বাড়িয়েই দিলেন। হয়ত ব্যবসায়িক ক্ষেত্রে যে ট্যাক্স সরকারকে দেবে সে ট্যাক্স আবার সাধারণ মানুষের কাছ থেকেই আদায় করা হবে। ৫০ টাকা প্রমোদ কর ছিল সেই জায়গায় ১২০ টাকা সেলস ট্যাক্স নিয়ে নিলেন। সুন্দর ব্যবস্থা করা আছে, অথচ সাধারণ মানুষকে বোঝানো হচ্ছে ট্যাক্স ছাড় দেওয়া হয়েছে। টি. ভি. সেটের কথা যেমন সুরাহা কিভাবে করা যায় তার কোনো ইঙ্গিত এই বাজেটের মধ্যে প্রতিফলিত হয়নি। ৯ বছর ধরে বেকার সমস্যার স্থায়ী কিছু একটা সুরাহা হল না। শুধু কেন্দ্রের উপর দোষারোপ করে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী কথা বলছেন। সারা ভারতবর্ষে টোটাল যা বেকার আছে তার ওয়ান ফিফ্থ বেকার পশ্চিমবাংলায় আছে। ভয়াবহ অবস্থা সারা ভারতবর্ষে টোটাল ২।। কোটি বেকার আছে। তার মধ্যে পশ্চিমবাংলায় ৪০/৪৮ লক্ষ বেকার আছে। তাদের জন্য এই বছর একটা কিছু করা হয়েছে? ডি. আই. সি.র মাধ্যমে যে সেল্‌ফ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম সেটা বাদ দিয়ে বোধ হয় এই জিনিস বোঝাতে চাইছেন? নবকুমারবাবু বোধ হয় ডি. আই. সি. ভেবেছিলেন। কিন্তু আমি যদি ঠিক ঠিক বুঝে থাকি তাহলে এটা বলতে পারি যে, ওরা বোঝাতে চাইছেন পশ্চিমবঙ্গ সরকার একটা ব্যবস্থা করেছেন যেটা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে হচ্ছে। কিন্তু সাধারণ গরিব মানুষদের জন্য সেটা করছে না। সেখানে এমপ্লয়মেন্টের এজেন্সি বসে আছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসার কাকে দেবে? ১৯৭৮ সাল থেকে ১৯৭৯ সালের এত তারিখ পর্যন্ত যারা রয়েছে তাদের মধ্যে এই ব্যাপারটা দেওয়া হবে। হি ইজ ফাইন্ডিং আউট দি ম্যান। সেখান তিনি কনসাল্ট করে তারপর করবেন। এতে সাধারণ মানুষের কল্যাণ হয় না, কতিপয় লোকের কিছু করে দেওয়া যায়। রিসেন্টলি যে জিনিস আসছে তাদের মধ্যে উদ্বুদ্ধ করার জন্য এটা করা হচ্ছে। এবারে স্বাস্থ্যের ব্যাপারে আসা যাক। এই বাজেটের মধ্যে হেল্‌, স্যানিটেশন সম্বন্ধে কি চিন্তা-ভাবনা করছেন তার কোনো প্রতিফলন

দেখতে পাওয়া যায়নি। প্রত্যেকটি গ্রাম বা আধা শহরে যে হেল্‌থ সেন্টার আছে সেখানকার প্রত্যেকটি হাসপাতালের দুরবস্থার কথা আমরা জানি।

এমন একটি খোদ কলকাতা শহরের বড় বড় হাসপাতালগুলির কি অবস্থা হয়ে আছে সেটা আপনারা সকলেই জানেন। এরজন্য বাজেটে কি রাখা হয়েছে? শিক্ষার জন্য বেশি টাকা রাখা হয়েছে খুব ভাল কথা কিন্তু সেই টাকা রাখা হয়েছে তো বেতন দেবার জন্য। সাধারণ স্টুডেন্টদের কতটা ছাড় দিচ্ছেন, তাদের কতটা সুবিধা দিচ্ছেন, ফ্রিতে তাদের কত বই দিচ্ছেন এসব কথা নেই। তা যদি থাকত তাহলে এই বাজেটে তাঁদের সত্যিকারের সৎ উদ্দেশ্য আছে কিনা বুঝতে পারতাম। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-35—6-45 P.M.]

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চোখে ঠুলি পরে থাকলে সেই চোখ দিয়ে কিছুই দেখা যায় না। কারুর চোখে যদি রাজীব গান্ধীর পদচিহ্ন আঁকা থাকে তাহলে ভাল জিনিস কিছুই তার চোখে পড়ে না। এরজন্য স্যার, দুঃখ করে লাভ নেই। এরা এখানে যতই চিৎকার করুন না কেন ঘাটতি বাজেট হলেই এরা খুশি হতেন, আমরা দুঃখিত, আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ওদের খুশি করতে পারেননি। কেন্দ্রীয় সরকার যেভাবে সমস্ত জিনিসপত্রের দাম বাড়াচ্ছেন আমাদের অর্থমন্ত্রী মহাশয়ও যদি সেইভাবে জিসিপত্রের দাম বাড়াবার চেষ্টা করতেন তাহলে এরা খুশি হতেন কিন্তু আমি বলতে চাই, সে রকম খুশি ওদের করা যাবে না, তারজন্য আমরা দুঃখিত। স্যার, যে বাজেট এই হাউসে উপস্থিত করা হয়েছে তার ভাল দিকগুলি নিশ্চয় আমাদের চোখে পড়েছে। শান্তিবাবু বলার সময় বললেন, শুধুমাত্র কলকাতা শহরের উন্নতি করার জন্য এতদিন ধরে এরা চিন্তাভাবনা করেছেন। আমি বলি, তা নয়, শান্তিবাবু ভুলে গিয়েছেন যে দীর্ঘদিন ধরে শুধু কলকাতাকে নিয়েই চিন্তাভাবনা করত কংগ্রেস, আমরা এই বাজেটের মাধ্যমে সেই চিন্তাভাবনার কিছুটা পরিবর্তন করেছি। বাজেটটা যদি লক্ষ্য করে দেখেন তাহলে দেখবেন, আগে কেবলমাত্র কলকাতা শহরের উন্নতির জন্য কলকাতা কর্পোরেশনকে টাকাপয়সা দেওয়া ছাড়া অন্য কোনো জায়গায় টাকাপয়সা দেওয়া হত না। বিভিন্ন যে মিউনিসিপ্যালিটিগুলি আছে তারা তাদের রোজগারের মাত্র ২৫ ভাগ টাকা আদায় করতে পারত এবং সেই টাকা দিয়ে ধুঁকে ধুঁকে চলত, কোনো উন্নয়নমূলক কাজ তারা করতে পারতেন না। আমাদের সরকার সিদ্ধান্ত করেন যে বিভিন্ন মিউনিসিপ্যালিটি ও কর্পোরেশনকে জনসংখ্যার ভিত্তিতে বাজেটের টাকা সমানুপাতিক হারের ভিত্তিতে ভাগ করে সেই টাকা তাদের জন্য নির্ধারিত করা হবে। এর ফলে আমরা দেখতে পাচ্ছি, বিভিন্ন মিউনিসিপ্যালিটিগুলিতে উন্নতির সোপান ধীরে ধীরে খুলে যাচ্ছে। ১৯৭৭ সালে যেখানে কলকাতা নিয়ে বিভিন্ন মিউনিসিপ্যালিটিগুলিকে ২০ লক্ষ টাকা সাহায্য দেওয়া হত সেখানে আমরা এখন দেখছি সেই সাহায্য অনেকগুণ বৃদ্ধি পেয়েছে। কলকাতা কর্পোরেশন বাদে বিভিন্ন মিউনিসিপ্যালিটিগুলিকে ১৯৮৩-৮৪ সালে দেওয়া হয়েছে বস্তি উন্নয়ন বাবদ ২৫ লক্ষ টাকা, কনজারভেন্সি বাবদ ২৯.১৭ লক্ষ টাকা, গাড়ি বাবদ ৪.৮০ লক্ষ টাকা, বাড়ি সারানো বাবদ ৩.৫০ টাকা। সামগ্রিকভাবে যদি দেখি তাহলে দেখা যাবে গত বছরে প্রায় ৬ কোটি

টাকা সারা পশ্চিমবাংলার মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনকে খরচের জন্য দেওয়া হয়েছে। এরজন্য স্যার, আমি নিশ্চয় বামফ্রন্ট সরকারকে সাধুবাদ জানাচ্ছি। মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেছেন আগামী বছরের বাজেটে এ বাবদ ১১ কোটি টাকা ধার্য করেছেন বিদ্যালয় রিপেয়ারের জন্য ৫ কোটি টাকা ধরেছেন, তারজন্য ধন্যবাদ জানাচ্ছি।

[6-35—6-45 P.M.]

আপনারা নিশ্চয়ই জানেন যে মিউনিসিপ্যালিটি—কেবল মাত্র তাই নয়, মিউনিসিপ্যালিটির উপর পরিকল্পনা এবং বিভিন্ন মিউনিসিপ্যালিটি, কলকাতা কর্পোরেশন বাদে সমস্ত মিউনিসিপ্যালিটিগুলো তার পরিকল্পনা বাবদ নতুন নতুন কাঠামো তৈরি করার জন্য আরও ৮ কোটি টাকা এবারে বাজেটে গ্রহণ করা হয়েছে এই সমস্ত বিষয়গুলো কেবল মাত্র কলকাতা নয়, কলকাতার বাইরে বিভিন্ন যে মিউনিসিপ্যালিটিগুলো আছে, তার উন্নতির সোপান খুলে গেছে। আজকে বিভিন্ন জায়গায় বিভিন্ন অবস্থা তৈরি হচ্ছে। সেই অবস্থার মধ্যে দিয়ে উন্নতি হচ্ছে। সর্বশেষ এই কথা বলি, যা কংগ্রেসিরা কোনোদিন ভাবেনি, যা কংগ্রেসিরা কোনোদিন করেনি, যা কংগ্রেসিরা কোনোদিন চিন্তাও করেনি, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পর বিভিন্ন মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনগুলোতে এই গণতান্ত্রিক ব্যবস্থা আমদানি করেছে। ওরা টাকা দিলে সেই টাকা ওদের কমিশনার, ওদের বিভিন্ন সরকারি আমলারা সেই টাকা খরচ করতেন। এখন ওঁরাই নির্বাচিত হন বা আমরাই নির্বাচিত হই, যেই নির্বাচিত হন. তাদের প্রতি সেই টাকাকে খরচ করার অধিকার দেওয়া হয়েছে এবং সেই অধিকার দিয়েছে এই বামফ্রন্ট সরকার। এইটুকুতে তাদের সাধুবাদ দেওয়া উচিত ছিল। বেকারদের জন্য ওরা অনেক কান্নাকাটি করলেন। এত কাঁদলেন সমস্ত সদস্যরা, আর এত চোখের জল বেরোল, আমার মনে হল যে গঙ্গার ৪০ কিউসেক জলের যে দাবি করা হয়েছিল, সেটা বোধ হয় না তুললেই ভাল হত, এঁদের চোখের জলেই গঙ্গা ভরে যেত। আমি বিষয়টিতে বলতে চাই সেইভাবে যে ভারতবর্ষ থেকে পশ্চিমবাংলা বিচ্ছিন্ন হতে পারে না। সুকুমারবাবুই বলুন বা অন্য সদস্যরা বলুন, এই বেকার সমস্যাকে যেভাবে দেখাবার চেষ্টা করা হয়েছে — ভারতবর্ষকে বাদ দিয়ে পশ্চিমবাংলার বেকার সমস্যার সমাধান হয়ে যাবে এটা কোনোদিনই হতে পারে না। কারণ একটা অর্থনীতির কাঠামোর মধ্যে ভারতবর্ষের সঙ্গে পশ্চিমবাংলার একই সূত্রে গ্রথিত, এর বাইরে কোনোদিন যেতে পারে না। আগে এটা বোঝা উচিত, সারা ভারতবর্ষের বেকার সংখ্যা হচ্ছে ২।। কোটির মত ভারতবর্ষে দারিদ্র্য সীমার নিচে মানুষ বাস করেন প্রায় ২৭ কোটি ৩০ লক্ষ মতো, এই ২৭ কোটি ৩০ লক্ষ মানুষের মধ্যে যদি একজন করে লোককেও চাকরি দেওয়া যায় পরিবার পিছু তাহলে ৫ কোটি ৭ লক্ষ লোককে চাকরি দিতে হবে। তাহলে মোট দাঁড়ায় ৮ কোটি ১০ লক্ষ লোকের চাকরি আজকে ভারতবর্ষের মানুষের প্রয়োজন। কেন্দ্রীয় সরকার তার সপ্তম পরিকল্পনায় বলেছেন যে আমরা ৪ কোটি লোকের চাকরির সংস্থান করব। তাহলে বাকি ৪ কোটি ১০ লক্ষ লোক যাবে কোথায়? এবং তখন নতুন নতুন যে যুবক চাকরির উপযোগী হয়ে এসে দাঁড়াবে তাদেরও চাকরির কোনো সংস্থান থাকবে না। আজকে ভারতবর্ষে যদি বেকার সমস্যা এই জায়গায় গিয়ে দাঁড়ায় তাহলে পশ্চিমবাংলার বেকার সমস্যার সমাধান করার জন্য. এত উতলা হওয়ার কোনো কারণ নেই। ভারতবর্ষ বেকার সমস্যার সমাধান করলে তবেই পশ্চিমবাংলার সমাধানের একটা জায়গায়

গিয়ে পৌঁছবে। তা সত্ত্বেও এই কথা বলি, পশ্চিমবাংলার সরকার এর ক্ষমতা সীমিত, এই কথা আপনিও জানেন এবং এই হাউসের সমস্ত সদস্যরাও জানেন। আজকে দিল্লি সরকারের ইচ্ছার উপর পশ্চিমবাংলার কারখানাগুলো নির্ভর করে। বড় বড় কলকারখানাগুলো নিতে গেলে পশ্চিমবঙ্গ সরকারের বা পশ্চিমবাংলার ভিতর যদি কোনো ব্যবস্থা বড় করে কিছু করতে যাই তাহলেও—বড় কারখানা করতে গেলে কেন্দ্রীয় সরকারের ইচ্ছার উপর নির্ভর করতে হয়। লাইসেন্স নিতে হয়, তা না হলে পশ্চিমবাংলায় কোনো বড় কারখানা করা যায় না। কিন্তু আপনাদের পিতৃপুরুষদের কথা উল্লেখ করি, ডাঃ বিধানচন্দ্র রায় — আপনারা পুরানো কাউকে মানেন কি না জানি না, ডাঃ বিধানচন্দ্র রায় ১৯৬১ সালের বাজেট বক্তৃতায় বলেছিলেন, আজকে এমনভাবে নেপোটিজম করা হচ্ছে, এমন বিভিন্নভাবে ফেভারিটিজম করা হচ্ছে যা করা উচিত নয়। ১৯৬১ সালের বাজেট বক্তৃতায় বলছেন, Russian Experts recommended that Durgapur is a good place for manufacture of optical glass. I found it afterwords, inspite of that recommendation the Govt. of India thought that Naini near Allahabad is the better place.

তাহলে তখনও এইভাবে ফেভারিটিজম করা হত বিভিন্ন কলকারখানা করার ক্ষেত্রে, বিভিন্ন জায়গায় সরিয়ে নিয়ে যাওয়া হত পশ্চিমবাংলা থেকে, এই জিনিস তখনও চলত, এখনও চলে। আজকে যদি দেখেন, সত্যি কথা, পশ্চিমবাংলার শিল্পে শান্তি বিরাজ করছে, এই কথা অনেকেই স্বীকার করেন। আপনারা অর্থনৈতিক তথ্য থেকে দেখবেন যে পশ্চিমবাংলায় আজকে আর ধর্মঘট-এর দরকার হয় না। এখন ধর্মঘট অনেক কমে গেছে।

[6-45—6-55 P.M.]

ওঁদের আমলে, ১৯৭৫ সালে পশ্চিমবাংলায় মোট ১১১টি ধর্মঘট হয়েছিল। অথচ ১৯৮৩ সালে, বামফ্রন্ট সরকারের আমলে ধর্মঘট হয়েছে মাত্র ৩৯টি। ১৯৭৫ সালে ধর্মঘটের সঙ্গে ৩০৬ হাজার মানুষ যুক্ত ছিল, কিন্তু ১৯৮৩ সালে ধর্মঘটের সঙ্গে যুক্ত ছিল মাত্র ১২ হাজার মানুষ। অনুরূপভাবে শ্রমদিবস নষ্ট হওয়াও অনেক কমেছে। অথচ কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কি হারে লেটার অফ্ ইন্টেন্ট ইস্যু করা হচ্ছে দেখুন, ১৯৮৩ সালে গুজরাট যেখানে লেটার অফ্ ইন্টেন্ট পেয়েছে ১১৬টি, মহারাষ্ট্র পেয়েছে ১৫৫টি, তামিলনাড়ু পেয়েছে ৬৮টি, উত্তরপ্রদেশ পেয়েছে ১১৬টি, পাঞ্জাব পেয়েছে ৪৫টি, সেখানে পশ্চিমবাংলা পেয়েছে মাত্র ৪৫টি। কাজেই আজকে যখন পশ্চিমবাংলার বেকার সমস্যার কথা বলা হয় তখন এই সমস্ত বিষয়গুলিও একটু চিন্তা করতে হবে। এই সমস্ত কিছু মূল সমস্যার সঙ্গে যুক্ত। তা সত্ত্বেও বামফ্রন্ট সরকার বেকার সমস্যার দিকে লক্ষ্য রেখে বড় বড় ইন্ডাস্ট্রি করার ক্ষেত্রে যৌথ উদ্যোগ গ্রহণ করছেন। যৌথ উদ্যোগে শিল্প গড়ে তোলার ব্যাপারে কি কি করা হয়েছে বা হচ্ছে, সে বিষয়ে ইতিমধ্যেই এখানে অনেকে উল্লেখ করেছেন, আমি আর সে বিষয়ের মধ্যে যাচ্ছি না। আমি শুধু বলছি কেন্দ্রের উপর নির্ভর না করে সীমিত ক্ষমতা নিয়েই যতটুকু করা যায় ততটুকু করার দিকেই বামফ্রন্ট সরকার জোর দিয়েছেন। ক্ষুদ্র শিল্পের ব্যাপারে পশ্চিমবঙ্গে বেশ কিছু অগ্রগতি ঘটেছে। ১৯৭৭-৭৮ সালে পশ্চিমবঙ্গে যেখানে ক্ষুদ্র শিল্পের সংখ্যা ছিল ৮,৯৭৮টি, সেখানে ১৯৮৫-৮৬ সালে সেই সংখ্যা বৃদ্ধি পেয়ে হয়েছে ১৮,৬৭৫টি। অনুরূপভাবে শ্রমিকের সংখ্যাও বেড়েছে। যেখানে শ্রমিকের সংখ্যা ছিল ৮২,৭৫১

জন, সেখানে তা বৃদ্ধি পেয়ে হয়েছে ১,৩১,৫১৭ জন। সুতরাং এই সমস্ত পরিসংখ্যান থেকে বোঝা যাচ্ছে যে, বামফ্রন্ট সরকারের সদিচ্ছা আছে, তাঁরা কাজ করেছেন এবং আরও কাজ করার চেষ্টা করছেন। পশ্চিমবাংলায় হ্যান্ডলুম ইন্ডাস্ট্রির উন্নতি ঘটেছে, সেরি কালচার ইন্ডাস্ট্রির উন্নতি ঘটেছে এবং এগুলির সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। ছোটো ছোটো কারখানার সংখ্যা অনেক বেড়েছে। যেখানে ১৯৭৫ সালে ৫,৬২৬টি কারখানা ছিল, সেখানে ১৯৮৩ সালে তা বৃদ্ধি পেয়ে ৭,৩৮৪টি ছোট কারখানা হয়ছে। অনুরূপভাবে কর্মচারীর সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। পশ্চিমবাংলায় দোকান এবং দোকান কর্মচারীর সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। ছোট-বড় দোকান মিলিয়ে ১৯৮১ সালে যে সংখ্যাটি ছিল ৩,৪৪,৮২০, সেটি তিন বছরে বৃদ্ধি পেয়ে হয়েছে ৩,৮২,৫৮৯। শ্রমিকের সংখ্যাও এই হিসাবে বৃদ্ধি পেয়েছে। অতএব এর থেকে বোঝা যাচ্ছে যে, সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে বেকার সমস্যার মোকাবিলার জন্য যেভাবে এগিয়ে যাওয়া দরকার সেভাবেই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এগিয়ে যাচ্ছে। আমরা দেখছি সপস্ অ্যান্ড এস্টাবলিসমেন্টের আন্ডারে যে সমস্ত দোকান ইত্যাদি আছে সেগুলি সমেত সর্ব ক্ষেত্রেই কিছু কিছু কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। শ্রমিক কর্মচারীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। স্যার, আপনি জানেন পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক ক্ষমতা সীমিত হওয়া সত্ত্বেও, কেন্দ্রীয় সরকার সারা ভারতবর্ষে জিনিসপত্রের দাম বাড়ানো সত্ত্বেও পশ্চিমবঙ্গে গরিব মানুষ, নিম্নমধ্যবিত্ত মানুষ, মিন্নবিত্ত শ্রমিক কর্মচারিদের কোনোরকমে বেঁচে থাকার মতো পরিবেশ বামফ্রন্ট সরকার সৃষ্টি করেছেন। স্যার, আপনি যদি হিসাব নিয়ে দেখেন তাহলে দেখবেন যে, সারা ভারতবর্ষে জিনিসপত্রের যা দাম সে তুলনায় পশ্চিমবঙ্গে জিনিসপত্রের দাম অনেক কম। এটাকে পশ্চিমবঙ্গ সরকারের প্রচেষ্টার ফল ছাড়া আর কিছুই বলা যায় না। অল ইন্ডিয়া লেবার ব্যুরোর হিসাব অনুযায়ী ১৯৬০ সালকে যদি কনজিউমার্স প্রাইসের বেস ইয়ার ধরা হয়—অর্থাৎ ১৯৬০ সালে যদি প্রাইস ইন্ডেক্সকে ১০০ ধরি তাহলে দেখব যে বর্তমানে কানপুরের প্রাইস ইন্ডেক্স হচ্ছে ৬৩২, মাদ্রাজ ৬৩০, দিল্লিতে ৬৫৪, বোম্বাইতে ৬৪৭, হায়দ্রাবাদে ৬৪১, বাঙ্গালোরে ৬৭৫, জয়পুরে ৬৬৫ আর কলকাতায় তা হচ্ছে ৬২৬। এটা অক্টোবর, ১৯৮৫-র হিসাব। এটা কেন্দ্রীয় সরকারের হিসাব। এই হিসাব থেকেই দেখা যাচ্ছে যে, কলকাতা শহরে জিনিসপত্রের দাম সব চেয়ে কম। এবং এটা অল্ ইন্ডিয়া লেবার ব্যুরো ঘোষণা করেছে। তারা এগ্রিকালচারাল লেবার প্রাইস ইন্ডেক্স যেটা ঘোষণা করেছে সেটাতে আমরা দেখছি যে, ১৯৬০-৬১ সালকে ১০০ ধরে হিসাব করে ডিসেম্বর '৮৫ সালে দেখানো হচ্ছে কেরালায় সেটা বৃদ্ধি পেয়ে হয়েছে ৫৯৬, মধ্যপ্রদেশে ৬০১, হরিয়ানা-পাঞ্জাবে ৬১০, উত্তরপ্রদেশে ৬০৩, রাজস্থানে ৬২৩ আর পশ্চিমবাংলায় মাত্র ৫৫৬। অতএব আমি পরিশেষে এই কথাই বলতে চাই যে, সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখলে আমরা দেখব যে, শ্রমিক, কর্মচারী, মধ্যবিত্ত মানুষের একমাত্র 'ধ্রুব-তারা' পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার। সেইজন্য পশ্চিমবাংলার মানুষদের দিকে তাকিয়ে তথা সারা ভারতবর্ষের মেহনতি মানুষদের দিকে তাকিয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের এই বাজেটকে সমর্থন করা উচিত। এই ক'টি কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোবিন্দ বাউরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলতে চাই। আমি প্রথম থেকেই বিরোধী পক্ষের বক্তব্য শুনছিলাম এবং আশা করেছিলাম তাঁদের

কাছ থেকে কিছু কন্সট্রাকটিভ সাজেশান পাব, কিন্তু আমরা তা পাইনি। সাত্তার সাহেব-এর মতন অভিজ্ঞ লোক বেকারদের জন্য অশ্রু বিসর্জন করলেন। কিন্তু ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা যে একটা অঙ্গ রাজ্য এই কথাটা সাত্তার সাহেব এবং ডাঃ রায় বোধ হয় ভুলে গেছেন। পশ্চিমবাংলা যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে আবদ্ধ। স্বভাবতই গোটা ভারতবর্ষে যে অর্থনৈতিক সঙ্কট সেই অর্থনৈতিক সঙ্কট থেকে পশ্চিমবাংলা মুক্ত নয়। এই কথাটা ওনারা ভুলে গেছেন এবং তাঁদের কথা শুনে মনে হচ্ছিল যে, বিগত দিনের ইচ্ছা, বাসনা, কামনা, এগুলি যেন তাদের মধ্যে জেগে উঠছে। বিশেষ করে ডাঃ রায়ের কথা শুনে আমার তাই মনে হয়েছে। বিগতদিনে আমরা কি লক্ষ্য করেছি, কংগ্রেস আমলে লোককে চাকরি দেওয়া হত সিগারেটের বাক্সে। তখন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে গুরুত্ব দেওয়া হয়নি। এখন সেই ইচ্ছা তাদের জেগে উঠেছে। তাই আমি লক্ষ্য করেছি, পুরুলিয়া জেলায় ডাঃ রায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের অফিসারকে এতবড় একটা লিস্ট করে দিয়ে বলেন এই লোকগুলিকে আগে কল্ দেওয়া হোক। কিন্তু বামফ্রন্ট সরকারের একটা বলিষ্ঠ নীতি আছে। উনি যদি চান তাহলে সেই লিস্টের একটা কপি আমি দিতে পারি। বামফ্রন্ট সরকার কিন্তু তা করে না। এখানে সি. পি. এম., এস. ইউ. সি. এবং অন্যান্য পার্টির সবার চাকরি পাবার অধিকার আছে। কিন্তু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে সিনিয়ারিটির ভিত্তিতে কল হবে। এই পুরুলিয়া জেলার জন্য বামফ্রন্ট সরকার যা করেছেন সেটা আগে দেখা দরকার। আগে এক ফোঁটাও জল দাঁড়ায় না। ডাঃ রায় পঞ্চায়েতের চুরির কথা বলেছেন। কিন্তু আমি কি দেখেছি, রঘুনাথপুর মিউনিসিপ্যালিটি কারা পরিচালনা করতেন? ঐ কংগ্রেস পরিচালনা করতেন। এখন আর সেই মিউনিসিপ্যালিটি নেই। ঐ মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান যিনি ছিলেন তাঁকে স্যানিটেশনের জন্য টাকা দেওয়া হল কিন্তু তিনি সেই টাকা তছরূপ করলেন, এখন তিনি আর মুখ দেখাতে পারছেন না। সুতরাং আপনাদের কথা আর বলবেন না। চুরির কথা না তোলাই ভাল। শিক্ষাক্ষেত্রে কেন্দ্রীয় সরকার প্রচণ্ড আক্রমণ হানছেন। সুকুমারবাবু পুরুলিয়া জেলার কথা বললেন। কিন্তু এই পুরুলিয়া জেলায় যেখানে ২টি কলেজ ছিল এখন সেখানে ৫টি কলেজ হয়েছে। কংগ্রেস আমলে একটি কলেজেও কোনো সাবজেক্টে অনার্স ছিল? কিন্তু বামফ্রন্ট সরকারের আমলে পুরুলিয়া জেলার কলেজে এমন কোনো বিষয় নেই যে বিষয়ে অনার্স খোলা হয়নি। গোটা পশ্চিমবঙ্গে আজকে হাজার হাজার প্রাথমিক বিদ্যালয় খোলা হয়েছে। গোটা পশ্চিমবাংলায় আজকে লক্ষ্য করলে দেখা যাবে সর্বত্র পড়াশুনার পরিবেশ গড়ে উঠেছে। এই ক'দিন আগে আমরা কি লক্ষ্য করলাম? ১১ মার্চ স্কুল ফাইনাল পরীক্ষা বন্ধ হয়ে গেল, গুলি চলল, মস্তানরা পরীক্ষা কেন্দ্র দখল করবার চেষ্টা করলেন। কই, একথা তো ওনারা বললেন না? বিহারের কথা কেন বলবেন, ওটা যে ওনাদের রাজত্ব। সেইজন্য বিহারের কথা তুললেন না। বিগত নির্বাচনের সময় পুরুলিয়া জেলায় বিগত রেলমন্ত্রী এবং বিগত অর্থমন্ত্রী মহাশয় (এখন তিনি মন্ত্রী নেই) মিটিং করেছিলেন। সেই মিটিং-এ ওনারা বলেছিলেন, পুরুলিয়া জেলার ছোটো লাইন বড় লাইনে রূপান্তরিত করা হবে, বৈদ্যুতিকরণ করা হবে, পুরুলিয়া-কোটশিলা বড় লাইন হবে। কিন্তু কি হল? কিছুই হল না। এইসব কথা শুনলে ওনাদের গায়ে লাগবে। আজকে পায়ের তলায় মাটি পাচ্ছেন না, তাই ওনাদের এত জ্বালা।

[6-55—7-00 P.M.]

আমরা জানি আগামী দিনেও ওঁদের এতে সমর্থন নেই, তাই আজকে বলছেন শহরের

মানুষদের জন্য তাঁরা কি করেছেন। সাইকেল, মপেড ইত্যাদির দাম কমানো হয়েছে, ওসব শহরের মানুষরাই চাপেন, গ্রামের মানুষ ওসব চাপেন না। ওঁরা এসব জানেন না, গ্রামে যাওয়ার প্রয়োজন মনে করেন না। আজকে তাই বলতে চাই যে পুরুলিয়া নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের চিন্তাভাবনা করা উচিত। ওঁরা এসব কথা বললেন না, এ সম্বন্ধে কিছু সাজেশান দিলে মেনে নিতে পারতাম। আমি এই বাজেটকে সমর্থন করতে গিয়ে আরও দু-একটা কথা বলতে চাই। পুরুলিয়া এমন একটি জেলা যেখানে খরা লেগেই আছে। আগে পুরুলিয়া থেকে লোকে বর্ধমান, হুগলিতে কাজ করতে আসত, আজকে লক্ষ্য করছি যে পশ্চিমবঙ্গের উন্নতির সঙ্গে সঙ্গে সে হারে আর লোকে যায় না, বর্ধমান বা বিহারে যেতে হয় না। এটা কি প্রমাণ করে? মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি এর সঙ্গে সঙ্গে বলব যে পুরুলিয়ার সামগ্রিক উন্নতি যদি করতে হয় তাহলে ওখানে যে ডলোমাইট, রক ফসফেট, এই পাথরগুলিকে ভাল করে মাইনস এবং মিনারেলস ডিপার্টমেন্টের দ্বারা ইন্ডাস্ট্রি করা যায় তার জন্য চিন্তাভাবনা করার দরকার আছে। তারপর ওখানে যে বনজ শিল্প আছে সেই প্রচুর বনকে যাতে কাজে লাগানো যায় তার জন্যও চিন্তা করা দরকার। সেই বনজ সম্পদের দ্বারা পেপার মিল করা যায় কিনা সেটাও ভাবা দরকার সেজন্য আমি অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাব। ওঁরা পঞ্চায়েত সম্বন্ধে বলেছেন, এন. আর. ই. পি. চালু হয়েছে এবং এই এন. আর. ই. পি.র কাজ নিয়ে পঞ্চায়েতের মাধ্যমে পুরুলিয়ায় অনেকে শস্য উৎপাদন করছে, আগে ক্রাইসিস ছিল, তাদের কয়েক মাসের মতো উৎপাদন করছে। আগে প্রচণ্ড খরার সময়ে লোকে পানীয় জল পেত না, ৩/৪ মাইল দূর থেকে জল আনতে হত, এখন লোকে আর পুকুরের জল খাবার কথা চিন্তা করে না, নলকূপের জল খায় এবং রোগে আক্রান্ত হয় না। এদিকে যদি আপার কংসাবতী পরিকল্পনা করা যায় আর অন্যদিকে ডি. ভি. সি. রয়েছে বহু জমি যদি ঐ ডি. ভি. সি.র দ্বারায় লিফ্‌ট ইরিগেশনে দেওয়া যায় বড় খালের মাধ্যমে, তাহলে ভাল হয় এবং তার জন্য চিন্তাভাবনা করা দরকার। ডি. ভি. সি. থেকে যদি পাম্পিং পার্মিশন পাওয়া যায় তাহলে জলের অভাব থাকবে না, পুরুলিয়ার মানুষ বাঁচবে। তারপর ওখানে মানবাজার বলে যে ব্লক আছে সেই ব্লকের লোকেরা বছরে ৬ মাস পুরুলিয়া সদর টাউনে আসতে পারত না, এখন পারছে, কারণ ওখানে প্রায় ৫৫ কিলোমিটারের মতো রাস্তা পাকা হয়েছে, ব্রিজ হয়েছে। আর ঐ এলাকার মানুষকে কষ্ট করতে হয় না, তারা যোগাযোগ করতে পারে। কাজেই আমি বলছি যে যাঁরা এই ব্যয় বরাদ্দের ব্যাপারে আপত্তি করছেন তাঁরা এটা সমর্থন করুন। আজকে স্কুলে তপসিলি আদিবাসী ছেলেরা ভিড় করছে। এই বামফ্রন্ট সরকার তাদের বুক গ্র্যান্ট, হোস্টেল গ্র্যান্ট ছাড়াও মাসে ২০ টাকা করে দিয়ে বছরে ২৪০ টাকা দিচ্ছেন। তাতে আদিবাসী ছেলে এবং তাদের গার্জেনদের পড়বার এবং পড়াবার একটা প্রবণতা এসেছে। শিডিউল কাস্টদের সমস্ত গরিব ছেলেকে যাতে ঐ ২০ টাকা মাসিক দেওয়া যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা দরকার। তবে টাকাটা একটু বাড়ানো দরকার এবং আরও দু-একটা স্কুল যাতে করা যায় তার জন্য চিন্তাভাবনা করা দরকার। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## ADJOURNMENT

The House was then adjourned at 7.00 p.m. till 1.00 p.m. on Tuesday, the 18th March, 1986 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 18th March, 1986 at 1.00 p.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 9 Ministers of State, and 163 Members.

### Starred Question

(to which oral answers were given)

[1-00 - 1-10 P.M.]

**পশ্চিমবঙ্গে শস্য ও কৃষি ফসল বিমা প্রকল্প**

*১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮।) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে শস্য ও কৃষি ফসল বিমা প্রকল্প চালু হয়েছে কি; এবং

(খ) না হয়ে থাকলে, তার কারণ কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) হ্যাঁ

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে কৃষি বিমা চালু করেছেন বললেন, ১৯৮৫-৮৬-র আর্থিক বছরে কতজনকে এই বিমার আওতায় আনা হয়েছে এবং তারজন্য কত টাকা ব্যয়িত হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ১৯৮৫-৮৬ সালে আমন ধানের ক্ষেত্রে ২৪১টি থানা, বোরো ধানের ক্ষেত্রে ১০৫টি থানা, গমের ক্ষেত্রে ১১৬টি থানা, তৈলবীজের ক্ষেত্রে ২১টি মহকুমা এবং ডাল শস্যের ক্ষেত্রে ৪টি জেলাকে এই বিমা প্রকল্পের আওতায় আনা হয়েছে। টাকার হিসেবটা দিতে পারছি না।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গের সমস্ত কৃষিজীবী মানুষদের এই শস্য বিমার আওতায় আনতে আপনার দপ্তরের কত দিন সময় লাগবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় স্পিকার স্যার, মাননীয় সদস্য প্রশ্নটি খুবই যথাযথভাবে করেছেন। আমি তাঁকে জানাচ্ছি যে, আমাদের রাজ্য সরকারের উপর এটা নির্ভর করছে না যে আমরা কত লোককে এর আওতায় আনতে পারব। কারণ আমাদের আপত্তি থাকা সত্ত্বেও

কেন্দ্রীয় সরকার শস্য-বিমার ক্ষেত্রে যে নিয়মটা চালু করেছেন সেটা হচ্ছে—যাঁরা ব্যাঙ্ক থেকে লোন পাবেন কেবলমাত্র তাঁরাই শস্য-বিমার আওতায় আসবেন। কাজেই ব্যাঙ্ক থেকে কতজন পাবেন বা কতজন পাবার যোগ্য—সেটা কৃষি দপ্তর আগে থেকে সিদ্ধান্তে আসতে পারেনা।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গের শস্য-বিমা প্রকল্পে কেন্দ্রীয় সরকার কোনো আর্থিক সাহায্য করেছেন কিনা, এবং করে থাকলে তার পরিমাণ কত?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এই ব্যাপারে যে নিয়ম আছে সেটা আমি বলছি। প্রিমিয়ামের ক্ষেত্রে ৫০ ভাগ রাজ্য সরকার এবং ৫০ ভাগ কেন্দ্রীয় সরকার, সমান ভাবে বহন করে। আমাদের ধান এবং গমের ক্ষেত্রে এই বিমা ২ ভাগ, ডাল, তৈলবীজ একভাগ এই ভাবে ভাগ করে দেওয়া আছে কেন্দ্র এবং রাজ্য সরকারের মধ্যে। ক্ষতিপূরণ যেটা হয় সেই ক্ষতিপূরণের শতকরা ৬৭ ভাগ দেয় বিমা নিগম এবং ৩৩ ভাগ দেয় রাজ্য সরকার। কেন্দ্রীয় সরকার ৫০ পারসেন্ট কেবল প্রিমিয়ামটাই বহন করে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে সব কৃষক সমবায় সমিতির সদস্য এবং যারা সমবায় সমিতি থেকে টাকা পেত তারা এই বিমার অধীন ছিল, তারা কি এর আওতার মধ্যে পড়বে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি তো আগেই বলেছি সমবায় সমিতি হোক, ব্যাঙ্ক হোক এবং যে কোনো রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক হোক সে যদি লোন পায় তাহলে তারা বিমার আওতায় আসবে। আমাদের রাজ্য সরকার চেষ্টা করছে যারা নিজেদের পয়সায় চাষ করছে তাদের যদি ক্ষতি হয় তারা যাতে এই শষ্য বিমার আওতায় আসতে পারে তার জন্য।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কেন্দ্রীয় সরকার কতক গুলি বিধি-নিষেধ আরোপ করার জন্য এই শস্য বিমা প্রকল্প হচ্ছে না। এই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের রাজ্যে এই বিমা প্রকল্প যাতে ব্যপক ভাবে চালু করা যায় তার জন্য কি কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা নানা ভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমাদের যৌক্তিকতা কেন্দ্রীয় সরকার যাতে স্বীকার করে নেন সেই ব্যাপারে আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। কারণ এর জন্য প্রচুর অর্থের দরকার। কেন্দ্রীয় সরকার একান্তই যদি গোঁ ধরে বসে থাকে তাহলে বিকল্প হিসাবে রাজ্যসরকার নিজেকেই চিন্তা করতে হবে।

**শ্রী বিমলকান্তি বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে নির্দেশ দিয়ে এই কথা বলা হয়েছে কিনা যে, ফসলের ৮০ ভাগ নষ্ট না হওয়া পর্যন্ত কোনো কৃষককে ক্ষতিপূরণ দেওয়া হবে না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কোনো থানার যদি ৮০ ভাগ ফসল নষ্ট হয়ে যায় তাহলে কৃষকরা বিমার আওতায় আসবেন। প্রাকৃতিক দুর্যোগ হোক আর যাই হোক না কেন তারা সেটা পাবেন না। থানা ছাড়া মহকুমা হিসাবে বলা আছে, অর্থাৎ যেখানে যে ভাবে ভাগ করা আছে সেই অনুযায়ী ফসলের ক্ষেত্রে ৮৪ ভাগ নষ্ট হয়ে গেলে যে সমস্ত কৃষক বিমার

আওতায় আসবে তারা ক্ষতিপূরণ পাবে। সেখানে যদি ১০ ভাগ, ১৬ ভাগ কিংবা ৫০ ভাগ ক্ষতি হলেও তারা এই শষ্য বিমার আওতায় আসতে পারবেন না।

**শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ক্ষতিপূরণের পদ্ধতি বললেন যে ৮০ ভাগ ফসল নষ্ট হয়ে গেলে—থানার ভিত্তিতে—তবে ক্ষতিপূরণ পাওয়া যাবে। কোনো এক জায়গায় যদি ফসলের ক্ষতি হয় তাহলে কোনো চাষী ক্ষতিপূরণ পাবে না। মাননীয় মন্ত্রী মহাশয় জানবেন কি এই এলাকা কমিয়ে অঞ্চল পঞ্চায়েত করার কোনো পরিকল্পনা আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা এই ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করেছি এলাকার পরিধিটা গ্রামপঞ্চায়েত করার জন্য।

**Mr. Speaker :** Next two questions i.e. *172 and *173 will be taken together

### দ্বিতীয় হুগলি সেতু

*১৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দ্বিতীয় হুগলি সেতুর কাজ কি বিলম্বিত হইতে পারে; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, বিলম্ব দূরীকরণের কী ব্যবস্থা লওয়া হইয়াছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) পরিবর্তিত কর্মসূচী অনুযায়ী দ্বিতীয় হুগলি সেতু নির্মাণের কাজ কিছুটা বিলম্বিত হইতে পারে। আশা করা যায়, ১৯৮৮ সালের শেষ নাগাদ সেতু নির্মাণের কাজ সমাপ্ত হইবে।

(খ) সেতু নির্মাণের কাজ বিলম্বতা দূরীকরণের জন্য সেতুর উপরকার অংশগুলি (যথা মিনার ও ভারবাহী কড়ি) নির্মাণের দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণাধীন সংস্থা সমূহের উপর ন্যস্ত। কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত উচ্চ পর্যায়ের কমিটি এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের (Ministry of Industrial Enterprise) দৃষ্টি আর্কষণ করিয়াছেন এবং সংশ্লিষ্ট দপ্তর কাজের গতি বৃদ্ধি করার জন্য ঠিকাদারদের নির্দেশ দিয়াছেন। আশা করা যায় উপর অংশের (Super Structure) কাজ ত্বরান্বিত হইবে।

### হুগলি নদীতে দ্বিতীয় সেতু নির্মাণ

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি নদীতে দ্বিতীয় সেতু নির্মাণের কাজে শ্লথ গতির কারণ কি; এবং

(খ) এই সেতু নির্মাণের কাজ কবে নাগাদ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়?

(ক) দ্বিতীয় হুগলি সেতুর উপরিভাগের কাঠামোর জন্য প্রয়োজনীয় অংশগুলি নির্মাণের দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণাধীন সংস্থাসমূহ বার্নস্ট্যান্ডার্ড, ব্রেথওয়েট ও জেশপের উপর ন্যস্ত। কিন্তু এই সংস্থাগুলি উক্ত নির্মাণ কার্যের নির্ধারিত সময়সূচী রক্ষা করিতে না পারায় সেতু নির্মাণের কাজ শ্লথ হইয়া পড়িয়াছে।

(খ) পরিবর্তিত কর্মসূচী অনুযায়ী যদি উপরিউক্ত সংস্থাগুলি তাহাদের উপর ন্যস্ত দায়িত্ব পালন করিতে সক্ষম হয় এবং কেন্দ্রীয় সরকারের নিকট হইতে বর্ধিত ব্যয় অনুমোদিত হয় এবং সেইমতো আর্থিক সাহায্য পাওয়া যায় তাহা হইলে ১৯৮৮ সালের শেষভাগে সেতু নির্মাণের কাজ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

[1-10 – 1-20 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই সেতুটি নির্মাণের কাজ বিলম্বিত হওয়ার জন্য যে কারণগুলি এখানে বললেন—এই সংস্থাগুলি তাড়াতাড়ি কাজ করছে না—সে সম্বন্ধে আমার প্রশ্ন হচ্ছে এই যে, কি কি কারণে এই সংস্থাগুলি নির্দিষ্ট সময়ে কাজটি সম্পন্ন করার যে দায়িত্ব দেওয়া হয়েছে তা সম্পন্ন করছে না? কি ধরনের জটিলতা সৃষ্টি হওয়ার জন্য কাজটি তারা সম্পন্ন করছে না? নির্দিষ্ট সময়ে সম্পন্ন না করার কারণ কি জিনিস পত্রের এক্সকালেশন হয়েছে সেজন্য তারা সম্পন্ন করতে পারছে না? মূল্যবৃদ্ধির জন্য আগের রেটে তারা কাজ করতে পারছে না কিনা অথবা অন্য কি কারণ এর পেছনে আছে তা আমরা জানতে চাই?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এ ব্যাপারে বহুবার আমরা রিভিউ করেছি। আপনি জানেন যে, রিভাইসড এস্টিমেটস করে ৫৭ কোটি টাকা থেকে ১৫০ কোটি টাকা করা হয়েছিল এবং কেন্দ্রীয় সরকার তা অনুমোদন করেছিলেন। সেই অনুমোদন দানের পর তারা লোন হিসাবে টাকা মঞ্জুর করেছিলেন। তখন তারা আমাদের একথা কখনও বলেনি যে তাদের কাজটি করতে দেরি হবে। অথবা তারা একথাও বলেনি যে কাজটি শেষ করতে তাদের আরও অনেক টাকা বেশি লাগবে। সুপার স্ট্রাকচার তৈরি করার জন্য বি. বি. জে.'র ১৫০ কোটি টাকার মধ্যে ৩৭ কোটি টাকা বরাদ্দ ছিল। এখন তারা বলছে যে তাদের ১১৭ কোটি টাকা লাগবে। অথচ এই সমস্ত কথাবার্তা আগে বলেনি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** তাহলে এই যে পরিস্থিতির উদ্ভব হয়েছে, এই বিষয়টির মীমাংসা আপনি কী ভাবে করবেন? আপনি যে তারিখের কথা একটু আগে এখানে বললেন—নির্দিষ্ট একটি তারিখের মধ্যে কাজটি সম্পন্ন হবে বলে জানালেন, আশা করা যাচ্ছে উক্ত সময়ের মধ্যে কাজটি সম্পন্ন হবে—এই অবস্থায় বর্তমান সঙ্কটের মীমাংসা যদি না হয়, তাহলে ব্রিজের কাজটি কী অনির্দিষ্ট সময়ের জন্য বিলম্বিত হয়ে যাবে না?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আপনি জানেন যে ১৫০ কোটি টাকা যখন অনুমোদিত হয়েছিল তখন কেন্দ্রীয় সরকার একটি হাই পাওয়ার কমিটি করে দিয়েছিলেন এবং একজন টেকনিক্যাল অ্যাডভাইসার আমাদের এখানে স্থায়ী ভাবে পাঠান। তিনি এখনও এখানে আছেন। তাঁরা যেহেতু আমাদের কাছে কোনো সন্দেহের কথা বা নিজেদের অক্ষমতার কথা বলেননি, সেজন্য আমরা কিছুই জানতে পারিনি। এবারে তাঁরা এটি উত্থাপন করেছেন। হাই পাওয়ার কমিটি

দিল্লিতে অধিবেশন হওয়ার সময়, ইন্ডাস্ট্রিজ মিনিস্ট্রি এই কন্ট্রাকটরদের—বি. বি. জে. কে—খানিকটা কড়া ভাষায় নিন্দা করেন। তখন সিদ্ধান্ত হয়, কেন্দ্রীয় সরকার ব্যুরো অফ ইন্ডাস্ট্রিয়াল কাস্টস অ্যান্ড প্রাইসেস (বি. আই জি. এস) বলে যে সংস্থা আছে, তাদের এখানে পাঠাবেন। তখন আরও সিদ্ধান্ত হয় যে, ওরা এক্সকালেশনের জন্য ১১৭ কোটি টাকা যা চেয়েছে তা যথার্থ কিনা, ওদের চাহিদা সত্যিকারের কিনা, এই সমস্ত বিচার-বিবেচনা করার জন্য উক্ত সংস্থাকে কেন্দ্রীয় সরকার কলকাতাতে পাঠাবেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এ পর্যন্ত দ্বিতীয় হুগলি সেতু নির্মাণের ক্ষেত্রে কত টাকা ব্যয় হয়েছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এ পর্যন্ত ১১৭ কোটি টাকা ব্যয় হবে।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিলম্ব হওয়ার প্রাইস এসক্যালেশনের জন্য যে বাড়তি টাকা লাগবে সেটা কেন্দ্রীয় সরকার কী দেবেন? আমি বলতে চাইছি যে কেন্দ্রীয় সরকার সময়মতো টাকা না দেওয়ার জন্য যে বার্ণ, জেশপ কোম্পানি শিডিউল টাইমের মধ্যে কাজ কমপ্লিট করতে পারছে না, যার ফলে ব্রিজের কাজে বিলম্ব হচ্ছে। এরফলে প্রাইস এসক্যালেশন যে হয়েছে তার এস্টিমেটেড কস্ট কেন্দ্রীয় সরকার দেবেন কী?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমাদের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে চিঠি পাঠিয়েছেন, প্রধানমন্ত্রীকেও বলেছেন কিন্তু এখনো পর্যন্ত কোনো উত্তর পাওয়া যায় নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ১৫০ কোটি টাকার মধ্যে দ্বিতীয় হুগলি সেতুর কাজ সম্পন্ন করার কথা ছিল কিন্তু মূল্যস্তর যেভাবে বাড়ছে এরফলে দ্বিতীয় হুগলি সেতু নির্মাণ করা যাবে কিনা এবং যদি না যায় তাহলে কেন্দ্রীয় সরকার যে পদ্ধতিতে সাহায্য দিয়েছেন সেই পদ্ধতিতে পুনরায় সাহায্য দেবে কি না?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমরা বলেই ছিলাম এই ১৫০ কোটি টাকার মধ্যে সব হবে না, যেহেতু এ বছরের জন্য ১১৭ কোটি টাকা ধরা হয়েছে এবং তার মধ্যে ৮০ কোটি টাকা এসক্যালেশনে ধরা হয়েছে, অতএব সেতু নির্মাণ সমাপ্ত হতে ২৩০ কোটি টাকা থেকে ২৫০ কোটি টাকা লাগবে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সরকারি এবং বেসরকারি কনট্রাক্ট দেওয়া হয়, এবং কনট্রাক্টে ইমপরটেন্ট পোরশন হচ্ছে প্রাইস এসক্যালেশন ক্লজ। আমার প্রশ্ন হচ্ছে যখন গভর্নমেন্ট কনট্রাক্ট দেওয়া হল তখন প্রাইস এসক্যালেশন ক্লজ ছিল কিনা কারণ এই ক্লজ অনুযায়ী কোনো কনট্রাকটর একটা প্রাইস হয়ে যাবার পরে এসক্যালেশন করতে পারে না তাহলে তাঁকে কোর্টের আওতায় আনা বাধ্য করা যায়। আপনারা যখন কনট্রাক্ট দিয়েছিলেন তখন এইরকম প্রাইস এসক্যালেশন ক্লজ ছিল কিনা জানাবেন কী?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এটা ১৯৭২ সালে প্রয়াত প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী এর শিলান্যাস করেছিলেন। এর কনট্রাক্ট এবং টেন্ডার ইত্যাদি যা কিছু করা তখনকার সরকার করেছিলেন, তখন এই একস্যালেশন ক্লজ ছিল না।

**শ্রী অশোক ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, দ্বিতীয় হুগলি সেতুর হাওড়ার যে অংশ তার কাজ যে বিলম্ব হচ্ছে তার কারণ হচ্ছে ওখানে যে কনট্রাক্টরকে দেওয়া হয়েছিল তার কাজে কিছু দুর্নীতি ধরা পড়েছে, তিনি নাকি অতি নিম্নমানের মাল সরবরাহ করেছেন যথা লোহা, সিমেন্ট অতি নিম্নমানের ধরা পড়েছে যার ফলে ওখানকার কাজের বিলম্ব হচ্ছে, এই বিষয়ে আপনার কিছু জানা আছে কি?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আমরা আগেই এটা ধরতে পেরেছিলাম এবং তারজন্য কনট্রাকটরকে বলাও হয়েছে মেরামতি করে দেবার জন্য এবং সেই অনুযায়ী কাজ হচ্ছে।

### আলু চাষ

*১৭০। (অনুমোদিত প্রশ্ন *৪।) **শ্রী হিমাংশু কুঙর :** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম বাংলায় ১৯৮৬ সালে (৩১শে জানুয়ারি পর্যন্ত) কত একর জমিতে আলুর চাষ হয়েছে; এবং

(খ) একর প্রতি আলুর গড় ফলন আনুমানিক কত হবে বলে আশা করা যায়?

**শ্রী কমলকান্তি গুহ :**

(ক) এখনো সঠিক পরিসংখ্যান পাওয়া যায় নি।

(খ) এখনো পরিসংখ্যান পাওয়া যায় নি; তবে কৃষি বিভাগের আশা যে গড় ফলন হবে হেক্টর প্রতি ২০ থেকে ২১ মেট্রিক টন।

[1-20 – 1-30 P.M.]

**শ্রী হিমাংশু কুঙর :** সমস্ত আলু সংরক্ষণের জন্য প্রয়োজনীয় হিমঘর আছে কি না এটা জানাবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ :** না, প্রয়োজনীয় হিমঘর এখনো পশ্চিমবাংলায় গড়ে ওঠেনি। আমাদের মোট হিমঘরের সংখ্যা হচ্ছে ২৫৩, আর ধারণ ক্ষমতা হচ্ছে ১১.৫ লক্ষ মেট্রিক টন।

**শ্রী হিমাংশু কুঙর :** রাজ্য সরকারের কাছে এই রকম কোনো খবর আছে কি যে এই রাজ্য থেকে আলু অন্য রাজ্যে চলে যাচ্ছে?

**শ্রী কমলকান্তি গুহ :** হ্যাঁ, এখান থেকে আলু আগেও গিয়েছে এখন কিছু কিছু যাচ্ছে।

**শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি :** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই বছরে যা হিমঘর আছে তাতে আলু সঠিক ভাবে ভর্তি হচ্ছে না এইটা কি ঠিক?

**শ্রী কমলকান্তি গুহ :** প্রথম দিকে সেই ধরনের একটা আশঙ্কা দেখা দিয়েছিল, কিন্তু তার পরে আমরা হিমঘর মালিকদের সঙ্গে আলোচনায় বসেছিলাম। অবশ্য শেষ পর্যন্ত আমার কাছে যা রিপোর্ট আছে তাতে প্রায় ৯০ পারসেন্ট হিমঘর বোঝাই হয়ে গেছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই রকম কোনো খবর আছে যে আমাদের রাজ্যে বা বাহিরে এই মরশুমে দুই বার করে আলু চাষ হচ্ছে। এবং দুইবার করে সরকারি সাহায্য বা ইনপুট যে ভাবে দেওয়া হয় সেই ভাবে চাষীদের দেওয়া হচ্ছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলায় কোথাও কোথাও দুইবার কেন তিনবার করে আলু চাষ করা হচ্ছে। আমরা দেখেছি এই দুই থেকে তিনবার চাষ-এর ফলে ফলন যা হয় সেটা অপেক্ষাকৃত কম হলেও খরচ অনেক কম হয়। সেই জন্য কৃষকদের কোনো ঋণ বা সাহায্য দেবার ব্যবস্থা করিনি।

**শ্রী সেখ সিরাজ আলি ঃ** স্যার, এই বছরে আলু হিমঘরে রাখার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে নূতন কোনো হিমঘর তৈরি করার পরিকল্পনা আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি জানাচ্ছি যারা আলুর জন্য হিমঘর করবেন যাদের জন্য আমরা উদারভাবে লাইসেন্স দেবার ব্যবস্থা করেছি।

**ডাঃ সুশোভন ব্যানার্জি ঃ** মন্ত্রী মহাশয় আপনি যা বললেন তাতে দেখতে পাচ্ছি অন্যান্য সমীক্ষায় দেখা গিয়েছে গত বছর আলুর উৎপাদন হয়েছিল ৩১ লক্ষ মেট্রিক টন, অথচ হিমঘরের ক্ষমতা হচ্ছে ১৩ লক্ষ মেট্রিক টন, সেখানে আজকে বলছেন ১১ লক্ষ মেট্রিক টন। এই যদি ক্ষমতা হয়ে থাকে তাহলে আলুর ফলন আরো বাড়াবার জন্য আপনারা রাজ্যপালের ভাষণে আনন্দ প্রকাশ করেছেন। আর একটি জিনিস হল পাট চাষ বিগত বছরে কম উৎপাদন হয়েছিল তার জন্য চাষীরা বেশি দাম পেয়েছিল। এই বছরে পাট উৎপাদন বেশি হয়েছিল আর তার ফলে পাটের দাম কমে গিয়েছে। স্যার, আলুর উৎপাদন গত বছর ৩১ লক্ষ মেট্রিক টন হয়েছিল, কিন্তু যেহেতু অন্য রাজ্যের তুলনায় বেশি হয়েছিল সেইজন্য দামটা বেশি পেয়েছিল। এটা একটা ইনসেনটিভ জনিত প্রোডাকশন। অন্য রাজ্যের তুলনায় যদি উৎপাদন বেশি হয় তাহলে এই একসেস প্রোডাকশনটা নিয়ে চিন্তা করতে হবে।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এক বছরে প্রচুর পরিমাণে আলু বাইরে যাচ্ছে এবং দামও আছে। সেজন্য আমাদের ধারণা যে এবারে গত বছরের মতো কৃষক মার খায় নি—ভালো দাম পেয়েছে।

### পৌরসভার নির্বাচন

***১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪।) ডাঃ মানস ভুঁইয়া ও শ্রী কাশীনাথ মিশ্র ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর, পুরাতন মালদহ, মেদিনীপুর ও রায়গঞ্জ পৌরসভার মেয়াদ এক বৎসর বৃদ্ধি না হওয়ার কারণ কি;

(খ) রাজ্যের ৮৪টি পৌরসভার নির্বাচনের মধ্যে কতগুলি পৌরসভার নির্বাচন আগামী ১৯শে মে সম্পন্ন হবার সম্ভাবনা আছে; এবং

(গ) প্রস্তাবিত পৌর নির্বাচনের পরিপ্রেক্ষিতে মোট কতগুলি পৌরসভার ভোটার লিস্ট সংশোধনের কাজ সম্পন্ন হয়েছে?

**শ্রী প্রশান্তকুমার শূর :**

(ক) বহরমপুর পুরাতন মালদহ, মেদিনীপুর ও রায়গঞ্জ পৌরসভাগুলির পরিচালনায় বিভিন্ন রকম বিশৃঙ্খলা চলতে থাকায় উক্ত পৌরসভাগুলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকার নিযুক্ত প্রশাসকের উপর দায়িত্ব দেওয়া হয়েছে। সে কারণে উক্ত পৌরসভাগুলির মেয়াদ বৃদ্ধি করা হয় নি।

(খ) সঠিক নির্বাচনের তারিখ এখনও আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়নি, তবে মোটামুটিভাবে চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশন সহ ৭৫টি পৌরসভার নির্বাচন আগামী জুন, ১৯৮৬ অনুষ্ঠিত করার সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন।

(গ) উক্ত ৭৫টি পৌরসভার ভোটার লিস্ট ইতিমধ্যে সংশোধিত হয়েছে।

**শ্রী কাশীনাথ মিশ্র :** যে ৭৫টি পুরসভার নির্বাচন হবে তার কতগুলি মেয়াদ উত্তীর্ণ হবার পর আপনি তাদের এক্সটেনশন করেছিলেন?

**শ্রী প্রশান্তকুমার শূর :** ৪ বছর হল এদের আয়ুষ্কাল, আমরা ১ বছর বাড়িয়েছি তবে সবগুলির একই অবস্থা।

**শ্রী কাশীনাথ মিশ্র :** ৭৫টি পৌরসভার নির্বাচনের জন্য ভোটার লিস্টের যে ড্রাফট পাবলিকেশন হয়েছে সেখানে ইনক্লুশন করার যে ব্যবস্থা হয়েছিল তা কি বিভিন্ন রাজনৈতিক দলগুলিকে সরবরাহ করা হয়েছে?

**মিঃ স্পিকার :** ভোটার লিস্ট সরবরাহ করার যে রুলস আছে তার ভায়োলেশন হলে আপনি প্রশ্ন করতে পারেন। You have to give notice and he will have to ascertain it from the returning officer. How he can answers? সুতরাং আমি এটা ডিসঅ্যালাও করছি। যেখানে রুলস আছে সেখানে এইভাবে প্রশ্ন করা যায় না। আপনি প্রোসিডিওরাল কোয়েশ্চেন জিজ্ঞাসা করছেন কেন?

**শ্রী কাশীনাথ মিশ্র :** ফাইনাল পাবলিকেশনের জন্য যে নিময় কানুন আছে সেগুলি আইন সঙ্গতভাবে হচ্ছে কি না?

**শ্রী প্রশান্তকুমার শূর :** নিশ্চয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আপনি যে দুর্নীতির কথা বলেছেন তার মধ্যে অর্থনৈতিক দুর্নীতি, অবৈধ নিয়োগ ইত্যাদি হয়ে থাকলে তার কোনো তদন্তের ব্যবস্থা করা হয়েছে কি না?

**শ্রী প্রশান্তকুমার শূর :** দুর্নীতি হয়েছে বলেই আমরা এগুলি বাতিল করেছি যা আমরা সাধারণভাবে করিনা। যদি আমরা অর্থভান্ডার তছরুপের ব্যাপার দেখি তাহলে আমরা সেখানে সুপারসিড করে প্রশাসক বসাই। আবার চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান কমিশনাররা যদি কাজ না করেন তাহলে সেখানে যে সাংবিধানিক ক্রাইসিস দেখা দেয় তা দূর করার জন্য আমরা তখন অ্যাডমিনিস্ট্রেটার বসাই।

**শ্রী অশোক ঘোষ ঃ** (**)

**মিঃ স্পিকার ঃ** আপনি বক্তৃতা করছেন, নো স্পিচ, বক্তৃতা অ্যালাও করা হবে না, দিস উইল বি এক্সপাঞ্জড। ইউ পুট ইওর কোয়েশ্চেন।

[1-30 – 1-40 P.M.]

**শ্রী অশোক ঘোষ ঃ** আমি বলছি দুর্নীতির কথা উনি বলেছেন তবে হস্তক্ষেপ করছেন, আমার প্রশ্ন হচ্ছে যেসব পৌর কর্তৃপক্ষ কর্মচারিদের লক্ষ লক্ষ প্রভিডেন্ট ফান্ডের জমানো টাকা খরচ করে দিচ্ছে, সেখানে দরখাস্ত করেও এক পয়সা প্রভিডেন্ট ফান্ড থেকে পাচ্ছে না সে ক্ষেত্রে ওনার নজরে আনার পরও কোনো ব্যবস্থা নিচ্ছেন না কেন?

**মিঃ স্পিকার ঃ** দি কোয়েশ্চেন ইজ ডিসঅ্যালাওড।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত ঃ** আপনি বললেন বহরমপুর, পুরাতন মালদহ, মেদিনীপুর, রায়গঞ্জ পৌরসভাগুলির দুর্নীতি বা বিশৃঙ্খলার জন্য আপনি সুপারসিড করেছেন এবং করে প্রশাসক বসিয়েছেন, এইসব পৌরসভাগুলি কোন দল পরিচালনা করতেন সেটা বলতে পারবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্ন থেকে আপনার প্রশ্ন ওঠে না। প্রশ্নটা ছিল ভোটার লিস্ট, পৌরসভার দুর্নীতি সম্বন্ধে। সুতরাং দি কোয়েশ্চেন ইজ ডিসঅ্যালাওড।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** আপনি দুর্নীতির কথা বলেছেন, বহরমপুর পৌরসভার কি কি দুর্নীতি ছিল এবং ছিল কিনা এবং সেইসব দুর্নীতির বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন জানাবেন কি?

**মিঃ স্পিকার ঃ** দি কোয়েশ্চেন ইজ ডিসঅ্যালাওড।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বহরমপুর, পুরাতন মালদহ, মেদিনীপুর এবং রায়গঞ্জ পৌর সভায় প্রশাসক নিয়োগ করার পর প্রশাসকদের কাজকর্ম সম্পর্কে কোনো অভিযোগ আপনি পেয়েছেন কি না?

**মিঃ স্পিকার ঃ** দি কোয়েশ্চেন ইজ রিজেক্টেড।

**Shri Subrata Mukherjee :** Its a major political issue. The Ruling Party is involved in this matter. [***]

**Mr. Speaker :** This will be expunged. You cann't make wild allegation against the Speaker. Don't do this in future. There are rules to make questions. You have to raise supplementary questions on the issues concerned. It is very unfortunate that the members do not know how to formulate questions. I like to open a school to train the members to formulate questions.

*** **Note :** [Expunged as ordered by the Chair]

### হুগলি জেলে মেডিক্যাল অফিসারের শূণ্য পদ

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫।) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে হুগলি জেলা মেডিক্যাল অফিসারের পদগুলি খালি পড়ে আছে;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে, কতদিন ধরে ঐ পদ খালি পড়ে আছে; এবং

(গ) সরকার ঐ বিষয়ে কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :**

(ক) হ্যাঁ,

(খ) ১-৪-৮৩ হইতে খালি পড়িয়া আছে।

(গ) পদটি পূরণের জন্য স্বাস্থ্য দপ্তরের সহিত আলোচনা চলিতেছে। এবং এ বিষয়ে তাগিদ দেওয়া হইতেছে।

**শ্রী অরুণকুমার গোস্বামী :** প্রশ্নে এখানে দেখছি মেডিক্যাল অফিসারের পদগুলি খালি পড়ে আছে। তাহলে কয়টি মেডিক্যাল অফিসার আছেন?

**শ্রী দেবপ্রসাদ বন্দ্যোপাধ্যায় :** একটি।

### রামপুরহাট পৌরসভার অধিবাসীদের গৃহে পানীয় জল-সরবরাহ

*১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৭।) ডাঃ মোতাহার হোসেন : স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ (শহরের জল-সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট পৌরসভার অধিবাসীদের গৃহে পানীয় জল-সরবরাহের কোনো পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ জল-সরবরাহের কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী প্রশান্তকুমার শূর :**

(ক) অধিবাসীদের গৃহে জল সরবরাহের দায়িত্ব পৌরসভার। রাজ্য সরকার রামপুরহাট শহরে জল সরবরাহের ব্যবস্থা ইতিমধ্যেই শেষ করেছেন। গৃহে জল সরবরাহের ব্যবস্থা পুর কর্তৃপক্ষ গ্রহণ করবেন।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী কাশীনাথ মিশ্র : মন্ত্রী মহাশয় জানাবেন কি রামপুরহাট পৌর এলাকায় জল সরবরাহের ব্যবস্থা করেছেন বলেছেন, প্রশ্ন হচ্ছে বর্তমানে কত পরিমাণ জল সেখানে দৈনিক সরবরাহ করা হচ্ছে?**

**শ্রী প্রশান্তকুমার শূর :** নোটিশ চাই।

**শ্রী কাশীনাথ মিশ্র :** বর্তমানে যে জল সরবরাহ হচ্ছে রামপুর হাট পৌর এলাকায়, তাতে জলের যে ক্রাইসিস সেটা মেটানো সম্ভব হচ্ছে না।

**শ্রী প্রশান্তকুমার শূর :** আমি আগেই বলেছি যে পৌর কর্তৃপক্ষ সেটা এখনও নিজের হাতে নেয় নি। যেহেতু এখনও ঘরে ঘরে জল সরবরাহ দেওয়া যায় নি—সেই জন্য রাস্তায় রাস্তায় পাইপ লাইন দিয়ে স্ট্যান্ড পোস্ট থেকে জল দেওয়া হচ্ছে। এবং সেখান থেকে নাগরিকরা জল নিচ্ছে। এখন পৌরসভা ইচ্ছা করলেই জল দিতে পারবেন।

**পুরুলিয়া জেলার বলরামপুর, পুঞ্চা, মানবাজার ২ নং ব্লকের শিশু বিকাশ প্রকল্প কেন্দ্রে কর্মচারী নিয়োগ**

*১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫।) **শ্রী সুধাংশুশেখর মাঝি :** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জেলার বলরামপুর, পুঞ্চা, মানবাজার ২ নং ব্লকের সুসংহত শিশু বিকাশ প্রকল্প কেন্দ্রে কেরানি, টাইপিস্ট, পিওন ও নাইট গার্ড নিয়োগ করা হয় নি; এবং

(খ) সত্য হ'লে কবে নাগাদ উক্ত কেন্দ্রগুলিতে উক্ত কর্মচারী নিয়োগ করা হবে বলে আশা করা যায়?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :**

(ক) এই প্রকল্পগুলিতে কিছু কিছু পদ পূরণ করা হয়েছে এবং কয়েকটি পদে এখনও লোক নিয়োগ করা হয় নি।

(খ) জেলা শাসক এই পদগুলির নিয়োগকর্তা। যত শীঘ্র সম্ভব শূন্যপদ পূরণের জন্য অনুরোধ করা হয়েছে।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এই বলরামপুরে one post of Clerk cum Cashier, and typist cum store keeper. আর পুঞ্চা The post of Clerk cum Cashier and Typist cum store keeper, peons and night Guard. Manbazar II—2 সম্প্রতি ফিল্‌ড আপ করা হয়েছে।

**শ্রী শুধাংশুশেখর মাঝি :** এই যে পদ খালি আছে দীর্ঘ দিন ধরে এবং এই পদগুলি—ক্লার্ক টাইপিস্ট, পিওন, নাইট গার্ড ইত্যাদি পূরণ না হলে পরিকল্পনাগুলি কিভাবে চালু করতে পারবেন, সেটা দয়া করে জানাবেন কি?

[1-40 – 1-50 P.M.]

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমি আপনাদের অসুবিধার কথা খুব অনুভব করছি। এই ব্যাপারে জটিলতা দেখা গেছে। কর্মচারী সমিতি দাবি করেছেন। এযাবতকাল যে ব্যবস্থা

ছিল—অর্থাৎ আমাদের দপ্তর এই সমস্ত পদগুলির নিয়োগ কর্তা ছিলেন। সম্প্রতি কয়েকজন জেলা শাসক তাতে আপত্তি জানান এবং কর্মচারী সমিতিও তাতে আপত্তি জানান এই বলে যে, আমাদের দপ্তর নিয়োগ কর্তা হলে তাদের প্রমোশন চ্যানেল খানিকটা রুদ্ধ হয়ে যায়, সঙ্কুচিত হয়ে যায়। আমি অবশ্য তাদের সঙ্গে একমত নই। সম্প্রতি এই ব্যাপারে আলোচনা চলছে এবং এই জটিলতা দূর করতে পারব বলে আশা করছি আর মাস দুয়েকের মধ্যেই সমস্ত নিয়োগের বন্দোবস্ত করতে পারব বলে আমি আশা করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** এই শিশু বিকাশ প্রকল্পটি কি কেন্দ্রীয় সরকারের অর্থের দ্বারা পরিচালিত হচ্ছে?

**মিঃ স্পিকার ঃ** কাশীবাবু, আমি আপনাকে ভালো পার্লামেন্টারিয়ান বলে মনে করি। কিন্তু এই প্রশ্নটা থেকে কি ঐ প্রশ্ন ওঠে? যাই হোক, আপনি আপনার প্রশ্নটা জিজ্ঞাসা করুন।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** এটা কি রাজ্য সরকারের দ্বারা হয়েছে, না কেন্দ্রীয় সরকারের দ্বারা হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় সদস্যের জ্ঞাতার্থে জানাতে চাইছি, এই আই. সি. ডি. এস. প্রকল্পের কয়েকটি স্টেট সেক্টরে রয়েছে, যার সম্পূর্ণ খরচ রাজ্য সরকারকে বহন করতে হয়। বেশির ভাগ প্রকল্পগুলির খরচ বহন করে সেন্ট্রালি স্পনসর্ড স্কীম এবং অনেকেরই ধারণা আছে মাননীয় সদস্য কাশীবাবুর মত যে, সমস্ত খরচই বোধ হয় কেন্দ্রীয় সরকার দিয়ে থাকেন। আমি কয়েকবার উত্তর দেবার চেষ্টা করেছি এই ধরনের প্রশ্নে যে, এক একটি প্রকল্পে সাধারণ ভাবে খরচ হয় ১৬ লক্ষ টাকা। এর মধ্যে কেন্দ্রীয় সরকার দেন ৭ লক্ষ টাকা, আর রাজ্য সরকারের সমাজ কল্যাণ দপ্তর খরচ করেন ৯ লক্ষ টাকা।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আপনি বললেন ঐ নিয়োগের ক্ষেত্রে জেলা শাসকের আপত্তির জন্য বিলম্বিত হচ্ছে। যেখানে নিয়োগের একটা সুনির্দিষ্ট পদ্ধতি ছিল সেই ক্ষেত্রে জেলা শাসক গভর্নমেন্টের অর্ডার ছাড়া আপত্তি জানিয়ে কি ভাবে এই নিয়োগগুলি বন্ধ করতে পারেন আপনার সাথে ডিফারেন্স থাকা সত্ত্বেও? এটাকে তরান্বিত করার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** শুধু জেলা শাসক আপত্তি জানান নি, এর সঙ্গে আমি আর একটি কথা বলেছি, কর্মচারী সমিতিও আপত্তি জানিয়েছেন। সেই জন্য আমি কয়েকজন মন্ত্রী যারা এর সঙ্গে যুক্ত রয়েছেন বোর্ড অব রেভিনিউ-এর সেক্রেটারিকে নিয়ে আলোচনা করেছি বিশেষ করে ম্যাজিস্ট্রেটদের উপর ঠিকভাবে অর্ডার চালু করার জন্য এবং সেটা মীমাংসার স্তরে এসেছে। আমরা আশা করছি দুমাসের মধ্যেই মীমাংসা করতে পারব।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** এই সুসংহত শিশু বিকাশ প্রকল্পগুলির সিলেকশন কি ভাবে হয়ে থাকে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** কিসের সিলেকশন বলুন? অনেকগুলি পদ আছে, সেগুলি দয়া করে বলে দিন।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** এই প্রকল্পগুলির সিলেকশন কি ভাবে হয়ে থাকে?

**মিঃ স্পিকার ঃ** দিস কোয়েশ্চেন ডাজ নট অ্যারাইজ। এই প্রশ্ন ওঠে না। এইবারে আমাকে স্কুল খুলতে হবে, কিভাবে সাপ্লিমেন্টারি ফরমুলেট করতে হয় শেখাতে হবে। এ ছাড়া আর কোনো গতি নেই।

**শ্রী সরল দেব ঃ** সরকারের রিক্রুটমেন্ট সম্পর্কে একটা পলিসি আছে। এর জন্য ওদের সঙ্গে কমপ্রোমাইজ, আলোচনা করবার কি প্রয়োজন আছে? আপনি নির্ধারিত পলিসি অনুসারে কাজ করবেন, লেড ডাউন পলিসি ইজ দেয়ার।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** যেহেতু জেলা শাসক এর সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত রয়েছেন, সেই জন্য আলোচনা করতে হচ্ছে।

**শ্রী কমলাকান্ত মাহাতো ঃ** পুঞ্চা সুসংহত শিশু বিকাশ প্রকল্পের অধীন কয়েকটি অঙ্গনওবাড়ি কেন্দ্র রিজার্ভ রাখার ফলে এখন পর্যন্ত এগুলিতে কোনো কর্মী নিয়োগ করা হয়নি। ফলে এই কেন্দ্রগুলির কাজ সম্পূর্ণরূপে বন্ধ হয়ে আছে। মাননীয় মন্ত্রী মহাশয় এই কেন্দ্রগুলি চালু করার জন্য দয়া করে স্থানীয় যোগ্যতম প্রার্থী যারা আছেন তাদের নিয়োগের আদেশ দেবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** খুব শীঘ্রই ব্যবস্থা হচ্ছে।

**পাটচাষীদের রক্ষার জন্য পাট সংগ্রহ**

*১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯।) **শ্রী অনুপকুমার চন্দ্র** এবং **শ্রী কাশীনাথ মিশ্র** ঃ কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৫-৮৬ সালে পাটচাষীদের রক্ষার জন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকার কত পাট সংগ্রহ করেছে এবং কেন্দ্রীয় সরকার এক গাঁট পাটের ক্রয়মূল্য কত ধার্য করেছে;

(খ) পাট চাষীদের রক্ষার জন্য কেন্দ্রীয় সরকার কোনো ভরতুকি দিয়েছে কিনা; এবং

(গ) ১৯৮৫-৮৬ সালের আর্থিক বছরে কত হেক্টর জমিতে পাটচাষ হয়েছে এবং কি পরিমাণ পাট উৎপাদন হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া ২৫.২.৮৬ পর্যন্ত (১৯৮৫-৮৬ মার্কেটিং সিজন) ডি. পি. সেন্টারের মাধ্যমে ১০,৩১,৫৬৬ গাঁট কাঁচা পাট সংগ্রহ করেছেন এবং সমবায় সমিতির মারফত ৬,৩৮,৩৪০ গাঁট পাট সংগৃহীত হইয়াছে।

কেন্দ্রীয় সরকার কর্তৃক নির্ধারিত ৫ নং শ্রেণীভুক্ত পাটের বিধিবদ্ধ কুইন্টাল প্রতি সর্বনিম্ন দর ঃ—

| | ১৯৮৪-৮৫ | | ১৯৮৫-৮৬ | |
|---|---|---|---|---|
| বাজার | তোসা | সাদা | তোসা | সাদা |
| কুচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং। | ২১৫.০০ | ২০২.৫০ | ২৩৫.৫০ | ২২৩.০০ |
| পশ্চিম দিনাজপুর, মালদা। | ২২০.০০ | ২০৭.৫০ | ২৪১.০০ | ২২৮.৫০ |
| মুর্শিদাবাদ, বাঁকুড়া, বীরভূম। | ২২৩.০০ | ২১০.৫০ | ২৪৪.০০ | ২৩১.৫০ |
| নদীয়া, মেদিনীপুর, বর্ধমান, হুগলি। | ২২৬.০০ | ২১৩.৫০ | ২৪৮.০০ | ২৩৫.০০ |
| ২৪ পরগনা, হাওড়া না। | —— | —— | —— | —— |

(খ) ১৯৮৫-৮৬ সালে মোট ৭,৩০,৬৯৩ হেক্টর জমিতে পাট চাষ হয়েছে। এবং মোট উৎপাদনের পরিমাণ ৭৩,৮৯,৯৩০ বেল। প্রতি হেক্টরে গড় উৎপাদন হয়েছে ১০.১ বেল। (বেল—১৮০ কে.জি)

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি? ১৯৮৪-৮৫ সালের আর্থিক বছরে যে পাট উৎপাদন হয়েছিল ১৯৮৫/৮৬ সালের আর্থিক বছরে তার থেকে কম পাট উৎপাদন হবার কারণ কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি হিসাবটা দিচ্ছি—১৯৮২-৮৩ সালে হয়েছিল ৩৯.৮২, ১৯৮৩-৮৪ তে ৩৯.৭৬, ১৯৮৪-৮৫তে ৪৩.৩৩ এবং এবারে তো আরো বেড়েছে—৭৩ লক্ষ বেল।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** কেন্দ্রীয় সংস্থা—জে. সি. আই কেবলমাত্র রেগুলেটেড মার্কেট ছাড়া অন্য কোনো বাজার/হাট থেকে পাট কিনবেন না। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, উৎপাদিত পাটের কত অংশ রেগুলেটেড মার্কেটের মাধ্যমে বিক্রি হয়?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এই ধরনের কোনো ব্যবস্থা নেই যে খালি নিয়ন্ত্রিত বাজারের মাধ্যমেই কিনবেন। তবে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী বলেছিলেন যে আসছে বছর থেকে ওরা খালি নিয়ন্ত্রিত বাজার থেকেই কিনবেন। আমরা এতে তীব্র আপত্তি জানিয়েছি। ওরা এখনও চূড়ান্ত সিদ্ধান্ত নেন নি, নিলে অবস্থাটা কি দাঁড়ায় বোঝা যাবে।

**শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বর্তমানে আমাদের এখানে একর প্রতি পাটের উৎপাদন খরচ কত এবং কর্পোরেশন যে দামে পাট কিনছে সেই ক্রয়মূল্য কত এবং সেখানে পার্থক্য কত?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমাদের হিসাবে মোটামুটি প্রতি কুইন্টালে খরচ প্রায় ৬শো টাকার মতন, সেইজন্য ৬শো টাকা আমরা দাবি করেছি। ওরা কিনছেন এক এক জেলায় এক এক দরে। অ্যাভারেজে ২২৫ টাকা কুইন্টালে জে. সি. আই. কেনার ব্যবস্থা করেছেন।

[1-50 — 2-00 P.M.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** ১৯৮৫-৮৬ সালে পাট উৎপাদন করে চাষীরা ক্ষতিগ্রস্ত হয়েছে, অতএব তাদের ভরতুকি ব্যাপারে রাজ্য সরকার কোনো চিন্তা-ভাবনা করছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এটা রাজ্য সরকারের এক্তিয়ারে পড়ে না। তবুও যাতে পাট-চাষীরা আর ক্ষতিগ্রস্ত না হয় তার জন্য পাট এলাকা কমাতে আমরা কৃষকদের অনুরোধ করছি এবং বিকল্প চাষের জন্য তাদের ঋণ দেওয়ার, অনুদান দেওয়ার নানা রকম পরিকল্পনা নিয়েছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** কেন্দ্রীয় সরকার পাটের দাম বেঁধে দেওয়ার ব্যাপারে রাজ্য সরকারের সঙ্গে কোনো রকম আলোচনা করেছিলেন কি এবং কি দর তাঁরা বেঁধে দিয়েছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কেন্দ্রীয় সরকার আমাদের মতামত চেয়েছিলেন, আমরা ৯ই ডিসেম্বর' ৮৫ আমাদের মতামত দিয়েছিলাম। আমরা বলেছিলাম ৮নং পাটের জন্য ৪০০ টাকা প্রতি কুইন্টাল, ৫নং পাটের জন্য ৬০০ টাকা প্রতি কুইন্টল দাম ঠিক করতে হবে। কিন্তু ওঁরা ৫নং পাটের দাম কুইন্টাল প্রতি ২৩২ টাকা ধার্য করেছেন।

**শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, কেন্দ্রীয় সরকার কি আপনাদের এ-রকম কোনো কথা জানিয়েছেন যে, জে. সি. আই'র মাধ্যমে আর পাট কেনা হবে না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** না, এ ধরনের কোনো কিছু জানান নি।

**শ্রী সরল দেব ঃ** গত বছর পাট চাষীরা প্রচন্ড ক্ষতিগ্রস্ত হয়েছে, এ কথা ভেবে এবং কেন্দ্রীয় সরকার পাট থেকে প্রচুর ফরেন এক্সচেঞ্জ আর্ন করেছেন, এ কথা চিন্তা করে মহারাষ্ট্রে যেমন তুলো ক্রয় কর্পোরেশন আছে সে রকম পশ্চিমবঙ্গের পাট চাষীদের বাঁচাবার জন্য পাট ক্রয় কর্পোরেশন গড়ে তোলবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে কোনো প্রস্তাব পেশ করেছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় সদস্যদের এ ব্যাপারে একটা ভুল ধারণা আছে। মহারাষ্ট্র সরকার, গুজরাট সরকার বা অন্য কোনো রাজ্য সরকার নিজেরা কোনো অর্থকরি ফসল কেনেন না। ঐসব জায়গায় কো-অপারেটিভের মাধ্যমে ফসল কেনার ব্যবস্থা আছে। ইতিপূর্বে আমরা রাজ্য সরকারের তরফ থেকে সরষে কেনবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে একটা প্রস্তাব দিয়েছিলাম। কারণ সে সময়ে কেন্দ্রীয় সরকার সরষের দাম ঠিক করে দিয়েছিলেন ২ টাকা ৯৩ পয়সা প্রতি কে. জি., কিন্তু আমরা বলেছিলাম যে, আমরা ৩ টাকা ৫০ পয়সা প্রতি কে. জি. দলে সরষে কিনব। সে সময়ে সরষের দাম কমে গিয়েছিল। সে সময়ে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে আমাদের জানানো হয়েছিল যে, কেন্দ্রীয় নির্ধারিত মূল্যে না কিনলে—বেশি দাম দিলে—ব্যাঙ্ক থেকে কোনো লোন পাওয়া যাবে না, ওঁদের নির্ধারিত দরে কিনতে হবে।

**মোটর গাড়ির ইলেকট্রিক হর্ণ বাজানো নিয়ন্ত্রণ করার বিষয়ে সরকারি নির্দেশ**

***১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৩।) শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** পরিবহন বিভাগের

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি মোটর গাড়ির ইলেকট্রিক হর্ণ বাজানো নিয়ন্ত্রণ করিবার জন্য এবং যত্র-তত্র কালো ধোঁয়া ছাড়া নিষিদ্ধ করার জন্য একটি সরকারি নির্দেশ দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, এই নির্দেশ কার্যকর করিবার জন্য কি ব্যবস্থা গৃহীত হইয়াছে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী. ঃ**

(ক) হ্যাঁ।

(খ) মোটরযানের মালিক, চালকদের হর্ণসংক্রান্ত বিষয়ে সতর্ক করিয়া রাজ্যের অধিকাংশ দৈনিক পত্রিকায়, আকাশবাণী ও দূরদর্শনে একটি বিজ্ঞপ্তি প্রচার করা হইয়াছে। কলিকাতায় ডি. সি. (ট্রাফিক) ও জনযান অধিকর্তার যৌথ উদ্যোগে এবং হাওড়া ও হুগলির জেলা প্রশাসন কর্তৃক উক্ত আইনভঙ্গকারিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

মোটর হইতে অতিরিক্ত কালো ধোঁয়া নির্গমন নিষিদ্ধ করে এবং এই ধোঁয়া নির্গমনের উর্দ্ধসীমা নির্ধারণ করে মোটরযান আইন এর ১২৪ ধারা সংশোধন করা হইয়াছে যাহা ১লা মার্চ, ১৯৮৬ হইতে বলবৎ হইয়াছে।

**শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** আইন যারা মানছেনা তাদের বিরুদ্ধে কী ব্যবস্থা গ্রহণ করছেন এবং এখন পর্যন্ত কত জনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** আমরা এ বিষয়ে এখন পর্যন্ত ৪৯৫'টি কেস করেছি।

**শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা রাস্তাঘাটে দেখছি এমন ভাবে ইলেকট্রিক হর্ণ দেওয়া হয় যে পাজল্ড হয়ে গিয়ে মানুষ গাড়ির চাকার তলায় চলে যায়। এ রকম অনেক ঘটনা ঘটছে। অতএব এ বিষয়ে আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** যে সমস্ত এলাকায় লক্ষাধিক মানুষের বাস সে সমস্ত এলাকায় ইলেকট্রিক হর্ণ নিষিদ্ধ করা হয়েছে।

**ডাঃ সুশোভন ব্যানার্জি ঃ** হর্ণ দেওয়া নিষিদ্ধ করলে এবং ধোঁয়া ছাড়া নিষিদ্ধ করলে মোটর-যানগুলি কি ভাবে চলাচল করবে? এই অবস্থায় পরিবেশ দূষণ রোধ করার জন্য জনবসতির মধ্যে দিয়ে যাতে যান চলাচল না করতে পারে তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় কি পূর্তমন্ত্রী মহাশয়ের সঙ্গে যোগাযোগ করে যান চলাচলের জন্য আলাদা বাই-পাশ রোডের ব্যবস্থা করছেন?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** সে রকম কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্টেট বাসগুলি যে ইলেকট্রিক হর্ণ ব্যবহার করে সেগুলি নিয়ন্ত্রিত হয়েছে কিনা জানি না, কিন্তু আমরা দেখছি এই হর্ণ যথেষ্ট পরিমাণে কর্ণ পটাহ বিদারী, অতএব এগুলি নিয়ন্ত্রণ করার জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** নিয়ন্ত্রণের জন্য নির্দেশ দেওয়া হয়েছে এবং প্রচার করা হচ্ছে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা জানি স্টেট বাস থেকে যে কালো ধোঁয়া বের হয় তার পরিমাণ অন্যান্য বাস-এর থেকে অনেক বেশি এবং সেটাই শহরাঞ্চলের পরিবেশ দূষণের প্রধান কারণ। সমীক্ষা রিপোর্ট থেকে এটা আমরা জানতে পেরেছি। এই অবস্থায় যখন বিভিন্ন গাড়ি থেকে ধোঁয়া ছাড়ার জন্য শাস্তির ব্যবস্থা করা হচ্ছে তখন স্টেট বাসের ধোঁয়া বন্ধ করার জন্য আজ পর্যন্ত সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** শুধু স্টেট বাস নয়, সব বাসের জন্যই ব্যবস্থা নেওয়া হয়েছে।

**শ্রী সাত্বিককুমার রায় ঃ** ইলেকট্রিক হর্ণ যদি বন্ধ করে দেওয়া হয়, তাহলে গাড়িগুলি চলাচল করবে কি করে? কারণ আমরা জানি হর্ণ ছাড়া তারা চলতে পারে না, অতএব সে ক্ষেত্রে কি হর্ণ তারা ব্যবহার করবে?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** ইলেকট্রিক হর্ণের বদলে অন্য হর্ণ ব্যবহার করবে। নানা রকমের হর্ণ আছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ইলেকট্রিক হর্ণ বন্ধ করার কথা, কিন্তু আমরা জানি এখনো বহু গাড়ি লাল-বাতি জ্বেলে যাতায়াত করে' ফলে রাস্তাঘাটে প্রচণ্ড ট্রাফিক জ্যাম হয়। অতএব মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি কারা কারা লাল-বাতি জ্বালাবার অধিকারী?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** মূল প্রশ্নের সঙ্গে এ প্রশ্নের কোনো সম্পর্ক নেই। তা ছাড়া লালবাতি সম্পর্কেও নির্দেশ দেওয়া আছে।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আপনি যে ইলেট্রিক হর্ণ ইত্যাদি বন্ধ করে দিয়ে নির্দেশ দিয়েছেন সে নির্দেশ অমান্য করার জন্য কতগুলি অভিযোগ পেয়েছেন এবং কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** একটু আগেই আমি সংখ্যা বলে দিয়েছি এবং কি ব্যবস্থা গ্রহণ করেছি তাও বলে দিয়েছি।

[2-00 — 2-10 P.M.]

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, ইলেকট্রিক হর্ণ নিষিদ্ধকরণের ব্যাপারে মহামান্য কলকাতা হাইকোর্ট যে অর্ডার দিয়েছেন সেই অর্ডার অনুযায়ী আপনি বন্ধ করেছেন, না আপনার ডিপার্টমেন্টাল অর্ডার অনুযায়ী বন্ধ করেছেন?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী ঃ** আমাদের ডিপার্টমেন্টাল অর্ডার অনুযায়ী বন্ধ করা হয়েছে।

**শ্রী সরল দেব :** এই যে স্টেট বাস এবং প্রাইভেট বাস থেকে অনর্গল ধোঁয়া বের হচ্ছে তা স্বাস্থ্যের পক্ষে খারাপ। এই ব্যাপারে পরিবেশ দূষণ দপ্তর থেকে আপনার কাছে অনুরোধ জানিয়ে পত্র পাঠিয়েছে কিনা এবং সেই মোতাবেক আপনি কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কি না? কারণ আমরা দেখতি পাচ্ছি, পরিবেশ দূষণ দপ্তর থেকে আপনার কাছে চিঠি পাঠানো হয়েছিল, যে বাস থেকে অনর্গল ধোঁয়া যেটা বেরুচ্ছে তা বন্ধ করতে হবে। সেই পরিপ্রেক্ষিতে কার্যকর ব্যবস্থা আপনার দপ্তর থেকে নেওয়া হয়নি, কেন নেওয়া হয়নি সেটা জানতে চাইছি?

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী :** পরিবেশ দূষণ দপ্তর কিছু যন্ত্র কিনেছে ধোঁয়া মাপার জন্য এবং অন্যান্য প্রাইভেট কোম্পানীও কিনেছে।

**Mr. Speaker :** The question hour is over.

## (Starred Questions)
## (to which written answers were laid on the Table)

### পশ্চিমবঙ্গে ঘূর্ণিঝড়ে ক্ষয়ক্ষতির পরিমাণ

***১৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৬।) **শ্রী প্রবোধচন্দ্র সিংহ :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৫ সালের ঘূর্ণিঝড়ে পশ্চিমবঙ্গের সমুদ্রতীরবর্তী জেলাগুলিতে ক্ষয়ক্ষতির পরিমাণ মোট কত;

(খ) ক্ষতিগ্রস্ত মানুষদের সাহায্যের জন্য বিভিন্ন ত্রাণ খাতে মোট কত টাকা খরচ করা হয়েছে;

(গ) এই প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত মানুষদের সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকার কোনো আর্থিক সাহায্য দিয়েছেন কি; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে তার পরিমাণ কত?

**The Minister in-charge of Relief and Welfare Deptt :—**

(ক) সমুদ্র তীরবর্তী—২৪-পরগণা ও মেদিনীপুর জেলায় মোট :

১। ২০৩২ লক্ষ টাকার ফসল,

২। ৫২৫.৯৫ লক্ষ টাকার গৃহ এবং

৩। ৭৪১ লক্ষ টাকার সাধারণ সম্পত্তির ক্ষতি সাধন হয়।

উপরন্তু ১৫৭০টি গবাদি পশু এবং ১০ জন মানুষের জীবনহানি হয়।

(খ) মোট ২,০৪,৪৫,৩৩০ টাকা খরচের জন্য রাজ্য সরকার বরাদ্দ করেছেন। এই অর্থ নগদ ও মঞ্জুরীকৃত ত্রাণ সামগ্রীর মূল্য।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**বাঁকুড়া জেলার পাইপ লাইন জল-সরবরাহ প্রকল্প**

***১৮২।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৭।) **শ্রী সুব্রত মুখার্জি** এবং **শ্রী কাশীনাথ মিশ্র :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (গ্রামীণ জল-সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮০-৮১ সাল হইতে ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত বাঁকুড়া জেলায় মোট কতগুলি পাইপ লাইন জল-সরবরাহ প্রকল্পের কাজ গ্রহণ করা হয়েছে; এবং

(খ) তন্মধ্যে কতগুলি প্রকল্প সমাপ্ত ও অর্ধসমাপ্ত অবস্থায় আছে?

**The Minister of State in-Charge of Health of Family Welfare Deptt.**

(ক) গ্রামাঞ্চল ১টি।

(খ) প্রকল্পটির কাজ চলছে। আশা করা যায় ১৯৮৭-৮৮ সালের মধ্যে সমাপ্ত হবে।

**কৃষি পেনশন**

***১৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭।) **শ্রী নটবর বাগদী :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতজন কৃষককে এ পর্যন্ত কৃষি পেনশন দেওয়া হয়েছে; এবং

(খ) পেনশনের টাকা ও প্রাপকের সংখ্যা বাড়াবার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না?

**The Minister in-Charge of Agriculture Deptt :—**

(ক) ১৯৮০-৮১ সালে কৃষক পেনশন চালু হওয়ার পর হতে প্রতি বছর নিম্নলিখিত সংখ্যক কৃষককে উক্ত পেনশন দেওয়া হয়েছে।

| সাল | সংখ্যা |
|---|---|
| ১৯৮০-৮১ | ১৯,৫৪৯ |
| ১৯৮১-৮২ | ২০,৫৮২ |
| ১৯৮২-৮৩ | ২১,৭৫৪ |
| ১৯৮৩-৮৪ | ২২,৬৩১ |
| ১৯৮৪-৮৫ | ১৯,৯৬১ |

(খ) না।

**উত্তর হাওড়ার হরগঞ্জ বাজারকে সুপার মার্কেটে পরিণত করার পরিকল্পনা**

*১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৩।) **শ্রী অশোক ঘোষ** ঃ মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর হাওড়ায় হরগঞ্জ বাজারটি সুপার মার্কেটে পরিণত করার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কি ধরনের পরিকল্পনা নেওয়া হয়েছে এবং উহার জন্য মোট কত টাকা ব্যয় ধরা হয়েছে?

**The Minister in-Charge of Metropolitan Development Deptt :—**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**উলুবেড়িয়ায় বাস স্ট্যান্ড নির্মাণ**

*১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬১।) **শ্রী রবীন্দ্র ঘোষ** ঃ পরিবহন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়ার বাস স্ট্যান্ড নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) 'ক' প্রশ্নে উত্তর 'হ্যাঁ' হইলে কবে নাগাদ কাজটি আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) এই পরিকল্পনার জন্য কত টাকা মঞ্জুর হইয়াছে বা হইবে?

**The Minister in-Charge of Transport Deptt :—**

(ক) এই বিষয়ে একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) জেলাশাসকের নিকট থেকে প্রয়োজনীয় তথ্যাদি পাওয়ার আগে এই বিষয়ে সঠিক কিছু বলা সম্ভব নয়।

(গ) প্রস্তাবটি অনুমোদিত হলে প্রয়োজনীয় অর্থ মঞ্জুরির প্রশ্ন বিবেচিত হবে।

**কলিকাতা মহানগরির জলনিকাশি ব্যবস্থার উন্নয়ন**

*১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫৯।) **শ্রী অম্বিকা ব্যানার্জি** ঃ স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৮ বৎসরে কলিকাতা মহানগরির জলনিকাশি ব্যবস্থার উন্নয়নের জন্য সি এম ডি এ ও সরকার কত টাকা খরচ করিয়াছেন; এবং

(খ) কলিকাতা মহানগরির নিকাশি ব্যবস্থার উন্নতি এযাবৎ না হওয়ার কারণ কি?

**The Minister in-Charge of Local, Government and Metropolitan Development Deptt :—**

(ক) সি. এম. ডি. এ. কলিকাতা মহানগরির জল নিকাশি ব্যবস্থার জন্য গত ৮ বৎসরে (১৯৭৭-৭৮ হইতে ১৯৮৪-৮৫) আনুমানিক ১৫ কোটি টাকা খরচ করেছে।

এছাড়া ১৯৮৪-৮৫ সনে শুরু করে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, কেন্দ্রগত ভাবে সি.ইউ.ডি.পি III এবং ওয়ার্ড ব্যবস্থার মাধ্যমে বৃহত্তর নিকাশি, নিকাশি পাম্পিং স্টেশনগুলির উন্নয়ন, পংকোটধারের প্রয়োজনীয় যন্ত্রাদি, প্রসারণ ব্যবস্থার পরিপ্রেক্ষিতে প্রধান নিকাশিগুলির সারাই, অতিরিক্ত প্রসার ব্যবস্থার নির্মাণ করা প্রভৃতি কাজ হাতে নিয়ে ১৯৮৬ সনের মার্চ মাস পর্যন্ত ৫৪ লক্ষ টাকা ব্যয় করেছে।

(খ) (১) কলিকাতার অবস্থিতি

(২) ভৌগলিক অবস্থান

(৩) আবর্জনা, ছাই পাঁশ সমূহ পয়ঃ প্রণালীতে অনিয়মিত নিক্ষেপণ।

(৪) ভূগর্ভস্থ পয়ঃ প্রণালী ব্যবহারের আচরণবিধি সম্পর্কে জ্ঞানের অভাব।

(৫) খাটালের বর্জ্য পদার্থ।

(৬) জন বিস্ফোরণের জন্য দ্রুত নগর প্রসারণ।

(৭) জবর দখলের জন্য পংকোটধারের অসুবিধা।

(৮) বহুমুখী পথে পলি জমা।

### সি ইউ ডি পি-৩ পরিকল্পনায় স্কীম

***১৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৬।) শ্রী গোপালকৃষ্ণ ভট্টচার্য :** মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সি ইউ ডি পি-৩ পরিকল্পনায় বিভিন্ন পৌরসভায় ইতিমধ্যে মোট কত টাকার স্কীম তৈরি হয়েছে;

(খ) মোট কতগুলি স্কীমের কাজ ইতিমধ্যে শুরু হয়েছে; এবং

(গ) কতগুলি স্কীম অনুমোদনের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পড়ে আছে?

**The Minister in-Charge of Metropolitan Development Deptt :—**

(ক) সি. ইউ. ডি. পি-৩ পরিকল্পনায় বিভিন্ন পৌরসভায় ইতিমধ্যে মোট ৪৪.৬৫২৬ কোটি টাকার স্কীম তৈরি হয়েছে।

(খ) মোট ৩৩০৭টি স্কীমের (এ.এ. এবং এফ.এস.ইস্যুড) অনুমোদন স্কীম করা হয়েছে।

(গ) ৫২৮টি স্কীম অনুমোদনের জন্য পড়ে আছে।

### সুসংহত শিশু বিকাশ প্রকল্প

***১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬০।) শ্রী লক্ষ্মণ শেঠ :** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ)

**The Minister in-Charge of Relief Branch of Relief and Welfare (Welfare) Deptt :—**

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পরিচালিত নিজস্ব কোনো বেবি ক্রেস নাই। তবে এই সরকারের অর্থানুকূল্যে সমাজ কল্যাণ উপদেষ্টা পর্ষদের অধীনে ১৮টি বেবি ক্রেস কার্যরত আছে।

(খ) ১৯৮৫-৮৬ সনের জন্য এই ক্রেসগুলিতে মোট ১,৫০,০০০ টাকা আর্থিক অনুদান হিসেবে দেওয়া হইয়াছে।

**পশ্চিমবঙ্গে খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ**

***১৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৯।) **শ্রী গুণধর চৌধুরী ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮০-৮১ এবং ১৯৮৪-৮৫ সালের মধ্যে পশ্চিমবঙ্গে প্রতি বছর মোট খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ কত; এবং

(খ) মোট উৎপাদনের মধ্যে আলোচ্য সময়ে প্রতি বছরে চাল ও গম উৎপাদন (পৃথকভাবে) কত?

**The Minister in-Charge of Agriculture Deptt :—**

(ক) ১৯৮০-৮১ থেকে ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে খাদ্য শস্য উৎপাদন হয়েছিল যথাক্রমে ৮২.৮ লক্ষ টন। ৬৫০৬ লক্ষ টন, ৫৮.৭ লক্ষ টন, ৯১.৭ লক্ষ টন এবং ৯২.৬ লক্ষ টন।

(খ) উক্ত সময়ে পশ্চিমবঙ্গে চালের উৎপাদন হয়েছিল যথাক্রমে ৭৪.৭ লক্ষ টন, ৫৮.৩ লক্ষ টন, ৪৯.৫ লক্ষ টন, ৭৯.৪ লক্ষ টন এবং ৮০.৯ লক্ষ টন। এবং গম উৎপাদন হয়েছিল যথাক্রমে ৪.৭ লক্ষ টন, ৩.৯ লক্ষ টন, ৬.০ লক্ষ টন, ৮.৫ লক্ষ টন এবং ৮.১ লক্ষ টন।

**ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন**

***১৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৫৪।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৫-৮৬ সালের আর্থিক বৎসরে এই রাজ্যে ফায়ার সার্ভিস স্টেশন করার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে উক্ত পরিকল্পনায় আরামবাগে একটি ফায়ার সার্ভিস স্টেশন স্থাপিত হওয়ার সম্ভাবনা আছে কি না?

**The Minister in-Charge of Local Government of Metropolitan Development Deptt :—**

(ক) হ্যাঁ।

(খ) না।

**মুর্শিদাবাদ জেলার খড়গ্রামে পাইপ বাহিত পানীয় জল সরবরাহ প্রকল্প**

*১৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২০৪।) **শ্রী আবুল হাসনাৎ খান, শ্রী আতাহার রহমান এবং শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানার খড়গ্রামে পাইপ বাহিত পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজটি বর্তমানে কোনো পর্যায়ে আছে;

(খ) ইহা কি সত্য যে, উক্ত প্রকল্পের জন্য জলাধার নির্মাণের জন্য কোনো কোনো ব্যক্তির নিকট হইতে জমি অধিগ্রহণ করা হইয়াছে; এবং

(গ) উক্ত ব্যক্তিদের জমি অধিগ্রহণের পরিবর্তে ক্ষতিপূরণস্বরূপ তাদের বা তাদের নিকটাত্মীয়দের উক্ত প্রকল্পে চাকুরি দেওয়া হইয়াছে কিনা?

**The Minister in-Charge of Health of Family Welfare (Rural Water Supply) Deptt :—**

(ক) প্রকল্পটি দুটি পর্যায়ে বিভক্ত। প্রথম পর্যায়ের কাজ ৩০.১২.৭৮ তারিখে সম্পূর্ণভাবে শেষ হয়েছে। দ্বিতীয় পর্যায়ের কাজের মধ্যে কেবল উচ্চ জলাধার নির্মাণের কাজটি বাকি আছে। তা সত্ত্বেও ঐ পর্যায় থেকে সংশ্লিষ্ট এলাকাতে সরাসরি পাম্প করে জল সরবরাহ করা হচ্ছে।

(খ) হ্যাঁ।

(গ) এক ব্যক্তিকে চাকুরি দেওয়া হয়েছে।

**বীরভূম জেলার নলহাটীতে পৌরসভা গঠন**

*২০১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪০।) **শ্রী সাত্বিককুমার রায় ঃ** বিগত ৩.৯.৮৫ তারিখে প্রদত্ত তারকিত প্রশ্ন নং *১৪ (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭)-এর উত্তর উল্লেখপূর্বক স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বীরভূম জেলার নলহাটীতে কবে নাগাদ পৌরসভা গঠিত হইবে?

**The Minister in-Charge of Local Government of Metropolitan Development Deptt :—**

বীরভূম জেলার নলহাটীতে পৌরসভা গঠন সম্পর্কে অতি সম্প্রতি জেলাশাসকের প্রতিবেদন পাওয়া গেছে। প্রস্তাবিত পৌরসভা সম্পর্কে পঞ্চায়েত বিভাগের মতামত চাওয়া হয়েছে। এখনই পৌরসভা গঠন সম্পর্কে সঠিক তারিখ বলা সম্ভব নয়।

**মেদিনীপুর জেলার পাঁশকুড়া, বালিচক ও বেলদার পৌরসভা গঠন**

*২০৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮২।) **শ্রী সৈয়দ মোয়াজ্জেম হোসেন :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পাঁশকুড়া, বালিচক এবং বেলদা এলাকায় পৌরসভা গঠনের কোনো প্রস্তাব সরকারের আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কবে নাগাদ উক্ত প্রস্তাব কার্যকর হবে বলে আশা করা যায়?

**The Minister in-Charge of Local Government of Metropolitan Development Deptt :—**

(ক) মেদিনীপুর জেলার পাঁশকুড়া এলাকায় একটি পৌরসভা গঠনের প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে। বালিচক এবং বেলদায় পৌরসভা গঠনের কোনো প্রস্তাব স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগে পাওয়া যায়নি।

(খ) প্রস্তাবিত পাঁশকুড়া পৌর এলাকা এবং ঐ পৌরসভার আর্থিক স্বয়ম্ভরতা সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি জেলা শাসকের নিকট চাওয়া হয়েছে। জেলা শাসকের রিপোর্ট পাওয়ার পর পৌরসভা গঠন সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**ক্যানিং-এ ওয়াটার সাপ্লাই স্কীম**

*২০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩৫।) **শ্রী সুভাষ নস্কর :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (গ্রামীণ জল-সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) ক্যানিং-এ ওয়াটার সাপ্লাই স্কীমটি রূপায়ণ করতে এ যাবত মোট কত টাকা ব্যয় হয়েছে; এবং

(খ) ঐ স্কীমটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়?

**The Minister in-Charge of Health and Family Welfare (Rural Water Supply) Deptt :—**

(ক) বর্তমান বৎসরের ৩১শে জানুয়ারি পর্যন্ত ১৬,৩৬,৩৭২ টাকা ব্যয় করা হয়েছে।

(খ) প্রকল্পটি আংশিক ভাবে চালু করা হয়েছে। প্রকল্পটি পুরোপুরি চালু করার জন্য রেললাইনের তলা দিয়ে পাইপ লাইন নেবার জন্য রেল কর্তৃপক্ষের অনুমতি প্রয়োজন। প্রয়োজনীয় অনুমতি পাওয়া গেলে বাকি অংশের কাজ ৩১.৩.৮৭ তারিখের মধ্যে শেষ করা যাবে বলে আশা করা যায়।

**বেহালার পুরাতন পৌর অঞ্চলে সি ইউ ডি পি-৩-এর কাজ**

*২০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৮।) **শ্রী নিরঞ্জন মুখার্জি :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ শহরতলী বা বেহালার পুরাতন পৌর অঞ্চলে সি ইউ ডি পি-III-এর কাজের

কত অংশ সমাপ্ত হয়েছে; এবং

(খ) নির্দিষ্ট সময়ের মধ্যে এই কাজের রূপায়ণ সম্ভব হবে কি না?

**The Minister in-Charge of Local Government of Metropolitan Development Deptt :—**

(ক) শতকরা ১৫ ভাগ।

(খ) আশা করা যায় হবে।

### রামপুরহাটে বাস স্ট্যান্ড নির্মাণ

*২০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১৮।) **শ্রী শশাঙ্কশেখর মন্ডল :** পরিবহন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রামপুরহাটে বাস স্ট্যান্ড নির্মাণের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে?

**The Minister in-Charge of Transport Deptt :—**

কিছু প্রয়োজনীয় বিভাগীয় নির্দেশ সমেত প্রস্তাবটি জেলা শাসকের নিকট পাঠানো হইয়াছে।

### নদীয়া জেলার চাকদহ পৌর এলাকায় পানীয় জল-সরবরাহ

*২০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২৫।) **শ্রী সুভাষ বসু :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (শহরের জল-সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার চাকদহ পৌরসভায় পানীয় জল-সরবরাহ (পাইপড ওয়াটার সাপ্লাই) করার কাজ কতদূর অগ্রসর হয়েছে;

(খ) ঐ পৌরসভার সমস্ত এলাকায় ঐ জল-সরবরাহ করার জন্য কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে কি; এবং

(গ) ব্যবস্থা নেওয়া হলে, কবে নাগাদ সমস্ত এলাকায় ঐ জল-সরবরাহ করা সম্ভব হবে বলে আশা করা যায়?

**The Minister in-Charge of Relief and Family Welfare (Water Supply) Deptt :—**

(ক) ১নং জোনে আংশিক ভাবে জল সরবরাহ করা হচ্ছে।

(খ) আপাতত নয়।

(গ) প্রশ্ন ওঠে না।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motion. The first is from Shri Ambica Banerjee on the subject of alleged murder of Shri Rafique Huda and Shri Saheb Jan on Chandmari

Bridge and the Second is from Shri Kashinath Misra on the subject of acute water scarcity in Calcutta, Howrah and several districts of West Bengal.

As regards the notice of Shri Ambica Banerjee, he mentioned it yesterday. So it cannot be considered in the Adjournment Motion. Most probably he does not know that he cannot give it in the form of Adjournment Motion. So it is not considered. As regards the notice of Shri Misra the member will get opportunity to raise the matter during the general discussion on the Budget which is continuing. Moreover, the Members may call the attention of the Ministers concerned through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to the motions. Mr. Misra may, however, read out the text of the motion as amended.

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল—"সারা রাজ্যে ভয়াবহ পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। বৃহত্তর কলকাতা ও হাওড়াতে ৭২ ঘন্টা জল সরবরাহ বন্ধ আছে। সল্ট লেক, হাওড়া, বাঁকুড়া, পুরুলিয়া জেলাতেও ভয়াবহ পানীয় জলের অভাব দেখা দিয়েছে। সারা রাজ্যে নলকূপের ৮০ শতাংশ অচল। লক্ষ লক্ষ টাকা মেরামতের জন্যও ব্যয় হচ্ছে। কিন্তু পানীয় জল পাওয়া যায় না। পানীয় জলে দূষিত পদার্থ থাকাতে নানা রোগের প্রাদুর্ভাব ঘটছে, এমনকি জন্তু-জানোয়াররা দূষিত জল পান করার ফলে মারা যাচ্ছে।

## Calling Attention to Matters of Urgent Public Importance.

**Mr. Speaker :** I have received 5 notice of Calling Attention, namely :—

| | | |
|---|---|---|
| 1. Alleged illegal electric connection to residential houses from Anantapur Textile Ltd. and S. Cotton Mills Ltd. | — | Shri Gourhari Adak. |
| 2. Alleged murder of 5 persons on 11th February, 1986 at Block No.1 under Raninagar Police Station, Murshidabad. | — | Shri Atahar Rahaman & Shri Birendra Narayan Ray. |
| 3. Deterioration of law and order in Tikiapara under Howrah Police Station. | — | Shri Asok Ghosh |
| 4. Scarcity of drinking water in Calcutta and Howrah. | — | Shri Asok Ghosh and Shri Kashinath Misra. |

Shri Asok Ghosh has given another notice of Calling Attention. I have already said that one member cannot give more than one notice. So it is out of order. It will be taken as notice given by Shri K.N.Misra.

5. Alleged murder of 3 persons of a family at Banaraypore under Budge Budge Police Station South .24 Parganas. — Shri Ambica Banerjee.

The matter has already been admitted on 17.3.86 and the Chief Minister will make a statement for which a date has already been fixed. So Mr. Banerjee's notice is out of order.

I have selected the notice of Shri Atahar Rahaman and Shri Birendra Narayan Roy on the subject of alleged murder of five persons on the 11th February, 1986 at Block No. 1 under Raninagar Police Station, Murshidabad.

The Minister-in-Charge will please make a statement to day, if possible or give a date.

**Shri Patit Paban Pathak :** On the 10th April, 1986.

**Mr. Speaker :** Today I have received 40 notices of Mention Cases. I will request all the Members to be very brief—not more than 1.5 minutes each.

## MENTION CASES

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুর মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে মানবিকতার প্রশ্নে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ এখানে করতে চাই। আপনি জানেন স্যার, কলকাতা পুর এলাকায় যে ড্রেনেজ আছে, ঐ ড্রেনের কাজ করতে গিয়ে মজদুরদের সুয়েরেজ গ্যাসে জীবন সংশয় হয়ে ওঠে, এবং এখানে কলকারখানার ও গৃহস্থদের সমস্ত নোংরা মল, মূত্র থেকে শুরু করে বিষাক্ত পদার্থের মধ্যে কাজ করতে হয়। এরজন্য ওদের—লাংস ডিজিজ, স্কীন ডিজিজ, টি.বি.—ইত্যাদি রোগে আক্রান্ত হতে হয়। এখন ওরা উপযুক্ত পোষাক বা মাস্ক পরে কাজ করতে পারছে না, এবং ইঞ্জিনিয়ারিং এর যে ম্যানুয়েল তার ৩৮ নং ধারা অনুযায়ী ড্রেন পরিষ্কার সংক্রান্ত যে নিয়মাবলী তাকে লঙ্ঘন করে তাদের দিয়ে কাজ করানো হচ্ছে। এই ব্যাপারে মাননীয় মেয়র মহাশয় এবং মেয়র ইন কাউনসিলের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, তাঁদের কাছে বারবার বলা সত্ত্বেও কোনো ফল হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন জানুয়ারী মাসে এই ভাবে ড্রেনে কাজ করতে গিয়ে দুজন মজদুর আক্রান্ত হয়ে অসুস্থ হয়ে পড়ে, কয়েক বছর আগে দুজন মারা যায়। তাই মানবিকতার স্বার্থে—এখানে মাননীয় মন্ত্রী মহাশয় আছেন—আমি আবেদন করছি যাতে হাজার হাজার, লক্ষ লক্ষ শ্রমিক তাদের জীবনের স্বার্থে উপযুক্ত পোষাক এবং মাস্ক পরে কাজে নামতে পারে, এই নিয়মটা যাতে ফলো করা হয় সেটা দেখার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয়—প্রাথমিক এবং মাধ্যমিক—শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তার আগে আমি বিনীতভাবে আপনার কাছে একটি কথা নিবেদন করতে চাই। আমরা বিধানসভায় যে সমস্ত মেনশন করি সেই মেনশনগুলি কোনো গুরুত্ব পায় না। কারণ আমি আজকে যে বিষয় উত্থাপন করছি ইতিপূর্বে সেটি এই বিধানসভায় উত্থাপন করেছিলাম এবং তার কোনো উত্তর পাইনি, এবং আজকে আপনার মাধ্যমে উত্থাপন করছি। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এর উত্তর আমাদের কাছে দেবেন। কুচবিহার জেলায় একমাত্র সরকারি মহিলা উচ্চবিদ্যালয় রয়েছে এবং আজ দীর্ঘদিন যাবত এই সুনীতি অ্যাকাডেমীতে প্রধানা শিক্ষয়িত্রী নেই, এবং প্রায় ১২, ১৩ জন শিক্ষয়িত্রী নেই এবং এই বিদ্যালয়টি প্রায় ধ্বংসের পথে এগিয়ে চলেছে। আমি ইতিপূর্বে বলেছি যে এই বিদ্যালয়টির ১০০ বছর উত্তীর্ণ হয়ে গেছে। যেদিন এই ভারতবর্ষে নারীশিক্ষা নিয়ে আন্দোলন শুরু হয় সেই সময়ে তৈরি হয়েছিল' বেথুন কলেজের পরেই এর স্থান। এটি একটি ঐতিহ্যপূর্ণ বিদ্যালয়। আজকে বামপন্থী সরকার আসার পরেও বিদ্যালয়টি অবহেলিত, ধ্বংসের পথে এগিয়ে চলেছে। এটা অত্যন্ত লজ্জার কথা, তাই আমি আপনার মাধ্যমে বার বার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যে তিনি অন্তত আমাদের জানান যে এই বিদ্যালয় সম্পর্কে তাঁরা কি ব্যবস্থা গ্রহণ করেছেন।

[2-10 — 2-20 P.M.]

**শ্রী অশোক ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। হাওড়া এবং কলকাতা আসার পথে হুগলি নদীতে জলপথের ব্যবস্থা আছে। আপনি জানেন সেখানে ইউনিয়নের মধ্যে লড়াই চলছে। শালা ভগ্নীপতির লড়াই এবং তার জন্য হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ পারাপার হতে পারছে না। একজন দায়িত্বশীল মন্ত্রীর ইউনিয়ন, এবং তাঁর শ্যালক মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির নেতা শ্রী দীপক দাশগুপ্ত তাঁর একটা ইউনিয়ন আছে। গত ১৪.৩.৮৬ তারিখে ১৬ থেকে ১৭ ঘন্টা লোকে পারাপার হতে পারেনি। কাতারে কাতারে মানুষ ঐ দুটি ইউনিয়নের মধ্যে জল যুদ্ধ দেখেছে। সিটু সেখানে মারামারি করছে। সমস্ত মানুষ রাস্তায় আটকে পড়েছে। ট্রেনের যাত্রীরা পর্যন্ত ট্রেন ধরতে পারে নি। আপনার মাধ্যমে আমি অনুরোধ করছি, অবিলম্বে এই শালা-ভগ্নীপতির লড়াই বন্ধ করুন। এই দুই পক্ষ হচ্ছেন স্বয়ং একজন মন্ত্রী এবং তাঁর অর্থাৎ শ্রী প্রলয় তালুকদারের শ্যালক শ্রী দীপক দাশগুপ্ত। এই নদী জল-পথে হুগলি, হাওড়া, বর্ধমান, মেদিনীপুর জেলার বহু নিত্যযাত্রী পারাপার হয়, কিন্তু এর ফলে তাঁদেরকে আজ খুবই অসুবিধা ভোগ করতে হচ্ছে। সেই কারণেই এই শালা-ভগ্নীপতির লড়াই বন্ধ করে যাতে এটা সুষ্ঠুভাবে চলে তার ব্যবস্থা করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েক দিন ধরে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায়, বিশেষ করে হুগলি, মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় গরুর একটা গুঁটি রোগ দেখা দিয়েছে এবং এই রোগে আক্রান্ত হয়ে শত শত গরু মহিষ মারা যাচ্ছে। এর ফলে গরিব চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। আমি আপনার মাধ্যমে পশুপালন বিভাগের

মাননীয় মন্ত্রীর দৃষ্টি এদিকে আকর্ষণ করে তাঁকে অনুরোধ করছি, ঐসব গরিব কৃষকদের স্বার্থ রক্ষার জন্য যেন অবিলম্বে বিভাগীয় পশু চিকিৎসকদের ঐসব গ্রামে পাঠিয়ে এই রোগ দমন করবার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী শান্তিমোহন রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন যে, হুগলি জেলায় ৪৫জন সাব-অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার হাইকোর্টের রায় পাওয়া সত্ত্বেও তাঁরা কাজ করতে পারছেন না, তাঁদের বেতনও দেওয়া হচ্ছে না। তাঁরা এর বিরুদ্ধে প্রতিবাদ করায় বামফ্রন্ট সরকারের অনুগ্রহপুষ্ট কো-অর্ডিনেশন কমিটি তাঁদেরকে ভয় দেখিয়েছেন, তাঁদের উপর জুলুম করছেন এবং পিঠের চামড়া তুলে দেবেন বলেছেন। এর বিরুদ্ধে তাঁরা পোস্টার লাগানোয় সেগুলো ছিঁড়ে ফেলা হয়েছে। তাঁদের আগস্ট মাসের পে-বিল কো-অর্ডিনেশন কমিটির লোকেরা ছিঁড়ে ফেলে দিয়েছে। আজকে হুগলি জেলার এই ৪৫ জন সাব-অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার গত ৭ মাস ধরে অন্যান্য অ্যালাউন্স সহ বেতন পাচ্ছেন না। জেলার একজিকিউটিভ ইঞ্জিনিয়ার (এগ্রিকালচার) ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করেছেন, যেন এই ৪৫ জন সাব-অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ারকে গ্রেপ্তারের ব্যবস্থা করা হয়। বিষয়টির প্রতি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল—কেন্দ্রীয় বাজেটের পর কেরোসিন তেলের মূল্য বৃদ্ধি ঘটায় গ্রাম বাংলায় কেরোসিন তেলের সঙ্কট দেখা দিয়েছে। এর ফলে বিশেষ করে ছাত্র-ছাত্রী, যারা রাত্রে পড়াশুনা করে, তাদের খুবই অসুবিধা হচ্ছে। যাতে অবিলম্বে সারা রাজ্যে কোরোসিন তেলের সুষ্ঠু সরবরাহ করা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীকে ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

**শ্রী বঙ্কিম ত্রিবেদী :** মিঃ স্পিকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করবার জন্য আপনার মাধ্যমে এই দৃষ্টি আকর্ষণী প্রস্তাব। আপনি জানেন যে, বিভিন্ন প্রকল্পের জন্য সরকার মাঝে মাঝে জমি অধিগ্রহণ করে থাকেন এবং জমি অধিগ্রহণও হয়, প্রকল্পও রূপায়িত হয় হয়ত। কিন্তু জমির মালিকদের ক্ষতিপূরণ দেবার কথাটা ওঁরা ভুলে যান। আমার এলাকার এই রকম ৪টি কেস আমি এখানে উল্লেখ করছি। প্রথমটি হল, ১৯৮০-৮১ সালে কান্দি বাইপাসের জন্য পি. ডব্লু. ডি থেকে জমি অ্যাকোয়ার করা হয় ৭.৫ একর, যার আর. এ. কেস নাম্বার ৩০। দ্বিতীয়টি হল, পি. ডব্লু. ডি জমি অ্যাকোয়ার করে রাঙ্গামাটি-চাঁদপাড়া-হালালপুর ফেরীঘাট রাস্তার জন্য, যার আর. এ. কেস নাম্বার ১২। ইরিগেশন ডিপার্টমেন্টের কান্দি এলাকায় নূতন বাঁধের জন্য, আর. এ. কেস নং ৩৭- '৭৮/'৭৯, ১৯ একর এবং আর একটা হল আর. এ. কেস নং ৩৮- '৭৮/'৭৯, ৫৩ একর। এর মধ্যে কোনোটার ক্ষতিপূরণ আজ পর্যন্ত দেওয়া হয় নি। যারা এই ক্ষতিপূরণের আওতায় পড়ে তার মধ্যে বেশির ভাগই হ'ল ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী। এই ব্যাপারটা ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রীর আওতায় পড়ে, তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব তিনি যেন এই ব্যাপারে অবিলম্বে তৎপর হন।

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর

কাছে একটি আবেদন রাখছি। বনগাঁ মহকুমায় বিভিন্ন বিষয়ে কয়েক শো লোক নিহত হয়েছে। এখানে এস. ডি. পি. ও., সি. আই., ও. সি. খুনীদের সাথে বসে মাংস খাচ্ছে, তারা খুনীদের যাতে ধরা হয় তার জন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। তা ছাড়া যারা এই খুনের ব্যাপারে জড়িত নয় তাদের ধরে তাদের বিরুদ্ধে ৩-৪টি করে মামলা দায়ের করছে।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২ই মার্চ থেকে কলিকাতার এস. এস. কে. এম. হাঁসপাতালে সেখানকার গ্রুপ ডি কর্মচারী এবং ক্যাজুয়াল কর্মচারিরা লাগাতার অবস্থান শুরু করেছে বিভিন্ন দাবির ভিত্তিতে। সেখানে একটা অব্যবস্থার সৃষ্টি হয়েছে। গ্রুপ ডি কর্মচারিরা যেখানে থাকে সেখানে পুলিশ গিয়ে রাত্রি বেলায় হামলা করছে এবং সেখানে তাদের ঘর বাড়ি ভেঙ্গে দেওয়া হচ্ছে। সেখানে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে সেখানে যে কোনো দিন একটা গন্ডোগোল সৃষ্টি হতে পারে। হাসপাতালের রোগীরা যাতে অব্যবস্থার মধ্যে না পড়ে তার জন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেখানকার যিনি সুপারিনটেনডেন্ট আছেন তিনি একটা বেডে ২ জন রোগীর নাম দিয়ে ১ জনের রেন্ট তুলছেন। ওই হাসপাতালে একটা বেডে দু-জন করে রুগী শুয়ে আছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন তাদের সঙ্গে বসেন এবং যাতে একটা সেটেলমেন্টে আসা যায় তার ব্যবস্থা করেন।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহু প্রতীক্ষার পর অনেক চেষ্টা করে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু করা হয়েছে। তারা এই প্রথম নিজের উদ্যোগে পাবলিক একজামিনেশন নিতে যাচ্ছে, বি. এড. স্নাতোকত্তর পরীক্ষা নিতে যাচ্ছে। এক শ্রেণীর পরীক্ষার্থী হোম সেন্টারের দাবিতে, চুরি এবং নকল করার দাবিতে, মডেল কোশ্চেনের দাবিতে পরীক্ষা যাতে না হয়, পরীক্ষা যাতে ভন্ডুল হয় তার চেষ্টা করছে। কিছু ছাত্রপরিষদের ছাত্র এই বি. এড পরীক্ষা যাতে ১৫ দিন না হয় এবং যাতে গণ টোকাটুকি করতে পারে, যাতে বিশ্ববিদ্যালয়ের কাজ ব্যহত হয় তার জন্য রেজিস্টারকে ঘেরাও করে পরীক্ষা বন্ধ করার চেষ্টা করছে। মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে আমি দৃষ্টি আকর্ষণ করছি যাতে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মতো পাশাপাশি কলেজগুলিতে যেমন পরীক্ষা নেওয়া হয় সেই নিয়ম যাতে চালু করা যায়, পরীক্ষা যাতে ঠিকমতো করা যায়, ছাত্রপরিষদের সমস্ত চেষ্টা যাতে ব্যর্থ করা যায় সেই ব্যাপারটা তিনি যেন দেখেন।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী শান্তি বিশ্বাস মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। প্রত্যেকটি বিদ্যালয়ে সরকারি পাঠ্যপুস্তক সংক্রান্ত যে অব্যবস্থা চলছে সে সম্বন্ধে আমি এখানে উল্লেখ করতে চাই। ক্লাস ফোর এবং ক্লাস থ্রি'র 'গণিত' বই এ বছর এখনও সরবরাহ করা হয়নি বলে বিদ্যালয়গুলিতে এখনও পর্যন্ত পঠন-পাঠনের কাজ আরম্ভ করা সম্ভব হচ্ছে না। আমি এ বিষয়ে বিশেষ ভাবে পশ্চিম দিনাজপুরের কুশমন্ডি থানার অন্তর্গত কয়েকটি স্কুলের কথা

বলব। ওখানে কুশমন্ডি সার্কেলের একটি বিদ্যালয়ে ক্লাস ফোর'এর গণিত বই এখনও পর্যন্ত দেওয়া হয়নি। আমরা এখানে প্রায়ই শুনতে পাই—এই সরকার বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে যে ভাবে বইপত্র সরবরাহ করছে তা বিগত দিনের সরকার আগে কখনও করতে পারেন নি। এই সরকার ছাড়া অন্য কোনো সরকার আগে বিনামূল্যে ছাত্র-ছাত্রীদের মধ্যে বইপত্র সরবরাহ করতে পারেন নি বলে এঁরা দাবি করে থাকেন। কিন্তু আমরা লক্ষ্য করছি যে, এই সরকার এই সমস্ত কথা বলে ছাত্র-ছাত্রীদের ধোঁকা দিয়ে চলেছেন এবং কথা ও কাজের মধ্যে বিরাট এক ব্যবধান সৃষ্টি করছেন। আমি কয়েকদিন আগে পশ্চিমদিনাজপুরের কুশমন্ডি থানার অন্তর্গত করঞ্জি, নাহিট এবং পোড়াবাগদোল প্রভৃতি স্কুলে গিয়েছিলাম। সেখানে আমি দেখেছি যে, একটি স্কুলেও ছাত্র-ছাত্রীদের নতুন পাঠ্যবই সরবরাহ করা হয় নি। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ জানাই, অবিলম্বে ঐ সমস্ত স্কুলে ছাত্র-ছাত্রীদের পাঠ্যপুস্তক সরবরাহের ব্যবস্থা যেন তিনি করেন।

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন স্যার, বিড়ি শ্রমিকরা অত্যন্ত দুস্থ অবস্থার মধ্যে বাস করেন। গত কয়েক বছর আগে দিল্লিতে বিড়ির লেভেলের উপর ট্যাক্স বসিয়ে বলা হয়েছিল যে বিড়ি শ্রমিকদের জন্য একটি ওয়েলফেয়ার স্কীম গ্রহণ করা হবে। সেটি যথারীতি হয়েছে। অফিসও যথারীতি হয়েছে। কিন্তু তা হয়েছে এই রাজ্যের বাইরে ভুবনেশ্বরে। বিড়ি শ্রমিকদের জন্য রিজিওন্যাল অফিসটি এখানে তৈরি হয়নি। অথচ আপনি জানেন, স্যার, বিড়ি শ্রমিকের সংখ্যা আমাদের পশ্চিমবাংলাতেই সবচেয়ে বেশি; আশা করি, একথা সকলেই স্বীকার করবেন। তা সত্ত্বেও রিজিওন্যাল অফিসটি কলকাতার বাইরে ভুবনেশ্বরে স্থাপিত হয়েছে। এর ফলে এখানকার বিড়ি শ্রমিকদের খুবই অসুবিধা হচ্ছে। মাঝখানে কথা হয়েছিল যে, কলকাতার জন্য একটা আলাদা রিজিওন্যাল অফিস তৈরি করা হবে এবং অফিসিয়াল ব্যবস্থাও করা হবে। বারবার করে তাগিদ দেওয়া সত্ত্বেও তা আজও করা হয়নি। এর ফলে এখানে শ্রমিকদের কোনো অসুবিধা হলে বা ওষুধপত্র দরকার হলে তারজন্য অর্ডার সংগ্রহ করতে ভুবনেশ্বরে যেতে হয়। পশ্চিমবাংলার কোনো জায়গায় কোনো কিছু দরকার হলে বা ওষুধপত্র দরকার হলে অর্ডার দিয়ে তা সংগ্রহ করতে হয়। অন্য স্কীমের মাধ্যমে বিড়ি শ্রমিকদের যে সমস্ত সুযোগ সুবিধা পাওয়ার কথা তা এখানকার শ্রমিকরা পায় না। সবচেয়ে আশ্চর্যের ব্যাপার এই যে বিড়ি শ্রমিকদের নিয়ে ছেলেখেলা করা হচ্ছে, বিশেষ করে ওয়েলফেয়ার স্কীম নিয়ে তাদের সঙ্গে ছেলেখেলা করা হচ্ছে। বিড়ি শ্রমিকদের জন্য একটা টি. বি. হাসপাতাল করার কথা বলা হয়েছিল। যে জায়গায় হাসপাতালটি তৈরি করা হবে বলে আগে জানানো হয়েছিল এবং পশ্চিমবাংলা সরকার যে জমি বন্দোবস্ত করেছিলেন, সেই নির্দিষ্ট জায়গায় তা করা হল না। হঠাৎ আমরা দেখতে পেলাম যে হাসপাতালটি অন্য জায়গায়, যেখানে আজ পর্যন্ত কোনো জমি অধিগ্রহণ করা হয় নি, সেখানে নির্মাণের জন্য ব্যবস্থা নেওয়া হল। আমি এই বিষয়ে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের বিশেষ ভাবে দৃষ্টি আকর্ষণ করছি যে, তিনি অবিলম্বে যেন হস্তক্ষেপ করেন।

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী (প্রাথমিক) মহাশয়ের নিকট একটি জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। খুবই

দুঃখের বিষয়, আমরা এখানে যখন 'মেনশন' করি সেই সময়ে কোনো মন্ত্রী উপস্থিত দেখি না। মন্ত্রী মহাশয়দের আমাদের সামনে পাই না বলে আমাদের বক্তব্যগুলো আমরা যথাযথ ভাবে উপস্থিত করতে পারি না। যাইহোক, আমার বক্তব্য হচ্ছে এই যে, হেমতাবাদ ব্লকের মধ্যে প্রতিটি স্কুলের শিক্ষকরা ১৯৮৫ সালের অক্টোবর মাস থেকে আজ পর্যন্ত তাঁদের বেতন পান নি। বেতন না পাওয়ার জন্য পশ্চিমদিনাজপুরের হেমতাবাদ ব্লকের শিক্ষকরা সরকারি পর্যায়ে যোগাযোগ করেন। কিন্তু আজ পর্যন্ত তাঁদের সমস্যার কোনো সুরাহা হয় নি। অঞ্চলের শিক্ষকরা ১৯৮৫ সালের অক্টোবর মাস থেকে আজ পর্যন্ত তাঁদের বেতন বাবদ কোনো অর্থ পান নি। সুরাহার জন্য বিভিন্ন ভাবে তাঁরা চেষ্টা করেছেন, অথচ কোনো ফল পান নি। আমি আপনার মাধ্যমে বর্তমান সরকারের প্রাথমিক শিক্ষক মহাশয়ের কাছে ব্যক্তিগত ভাবে অনুরোধ রাখছি তিনি যেন ১৯৮৫ সালের অক্টোবর মাসের বেতন পায় নি যারা তাদের ব্যবস্থা করে দেন, এই আবেদন রেখে আমি শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় স্পিকার মহাশয়, আমরা জানি রাজ্য সরকার এই রাজ্যের কৃষিঋণ মকুব করেছেন সমস্ত গ্রামাঞ্চলে এগ্রিলোন, ইনপুট লোন এবং গ্রুপ লোন প্রভৃতি মকুব করা হয়েছে এবং এর ফলে গরিব চাষীদের মধ্যে একটা অভূতপূর্ব উৎসাহের সৃষ্টি হয়েছিল। কিন্তু সম্প্রতি দেখা যাচ্ছে গ্রামাঞ্চলে কিছু লাল নোটিশ ছাড়া হচ্ছে ঐগুলোর ঋণ শোধ করার জন্য, এর ফলে চাষীরা বিপন্ন বোধ করছে। এখানে কৃষিমন্ত্রী উপস্থিত আছেন, আমার ধারণা যে প্রশাসনিক আমলারা চক্রান্ত করে এইসব করছে। সাধারণ মানুষকে বিভ্রান্ত করার জন্য এগুলো করছেন। আমি জানি সরকার ঘোষণা করেছেন যে এই ঋণ মকুব করে দেওয়া হবে কিন্তু তা সত্ত্বেও এইভাবে নোটিশ দিচ্ছে। আমি এখানে কৃষিমন্ত্রী উপস্থিত আছেন তাঁর কাছে জানতে চাই তিনি নিজে বলুন কোনো কোনো কৃষিঋণ মকুব করা হয়েছিল এবং কোনো কোনো কৃষিঋণ মকুব করা হয় নি কারণ এর ফলে চাষীদের ঋণ দেওয়ার ব্যাপারে একটা বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি তিনি এখানে স্পষ্ট করে বলুন যে কৃষিঋণ আদৌ মকুব করা হয়েছে কিনা।

**শ্রী আবদুল রৌফ আনসারি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত শনিবার মল্লিক বাজারে একটি বিয়ে বাড়ি থেকে ২জনকে ধরে নিয়ে যায় পার্ক স্ট্রিট থানায়, তারমধ্যে একজন হচ্ছেন মেয়ের বাবা এবং আরেকজন মেয়ের ভাই। এই ঘটনা শুনে সেখানকার লোক্যাল লিডার নির্মলকান্তি দাশ থানায় যান কিন্তু থানায় গেলে পরে তার কোনো কথা না শুনে ওখানকার ও. সি. তাকে লক-আপে বন্ধ করে দেন। এর ফলে ওই পার্ক স্ট্রিট এলাকায় একটা সেনসেশনের সৃষ্টি হয়। এই খবর পাওয়ার সঙ্গে সঙ্গে কর্পোরেশনের কাউন্সিলার এসে বেল দিয়ে নির্মলবাবুকে থানা থেকে নিয়ে যান। এই গন্ডগোলের জন্য পার্ক স্ট্রিট সামনে একটা ডেমোনস্ট্রেশন হয়। আমি সেইজন্য গতকাল সন্ধ্যায় ডি. সি. (সাউথ) এর সঙ্গে দেখা করে ঠিক করা হয় যে পরের দিন সন্ধ্যায় ৫-৬ মধ্যে আমি লিডার অফ দি অপোজিশন থাকব এবং সেইভাবেই আমরা পরের দিন ডেমোনস্ট্রেশন দেব এবং থানায় মেমোরান্ডাম দেব ঠিক করি। লিডার অফ দি অপোজিশন এবং জয়নাল সাহেব এবং করিম চৌধুরী বিধায়ক ছিলেন আমরা সবাই ৫-৬ মধ্যে উপস্থিত হলাম কিন্তু ৬টা পর্যন্ত ডি. সি.র দেখা না পেয়ে যখন লিডার অফ দি অপোজিশন এবং

আমরা বেরিয়ে আসছি সেই সময়ে ডি. সি. এলেন। তিনি আমাদের সঙ্গে কথা না বলে, আমাদের মেমোরান্ডাম না দেখে ওখানে যে পিসফুল ডেমোনস্ট্রেশন হচ্ছিল তার উপরে লাঠিচার্জ আরম্ভ করে দিলেন। এর ফলে কয়েকজন আহত হচ্ছেন। আমি মনে করি বামফ্রন্ট সরকারের এটা একটা ষড়যন্ত্র যে এবং এই ব্যাপারে সি. পি. এম. একটা সার্কুলার দিয়েছে যে কংগ্রেস, এম. এল. এ. এবং কংগ্রেস লিডারদের কোনো কথা শুনবেন না, তাদের হিউমিলিয়েশন করবেন। আমি পুলিশ মন্ত্রীর কাছে আবেদন রাখছি অবিলম্বে যাতে এই ব্যাপারে তদন্ত করা হয় এবং যে পুলিশ অফিসার ফল্টি তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক এবং অপজিশান লিডারকে যে অপমান করা হয়েছে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক। আমার দ্বিতীয় কথা হচ্ছে লাঠি চার্জ যে করা হল এরজন্য এনকোয়ারি করা হোক এবং তাকে শাস্তি দেওয়া হোক।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ছাতনাপুর গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিসে একটা ঘটনা ঘটে গেছে। সেখানকার স্টেশন ইন চার্জের সঙ্গে বিল নিয়ে গ্রাহকদের হাতাহাতি বাদ রেখে আর যা কিছু হবার তা হয়ে গেছে। সেখানে ভুল বিল সব আসছে এবং সেই টাকা গ্রাহকদের পেমেন্ট করতে হচ্ছে। এমন সব ভুল বিল আসছে যে চিন্তা করা যায় না। যেমন একটা বিল বিগত ৩ মাস আগে ৫৩ টাকা বিল এসেছিল আবার পরবর্তী ৩ মাস পরে সেই বিল উঠেছে ১৭৮০ টাকা। এক্ষেত্রে আগে আবেদন করলে চলবে না, বিল পেমেন্ট করতে হবে তারপরে আবেদন করতে হবে। সুতরাং একজন লোককে যদি ১৭৮০ টাকা দিতে হয় তাহলে তো সে দেউলিয়া হয়ে যাবেন। এইভাবে মিটার রিডিংয়ে ভুলে ভর্তি। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি এখানে যাতে একটা সুষ্ঠ নিয়ম করা যায় তার ব্যবস্থা করুন। আবার এমনও হয়েছে যে বিল পেমেন্ট হয়ে গেছে তা সত্ত্বেও বেশ কিছুদিন পরে আবার বিল এল এবং ১০-২০ দিন সময় দেওয়া হয় এর মধ্যে জমা দিতে না পারলে ফাইন লাগে। এক্ষেত্রে যদি গ্রাহকের পূর্ববর্তী রসিদ না থাকে তাহলে সে মুশকিলে পড়বে। তারপরে যদি যোগ-বিয়োগ ভুল থাকে তাহলে ভুল থাকা সত্ত্বেও আগে টাকা জমা দিতে হবে তারপরে দেখা হবে। সুতরাং এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যাতে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেন এবং যাতে গ্রাহকরা হেনস্তা না হয়।

[2-30 — 2-40 P.M.]

**শ্রী সুভাষচন্দ্র মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঝালদার ১ নম্বর ব্লকে এবং ঝালদা দরদা গ্রাম পঞ্চায়েতে ও ইচ্ছাবতী গ্রাম পঞ্চায়েতের সংলগ্নস্থলে একটা ক্ষুদ্র সেচ প্রকল্প আছে, যার নাম নওড়াহারা ক্ষুদ্র সেচ প্রকল্প। এই সেচের জল দিয়ে সমস্ত গ্রামবাসীরা গম ও তরিতরকারি চাষ করে থাকে। স্যার, বর্তমানে এই গম ও তরিতরকারি এবং সব্জী যা উঠছে তার আর উঠবে না, কারণ এই জল আর দেওয়া হবে না। তাই বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন করছি বা দৃষ্টি আকর্ষণ করছি যাতে চাষীরা ওখান থেকে জল পায় সেই ব্যবস্থা তিনি যেন গ্রহণ করেন।

**শ্রী গৌরহরি আদক ঃ** মাননীয় স্পিকার স্যার, আমরা অনেক সময় মেনশনগুলি আপনার মাধ্যমে বিভাগীয় দপ্তরকে পাঠাবার জন্য অনুরোধ করে থাকি এবং আজও আমি একটি আবেদন রাখছি। বাগনান থেকে শ্রীকোড় ফ্রর্ম এইটটিন কিলোমিটার টু টয়েন্টি সিক্স কিলোমিটার এই রাস্তাটার অবস্থা খারাপ। এবং শ্রীকোড় থেকে শামপুর ৮.৫ কিলোমিটার, শামপুর থেকে শিবগঞ্জ সিক্স পয়েন্ট ফাইভ কিলোমিটার এবং শামপুর থেকে ধুনধুলিয়া নাইন পয়েন্ট ফাইভ কিলোমিটার এই রাস্তাগুলি অত্যন্ত খারাপ। এই রাস্তাগুলি অবিলম্বে সারানো দরকার। অনেক বেশি অ্যাকসিডেন্ট হচ্ছে পথ চলতি মানুষদের। সাইকেল চালানো যাচ্ছে না। বাসওয়ালারা হুমকি দিচ্ছে আমরা বাস বন্ধ করে দেব। এই রাস্তাগুলি অবিলম্বে রিপেয়ার করা দরকার। এই রাস্তাগুলি সংস্কার করার জন্য অবিলম্বে স্পেশ্যাল ব্যবস্থা নেওয়া দরকার। তাই এই ব্যাপারটা আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুকুমার রায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে পরিবেশ মন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সাঁওতালডিহি থার্মাল পাওয়ার স্টেশন-র ৮/১০ মাইল রেডিয়াসের মধ্যে যে গ্রামগুলি আছে তাদের বাড়ির অধিকাংশদের চালাগুলি সাদা হয়ে যাচ্ছে এবং এলাকার মানুষ হাপানি এবং ফুসফুস জনিত রোগে ভুগছেন। সেখানে তরিতরকারি কিছু হচ্ছে না এবং গরু মরে যাচ্ছে। খবর নিয়ে জানা গেছে যে সেখানের পরিবেশ অত্যন্ত খারাপ হয়ে পড়েছে। এখানে যে ধুঁয়ার সঙ্গে ছাইও বেরিয়ে আসছে এরজন্য ইলেকট্রস্টেটিক প্রেসিপিটের লাগানো দরকার। এই কথাগুলি এখানে না বললে এবং মন্ত্রী মহাশয় সেই জায়গায় না গেলে বুঝতে পারবেন না। আমি চাই মন্ত্রী মহাশয় সেখানে যান, এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী শচীন্দ্রনাথ হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমিরাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নাবলসিংহপুর মৌজার খানাকুল থানার তহশিলদার জমির খাজনা আদায় করছেন। আপনারা জানেন ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট আসার পর তিন একর পর্যন্ত জমির খাজনা আদায় করা হয়েছিল। ১৯৭৭ সালে বামপন্থী সরকার আসার পর সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর জমির খাজনা মুকুব করা হয়েছিল। যে সমস্ত তহশীলদারের তিন একরের নিচে জমি আছে তাদের থেকেও খাজনা আদায় করছেন। কোনো রকম ছাড় করছেন না। এটা আমি বিভগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ সুশোভন ব্যানার্জি ঃ** স্যার, অন্য কারুর দৃষ্টি আকর্ষণ না করে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে একটা কথা বলতে চাই। আমার বিধানসভার মানুষের কাছে আমি কোনো প্রতিশ্রুতি রাখতে পারছি না। কোনো বড় প্রতিশ্রুতি ছিল না। বোলপুরে ৩০ কিলোমিটারের তিনটি রাস্তা করলে ৭০ হাজার মানুষ উপকৃত হয়। ইলেকশনের সময় বামফ্রন্ট এবং আমরা সকলে মিলে বলেছিলাম যে আপনারা নির্বাচনে যোগ দিন এই ৩টি রাস্তার জন্য চেষ্টা করা হবে।

**শ্রী কমল গুহ ঃ** নির্বাচন কমিশনের যে আচরণবিধি আছে তাতে কোনো প্রার্থী কি নির্বাচনের সময় বলতে পারেন যে আমায় ভোট দাও রাস্তা করে দেব?

**ডাঃ সুশোভন ব্যানার্জি ঃ** যাঁরা ভোট বয়কট করেন তাঁদের অনুরোধ করি যে আপনার

ভোট দিন রাস্তার জন্য চেষ্টা করা হবে। বাহিরী পাঁচপুর নিমতলা সিংহী হয়ে সোপসান এই ১০ কিলোমিটার রাস্তাটি তৈরি হলে কৃষিজ পণ্য বাজার পাবে। আমি কমলবাবুকেও এটা জানিয়েছিলাম। দু'নং হচ্ছে আদিত্যপুর কোপাই রাস্তাটি আমেদপুর চিনি কল পর্যন্ত হবে। তিন নং গোয়ালপুর পারুই রাস্তা হলে বোলপুর শহরে দ্বিতীয় একটা রাস্তা হবে। এই রাস্তাগুলি হলে জনসাধারণ উপকৃত হবে। আমি সভাধিপতি, মন্ত্রীর কাছে গিয়েও কিছু করতে পারিনি। সেজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ঐ রাস্তা তিনটি আগামী নির্বাচনের আগে যাতে হয় তার একটা ব্যবস্থা আপনি করুন।

**শ্রী নীরোদ রায়চৌধুরী :** স্যার, আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা কথা বলতে চাই। উনি অনেক কাজ করেছেন, ওঁর বিভাগ কৃষিজীবীদের মধ্যে নূতন জীবনের সঞ্চার সৃষ্টি করেছেন। কিন্তু তবুও তাঁকে বলি যে যখন বাজারে আলু, পটল, ঝিঙে, উচ্ছে ইত্যাদি আসে তখন তার দাম থাকে না এবং কৃষি যে খরচ করে সে তার দাম পায় না। ফলে সে কখনও ভাবে যে সে আর চাষ করবে কিনা। সুতরাং ফলনের লাভজনক দাম সে যাতে পায় তার ব্যবস্থা করা যায় কি না সেটা কি তিনি চিন্তা করবেন? অর্থাৎ এ ব্যাপারে তাদের সার, বীজ ইত্যাদি ভরতুকি দেয়া যায় এবং তাদের সব মাল সরকার থেকে কিনে নিয়ে বাজারে বিক্রি করার ব্যবস্থা করলে তাঁরা বাঁচতে পারে। এ বিষয়ে আমি কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-40 — 2-50 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে নগর উন্নয়ন মন্ত্রী আছেন, আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতায় জল কষ্ট কয়েকদিন শুধু ভয়াবহ নয় কয়েকটি এলাকায় ২ দিন যাবত কোনো লোক জল পায়নি এবং কয়েকটি জায়গাতে জল নাকি ৮ আনা ১ টাকা বালতি কিনে আনতে হচ্ছে, সকাল থেকে জলের জন্য লাইন দিতে হচ্ছে। গ্রামাঞ্চলে পুকুর আছে, তাই দিয়ে লোকে জলের অসুবিধা দূর করতে পারে, কিন্তু কলকাতায় পাইপের জলের উপর লোকে নির্ভরশীল। কলকাতায় একদিকে লোকে জল পাচ্ছে না, আর একদিকে কিছু কিছু জায়গায় জলের অপচয় হচ্ছে। বড় বড় পাইপের নাটগুলি খুলে দেওয়ায় বস্তি এলাকায় জলের অপচয় হচ্ছে। এই ব্যাপারটা দেখার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি গতকাল কয়েকটি জায়গায় গিয়েছিলাম, দেখলাম পাইপের নাট খুলে দিয়ে এক সঙ্গে ২৫ জন স্নান করছে। জলের এই অপচয় রোধ করবার জন্য হস্তক্ষেপ করুন এবং যুদ্ধকালীন অবস্থায় জলকষ্ট দূর করার ব্যবস্থা করুন এটাই মন্ত্রী মহাশয়ের কাছে আমার বক্তব্য।

**Mr. Speaker :** Shri Sadhan Chattopadhyay, your mention is out of order. It is not allowed.

**শ্রী মহম্মদ নিজামুদ্দিন :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে আমাদের কলকাতা শহরে মহামেডান বেরিয়াল গ্রাউন্ড, হিন্দু বেরিয়াল গ্রাউন্ড, শ্মশান ঘাট ইত্যাদি আছে, এই সমস্ত জায়গা কংগ্রেসিরা তাদের ২৮ বছরের রাজত্বকালে রক্ষণাবেক্ষণ করেনি, কোনো ডেভেলপমেন্ট করেনি। আমাদের বামফ্রন্ট সরকার আসার পর লক্ষ লক্ষ টাকা খরচ

করে বাউন্ডারি ওয়াল করা হচ্ছে, রাস্তা-ঘাট করা হচ্ছে, জলের ব্যবস্থা হচ্ছে, পুকুরের পাড় বাঁধানো হচ্ছে। কিন্তু এই কংগ্রেস (আই) পার্টি গত পার্লামেন্ট নির্বাচনের সময়, গত কর্পোরেশনের নির্বাচনের সময় এই কবরখানার রাজনীতি নিয়ে এটা প্রচার করে যে বামফ্রন্ট সরকারের এম. এল. এ. মহঃ নিজামুদ্দিন নাকি এই বেরিয়াল গ্রাউন্ডের একটা অংশ ফুটবল গ্রাউন্ড করে দিয়েছেন। কংগ্রেস (আই) এবং মুসলিম লীগ জয়েন্ট হ্যান্ড করে এই সমস্ত প্রচার করেছেন। গত ১৪ তারিখে ওদেরই একজন কাউন্সিলর ৫নং ওয়ার্ডের তিনি কর্পোরেশানে একটা বক্তব্য রেখেছেন; সেই বক্তব্যে তিনি বলেছেন লেফট ফ্রন্ট সরকারের আমলে কবরখানা ফুটবল গ্রাউন্ড হয়ে যাচ্ছে। আমি তার তীব্র প্রতিবাদ করছি এবং চ্যালেঞ্জ করছি এটা ঠিক নয়। আনক্লেমড বডির একটা কবরখানার অংশ কংগ্রেস আমলে যখন কংগ্রেস এম. এল. এ-রা কংগ্রেস কাউন্সিলাররা ছিলেন ১৯৫০ সালে খেলার মাঠ হয়েছিল, আমাদের আমলে হয়নি। যে উর্দু কাগজ ১৪ তারিখে আমার নাম করে বলেছে যে আমি নাকি সেই জমি খেলার মাঠের জন্য দিয়ে দিয়েছি। সেই কাগজকে বলছি এটা সম্পূর্ণ অসত্য কথা, এক সপ্তাহের মধ্যে তারা যদি তাদের বক্তব্য প্রত্যাহার করে না নেন তাহলে আইনগতভাবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে আমি বাধ্য হব।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হল ১৯৩৮ সালে ম্যাকলিয়ড কোং বি ডি আর রেল এবং ব্যান্ডেল কাটোয়া লুপ লাইন তৈরি করেছিল। ১৯৬৭ সালে রেল দপ্তর থেকে ২০ বছরের জন্য ঐ ম্যানেজমেন্টকে জাতীয়করণ করে। ১৯৮৭ সালে তার টার্ম শেষ হয়ে যাবে। এটা বর্ধমান বাঁকুড়ার ব্যাপার নয়। এই ঐতিহাসিক রেলকে সম্পূর্ণভাবে যাতে জাতীয়করণ করা হয় তার জন্য অবিলম্বে কেন্দ্রীয় সরকারের ব্যবস্থা নেওয়া উচিত। সাউথ ইস্টার্ন রেল এই রেলের কোনো ডেভেলপমেন্ট করছে না। এবং তাদের অব্যবস্থার জন্য এই রেলটি ভয়াবহ অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য রেল দপ্তর তথা কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সুকুমার মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে নদীয়া জেলার রানাঘাট মহকুমার তাহেরপুরে যে উদ্বাস্তুরা বসবাস করছে তার সংখ্যা হচ্ছে ২৫ হাজার—এবং তার আশ-পাশ নিয়ে আরও প্রায় ১৪ হাজার লোক বসবাস করছে। এই ৪০ হাজার লোকের চিকিৎসার জন্য সেখানে একটি ৬ শয্যা বিশিষ্ট সহায়ক হেলথ সেন্টার আছে। সেখানে কোনো অন্তর্বিভাগ নেই, প্রসূতিরা সেখানে যেতে পারে না। এবং সব সময় সেখানে চিকিৎসকও থাকে না। ফলে ঐ তাহেরপুর অঞ্চলটি সম্পূর্ণ চিকিৎসা থেকে বঞ্চিত হয়ে আছে। আমার অনুরোধ ঐ ৬টি শয্যা বিশিষ্ট সহায়ক স্বাস্থ্য কেন্দ্রটি ১০ শয্যা বিশিষ্ট করা হোক এবং সেখানে যাতে স্থায়ী চিকিৎস্বক থাকে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে গত কয়েক দিন ধরে আমরা খবরের কাগজের মাধ্যমে দেখতে পাচ্ছি এবং আমাদের উদ্বেগের কারণ হল এই যে আমাদের সিভিল ডিফেন্স মিনিস্টার রাম চ্যাটার্জি

সম্পূর্ণ বেআইনি ভাবে হোম গার্ড রিক্রুট আরম্ভ করেছে। কিছু দিন হল প্রায় ৫০০.........

**Mr. Speaker :** Mr. Banerjee, have you given notice to Minister, Shri Ram Chatterjee? If not, it will be cancelled. If you want to make any allegation against any Minister, prior notice will have to be given. Any accusation without giving prior notice to the person concerned is illegal. You cannot name the Minister.

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** নাম বাদ দিয়ে বলছি। সেখানে ৫০০ রিক্রুট হয়ে গিয়েছে, আরও নাকি শুনছি আরও ৩০০ হোম গার্ড রিক্রুট করা হবে। যাদের রিক্রুট করা হচ্ছে তারা সব কোয়েশ্চেনেবল ক্যারেকটার। উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই সব জিনিস করা হচ্ছে। এদের নিয়ে একটা মফেট গ্রুপ তৈরি করার চেষ্টা হচ্ছে। যাদের হাতে আইন শৃঙ্খলার ভার থাকবে তাদের চরিত্র যদি এইরকম হয় তাহলে সর্বনাশ হয়ে যাবে। এই বিষয়ে আমি মুখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-50 - 3-00 P.M.]

**শ্রী আবুল হাসানৎ খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মারফত বামফ্রন্ট সরকারের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরতে চাই। মুর্শিদাবাদ জেলার বর্তমানে সব চেয়ে বড় সমস্যা হল গঙ্গা ভাঙনের সমস্যা। এই গঙ্গা ভাঙনের ফলে প্রায় ১০/১১টি ব্লক প্রচন্ড ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এখনো ১ হাজার মানুষ বাস্তুহারা, তাদের পুনর্বাসনের কোনো ব্যবস্থা করা যায় নি। আমি সম্প্রতি একটি রিপোর্টে শুনলাম প্রায় ৩৬ হাজার হেক্টর জমি আমাদের ভারতবর্ষ থেকে বাংলাদেশে চলে গেছে। আমাদের পশ্চিমবাংলার জমি গঙ্গা ভাঙনে বাংলাদেশে চলে গেছে এবং আন্তর্জাতিক সীমারেখা আজকে বদলে যাচ্ছে। স্যার, এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়। এই ব্যাপারে অবিলম্বে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা দরকার। ফরাক্কা ব্যারেজ প্রোজেক্ট হবার পর ফরাক্কা ব্লক ও তার নিচের কয়েকটি ব্লক প্রচন্ড ভাবে গঙ্গা ভাঙনের কবলে পড়েছে। আমরা বিভিন্ন খবরে শুনছি কেন্দ্রীয় সরকার এই গঙ্গা ভাঙন রোধ করার জন্য অর্থ সাহায্য করার ব্যবস্থা গ্রহণ করেছেন। অনেক প্রতিশ্রুতির কথাও আমরা শুনছি। কিন্তু এখনো পর্যন্ত সেই প্রতিশ্রুতি বাস্তবে কার্যকরী হয় নি। আমি কয়েকটি সঙ্কটজনক এলাকার নাম উল্লেখ করছি। যেমন নয়নশূর, শাঁকোপাড়া, ধুলিয়ান, বেনিয়াগ্রাম, দুর্গাপুর, বাতিজপুর, জঙ্গীপুর ব্যারেজ, মিঠিপুর ইত্যাদি গঙ্গা, ভাগিরথীর কাছাকাছি এসে গেছে। এই সমস্ত জায়গায় ভাঙন অবিলম্বে রোধ করা দরকার। এই বিষয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার চাপ সৃষ্টি করুন।

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১১ তারিখ থেকে ভদ্রেশ্বরের জগদ্ধাত্রী পল্লী কলোনি এলাকায় ভীষণ ভাবে গন্ডগোল, মারদাঙ্গা চলছে। গত ১১ তারিখে সেখানকার ৫/৬টি বাড়িতে আগুন ধরিয়ে পুড়িয়ে দেওয়া হয়েছে এবং সেখানে পুলিশ ঢুকতে দেওয়া হচ্ছে না। পুলিশ ব্যারিকেড করা হচ্ছে, পথ রোধ করা হচ্ছে। গত শনিবার হুগলি জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট একটি মিটিং ডেকেছিলেন। ওখানে আমি

ছিলাম, বিধায়ক তারাপদ সাধুখাঁও ছিলেন। ওদের পক্ষ থেকে বলা হয় এই সমস্ত পুলি প্রশাসন সি. পি. এম. এর পক্ষ হয়ে কাজ করছে। সেই ব্যাপারে আমি জানাতে চাই যে এটা আধা ফ্যাসিস্ট সন্ত্রাসের রাজত্ব নয়। ১৯৭০/৭২ সালে তারা পুলিশ প্রশাসনকে নিজেদে জন্য ব্যবহার করতেন এবং সেই ভাবে তারা আমাদের ১১০০/১২০০ লোককে হত্য করেছিলেন, সি. আই. টি. ইউ. অফিস ওখান থেকে উচ্ছেদ করে দিয়েছিলেন। সেই সম বহু মানুষকে এলাকাচ্যুত করেছিলেন। কিন্তু বর্তমানে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে এবং সে গণতন্ত্রের জন্য বহু আন্দোলন করা হয়েছে। ১৯৭৭ সালে এই গণতন্ত্র প্রতিষ্ঠিত করা হয়েছে তারপর আজকে যদি এই ধরনের ঘটনা চলে তাহলে আমি এই কথা বলতে চাই, অবিলম্বে এই ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী হস্তক্ষেপ করে ওখানে যাতে শান্তি প্রতিষ্ঠিত হয়, মানু এলাকায় ফিরে যেতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রী হিমাংশু কুঙর ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কেশপুরে একটি মাত্র ১৫ শয্যা বিশিষ্ট প্রাইমারি হেল সেন্টার আছে। ওখানে প্রতিদিন গড়ে ৭০০/৮০০ রোগী আসে। ১৯৮২ সালে ওখানকা স্থানীয় জনসাধারণ মিলে আমরা এটাকে বাড়িয়ে ৫০ শয্যা বিশিষ্ট হেলথ সেন্টারে পরিণত করার জন্য অবেদন জানিয়ে ছিলাম। রাইটার্স বিলডিংসে মন্ত্রীর সঙ্গে দেখাও করেছিলাম উর্দ্ধতন স্বাস্থ্য বিভাগের কর্তৃপক্ষ স্বীকার করেছিলেন যে, এটাকে রুর‍্যাল হসপিটালে পরিণত করা দরকার, নতুবা এর শয্যা সংখ্যা বাড়ানো দরকার। এর পরে বার বার চেষ্টা কর হয়েছে, কিন্তু এখন পর্যন্ত ওখানে শয্যা সংখ্যা বাড়েনি। তাই আমি আপনার মাধ্যমে আবেদন করছি হয় এটাকে রুর‍্যাল হসপিটালে পরিণত করা হোক, না হয় ওখানে অবিলম্বে শয্য সংখ্যা বাড়িয়ে ৫০ বেডের হাসপাতাল করা হোক।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্রের একটি গুরুত্বপূ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি স্যার, পাণ্ডুয়া হুগলি জেলার একটি বিশেষ গুরুত্বপূর্ণ জায়গা। হুগলি জেলার চুঁচড়া সদরে সঙ্গে তার যোগাযোগের বিশেষ প্রয়োজন। টেলিফোনের জন্য তাকে ঘুরে আসতে হয় বর্ধমা দিয়ে। এরজন্য স্যার, মানুষ তার কোনো সুবিধা পায় না। কেন্দ্রীয় সরকার টেলিফোন বাড়াচ্ছেন না। স্যার, এ ব্যাপারে কেন্দ্রীয় মন্ত্রী মিঃ গ্যাডগিলের কাছে আবেদনও জানানো হয়েছিল এবং তিনি অর্ডারও দিয়েছিলেন। তার ডি. ও. নাম্বার হচ্ছে—৪৭৬২/৮৪ পি. এইচ টি. ডেট হচ্ছে, ৪.১.৮৫। স্যার, খন্যান থেকে তালান্ডু আকাশবাণী ভবনের দূরত্ব হচ্ছে ২৫ মিটার। এই পথটি যদি তার দিয়ে যোগ করা হয় তাহলে অনেক কাজ হয়। সেই অর্ডা আজ পর্যন্ত কার্যকর হচ্ছে না। কেন অর্ডার কার্যকর হচ্ছে না, কোথায় আটকাচ্ছে এসব দে এখানকার অসুবিধা দূর করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রীহাজারী বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে প্রতি মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার কিছুদিন যাবত আমাদের মুর্শিদাবাদ জেলার গ্রামে গঞ্জে মশার প্রচন্ড উপদ্রব শুরু হয়েছে সেখানে মশার উপদ্রব এমন পর্যায়ে এসেছে যে সন্ধ্যাবেলার পর ছাত্রছাত্রীরা এবং অন্যান মানুষরা বসে পড়াশুনা করতে বা কোনো কাজ করতে পারছেন না। ছোটো ছোটো আকারে

মশাগুলি মশারির ভেতরে এমন ভাবে ঢুকে যাচ্ছে যে তাদের তাড়িয়ে বের করারও উপায় নেই। স্যার, বিগত দিনে এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের একটি প্রকল্প ছিল কিন্তু বর্তমানে তা আর নেই। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন, কেন্দ্রীয় সরকার ঐ প্রকল্পের অনুমোদন বর্তমানে যদি না দেন তাহলে মানুষের স্বার্থে রাজ্যসরকার নিজ উদ্যোগে এ সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী নটবর বাগদী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গে আদিবাসী এবং হরিজনদের উপর অত্যাচার হয়না একথা আমরা জোরের সঙ্গে প্রচার করি। স্যার, আসানসোলের পশ্চিমাঞ্চলে এবং পুরুলিয়ার কয়লাখনি অঞ্চলে আমরা কিন্তু দেখছি প্রতিদিন বিশেষ করে আদিবাসী ও হরিজন মহিলাদের উপর কেন্দ্রীয় সরকারের যে শিল্প নিরাপত্তা বাহিনী আছে—সি. আই. এস. এফ.—তারা অত্যাচার চালিয়ে যাচ্ছে। এ ব্যাপারে তারা স্থানীয় প্রশাসনের কথাও শুনছে না। এ বিষয়ে মাননীয় সদস্য শ্রী বামাপদ মুখার্জি মহাশয় এ হাউসে এর আগে উল্লেখ করেছিলেন। স্যার, অবিলম্বে যদি হরিজন ও আদিবাসীদের উপর এই অত্যাচার বন্ধ না হয় তাহলে সেখানকার জনসাধারণ বড় আন্দোলনের পথে চলে যেতে পারে। এ ব্যাপারে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুধাংশুশেখর মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১৬.২.৮৬ তারিখে বেলা ৪টের সময় পুরুলিয়া জেলার হুড়া কলাবনী গ্রামপঞ্চায়েতের অধীন তিলাবনী গ্রামে আমাদের কৃষক সমিতির ডাকে একটি সভা হয়। ঐ সভায় কংগ্রেস এবং ঝাড়খন্ড মুক্তি মোর্চার সমর্থকরা আমাদের উপর আক্রমণ করে। সেখানে আমাদের দুজন সমর্থককে কুপিয়ে কুপিয়ে হত্যা করা হয় এবং ১০/১২ জন আহত হয়। সেখানে আমাদের যিনি বক্তা ছিলেন শ্রী নটবর বাগদী মহাশয়, তাঁকে লক্ষ্য করে তীর ছোঁড়া হয়। তাঁকে কংগ্রেস ও ঝাড়খন্ড মুক্তি মোর্চার সমর্থকরা তাড়া করে এবং তিনি প্রাণ বাঁচাতে সেখান থেকে পালিয়ে যান। উক্ত ঘটনার ব্যাপারে হুড়া থানায় ডায়রি করা হয়েছে কিন্তু দোষীদের পুলিশ গ্রেপ্তার করে নি। অবিলম্বে যাতে দোষীদের গ্রেপ্তার করা হয় তারজন্য স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[3-00 — 3-10 P.M.]

**শ্রী অজিত বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে মাননীয় সদস্য লক্ষ্মীকান্ত দে বিড়ি শ্রমিক সম্পর্কে একটা উল্লেখ করেছেন। আমি সেই সম্পর্কে কিছু বলতে চাই। আপনি জানেন যে পশ্চিমবঙ্গে প্রায় পাঁচ লক্ষ বিড়ি শ্রমিক বিড়ি সম্পর্কিত নানা রকম কাজের সঙ্গে যুক্ত। যদিও আমাদের রাজ্য সরকার তিনটি স্তরে এই সব বিড়ি শ্রমিকদের ন্যুনতম মজুরি বেঁধে দিয়েছেন কিন্তু সেটা কার্যকর করার কোনো ব্যবস্থা ঠিক ঠিক মতো নেই। এই তিনটি স্তর হচ্ছে কলকাতা এবং ২৪ পরগনা ডিয়ারনেস মিলিয়ে ২৫ টাকা। হাওড়া হুগলি ডি. এ. নিয়ে ২২ টাকা, বাকি জেলাগুলোতে ১৯ টাকা। এই বিড়ি শ্রমিকরা অত্যন্ত নিম্ন মজুরির মানুষ এবং সারা ভারতবর্ষে দারিদ্র সীমার নিচের স্তরে যে ৫০ ভাগ লোক আছে, তাদের সংখ্যা এরা দিনের পর দিন বৃদ্ধি করছে। তাই পশ্চিমবঙ্গের বিড়ি শ্রমিক এবং বিড়ি শিল্পের

সঙ্গে যুক্ত লক্ষ লক্ষ শ্রমিক, তাদের যে সংগঠন ওয়েস্ট বেঙ্গল বিড়ি অ্যান্ড টোব্যাকো ওয়ার্কার্স ইউনিয়ন, তাদের পক্ষ থেকে তাদের যে নিম্নতম মজুরি এবং তাদের উপর নানা রকম যে অত্যাচার চলছে, তার প্রতিবাদে আগামীকাল ১৯ তারিখে কলকাতায় একটা গণ ডেপুটেশন আসছে মুখ্যমন্ত্রীর কাছে। তাই আপনার মাধ্যমে শ্রম দপ্তরের মন্ত্রী মহাশয়ের নিকট আমার আবেদন, তাদের এই বিষয়গুলি যেন যথোপযুক্ত ভাবে বিবেচনা করা হয়।

**শ্রী উপেন কিস্কু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন বাঁকুড়া জেলার রায়পুর, রাণীবাঁধ অঞ্চলে সেচের জলের অভাব দেখা দিয়েছে। সেখানে ভাল চাষবাস হয়েছে কিন্তু এখন চাষীরা জল পাচ্ছে না। বর্তমানে সেখানে একটু গরম পড়ার ফলে জলাধারগুলো, যেমন পুকুর, কুয়ো, প্রভৃতির জলস্তর নেমে গেছে। গরু ছাগল, প্রভৃতি জন্তু জানোয়ারদেরও জলকষ্ট দেখা দিয়েছে। সুতরাং আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, কংসাবতী জলাধারে বর্তমানে অনেক জল আছে, সেই জলাধার থেকে আর. বি. এম. সি. মারফত যেন দিন সাতেক জল ছাড়ার ব্যবস্থা করেন। এর ফলে শুকিয়ে যাওয়া পুকুরগুলো ভরবে, সেচের ব্যবস্থা হবে এবং জলকষ্ট দূর হবে। এই দাবি আমি আপনার মাধ্যমে রাখছি।

**শ্রী সাত্ত্বিক কুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার রাজনগর থানায় হঠাৎ গত ১২ তারিখে বিকাল ৫টা নাগাদ বন্দুক ছিনতাই হয়ে গেল। আপনারা জানেন বীরভূম জেলা আগে নকশাল এলাকা ছিল। আশ্চর্যের কথা বীরভূম জেলায় বর্তমানে পুলিশের যা অবস্থা, পুলিশ প্রশাসন প্রায় ভেঙ্গে পড়েছে। খুন, ছিনতাই, রাহাজানি, ডাকাতি প্রতিনিয়ত ঘটছে। ওখানকার এস. পি. ট্রান্সফার হয়ে গেছে, অ্যাডিশনাল এস. পি. নেই। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি বীরভূম জেলার পুলিশি প্রশাসনের দিকে নজর দেন। ঐ জেলায় উপর্যুপরী বাস ছিনতাই হওয়ার ফলে ট্যুরিস্টরা বক্রেশ্বর, তারাপীঠ এই সব জায়গায় আসছে না। আমি আপনার মাধ্যমে অনুরোধ রাখছি স্বরাষ্ট্রমন্ত্রী যাতে এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী অমিয়ভূষণ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা, ২৪ পরগনা জেলার বসিরহাট এক নং ব্লকের অধীন জালালপুর—সোলাদানা এই রাস্তাটি গত ৮ বছর যাবত পূর্ত বিভাগ কোনো কাজ কর্ম করেন নি। ফলে এই রাস্তাটি অচল হওয়ার মতো অবস্থায় এসেছে। এই সম্পর্কে যদি সত্বর ব্যবস্থা গ্রহণ না করা হয় তাহলে ঐ এলাকার মানুষ বিশেষ অসুবিধার মধ্যে পড়বেন, এবং ঐ এলাকার জনগণের মনে একটা অসন্তোষ দানা বাঁধবে। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, আশা করি পূর্ত মন্ত্রী মহাশয় সত্বর ব্যবস্থা গ্রহণ করবেন।

**মিঃ স্পিকার :** নাউ জিরো আওয়ার।

## ZERO HOUR

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বি. জি. প্রেসের দুরবস্থার কথা আপনার মাধ্যমে তুলে ধরতে চাই। আপনারা সকলেই জানেন যে বি. জি. প্রেস থেকে গত

দু'বছর যাবত বাজেটের কাগজ ছাপা হয়ে এসে পৌঁছায়নি। এবার তারা সহযোগিতা করছে। তবে ঐ প্রেসকে আধুনিকীকরণ করার দরকার আছে। সেখানে লাইনো মেশিন কাপড় ঢাকা দেওয়া অবস্থায় পড়ে রয়েছে। কাটিং মেশিন নতুন যেমন কেনা হয়েছে সব চাপা দেওয়া রয়েছে। অন্যান্য যে সব যন্ত্র কেনা হয়েছে সেইগুলো সারানোর কোনো ব্যবস্থা নেই, কাপড় চাপা দেওয়া রয়েছে। এই অবস্থায় সেখানকার কর্মচারিরা বিভিন্ন দাবি দাওয়া নিয়ে আন্দোলন করছে। সঙ্গে সঙ্গে তারা বাজেটের কাজও করছে আন্তরিকতার সঙ্গে, বাজেটের কাজ এগিয়ে চলেছে। এখানে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবস যে সমস্ত কর্মচারী আছেন তাদের সম্পর্কে আমাদের এই বিধানসভার মাননীয় সদস্য সুকুমার রায় একটা প্রশ্ন করেছিলেন। সেই প্রশ্নের জবাবে মন্ত্রী মহাশয় বিধানসভায় বক্তব্য রেখেছিলেন। সেই বক্তব্যের মাঝখানে একটা স্টেটমেন্ট তিনি দিয়েছিলেন এই অ্যাসেম্বলি ফ্লোরে, সেখানে উনি বলেছিলেন যে ওখানে ৮৫ জন শিডিউল্ড কাস্ট কর্মচারী আছেন, শিডিউল্ড ট্রাইবস নেই, মুসলমান ৯জন। কিন্তু সেখানে শিডিউল্ড কাস্ট রিজার্ভেশন কোটা রয়েছে—আমি একটা স্টেটমেন্ট দেখাচ্ছি, ওরা দাখিল করেছে গভর্নমেন্টের কাছে ২৮.৮.৮৫ তারিখে। তাতে উনি বলছেন—জেরক্স কপি দিচ্ছি, শিডিউল্ড কাস্ট কাজ করছে ১১৫ জন, শিডিউল্ড ট্রাইবস পাঁচ। মিনিস্টার যে স্টেটমেন্ট করেছেন তার সঙ্গে কোনো মিল নেই। আমি সেখান থেকে পরিসংখ্যান নিয়ে এসেছি। মাত্র সেখানে ২৫ জন শিডিউল্ড কাস্ট লোক কাজ করছেন, যদিও তাদের ভ্যাকেন্সি ১১৫ জনের। শিডিউল্ড কাস্টদের যে সুযোগ দেবার ব্যবস্থা থাকা দরকার, সাম পার্সেন্টেজ রিজার্ভেশন, সেই রিজার্ভড কোটা তাদের দেওয়া হয় নি। শিডিউল্ড ট্রাইবসদেরও দেওয়া হয়নি। উপরন্তু মন্ত্রী মহাশয় একটা অসম্পূর্ণ তথ্য এখানে পরিবেশন করেছেন, তাঁদের অফিশিয়াল রেকর্ড—ডেপুটি সেক্রেটারি, স্পেশ্যাল সেক্রেটারি যে রিপোর্ট দিয়েছেন, সেটা সম্পূর্ণ উল্টো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে নিবেদন করতে চাই, এই তপশীল সম্প্রদায়-এর চাকরির জন্য কেন্দ্রীয় সরকার থেকে আরম্ভ করে সব জায়গায় একটা বিশেষ ব্যবস্থা আছে। তাদের সেই ন্যায্য দাবি থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। সুতরাং এই সব শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসরা যাতে ন্যায্যমতো চাকরি পায় তার জন্য আপনার মাধ্যমে শিল্পমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং বি. জি. প্রেসকে আধুনিকীকরণ করার ব্যবস্থা করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী নীরোদ রায়চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছুদিন ধরে হাবড়া শহর এলাকা এবং তার আশেপাশে দুর্বৃত্তদের দাপাদাপি এত বেড়ে গেছে, যার ফলে জন জীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। এই সব দুর্বৃত্তরা খুন করছে, বোমাবাজি করছে, মারামারি করছে, বাজার বন্ধ করছে, রাস্তা বন্ধ করছে, একটা সন্ত্রাসের রাজত্ব কায়েম করে ফেলেছে। কংগ্রেসের দুটো দল, একটা দল (***) আর একটা দল,—(***)

**মিঃ স্পিকার :** নাম বাদ যাবে।

---

*** **Note :** Expunged as ordered by the Chair.

[3-10 — 3-45 P.M.] Including Adjournment

দুটো গ্রুপ। একটা গ্রুপ গিয়ে বন্দেমাতরম ধ্বনি দিয়ে সব দোকান বন্ধ করাচ্ছে, আর একটা গ্রুপ আবার বন্দেমাতরম ধ্বনি দিয়ে গিয়ে দোকান খোলাচ্ছে। সারা হাবড়া শহরে একটা সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি হয়েছে। আজকে রাস্তা বন্ধ করা হচ্ছে, বাজার বন্ধ করা হচ্ছে, সিনেমা বন্ধ করা হচ্ছে, মেয়েরা রাস্তায় হাঁটতে পারছে না। মদের ফোয়ারা চলছে। তপন মিত্র নামে এক যুব কংগ্রেসি নেতাকে অ্যারেস্ট করিয়ে দেওয়া হল। অ্যারেস্ট করার পর ১৪ দিন জেল খাটল। ১৪ দিন জেল খেটে পরশুদিন সে ফিরেছে, ফিরেই সে তার দলবল নিয়ে বন্দেমাতরম করে বেরাচ্ছে এবং বলে বেড়াচ্ছে যারা আমাদের অ্যারেস্ট করিয়ে দিল তাদের আমি মাথা নেব। এই বন্দেমাতরম দল হাবড়া শহরকে ব্যতিব্যস্ত করে তুলেছে। হাবড়া শহরের মানুষ বাড়ি থেকে বেরুতে পারছে না, বাজারে যেতে পারছে না। যখন তখন বাজার বন্ধ হয়ে যাচ্ছে, রাস্তা বন্ধ হয়ে যাচ্ছে। তাই আমি অনুরোধ করছি, এই বন্দেমাতরম দলকে ঠেকানোর জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

(At this stage, the House adjourned till 3-45 p.m.)

[3-45 — 3-55 P.M.] (After adjournment)

## LEGISLATION

### The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1986.

**Shri Sunil Kumar Majumdar :** Sir, with your permission I beg to introduce the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1986.

(Secretary then read the Title of the Bill)

**Shri Sunil Kumar Majumdar :** Sir, with your permission I beg to move that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1986 be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৪৭ সালের পশ্চিমবঙ্গ বাড়ি অধিগ্রহণ ও নিয়ন্ত্রণ (সাময়িক বিধানাবলী) আইন অনুযায়ী রাজ্য সরকার প্রয়োজন বোধে বাসগৃহ অধিগ্রহণ এবং সেগুলি নিয়ন্ত্রণ করে থাকেন। সরকারি অফিস, কর্মচারিদের বাসস্থান এবং বিদ্যালয় প্রভৃতি প্রতিষ্ঠানের জন্য এই অধিগৃহীত বাসগৃহগুলি ব্যবহৃত হয়। বর্তমানে এরূপ বেশ কিছু অধিগৃহীত বাসগৃহ রয়েছে।

পশ্চিমবঙ্গের সর্বত্র বিশেষত শহরাঞ্চলে বাসগৃহের তীব্র সমস্যার কথা সকলেই অবগত আছেন। সরকারের বা জনকল্যাণ মূলক প্রতিষ্ঠানের প্রয়োজনে ন্যায্য ভাড়ার বাড়ি সংগ্রহ করা প্রায়শই অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। এই অবস্থায় এ আইনে প্রদত্ত ক্ষমতার প্রয়োগ বহাল রাখা জনস্বার্থে একান্ত অপরিহার্য বলে মনে হয়।

আইনটির কার্যকাল এই বছরের ৩১শে মার্চ তারিখে শেষ হবার কথা। কিন্তু অধিগৃহীত বাসগৃহগুলির প্রয়োজন এখনো সমানভাবে বিদ্যমান থাকায় এবং অদূর ভবিষ্যতে জনস্বার্থে নতুন বাসগৃহ যাতে প্রয়োজন হলে অধিগ্রহণ করা যায় তজ্জন্য আইনটির কার্যকাল আরো কিছুদিন বাড়ানো আবশ্যক। বর্তমান আইনটির ব্যাপক সংশোধনের চেষ্টা করা হচ্ছে যাতে আইনটির ত্রুটিগুলি দূর করা যায়। এই সংশোধনী বিলটি তৈরি হতে আরো কিছুদিন সময়ের প্রয়োজন। এই অবস্থায় বর্তমান বিধেয়কটিতে আইনটির কার্যকাল আরো এক বছর বাড়ানোর প্রস্তাব করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি, মাননীয় সদস্যগণ আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং আমার উত্থাপিত ১৯৮৬ সালের পশ্চিমবঙ্গ বাড়ি অধিগ্রহণ ও নিয়ন্ত্রণ (সাময়িক বিধানাবলী) (সংশোধন) বিধেয়কটির বিধানসভা কর্তৃক অনুমোদনের জন্য গৃহীত হবে।

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্পর্কে খুব বেশি কিছু বলার নেই এবং আমরা যে সম্পূর্ণ বিরোধিতা করতে চাই তাও নয়। কতকগুলি সাজেশন সংক্ষেপে আপনার মাধ্যমে রাখতে চাই। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় সেগুলি বিচার বিবেচনা করবেন। এটা নূতন নয়, প্রথম থেকেই আমরা বার বার বলছি যে একটা কমপ্রিহেনসিভ, ভাল করে বিল তেরি করে একটা পারমানেন্ট আকারে বিল নিয়ে আসার জন্য। প্রত্যেক বারই আমরা হাউসে দেখেছি এই বিল ৩ মাস, ৬ মাস, এক বছর এই রকম একসটেনশন দিয়ে দিয়ে আনা হয়। যদি মনে করেন দরকার আছে, যদি মনে করেন পাবলিক ইনটারেস্ট এটা করার দরকার—আমলা তন্ত্রের কাছে সরকারের এই আত্মসমর্পণ কেন—ডিপার্টমেন্টকে কেন বলছেন না যে এই একবছর না করে একটা পারমানেন্ট বিল এখানে পাশ করা হোক। হয় বিচার বিবেচনা করে ব্যবস্থা হবে না হয় বাতিল হবে। কিন্তু একটা নির্দিষ্ট পথে, একটা নির্দিষ্ট সিদ্ধান্ত নেওয়া হতে পারে। সুতরাং আমি আশা করব এটা পাশ করবেন, এটা পাবলিক ইনটারেস্টে প্রয়োজন হলে নিশ্চয় এটা প্রেস করবেন যেমন এখন এই ৬ মাস বা এক বছর এক্সটেনশন করছেন। সিম্পিল এই ম্যাটার। মূল ব্যাপারে আমরা আপত্তি করছি না। বলছিনা যে অধিগ্রহণে দরকার নেই, নিয়ন্ত্রণে দরকার নেই। কখনও কখনও অধিগ্রহণ দরকার হয় এবং তখন এই আইন যথেষ্টভাবে সরকারকে সহায়তা করে। কিন্তু এই ব্যাপারে অন্য আরো প্রশ্ন আছে। বহু জায়গায় ডিপার্টমেন্টের গাফিলতির জন্য অনেক অধিগৃহীত বাড়ির হয়ত বর্তমানে দরকার নেই কারণ বিকল্প সরকারি বাড়ি তৈরি হয়ে গেছে, কিন্তু তা সত্ত্বেও ঐ সাধারণ বাড়ির মালিককে অসুবিধা ভোগ করতে হচ্ছে বাড়িটির জন্য। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, কলকাতা শহর এবং তার আশেপাশে অনেক মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত এবং আর্থিক দিক থেকে বিপর্যস্ত মানুষ রয়েছেন যাঁদের বাড়ি ব্রিটিশ পিরিওড থেকে দখল করে রাখা হয়েছে যার মধ্যে কিছু ব্যবহার করা হচ্ছে, আবার কিছু বাড়িতে কেউই বাস করছে না। কিছুদিন আগে আমি শ্রীমতী কানন দেবীর বাড়ির ব্যাপারটা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে হাউসে মেনশন করায় তিনি সেই ব্যাপারে ব্যবস্থা নিয়েছিলেন। ফলে ঐ বাড়ির অর্ধেকটা ছেড়ে দেওয়া হয়েছে। বাড়িটি পুলিশ ডিপাটমেন্ট থেকে নেওয়া হয়েছিল এবং পুলিশ বাড়িটিকে ব্যক্তিগত সম্পত্তি করে রেখেছে। এইভাবে পুলিশের জবরদখল করা আরো বাড়ি আমি

দেখাতে পারি। পুলিশের বাড়ি হয়ে গেছে, কিন্তু পুলিশ সেইসব বাড়িতে যাচ্ছে না। এমন বাড়িও দেখাতে পারি যা একজন মিলিটারি অফিসারের দরকারে নেওয়া হয়েছিল। আজকে তিনি রিটায়ার করে গেছেন, কিন্তু তারপরও সেই বাড়িটি তিনি জবরদখল করে রেখে দিয়েছেন। এইসব ব্যাপার থেকে আমি সরকারকে হুঁশিয়ার করে দিতে চাই এবং এক্ষেত্রে ডিপার্টমেন্টের যে গাফিলতি রয়েছে তার আমি তীব্র প্রতিবাদ করি। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলি, তিনি একটু খোঁজ-খবর নিন, দেখবেন বিভাগীয় মন্ত্রীর কাছে বহু অসহায় বিধবার আবেদনপত্র রয়েছে। হয়ত এক সময়ে তাঁদের বাড়ি দখল করা হয়েছিল। বর্তমানে হয়ত বাড়িগুলির আর সরকারের দরকার নেই, কিন্তু তবু সেগুলো আটকে রাখা হয়েছে। আজকে দিনে সেই বিধবা তার বাড়িটি ফেরত পেলে তার ভাড়া থেকে সে খেতে পরতে পারে। ডালহৌসী স্কয়ারেও এমন অনেক বাড়ি আছে যেক্ষেত্রে কেন্দ্র এবং রাজ্য—উভয় সরকারই বলেছেন যে, ঐসব বাড়ির আর দরকার নেই। কিন্তু যেহেতু একবার সেগুলো রিকুইজিশন বা অ্যাকুইজিশন করা হয়েছে সেহেতু সেই বাড়িগুলো আর মালিকদের ফেরত দেওয়া হচ্ছে না। এর সঙ্গে যুক্ত হয়ে যাচ্ছে আরো কিছু বাড়ি, যেগুলোর ক্ষেত্রে আদালত থেকে ইনজাংশন নেওয়া হচ্ছে এবং সেগুলো সমাজের যাঁরা প্রতিষ্ঠিত মানুষ, বড়লোক—তাঁরা ভোগদখল করছেন। এরজন্য অবশ্য এই আইনের বিরোধিতা করছিনা, তবে আইনের প্রয়োগের ক্ষেত্রে একটা স্থায়ী ব্যবস্থা গ্রহণের কথা বলছি। কারণ বহু জায়গায় দেখেছি যে, ম্যানুপুলেশন করে বিশেষ করে অফিসাররা নিজেদের ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করবার জন্য অনেক সময় অনেক বাড়ি অধিগ্রহণ করান। আজকে পুলিশ কমিশনারই বলুন, অথবা পুলিশের বড় কর্তাই বলুন, কিংবা আই. এস বা আই. পি. এস অফিসারই বলুন, এই আইনের সুযোগে তাঁরা সবাই ভালো ভালো বাড়ি অধিগ্রহণ করিয়ে সেখানে বসবাস করছেন। কিন্তু সত্যিকার যখন সরকারের কোনো বাড়ি দরকার হয়, তখন মন্ত্রী বাড়ি খুঁজে খুঁজে হয়রাণ হন, কিন্তু বাড়ি খুঁজে পান না। আজকে বহু ভালো ভালো বাড়ি এই আইনের মাধ্যমে অফিসাররা দখল করে ভোগ-দখল করছেন—এর বহু নজির আমি কলকাতার বুকের মধ্যে দেখাতে পারি। মূল কথা হচ্ছে তিনটি। প্রথমত, একটা পার্মানেন্ট চিন্তা করে চিরস্থায়ী ব্যবস্থা এক্ষেত্রে গ্রহণ করুন। দ্বিতীয়ত যেভাবে আইনটা ইমপ্লিমেন্টেড হয়েছে, ভবিষ্যতে আইনটা যেন আর সেইভাবে ইমপ্লিমেন্ট না করা হয়। এক্ষেত্রে আইনটা রংলি ইমপ্লিমেন্টেড হয়েছে। তৃতীয়ত, আমলাতন্ত্রের ব্যক্তিগত স্বার্থের কারণে যেসব বাড়ি অধিগ্রহণ করা হয়েছে সেগুলো ছেড়ে দিন এবং ছেড়ে দিয়ে তাঁদের উপকার করুন। তাছাড়া এক বছরের জন্য আর এইভাবে আইন আনবেন না, পার্মানেন্ট একটা আইন আনুন। এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[3-55 — 4-05 P.M.]

**শ্রী সুনীলকুমার মজুমদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এক্ষেত্রে একটি কমপ্রিহেন্সিভ বিল আনবার জন্য ইতিমধ্যেই আমরা আলোচনা শুরু করে দিয়েছি। আগেও এই বিল নিয়ে আলোচনা হয়েছে। বিরোধী পক্ষের সদস্যরা যা বলছেন সেই বিষয়গুলি খুঁটিয়ে দেখে একটা কমপ্রিহেন্সিভ অ্যাক্ট করবার জন্য আমরা এগোচ্ছি। কিন্তু সেটা করতে সময় লাগছে। এ-ব্যাপারে কয়েকটি প্রশ্ন এসেছে বলে সময় নিতে চাই। তারপর এটা বিধানসভায় আনা হবে। আর একটা কথা মাননীয় সদস্য সুব্রত মুখার্জি বলেছেন যে বাড়িগুলি ব্যবহার হচ্ছে না।

এখন পর্যন্ত বাড়ি গুলি যে অবস্থায় আছে তাতে আমার মনে হয় বাড়িগুলি ব্যবহার হচ্ছে। তবে আমরা কিছু চিন্তা ভাবনা শুরু করেছি যাতে এইগুলি আগামী দিনে সম্পূর্ণ ঠিক জায়গায় দাঁড়াতে পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sunil Kumar Majumdar that The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1986 be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1, 2 and Preamble**

The question that Clauses 1, 2 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Sunil Kumar Majumdar :** Mr. Speaker, Sir, I beg to move that The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1986, as settled in the Assembly, be passed.

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস রিকুইজিশন অ্যান্ড কনট্রোল (টেম্পুরারি প্রভিশন) (অ্যামেন্ডমেন্ট), বিল ১৯৮৬ যে বিল এই হাউসে উত্থাপন করেছেন সেটা গৃহীত হতে চলেছে। প্রতি বছর একবার করে এক বছরের জন্য এই বিল আনতে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন এই ব্যাপারে তিনি বিস্তারিত ভাবে আইন আনার চেষ্টা করছেন। প্রতি বছর এই বিল এনে ১ বছরের জন্য সময় চেয়ে নেওয়া হচ্ছে এবং এই এক বছরের মধ্যে একবার শুধু এটা নজরে আসে, তার মাঝে ৩৬৪ দিন আর নজরে আসে না। এই দিকে নজর না থাকার জন্য অসুবিধা হচ্ছে এবং এই অসুবিধাগুলি দূর করার জন্য প্রয়োজন হচ্ছে কমপ্রিহেনসিভ বিল। এটা না হলে এই অসুবিধা ক্রমান্বয়ে বেড়ে চলবে। এই অসুবিধার জন্য সরকারের যেমন ক্ষতি হয় তেমনি বাড়িওয়ালাদেরও অসুবিধার সৃষ্টি হয়। সবচেয়ে বড় জিনিস হচ্ছে দ্রব্যমূল্য ক্রমাগত বেড়ে চলেছে, আনুপাতিক হারে বাড়ির ভাড়া বাড়ছে না। আপনাদের নিয়ম অনুযায়ী আপনাদের রিকুইজিশন অনুযায়ী গভর্নমেন্টের তরফ থেকে অ্যাকুইজিশন ডিপার্টমেন্ট যে ভাবে ভাড়া নির্ধারণ করে দেবে সেটাই দেওয়া হবে। এতে অনেক অসুবিধার সৃষ্টি হচ্ছে। সাধারণ লোকেরা যারা ভাড়া নেয় তারা অনেক বেশি পয়সা নিয়ে ভাড়া নেয়। সেই জন্য সরকারকে ঘর বা বাড়ি ভাড়া দিতে বাড়িওয়ালারা অনিহা প্রকাশ করেন। এই অনিহা প্রকাশের ফলে সরকারকে অনেক সময় বিপদগ্রস্থ হতে হয়। বাড়ি ভাড়া বাড়ার ব্যাপারে বাড়িওয়ালাদের স্বার্থ দেখা দরকার। সেই বাড়ি ভাড়াটা বর্তমান বাজার অনুযায়ী হচ্ছে কিনা সেটা লক্ষ্য দেওয়া দরকার, এই ব্যাপারে আপনাদের কোনো লক্ষ্য নেই। এই সব ক্রটি আপনাদের থেকে যাচ্ছে। স্যার, আমি আপনার মাধ্যমে এই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুনীলকুমার মজুমদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কাশীবাবু যে কথা বললেন সে সম্বন্ধে মাননীয় সুব্রতবাবু একটু আগে বলেছেন। এই ব্যাপারে আমি তো আগেই বলেছি যে বাড়ি ভাড়া সম্পর্কে যে প্রশ্ন আছে, তা নিরসনের জন্য আমরা কম্প্রিহেন্সিভ অ্যাক্ট এখানে আনতে চাই। একথা ঠিক যে, এ ব্যাপারে যে সমস্যা আছে, সেগুলো অনেক পুরনো

দিনের সমস্যা। বৃটিশ আমলে যে সমস্ত বাড়ি অধিগ্রহণ করা হয়েছে সেগুলোর অনেক সমস্যা আছে। আমরা সেই সমস্ত সমস্যা নিয়ে ভাবনা চিন্তা শুরু করেছি। এই ব্যাপারে একটা আইন তৈরি করার জন্য আমরা প্রস্তুত হচ্ছি, তবে এরজন্য আমাদের সময় চাই। এই আইনটা যাতে আমরা এক বছরের মধ্যে প্রস্তুত করে ফেলতে পারি তারজন্য চেষ্টা করছি।

The motion of Shri Sunil Kumar Majumdar that the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) Bill, 1986, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**Mr. Speaker :** The Minister in charge of Primary and Secondary Education Branches of Department of Education will give a statement in reply to mention made by Smt. Aparajita Goppi.

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই সভায় মাননীয়া সদস্যা শ্রীমতী অপরিজিতা গোপ্পী কুচবিহারের সুনীতি অ্যাকাডেমির সরকারি বালিকা বিদ্যালয়—দুরবস্থা সম্পর্কে সভার দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি আপনার মাধ্যমে উক্ত দৃষ্টি আকর্ষণের উত্তরে একটি বিবৃতি দিতে চাইছি। তিনি এখানে উল্লেখ করেছেন যে সেখানে প্রধান শিক্ষিকা নেই গত কয়েক মাস ধরে। তিনি আরও উল্লেখ করেছেন যে সেখানে ১৩জন শিক্ষিকার পদ খালি অবস্থায় পড়ে আছে। এটি সত্যি ঘটনা। উত্তরবঙ্গের জলপাইগুড়ি, কুচবিহার, বাঁকুড়া, দার্জিলিং এবং পুরুলিয়াতে যে সমস্ত সরকারি বিদ্যালয় আছে, সেই সমস্ত বিদ্যালয়গুলির জন্য পাবলিক সার্ভিস কমিশন থেকে বারেবারে নাম চেয়ে পাঠিয়েছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। উনি কিন্তু নোটিশ দিয়ে কোনো স্টেটমেন্ট করছেন না।

**Mr. Speaker :** No point of order. Please take your seat.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, স্টেটমেন্ট দেওয়ার ব্যাপারে একটা নিয়ম আছে। সেই নিয়ম তো মানতে হবে?

**Mr. Speaker :** He is proceeding with the mention made by Smt. Aparajita Goppi.

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** কোনো সদস্য যদি এখানে কোনো কিছু উল্লেখ করেন, তার জবাব কী আমরা দেব না? যাইহোক, এইরকম অনেক বিদ্যালয়ে—যেগুলি সরকারি বিদ্যালয়—যে সমস্ত শিক্ষকের পদ খালি থাকে, সেখানে সেগুলি পূরণের জন্য আমরা পি. এস. সি.র কাছ থেকে নাম আনবার পরও দেখি তাঁরা সেই সমস্ত পদে যোগদান করেন না। এই জন্য আমরা মন্ত্রিসভাতে স্থির করেছি যে এই রকম ক্ষেত্রে অ্যাডহক ভিত্তিতে শিক্ষক নিয়োগ করা হবে। কুচবিহারের ব্যাপারে আমরা মন্ত্রিসভার সিদ্ধান্তের কথা—যে মর্মে মন্ত্রী সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সেই মর্মে—জেলা শাসকের কাছে জানিয়েছি। অতি সত্বর সেখানে প্রার্থীদের ইন্টারভিউ গ্রহণ করা হবে। ঐ অঞ্চলে যে সমস্ত শিক্ষিতা মহিলা আছেন, তাঁদের মধ্যে থেকেই ঐ খালি পদের জন্য রিক্রুটমেন্ট করা হবে। তবে তা হবে অ্যাডহক ভিত্তিতে। মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুসারে শূন্য পদগুলি আমরা আপাতত পূরণ করব। শিক্ষিকা না থাকার

জন্য ওখানে পড়াশুনার যে ক্ষতি ইতিমধ্যে হয়েছে তারজন্য আমি আন্তরিক ভাবে দুঃখিত। কিন্তু অনিবার্য কারণের জন্য এই অবস্থার উদ্ভব হয়েছে। পি. এস. সি. থেকে যে নাম পাওয়া গিয়েছিল, তাঁদের ঐ পদে যোগদান করতে বলার পরও তাঁরা যোগ দেন নি। এই কারণেই এই অসুবিধার সৃষ্টি হয়েছে। আশাকরি, সকলের সহযোগিতা নিয়ে আমরা এই রকম অসুবিধাগুলি দূর করতে পারব।

**Mr. Speaker :** The Statement will be Circulated. I now call upon Shri Subarata Mukherjee to speake on general discussion on the budget.

## General Discussion on the Budget

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয় এই বছরের জন্য যে বাজেট এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করা অবশ্য খুবই কঠিন ব্যাপার। কারণ এমন ভাবে এই বাজেট তিনি এখানে পেশ করেছেন—ট্রোজান হর্স' এর মতো সবকিছু গোপন করে আমাদের সামনে এই বাজেট রেখেছেন—যেখানে বিতর্কের অবকাশ অত্যন্ত কম। তবে আসল সত্য উদঘাটিত হয়েছে সাপ্লিমেন্টারি বাজেটের মধ্যে দিয়ে। অতীতে আমরা যে কথা বলেছি, সেগুলো যথারীতি প্রমাণিত হয়েছে। আমি এখানে প্রথমেই সেই কথার পুনরাবৃত্তি করছি। সাপ্লিমেন্টারি বাজেটের নাম করে যে প্রহসন এবং আত্মগোপন করার মানসিকতা প্রকাশ করবার প্রয়াস আমরা পেয়েছি, বিশেষ করে যে প্রয়াস আমরা লক্ষ্য করছি এই বাজেট পেশ করার মধ্যে, তা অত্যন্ত নিন্দনীয়। আমরা দেখেছি, এই সরকার কৌশলে এই রকম প্রয়াস অতীতে অনেকবারই করেছেন। কিন্তু তাতে লাভটা কাদের হয়েছে? লাভটা কি বাংলাদেশের পাঁচ কোটি মানুষের হয়েছে?

[4-05 — 4-15 P.M.]

এমন কি জনজীবনের অর্থনৈতিক মানের উন্নতি হয়েছে? যেকথা দিয়েছেন বাজেটের মধ্যে তা কি রক্ষিত হয়েছে? বাজেটের যে মূল দৃষ্টিভঙ্গি আপনারা তা কি রক্ষা করতে পেরেছেন? আমরা পারিনি। দীর্ঘ কয়েক বছর ধরে বাজেট সম্বন্ধে যে কৌশল তার একটা ভ্রান্ত ধারণা সৃষ্টি করে নিছক রাজনৈতিক সংকীর্ণ স্বার্থ সিদ্ধি করার চেষ্টা হয়েছে। সুতরাং বাজেটেও অনুরূপ ভাবে তৈরি হয়েছে। আমরা সমালোচনা কার সাথে করব, ছায়ার সাথে যেমন লড়াই করা যায় না তেমনি আনুমানিক ভিত্তিক কারণ যেটা তার সঙ্গে সমালোচনা করা যায় না। সবই অনুমানকে কেন্দ্র করে, সুতরাং কার সঙ্গে লড়াই করব? সমালোচনা কার বিরুদ্ধে করব, যার সমস্তই আনুমানিক কেন্দ্রিক হয়েছে। অতএব এই হাস্যকর বাজেটের নিছক বিরোধিতা করতে চাই না। আমি এই কৌশলের তীব্র প্রতিবাদ এবং ধিক্কার জানাতে চাই এবং আমি বিশ্বাস করি একদিন জনমত এর বিরুদ্ধে তৈরি হবে এবং এই ধরনের বাজেটের প্রতিক্রিয়া জনসমক্ষে উন্মোচন হবে। স্যার, বাজেটটা কি? আমি তো জানি জ্যোতিবাবু অনেক ভালোভালো কথা বলেন, এমন কি আমাদের দিকেও তাকিয়ে বহু জায়গায় উপদেশ দেন আপনারা তো মানুষ, আগে দেশের কথা ভাবুন। এই তো কিছুদিন আগে তিনি তাঁর বক্তৃতায় বললেন যে আপনারা তো মানুষ মশাই, আপনারা পদত্যাগ করুন আরিফ মহম্মদের

মতো শরিয়তী আইনকে কেন্দ্র করে। আমিও তো অনুরূপভাবে বলতে পারি আপনারাও তো মানুষ একজন মানুষ হিসাবে আপনাদের কাউকে তো দেখলাম না এই বাজেটের ভেতরকার সত্যিকারের রহস্য উন্মোচন করলেন? কেউ তো তার দাবি তুললেন না? এখানে তো অনেক প্রবীণ মানুষ আছেন, অনেকে দীর্ঘদিন ধরে আছেন সত্যিকারের ভেতরের কৌশল বোঝেন কিন্তু কেউ তো জ্যোতিবাবুকে বলেন যে এটা ভুল, এটা মিথ্যা, এখানে একটা গোপনীয়তা অবলম্বন করা হয়েছে, সত্যকে ঠিক প্রকাশ করা হচ্ছে না। আমি প্রথমে মনে করতাম জ্যোতি বাবু একজন সাহসী লোক, কেউ কেউ আবার বলেন জ্যোতিবাবু নাকি বাংলার বাঘ, কিন্তু আমি তো এখানে দেখছি উনি বাংলার বিড়াল হয়ে গেছেন। জনসমক্ষে জ্যোতিবাবু যখন কংগ্রেসের বিরুদ্ধে বক্তৃতা দেন তখন বিরাট পাঠানি গোঁফ করে থাকেন কিন্তু এখানে যখন বাজেট পেশ করেছেন তখন তো ভুটানি গোঁফের মত সরু হয়ে গেছে। সুতরাং এই জিনিস জ্যোতিবাবুর মতো মানুষের কাছে আশা করি নি। বাজেট হবে একটা চাবুকের মতো। বাজেট পেশ করবেন সেই লোক যাঁর ঝুঁকি নেওয়ার ক্ষমতা আছে, সত্যকে প্রকাশ করা এবং সত্যকে মোকাবিলা করার যার ন্যূনতম সাহস আছে তার বাজেট পেশ করা উচিত। একটা গরিব দেশকে চালাতে গেলে সেই গরিব দেশের উপরে কিছু চাপ পড়তেই পারে, তার মানে সেটাকে গোপন করে রাখা নয়। সত্যকে সামনে রেখে সত্যকে মোকাবিলা করার নামই হচ্ছে নেতৃত্ব দেওয়া। আজকে বাংলার ৫কোটি মানুষের নেতৃত্ব দিতে গিয়ে তিনি দেউলিয়া অবস্থা করে ছেড়েছেন। আজকে বাংলার অর্থনীতিতে তাকে ধামাচাপা দিয়ে একটা অপকৌশল করে বাজেটে চাপিয়ে দিয়েছেন। ঠিক একই কথা পুরনো অর্থমন্ত্রী বলেছিলেন এবং তখনও আমরা বলেছিলাম এটা সারপ্লাস বাজেট নয় এটা আল্টিমেটলি ডেফিসিট বাজেটে চলে যাবে। সংবাদপত্রে পড়েছি জানিনা কি সাম দাশগুপ্ত এখন অর্থমন্ত্রীর পরামর্শদাতা অর্থনীতির দিক থেকে। আগের যিনি ছিলেন তিনি তো প্রথমে বললেন আমি ভদ্রলোক নই আমি কমিউনিস্ট। তারপরে না ভদ্রলোক না কমিউনিস্ট কি হবে জানি না জ্যোতিবাবুর সঙ্গে ঝগড়া হয়ে চলে গেছেন। একটা বেআইনি করেছেন ওনার বলা উচিত ছিল জ্যোতি বাবুকে যে কেন এবং কি কারণে পদত্যাগ করে চলে যাচ্ছেন। উনি অনেক সম্পত্তি নিয়ে চলে গেলেন নাকি অন্য কারুর সম্পত্তি নিয়ে পালিয়ে যাচ্ছিলেন ধরা পড়ে গেলেন তারজন্য চলে গেলেন কি না কিছুই বুঝতে পারলাম না, নাকি জ্যোতিবাবুর সঙ্গে ব্যক্তিত্বের সংঘর্ষ হল কিছুই বুঝতে পারলাম না কারণ হি ওয়াজ দি সেকেন্ড ম্যান। তিনি গোপনে চলে গেলেন দলের লোকগুলি পর্যন্ত জানতে পারল না। এমন কি তিনি যে দল ছেড়ে চলে গেলেন তার কোনো বিতর্কের অবকাশ পর্যন্ত দিলেন না। একটা নজির বিহীন ঘটনা রেখে গেলেন। আমরা আশা করেছিলাম বাজেটের মধ্যে একটা সুন্দর দৃষ্টিভঙ্গি থাকবে। সাধারণত বাজেট বলতে কি বোঝায় পাওয়ারফুল বাজেট হচ্ছে একটা পাওয়ারফুল টুলস, বাজেট হচ্ছে একটা ইকোনমিক গোল, বাজেট একটা ইকোনমিক সার্ভে, বাজেট হচ্ছে একটা সোসিও ইকোনমিক কনসেপ্ট, কিন্তু আমরা সেই বাজেটের মধ্যে কি পেলাম নিছক রাজনৈতিক বক্তৃতা ছাড়া কিছু নেই। অ্যাডভাইসার মিঃ দাশগুপ্তকে যদি জিজ্ঞাসা করেন তাহলে জানতে পারবেন বাজেট তিন রকমের হয় সারা পৃথিবীতে। সেখানে ফ্রি কান্ট্রি বা নন-সোশালিস্ট কান্ট্রিতে একটা ডেফিসিট বাজেট হয়, একটা সারপ্লাস বাজেট হয় এবং আরেকটি ব্যালেন্সড্ বাজেট হয় এবং অর্থনীতিবিদরা বার বার এই কথা বলেছেন যে একটা গরিব দেশের পক্ষে ডেফিসিট বাজেট একটা সামঞ্জস্য রেখে পিছনে

একটা মিনিমাম টার্গেট পয়েন্ট রেখে deficit Budget is much more than the so called surplus Budget আসবে। ব্যালেন্স বাজেট হলে সবচেয়ে ভালো হয়, যদি ব্যালেন্স বাজেট করতে না পারা যায় তাহলে deficit Budget is much more better. কি করেছেন আপনারা, অমুকের দাম বাড়িয়েছেন—তমুকের দাম বাড়িয়েছেন এইসব করেছেন তো। সারপ্লাস বাজেট নিয়ে আসবেন, এখন গোপন রেখেছেন যাতে অপোজিশন থেকে আমরা বলতে পারি কোনো জিনিসের দাম বাড়েনি, আর কোনোটা উদ্বৃত্ত হয়ে গেছে, এখানে তো সেই জিনিস করেছেন। আমরা বারো হাত কাপড় পরি, তার মধ্যে কেটে ৬ হাত পরলাম আর বললাম যে ৬ হাত কাপড় বেঁচে গিয়েছে। দেখাচ্ছেন যে আমরা ৬ হাত কাপড় পরে যেন সারপ্লাস বাজেট করেছি। এই যে উদ্বৃত্ত দেখানোর প্রচেষ্টা এটা হাস্যকর ছাড়া আর কিছুই নয়, এটা একটা নজিরবিহীন ঘটনা। আপনি শুনলে অবাক হয়ে যাবেন স্যার, যে সমস্ত জিনিস ইনক্লুড করেছেন এইগুলি আইনে আসেনা, সংবিধান বিরোধী। যেমন, পাবলিক অ্যাকাউন্টস বলে একটা ক্লজ ঢুকিয়ে দিয়েছেন—কৈ ডিটেলস দেননি তো—পাবলিক অ্যাকাউন্টস বলতে উনি কি বুঝিয়েছেন? পাবলিক অ্যাকাউন্টসের মধ্যে উনি ব্রেক আপ দেননি, আমরা বুঝতে পারছি না উনি কোথায় গোপন করছেন? আমি যদি পাবলিক অ্যাকাউন্টস বলতে বুঝি প্রভিডেন্ট ফান্ড তাহলে কোনো অর্থনীতির অধিকার আছে সেটা টাচ করে। আপনাদের এই সরকার যেটা পাবলিক অ্যাকাউন্টস বলতে ডি.এ. বলুন, প্রভিডেন্ট ফান্ড বলুন, ইউ আর দি ট্রাস্ট বডি। বাজেটে সেই শর্তে সেই ইনকামই আছে যে জিনিস আপনি ঘোষণা করতে পারেন। যার উপর অধিকার আছে আপনাদের, আর মালিকও আপনারা। আজকে প্রভিডেন্ট ফান্ডের টাকা, ডি.এ.র টাকা যেকোনো সময়ে যে কোনো মানুষ তুলে নিয়ে যেতে পারে। আর এই টাকা গুলোকেই কি আপনারা বাজেটের হিসাবের মধ্যে দিয়ে সারপ্লাস বাজেট হিসাবে দেখিয়ে দিয়েছেন। এখানে তো অনেকেই ট্রেড ইউনিয়ন করেন তারা বলুন না প্রভিডেন্ট ফান্ডের টাকায় হাত দেবার ক্ষমতা সংবিধানে আছে কিনা। এখানে যারা আছেন বলুন না প্রভিডেন্ট ফান্ডের টাকা পাবলিক অ্যাকাউন্টের নাম করে সারপ্লাস বাজেট করা যায় কিনা? প্রভিডেন্টের জন্য সংবিধানে আলাদা আইন আছে। 110, Government on individual can touch it. That is a Criminal offence. স্থাবর এবং অস্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত পর্যন্ত হয়ে যায় এই আইনের বলে। যারা কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেন আজকে তারাই প্রভিডেন্ট ফান্ডের সাধারণ লোকের উপায় করা যে টাকা সেটাকে ছিনিয়ে নেবার জন্য আজকে বাজেটের মধ্যে নিয়ে একটা রাজনীতি করবার চেষ্টা করছেন। আমি উদাহরণ দিয়ে বলতে পারি এক দিকে এরাই কেন্দ্রীয় সরকারের সমালোচনা করছেন। যারা প্রভিডেন্ট ফান্ডের প্রোটেকশন দেবার চেষ্টা করছেন তারাই আবার প্রভিডেন্ট ফান্ডের ইন্টারেস্ট পর্যন্ত বাড়াবার চেষ্টা করছেন। ডঃ নিশিত মোহন দেশাই বাজেটের মধ্যে একটা অ্যানালিসিস করেছেন সেখানে ৯র পাতায় কেন্দ্রীয় সরকারের বাজেটে প্রভিডেন্ট ফান্ড সম্পর্কে একটা অ্যানালিসিস করেছেন যেটা আমাদের কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেছেন। কি ভাবে ইনক্রিস করেছেন প্রভিডেন্ট ফান্ডকে, আর হোয়ার অ্যাজ ক্রোক করেছেন প্রভিডেন্ট ফান্ডকে বেআইনি ভাবে দুটা নজীর পাশাপাশি দেখাচ্ছে সেখানে বলেছেন It is necessary to improve the return that workers and emplyees earn on their hard earned savings. I, therefore, propose to increase the interest rate on contributions

to the Provident Fund. The rate of interest on General Provident Fund for Government employees is being raised from 10.5 per cent to 12 per cent. To benefit other workers covered by the Employees Provident Fund, Coal Mines Provident Fund Act and the like, interest on Provident Fund accretions invested in special Deposits with Government is being raised from 11 per cent to 12 per cent. The pattern of investment is also being changed to permit the funds to invest upto 85 per cent of the accretions in Special Deposits with Government as against the existing limit of 30 per cent. I also propose to increase the interest rate from 10 per cent to 12 per cent on Public Provident Fund which is intended for the self-employed persons and those not covered by other Provident fund Schemes. একটা সরকার যাদের বিরুদ্ধে ধর্মঘট পর্যন্ত করেছেন তারা হার্ড আর্নড মানিকে প্রোটেক্ট করবার জন্য ইনটারেস্ট পর্যন্ত বৃদ্ধি করছেন। আর একটা সরকার হার্ড আর্নড মানি তাদের যেটা গচ্ছিত আছে সেটাকে নিজেদের সম্পত্তি করবার জন্য এগিয়ে যাচ্ছেন। তাকে ধিক্কার দেবেন, প্রতিবাদ করবেন মানুষের স্বার্থে, না জ্যোতিবাবুর দালালি করবেন?

[4-15 — 4-25 P.M.]

এগুলি বোঝার দরকার আছে। পশ্চিমবাংলা ওয়েস্ট বেঙ্গল রাখেন নি, একে ওয়েস্ট করে দিয়েছেন। সুতরাং সদস্যদের অনুরোধ করব বাজেটকে ঠিক মামুলি কায়দায় ব্যাখ্যা করা উচিত নয়। জ্যোতিবাবুকে ভোট দিন, কিন্তু বাজেট যখন জনসাধারণের ইস্যু তখন তার আদর্শ দৃষ্টিভঙ্গি থাকা দরকার আছে। আমি অতীতে ফিসক্যাল পলিসি সম্বন্ধে সমালোচনা করেছি। আমি অর্থনীতিবিদ নই। কিন্তু আপনাদের ফিসকাল পলিসি বিভ্রান্তিকর অবস্থায় নিয়ে যাচ্ছে। ফিসক্যালের মূল পলিসি হল ভারসাম্য রক্ষা করা। একদিকে পাঞ্জাবে বিলো পভার্টি মাত্র ১৬ পার্শেন্ট, অন্যদিকে উড়িষ্যায় মোর দ্যান ৭৬ পার্শেন্ট। ভারসাম্য রক্ষিত হয়নি। স্বাধীনতার পর ৭টি পরিকল্পনা হয়ে গেল তা সত্ত্বেও ভারসাম্য বিঘ্নিত হচ্ছে। তাহলে দেখতে হবে কোথায় ত্রুটি আছে। এই ত্রুটিগুলি উল্লেখ করার অর্থ যাতে আমরা সকলে মিলে ভারতবর্ষের অর্থনীতিকে আরো বেশি এগিয়ে নিয়ে যেতে পারি। কারণ আমাদের মনে রাখতে হবে আমাদের যে প্ল্যান হচ্ছে সেন্ট্রালি প্ল্যান্ড ইকোনমি। সারা ভারতের প্ল্যানকে কেন্দ্র করে চিন্তা করতে হবে। বিচ্ছিন্নভাবে কোনো রাজ্যের কথা বলছি না। মুখ্যমন্ত্রী বাইরে যে কথা চিৎকার করে বলেন সেকথার বিরুদ্ধে বলছেন না কেন? তিনি প্রায় বলেন আমরা যতটা পারব ততটা করব। কিন্তু বাজেটে এই গোপনীয়তা কেন অবলম্বন করছেন? জ্যোতিবাবু সংবাদপত্রে সমালোচনায় বলেন আমরা একটা ডেড ট্র্যাপের মধ্যে দিয়ে চলেছি। কিন্তু আমি বলছি আমরা একটা ডোমেস্টিক ট্র্যাপের মধ্যে দিয়ে চলেছি। পশ্চিমবঙ্গ সরকার রিসোর্স মবিলাইজেশন সম্বন্ধে বললে আমাদের রিসোর্স মবিলাইজেশন হতে পারে না। মহারাষ্ট্র যেভাবে রিসোর্স মবিলাইজেশন করেছে সে রকম এখানে হতে পারে না। কিন্তু নজির বিহীন ব্যর্থতা এখানে আছে। এমন এমন জোন আছে যেখানে .০৩ পার্শেন্ট সেলস্ ট্যাক্স এবং অন্য ট্যাক্স কালেকশন

হয়। এই ব্যর্থতার দায়িত্ব কি কংগ্রেসের। এই দায়িত্ব কি সরকার গ্রহণ করবেন না? বহু জোন আছে যেখানে নূতন ভাবে সেলস ট্যাক্স চাপাতে হবে। কিন্তু সেখানে কত পার্সেন্ট হচ্ছে সেটা বিচার করার চেষ্টা করুন। একমাত্র মদ বিক্রি করে ট্যাক্স বৃদ্ধি ছাড়া অন্য সব জায়গায় চূড়ান্ত ব্যর্থতা অন্য রাজ্যের চেয়ে। এমন কি ত্রিপুরার চেয়ে। আমি সময় কম বলে ডিটেলসের মধ্যে যাব না। বাজেটের আর একটা মস্ত বড় জিনিস হল বাজেটের আগে রাজ্যপালের ভাষণ হয় এবং তারপর বাজেট প্লেস করা হয়। এই দুটোর মধ্যে একটা সামঞ্জস্য ও সংগতি রক্ষা করা হয়। এবার দেখবেন রাজ্যপালের ভাষণ আর বাজেট স্পিচ এবং বাজেট ঘোষণার মধ্যে কোনো সঙ্গতি নেই, সামঞ্জস্য নেই। কারণ কোনো বৈজ্ঞানিক চিন্তা এর মধ্যে নেই। আমি দায়িত্ব নিয়ে ঘোষণা নিশ্চয়ই করব যে মুখ্যমন্ত্রী বলবেন এবং এই অ্যাসুরেন্স হাউসের মধ্যে দেবেন যে আমার যথেষ্ট সঙ্গতি আছে বলে আমি সারপ্লাস বাজেট ঘোষণা করেছি। আর তখনই আমরা বলব যে আমাদের বিতর্কে অংশ গ্রহণ করার দরকার নেই এবং বলব এটা ভাল বাজেট হয়েছে। কিন্তু তিনি প্রথমেই কয়েকটি প্যারায় স্বীকার করেছেন এই সারপ্লাসের মানে এই নয় যে আমাদের যথেষ্ট সঙ্গতি আছে, আর্থিক সঙ্গতি বেশি হয়ে গেছে। সুতরাং এই বাজেটের মধ্য দিয়ে বুঝতে পারছি যে সাপ্লিমেন্টারি বাজেট আসবে, বহু নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়বে এবং আগামী দিনে বহন করতে হবে অতিরিক্ত করভার সাধারণ মানুষকে এবং সেই মনোভাব এখানে আমরা লক্ষ্য করেছি। স্যার, এবারের বাজেট কিরকম মজার হয়েছে দেখুন। বাজেটের ৮নং প্যারায় বেকার সমস্যার তীব্রতার কথা বলা হয়েছে। বেকার সমস্যার তীব্রতার 'কথা বলা হয়েছে কত লাইনে, না, মাত্র ৫ লাইনে। আর ১৭ নং প্যারায় বিদ্যুৎ, জলসেচ প্রভৃতি ব্যাপারে মাত্র ৩ লাইনে শেষ করা হয়েছে। অপরদিকে যদিও তিনি এবারে কেন্দ্রীয় সরকারের সমালোচনা কম করেছেন তা সত্ত্বেও ২১ লাইন সমালোচনা করেছেন। কতটা রাজনৈতিক ক্ষুদ্রতা সংকীর্ণতার দোষে দুষ্ট এটা তার উদাহরণ। মানুষের স্বার্থে বিদ্যুৎ, জলসেচ, জীবনযাত্রার মান উন্নয়ন এইসব বিষয়ে বক্তৃতা করার দরকার আছে, যারজন্য আমরা শুধু বক্তৃতার জন্য বক্তৃতা করি না, আমরা এই বাজেট বক্তৃতা লাইন বাই লাইন পড়েছি, পড়ে বলছি এটা রাজনৈতিক দোষে দুষ্ট, এটা বাজেট নয়। উনি নিজে বলেছেন প্রাথমিকভাবে ৩৭ কোটি ৪ লক্ষ টাকার ঘাটতি বাজেট ছিল, সেখানে ৫০ কোটি ৫২ লক্ষ টাকার উদ্বৃত্ত বাজেট দেখানো হয়েছে। কেন এটা সম্ভব হয়েছে, না, বাজেটটা পাবলিক অ্যাকাউন্টসের মধ্য দিয়ে নিয়ে আসা হয়েছে। যে ক্ষেত্রে আয় হয় সেই আয় এবং ব্যায়ের মধ্যে কোনো তারতম্য রক্ষা করতে এই সরকার ব্যর্থ হয়েছেন কিসে কিসে আয় হয়—১নং হল সরকারি এবং আধা সরকারি সংস্থা থেকে আয় হয়। এইরকম ২১টা সরকারি এবং আধা সরকারি সংস্থার মধ্যে ২০টা সংস্থায় লোকসান হচ্ছে, সেখানে ভর্তুকী দিতে হচ্ছে প্রত্যেকবার, আজ পর্যন্ত তার কোনো ব্যবস্থা হচ্ছে না। কি করে চলবে? বক্তৃতা করে দেশ চলে না, বক্তৃতা করে ব্যঙ্গ করতে পারেন, হাততালি পেতে পারেন কিন্তু বক্তৃতা করে ডিপ টিউবওয়েল স্যালো টিউবওয়েল হবে না, বক্তৃতা করে দু'টির জায়গায় তিনটি ফসল হবে না, মানুষের জীবনযাত্রা এগুবে না, সিক ইন্ডাষ্ট্রি এগুবে না, নতুন ইন্ডাষ্ট্রি বাড়বে না। সারা ভারতবর্ষ ঘুরে ঘুরে বলা হচ্ছে এখানকার মুখ্যমন্ত্রী এমন একটা মাল্টি-ন্যাশনাল জয়েন্ট ভেনচার নিচ্ছেন যা ডাঃ রায়কে ছাড়িয়ে গিয়ে আর একটা ডাঃ রায় এসে গেছে।

একজন কমিউনিস্ট মানুষ যিনি সমাজতন্ত্রে বিশ্বাস করেন কন্সেপ্ট অব এমপ্লয়মেন্ট কোথায় তাঁর? শুনলাম পার্টি থেকে বলে দেওয়া হয়েছে সার্টিফিকেট দেওয়া হয়েছে ঢালাওভাবে মাল্টি-ন্যাশনাল জয়েন্ট ভেনচার চালিয়ে যাও। সেজন্য ঢালাও মাল্টি ন্যাশনাল জয়েন্ট ভেনচার আরম্ভ করেছেন। কিন্তু জ্যোতি বাবু কি জানেন টিটাগড়ে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের আর একটা ইউনিট করবার জন্য যখন অনুমতি দিয়েছিলাম তখন তিনি সিটুর ভাইস-প্রেসিডেন্ট হিসাবে আমাকে ৪ পাতার একটা চিঠি দিয়ে বলেছিলেন মাল্টি-ন্যাশনালদের আর একটা ইউনিট করতে দিয়ে ভারতবর্ষের সর্বনাশ করে দেওয়া হচ্ছে? আর আজ যখন ইউনিটের কাজ শেষ হল তখন দেখলাম তিনি হাসিমুখে ফিতে কেটে তার উদ্বোধন করে এলেন। একদিন জ্যোতি বাবুকে দেখেছি সাম্রাজ্যবাদের বিরুদ্ধে কথা বলতে, ম্যাকনামারা থেকে আরম্ভ করে বাস ভাড়া বৃদ্ধি, মূল্য বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করতে, তখন মাঝে মাঝে ছাত্র হিসাবে তাঁর প্রতি আমার শ্রদ্ধা জাগত। কিন্তু সেই জ্যোতি বসু কি আজ আছে, নাকি তাঁর প্রেতাত্মা দেখছি? আজকে কি সেই মানুষকে দেখছি, নাকি তাঁর কোনো পরিবর্তন হয়েছে?

[4-25 — 4-35 P.M.]

বাজেটের মধ্যে দিয়ে সেই জ্যোতি বসুকে দেখতে পাবেন না, যে জ্যোতি বসু আন্দোলনের মধ্য দিয়ে সেই জ্যোতি বসু হয়েছিলেন। আজকে বুর্জুয়া বুর্জুয়া বলে গালাগালি দিয়ে নিজে একজন বড় বুর্জুয়া হয়ে বসে রয়েছেন। তিনি একজন সবচেয়ে বড় বুর্জুয়া। আমি নাকি শুনেছি দক্ষিণ পন্থী প্রতিক্রিয়াশীলদের বাংলা দেশে সবচেয়ে বেশি করে নেতৃত্ব দিচ্ছেন। এটা যদি আরও এক বছর আগে থেকে দিতেন তাহলে জনপ্রিয়তা আরও তুঙ্গে উঠত। এবং অনেক সমস্ত সংবাদপত্রে প্রতিদিন সমালোচনা শুনি যে মাল্টি ন্যাশনালদের জয়েন্ট ভেঞ্চার করবার জন্য এবং একচেটিয়া পুঁজিপতিদের বেশি করে মদত এবং নির্দেশ দেবার জন্য। এমন কি এদের পর্যন্ত বলে দিয়েছে কোনো স্ট্রাইক করবে না No indiscipline, no gherao প্রতিটি মালিকের বিরুদ্ধে। শুধু মাত্র সম্পূর্ণভবে সাপোর্ট করে যাবে। আরও মজার কথা কেন্দ্রীয় সরকার বলে দিয়েছে যে সপ্তম পরিকল্পনা সম্পূর্ণভাবে পাবলিক সেক্টরের উপর নির্ভরশীল। আমরা দেখেছি টেক্সমেকোতে, হিন্দ মোটরে স্ট্রাইক হয় না বা অন্য কোনো প্রাইভেট সেক্টরে স্ট্রাইক হয় না, গত দু তিন বছর স্ট্রাইক হয় নি—হিসাব নিন। কিন্তু কোলে-তে স্ট্রাইক হবে। পাবলিক সেক্টরে স্ট্রাইক হবে। দুর্গাপুর স্টিলে, আই এস সি ও, টি আই এস সি ও-তে স্ট্রাইক হবে। উদ্দেশ্যটা কি? উদ্দেশ্য সেই একই যে টাটা বিড়লা, ডালমিয়া, এদের গায়ে হাত নয়। হাত দিতে হবে সমস্ত পাবলিক সেক্টরে যেখানে মানুষের সম্পদ নিয়োগ করা আছে। সেই গুলিকে ধ্বংস করতে হবে। কারণ যদি সত্যিকারে কেন্দ্রীয় সরকারকে দুর্বল করতে হয় তাহলে রাজনৈতিক দিক থেকে তো দুর্বল করা যাবে না, তাই অর্থনৈতিক দিক থেকে পঙ্গু করবার জন্য এই চেষ্টা করতে হবে। সেভেন প্ল্যানের গ্রোথ তার প্রোটেকশনকে ক্রিপল করবার জন্য আজকে সম্পূর্ণভাবে এই চক্রান্ত শুরু হয়েছে। সুতরাং এই বাজেট শুধু মাত্র আত্মপ্রসংশা নয়, এই বাজেট কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে একটা অর্থনৈতিক চক্রান্ত। তাই জন্য আমি এর প্রতিবাদ করি। আমি আগেই বলেছি যে বাজেটের মধ্যে এমন কিছু নাই যে সামনে থেকে তার বিরুদ্ধে লড়াই করা যায়। কিন্তু যে চক্রান্ত এর মধ্যে রয়েছে, সেই চক্রান্তের বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ করি। এতক্ষণ পর্যন্ত আমি আয়ের কথা বললাম—এবার

ব্যয়ের কথায় আসি। প্রত্যেক বছরই সরকারের কোনো না কোনো খাতে ব্যয় বাড়ে। ব্যয় অবশ্য সাধারণভাবে বাড়ে এটা সকলেই জানেন। কিন্তু এই সরকারের ব্যয় সবচেয়ে বাড়ে কোথায়? এস্ট্যাবলিশমেন্ট এবং মেনটেনেন্স। এটা কিন্তু সরকারের মন্ত্রীদের হাতে—এটাতে মন্ত্রীদের ক্ষমতা আছে কমাতে পারেন। প্রত্যেক বারই শুনি পেট্রোল বেশি করে খরচ করবেন না—বেশি করে গাড়ি চড়বেন না—বেশি করে অতিথি আপ্যায়ন করবেন না। কিন্তু বার বার আমরা লক্ষ্য করছি এই এস্ট্যাবলিশমেন্ট এবং মেনটেনেন্স যেটা সরকারের সঙ্গে সরাসরি ভাবে যুক্ত, সেখানে সবচেয়ে বেশি খরচ হয়। আমি বহু মন্ত্রীর নাম বলতে পারি। আমি বহু মন্ত্রীর নাম বলে দিতে পারি স্পিকার মহাশয় যদি অনুমতি দেন। মন্ত্রীদের জনে জনে পরিবারের এক একটা করে গাড়ি। মন্ত্রীদের নাম পর্যন্ত আমার কাছে আছে আমি দিয়ে দিতে পারি। আমরা দেখেছি সরকারের মন্ত্রীদের গাড়ি, লাইট নিয়ে যাচ্ছে, আমরা সেখানে গিয়ে দেখি কোনো মন্ত্রী আছে কিনা, দেখি মন্ত্রী নাই, মন্ত্রীর বিকল্প একজন কেউ যাচ্ছেন। আবার এও জানি যারা পাবলিক আন্ডার টেকিং—যেমন কল্যাণী স্পিনিং মিল ব্রিটেনিয়া ইঞ্জিনিয়ারিং ইত্যাদি এই সমস্ত বিভিন্ন কোম্পানীর যাঁরা সব দায়িত্বে রয়েছেন, তারা ব্যক্তিগত ভাবে এবং পারিবারিক ভাবে সরকারি গাড়ি প্রতি দিন ব্যবহার করেন। এর চেয়ে বড় দুর্নীতি আর কি হতে পারে? এবং এইভাবে এস্ট্যাবলিশমেন্ট এবং ম্যানেজমেন্টের বাড়ছে এবং যত বাড়বে তত বেশি অর্থনৈতিক বোঝা, করের বোঝা আরও বেশি বাড়বে। আমি আবেদন করছি সেই খরচটা কমাবার জন্য। এবং সেটা কমলে সত্যিকারের মানুষের সুরাহা হবে। স্যার, অবাক হয়ে যাবেন—অবশ্য আমি আগেই বলেছি যে আমি শুধু একটি জায়গায় জ্যোতিবাবুর সাথে একমত। জ্যোতিবাবু বলেছেন এবং অনেকেও বলেন যে, যে টাকা কেন্দ্র দেয়—সেই টাকা কেন্দ্রে ফেরত যায়। এই কথায় উনি রসিকতা করে বলেছেন এই ক্যাশ টাকা থলে ভর্তি করে আমাকে দেয়, আমি খরচ করতে পারি না। এটা আমিও মানি যে এটা ঠিক নয়।

আমি উদাহরণ দিয়ে বলি ১৯৮৫-৮৬ সালে শ্রম কল্যাণ এবং শ্রমিকদের কর্ম সংস্থানের জন্য ১৩ কোটি ৭৮ লক্ষ টাকা বরাদ্দ ছিল। আমি কিন্তু স্টেট গভর্নমেন্টের বাজেট বরাদ্দ বলছি, সেন্ট্রাল গভর্ণমেন্টের রিসোর্স মবিলাইজেশনের কথা বাদ দিয়ে এবং সেখানে শ্রম কল্যাণ ও শ্রমিকদের কর্মসংস্থানের জন্য বরাদ্দ ছিল ১৩ কোটি ৭৮ লক্ষ টাকা। এর মধ্যে খরচ হয়েছে ১১ কোটি ৬০ লক্ষ টাকা। কেন সম্পূর্ণ খরচ হয়নি? আমি কিন্তু মুখ্যমন্ত্রীর সাথে একমত হয়ে আবার বলছি সরকারের দেয় নিজস্ব টাকা প্ল্যানের অভাবে প্ল্যানিং করে খরচ করতে পারেন নি। কাকে বলব এই কথা? পুলিশদের বাড়ি তৈরি করার জন্য ১৯ কোটি টাকা ধার্য করা হয়েছিল। খরচ হয়েছে ১৩ কোটি ৫০ লক্ষ টাকা। কেন খরচ হয়নি? আমি আবার ঐ উদ্বৃত্ত রিসোর্স মবিলাইজেশন বাদ দিয়ে বলছি সরাসরি পুলিশের জন্য যে টাকা বরাদ্দ ছিল কেন খরচ করতে পারেন নি? পুলিশকে দিয়ে এত কাজ করাচ্ছেন, প্রতিদিন কংগ্রেসিদের খুন করাচ্ছেন, অথচ এদের জন্য বাড়ি তৈরি করেন নি। ক্ষুদ্র সেচ প্রকল্পের ব্যাপারে আসুন। নিজেদের দলাদলিতে সি. পি. এম. এর লোক বাধা দেওয়ায় খরচ করতে পারেন নি। সেন্ট্রাল এবং স্টেট মিলিয়ে যেখানে ৬ কোটি ১৩ লক্ষ টাকার অ্যালটমেন্ট ছিল সেখানে ২ কোটি টাকা এখন পর্যন্ত খরচ হয়নি। কেন হয়নি? সুতরাং জ্যোতিবাবু শুধু কয়েকটি মাত্র কথা এখানে বললেন যে, আমরা টাকা ফিরিয়ে দিই নি। আমি শুধু একস্ট্রা

রিসোর্স মবিলাইজ করে আবার অ্যাট দি সেম টাইম বহু জায়গায় নিজেরা রিসোর্স তুলেও খরচ করতে পারেন নি, অপদার্থতার প্রমাণ দিয়েছেন। এই রকম কয়েকটি নজির আমি তুলে ধরলাম, সব ঘটনা এখানে বলা যাবে না। কিন্তু তবুও আমি বলছি যে, কি ভাবে নয় ছয় হচ্ছে। টাকা কি করে পকেটস্থ হচ্ছে সেটা একটু বলছি। স্যার, কিছুদিন আগে সংবাদপত্রে পড়লাম ক্যালকাটা কর্পোরেশনের ৫৩ লক্ষ টাকা পাইয়ে দেওয়া হয়েছে কতকগুলি কোম্পানীকে মুনাফা করতে। আশ্চর্য একজনও প্রতিবাদ করে বলতে পারেন নি। সংবাদপত্রের বিরুদ্ধে প্রিভিলেজ এনেছিলেন? কেন বললেন না, এটা মিথ্যা? এক একটি জায়গায় বহু টাকা পাইয়ে দেওয়া হয়েছে। আমি এই ৫৩ লক্ষ টাকার ব্রেক আপটা পড়ে শোনাচ্ছি, ডিটেলসে যাব না। কেন না, আপনি সংবাদপত্র পড়তে দেবেন না। তবে আপনি নিশ্চয় ব্রেক আপটা পড়তে দেবেন। বিভিন্ন কোম্পানীকে কি ভাবে টাকা পাইয়ে দেওয়া হয়েছে সেটা শুনুন। মেন বিয়ারিং ইঞ্জিনের টেলকো প্রাইস হচ্ছে ৩৭০.৮৪ টাকা, আর কর্পোরেশন থেকে পে করা হয়েছে ১৩৫০.২৫ টাকা, ইঞ্জিন মাউন্টিং বোল্টের জন্য পে করার কথা ১ টাকা, সেখানে পে করা হয়েছে ১৭ টাকা। বি. এস. আর. এর জন্য পে করার কথা ০.৭৫ টাকা, পে করা হয়েছে ২.৫০ টাকা আর. সি.র জন্য পে করার কথা ২৭.৭০ টাকা, পে করা হয়েছে ৬৫.০০ টাকা। ই. বি.র জন্য পে করার কথা ২১৬.৩৫ টাকা, পে করা হয়েছে ১০৮৮.২০ টাকা টি. সি. এ. এস. এর জন্য পে করার কথা ৫.৫০ টাকা, সেখানে পে করা হয়েছে ৬৫.৭০ টাকা এন. এস. এর জন্য পে করার কথা ২৫২.০০ টাকা, সেখানে পে করা হয়েছে ২২৫০.৮০ টাকা। এই ভাবে টোটাল অতিরিক্ত ৫৩ লক্ষ টাকা পে করা হয়েছে। কিছুক্ষণ আগে এখানে পৌরমন্ত্রী বসেছিলেন এখন নেই। যখন আমরা দায়িত্বে ছিলাম তখন ঠিক এই ধরনের অভিযোগে ৪ জন অফিসারকে সাসপেন্ড করা হয়েছিল, কর্মচারীকে নয়, সাধারণ কর্মচারীকে নয়। এই ঘটনা ঘটার পরে সংবাদপত্রে দেখলাম মেয়র এটা স্বীকার করে চার্জশিট ইস্যু করেছেন। কিন্তু তাকে বসিয়ে রেখেছেন সাসপেন্ড করে, এনকোয়ারি করা হচ্ছে না, ডিপার্টমেন্টাল এনকোয়ারি করা হচ্ছে। ধরা পড়ে গেছে, ডিপার্টমেন্টাল এনকোয়ারি হচ্ছে। সেখানে বসিয়ে রেখে এটা আমি দাবি করতে পারি না। এই লোকগুলিকে সাসপেন্ড করে তারপর এনকোয়ারি করা হোক, এনকোয়ারি অ্যাট দি জুডিসিয়্যাল লেভেল—বিচার বিভাগীয় তদন্তের মধ্য দিয়ে এনকোয়ারি করা হোক। সেই সাহস নেই, নিজের লোক ধরা পড়বেন বলে ভয়। আমি জানি এর মূলে ছিলেন একজন মন্ত্রী। সকাল বেলায় মর্নিং ওয়াক করে মোটর ভেহিকেলসে বসিয়েছিলেন। তার চুরি ধরা পড়ে যাবে, তাই তাকে আগে বাইরে বের করে দাও, তারপর এনকোয়ারি করে দেখাতে যাও। সাহস থাকে চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করুন, এই ভাবে চলছে। শুধু তাই নয়, আপনারা আজকে যা করছেন তা বেআইনি নয়? কলকাতায় অনেক মানুষ থাকেন। বেআইনীভাবে জাবল ট্যাক্স বসাচ্ছেন। কোনোদিন ডাবল ট্যাক্স হয় পৃথিবীতে?

[4-35 — 4-45 P.M.]

জলের উপর ডবল ট্যাক্স বসিয়েছেন। যে কোনোদিন ডবল ট্যাক্স বেআইনি বলে মামলা হয়ে যেতে পারে কিন্তু তা সত্ত্বেও কর্পোরেশন থেকে ডবল ট্যাক্স বসানো হচ্ছে। স্যার, কর্পোরেশন থেকে একটা কমপ্রিহেনসিভ ট্যাক্স বসানো হয়েছে এবং তার ২৫ পারর্সেন্ট হচ্ছে ওয়াটার ট্যাক্স। তার উপর আবার নতুন করে ওয়াটার ট্যাক্স বসানো হচ্ছে। প্রায় ২৫ হাজার

হাউসওনার বা বাড়ির মালিকের উপর এই ডবল ট্যাক্স সিসটেম বসানো হবে। স্যার, কারুর যদি ন্যূনতম আইনের জ্ঞান থাকে তাহলে এই ডবল ট্যাক্স বসানোর কোনো অধিকার নীতিগত ভাবে এবং আইন সম্মতভাবে এই সরকারের আছে কিনা আপনি স্যার, বিচার করে বলুন। স্যার রাইটার্স বিল্ডিং-এ এঁদের বেশ কয়েক বছর কেটে গেল। আমরা জানি, আমরা এখানে যাই বলি না কেন ওঁরা এখানে ভোটের জোরে পাস করিয়ে নেবেন। অর্থনৈতিক ব্যাপারটা আমরা বারবার চিৎকার করে ওঁদের বোঝাবার চেষ্টা করছি যে এটা এমন জায়গায় নিয়ে আসার চেষ্টা করুন যাতে রাজ্যের মানুষ বাঁচতে পারে। ডি. এ. দেব বলেছিলেন, একের পর এক হাততালি কুড়িয়েছিলেন জ্যোতিবাবু রাণী রাসমনি রোডে মিটিং করে— আজকেও এক গাদা ডি. এ. বাকি এবং কমপালসারি ডিপোজিট করে কয়েক হাজার কর্মচারীদের ডি. এ. আটক করে রেখে দিয়েছেন কোনো অধিকারে? আমরা যেখানেই বলতে যাব সেখানেই বলবেন কেন্দ্র দিচ্ছে না। আমাদের লিডার একেবারে তথ্য দিয়ে দেখিয়ে দিয়েছেন যে কেন্দ্র দেওয়া সত্ত্বেও তার উপযুক্ত প্রয়োগ এবং ব্যবহার করা হচ্ছে না। কিসের জন্য হচ্ছে না? অর্থনৈতিক দিক থেকে আপনাদের এই ব্যর্থতার জবাব আপনারা কিন্তু দিতে পারবেন না। অন্ধ হলেও প্রলয় কিন্তু বন্ধ থাকবে না। আপনারা মনে করছেন এখানে রাজনৈতিক দিক থেকে আমরা সংখ্যালঘু কিন্তু অর্থনৈতিক দিক থেকে এই যে আপনাদের অপদার্থতা এটাই আপনাদের সবচেয়ে বড় শত্রু হয়ে আপনাদের খাবে তা আপনাদের জানা দরকার। বাংলার ৫ কোটি মানুষ তারা কিন্তু আপনাদের কাজ কষ্টিপাথরে যাচাই করে নেবে। তারা যাচাই করবে না কংগ্রেস, কমিউনিস্ট বলে, তারা যাচাই করবে তাদের নিজেদের স্বার্থকে দিয়ে, তাদের জীবনযাত্রার মানকে দিয়ে। স্যার, ম্যানডেজ লস্ট থেকে আরম্ভ করে একটার পর একটা ইন্ডাস্ট্রিজ কোলাপ্‌স করে যাচ্ছে। এমন কি এক একটা মন্ত্রীর কেন্দ্রে পর্যন্ত তা হচ্ছে। সেগুলি কিন্তু খোলার কোনো ব্যবস্থা করা হচ্ছে না। কোলে বিস্কুট কোম্পানী তদানিন্তন লেবার মিনিস্টারের কেন্দ্রের মধ্যে পড়ে। তিনি প্রতিজ্ঞা করেছিলেন, জিতলে ৬ মাসের মধ্যে খুলবেন। আজকে ২৭ জন সেখানে মৃত্যুর সঙ্গে লড়াই করে মারা গিয়েছে এবং কয়েকজন মারা যাবে, তাদের ঘটিবাটি বিক্রি হয়ে গিয়েছে। আজও পর্যন্ত কিন্তু কোলে বিস্কুট কোম্পানী খুলছে না। কেন খুলছে না তার জবাব দেবেন কি? এখনকার লেবার মিনিস্টার-এর কেন্দ্র দমদমের ইন্ডিয়ান অ্যালুমিনিয়াম—কখনও রুসি মোদির পা ধরছেন, কখনও গোয়েঙ্কার পা ধরছেন আজকে তাকে বিক্রি করে দিয়ে ব্যক্তিগত মালিকানায় পৌঁছে দেবার জন্য। সেখানে খুলছে না। সেটা ঘুঘুর বাসা হয়ে দাঁড়িয়েছে। কার স্বার্থে বিক্রি হয়ে যাচ্ছে। স্যাপ ইন্ডাস্ট্রিজ—আর একজন এম. এল. এ. এর নেতৃত্বে আছেন, আজকে সেখানেও ঘুঘুর বাসা হয়ে গিয়েছে। সেটা খুলছে না এসব কার দায়িত্ব? এসব কিছু বলতে গেলেই বলবেন কেন্দ্রের দায়িত্ব। হ্যাঁ, আমরা আলবৎ মনে করি কেন্দ্রের কিছু কিছু নীতি এবং আইনের পরিবর্তন দরকার, যেখানে দরকার সেখানে আমরা সবাই মিলে বলছি কিন্তু কেন্দ্র ছাড়াও যেগুলি আপনাদের নিজেদের সামর্থ, নিজেদের নীতি এবং নিজেদের আইনের মধ্যে পড়ে সেগুলিও আপনারা করছেন না। কেন করছেন না? যেমন লক আউট। লক আউটের আমরা সবাই প্রতিবাদ করি। একের পর এক লক আউট করে সমস্ত ইন্ডাস্ট্রিজ এবং অর্থনীতিকে পঙ্গু করে দিচ্ছে। এখানকার রাজ্য সরকারের হাতে আইন আছে লক আউটকে বেআইনি লক আউট বলে ঘোষণা করার এবং শ্রমিকদের পাশে গিয়ে দাঁড়ানোর। কিন্তু ওপক্ষের

একজন সদস্য উঠে দাঁড়িয়ে বলবেন কি কটা লক আউটকে বেআইনি লক আউট বলে এই সরকার ঘোষণা করেছেন গত ৮ বছরের মধ্যে? পারবেন না। তার কারণ, তাদের পয়সায় আপনাদের দল চলে, আলিমুদ্দিন স্ট্রিটে বাড়ি হয়। কাজেই তাদের লক আউটের গায়ে হাত দেবার ক্ষমতা এই সরকারের নেই। Sir, there is no Minister in the Treasury bench.

**মিঃ স্পিকার ঃ** দেয়ার আর মেনি মিনিস্টারস। আপনি বলুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** Why should I say? The House should be serious about it. If this is the picture of the Treasury bench, what is the use of speaking. আপনি স্যার ঘুমাবেন, এঁরা সব বাড়ি চলে যাবেন তাহলে আমাদের বলে কি লাভ? কাকে বলব আমরা? এটা স্যার, আপনার দেখা দরকার। এটা কংগ্রেস, কমিউনিস্ট-এর ব্যাপার নয়। অর্থনীতির সঙ্গে যুক্ত ভারপ্রাপ্ত মন্ত্রীদের থাকা দরকার। আমরা বক্তৃতা করব শুধু বক্তৃতার জন্য নয়, বক্তৃতা করব তার রূপায়ণ দাবি করে। দুমুখো আমাদের দাবি। আমরা শুধু সমালোচনার জন্য সমালোচনা করছি না, শুধু রেকর্ড করার জন্য রেকর্ড করছি না। আমাদের একটা উদ্দেশ্য আছে। সুতরাং আমি যে কথা আপনার মাধ্যমে আবেদন করছি, এই বাজেট জনমুখী হয়নি, এই বাজেট একটা কৌশল মুখী হয়ে দাঁড়িয়েছে। আমি উদাহরণ দিয়ে আপনাদের কাছে বলি—একটা লাইন যদি থাকত তাহলে বুঝতাম, যেখানে একটা অর্থনৈতিক গাইড লাইন দেখিয়ে দিতে পারতেন, যেমন আমাদের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী বলেছেন—রাজীব গান্ধী একটা বাজেট প্লেস করেছেন, ঝুঁকি নিয়েছেন, ডেফিসিট মাথায় করেছেন, মানুষের দ্বারা সমালোচিত অনেক জায়গায় হয়েছেন, কিন্তু সাহসের সঙ্গে অর্থনৈতিক চিত্রটা ভারতবর্ষের ৬০ কোটি মানুষের কাছে বুঝিয়ে দিয়েছেন, আমি এখানে আছি। ইনি বোঝাননি। ইনি সোশিও ইকনমিক টার্গেট পর্যন্ত বুঝিয়ে দিয়েছেন। আমাদের প্রাইম মিনিস্টার যা বলেছেন সেটা একটু পড়ে শোনাই এঁদের। বাজেট প্লেস করব, অথচ মিনিমাম কারেজ থাকবে না, এটা হয় না। এক জায়গায় বলেছেন Development must be accompanied by equity and social justice by removal of social barriers that oppress the weak. This is the essence of our concept of socialism. এই ধরনের একটা কথা আমরা দাবি করেছিলাম। এই ধরনের একটা কথা আমাদের শোনবার দরকার ছিল। সেটা আমরা বাজেটের মধ্যে পাইনি। আমাদের যে অর্থমন্ত্রী তাঁরও একটা কনসেপ্ট ছিল। এর মধ্যে দিয়ে তিনি প্রথমেই বলেছেন, The Budget is a powerful tool for achieving our socio—economic goals as laid out in the plan. সব জায়গায় বাজেটে এই ধরনের একটা কনসেপ্ট, এই ধরনের একটা আইডিয়া, এই ধরনের একটা অ্যাচিভমেন্ট এবং তার গোল নির্দিষ্ট থাকে। এই শূণ্য বাজেট যার কোনো বক্তব্য নেই, যার কোনো নির্দেশ নেই, যার কোনোও পদ্ধতি নেই, এমন কি বেকার সমস্যার সমাধান করবেন, তার জন্যও আলোচনা করছি। আপনাদের হাসি পাচ্ছে না? আমরা জলসেচের উন্নতি করব, তার জন্য অফিসারদের সঙ্গে আলোচনা করছি, That is a departmental job, that is an administrative job. বাজেটের বই এর মধ্যে এই সব ছাপাবার কি দরকার আছে। এই ধরনের হাস্যকর বাজেট যেন ভবিষ্যতে প্লেস না হয় এবং পাস না হয়, সেটা আপনাদের দেখা দরকার।

সুতরাং জনগণকে বঞ্চিত করা—এ এক ধরনের ফ্রড আমি মনে করি। আপনি এর প্রতিকারের জন্য আংশিক ভাবে দায়িত্ব গ্রহণ করুন। এই বাজেটের তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রায় ৪০ মিনিট ধরে কংগ্রেস দলের মুখ্য সচেতক সুব্রত মুখার্জি মহাশয় বাজেটের উপর আলোচনা করলেন। উনি এক সময় মন্ত্রী ছিলেন, ভেবেছিলাম উনি কতকগুলো প্রস্তাব রাখবেন পশ্চিমবাংলার অর্থনীতিকে কি ভাবে গড়ে তোলা যায়। কিন্তু ওনার বক্তব্যের মধ্যে কোনোও সেই রকম প্রস্তাব পাইনি। বরং কতকগুলো অসার যুক্তিহীন বক্তব্য ওনার মুখ থেকে শুনলাম। উনি বলছেন, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী বাজেটে উদ্বৃত্ত দেখিয়ে গানিতিক একটা যাদু করার চেষ্টা করেছেন। মাননীয় স্পিকার মহাশয়, আমি বলতে চাই এই বাজেটে পরিষ্কার করে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে কি ভাবে উদ্বৃত্ত হবে এবং এই কথাও বলেছেন পাবলিক অ্যাকাউন্টস থেকে যে টাকা যুক্ত করেই উদ্বৃত্তের কথা বলেছেন এবং এই কথাও বলেছেন যে বছর শেষে বাকি মহার্ঘ ভাতা দিতে গেলে এই উদ্বৃত্ত কমতে পারে। কোথাও আত্মগোপনের সুযোগ নেই, পরিষ্কার ভাবে বাজেটে এই কথা বলা হয়েছে। আমাদের মাননীয় বিরোধী দলের সদস্য বলেছেন যে আরিফ মহম্মদই একমাত্র মানুষ যিনি পদত্যাগ করেছেন আর বামফ্রন্টে কোনো মানুষ নেই। আমি বলতে চাই, উনি ঠিকই বলেছেন, কংগ্রেস দলে একমাত্র আরিফ মহম্মদই তাদের দলের একমাত্র মানুষ, আর কোনো মানুষ নেই।

[4-45 — 4-55 P.M.]

উনি বললেন, আমাদের বাজেট কোনো দর্শন, কোনো সুস্থ দৃষ্টিভঙ্গির দ্বারা পরিচালিত নয়। কিন্তু আমি ওঁকে পরিষ্কারভাবে দৃঢ়তার সঙ্গে বলতে চাই যে, আমরা বাজেট তৈরি করেছি একটা শ্রেণী স্বার্থের দৃষ্টিভঙ্গি নিয়ে। অর্থাৎ গরিব কৃষক, ক্ষেতমজুর, নিম্নবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত শ্রমিক শ্রেণীর স্বার্থ রক্ষার জন্যই আমরা বাজেট তৈরি করেছি। অপর দিকে আমরা দেখছি গোটা ভারতবর্ষে কংগ্রেস সরকার দীর্ঘ ৩৮ বছর ধরে ধনী, একচেটিয়া পুঁজিপতি এবং জমিদারদের সেবা করে চলেছে। বিগত দু' বছর ধরে গোটা দেশের জন্য রাজীব গান্ধী যে বাজেট তৈরি করছেন সে বাজেট দেখে আমরা পরিষ্কার বুঝতে পারছি যে, বড়লোকদের সেবা করার জন্যই তিনি বাজেট তৈরি করছেন। অথচ আমরা বিগত ৯ বছর ধরে এই রাজ্যের জন্য ৯'টি বাজেট এই সভায় পেশ করেছি এবং আমাদের প্রতিটি বাজেটই প্রমাণ করেছে যে, আমরা এই রাজ্যের গরিব, মধ্যবিত্ত কৃষক মজুরের সেবা করবার চেষ্টা করছি। গোটা দেশের পুঁজিপতি অর্থনৈতিক কাঠামোর মধ্যে দাঁড়িয়ে আমরা গরিব মানুষকে একটু রিলিফ দেবার চেষ্টা করছি। আমরা কখনই বলিনা যে, এই কাঠামোর মধ্যে দাঁড়িয়ে আমরা পশ্চিমবাংলায় সমাজতন্ত্র কায়েম করব। তা হতে পারে না। একটা দেশের পুঁজিপতি সামন্ততান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে সেই দেশের অর্থনীতি গড়ে উঠবে, আর সেই দেশেরই একটা অঙ্গ-রাজ্যে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হবে, এ কথা আমরা কখনই বলি না। তা কোনো দিনই হতে পারে না। আমরা তা ভালভাবে জানি, তাই আমরা সে দাবি করি না। আমরা জানি আমড়া গাছে আম হয় না। যত দিন গোটা দেশের ক্ষমতায় কংগ্রেস দল থাকবে ততদিন তা কখনই হবে না। আমরা বলি না যে, আমরা এই অঙ্গ রাজ্যে সমাজতান্ত্রিক দর্শন

প্রতিষ্ঠা করছি। তা হতে পারে না। সুব্রতবাবুরা ৩৮ বছর ধরে দেশ শাসন করার পরে আমাদের বাজেটের মধ্যে সমাজতান্ত্রিক দর্শনের খোঁজ করছেন! তা পাওয়া যায় না সেটুকু বোঝার মতো বুদ্ধি নিশ্চয়ই সুব্রতবাবুর আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুব্রতবাবু বাজেটের মধ্যে পাবলিক অ্যাকাউন্টের উল্লেখ দেখে অবাক হয়ে গেলেন এবং এটা নাকি সংবিধান বিরোধী কাজ হয়েছে! পাবলিক অ্যাকাউন্টস বলতে মূলত প্রভিডেন্ট ফান্ডের টাকা। উনি বোধ হয় জানেন না যে গত বছর আইন হয়েছে প্রভিডেন্ট ফান্ডের টাকা ব্যয় করা যাবে। অর্থাৎ আইনের মধ্যে দিয়ে প্রভিডেন্ট ফান্ডের টাকার কর্তৃত্ব রাজ্য সরকারের হাতে এসেছে। সুতরাং যেটা আইন হয়েছে সেটা সংবিধান বিরোধী হতে পারে না, মাননীয় সদস্য সুব্রত মুখার্জির বোঝা উচিত।

স্যার, তারপরে উনি বললেন এই বাজেটের কোথাও বেকার সমস্যার সমাধানের কথা নেই। কিন্তু আমরা দেখছি এখানে পরিষ্কার ভাবে বলা হয়েছে, গোটা দেশের অর্থনৈতিক কাঠামোর মধ্যে কখনই বেকার সমস্যার পূর্ণ সমাধান করা যায় না। পশ্চিম বাংলায় যেমন ৪০ লক্ষ বেকার আছে তেমন সারা ভারতবর্ষে ৩ কোটি বেকার আছে। আমি তাঁকে জিজ্ঞাসা করছি, কারা বেকারত্ব সৃষ্টি করেছে? এটা কি উনি জানেন না?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি আরো বলেছেন; পশ্চিম বাংলায় একটার পর একটা কারখানা লক-আউট হচ্ছে, অথচ রাজ্য সরকার একটা লক-আউটকেও বেআইনি বলে ঘোষণা করছেন না'। আমি ওঁকে বলি, পশ্চিম বাংলায় তো ১২/১৩ হাজার কারখানায় লক-আউট হয়েছে, কিন্তু সারা ভারতবর্ষে যে, ৮৩ হাজার কারখানায় লক-আউট হয়েছে, কারখানা বন্ধ হয়েছে, সে ব্যাপারে কি হচ্ছে? কাদের টাকায় কংগ্রেস দল চলে? আমরা একটা অঙ্গ রাজ্যের থেকে সংবিধান সংশোধন করতে পারি না, এ বিষয়ে কোনো নতুন আইন করতে পারি না। আমরা কোনো কিছুই করতে পারি না, আমরা কারখানা জাতীয়করণ করতে পারি না। এই সহজ কথাটাও আজকে উনি বুঝতে পারছেন না, বা বোঝবার চেষ্টা করছেন না।

(এই সময়ে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আসন গ্রহণ করেন।)

মাননীয় ডেপুটি স্পিকার স্যার, উনি অভিযোগ করলেন, 'আপনারা প্ল্যানিং-এর টাকা খরচ করতে পারছেন না'। স্যার, আমরা বার বার বলেছি, আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী বার বার বলেছেন যে, কেন্দ্রীয় সাহায্য বাবদ যে টাকা আমরা পাই সে টাকা বছরের শেষে ফেব্রুয়ারি, মার্চ মাস নাগাদ আমাদের হাতে আসে। এই অবস্থায় আমাদের হাতে এমন কি যাদু দন্ড আছে যে, আমরা তা ৩১শে মার্চের মধ্যে খরচ করে ফেলব! বেশিরভাগ কেন্দ্রীয় সাহায্যের টাকা ঐভাবে দেওয়া হয়, ফলে আমাদের অসুবিধা ভোগ করতে হয়। ওঁরা তো এই রাজ্যে ২০/২৫ বছর শাসন ক্ষমতায় ছিলেন, ওঁদের সময়ে কি ওঁরা এই জাতীয় সমস্ত টাকা খরচ করতে পারতেন? উনি একটাও নজির দেখাতে পারবেন? যদি তা পারতেন তাহলে বুঝতাম উনি এই বিধানসভায় দাঁড়িয়ে আমাদের বিরুদ্ধে সত্য অভিযোগই করছেন। কিন্তু তা উনি পারলেন না। অতএব উনি বিধানসভায় দাঁড়িয়ে কতকগুলি অসত্য কথা বলে গেলেন। এবং সভাকে বিভ্রান্ত করার জন্যই ঐসব কথা বললেন।

মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমাদের দেশের অর্থনৈতিক কাঠামোর মধ্যে আমাদের যে অসুবিধাগুলি আছে সেগুলি আমরা বার বার স্বীকার করেছি এবং সেগুলি আমরা বার বার তুলে ধরছি। আমরা বিক্রয় কর থেকে যে টাকা আদায় করি সেই ক্ষেত্রকেও সঙ্কুচিত করা হচ্ছে। নতুন নতুন আইনের মাধ্যমে, সংবিধান সংশোধনের মাধ্যমে আমাদের অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। যে সমস্ত দ্রব্য থেকে আমরা মূলত বেশি পরিমাণে বিক্রয় কর আদায় করতে পারি যেমন কয়লা, ইস্পাত ইত্যাদি সেগুলিকে ভারত সরকার গুডস অফ ইমপর্টেন্স হিসাবে ঘোষণা করে, গুরুত্বপূর্ণ দ্রব্য হিসাবে তার উপর ৪ ভাগের বেশি বিক্রয় কর আদায় করতে পারব না বলে নিষেধাজ্ঞা জারি করেছেন। এবং রপ্তানী-যোগ্য দ্রব্যগুলির উপর থেকে কোনো রকম বিক্রয় কর আদায় করতে পারব না। অথচ আমাদের পশ্চিমবাংলায় চা এবং পাট সব চেয়ে বেশি উৎপন্ন হয় এবং রপ্তানী হয়, কিন্তু নতুন আইনের ফলে আমরা সেগুলির উপর থেকে কর আদায়—বিক্রয় কর করতে পারব না। অ্যাডিশনাল একসাইস ডিউটির নামে রাজ্যের বিক্রয় করের সুযোগকে সঙ্কুচিত করার চেষ্টা করা হয়েছে। আমাদের অর্থ বা সম্পদ সংগ্রহের সুযোগকে সঙ্কুচিত করার চেষ্টা করা হচ্ছে এবং আমাদের অর্থনৈতিক সুযোগ সুবিধা থেকে বার বার বঞ্চিত করার চেষ্ট করা হচ্ছে।

মাননীয় ডেপুটি স্পিকার স্যার, দীর্ঘ দিন ধরে মাশুল সমীকরণ নীতির মাধ্যমে প্রতি বছর আমাদের কোটি কোটি টাকার আর্থিক ক্ষতি হচ্ছে এবং পশ্চিমবঙ্গের শিল্প মার খাচ্ছে। শুধু তাই নয়, মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বাজেট বিবৃতিতে উল্লেখ করেছেন যে, কনসাইনমেন্ট হয়েছিল, আন্ত-রাজ্য পণ্য চলাচলের ক্ষেত্রে একটা আইন প্রণয়ন করার কথা মুখ্যমন্ত্রী সম্মেলনে ঠিক হয়েছিল, কিন্তু এখন পর্যন্ত তা হয় নি। তা যদি হ'ত তাহলে তা থেকে আমরা আরো ১০০ কোটি টাকা পেতে পারতাম, আমাদের ১০০ কোটি টাকার সম্পদ সংগৃহীত হ'ত। ফলে আমাদের যে স্বল্প পরিমাণ উদ্বৃত্ত বাজেট এখানে পেশ করা হয়েছে তা আরো বেশি পরিমাণে উদ্বৃত্ত হ'ত এবং আমরা আরো বেশি পরিমাণে উন্নয়নমূলক কাজ করতে পারতাম। আজকে রাজ্য এমন একটা অবস্থায় এসে দাঁড়িয়েছে যে ১৭ বছর ধরে আমাদের এই ঋণ এবং সুদ পরিশোধ করতে বাজেটের একটা বিরাট অংশ চলে যাচ্ছে। আপনারা দেখেছেন, ষষ্ঠ পরিকল্পনাকালে ১১০০ কোটি টাকা ঋণ এবং তার সুদ দিতে চলে গেছে। এইসব আর্থিক কাঠামোগত যে ত্রুটিগুলি আছে এই অসুবিধাগুলি আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে অর্থ কমিশনের কাছে রেখেছিলাম। কিন্তু অর্থ কমিশন সমস্ত সুপারিশ গ্রহণ করেননি, মাত্র ৪০ ভাগ সুপারিশ গ্রহণ করেছিলেন। তাও ৩২০ কোটি টাকা পশ্চিম বাংলার জন্য যা বরাদ্দ করলেন অর্থাৎ সুপারিশ করলেন তাও দিলেন না। সেই টাকা যদি দিতেন তাহলে আজকে আমাদের আর্থিক অবস্থার যে দুর্বলতা সেই দুর্বলতার কিছুটা কাটিয়ে উঠতে পারতাম। উপরন্তু কি করলেন? ১৯৮৪-৮৫ সালে যখন ওভার-ড্রাফ্ট নিয়ে বিপর্যস্ত অবস্থা তখন অর্থ কমিশনের সেই সুপারিশ-এর টাকা না দিয়ে ঐ ওভারড্রাফ্টের টাকা স্বল্প মেয়াদী ঋণে পরিণত করলেন। সেই ঋণ আমাদের শোধ করতে হচ্ছে। পশ্চিমবাংলায় যে অর্থনৈতিক কাঠামোগত ত্রুটিগুলি কোনোদিনও বিবেচনা করেছেন কেন্দ্র? পশ্চিমবাংলার জনসংখ্যা বেড়েছে, ঘনত্ব বেড়েছে। সুতরাং অর্থ বরাদ্দ বাড়ানো দরকার। জনসংখ্যা এবং ঘনত্ব যদি বিবেচনা করা না হয়, কাঠামোগত ত্রুটিগুলি যদি বিবেচনা করা না হয় তাহলে একটা দেশের অর্থনীতি

সুসংহতভাবে গড়ে উঠতে পারে না। সেই সঙ্গে সঙ্গে কেন্দ্র কয়েক বছর ধরে কিভাবে পশ্চিমবঙ্গকে বঞ্চিত করছেন তার কয়েকটি দৃষ্টান্ত তুলে ধরতে চাই। আমাদের পরিকল্পনা খাতে কিভাবে কেন্দ্র সাহায্যের নামে বঞ্চনা করছেন তার কয়েকটি দৃষ্টান্ত দিলেই বুঝতে পারবেন। ১৯৮৪-৮৫ সালে আমাদের মাথা-পিছু পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সাহায্য ৫ টাকা ৬৬ পয়সা পেয়েছি আর সেই জায়গায় মহারাষ্ট্র পেয়েছে প্রায় ৩৮.৮০ পয়সা। এ ছাড়া অন্যান্য রাজ্য আমাদের রাজ্যের চেয়ে অনেক বেশি টাকা পেয়েছেন। আমরা সেখানে কম টাকা পেয়েছি। সুতরাং এটা বঞ্চনা নয়? পশ্চিমবাংলার অধিবাসী হিসাবে, পশ্চিমবাংলার জনপ্রতিনিধি হিসাবে আপনারা এর বিরুদ্ধে কোনো কথা বলবেন না? কংগ্রেসে আছেন বলেই চুপ করে থাকতে হবে? এটাই কি দেশপ্রেমের নমুনা? আমি বলতে চাই এটা বিশ্বাস ঘাতকতার নমুনা। আজকে আমাদের এই অর্থনৈতিক কাঠামোতে অসুবিধা থাকা সত্ত্বেও আমরা চেষ্টা করছি কিভাবে রাজ্যের উন্নয়ন করা যেতে পারে। আপনারা জানেন অর্থ ঋনদানকারী কতকগুলি সংস্থা আছে। তারা যে সাহায্য দিচ্ছে সেই সাহায্যের নমুনা যদি বিচার করে দেখা হয় তাহলে সেখানেও দেখব পশ্চিমবাংলাকে বঞ্চিত করা হচ্ছে। যেখানে ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে ৭০ টাকা দিচ্ছে, এ. আর. ডি. সি ৯ টাকা, বাণিজ্যিক ব্যাঙ্ক দিচ্ছে ৪৯ টাকা সেখানে মহারাষ্ট্রকে দিচ্ছে যথাক্রমে ১৫১ টাকা, ৩০ টাকা, ৪৯ টাকা। এইসব ঋনদানকারী সংস্থাগুলি কেন্দ্রীয় সরকারের নির্দেশে পশ্চিমবাংলাকে সাহায্য কম করছে। পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামো দুর্বল থাকা সত্ত্বেও বিগত ৮/৯ বছর ধরে বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার মানুষের সেবা করার চেষ্টা করছেন। এই প্রসঙ্গে আমি কয়েকটি দৃষ্টান্ত দিতে চাই, ক্ষুদ্র শিল্পে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। নারী শিক্ষায় ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। জনস্বাস্থ্য অর্থাৎ পরিবার পরিকল্পনায় ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। সম্পদ সংগ্রহের ক্ষেত্রে ষষ্ঠ পরিকল্পনাকালে আমাদের লক্ষ্যমাত্রা ছিল যে আমরা ৫১২ কোটি টাকা সম্পদ সংগ্রহ করব। সেই জায়গায় আমরা ৭৪১ কোটি টাকা সংগ্রহ করেছি। অর্থাৎ আমাদের লক্ষ্যমাত্রার চেয়ে ৪৪ ভাগ বেশি সংগ্রহ করেছি। সুতরাং আর্থিক পরিকল্পনা যদি সুশৃঙ্খল ভাবে না করতে পারতাম তাহলে এই সম্পদ সংগ্রহ করতে পারতাম না। আমরা চেষ্টা করছি অর্থনৈতিক সুশৃঙ্খলতা রক্ষা করতে এবং সেই সঙ্গে সঙ্গে অর্থনৈতিক কাঠামোগত অসুবিধা থাকা সত্ত্বেও মানুষের সেবা করার চেষ্টা করছি। গত বছর ১৯৮৫-৮৬ সালে গ্রামীণ উন্নয়ন খাতে ৩৪১ কোটি টাকা বরাদ্দ ছিল আর এ বছর ৩৫০ কোটি টাকা বরাদ্দ হয়েছে। ১৯৭৬-৭৭ সালে আপনারা বিদ্যুৎ উৎপাদন করেছেন ১৬২৫ মেগাওয়াট আর আমরা ১৯৮৪-৮৫ সালে উৎপাদন করেছি ৩ হাজার ৩৫০ মেগাওয়াট। অর্থাৎ আপনাদের চেয়ে দ্বিগুণ বিদ্যুৎ আমরা উৎপাদন করেছি বিগত ৮ বছরে।

[4-55 — 5-05 P.M.]

এটাই হচ্ছে অর্থনীতির পদক্ষেপ। এটা আপনারা একবারও স্বীকার করলেন না। কারণ স্বীকার করার মতো মানসিকতা আপনাদের নেই। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে আমাদের রাজ্যের আর্থিক সম্পদ যদি উন্নত এবং বৃদ্ধি করতে হয় তাহলে শুধু মাত্র কথা বললেই হয় না, সঙ্গে সঙ্গে পরিকল্পনাও করতে হয়। আমরা ক্ষমতায় আসার পরে কি ভাবে পশ্চিমবঙ্গের সম্পদকে আরও বৃদ্ধি করা যাবে তার চেষ্টা করে চলেছি। নতুন নতুন শিল্প

কলকারখানা তৈরি করার চেষ্টা করছি। আজকে এই সভায় দাঁড়িয়ে বলছি যে বামফ্রন্ট ক্ষমতায় আসার পর হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স গড়ে তোলার পরিকল্পনা করা হয়েছে। করা হয়েছে শুধুমাত্র বেকারদের চাকরি দেওয়ার উদ্দেশ্যে নয়, পেট্রোকেমিক্যালস হওয়ার পর ওখানে কলকারখানা যদি গড়ে ওঠে তাহলে দেশের আর্থিক সম্পদ তার জন্য বৃদ্ধি হবে। কিন্তু কেন্দ্র এ ব্যাপারে বঞ্চনা করলেন। আমরা এ বাবদ ১৫০ কোটি টাকা চেয়েছিলাম। সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেশে ৬টি রাজ্যে পেট্রোকেমিক্যালস হবে, সেখানে পশ্চিমবঙ্গের নাম তোলা হয় নি। অন্যরাজ্যে হলে আমরা আপত্তি করব না, সব রাজ্যে হোক, কিন্তু পশ্চিমবঙ্গের প্রতি এ বঞ্চনা কেন? আজকে আমরা যখন দেড় হাজার একর জমি অধিগ্রহণ করে, ৫ কোটি টাকা খরচ করে তার প্রাথমিক পর্যায় গড়ে গোয়েঙ্কার সঙ্গে যৌথ উদ্যোগের কথাবার্তা বলে কারখানা গড়ে তোলার চেষ্টা করছি তখন কেন্দ্র সেখানে পদে পদে বাধা সৃষ্টি করছেন। আজ শিল্পে লাইসেন্স দিলেন না, ফেড়া, এম. আর. টি. পি. তে অনুমোদন দিলেন না। হলদিয়ার তৈল শোধনাগার সম্প্রসারণের একটা প্রস্তাব ছিল ১৯৭৮ সাল থেকে। ঐ তৈল শোধনাগার সম্পর্কে যে রিপোর্ট দেবার কথা ৬ বার সেই রিপোর্ট পাঠানো হয়েছে এবং এর উৎপাদন ক্ষমতা বেশি থাকা সত্ত্বেও হলদিয়া তৈল শোধনাগারের সম্প্রসারণ করলেন না। পশ্চিমবঙ্গে একটাও তৈল শোধনাগার নেই, তা সত্ত্বেও পশ্চিমবঙ্গের হলদিয়ার ৩টি সম্প্রসারিত করলেন না। হলদিয়া বন্দর সম্প্রসারণের যথেষ্ট সুযোগ আছে। এজন্য সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১২৫ কোটি টাকা ধরাও হয়েছিল, কিন্তু সেটা কাট ছাঁট করে ৬০ কাটি টাকাতে নামানো হল। কলকাতা বন্দরকে বাঁচাতে হলে হুগলি নদীর নাব্যতা বজায় রাখা দরকার। ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ড্রেজিংয়ের কাজ অনুমোদন করা হল, কিন্তু দুর্ভাগ্যের কথা, ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় টাকা খরচ করে ড্রেজিংয়ের কাজ করা হল না কেন বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ এর উত্তর দেবেন কি? সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ড্রেজিং-এর টাকা, ৪০ কোটি টাকা থেকে কমিয়ে ৩০ কোটি করা হল। যখন জিনিসপত্রের দাম বাড়ছে, আরও বেশি বরাদ্দ করার দরকার তখন টাকা কমানো হল। যেখানে হলদিয়া বন্দরে কলকারখানা তৈরির সুযোগ রয়েছে, শিল্প সম্প্রসারণের সুযোগ রয়েছে সেখানে কেন্দ্রীয় সরকার বার বার বঞ্চিত করছেন, অবহেলা করছেন। আমরা হলদিয়াতে শিল্প নগরী গড়ে তোলার জন্য তার পরিকাঠামো করেছি, ১৯৭৭ সালের আগে পর্যন্ত কি কেউ তার পরিকাঠামো করার চেষ্টা করেছেন? ১৯৭৭ সাল থেকে ১৯৮৩ সালের মধ্যে হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি হল, হলদিয়া নোটিফায়েড এরিয়া অথরিটি হল। আমরা ২৫ কোটি টাকা খরচ করে সেখানে জল সরবরাহ ব্যবস্থা চালুও করেছি। সেখানে ২৫০টি বেড বিশিষ্ট একটি হাসপাতালের কাজ শেষ হওয়ার পথে। আমরা সেখানে কলেজ নির্মাণ করেছি, রাস্তা তৈরি করেছি। এইসব পরিকাঠামো করে যাতে নতুন নতুন শিল্প ওখানে হয় তার জন্য চেষ্টা করছি। কেন্দ্রীয় সরকারের বা ভেজা কমিটিতে যাঁরা আছেন তাঁরা বার বার সুপারিশ করেছেন যে হলদিয়া জাহাজ নির্মাণের উপযুক্ত জায়গা, তাঁরা সুপারিশ করা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার তার অনুমোদন দিলেন না। এইভাবে বার বার কেন্দ্রীয় সরকার আমাদের বঞ্চনা করছেন। হলদিয়া প্রেট্রোকেমিক্যালসের কথা বার বার উল্লেখ করছি এই কারণে যে, হলদিয়া একমাত্র জায়গা যেখানে আধুনিক শিল্প তৈরি করা যায়, কারণ ওটা বন্দর এলাকা। সেই এলাকায় যদি কেন্দ্রীয় সরকার সাহায্য করেন তাহলে শুধু পশ্চিমবঙ্গের অর্থনীতির পরিবর্তন ঘটবে না, ওখানে তৈল শোধনাগার

এবং বন্দরের সম্প্রসারণ ঘটলে শুধুমাত্র পশ্চিমবঙ্গের সমৃদ্ধি ঘটবে না, গোটা পূর্বাঞ্চলের পরিবর্তন ঘটবে। ৩৮ বছর ধরে পশ্চিমবঙ্গ সহ পূর্বাঞ্চলকে বঞ্চিত করার জন্য চেষ্টা করা হয়েছে। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, বিগত ৮/৯ বছর ধরে বাজেটে আমরা রাজ্যে নূতন কোনো কর চাপাইনি, উদ্বৃত্ত করার চেষ্টা করছি। বর্তমান বাজেটের মধ্যে দিয়েও আমরা জনগণের সেবা করার চেষ্টা করেছি। কেন্দ্রীয় সরকার বর্তমান বাজেটে চার, সাড়ে চার হাজার কোটি টাকা ঘাটতি যেটা করেছেন আজকে কাগজের নোট ছাপিয়ে সেই ঘাটতি পূরণের চেষ্টা করবেন। আজ ভারতবর্ষের অর্থনীতিতে ৩ রকমে ঘাটতি পূরণের চেষ্টা করা হয়, নোট ছাপানো, জনগণের ঘাড়ে করের বোঝা চাপানো আর বিদেশের কাছে ঋণ গ্রহণ করা। এই রকম ভাবে বিদেশের কাছে ঋণ গ্রহণ করার ফলে আজকে দেশে এই বিপর্যয় নেমে এসেছে। ১৯৬৩-৬৪ পর্যন্ত ভারতবর্ষের ২৩টি ধনী পরিবারের হাতে ১৩, ১৬ কোটি টাকা ছিল। আজকে অর্থাৎ ১৯৮৪ সালের ডিসেম্বর পর্যন্ত তা বেড়ে হয়েছে ১২, ২৬১ কোটি টাকা। ঐ একই সময়ে টাটার ছিল ৩৭৫ কোটি টাকা। আজকে সেটা বেড়ে ২,৪৩৯ কোটি টাকা হয়েছে। এটা কাদের কল্যাণে হয়েছে? হয়েছে কংগ্রেসের কল্যাণে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী এবার যে বাজেট এনেছেন তাতে বিদেশের উপর নির্ভরশীলতা আরো বেড়েছে। এবারকার বাজেটে তাঁরা যে পেট্রোল, ডিজেল, চাল, গম ইত্যাদির দাম বাড়ালেন সেটাও করতে হল আন্তর্জাতীক অর্থভান্ডার—বিশ্বব্যাঙ্কের নির্দেশেই। আজকে ক্যালকাটা কর্পোরেশন জলের জন্য যে কর বসিয়েছেন তাও বিশ্বব্যাঙ্কের নির্দেশেই সেটা তাঁরা করতে বাধ্য হয়েছেন। প্রধানমন্ত্রী বলছেন—একলাফে তিনি ভারতকে একবিংশ শতাব্দীতে নিয়ে যাবেন। বলেছেন, পেট্রোল ডিজেলের দাম বাড়ানোতে দেশে এর চাহিদা কমবে। এবার মনে হয় তিনি আমাদের দেশকে গরুর গাড়ির যুগে নিয়ে যাবেন। এই হচ্ছে আমাদের দেশের অর্থনীতি, এই হচ্ছে আমাদের দেশের সরকার! এই অবস্থায় মধ্যে সীমিত ক্ষমতায় মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট এখানে উপস্থিত করেছেন তাতে সাধারণ মানুষ উৎসাহিত বোধ করছেন, মেহনতি মানুষ আজকে সরকারকে আশির্বাদ করছেন। এর জবাবও ওঁরা পাবেন সন্দেহ নেই। সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন, সে সম্বন্ধে বক্তব্য রাখবার আগে শুধু একটি কথা বলতে চাই, এই সরকার বিরোধীদের প্রতি বিন্দুমাত্র শ্রদ্ধাশীল নন। তার প্রমাণ হ'ল, এই বাজেট বক্তৃতার সময় কোনো মন্ত্রীকে ট্রেজারি বেঞ্চে দেখতে পাচ্ছি না। এরাই আবার বড় বড় কথা বলেন, সংসদীয় গণতন্ত্রের কথা বলেন! ডাক্তার বি. সি. রায় যখন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন তখন জ্যোতিবাবুকে যে সম্মান দেখাতেন, আজকে জ্যোতিবাবু বলুন যে তিনি সেই সম্মান দেখান! তার প্রমাণ হচ্ছে ট্রেজারি বেঞ্চ, তার প্রমাণ হচ্ছে—এই বাজেট বক্তৃতা শোনবার জন্য তাঁদের অনিহা। সেই কারণে এই বাজেটের বিরোধিতা করে শুধু দুই-একটি কথা এই স্বল্প সময়ে রাখতে চাই।

মাননীয় স্পিকার মহাশয়, এখানে যে বাজেট জ্যোতিবাবু পেশ করেছেন তার রাজনৈতিক চমক একটা নিশ্চয়ই আছে। যেমন, ডাক্তারখানায় রোগীরা বসে থাকেন। তাঁদের মধ্যে এক একজনকে দেখতে বাইরে থেকে বেশ সুন্দর লাগে, গালটা ফোলা ফোলা। কিন্তু ডাক্তারকে

যখন জিজ্ঞাসা করা হয় যে, যার এত সুন্দর স্বাস্থ্য—সে হাসপাতালে এসেছে কেন? ডাক্তারবাবু বলেন—এর অ্যানিমিয়া হয়েছে। এই পশ্চিমবঙ্গের সরকারও যে উদ্বৃত্ত বাজেট পেশ করেছেন—এটাও তাঁদের এক ধরণের অ্যানিমিয়া। এ-সম্পর্কে দুই-একটি উদাহরণ দিতে চাই। ১৯৭০-৭১ সালকে যদি ভিত্তি বছর ধরি তাহলে দেখা যাবে, যেখানে গত ৮ বছরে মাথাপিছু আয় বেড়েছে ১৫ টাকা সেখানে স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট বেড়েছে ৭৩৩ কোটি ১২ লক্ষ টাকা। আমার প্রশ্ন, যেখানে স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট ৭৩৩ কোটি ১২ লক্ষ টাকা বাড়ে সেখানে মাথাপিছু আয় ১৫ টাকা বাড়ে কি করে? কাজেই দেখা যাচ্ছে যে এই টাকাটা গরিব মানুষের কাছে পৌছায়নি।

[5-05 — 5-15 P.M.]

টাটা, বিড়লা এবং গোয়েঙ্কাদের ঘরে এই পুঁজিপতি সরকার টাকা পৌছে দিয়েছেন। সেই জন্য মাথা পিছু আয় বাড়াতে পারেনি, ১৫ টাকার মধ্যে সীমাবদ্ধ আছে। স্যার, পশ্চিমবাংলার এই অপদার্থ বামফ্রন্ট সরকার গত ৮ বছরে বেশ কিছু টাকা খরচ করতে পারেন নি। গত বছর যিনি বাজেট পেশ করেছিলেন তাঁর মুখে ঘা হওয়ার জন্য তিনি নাকি বিদায় নিয়েছেন, তিনি এই বিধানসভার বাইরে এবং ভেতরে অনেক মিথ্যা কথা বলেছিলেন। এবারে যিনি বাজেট পেশ করেছেন পূর্ত এবং বিভিন্ন খাতে একটা পয়সাও খরচ করতে পারেন নি। মাননীয় সদস্য লক্ষ্মণ শেঠ বললেন কেন্দ্র বঞ্চনা করছে। যে টেপ আলিমুদ্দিন স্ট্রিটে বাজানো হয়েছিল সেই কথাই উনি এখানে এসে বললেন, ওনার কোনো দোষ নেই। তা না হলে ওনার তো আর চাকুরি থাকবে না। আমরা দেখেছি পূর্ত ডিপার্টমেন্টে ৩ কোটি ৯০ লক্ষ ৬১ হাজার টাকা খরচ করতে পারেন নি। শ্রম ও কর্মসংস্থান বিভাগে ১১ কোটি ৬০ লক্ষ ৬৪ হাজার টাকা খরচ করতে পারেন নি। আমি সব ডিপার্টমেন্টের কথা বলছি না মাত্র ৪টি ডিপার্টমেন্টের কথা বলছি। শিক্ষা বিভাগে ৮ কোটি ৫০ লক্ষ এবং ক্ষুদ্র সেচে ৪ কোটি ৭২ লক্ষ ৫০ হাজার টাকা খরচ করতে পারেন নি। এটা আমার কথা নয়, হাউস থেকে আমাদের যে বই দেওয়া হয়েছে তাতে এটা রয়েছে, এটা কোনো কংগ্রেস অফিস থেকে ছেপে আসেনি। ইকনমিক রিভিউতে যে কথা বলা হয়েছে সেটা আপনাদের সামনে রাখলাম। আমরা দেখেছি দিনের পর দিন এই সরকার খালি কেন্দ্রের বিরুদ্ধে বঞ্চনার কথা মানুষের কাছে বলে যাচ্ছে। কিন্তু যে টাকা খরচ করতে দেওয়া হয়েছে সেই টাকা তারা খরচ করতে পারেন নি। ১৫ কোটি টাকা কেন্দ্রে ফেরত গেছে। আমি দায়িত্ব নিয়ে বলছি জনস্বাস্থ্য এবং পানীয় জল সরবরাহ এই খাতে গত বছর ১৫ কোটি টাকা এই অপদার্থ সরকার খরচ করতে পারেন নি। আমরা দেখেছি শুধু সরকার পক্ষের মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সদস্যরা বাদ দিলে আর যাঁরা বক্তব্য রাখলেন তাঁরা প্রত্যেকেই বলেছেন বহুতলা বাড়ি এবং রঙ্গিন টি.ভি. যাদের আছে সেই পুঁজিপতিদের উপর আরো ট্যাক্স বাড়ানোর কথা বলেছেন। এটা আমার কথা নয় ফরোয়ার্ড ব্লকের বেঞ্চ থেকে এবং এই বেঞ্চ থেকে বলা হয়েছে এদের উপর ট্যাক্স বসানো হচ্ছে না কেন? এদের উপর যদি ট্যাক্স বসানো হয় তাহলে তো দিল্লিতে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির বাড়ি তৈরি হবে না, আলিমুদ্দিন স্ট্রিটের বাড়ি মোজায়েক করা হবে না। বড় লোকদের উপর ট্যাক্স চাপানোর ক্ষমতা জ্যোতিবাবু থেকে আরম্ভ করে রাম চ্যাটার্জির পর্যন্ত হবে না। স্যার, ওনারা শ্রম কল্যাণ নিয়ে বড় বড় কথা বলেন, শ্রমিকদের

কথা বলেন এবং মেহনতি মানুষের কথা বলেন। আমরা দেখেছিলাম শ্রম কল্যাণ এবং শ্রমিকদের কর্মসংস্থানের জন্য যে টাকা ধরা হয়েছিল তার পরিমাণ হ'ল ১৩ কোটি ৭৮ লক্ষ টাকা, তার মধ্যে ১১ কোটি ৬০ লক্ষ টাকা খরচ করতে পারেন নি। তাহলে কি শ্রমিকদেব কল্যাণ পশ্চিমবাংলায় হয়ে গেছে, শ্রমিকদের স্বার্থ রক্ষার জন্য সব কিছু হয়ে গেছে গত ১ বছরে কেন এই টাকা খরচ করতে পারলেন না তার উত্তর শ্রমমন্ত্রী এবং অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী দেবেন এই আশা রাখি। আমরা দেখেছি বেকার সমস্যা দিনের পর দিন হু হু করে বেড়ে যাচ্ছে। ৪০ লক্ষ রেজিস্ট্রিকৃত বেকার রয়েছে। প্রতিটি কারখানায় আজ কি অবস্থা! ১৯৮৩ সালে রেজিস্টার্ড কারখানা ছিল ৭৩২৪টি এবং ১৯৮৪ সালে হিসাবে দিয়েছেন ৭৬২৮টি, মাত্র ৩০৪টি কারখানা বেড়েছে। কিন্তু কর্মী সংখ্যা ক্রমশ কমে আসছে। স্যার, গত ১ বছরে কর্মী সংখ্যা ৯ হাজার কমে গেছে এই কারখানাগুলোতে। চা-বাগিচাগুলোতে ৫ হাজার শ্রমিক কমে গেছে। স্যার, শ্রমিক সংখ্যা ক্রমশ কমে যাচ্ছে আর শ্রম কল্যাণের টাকা ওনারা কাজে লাগাতে পারছেন না। আপনারা বলছেনটা কি, আপনারা করছেনটা কি? শুধু বড় বড় কথা বলছেন আর রাজীব গান্ধী টাকা দিচ্ছে না, কেন্দ্র টাকা দিচ্ছে না এই সব বলছেন। শুধু দোকান, বাণিজ্য, সিনেমা এবং থিয়াটারে আমরা দেখেছি কিছু চাকুরির সুযোগ বেড়েছে সেটা হ'ল ১৮০০ জন। ১৯৮৩ সালের তুলনায় ১৯৮৪ সালে দু'লক্ষ বেকার নতুন করে অ্যাড করেছেন পশ্চিমবঙ্গ সরকার। দিনের পর দিন [illegible] আমরা দেখছি এই সরকার বেকার সমস্যার সমাধান করতে পারছেন না, সেখানে আমরা দেখছি ১৯৮৩ সালে বেকার ভাতা দিয়েছেন ৩.২ লক্ষ বেকারকে। ১৯৮৪ সালে বেকার ভাতা দিয়েছেন ২.৪ লক্ষ বেকারকে। বেকার সমস্যার সমাধান যেখানে এই বামফ্রন্ট সরকার করতে পারছেন না তখন আমরা দেখলাম স্বনির্ভর কর্ম প্রকল্প চালু করলেন। ভালো কথা। আমার কথা হচ্ছে এই যে, এই স্বনির্ভর কর্ম প্রকল্পে যেটা আপনারা বলছেন ২৫,০০০ টাকার অঙ্ক সীমিত আপনারা রাখছেন—আমাদের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এস. ই. পি. স্কীমে বেকারদের টাকা দেওয়ার ব্যাপারে যাতে উদ্যোগ নেওয়া হয়, আমরা তারজন্য দরবার করেছি—সেই টাকায় বর্তমান অবস্থায় কোনো বেকার ব্যবসা করতে পারেন না। কমপক্ষে এই টাকার পরিমাণ ৫০,০০০ টাকা হওয়া উচিত। কেন্দ্রীয় সরকারের কাছে আমরা এই দাবি উত্থাপন করেছি। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে এই ব্যাপারে ডেপুটেশনও দিয়েছি। এখানে যাঁরা সব সময়ই বলেন যে পশ্চিমবাংলার মাটির সঙ্গে আমাদের যোগ আছে, শ্রমিক শ্রেণীর মানুষের সঙ্গে আমাদের নিবিড় টান আছে, তাঁদের কাছে আমরা জিজ্ঞাসা করি, আপনারা স্বনির্ভর প্রকল্পে ২৫,০০০ টাকার যে সাহায্য বেকারদের দিচ্ছেন, টাকার অঙ্ককে ঐ জায়গায় সীমাবদ্ধ কেন রাখলেন? এই প্রকল্পে টাকার এই অঙ্ককে যদি না বাড়ানো হয়, তাহলে ঐ টাকায় বেকারদের কোনো কাজ হবে না। বেকারদের যেখানে কোনো কাজ আপনারা দিতে পারছেন না, সেখানে ঐ প্রকল্পে মাত্র ৫,০০০ বেকারকে কেন সীমাবদ্ধ রাখছেন? ক্রমবর্দ্ধমান বেকার যুবকদের যেখানে কোনো কাজ আপনারা দিতে পারছেন না, সেখানে স্বনির্ভর প্রকল্পে ৫,০০০ হাজারের ঐ সংখ্যাটা আরও বৃদ্ধি করুন, এই অনুরোধ আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। বেকারদের যেখানে কাজ দেওয়া যাচ্ছে না এবং তার সংখ্যা যেখানে ৪০ লক্ষ হয়ে গেছে, সেখানে তাদের সামনে একটা প্রকল্প আপনারা রেখেছেন, কিন্তু ব্যবসা করার মতো প্রকল্প আপনারা তাদের দিন। টাকার অঙ্কটা আরও বৃদ্ধি করুন এবং ৫,০০০ হাজার বেকারকে

আপনাদের এই প্রকল্পের সুযোগ দেবার যে কথা বলেছেন. সেই সংখ্যাটা একটু বৃদ্ধি করুন। কারণ ৪০ লক্ষ বেকারের মধ্যে মাত্র ৫,০০০ হাজার বেকার যুবককে টাকা দিলে কিছুই হবে না।

গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন বলে সব সময়ে আপনারা বলে আসছেন। আমি এখানে ১৯৮২ সালে বিধানসভার সদস্য হওয়ার পর থেকেই শুনে আসছি—সিদ্ধার্থশঙ্কর রায় বিদ্যুতের নামে গ্রামে পোস্ট পুঁতে দিয়ে গেছেন. আর কিছুই করেন নি। এখানে মাননীয় জ্যোতিবাবু তো তিন বছর বিদ্যুৎমন্ত্রীর দায়িত্বে ছিলেন, সেই সময়ের মধ্যে কটা গ্রামের বুকে তিনি বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছিলেন? শহরের বুকে বিদ্যুৎ যাও বা ছিল সবকিছু শেষ করে. দিয়ে গেছেন। বিদ্যুতের অভাবে শহরের বুকে কারখানাগুলো সব তিনি বন্ধ করে দিয়েছিলেন। তাঁর পর অন্য একজনকে—প্রবীরবাবুকে বিদ্যুৎ দপ্তরের ভার দেওয়া হয়েছে। কি করলেন তিনি? বিদ্যুতের অবস্থা আজ খুবই শোচনীয়। এটা নিয়ে আমাদের ভেবে দেখার দরকার আছে। ১৯৭৬-৭৭ সালে আমাদের সরকার যখন চলে যান, তখন বিদ্যুতের উৎপাদন ছিল ১,৬২৫ মেগাওয়াট। আজ আট বছর এই সরকার ক্ষমতায় থাকার পর আমরা দেখছি বিদ্যুতের উৎপাদন মাত্র ১,৭২৮ মেগাওয়াটে বাড়াতে পেরেছেন। তাহলে আপনারাই বলুন না, সত্যিই কী কৃতিত্বের দাবি আপনারা করতে পারেন? আমার পরে বামফ্রন্ট সরকারের সমর্থক সদস্য যিনি বাজেটের উপরে আলোচনা করবেন, আশা করি, তিনি তাঁর ভাষণে আমাদের কাছে এই জবাব দেবেন যে, বামফ্রন্ট সরকারের বিদ্যুৎমন্ত্রী কোনো ভাবেই বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির কৃতিত্ব দাবি করতে পারেন কি-না? আশা করি, দয়া করে তিনি এখানে আমার এই প্রশ্নের উত্তর দেবেন। বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি করতে পেরেছেন. গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছেন বলে যাঁরা এখানে অনেক বড় বড় কথা বলেন, তাঁরা এখানে বলুন আজ পর্যন্ত কটা গ্রামের বুকে সত্যি সত্যি বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছেন? শহরের সমস্ত জায়গা আলো ঝলমল করে দেবেন বলে যাঁরা বলেছিলেন, তাঁদের কাছে আমার প্রশ্ন আপনারা সত্যিই কী পেরেছেন শহরের বুকে আলো ঝলমলকের অবস্থা ফিরিয়ে আনতে? গ্রামের বুকে, শহরের বুকে বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছেন বলে যাঁরা সব সময়ে বড় বড় কথা বলেন, তাঁদের উদ্দেশ্যে বলি আপনারা শুনুন, বিগত আট বছরে আপনারা মাত্র ৮,২২০টি গ্রামে বিদ্যুৎ দিতে পেরেছেন। সিদ্ধার্থশঙ্কর রায় শুধু তো গ্রামের বুকে পোস্ট পুঁতে গিয়েছিলেন, তাহলে আপনারা কতখানি আলো পৌঁছে দিতে পারলেন গ্রামের বুকে? এটা তো আপনাদেরই অর্থনৈতিক সমীক্ষায় প্রকাশিত সংবাদ। এবারের বাজেটে যা আমাদের দিয়েছেন, সেই বইতে এই কথা প্রকাশ করা হয়েছে। সেখানে আমরা দেখলাম, কলকাতা নগরীর উন্নয়নের সাথে সাথে আপনারা ভাবছেন শহরাঞ্চলের উন্নয়নের কথা। শহরের বুকে আপনারা জল-সরবরাহের কথাও ভাবছেন দেখলাম। যদিও আমরা বাস্তবক্ষেত্রে দেখছি, এখানে জল সরবরাহের এক বিরাট সমস্যা রয়েছে। আজকের কাগজ খুললেই এই সমস্যার কথা দেখতে পাওয়া যাবে। হাওড়াতেও জলের সমস্য তীব্র আকার ধারণ করেছে। শহরের বুকে যেখানে জলের সমস্যা এই সরকার মেটাতে পারছেন না, সেই অবস্থায় আমরা দেখছি জ্যোতিবাবু বড় বড় করে বলছেন যে. হাওড়ার জন্য আমরা একটা ব্যবস্থা গ্রহণ করেছি। আমি তাঁর কাছে বিশেষ ভাবে অনুরোধ রাখছি যে, যে সমস্ত বড় বড় স্থান নগরের মধ্যে আছে, যেমন দমদম ইত্যাদি

জায়গায় পানীয় জলের অনেক সংকট আছে, সেগুলোর দিকে একটু নজর দিন। জ্যোতিবাবু অনেক বড় বড় কথা বলেছেন। পদ্মপুকুরে ৯ কোটি টাকা খরচ করে একটা জল প্রকল্প করেছেন বলে বলেছেন। আমি হাওড়ার মানুষ, আমি জানি, তিনি বলেছিলেন যে হাওড়ার জন্য জল-প্রকল্প তিনি করবেন—হাওড়া জলে ভেসে যাবে আর কি! এখানে মাননীয় পতিতবাবু উপস্থিত আছেন, তিনি উপস্থিত ছিলেন পদ্মপুকুর জল প্রকল্প উদ্বোধনের সভায়। জ্যোতিবাবু সুইচ টিপে উদ্বোধন করে গাড়ি নিয়ে বোধ হয় রাইটার্স বিলডিংসে গিয়ে পৌঁছুতে পারেন নি, তারই মধ্যে পাইপ দিয়ে জল আর বের হ'ল না। তাহলে বলুন, এই ভাবে টাকা অপচয়ের কৈফিয়ত কে দেবে?

[5-15 — 5-25 P.M.]

এই টাকার কৈফিয়ত কে দেবেন? আজকে জ্যোতি বাবু দমদম, দক্ষিণ দমদম এবং বিধাননগরের মানুষদের জল দেবেন আশ্বাস দিচ্ছেন এতে আমাদের ভয় হচ্ছে হাওড়ার মতো অবস্থা না হয়। ওদের অবস্থা যেন হাওড়াবাসীদের মতো না হয়। আমরা বাজেটে দেখতে পাচ্ছি হোসিয়ারী, বিভিন্ন রকম রেডিমেড পোশাক এবং স্কুটার, টি. ভি. ইত্যাদির উপর কর কমিয়ে দিলেন, আপনারা এসব করে একটা চমক দেবার চেষ্টা করেছেন। সঙ্গে সঙ্গে আপনারা কয়লার উপর সেস বসিয়ে দিলেন। কয়লার উপর দুবার সেস বসিয়ে গতবার পেলেন ১৪০ কোটি টাকা আর এবার পাবেন ৩০ কোটি টাকা। আপনারা রয়্যালটি বিভিন্নরকমের দিচ্ছেন কিন্তু কয়লাখনিগুলি সারানোর ব্যবস্থা করুন, রাস্তাঘাটগুলি উন্নত করার চেষ্টা করুন। এই কয়লা খনি অঞ্চলের রাস্তাগুলির যে অবস্থা তা তো আর রাজীব গান্ধী এসে ঠিক করবেন না, জ্যোতি বাবু তথা অর্থমন্ত্রীকে ওই কয়লাখনি অঞ্চলের দুরবস্থা এবং রাস্তাঘাট যে অবস্থা তার উন্নতি করতে হবে। আমি অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে দাবি রাখছি এই সেস বসানোর জন্য কয়লার উপর যে ট্যাক্স ক ়ব তা সাধারণ মানুষের উপর এবং মধ্যবিত্তের উপর এসে পড়বে, সেইজন্য আমি দাবি ানাচ্ছি তার আগে অর্থমন্ত্রী মহাশয় এগুলো সারানোর এবং পরিবেশ আরো উন্নত করার চেষ্টা করুন। এই বলে এই বাজেট যে মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী পেশ করেছেন তার তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন তার উপরে গতকাল থেকে সরকারি পক্ষের এবং বিরোধীপক্ষের সদস্যরা বক্তব্য রেখেছেন। এই অল্পসময়ের মধ্যে এই বাজেট সম্বন্ধে আমি দু একটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল বিরোধীদলের নেতা আমাদের মুখ্যমন্ত্রীকে একজন ম্যাজিসিয়ান বললেন এবং বললেন এটা নির্বাচনী বাজেট, এটা ঠিক বাজেট নয় এটা একটা ট্রিক্স মাত্র। এই ঘটনার পরিপ্রেক্ষিতে আমার অনেকদিনের পুরাতন কথা মনে পড়ে গেল। একজন বিখ্যাত অর্থনীতিবিদ্ এ. ই. বাক্ তার অরিজিন অ্যান্ড ডেভেলপমেন্টস অফ দি বাজেট এই বইটির মধ্যে একটি সুন্দর কথা বলেছেন। তিনি বলেছেন বাজেট এই কথাটি অষ্টাদশ শতকের প্রথম দিকে জানতে পারলাম, তার আগে বাজেট বলা হত চামড়ার ব্যাগকে। ১৮০০ সালের আগে এই বাজেট কথাটি লেদার ব্যাগ হিসাবে ব্যবহৃত হয়েছিল। আজকে বাজেট বলতে আমরা যে ইকোনমিক এক্সপেনডিচার অ্যান্ড রিসিট্স বুঝি তখন সেই অর্থে ইউসড় হত না। প্রথম ইংল্যান্ডের প্রধানমন্ত্রী স্যার ওয়ালপোল তিনি যখন তার ইকোনমিক প্রোপোজাল

পার্লামেন্টের সামনে পেশ করেন তখন সেই ইকোনমিক প্রোপোজালকে স্যাটায়ার করে বা ব্যাঙ্গ করে তৎকালীন বিরোধীদলের নেতারা বললেন যে এটা হচ্ছে বাজেট ওপেন অর্থাৎ চামড়ার ব্যাগ থেকে তিনি একটা অদ্ভুত রকমের জিনিস বার করলেন। তারপর থেকে ইকোনমিক প্রোপজালটি বাজেট হিসাবে ইংল্যান্ডের লোকেদের কাছে এল। তারপরে রেসটোরেশন পিরিয়ডের পরে ফ্রান্সে এই বাজেট কথাটির চল এল। তার আগে এই বাজেট কথাটির চল ছিল না। কাজেই সাত্তার সাহেব এই বাজেট সম্বন্ধে যেকথা বললেন তার পরিপ্রেক্ষিতে এই কথা বলছি যে ওয়ালপোল যেরকমভাবে তার ইকোনমিক প্রোপোজালের মধ্যে দিয়ে তৎকালীন ইংল্যাডের অর্থনীতিকে নতুন করে রূপ দিয়েছিলেন সেইরকম জ্যোতিবাবুও বাজেটের রূপ দিয়েছেন। আমার মনে হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতি বাবু তার এই বাজেট পাস করে এই পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থাকে একটা নূতন রূপ দেবেন। মিঃ ডেপুটি স্পিকার স্যার, বাজেট হচ্ছে এমন একটা জিনিস যেটার মধ্যে দিয়ে গোটা রাজ্যের বা একটা রাষ্ট্রের অর্থনৈতিক অবস্থা আমরা বুঝতে পারি। এবং এই বাজেট সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমাদের সরকারের এই যে ট্যাকসেশন পলিসি, অবজেকটিভ অফ ট্যাকসেশন সেই সম্পর্কে আমরা একটু আলোচনা করব। কারণ ট্যাক্স হচ্ছে এমনি একটা জিনিস যার মধ্যে দিয়ে কোনো সরকার কখনো প্রগতিশীল, কোনো সরকার কনস্ট্রাকটিভ লাইনে মুভ করছেন, কোনো সরকারের চিন্তা ধারা কি রকম সেটা সম্পূর্ণভাবে বোঝা যায়। কাজেই ট্যাক্স শুধু উৎপাদন এবং বন্টন ব্যবস্থাকে কন্ট্রোল করে তাই নয় এটা টু কন্ট্রোল কনজামশন এবং টু কন্ট্রোল বিসনেস স্ট্রাকচার। আর শেষ কথা হচ্ছে ট্যাক্স টু রেগুলেট ইকনমিক লেভেল অফ ইনকাম। কাজেই এইগুলি ছাড়াও আজকে ট্যাক্সের একটা নূতন জিনিস হয়েছে যেটা এ. পি. লার্নার তার বইয়ের মধ্যে বলছেন—যখন দেশে মন্দা দেখা যায়, যখন দেশে বেকার অবস্থা থাকে, যখন ব্যবসা বাণিজ্য শ্লথ হয়ে আসে, মন্থর গতিতে চলে, যখন দেশের মধ্যে দিয়ে লাল দেখা যায় তখন সেই অবস্থায় একটা জনমুখী সরকার ভাববে ট্যাকসেসন জনগণের উপর কি ভাবে প্রক্রিয়া হয়। আজকে পশ্চিমবঙ্গের যে অবস্থা যে ভাবে বিসনেস শ্লথ গতিতে চলছে সেই ভাবেই মন্দা সারা দেশে চলছে। যে ভাবে বেকার সমস্যা সারা দেশে চলছে সেই অবস্থার মধ্যে দিয়ে লার্নার বলেছেন জনগণ কিভাবে বাজেটকে নেবেন এবং জনগণের উপর যাতে চাপ না পড়ে সেই দিকে লক্ষ্য রেখেই আমাদের এই বাজেটকে তৈরি করতে হবে। কাজেই আমরা যদি এই বাজেটকে ভালো ভাবে বিশ্লেষণ করি তাহলে দেখতে পাব কোনো কোনো জিনিসের উপর কর হয়েছে যেমন তুলো, উল। আবার কর কমিয়ে দেওয়া হয়েছে। রেডিমেড জিনিসের উপর এবং অনেক হোসিয়ারী শিল্পের উপর। ফ্লোরোসেন্ট টিউব এবং মারকিউরি ভ্যাপার ল্যাম্প কেন কমল, সেটার কারণ হচ্ছে ফ্লোরোসেন্ট টিউব এবং মারকিউরি ল্যাম্প এর মধ্যে ইলেকট্রিক কনজামশন কম হয় সেইজন্য ট্যাক্স কমানো হয়েছে। এ ছাড়া মোটর সাইকেল, বাই সাইকেল ইত্যাদি জিনিসগুলির উপর ট্যাক্স কমানো হয়েছে। আজকে দেশের যে অবস্থা তাতে ইনসেনটিভের প্রয়োজন রয়েছে।

[5-25 — 5-35 P.M.]

তারপর সিনেমা মালিকদের একটু খানি সুবিধে দেওয়া হয়েছে। কারণ বাংলার সিনেমা শিল্প মার খাচ্ছে এবং হিন্দি বইয়ের সঙ্গে বাংলা বই প্রতিযোগিতায় পেরে উঠছে না। এই

শিল্পকে চাঙ্গা করা দরকার। সিনেমা শুধু আমোদ প্রমোদ বিতরণ করে তা নয়, শিল্প হিসেবে কাজ করছে এবং কয়েক লক্ষ লোক এই শিল্পে কাজ করছে। এই শিল্পে ভরতুকী দেবার ফলে এই শিল্প বাড়বে এবং বাংলা চলচিত্র চাঙ্গা হবে বলে আমি মনে করি। সুব্রতবাবু বেকার সমস্যার কথা বললেন। পশ্চিম বাংলার মতো ক্ষুদ্র রাজ্যের পক্ষে একা সমস্যার সমাধান করা সম্ভব নয়। আমরা যদি একটু তলিয়ে দেখি তাহলে বুঝতে পারব এই সমস্যার মূল কোথায়। কেন্দ্রের বাজেট এবং ফরেন লোন এবং আই. এম. এফ ইত্যাদির মধ্য দিয়ে কেন্দ্রের যে ব্যর্থতা তা দেশের বেকার সমস্যাকে তুঙ্গে নিয়ে গেছে। সম্প্রতি কেন্দ্র যে বাজেট করেছেন তার মধ্য দিয়ে একটা মারাত্মক জিনিস করা হয়েছে। অর্থাৎ রপ্তানীর চেয়ে আমদানি বেশি করা হয়েছে এবং আমদানির মধ্য দিয়ে বাইরের সমস্ত জিনিস আসার ফলে আমাদের দেশের জিনিস মার খাচ্ছে। সুতরাং মুখ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট বলিষ্ঠ, বাস্তব এবং যুক্তি সঙ্গত। তাই এই বাজেটকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, বাজেট সম্পর্কে কিছু সমালোচনা করতে গেলে একটি কথাই তাঁরা বলেন যে আমাদের সীমাবদ্ধ ক্ষমতা। আমরা অবুঝ নই এবং আমরা জানি যে রাজ্য সরকারের সীমাবদ্ধতা আছে। কিন্তু সীমাবদ্ধতার মধ্যে জনমুখী দৃষ্টিভঙ্গি নিয়ে রাজ্যের শ্রমিক, কৃষক ও মেহনতি মানুষের স্বার্থে যে দৃষ্টিভঙ্গি নিয়ে বাজেট রচনা করা উচিত ছিল সেদিক থেকে বিবেচনা করলে আমি মনে করি রাজ্যের জনগণের আশা আকাঙ্ক্ষার সঙ্গে এই বাজেট সঙ্গতিপূর্ণ নয়। আমি ঘটনার উপরেই বলব। প্রথমে প্যারাগ্রাফ তিনে তিনি উৎপাদনশীল ভূমি সংস্কারের প্রশ্নে রাজ্য সরকার ভূমিহীনদের মধ্যে যে ৮.১০ লক্ষ একর ভূমি বিলি করেছেন তার উপর গুরুত্ব দিয়েছেন এবং বলেছেন সারা ভারতবর্ষের মধ্যে এটা বৃহত্তম। এইসব দাবি তিনি করেছেন। কিন্তু বাস্তব ক্ষেত্রে তিনি তাই? এটাই আমি তাঁকে বিবেচনা করতে বলছি। এই ভাষণের মধ্যে একটি কথা উল্লেখ করেন নি যে রাজ্য সরকারের হাতে ন্যাস্ত জমির পরিমাণ কত। এই ন্যাস্ত জমির পরিমাণ ১২.৪০ লক্ষ একর এবং এটা তাঁর ইকোনমিক রিভিয়্যুতে আছে। তাহলে প্রশ্ন করতে হয় যেখানে ১২.৪০ একর জমি ন্যাস্ত হয়েছে সেখানে ৮.১০ লক্ষ একর বিলি হল কেন? এবং ৪.৩০ লক্ষ একর জমি কেন হাতে থাকল? আবার এই যে ৮.১০ লক্ষ একর জমি বিলি করেছেন এটা কি বামফ্রন্ট সরকার করেছেন? ভূমি রাজস্ব মন্ত্রী এই হাউসে বলেছেন যুক্ত ফ্রন্ট সরকারের আমলে হরেকৃষ্ণ বাবুর সময়ে ৬.১৪ লক্ষ একর জমি বিলি করা হয়েছিল। তাহলে এই ৮.১০ লক্ষ একর থেকে ৬.১৪ লক্ষ একর জমি বাদ দিলে কার্যত বামফ্রন্ট সরকার তার ৯ বছরের রাজত্বে মাত্র ১.৯৬ লক্ষ একর জমি অর্থাৎ ২ লক্ষ একর জমি বিলি করেছেন যদিও তাঁদের হাতে ৪.৩০ লক্ষ একর জমি আছে যেটা তাঁরা বিলি করেননি। প্রশ্ন করলে বলেন কেসের জন্য জমি আটকে আছে, সেজন্য তাঁরা জমি বিলি করতে পারছেন না। কেসের জন্য অনন্তকাল ধরে কি জমি আটকে থাকবে? তাহলে গভর্নমেন্ট লিডারদের দিয়ে কি করাচ্ছেন? এই যে ৪.৩০ লক্ষ একর জমি যেটা বিলি করা হয়নি সেই জমিটা ভোগ দখল করছে একটা প্রভাবশালী কায়েমী স্বার্থ গোষ্ঠী যে গোষ্ঠীটা আজকে বামফ্রন্ট সরকারের কাছে আত্মসমর্পণ করেছে, যার ফলে আজকে সরকারের কৃপাতে তারা সেই জমি ভোগ দখল করছে। ভূমি রাজস্ব দপ্তরের প্রাক্তন কমিশনার দেবব্রত বন্দ্যোপাধ্যায়, আই এ

এস অফিসার, তিনি বলেছিলেন যে এই জমি থেকে যে জমি বিলি হয়নি, যে জমি বেনামদাররা ভোগ দখল করছে, বছরে আয়ের পরিমাণ হচ্ছে ১৪ কোটি টাকার মতো। এটা নট এ ম্যাটার অব জোক। সুতরাং তাঁরা জমি বিলির ব্যাপারে যে দাবি করছেন, বড়াই করে ভাষণের মধ্যে লিখেছেন, বাস্তব ক্ষেত্র কি তাই? দ্বিতীয় কথা হচ্ছে বর্গা জমির কথা বলা হয়েছে, ১৩ লক্ষ বর্গাদারের মধ্যে জমি বিলি করা হয়েছে বলা হয়েছে। অবশ্য এই ১৩ লক্ষ টোটালটা বামফ্রন্টের আমলে নয়, ৪ লক্ষ আগে হয়েছিল, ৯ লক্ষ এঁরা করেছেন। সারা পশ্চিমবঙ্গে যেখানে বর্গাদারের সংখ্যা, ভাগ চাষীর সংখ্যা আগেই বলেছিলেন ৩৫ থেকে ৩৮ লক্ষ সেখানে এই যে ৯ লক্ষ বর্গাদার বাড়তি করেছেন এতে একটা বিরাট অগ্রগতির দাবি করা চলে না। তৃতীয় হচ্ছে পরিকল্পনার প্রশ্নে তাঁরা বলেছেন যে বিকেন্দ্রীকৃত পরিকল্পনা ডিসেন্ট্রালাইজড প্ল্যানিংএর ব্যবস্থা করেছেন এবং সেখানে যে নির্বাচিত সংস্থাগুলি আছে অর্থাৎ পঞ্চায়েতের মাধ্যমে জনগণকে ইনভলভ করে তাঁরা পরিকল্পনাকে বাস্তবায়িত করতে চান। তত্বগত দিক থেকে নীতিগত দিক থেকে এই প্রস্তাব অত্যন্ত ভাল। কিন্তু আজকে যে প্রস্তাব তাঁরা দিয়েছেন পঞ্চায়েতগুলির মাধ্যমে এই কাজগুলি করতে চান সেই পঞ্চায়েতগুলির কর্মতৎপরতা আজকে যে অবস্থায় রয়েছে সেই জায়গায় যদি থাকে তাহলে এই উদ্দেশ্য সফল হবে কিনা সেটা বিবেচনা করে দেখতে হবে। আমি বেশি কথা বলতে চাই না, পশ্চিমবঙ্গের জেলা পরিষদগুলির বিগত ১৯৮৫-৮৬ সালের পারফর্ম্যান্স কি সেটা বলতে চাই না, শুধু একটা জেলা পরিষদের কথা বলছি ২৪-পরগনা জেলা পরিষদ তারা গত বছর তাদের যে বরাদ্দকৃত ৮ কোটি টাকা সেই ৮ কোটি টাকার মধ্যে ৩ কোটি টাকা খরচ করতে পারেনি। গরিবদের গৃহ নির্মাণ, স্কুল বাড়ি নির্মাণ, গ্রামীণ কর্ম সংস্থান প্রকল্প, ত্রাণ প্রভৃতি খাতে এই ৩ কোটি টাকা খরচ করতে পারেনি, ফেরত চলে গেছে এবং রাজ্য পঞ্চায়েত সূত্রে যেটা সংবাদ পশ্চিমবঙ্গে অধিকাংশ জেলা পরিষদগুলির আয়-ব্যয়ের হিসাব নিলে এই জিনিস দেখা যাবে। সুতরাং সমগ্র বাংলায় পঞ্চায়েত তৎপরতা যদি এই পর্যায়ে থাকে তাহলে বিকেন্দ্রীকৃত পরিকল্পনার যে আশা রাখছি সেটা যথাযথ ভাবে বাস্তবায়িত এবং ফলপ্রসু হবে কি? তৃতীয় কথা হোল বিদ্যুৎ—বিদ্যুতের প্রশ্নে এখানে বলা হয়েছে, বিদ্যুতের ক্ষেত্রে রাজ্য সরকার এগিয়ে গিয়েছে, বিদ্যুৎ উৎপাদন বেড়েছে, ইত্যাদি।

[5-35 — 5-45 P.M.]

বিদ্যুৎ উৎপাদন বেড়েছে বটে, কিন্তু জনগণের বিদ্যুৎকে কেন্দ্র করে যে সমস্যা সেই সমস্যার সমাধান হয় নি। সেই লোড শেডিং, লো-ভোল্টেজ সমস্যা চিরাচরিতভাবে চলেছে। আজকে বিদ্যুতের অভাবে শিল্প বিপর্যস্ত, কৃষি বিপর্যস্ত, এবং সাধারণ মানুষ বিপর্যস্ত। এই জিনিস যে চলছে, এটা কি কেউ অস্বীকার করতে পারেন? বিদ্যুতের অগ্রগতির প্রশ্নে যেটা বলেছেন, সেটা সঠিক নয়। গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে সারা ভারতের হিসাব হচ্ছে ৬৩.৫%। সেখানে পশ্চিমবাংলার ক্ষেত্রে ৫২.২%। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে সারা ভারতের ক্ষমতা হচ্ছে ৫৪.৮% গড়ে, সেখানে পশ্চিমবাংলার ক্ষেত্রে বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা হচ্ছে ৪২%—ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড উৎপাদন করছে। সাঁওতালডির অবস্থা আরও খারাপ ২৭.২% আর ডি. পি. এল. দিচ্ছে ২৫.৯%। এই হচ্ছে বিদ্যুতের ক্ষেত্রে বেটার পারফরমেন্স। এই ইনডিকেট করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় শিল্পায়নের প্রশ্নে আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট

সরকার যে শিল্প নীতি নিয়েছেন তা নিয়ে ঘরে বাইরে একটা হৈ-চৈ হচ্ছে। বামফ্রন্ট সরকার সম্প্রতি শিল্পায়ণের ক্ষেত্রে যৌথ উদ্যোগ নীতি গ্রহণ করেছেন। তাতে জয়েন্ট সেক্টরে যেখানে ডানকান গ্রুপ যে গোয়েঙ্কা গোষ্ঠী তাদের সঙ্গে পেট্রোকেমিক্যালের জন্য চুক্তি হয়েছে—ফিলিপস নিপ্পন-এর সঙ্গে ইলেকট্রিক শিল্প স্থাপনের চুক্তি করছেন। জয়েন্ট এন্টারপ্রাইজের দিকে আপনারা যাচ্ছেন এই রাজ্য সরকার যাচ্ছেন। আপনারা দেখছেন পশ্চিমবাংলায় কিছু করতে পারেন কিনা। শিল্পায়ণ হলে বেকারদের কাজ দেওয়া যাবে এবং বড় বড় শিল্প গড়ে উঠলে এনসিলিয়ারি ইন্ডাস্ট্রি গড়ে উঠবে। পশ্চিমবাংলায় বেকার সমস্যা সমাধানের একটা ভালো পরিবেশ সৃষ্টি হবে। কিন্তু এই মাল্টি ন্যাশনাল, এই পুঁজিপতিদের শিল্পে বিনিয়োগ করার মূল অসুবিধা হচ্ছে কি সেটা আমি একটু বলতে চাই। প্রথমত আমি বলতে চাই আজকে একথা যদি বলতে হয় যে কিছু কাজ হবে কিছু চাকুরি হবে তাহলে এর আগে স্বাধীনোত্তর যুগে যখন বৃটিশ সাম্রাজ্যবাদ আমাদের কিছু রাস্তা-ঘাট কিছু শিল্প কিছু কলকারখানা করেছিল বলে কি আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামী নেতারা তাদের বিরুদ্ধে আন্দোলন করেছিল বলে তারা ভুল করেছিল। এই বিদেশি শক্তিকে তারা স্বাগত জানায় নি এবং তাদের বিরুদ্ধে লড়াই করেছিল বলে কি তারা ভুল করেছিল? আসলে সামগ্রিকভাবে দু চারটি চাকুরি, কিছু শিল্প করে ভারতবর্ষের প্রাকৃতিক সম্পদকে তারা একেবারে লুন্ঠন করে নিয়ে যাবে। আমি একজন ইতিহাসের ছাত্র হিসাবে আমরা জানি উৎপাদন ব্যবস্থার একটা বিশেষ সামাজিক অর্থনৈতিক এবং রাজনৈতিক পটভূমির একটা নির্দিষ্ট নীতির দ্বারা পরিচালিত হবে। সেখানে এ জিনিস চলতে পারে না। আজকে ভারতবর্ষ একচেটিয়া পুঁজিপতির কাঠামোর দ্বারা পরিচালিত। It is the loss of the country.

তাদের উৎপাদন কতটা শিল্প ক্ষেত্রে সমতা রাখবে, না রাখলে এক্সপ্লয়টেশনের মধ্য দিয়ে মার্জিন্যাল প্রফিট যতদূর পর্যন্ত হতে পারে একমাত্র সেই ক্ষেত্রেই উৎপাদন সীমাবদ্ধ রাখবে? ভারতবর্ষ তার থেকে ব্যতিক্রম নয়। আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলছেন আমরা পুঁজি আহ্বান করছি, পুঁজি এই রাজ্যে বিনিয়োগ হবে। এই রাজ্যে কি পুঁজি বিনিয়োগের অভাব আছে? যে পুঁজি অলরেডি বিনিয়োগ হয়ে রয়েছে তার অবস্থা কি? আমি মাননীয় অর্থমন্ত্রীকে বিনয়-সহকারে জিজ্ঞাসা করছি যে পুঁজি অলরেডি বিনিয়োগ হয়ে রয়েছে তার অবস্থাটা কি? আমাদের যে সব ট্রাডিশনাল ইন্ডাস্ট্রিজ রয়েছে, যেমন চা শিল্প, সুতি বস্ত্র শিল্প, পাট শিল্প ইত্যাদি তার অবস্থাটা চিন্তা করুন। পাট, চা ইত্যাদি এই ট্রাডিশনাল শিল্পগুলি ১০০ বছর ধরে যে মার্কেট গড়ে তুলেছি আজকে তাদের অবস্থা কি? এদের ইন্সটল্ড ক্যাপাসিটি ইউটিলাইজ হচ্ছে? সেটা কি আইডেল হয়ে থাকছে না? এটা ক্যাপিটাল বুরোক্রাটিক নয়? পুঁজির অভাব হচ্ছে? পুঁজি আছে এবং বুরোক্রাটিক পুঁজি আইডেল হয়ে থাকছে, ইন্সটল্ড ক্যাপাসিটি ইউটিলাইজ হচ্ছে না। জুট ইন্ডাস্ট্রির ক্ষেত্রে দেখছি প্রতি বছর ঘুরে ফিরে ১৫/১৬টি কারখানা বন্ধ করে দেওয়া হচ্ছে। কাজেই সেই চা শিল্প অতীতেও বিদেশিদের ছিল, আজকেও আছে। ফলে পশ্চিমবাংলার চায়ের হাল, সারা ভারতবর্ষের চায়ের হাল বর্তমানে সংকটগ্রস্ত। পুঁজিবাদী ব্যবস্থার জমানাতে যেখানে বিরাট সংখ্যক কারখানা বন্ধ আছে সেখানে পশ্চিমবাংলাতে ১১ হাজারের মতো কারখানা বন্ধ আছে। সিক ইন্ডাস্ট্রি সারা ভারতবর্ষে যেখানে ৯০ হাজারের মতো আছে, তার মধ্যে পশ্চিমবঙ্গ শীর্ষস্থানে আছে। সংকটগ্রস্ত পুঁজিবাদের ধাক্কায় প্রতিদিন

এইভাবে কারখানায় লালবাতি জ্বলছে। গোটা ভারতবর্ষে যেখানে এই অবস্থা হয়েছে সেখানে আপনি জয়েন্ট সেকটরের মধ্য দিয়ে দু একটি শিল্পোদ্যোগ গ্রহণ করে পশ্চিমবাংলায় শিল্প বিপ্লব ঘটিয়ে দেবেন? আপনি বেকার সমস্যার সমাধান করে দেবেন? এটা কি সত্যাচারণ হবে? আপনারা জনগণতান্ত্রিক বিপ্লবের কথা বলেন। এই কি আপনাদের নীতি? বিদেশি পুঁজির বিরুদ্ধে লড়াই করার যে বৈপ্লবিক রাজনৈতিক কর্মসূচী—সেই নীতি কি পাল্টে গেল? একচেটিয়া পুঁজিপতিগোষ্ঠী সম্পর্কে এবং বিদেশি পুঁজি সম্পর্কে নীতি কি পাল্টে গেল? বিপ্লবের যে রণ নীতি, রণ কৌশল বিদেশি পুঁজির বিরুদ্ধে লড়াই, বৃহৎ পুঁজির বিরুদ্ধে লড়াই, সেই রণ কৌশলকে পরিবর্তন করে বৃহৎ বিদেশি পুঁজিকে তাদের মিত্র হিসাবে আহ্বান করেছেন? এই নীতিই কি তারা পরিবর্তন করেছেন? তা যদি হয় তাহলে শিল্প নীতি ব্যাখ্যা আমরা কি করে করব? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এটাই আমাদের বিচার্য বিষয়। কর নীতির বিষয়ে আসা যাক। আমরা জানি কেন্দ্রীয় সরকারের জন-বিরোধী কর নীতি এবং তাদের বাজেট নীতির প্রকোপে সারা দেশের সাথে সাথে পশ্চিমবাংলার জন-জীবনও বিপর্যস্ত। কিন্তু এমন একটা সময়ে রাজ্য সরকার এই বাজেটের মধ্য দিয়ে ৪০ কোটি টাকার বাড়তি করের বোঝা চাপিয়ে দিলেন এবং যার সিংহ ভাগ পশ্চিমবাংলার মানুষকে পশ্চিমবাংলার সাধারণ মানুষকে বহন করতে হবে। ৩০ কোটি টাকা শুধু কয়লার উপর থেকে আসবে। ইতিপূর্বে কয়লার উপর সেস বসানো হয়েছে। এর ফলে কয়লার দামই শুধু বাড়বে না, কয়লাকে জ্বালানি হিসাবে ভিত্তি করে যে সব শিল্প গড়ে উঠেছে সেই শিল্প-জাত দ্রব্যের উপর কিছু না কিছু প্রতিক্রিয়া দেখা দেবে। নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়তেও সাহায্য করবে। অন্য দিকে মপেড, সিনেমা হল, মোটর সাইকেল ইত্যাদি ক্ষেত্রে কর ছাড় দিয়েছেন। স্বাভাবিক ভাবে এই বাজেটের প্রতিক্রিয়া হিসাবে আমরা দেখলাম রাজ্যের শিল্পপতি, বিভিন্ন বিজনেস হাউস, চেম্বার অব কমার্স তারা এই বাজেটকে ওয়েলকাম করেছে।

তারা খুশি হয়েছেন। স্যার, যদিও মূল্যবৃদ্ধির মূল কারণ কেন্দ্রীয় সরকারের বাজেট নীতি, কর নীতি ইত্যাদি কিন্তু এ ক্ষেত্রে রাজ্য সরকারের ভূমিকাও খানিকটা মূল্যবৃদ্ধি ঘটাতে সাহায্য করবে। কয়লার দর বৃদ্ধি, দফায় দফায় বিদ্যুতের দর বৃদ্ধি এইসবের প্রভাব নিশ্চয় মূল্যবৃদ্ধিতে সাহায্য করবে। এ ছাড়া মূল্যবৃদ্ধির প্রশ্নে অসাধু ব্যবসায়ী এবং কালোবাজারিদের ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রেও ত্রুটি বিচ্যুতি আছে। সেসব কথায় আমি আর যাচ্ছি না। স্যার, আমি আগেই বলেছি, আবার বলছি, সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকেও বাজেটে অর্থবরাদ্দ করণের ক্ষেত্রে একটা দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হওয়া উচিত। সেখানে জনজীবনের যে সমস্ত জ্বলন্ত সমস্যা তার প্রতি দৃষ্টি দেওয়া দরকার। কিন্তু দুর্ভাগ্যের কথা, জনজীবনের জ্বলন্ত সমস্যাগুলি নিরসনের জন্য বাজেটে বরাদ্দ খুবই অকিঞ্চিৎকর। যেমন ধরুন জনস্বাস্থ্য। এটা একটা এসেনশিয়াল পাবলিক ইউটিলিটি সার্ভিস। পশ্চিমবাংলার মানুষ আজ উপলব্ধি করতে পারছেন যে এই স্বাস্থ্য ব্যবস্থা একেবারে বিপর্যস্ত হয়ে পড়েছে। কলকাতার বড় বড় হাসপাতাল থেকে আরম্ভ করে গ্রামাঞ্চলের স্বাস্থ্য কেন্দ্র, উপস্বাস্থ্য কেন্দ্রগুলির যে দুরাবস্থা তা দলমত নির্বিশেষে এখানে মাননীয় সদস্যরা উল্লেখ করেছেন এবং এ ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। এটা বাস্তব সত্য কিন্তু জনস্বাস্থ্যের ক্ষেত্রে ম্যাগনিচুড অব দি প্রবলেম যে জায়গায় সেখানে বাজেটে এরজন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ অকিঞ্চিৎকর। রাস্তাঘাটের দুরাবস্থার কথাও

এখানে সকলে উল্লেখ করেছেন এবং সে সম্পর্কে অভিযোগ করেছেন কিন্তু এ ক্ষেত্রেও বরাদ্দ অকিঞ্চিৎকর। স্যার, খাদ্য সমস্যা এখানে এত প্রকট, রাজ্য সরকারের খাদ্যমন্ত্রী বলছেন, এফ. সি. আই.-এর কাছ থেকে কাজটা ট্রান্সফার করে নেওয়া দরকার সুষ্ঠু খাদ্য বন্টনের জন্য কিন্তু সেখানেও অর্থের জন্য এফ. সি. আই. রাজি হওয়া সত্ত্বেও রাজ্য সরকারের অর্থদপ্তর অনুমতি দিলেন না ফলে কাঁকর মেশানো, অখাদ্য চাল আমাদের খেতে হচ্ছে। স্যার, এসেনশিয়াল পাবলিক ইউটিলিটি সার্ভিস-জনজীবনের যে সব জ্বলন্ত সমস্যা সেগুলির দিকে দৃষ্টি রেখে এই বাজেটে বরাদ্দ রাখা হয়নি কাজেই এই বাজেট হতাশাব্যঞ্জক, তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না।

[5-45 — 5-55 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই হাউসে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তা আমি সমর্থন করছি। স্যার, আজকে হাউসে বিরোধীপক্ষের মুখ্যসচেতক শ্রী সুব্রত মুখার্জি মহাশয় যে বক্তব্য রাখলেন তা আমি অত্যন্ত মনোযোগ দিয়ে শুনেছি। স্যার, এই রাজ্যের বাজেটকে আক্রমণ করতে গিয়ে তিনি যেসব কথা বললেন তার সঙ্গে বাস্তবের কোনো যোগ নেই। তিনি বলেছেন, জিনিসপত্রের দাম বাড়বে রাজ্য বাজেটের ফলে কিন্তু রাজ্য বাজেটে নতুন ট্যাক্স নেই। সেখানে এমন কোনো ট্যাক্স ধার্য করা হয়নি যার জন্য জনজীবনের উপর চাপ পড়বে। সুব্রত বাবু ভালোভাবেই জানেন যে জিনিসপত্রের দাম বাড়ার কারণ হচ্ছে কেন্দ্রীয় বাজেট এবং তার ফলেই জিনিসপত্রের দাম আকাশচুম্বী হবে। স্যার, আপনি জানেন, এ বছর কেন্দ্রীয় বাজেটে ৪৪৭ কোটি টাকার অ্যাডিশনাল ট্যাক্স বসানো হয়েছে—ইনডিরেক্ট ট্যাক্স। এর ফলে জনসাধারণের দুর্ভোগ বাড়বে। তা ছাড়া স্যার, এবারের কেন্দ্রীয় বাজেট পেশ করার আগে আরো ১৮০০ কোটি টাকা সংগ্রহ করার জন্য জিনিস পত্রের দাম বাড়ানো হ'ল। যার ফলে মুদ্রাস্ফীতি অনিবার্য ভাবে হবে এবং যার ফলে মুদ্রা স্ফীতি অনিবার্য হবে এবং আমরা সকলে জানি মুদ্রাস্ফীতির অনিবার্য পরিণতি হচ্ছে জিনিস পত্রের দাম বাড়বে এবং তার যে পীড়ন তা জনগণের উপর পড়বে। মাননীয় স্পিকার মহাশয় এই কথা অত্যন্ত স্পষ্ট যে ষড়যন্ত্রমূলক ভাবে কেন্দ্রীয় সরকার যখন বাজেট আসন্ন ছিল, সেই বাজেটকে অ্যাভয়েড করে লোকসভা, রাজ্যসভার অধিবেশনের বাইরে যে ভাবে জিনিস পত্রের দাম বাড়ানো হলো তার কারণ হচ্ছে একটাই, কেন্দ্রীয় বাজেটের মধ্যে দিয়ে যদি জিনিস পত্রের দাম বাড়ানো হত তাহলে ওর মধ্যে থেকে যে রাজস্ব সংগ্রহ হত তার ৪০ ভাগ রাজ্য সরকারকে দিতে হত। সেই রাজ্য সরকারকে বঞ্চিত করার জন্য এই ভাবে কেন্দ্রীয় বাজেটের অনেক আগে ঐ জিনিস পত্রের দাম বাড়িয়ে অর্থ সংগ্রহের জন্য কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত গ্রহণ করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জিনিস পত্রের দাম বাড়বে, তার অন্যতম কারণ হচ্ছে, আজকে ভারতবর্ষের বৈদেশিক ঋণ হচ্ছে ২০ হাজার কোটি টাকা। এই ২০ হাজার কোটি টাকার যে বৈদেশিক ঋণ, তার প্রভাব পড়বে না দেশের অর্থনীতিতে, আমাদের ভারতবর্ষের অর্থনীতিতে তার চাপ পড়বে, প্রভাব পড়বে, এই জন্য জিনিস পত্রের দাম বাড়বে। মাননীয় স্পিকার মহাশয়, সুব্রত বাবু আর একটা আক্রমণ করেছেন, তিনি বলেছেন এই বাজেট বাজেটই নয়, কারণ তথাকথিত গণতান্ত্রিক দেশের যে প্রগ্রেসিভ বাজেট বা ব্যালান্সড বাজেট, সারপ্লাস বাজেট, তার কোনোটাই নয়, আমরা মনে করি এই বাজেটের

মধ্যে একটা ফেডারেল রাষ্ট্র কাঠামোর মধ্যে আমাদের রাজ্যের যে বাজেট তা কতখানি উন্নত করা যেতে পারে, কারণ এই সরকার এর নোট ছাপানোর ক্ষমতা নেই, বৈদেশিক ঋণ সংগ্রহের সুযোগ নেই এবং রাজস্বের একমাত্র উৎস হচ্ছে সেলস ট্যাক্স। এর মধ্যে দিয়ে কতখানি প্রগতিশীল বাজেট রচনা করা যেতে পারে, সেই ব্যাপারটা সকলেই জানেন, সুব্রত বাবুও জানেন। তাই মাননীয় স্পিকার মহাশয় রাজ্যের বাজেটের মধ্যে জনগণের উপর চাপ নেই জিনিস পত্রের দাম বৃদ্ধির কোনো কথা নেই, কিন্তু কেন্দ্রের যে বাজেট, যে বাজেটের ফলে জিনিস পত্রের দাম বাড়বে, অসহনীয় অবস্থার সৃষ্টি হবে, তাকে ঢাকা দেবার জন্য আড়াল দেবার জন্য সুব্রত বাবুরা তারস্বরে অন্য কথা বলছেন। মাননীয় স্পিকার মহাশয়, আমি বিরোধী পক্ষের নেতা সাত্তার সাহেবের বক্তৃতা শুনেছি, সুব্রত বাবুর বক্তৃতা শুনেছি, ওঁরা সবাই বেকার সমস্যার কথা বলেছেন। বেকার সমস্যায় পশ্চিমবাংলার কি ভূমিকা হতে পারে? বেকার সমস্যার কথা ওঁরা বলছেন, এটা আমাদের শুনতে হবে। আজকে দু বছর ধরে কেন্দ্রীয় সরকারে কোনো নিয়োগ নেই, নুতন কোনো নিয়োগ হচ্ছে না। নতুন কোনো কর্ম সংস্থান নেই, এটা ঘোষিত, বারবার এটা আমরা সংবাদপত্রে দেখেছি। আমরা এটাও দেখেছি ইলেকট্রনিক্স এবং কমপিউটার প্রয়োগ করে আমাদের সারা ভারতবর্ষ জুড়ে কর্ম সংস্থানের সুযোগকে সঙ্কুচিত করা হচ্ছে। ভারতবর্ষের প্রধানমন্ত্রী বলছেন যে আমরা একবিংশ শতাব্দীতে পৌঁছে যাব, সেই জন্য আধুনিক প্রযুক্তি বিদ্যা ইলেকট্রনিক, তাকে প্রয়োগ করতে হবে এবং যে কারণে ৩১০/১১ ধারা প্রয়োগ করে সরকারি কর্মচারিদের ছাঁটাই এর বন্দোবস্ত করা হচ্ছে। নতুন নিয়োগ বন্ধ হয়ে গেছে। আর ওঁরা বলছেন বেকার সমস্যা সমাধানের কথা রাজ্য বাজেটে থাকার কথা নয়, কারণ বড় এবং মাঝারি শিল্প গঠনের জন্য যে মূলধন দরকার, সেই মূলধন রাজ্য সরকারের হাতে নেই এবং সঙ্গে সঙ্গে এই কথা মনে রাখা দরকার, রাজ্যের অর্থনীতিকে স্বনির্ভর করার জন্য পশ্চিমবাংলা যেটা পারেন সেটাতে যথেষ্ট জোর দিয়েছেন,—ক্ষুদ্রশিল্পে। আজকে ৩৭ হাজার ক্ষুদ্র শিল্পের ইউনিটের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার অর্থনীতিকে স্বনির্ভর করার জন্য সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে বামফ্রন্ট সরকার কর্মসূচী গ্রহণ করেছেন। এই সব কথা ওঁরা অস্বীকার করতে পারেন? মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি দেখেছি এই বাজেট আলোচনা প্রসঙ্গে যে সমস্ত সমালোচনা উঠছে সরকার পক্ষ এবং অনেক ক্ষেত্রে বিরোধী পক্ষের মধ্যে থেকেও সমালোচনা উঠেছে, আমি শুনেছি—কাল ছিলাম না, সংবাদপত্রে বেরিয়েছে, টি. ভি'র উপর কেন ট্যাক্স প্রত্যাহার করা হয়েছে, আমাদের পক্ষের সদস্যরা এই সব কথা বলেছেন, কিন্তু মনে রাখা দরকার টি. ভি.'র উপর থেকে ট্যাক্স প্রত্যাহার করার একমাত্র কারণ হচ্ছে এই যে টি. ভি. থেকে ট্যাক্স কালেকশন করতে গেলে যে ইনফ্রাস্ট্রাকচার গড়ে তোলা দরকার, তার চেয়ে খরচ বেশি পড়ে যাচ্ছে, সেই সব কারণে টি. ভি.'র উপর থেকে ট্যাক্স প্রত্যাহার করা হয়েছে। এই সহজ সত্য না বোঝার তো কোনো কারণ নেই।

[5-55 — 6-05 P.M.]

সে ক্ষেত্রে মাল্টি ন্যাশনাল কর্পোরেশনগুলির উপর ট্যাক্স ধার্য করার কথা বলা হয়েছে। এই বিধানসভায় মাল্টি ন্যাশনাল কর্পোরেশনগুলির উপর ট্যাক্স ধার্য করে আইন প্রনয়ন করা হয়েছে, এ কথা সত্য। তাই কার্যত আর বলার কিছু থাকে না। মাননীয় অধ্যক্ষ মহোদয়,

সেই জন্য বলছি যে সমস্ত সমালোচনা হয়েছে এবং বিরোধী পক্ষের সদস্যরা যে সমালোচনা করছেন, তা তাঁরা শুধু মাত্র এখানে বক্তব্য রাখার সময়েই করবার চেষ্টা করছেন মাত্র। তাঁরা নিজেদের মধ্যে আলোচনার সময়ে বলছেন, "এই বাজেটের বিরুদ্ধে কিছু বলার নেই, এই বাজেটে কোনো নতুন ট্যাক্স ধার্য করা হয় নি, এই বাজেটে এমন কোনো জনবিরোধী নীতি নেওয়া হয়নি যার দ্বারা আমরা এর সমালোচনা করতে পারি, অতএব সমালোচনা কি করে করা যাবে!" এই সমস্ত কথা ওঁরা বলছেন এবং বাজেট নিয়ে আলোচনা করতে গিয়ে নিজেরাই বিভ্রান্ত হচ্ছেন। বিরোধী পক্ষের নেতা আবদুস সাত্তার সাহেবের বক্তব্য আমি এখানে শুনিনি, কিন্তু সংবাদপত্রে তাঁর বিবৃতি প্রকাশিত হয়েছে, তাতে আমি দেখলাম যে, তিনি বাজেট আলোচনা করতে গিয়ে আইন-শৃঙ্খলার প্রশ্ন টেনে এনেছিলেন এবং তিনি সেই প্রসঙ্গে যে সমস্ত আক্রমণের কথা এখানে উল্লেখ করেছেন সে সমস্তর সঙ্গে বাস্তবের কোনো মিল নেই, তিনি সত্যের অপলাপ করেছেন। এস. ইউ. সি. দলের সদস্য মাননীয় দেবপ্রসাদ সরকার মহাশয় বিদ্যুৎ সংকটের কথা এখানে বলে গেলেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি এই বিদ্যুৎ সংকট কেন সৃষ্টি হয়েছে? তত্ত্ব এবং পরিসংখ্যান দিয়ে আমি তাঁকে দেখিয়ে দিতে পারি যে, স্বাধীনতার পর বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে পশ্চিম বাংলা শীর্ষ স্থানে ছিল, কিন্তু পরবর্তীকালে তা অত্যন্ত কমে গিয়েছিল। কারণ পরবর্তীকালে যে সরকার এখানে প্রতিষ্ঠিত ছিল—স্বাভাবতই কংগ্রেস করকার—সেই সরকার কোনো দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করেন নি। অথচ আমরা জানি আধুনিক সমাজ ব্যবস্থার বিকাশের জন্য বিদ্যুৎ অপরিহার্য। কিন্তু তাঁরা বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির জন্য কোনো পরিকল্পনা গ্রহণ করেননি। আমরা যদি ৬০-এর দশকের পরবর্তী পর্যায়ের বিধানসভার প্রসিডিংসগুলি দেখি তাহলে দেখব যে, বিদ্যুৎ সংকটের কথা কংগ্রেস দলের সদস্যরাও বার বার এখানে উল্লেখ করেছেন। ওঁদের শাসনকালেই ওঁরা বিদ্যুৎ সংকট নিয়ে এখানে সোচ্চার ছিলেন, আজকে ওঁরা সে কথা কি করে অস্বীকার করবেন? অবশ্যই পরবর্তী পর্যায়ে বামফ্রন্ট সরকার কতগুলি দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করেছেন। সেই পরিকল্পনাগুলির মধ্যে দিয়ে রাজ্যের বিদ্যুৎ সংকট সমাধানের জন্য তাঁরা সচেষ্ট হয়েছেন। পরিসংখ্যান এটাই বলছে এবং এটাই বাস্তব সত্য। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে রাজ্যের বামফ্রন্ট সরকারের বিগত ৭/৮ বছরের প্রয়াস যে কোনো কংগ্রেস আমলের চেয়ে অনেক বেশি। মাননীয় স্পিকার মহাশয়, অথচ ওঁরা এখনো এই সব ব্যাপার এখানে উল্লেখ করে বামফ্রন্ট সরকারের সমালোচনা করবার চেষ্টা করছেন। স্যার বামফ্রন্ট সরকার শিক্ষা সম্প্রসারণের জন্য যে ইতিবাচক কর্মসূচী গ্রহণ করেছেন সেটাও ওঁদের চোখে পড়ল না! সমাজের সর্বশ্রেণীর জনসাধারণের মধ্যে শিক্ষার প্রসারের জন্য বাজেটের একটা বড় অংশ ব্যয় করা হচ্ছে। এটাও কি ওঁরা জানেন না? আমি ওঁদের জিজ্ঞাসা করতে চাই, কেন্দ্রীয় বাজেটে শিক্ষা খাতে কত টাকা ব্যয় করা হচ্ছে? আমরা যদি তথ্য এবং পরিসংখ্যান দেখি, তাহলে দেখব যে, কেন্দ্রীয় বাজেটে মাত্র ৮৮ পয়সা শিক্ষা খাতে মাথাপিছু ব্যয় করা হচ্ছে। অপর দিকে আমাদের রাজ্য সরকার তাঁদের মোট ব্যয়ের শতকরা ২৩ ভাগ টাকাই শিক্ষা খাতে ব্যয় করছেন। ফলে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, স্কুল কলেজের সংখ্যা বাড়াতে হচ্ছে। আমরা জ্ঞানের আলো সমাজ জীবনের একদম নিচের স্তর পর্যন্ত পৌছে দিতে চাই। যারা শিক্ষার অন্ধকারে বাস করছে, যারা কোনো দিন জ্ঞানের পাদ-প্রদীপে আসে নি, তাদের মধ্যে শিক্ষার আলো বিস্তারিত হচ্ছে এবং সেই ইতিবাচক ভূমিকা বামফ্রন্ট সরকার গ্রহণ করেছেন। এটা অন্তত ওঁদের বলা

উচিত ছিল এবং সমর্থন করা উচিত ছিল। ভূমি সমস্যার ক্ষেত্রে পশ্চিমবঙ্গে একটা বিরাট পরিবর্তন ঘটেছে, গ্রামের ভূমিহীনদের জন্য এই রাষ্ট্র কাঠামোর মধ্যে দিয়ে যতটুকু করা যায় তাই করা হচ্ছে। ভূমি সংস্কার নীতির পরিবর্তনের ফলে অবশ্য আজকে আমাদের বিরোধী বন্ধুরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছেন। কিন্তু আমরা জানি ভূমি সমস্যার সমাধানের মধ্যে দিয়ে গ্রামাঞ্চলের উন্নতি সম্ভব এবং তার সাথে সাথে যে শিল্প সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তার মধ্যে দিয়ে গ্রামীণ জনজীবনের আলোড়ন তৈরি হচ্ছে। এই সব কথা আজকে ওঁরা স্বীকার করছেন না বলেই যখন বিতর্কে অংশগ্রহণ করছেন তখন ওঁরা অন্য প্রশ্নে চলে যাচ্ছেন। চলে যাচ্ছেন দলবাজির কথায়। কিন্তু আমি বলব, এই বাজেট একটা দর্পন, এই দর্পনের মধ্যে আগামী এক বছরের রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে। সেই কারণে এই বাজেটকে আমি সমর্থন জানাচ্ছি। মাননীয় স্পিকার স্যার, ওঁরা বার বার বলছেন, আমরা নাকি মাল্টি ন্যাশনাল কর্পোরেশন, বৃহৎ পুঁজিপতিদের সঙ্গে হাত মিলিয়েছি। কিন্তু আমরা বার বার বলেছি—আমাদের পার্টির তরফ থেকে বলেছি—বর্তমান সামাজিক এবং অর্থনৈতিক অবস্থার মধ্যে পশ্চিমবাংলাকে বাঁচাবার স্বার্থে আমরা একটা পরীক্ষা-নিরীক্ষা চালাচ্ছি, ফল কতটা পাব তা এই মুহূর্তে বলা যাবে না। তবে যে কথা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন সে কথা আমি আবার উল্লেখ করছি যে, পশ্চিমবাংলাকে আমরা শ্মশান ভূমিতে পরিণত হতে দিতে পারি না। সেই কারণেই পরীক্ষা-নিরীক্ষা চালাতে হচ্ছে। এটা সৃজনশীল হবে কিনা তা ভবিষ্যত প্রমাণ করবে। আমি এই বাজেটের মধ্যে সমালোচনার দিক দেখছি না। কারণ এই সীমাবদ্ধ ব্যবস্থার মধ্যে থেকে যে ইতিবাচক কর্মসূচী গ্রহণ করা হয়েছে তাই বাজেটে প্রতিফলিত হয়েছে। তাই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Hon'ble Members are informed that Corrigendum to Demand No. 8 has been distributed in the House. I would like to request them to keep it as it would be of help to them at the time of subject-wise grant discussions.

**ডাঃ সুশোভন ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু যখন বাজেট বিবৃতি দেন তখন আমাদের যে ইকনমিক রিভিউ দিয়েছেন তাতে বিগত বছরের যে হিসাব-নিকাশ দিয়েছেন তার অধিকাংশ জায়গায় দেখা গেছে কি প্রভিশনাল কি প্রিলিমিনারি, কি কুইক এর কোনোটাই সঠিক নয়। এই সরকার তো প্রভিশনাল সরকার নয়, তাই আশা করেছিলাম যে একটা সুনির্দিষ্ট বাজেট থাকবে এবং বিগত বছরের বাজেটগুলি কিভাবে খরচ হয়েছে তার সুনির্দিষ্ট মতামত থাকবে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই বাজেটে একটা সমস্যার মৌলিক পরিবর্তন করেছেন। আমি তারজন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। সেটা হচ্ছে, জেলা ভিত্তিক পরিকল্পনা, ব্লক ভিত্তিক পরিকল্পনা এবং যোজনা পরিকল্পনার ক্ষেত্রে তিনি আমুল পরিবর্তন এনেছেন। তিনি জনসাধারণের হাতে ইকনমিক পাওয়ার তুলে দিয়ে জনগণের ভাগ্য নির্দ্ধারণের ক্ষেত্র রচনা করে দিয়েছেন। এ ব্যাপারে রাজ্যসরকার সত্যিই যদি আন্তরিক হন তাহলে আমি এই প্রস্তাবকে সাধুবাদ জানাচ্ছি এবং তাঁর চিন্তা-ধারাকে শ্রদ্ধা জানাচ্ছি। ভূমি সংস্কারের ক্ষেত্রে এই বাজেটের মধ্যে কিছু তথ্য দিয়েছেন এবং সেই তথ্যে দেখা যাচ্ছে আমাদের চাষযোগ্য জমির পরিমাণ হচ্ছে ১ লক্ষ ৪০ হাজার একর। এই ১ লক্ষ ৪০ হাজার

একর জমির মধ্যে মাত্র সাড়ে ৭ শতাংশ জমি সরকারে ন্যস্ত করতে পেরেছেন এবং মাত্র সাড়ে ৫ শতাংশ জমি সাড়ে ১৬ লক্ষ ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করতে পেরেছেন। এটা কি ভূমি সংস্কারের নমুনা? আর হাইকোর্টে মামলা ঝুলে আছে মাত্র ৩ শতাংশ জমি। তারপর বর্গাদার রেকর্ডের ক্ষেত্রে মাত্র সাড়ে ১৩ লক্ষ বর্গাদার রেকর্ড করেছেন। এটা শুধু আপনারাই করেননি, কংগ্রেস আমলেও বর্গাদার রেকর্ড করা হয়েছে। কংগ্রেস আমলে সাড়ে ৩ লক্ষ বর্গাদার রেকর্ড করা হয়েছে। তাহলে দেখা যাচ্ছে এই ৯ বছরে আপনারা মাত্র ১০ লক্ষ বর্গাদারের নাম রেকর্ড করেছেন। সামাজিক বন-সৃজনের ক্ষেত্র কমে এসেছে। গ্রামীণ কর্মসংস্থানের যে প্রকল্প রচিত হয়েছিল তাতে ক্ষেত-মজুরদের কাজ দেবার ক্ষেত্র কমে গেছে, এই বইতেই তা স্বীকার করেছেন। সুতরাং এইভাবে যদি ভূমি সংস্কার হয়ে থাকে, এই ভাবে যদি বর্গাদার রেকর্ড করা হয়ে থাকে, এইভাবে যদি গ্রামীণ ক্ষেত-মজুরদের কর্মসংস্থানের ক্ষেত্র কমে গিয়ে থাকে তাহলে আমি কি বলব যে এই বাজেট সার্থক?

[6-05 — 6-15 P.M.]

আপনাদের পরিসংখ্যানের মধ্যে এই সমস্ত রয়েছে। ভূমিহীনদের সংখ্যা ১৯৬১ সালে ছিল ১৭ লক্ষ, ১৯৮১ সালে হয়েছে ৫০ লক্ষ। সুতরাং এটাতো আমার কথা নয়, বইয়ের কথা। তারপর সেচের যে সুযোগ রয়েছে আমরা সেই সুযোগের সদ্ব্যবহার করতে পারিনি। আমি আমার ব্লকের কথা বলছি। আমার ব্লকে মাত্র ১১ শতাংশ জমিতে অধিক ফলনশীল চাষ করতে পেরেছি। আধিক ফলনশীল বীজ যদি আমরা সবাইকে দিতে পারতাম, সেচের জল যেটা আমরা আমনের সময় দিই সেটা সংরক্ষণ করতে পারলে সেই সংরক্ষিত জল আগামী দিনে রবি মরশুমে দিতে পারতাম। ১০ কোটি টাকার ময়ুরাক্ষী প্রকল্প রিজারভারের মর্ডানাইজেশন তার কোনো হদিশ এই বাজেটের মধ্যে নেই। আমরা দেখতে পাচ্ছি যে সেচের ব্যাপারে আমাদের কিছু করণীয় ছিল কিন্তু আমরা সেটা করতে পারিনি, বাজেটে তার কোনো উল্লেখই নেই। শুধু কেন্দ্রীয় সরকারের সমালোচনা করলেই হবে না। আজকে সারা ভারতবর্ষ জুড়ে স্মল পক্স ইরাডিকেশন হয়েছে, টাইফয়েডের হার কমে এসেছে, কলেরা চলে গেছে নিঃশব্দ বিপ্লব ঘটে গেছে, কেন পারলেন না? অধিক ফলনশীল ফসল উৎপাদন করতে কেন পারলেন না? ঢাকের বাদ্যর প্রচেষ্টা সেখানে দেখছি না। স্যার, পাট চাষীদের ক্ষেত্রে মুখ্যমন্ত্রী নিজে বলেছেন আমাদের যা ন্যুনতম দাম সেই দামের চেয়েও পাটের মূল্য কমে গেছে। এখন এক বছর পাট মার খেয়েছিল, পরের বছর পাট চাষীরা খুব বেশি দাম পেয়েছিলেন, আশাতীত দাম পেয়েছিলেন, চাষ করেছিলেন বেশি প্রায় ৭৫ শতাংশ বেশি, তার ফলে পাটের দাম এত কম হয়েছিল এবং পাট কলের মালিকরা কুইনটাল প্রতি বাজার থেকে ৮০ টাকা বেশি দিয়ে কাঁচা পাট কিনে রেখেছিলেন এবং এই মরশুমে কোটি কোটি টাকা কালোবাজারি করে নিয়েছিলেন, কালোবাজারি করে নিয়ে নিজেদের অবস্থার পরিবর্তন করেছিলেন। এই চাষীরা আগামী বছর—কমলবাবু একটু আগে বললেন যে চাষীদের বলেছি পাট কম চাষ করবে—তাতে কাঁচা পাটের অভাব দেখা যাবে আগামী সেপ্টেম্বর, অক্টোবর মাসে এবং সমস্ত পাটকল চালানো অসম্ভব হয়ে পড়বে এবং রাজ্যের অর্থনীতির উপর একটা চরম আঘাত আসবে। মুখ্যমন্ত্রী মহাশয় বাজেটে কিছুই বলেন নি যে কিভাবে তিনি সমাধান করতে চান এই ব্যাপারটার, কিছুই উল্লেখ নেই। গ্রামের অর্থনীতিতে কুটির শিল্পের একটা রোল আছে।

আমরা দেখেছি মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন ১৯৮৩ সালে কুটির ও ক্ষুদ্র শিল্পের সংখ্যা ছিল ১২,৭৮৯, সেটা ২ বছরে লাফ দিয়ে হয়ে গেল ৩৩ হাজার। এই ৩৩ হাজার আমার মনে হয় খাতায় কলমে হয়েছে, তার কারণ যাঁরা শিল্প করেন তাঁরা জানেন এই শিল্প কোথায়? গ্রামে না শহরে? আজ হাওড়ার দিকে তাকিয়ে দেখুন সাবেকী কুটির শিল্পগুলি, সেই সমস্ত লোহা শিল্পের অবস্থা কি? ১৯৭৪ সালে ইন্ডিয়া গভর্নমেন্টের পক্ষ থেকে রিজার্ভ ব্যাঙ্ক একটি সার্ভে করেছিলেন। তাতে দেখা গেছে যে, ৪০,০০০ কুটির-শিল্প খাতা-কলমে আছে কিন্তু বাস্তবে তার একজিস্টেন্স নেই। এইসব কুটির-শিল্পের মালিকরা সরকারের কাছ থেকে সুবিধা আদায় করেন, কিন্তু আসলে কোনো শিল্পই গড়ে ওঠে না। আমাদের মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় গত ৬ই মার্চ শ্রম উপদেষ্টা কমিটির বৈঠকে বলেছেন যে, আমরা নাকি পশ্চিমবঙ্গে শিল্পের অগ্রগতি ডিক্লাইন করছি। কিন্তু আজকে পশ্চিমবঙ্গে লক-আউট ও শ্রমদিবস নষ্টের দিনই বলে দেবে, এরজন্য কারা দায়ী। ১৯৪৮ সালে এখানে লক-আউট হয়েছে ১৩২টি ক্ষেত্রে এবং সেটা ১৯৮৫ সালে বেড়ে হয়েছে ১৪৪টি। শ্রম দিবস নষ্ট হয়েছে ১৯৪৮ সালে ৭.৭৫ মিলিয়ন দিবস, ১৯৮৫ সালে সেটা বেড়ে হয়েছে ১৫.১ মিলিয়ন। যেভাবে শ্রমদিবস নষ্ট হচ্ছে তাতে শুধু উৎপাদনই এখানে হ্রাস পাচ্ছে না, শ্রমিকদের মেরুদন্ডও ভেঙে পড়ছে। ফলে শ্রমিকরা দাবি আদায়ের জন্য আগে যেভাবে আন্দোলন করতেন, আজকে সেই লড়াই-এর রাস্তা থেকে তাঁরা সরে আসছেন। আজকে শিল্প, ভূমি সংস্কার ও ভূমি বন্টন ইত্যাদি যেভাবে এই বাজেটে দেখানো হয়েছে, আমি জানিনা সেটা জনস্বার্থে কতটুকু কাজে লাগবে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে, অর্থনৈতিক দিক থেকে পশ্চিমবাংলা পিছিয়ে রয়েছে, কিন্তু কিভাবে সেটা মোকাবিলা করবেন সেটা এই বাজেটে প্রকাশ পাচ্ছে না।

বক্তব্য শেষ করবার আগে ব্লক থেকে ডিস্ট্রিক্ট লেভেল পর্যন্ত যে পরিকল্পনা কমিটি করেছেন তারজন্য দেশের মানুষের সঙ্গে আমিও মাননীয় মুখ্যমন্ত্রীকে সাধুবাদ জানাচ্ছি, কিন্তু বাজেটের ব্যাপারে ধন্যবাদ জানাতে পারছি না। এইবলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী এই যে বাজেট প্রস্তাব উত্থাপন করেছেন, তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে, এই বছরই নয়—বামফ্রন্ট সরকার যতবার ক্ষমতায় এসেছেন এবং বাজেট যতবার পেশ করেছেন তার প্রত্যেকটাই জনমুখী। কিন্তু ওঁরা যে বাজেট করেছেন সেটা জনবিরোধী। আমি এখানে আমাদের বাজেটের সঙ্গে কেন্দ্রীয় বাজেটের একটু তুলনা করছি। কেন্দ্রীয় বাজেট তৈরি হয় আন্তর্জাতীক অর্থভান্ডার বা বিশ্বব্যাঙ্কের নির্দেশে। ওঁরা যেভাবে বাজেট করতে বলে দেন, কেন্দ্র ঠিক সেইভাবে বাজেট করেন। এখানে বিরোধী পক্ষের নেতা বলেছেন যে, এই বাজেট হচ্ছে অ্যান্টি-পিপল বাজেট। তিনি একে নির্বাচনী চমকও বলেছেন। এই যে দুটি বিশেষণ দিলেন, এর কোনোটা ঠিক? যদি অ্যান্টি-পিপল হয় তাহলে নির্বাচনী চমক হতে পারে না। আবার যদি এটা নির্বাচনী বাজেট হয়ে থাকে তাহলে নিশ্চয়ই এটা জনকল্যাণমুখী হবে। একই মুখে অ্যান্টি-পিপল এবং নির্বাচনী চমক বা ইলেকশন স্পষ্ট একটি বাজেটকে কিভাবে বলা যায় বুঝতে পারছি না। এবার কেন্দ্রীয় সরকারের বাজেট বলা হয়েছে ৩।। হাজার কোটি টাকা ঘাটতি। কিন্তু এটা অত্যন্ত বাজে কথা। কারণ এইভাবে ধাপ্পা দিয়ে এতে প্রকৃত তথ্যকে ধামাচাপা দেওয়া হয়েছে। আজকে পার্লামেন্টের রীতিনীতিকে বৃদ্ধাঙ্গুষ্ঠ

দেখিয়ে প্রশাসনিক নির্দেশ বলে কেরোসিন, পেট্রোল, চিনি, চাল, গম ইত্যাদি জিনিসের দাম আপনারা বাড়িয়ে দিলেন।

[6-15 — 6-25 P.M.]

কোন সময়ে বাড়ালেন? যে সময় ওপেক কানট্রিগুলো তেলের দাম কমাচ্ছে সেই সময়। আপনারা যে বাড়িয়ে দিলেন তাতে আপনাদের ১৮০০ কোটি টাকা এক্সট্রা আসবে। তারপর দেখুন এই ১৮০০ কোটি টাকা আপনারা বেমালুম চেপে গেলেন এবং সঙ্গে সঙ্গে আপনারা জনসাধারণের সঙ্গে রসিকতা করলেন। রসিকতাটা কি? নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম ১ টাকা বাড়িয়ে দিলেন এবং কিছু দিন বাদে দু-আনা দাম কমিয়ে দিলেন। তারপর আপনারা বললেন বাঃ জিনিসের দাম কমিয়ে দিয়েছে। সেই জন্য আমি এটাকে রসিকতা বলে মনে করি। আমাদের রাজ্য সরকার এই বছর ৪৭ কোটি টাকা অতিরিক্ত রাজস্ব সংগ্রহ করবেন বলে ঠিক করেছেন। কয়লা নিয়ে আপনাদের খুব মাথাব্যাথা, ভয়ঙ্কর চিন্তা আপনাদের। কয়লা জাতীয়করণের পর প্রশাসনিক ক্ষমতায় অন্ততপক্ষে কয়লার দাম ৫ গুণ বাড়িয়েছেন। শুধু তাই নয় কয়লা জাতীয়করণ করার পর যারা কয়লা ব্যবহার করতে বাধ্য তারা রান্না করার সময় জানতে পারেন কয়লার মান কোথায় গেছে। আর কয়লা রেজিং হয়ে মেনলি ওয়েস্ট বেঙ্গল এবং বিহারে। আমরা কি পাই? কেন্দ্রীয় সরকার কয়লা বাবদ ৪০০ কোটি টাকার বেশি নিজেদের গহবরে ঢোকায়। জমি আমাদের, আমরা রয়েলটি পাই। রয়েলটি যেটা পাই সেটা রেজিং-এর উপরে। কতখানি কয়লা উঠল তার উপর রয়েলটি পাই, কয়লার দামের উপর পাই না। দামের উপর যদি রয়েলটি পাওয়া যেত তাহলে ওয়েস্ট বেঙ্গল কিছু টাকা বেশি পেত। পশ্চিমবাংলার হয়ে কিছু না বলে শুধু হুজুরগিরি করবেন কেন্দ্র, তা না হলে তো আপনাদের চাকুরি থাকবে না। কয়লা বাবদ জনসাধারণের উপর যে সেস বসানো হয়েছে তাতে হিসাব করে দেখা গেছে কুইনটাল প্রতি ২ টাকা করে কয়লার দাম বাড়বে। তাহলে মন প্রতি কত করে বাড়বে সেটা আপনারা একটু হিসাব করে দেখুন। এই সেল ট্যাক্সের ব্যাপারে স্টেটের একটা রেমিটেশন করে দিয়েছেন। কি রকম জানেন? ১৯৫৭ সালের আগে তামাক, চিনি এবং টেকস্টাইল এইগুলির উপর সেল ট্যাক্স বাবদ কিছু পেত পশ্চিমবাংলা। আপনারা অর্থাৎ ইউনিয়ন গভর্নমেন্ট কি করলেন? এইগুলি অ্যাডিশনাল এক্সাইজ ডিউটি না করে সেন্ট্রাল নিয়ে নিলেন। এর জন্য আমরা ২০০০ কোটি টাকা থেকে বঞ্চিত হয়েছি। ১৯৫৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত আমরা ২০০০ কোটি টাকা কম পেলাম। এক্সপোর্ট কোয়ালিটির উপর আমরা সেল ট্যাক্স আনতে পারব না যেমন চা, পাট। ওনারা এই আইন করেছেন। গুডস অফ ন্যাশানাল ইম্পর্ট্যান্স, যেমন কয়লা ইস্পাত ইত্যাদির উপর আমরা চার পারশেন্টের বেশি সেলস ট্যাক্স করতে পারি না। কর্তাদের হুকুমে এই কথা বলা আছে। ইউনিয়ন গভর্নমেন্ট বা সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা এখান থেকে খরচ না করতে পারার জন্য ফেরত যাচ্ছে—এই সমস্ত কথা আমরা প্রায়ই শুনছি। কিন্তু যেসব ভদ্রলোক এই সমস্ত কথাবার্তা বলেন, তাঁরা হয় ভারত বিরোধী, না হয় অসৎ ব্যক্তি। তাঁরা বলেছেন যে ১২০০ কোটি টাকা এখান থেকে ফেরত চলে গেছে। কোথা থেকে এই হিসাব তাঁরা পাচ্ছেন তা আমার জানা নেই। আমাদের কাছে যা হিসাব আছে সেই অনুযায়ী বলতে পারি কোনো টাকা ফেরত চলে যায় নি। সেন্ট্রাল গভর্নমেন্ট কোনো কোনো সময় বছরের শেষ সময়ে টাকা

অ্যালট করেন। তখন তার উপর প্ল্যান করে ও এস্টিমেট করে দিল্লিতে পাঠানো হয়, সেটা না হওয়া পর্যন্ত আমরা কিছু করতে পারি না। আমাদের হিসাব মতো কেন্দ্রীয় সরকার আমাদের স্টেট থেকে ৩০০ কোটি টাকা নিয়ে যান। কয়েকদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে ওয়েস্ট বেঙ্গল থেকে ইউনিয়ন গভর্নমেন্ট টোটাল কত টাকা নিয়ে যান তা তাঁর জানা নেই। বারবার করে ওঁদের কাছে বলা সত্ত্বেও কোনো হিসাব ওঁরা দেন নি আমাদের কাছে। তবে আমাদের হিসাব মতে ওঁরা ৩০০ কোটি টাকা নিয়ে যান এবং ফেরত দেন মাত্র ৫/৬ কোটি টাকা। সিকস্থ ফাইভ ইয়ার প্ল্যানে প্লানিং কমিশনের সুপারিশ মতো—৩২৫ কোটি টাকা—যে টাকা দেওয়ার কথা ছিল, তা ওঁরা মেরে দিয়েছেন। ওঁদের লজ্জা হওয়া উচিত। প্ল্যানিং অ্যাসিস্ট্যান্স বাবদ এক পয়সাও ওঁরা আমাদের দেন নি। এর কারণ কি? এর একমাত্র কারণ হচ্ছে এই যে, এখানে বামফ্রন্ট সরকার ক্ষমতায় বসে আছেন। সেজন্যই আমাদের টাকা দেওয়া হল না, অথচ অন্যান্য স্টেটকে দেওয়া হয়েছে অন্য ভাবে। ডিস্ক্রিশনারি ফান্ডের নাম করে অন্য রাজ্যকে টাকা দেওয়া হয়েছে। ১৯৮০ সালে কংগ্রেস কেন্দ্রের শাসন ক্ষমতায় আসার পর ডিস্ক্রিশনারি ফান্ড থেকে ওয়েস্ট বেঙ্গল স্টেট এক পয়সাও পায় নি। এবারে একটা কথা এখানে বলছি, এটা আমাদের কোনো কথা নয়, রাজস্থানের মুখ্যমন্ত্রী প্রকাশ্যে বলেছিলেন যে, প্ল্যানিং কমিশনের টাকা আমাদের দেওয়া না হলেও ডিস্ক্রিশনারি ফান্ড থেকে সেই টাকা কেন্দ্র দিয়েছেন।' তিনি প্রকাশ্যে এই কথা বলেছিলেন। এবারে শিক্ষার কথায় আসছি। প্রাথমিক বিদ্যালয় থেকে আমরা ইংরাজী তুলে দেওয়ার জন্য সোরগোল পড়ে গিয়েছিল। ইংরাজী তুলে দিয়ে আমরা মহা অপরাধ করেছিলাম। ভারতবর্ষের অন্য কোনো স্টেটে ঐ স্তরে মাতৃভাষা ছাড়া অন্য ব্যবস্থা ছিল না। আমরা এখান থেকে সেই একই ভাবে ইংরাজী তুলে দিয়েছিলাম। কিন্তু আপনারা কি করলেন? আপনারা একটা বই দিয়েছেন—চ্যালেঞ্জ অফ এডুকেশন তার মধ্যে বলেছেন যে, প্রাইমারি স্কুল, সেকেন্ডারি স্কুল যেন না করা হয়। কলেজ, ইউনিভার্সিটি এই সব যেন না করা হয়। তাহলে কী করব? আপনারা বলেছেন সব জায়গায় নন-ফর্ম্যাল এডুকেশন করবেন। এই নন-ফর্ম্যাল এডুকেশনের পরীক্ষা কোথায় হবে, কি পরীক্ষা হবে সেসব আমাদের কিছুই জানা নেই। কিন্তু এক একটা স্কুল করতে রেকারিং এক্সপেন্ডিচার হবে ৭/৮ লক্ষ টাকা। আমাদের প্রশ্ন, এই টাকা আমরা কেন খরচ করব? এছাড়া, এই নন-ফর্ম্যাল এডুকেশনের পরীক্ষা কে নেবেন?

[6-25 — 6-35 P.M.]

এই পরীক্ষা নেবেন ন্যাশনাল টেক্সটাইল সার্ভিস। তারপরে মডেল স্কুলেও নাকি হবে। মডেল স্কুলে অঙ্ক, বিজ্ঞান আর বাদবাকি হিন্দিতে পড়ানো হবে আর থার্ড ল্যাঙ্গুয়েজ হবে মাতৃভাষা। আমি কোনো ভাষাভাষির উপর বিদ্বেষী নই, তবে অহিন্দী ভাষাভাষি যেমন অসম, উড়িষা, তামিলনাড়ু এবং কেরালা এবং পশ্চিমবঙ্গ তাদের কি হবে? অহিন্দী ভাষাভাষিগুলি কি এক্সট্রা অ্যাডভানটেজ পাবে? তারা তো কোনো অ্যাডভানটেজ পাবেন না। আর এক একটা স্কুলের জন্য ন্যূনতম ৬০ বিঘা করে জমি লাগবে, কোথায় পাওয়া যাবে তা? তথাকথিত মডেল স্কুল যদি হয় তাহলে কোথায় পাওয়া যাবে এই জমি? আপনারা বড় বড় কথা বললেন বিদ্যুৎ নিয়ে। ১৯৭৭ সালের পর থেকে আজ পর্যন্ত আমরা দু'গুণের উপর বিদ্যুৎ

[6-35 — 6-45 P.M.]

উৎপাদন করেছি। তা সত্ত্বেও এইকথা না বলে পারি না যে কোনো ডেভেলপমেন্ট কান্ট্রিতে বিদ্যুৎ ঘাটতিছাড়া থাকতে পারে না। এটা আমার কথা নয়, ১৯৭৩ সালে এখানে এক ভদ্রলোক বলেছিলেন এক্সপ্যানডিং ইকোনমিতে বিদ্যুৎ সমস্যার সমাধান করা যায় না, আমেরিকাতেও ঘাটতি আছে, এই ঘাটতি থাকবেই। তিনি আবার ১৯৭৩ সালের ১৩ই এপ্রিল আনন্দবাজার পত্রিকাতে বলেছিলেন যে বিদ্যুৎ সঙ্কটের সুরাহার কোনো আশা নেই। স্পিকার সাহেব নাম করতে দেবেন না যদি নাম বলে ফেলি তো এক্সপাঞ্জ করে দেবেন। সেই ভদ্রলোক আবার মন্ত্রী হয়ে এসে পশ্চিমবঙ্গকে বঙ্গোপসাগরে ফেলে দিতে চেয়েছিলেন। আবার রাজীব গান্ধী আসার পরে তাঁকে কেন্দ্রীয় মন্ত্রিত্ব থেকে তুলে নিয়ে বঙ্গোপসাগরে নিক্ষেপ করলেন। পরে অবশ্য তাকে ওখান থেকে তুলে উত্তমাশা অন্তরীপে স্থানান্তরিত করে ৪০ লক্ষ টাকার বাজেট তার হাতে দিয়েছেন। সুনীতি বাবুও নাকি এককালে বিদ্যুৎমন্ত্রী ছিলেন। কোলাঘাট তাপবিদ্যুৎ প্রকল্প ১৯৭৬ সালে হবার কথা ছিল তারজন্য লোকও নেওয়া হল কিন্তু কাজ কিছু হল না, এরজন্য দায়ী কে? তৃতীয় প্রশ্ন হচ্ছে বিদ্যুতের টাকা নিয়ে কেন নেতাজী ইন্ডোর স্টেডিয়াম করা হল? গত লোকসভা নির্বাচনের সময়ে কে বা কারা দার্জিলিংয়ে তাপবিদ্যুৎ কেন্দ্র করতে গিয়ে নাশকতা মূলক কাজ করেছিলেন? এগুলো আমাদের কথা নয়, কাগজে-কলমের কথা। মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই কাদের সাহায্যে ১৯৭৬-৭৭ সালে ১১০০ লোকের চাকুরি দেওয়া হল? একমাত্র তারা কি কাজ করেন—স্যাবোটেজ করা ছাড়া আর কোনো কাজ নেই। আমার শেষ প্রশ্ন করতে চাই ১৯৭৭ সাল পর্যন্ত যখন সেন্টার এবং স্টেটে কংগ্রেস শাসিত ছিল তখন পশ্চিমবঙ্গে ইলেকট্রিফিকেশন হয়েছিল মাত্র ৪ ভাগ—এর কারণ কি? অথচ সেই সময় হয়েছিল তামিলনাড়ুতে ৪৪ ভাগ-এর কারণ কি? সেন্ট্রালে কংগ্রেস তামিলনাড়ুতে কংগ্রেস এবং পশ্চিমবাংলাতেও কংগ্রেস, সেই সময়ে তামিলনাড়ুতে যেখানে ৪৪ পারসেন্ট রুর‍্যাল ইলেকট্রিফিকেশন হয়েছিল, সেখানে পশ্চিমবাংলায় হয়েছিল ৪ পারসেন্ট। কিছুদিন আগে তদানীন্তন মুখ্যমন্ত্রী যিনি লাখ খানেক ভোটে হেরে ঘায়েল হলেন তারই আমলে ছিল এই অবস্থা। মহাত্মা গান্ধী রুর‍্যাল ইলেকট্রিফিকেশন করার কথা বলতেন। তাঁরই অনুগামী একটা গোঁজ দিলেন আমাদের যার নাম হচ্ছে সিদ্ধার্থ গোঁজ। এসব বলেও কি হল? তাঁদের সময় পর্যন্ত সবই রয়ে গিয়েছিল আনট্রিটেড। এইগুলি ছিল তাঁর ছেলে ভোলানো বুলি। আমি যে জেলার লোক আমি জানি সেখানে বহু ইলেকট্রিক পোস্ট নষ্ট হয়ে গিয়েছে বহু 'পোল' ভেঙে পড়ে শতশত লোক বিকলাঙ্গ হয়ে গিয়েছে। ঐ সমস্ত লোকেরা বলছেন যে ঐ সিদ্ধার্থ গোঁজের জন্যই তাঁরা বিকলাঙ্গ হয়েছেন। স্যার, আমি মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট এখানে রেখেছেন তা সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** আজকে বীরেন বাবু যে আনন্দ দিয়েছেন তার জন্য সভা থেকে তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কারণ এটা ভেরি রেয়ার অকেশান।

**শ্রীমতী ছায়া ঘোষ :** স্যার গত ১২ তারিখে অর্থমন্ত্রী মাননীয় জ্যোতি বসু যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। এতদিন ধরে স্বপক্ষে এবং বিপক্ষে বিভিন্ন সদস্য অনেক বক্তব্য রেখেছেন। পত্রপত্রিকাতেও অনেক রকম বক্তব্য আমরা দেখেছি এবং এখানে সাধারণ মানুষের স্বার্থে বহু আলোচনা হয়ে থাকে, এই জন্য সেই সমস্ত বক্তব্যকে একজন জনপ্রতিনিধি হিসাবে আমি সমর্থন করছি। স্যার আজকে একটা পুঁজিবাদী অর্থনীতির মধ্যে ও তাঁর সীমাবদ্ধতার মধ্যে দিয়ে যে বাজেট তৈরি করা হয়েছে তাকে সত্যসত্যই অভিনন্দন জানাচ্ছি। কিছুক্ষণ আগে মুখ্য সচেতক বিরোধী নেতার বক্তব্য শুনলাম। কিন্তু তার বক্তব্যে তিনি তেমন বাজেটের বিরোধিতা করলেন না। যত বিরোধিতা করলেন মুখ্যমন্ত্রী জ্যোতি বাবুর। আজকের কাগজে দেখলাম, গতকালকে আমাদের জেলার মাননীয় সদস্য সাত্তার সাহেব উনি এই বিলটাকে একটা ইলেকশন বাজেট বলেছেন। এটা যে কতখানি ইলেকশন বাজেট সেটা মাননীয় বন্ধু বীরেন বাবু একটু আগে বললেন। নিশ্চয় আগামী ৮৭ সালের ঐ ইলেকশনের আগে যে বাজেট সেটা তৈরি করা হবে। এবং সেটা সাধারণ মানুষের স্বার্থেই করা হবে। তারজন্য আমি তাঁদের ধন্যবাদ দিচ্ছি। ভারতবর্ষ আজ এমন জায়গায় এসেছে যে যে মুহূর্তে শিশু মাতৃগর্ভে এল অমনি তার চুল বিক্রি হয়ে গেল বিদেশের অর্থ ভান্ডারের কাছে। স্বাধীনতার পর থেকে এমন ভাবে আপনারা কেন্দ্রে অর্থনীতি চালাচ্ছেন যে মাথার চুল বিক্রি হয়ে যাচ্ছে। বিরোধীপক্ষ থেকে একথা আমরা শুনি যে বামফ্রন্ট সরকার এই এই করেন নি। কিন্তু ১৯৮৪-৮৫ সালের যে বাজেট সমীক্ষা তাতে দেখা যায় ভারতবর্ষের মানুষের কতখানি আয় মাথা পিছু বেড়েছে, আর পশ্চিমবঙ্গের কতখানি বেড়েছে। সর্বভারতীয় হিসেবে দেখা যায় পশ্চিম বাংলার মাথা পিছু আয়, কৃষি উৎপাদন, বিদ্যুৎ উৎপাদন বেড়েছে, গ্রামে রাস্তাঘাট হয়েছে, শিক্ষার প্রসার হয়েছে। সেখানে অন্য বিকৃত তথ্য দিয়ে কি করে বিরোধীপক্ষের সদস্যরা সত্যের অপলাপ করেন জানিনা। অবাক হয়ে যাই যখন তাঁরা ফরোয়ার্ড ব্লকের কিছু সদস্যদের নাম করে বলেন যে এরা বিরোধিতা করেন। তাঁরা জানেন না কাকে ক্রিটিসিজম বলে, কাকে সিনিক বলে। করভারে যেখানে সাধারণ মানুষের জীবনে তার প্রতিফলন ঘটবে সেখানে আমরা সাজেশন রাখি। কয়লার দাম বাড়ার ফলে সাধারণ মানুষের জীবনে তার প্রতিফলন ঘটবে বলে আমরা এ বিষয়ে সাজেশন রাখি। ডলোমাইটের উপর বিক্রয় কর বৃদ্ধির ফলে শিল্পের অসুবিধা হবে বলে আমরা সেখানে বিরোধিতা না করে সাজেশন রাখি। কিন্তু তাঁরা না বুঝে এইসব কথা বলেন। ভবিষ্যতে আর এরকম কথা আর না বলেন সেই আবেদন আমি রাখছি। পশ্চিম বাংলা শুধু বিদ্যুতে নয় কুটিরশিল্প, সমবায়, এবং কৃষিতে অকল্পনীয় উন্নতি করেছে। সীমাবদ্ধতার মধ্যে আমরা আছি এবং কেন্দ্র আমাদের উপর সাঁড়াসী আক্রমণ চালাচ্ছে। বামপন্থী দলগুলি যখন কেন্দ্র রাজ্য সম্পর্কের পূর্ণ বিন্যাসের কথা বলেন তখন ওঁরা কিছু বলেন না। অষ্টম অর্থ কমিশনের রিপোর্ট অনুযায়ী আমাদের যে ৩২০ টাকা পাওনা তার কথা আপনারা বলেন না কেন? উপরন্তু বলেন এটা হলনা কেন, ওটা হল না কেন? পশ্চিমবাংলা সব কর মুকুব করে দেবে, আমরা যা কিছু পাব তা সবই

আপনাদের দেব কিন্তু আমাদের যা প্রয়োজন তা কি আপনারা দেবেন? কিন্তু তা করতে পারবেন কি? সেটা করতে পারবেন না। সুতরাং এই সীমাবদ্ধতার মধ্যে আজ অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী সুভাষচন্দ্র মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় ১৯৮৬-৮৭ সালের যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তারই পরিপ্রেক্ষিতে গতকাল এবং আজকে তার পর্যালোচনা চলছে। এই সম্পর্কে আমাদের পক্ষের এবং সরকার পক্ষের বক্তাদের কাছ থেকে অনেক বক্তব্য শুনেছি, শুনে ক্ষুদ্র বুদ্ধিতে যেটুকু ১৯৮৬-৮৭ সালের বাজেট দেখলাম তাতে মনে হয়েছে বিগত যে বাজেট তাঁরা পেশ করেছেন তার সঙ্গে তুলনামূলক ভাবে আলোচনা করলে দেখা যাবে যে এই বাজেট একটা অপূর্ণাঙ্গ বাজেট এবং পশ্চিমবঙ্গের জনগণের প্রতি একটা জন-বিরোধী বাজেট। তাই বর্তমান আর্থিক সমীক্ষা থেকে আমরা কতকগুলি চিত্র এখানে তুলে ধরছি যেখানে শ্রম চিত্রের একটা ভয়ঙ্কর ভাটার টান দেখা দিয়েছে। সেই পরিসংখ্যান থেকে আমরা দেখতে পাই বিগত ১৯৮৩-৮৪ সালে সমস্ত রেজিস্ট্রারভুক্ত কারখানাগুলির মধ্যে যেখানে কর্মীর সংখ্যা ছিল ৮.৯৩ লক্ষ সেখানে বর্তমান চলতি বছরে তা কমে গিয়ে দাঁড়িয়েছে ৮.৮৪ লক্ষে অর্থাৎ পশ্চিমবঙ্গে যেখানে প্রতি বছর বেকার সমস্যা বাড়ছে সেই সময় কর্মী নিযুক্তির হার দিনের পর দিন কমে যাচ্ছে, তার ফলে পশ্চিমবঙ্গের অর্থনীতি আজকে একটা ভয়াবহ সমস্যার সম্মুখীন হয়ে দাঁড়িয়েছে। স্যার, সরকারি, বেসরকারি সমস্ত বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলিতে যেখানে কর্ম সংস্থান সৃষ্টি করার দরকার ছিল সেখানে তা দিনের পর দিন কমে যাচ্ছে। আর্থিক সমীক্ষার পরিসংখ্যান থেকে দেখতে পাই ১৯৮৩-৮৪ সালে রাজ্যের বিভিন্ন চা-বাগিচায় যেখানে ২.৪০ লক্ষ শ্রমিক কাজ করত সেখানে ১৯৮৪-৮৫ সালে সমস্ত চা-বাগিচায় কর্মীর সংখ্যা কমে গিয়ে দাঁড়িয়েছে ২.৩৫ লক্ষে। আরো দেখতে পাই ১৯৮৩-৮৪ সালে সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানে মোট কর্মীর সংখ্যা ছিল ২৬ লক্ষ ২৫ হাজার, ১৯৮৪-৮৫ সালে এই সংখ্যা দাঁড়িয়েছে ২৬ লক্ষ ৩৩ হাজারে। এর মধ্যে বিশ্লেষণ করলে দেখা যাবে বেসরকারি ক্ষেত্রে ১৯৮৩-৮৪ সালে কর্মীর সংখ্যা ছিল ৯.৯৫ লক্ষ, আর ১৯৮৪-৮৫ সালে সেটা কমে গিয়ে দাঁড়িয়েছে ৯.৪৬ লক্ষে অর্থাৎ ১ বছরে বেসরকারি ক্ষেত্রে প্রায় '৫৪ হাজার কর্মী নিযুক্তি কমে গেছে। ১৯৮৩-৮৪ সালের তুলনায় ১৯৮৪-৮৫ সালে রাজ্যের বিভিন্ন ক্ষেত্রে চাকরি কমে গেছে, একই বছরে পশ্চিমবঙ্গে বেকারের সংখ্যা দাঁড়িয়েছে ২ লক্ষের মতো। ১৯৮৫-৮৬ সালের জুন মাস পর্যন্ত আমরা যে হিসাব পেয়েছি সেই হিসাব থেকে দেখতে পাই রেজিস্ট্রারভুক্ত বেকারের সংখ্যা ৪০ লক্ষ ৯৩ হাজার এবং বর্তমান বছরে বেকারের সংখ্যা এসে দাঁড়িয়েছে ৮৮ হাজার। এই ৮৮ হাজার বেকারের মধ্যে কিছুক্ষণ আগে পূর্ববর্তী বক্তা বলেছেন সিদ্ধার্থ রায়ের আমলে ১১ হাজারকে চাকরি দেওয়া হয়েছে, তিনি বেকার সমস্যা সমাধান করেছেন। কিন্তু এই ৮৮ হাজার বেকারের মধ্যে বিগত ৯ বছরে বামফ্রন্ট সরকার কত কর্ম সংস্থান করেছেন, না আপনাদের বই থেকে বলছি ৬ হাজার ২শো।

[6-45 — 6-55 P.M.]

এটা অত্যন্ত লজ্জার ব্যাপার এবং অত্যন্ত নক্কারজনক। এই যে রেজিস্ট্রারভুক্ত বেকার তার সংখ্যা পশ্চিম বাংলায় ভয়াবহ এবং সরকারও একটা ভয়াবহ অবস্থার মধ্যে পড়েছে। গতকাল মাননীয় একজন সদস্য অনেক ঘটনার কথা এবং লক-আউটের কথা বললেন। যেখানে বেকার সংখ্যা গঙ্গার জলের মতো বেড়ে চলেছে, সেখানে এই সরকার পক্ষ সেই সব লক-আউটকে মদত দিচ্ছেন। ১৯৮৩-৮৪, ১৯৮৪-৮৫ সালে ধর্মঘট লক আউট বেড়েছে। ১৯৮৩ সালে এই রাজ্যে ধর্মঘট হয়েছিল ৩৯টি অথচ ১৯৮৪ সালে তা বেড়ে হয়েছে ৫৪। এই ভাবে দেখা যাবে যখন রাজ্যের বিভিন্ন সংস্থার কর্ম নিয়োগের সুযোগ কমে যাচ্ছে সেই সঙ্গে বিভিন্ন প্রকল্পের লোকসানের পরিমাণও বেড়ে যাচ্ছে। আর্থিক সমীক্ষা থেকে দেখা যায় এই রাজ্য সরকারের ২১টি পরিচালনাধীন প্রকল্পের মধ্যে ২০টিতে লোকশান হচ্ছে এবং ১৯৮৫-৮৬ তা অনেক পরিমাণ বেড়ে গেছে। কলিকাতা ষ্টেট বাস ও ট্রামে ভর্তুকি দেওয়া হচ্ছে প্রায় ৪০ কোটি টাকা। কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পে ১৪ কোটি ৭৪ লক্ষ ৬৩ হাজার টাকা লোকসান হয়েছে। ওরিয়েন্টাল গ্যাসে লোকসান ২ কোটি ৬ লক্ষ টাকা। এ ছাড়া সরকারের ১৫টি ট্যুরিস্ট বাস ও ১০টি ট্যাক্সি চালিয়ে মোট ১২ লক্ষ ৩৩ হাজার টাকা লোকশন করেছে। আর্থিক সমীক্ষা থেকে আরও আমরা দেখতে পাই ১৯৮৫ সালে পশ্চিমবঙ্গ রাজ্য পরিবহন বাসে লোকসান হয়েছে ১৭ কোটি ৩০ লক্ষ টাকা। এবং সামগ্রিকভাবে ট্রামেও লোকসান প্রায় ১৩ কোটি টাকা। শিক্ষা খাতে ১০ শতাংশ অর্থ বিনিয়োগ বৃদ্ধি করার কথা। কিন্তু অন্যান্য বছরের বাজেট তুলনা করলে দেখা যাবে যেখানে স্কুল তৈরি করার কথা আরও বেশি তা না করে শিক্ষক নিয়োগ না করে এই শিক্ষা দপ্তর ৮.০ কোটি টাকা খরচ করতে পারেন নি। এ তো গেল উচ্চ শিক্ষার ব্যাপার। বিগত বছরে বাজেটে প্রাথমিক শিক্ষা খাতে যে টাকা দেওয়া হয়েছিল এই সরকার তার মধ্যে ১২ কোটি ১১ লক্ষ ৪১ হাজার টাকা খরচ করতে পারেন নি। এই খাতে দপ্তরে নিয়োজিত টাকার পরিমাণ ছিল মাত্র ২০ কোটি ১৪ লক্ষ ৪১ হাজার টাকা। ১৯৮৬-৮৭ সালের বাজেটের সঙ্গে বিগত বছরের বাজেটের সঙ্গে তুলনা করলে দেখা যায় অনেক ফারাক রয়েছে। যেমন শ্রম কল্যাণ ও শ্রমিকের কর্মসংস্থানের জন্য ১৯৮৫-৮৬ সালে রাজ্যের বাজেটে ১৩ কোটি ৭৮ লক্ষ টাকা বরাদ্দ ছিল। কিন্তু রাজ্য সরকার তা ১১ কোটি ৬০ লক্ষের বেশি টাকা গত আর্থিক বছরে খরচ করতে পারেন নি। সেইজন্য ১৯৮৬-৮৭ সালের এই ব্যাপারে অর্থের বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে। আমার সময় সংক্ষেপ—তবুও আমি অল্পের মধ্যে কিছু বলতে চাই। এমন আমি সেচের কথায় আসি। বিগত আর্থিক বছরে ক্ষুদ্র সেচ প্রকল্পে ৬ কোটি ১৩ লক্ষ টাকা খরচ করতে পারেন নি। এই টাকা খরচ করতে পারলে বহু জায়গায় সেচ দিয়ে খরার হাত থেকে জনসাধারণকে বাঁচানো যেত। আমাদের পুরুলিয়া বাঁকুড়া ঝাড়গ্রাম এবং এই পশ্চিমবাংলায় অনেক জায়গা রয়েছে যেগুলি খরা প্রবন এলাকা। সুইডেনের এক সংস্থা থেকে পুরুলিয়া জেলার কোনো কোনো জায়গায় গভীর নলকূপ স্থাপন করার প্রস্তাব ছিল। এটা আমরা ওদের রিপোর্ট থেকে দেখেছি। কিন্তু তা সত্ত্বেও সরকার থেকে তার কোনো উদ্যোগ পরিলক্ষিত হচ্ছে

না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় সময়ের অভাবে আমি এ সম্বন্ধে বিশেষ কিছু বলতে পারছি না। খাদ্য দপ্তরে আমরা দেখতে পাচ্ছি বিগত বাজেটে ২ কোটির মতো টাকা খরচ করতে পারেন নি। আর সব চেয়ে দুঃখের কথা হল বিচার বিভাগের বরাদ্দ টাকার তিন চতুর্থাংশ খরচ করতে পারেন নি। সমীক্ষা থেকে আমরা দেখতে পাচ্ছি বরাদ্দ টাকার পরিমাণ ছিল ৯৯ লক্ষ, এর মধ্যে ৭৯ লক্ষ ৫১ হাজার টাকা খরচ করতে পারেন নি। অথচ মুখ্যমন্ত্রী বলছেন কেন্দ্র টাকা দিচ্ছে না। কেন্দ্র টাকা না দিলে আমরা সম্পদ সৃষ্টি করব কি করে, আমাদের এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে? এই সীমিত ক্ষমতায় অন্যান্য মুখ্যমন্ত্রীরাও আছেন এবং পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর যে ক্ষমতা অন্যান্য রাজ্যের মুখ্যমন্ত্রীদেরও সেই একই ক্ষমতা আছে। কাজেই সেই সব মুখ্যমন্ত্রীরা যদি সম্পদ সৃষ্টি করতে পারেন তাহলে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী কি করে বলেন এই সীমিত ক্ষমতার মধ্যে আমরা সম্পদ সৃষ্টি করতে পারছি না? তিনি কেবল কেন্দ্রের উপর দোষ চাপিয়ে দিচ্ছেন। ডাঃ বিধানচন্দ্র রায় পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন। এই সীমিত ক্ষমতার মধ্য দিয়ে দুর্গাপুর, কল্যাণী যদি তিনি করতে পারেন তাহলে আপনিও অন্যান্য শিল্পমুখী কাজগুলি কেন করতে পারবেন না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় না থাকার জন্য আমি পুনরায় মাননীয় অর্থমন্ত্রী যে ১৯৮৬-৮৭ সালের জন্য যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১২ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। প্রতি বছর আর্থিক বছর আসার আগেই এই ব্যয় বরাদ্দ এখানে উত্থাপিত হয়েছে। আলোচনা, সমালোচনা, বিরোধিতা, সব কিছুই করা হয়, আবার সেটা গৃহীত'ও হয়। যারা বিরোধী পক্ষে আছেন তারা জানেন, যাই করুন না কেন এটা গৃহীত হবেই। তবে সেই সঙ্গে সঙ্গে এটাও জানা দরকার যে, কেন্দ্রের বরাদ্দ হবার পরে সমস্ত রাজ্যগুলির বরাদ্দ হয়। কেন্দ্রের অর্থ ভান্ডার থেকে অর্থ কি ভাবে আসবে, কোনো খাতে কত আসবে, আমরা কতটা পাব, তারই উপর ভিত্তি করে শুধু পশ্চিমবঙ্গ নয়, সমস্ত রাজ্য তাদের বরাদ্দ ঠিক করে। ওরা যখন ক্ষমতায় ছিলেন, ঠিক এমনি ভাবেই বরাদ্দ করতেন। কিন্তু আজকে ওরা বলছেন এটা জনবিরোধী বাজেট হয়েছে। নির্বাচনের জন্যই এটা করা হয়েছে। আমি মনে করি এটা জনমুখী বাজেট হয়েছে। ওরা সম্পূর্ণ ভুল তথ্য দিচ্ছেন। আমি সুব্রতবাবুর বক্তৃতা মন দিয়ে শুনছিলাম। সুব্রতবাবু কি বললেন? উনি জ্বালাময়ী বক্তৃতা দেবার সময় কটাক্ষ করে অনেক কিছুই বলে গেলেন। কিন্তু উনি গ্রামের মানুষের কথা বললেন না। গ্রামের মানুষের কথা ওরা চিন্তা করেন না। গ্রামের মানুষের কি প্রয়োজন সেটা যদি চিন্তা করতেন তাহলে এই যে কর হ্রাস করা হয়েছে সেটা নিশ্চয় দেখাতেন। টি. ভি. কর যে হ্রাস করা হয়েছে সেটা তিনি বললেন না। টি. ভি. কর ছাড় দেওয়ায় শহরের লোকেরা খুশি হয়, ভোট পেতে সুবিধা হয়। সেই জন্য তিনি শহরের লোকের কথা বললেন। তবে এই কথা ঠিক যে, আমাদের সরকার জনগণের সরকার। গ্রামের মানুষের জন্যও অনেক কাজ করেছেন এবং তাদের জন্য বরাদ্দও করেছেন। আমাদের সরকারের বরাদ্দের সঙ্গে কেন্দ্রীয় সরকারের বরাদ্দের তুলনা করলে বোঝা যাবে

তফাত কতটা কি আছে। কেন্দ্রীয় সরকার সেচের জন্য যদি বেশি টাকা দিতেন তাহলে নিশ্চয় আমাদের এই সরকার সেচের উপর বেশি বরাদ্দ করতেন।

[6-55 — 7-05 P.M.]

সড়ক, স্বাস্থ্য ইত্যাদি ব্যাপারে যদি তারা বেশি বরাদ্দ করতেন তাহলে আমরাও বেশি বরাদ্দ করতে পারতাম। ওরা যে ভাবে দেন সেইভাবে আমাদের বরাদ্দ করতে হয়। কিন্তু স্যার, সেখানে আমাদের বাস্তব অভিজ্ঞতা হচ্ছে, ওরা নিষ্ঠুরভাবে, কৃপণের মতন পশ্চিমবঙ্গকে বঞ্চিত করার জন্য টাকা বরাদ্দ করেন। কাজেই স্যার, গ্রামবাংলার মানুষের আশা আকাঙ্ক্ষার কথা মনে রেখে এবং সামগ্রিকভাবে অনেক চিন্তাভাবনা করে আমাদের বাজেটে টাকা বরাদ্দ করতে হয়েছে। বিরোধীপক্ষ নিশ্চয় তাদের বক্তব্য রাখবেন, তারা এই বাজেটকে নির্বাচনের খোরাক বলে বর্ণনা করেছেন, তা তারা করতে পারেন কিন্তু এই বাজেটের মধ্যে যে সমস্ত জনকল্যাণকর কর্মসূচীর কথা বলা হয়েছে সেটাও তাদের বলা উচিত। এখানে যে বেকার সমস্যার সমাধানের কথা বলা হয়েছে সে সম্বন্ধে ওরা বিশেষ কিছু বললেন না। স্যার, মাননীয় সদস্য লক্ষ্মণবাবু বলেছেন, হলদিয়াকে কি ভাবে বঞ্চিত করা হচ্ছে, শুধু হলদিয়া নয় সমগ্র পশ্চিমবাংলার শিল্পক্ষেত্রের ব্যাপারে ওরা কি ভাবে পশ্চিমবাংলাকে বঞ্চিত করছেন সে কথা আপনি জানেন, সে সব কথা কিন্তু বিরোধীপক্ষ একবারও বললেন না। সুব্রতবাবু বললেন, ৩ লাইনে বিদ্যুতের কথা বলা হয়েছে কিন্তু তার মধ্যে কি বক্তব্য আছে সেকথা তিনি বললেন না। স্যার, আমরা মনে করি, আরো বেশি যদি জনমুখী খাতগুলিতে বরাদ্দ হ'ত তাহলে আমরা আরো খুশি হতাম। মোটরযান, টি. ভি. ইত্যাদির উপর যেভাবে কর হ্রাস করা হয়েছে সেইভাবে গ্রামবাংলার চাষীরা যে জল নিয়ে চাষ করে তারজন্য যে অর্থ তাদের দিতে হয় সেটা যদি হ্রাস করতেন তাহলে আমার মনে হয় এটা আরো জনমুখী বাজেট হ'ত। এ বিষয়ে আশা করি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় পরে বিচার বিবেচনা করবেন। বিদ্যালয় ভবন নির্মাণ, সড়ক নির্মাণ, সরকারি গৃহ নির্মাণ ইত্যাদি খাতে বাড়তি টাকা এবারে বরাদ্দ করা হয়েছে, এ ক্ষেত্রে যদি আরো বেশি টাকা বরাদ্দ করা হ'ত তাহলে এই বাজেট আরো জনমুখী হ'ত। ৭ম যোজনা সম্পর্কে আমাদের যা বক্তব্য তা আমরা জানিয়েছি। এ সম্পর্কে বাজেট বই-এর ১৫ ও ১৬ নং অনুচ্ছেদে রাজ্য সরকারের বক্তব্য আছে—সে বিষয়ে কিন্তু বিরোধীপক্ষ কোনো কথা বললেন না। স্যার, কর হ্রাসের ক্ষেত্রে আমি আর একটি কথা বলব। আপনি জানেন স্যার গ্রামের মানুষ বাইসাইকেল ব্যবহার করেন। কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য যেমন জলকর হ্রাসের কথা বললাম অনুরূপভাবে যদি বাইসাইকেলের উপর করের হার আরো হ্রাস করা হ'ত তাহলে এই বাজেট আরো জনমুখী হত। এগুলি আরো বেশি করে চিন্তা করে দেখতে অনুরোধ জানাচ্ছি। আবগারি এবং বিলাসদ্রব্যের উপর বেশি করে ট্যাক্স ধার্য হোক তাতে আমাদের কোনো আপত্তি নেই, কারণ সেটা সাধারণ মানুষরা ব্যবহার করেন না, ধনীলোকেরা ব্যবহার করেন। স্যার, হোসিয়ারি দ্রব্য এবং রেডিমেড পোষাক পরিচ্ছদের উপর থেকে কর হ্রাস করে ১ টাকা করা হচ্ছে এটাতে আমরা আনন্দিত কারণ গ্রামের

লোকজন এসব ব্যবহার করেন। স্যার, পরিশেষে বিরোধীদলকে বলছি, ওঁরা গ্রামে গিয়ে আর দাঁড়াতে পারবেন না, গ্রাম থেকে এবারে ওঁরা একেবারে নিশ্চিহ্ন হয়ে যাবেন। এই কথা বলে, এই ব্যায়বরাদ্দকে সম্পূর্ণ রূপে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[7-05 — 7-15 P.M.]

**শ্রী মনীন্দ্র বর্মা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী ১৯৮৬-৮৭ সালের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। গতকাল থেকে আমি বিরোধী পক্ষের সদস্যদের বক্তব্য শুনছিলাম এবং আমাদের সরকার পক্ষের বক্তব্যও শুনলাম। আমাদের সরকার পক্ষের সদস্যরা এই সভায় যে কথা বলেছেন সেই দিকে আমি যাচ্ছি না। যে কথাগুলি এখানে বলা হয় নি সেই ব্যাপারে আমি দু-একটি কথা বলতে চাই। প্রথমে বলি, বিরোধী পক্ষের সদস্যরা সবাই একটা কথা বলেছেন যে এই বাজেট নির্বাচনী বাজেট, আবার অন্য দিকে বলছেন এই বাজেট জনবিরোধী বাজেট। এই কথাটা আমি বুঝতে পারলাম না। নির্বাচনী বাজেট যদি হয় তাহলে আমরা ধরে নিতে পারি এই বাজেট জনসাধারণের পক্ষে গেছে। আর জনবিরোধী বাজেট হলে তো অন্য জিনিস হয়। কোনোটা সঠিক, নির্বাচনী বাজেট না জনবিরোধী বাজেট, এর অর্থ বোঝা বড় মুসকিল। সাধারণত আমরা আশা করব এই বাজেটে যদি কোনো ত্রুটি-বিচ্যুতি থাকে তাহলে সেটা বিরোধী পক্ষের সদস্যরা ধরিয়ে দেবেন এবং কন্সট্রাকটিভ কিছু আলোচনা থাকলে সেটা করা। কিন্তু সেটার ধারে কাছে ওনারা গেলেন না। প্রতিবার বাজেটের সময় ওনারা যে কথা বলে থাকেন সেই কথাই এবারও বলে গেলেন, সমালোচনার ধারে কাছে গেলেন না। আমাদের এই বামফ্রন্ট সরকার ৯ বছরে অনেক ইন্ডাস্ট্রি করেছে, আরো হতে পারত কিন্তু কেন্দ্রের বৈষম্যমূলক আচরণের ফলে হতে পারেনি সেই কথা ওনারা বললেন না। কারণ নেহেরু পরিবারের যে অবাধ সন্তান, এই পরিবারের ছেলেদের ঘাটানো যাবে না, এই ভয়ে তাদের সমালোচনা করতে পারবেন না। কেন্দ্রের অবহেলার কথা বলি। কেন্দ্র অষ্টম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী পশ্চিমবাংলাকে ৩২০ কোটি টাকা দিল না। যে টাকা দিল না তার নাম করা যাবে না, সে বাংলার একজন কুলাংগার। কারণ বাংলার ছেলে হয়ে তিনি বাংলাকে মেরেছেন। তিনি ৩২০ কোটি টাকা থেকে পশ্চিমবাংলাকে বঞ্চিত করেছেন। তাঁর অবস্থা এখন সঙ্গীন, তিনি এখন পথে পথে ঘুরে বেড়াচ্ছেন। তিনি এখন কোনো মন্ত্রীও নন এবং কোনো পদেও নেই। ভালো হয়েছে। তিনি যে এর যোগ্য ফল পেয়েছেন সেই কথা তাঁরা বললেন না। আমি শুধু ভূমি সংস্কারের কথা বলতে চাই। আমাদের এই বামফ্রন্ট সরকার ৯ বছরে আর যাই করুক—যে দিকই বলুন না কেন—ভূমিসংস্কারের ক্ষেত্রে এই রাজ্য সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের চেয়ে অনেক এগিয়ে রয়েছে। আমরা জানি যে ভূমিসংস্কারের ফলে—এই রাজ্য চিরকালই ভাসমান অবস্থায় ছিল—আজকে গরিব কৃষক, পাট্টাদার কৃষক, বর্গাদার, ছোটো চাষী, প্রান্তিক চাষী অনেক বেশি সুযোগ সুবিধা পেয়েছে এই সরকারের আমলে যেটা কংগ্রেস আমলে কোনো দিনই পায় নি। ওনারা একটা কথা বার বার বলে থাকেন যে কেন্দ্র

টাকা দেবে কেন? ওটা কি 'ওদের বাপের' টাকা? ওদের বাপের টাকা যে ওঁরা দেবে, নেহেরু কি সেই টাকা দিয়ে গেছেন? ওনারা এই কথা বারে বারে বলে থাকেন, এই কথা বলা ঠিক নয়। এটা জনসাধারণের টাকা, আমাদের টাকা, সংবিধান অনুযায়ী আমাদের যে টাকা প্রাপ্য সেই টাকাই আমরা পাই। আমাদের সরকার তার চেয়ে বেশি কিছু চাইছে না। সংবিধান অনুযায়ী যা আমাদের প্রাপ্য সেটুকুই আমরা দাবি করছি, তার বাইরে কিছু আমরা দাবি করছি না। কাজেই আমরা শিক্ষিত অশিক্ষিত সর্বশ্রেণীর মানুষকে এটাই বোঝাবার চেষ্টা করছি যে, কেন্দ্র তথা কংগ্রেস দল তাদের ধোঁকা দিচ্ছে। অবশ্য মানুষ নিজেদের অভিজ্ঞতার মধ্যে দিয়ে বুঝতে পারছে। বামফ্রন্ট সরকার ভূমিহীন বর্গাচাষীদের মুখে হাসি ফুটিয়েছে, বিশেষ করে তফসিলি জাতি এবং উপজাতির মানুষদের। আজ তারা ব্যাঙ্ক থেকে ঋণ পাচ্ছে, সরকার অর্ধেক টাকা সাবসিডি দিচ্ছে মিনি-কীট বিতরণের মধ্যে দিয়ে। বামফ্রন্ট সরকার মোটামুটি গ্রামীণ অর্থনৈতিক জীবনে একটা জোয়ার আনতে পেরেছে। ফলে গ্রামের মানুষ সজাগ হয়েছে, তারা বুঝতে পেরেছে যে, এই সরকার তাদের নিজেদের সরকার। আমাদের বিরোধীরা যতই চিৎকার করুক না কেন, কংগ্রেস দল যে, গরিব মানুষ, সাধারণ মানুষের দল নয়, এটা আজকে গ্রামবাংলার মানুষ বুঝতে পেরেছে। আজকে বিরোধীদের কথায় কোনো কাজ হচ্ছে না বলেই, তাঁরা এখানে আবোল-তাবোল কথা বলছেন, সত্য কথা বলতে পারছেন না, কতগুলি অসত্য কথা বলছেন। ওঁরা বলছেন, এই বাজেট নাকি জনবিরোধী বাজেট, অথচ কি ধরনের জনবিরোধী বাজেট তা ওঁরা কেউ বলতে পারলেন না। কার স্বার্থে এই বাজেট আঘাত হানছে, সেটা একটু ওঁরা বলুন? টাটা, বিড়লার স্বার্থে আঘাত হানছে, না গরিব এবং নিম্নমধ্যবিত্ত মানুষের স্বার্থে আঘাত হানছে? পরিষ্কারভাবে কোনো কিছুই বলতে পারছেন না, অথচ বলছেন, এই বাজেট জনবিরোধী বাজেট। এটা একটা অদ্ভুত ব্যাপার! আবার এই বাজেটের মধ্যে ওঁরা নাকি অঙ্কের ভাঁওতাবাজিও দেখতে পাচ্ছেন! ওঁদের একটু লজ্জা থাকা উচিত। অবশ্য তা থাকলে ওঁরা ঐ সবকথা বলে চিৎকার করতেন না। স্যার, স্বাধীনতার দীর্ঘ দিন পরে আজও পশ্চিমবাংলার একটা বিশেষ সমস্যা আছে, সেটা হচ্ছে উদ্বাস্তু সমস্যা। আজও আমাদের পশ্চিমবাংলার বুকে উদ্বাস্তুরা রয়েছে। জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কুচবিহার ইত্যাদি জায়গায় হাজার হাজার আসাম থেকে আসা উদ্বাস্তুরা রয়েছে। অথচ এই সমস্ত উদ্বাস্তুদের জন্য কেন্দ্রীয় সরকার এক পয়সাও দিচ্ছে না। আমাদের বামফ্রন্ট সরকারকে এই সমস্ত উদ্বাস্তুদের জন্য বছরের পর বছর খরচ যোগাতে হচ্ছে। অথচ আমরা এখানে আশ্চর্য হয়ে লক্ষ্য করলাম যে, বিরোধী পক্ষের সদস্যরা কেউ একবার এসব কথা এখানে বললেন না! কেন্দ্র টাকা দিচ্ছে না, দায়-দায়িত্ব পালন করছে না, সে সম্বন্ধে ওঁরা কেউ একটা কথাও বললেন না। অপর দিকে ওঁরা কেবলই বলছেন, 'কেন্দ্রের টাকা, কেন্দ্রের টাকা'। কেন্দ্র টাকা পায় কোথায়? আমাদের এখান থেকেই তারা টাকা সংগ্রহ করে নিয়ে যান, সেই টাকাই আমরা দাবি করছি। আমাদের টাকা দিয়েই কেন্দ্র চলে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি উত্তরবঙ্গের তিস্তা প্রকল্প সম্পর্কে কয়েকটি কথা বলব। কারণ তিস্তা প্রকল্প যখন হাতে নেওয়া হল তখন কুচবিহার এবং জলপাইগুড়ি জেলার বড় বড় অংশ গুলিকেই এই প্রকল্পের

বাইরে রাখা হয়েছিল, ঐ দুটি জেলার বৃহৎ অংশই এই প্রকল্পের মধ্যে ছিল না, কিন্তু পরবর্তীকালে আমাদের প্রাক্তন সেচমন্ত্রী শ্রদ্ধেয় প্রভাস রায়ের আমলে জলপাইগুড়ি এবং কুচবিহারের বৃহৎ অংশকে এই প্রকল্প থেকে জল দেওয়ার জন্য এই প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়। আমরা বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে এখন পর্যন্ত এই প্রকল্প বাবদ ১৬০ কোটি টাকা খরচ করেছি, অথচ কেন্দ্রীয় সরকার সেখানে মাত্র ৫ কোটি টাকা খরচ করেছে। অথচ এ কথা বিরোধীরা কেউ এখানে একবারও উল্লেখ করলেন না! জাতীয় স্বার্থে কেন্দ্রীয় সরকারে কাছে আমরা মাত্র ২০ কোটি টাকা করে বছরে চেয়েছি, তাও দেওয়া হচ্ছে না। ফলে তিস্তা প্রকল্প রূপায়ণের কাজ বিলম্বিত হচ্ছে। উত্তরবাংলার মানুষ কংগ্রেসের ৩০ বছরের শাসনকালে কিছুই পায়নি, শুধু পেয়েছে বঞ্চনা। উত্তর-বাংলায় কোনো কল-কারখানা নেই। জলপাইগুড়িতে কিছু চা-বাগিচা আছে, তা ছাড়া আর কোনো শিল্প নেই। এই অবস্থায় তিস্তা প্রকল্প চালু হলে উত্তর-বাংলার মানুষের কিছু উপকার হ'ত। উত্তর-বাংলার কয়েকটি জেলা এই প্রকল্প থেকে জল পেলে অবশ্যই উত্তর-বাংলার ঐ জেলাগুলির মানুষদের উপকার হবে। বিরোধী দলে উত্তর-বাংলার বেশ কিছু সদস্য আছেন, তাঁরা এখানে বাজেটের সমালোচনা করছেন, বামফ্রন্ট সরকারের সমালোচনা করছেন, কিন্তু কেন্দ্র যে উত্তর-বাংলার তিস্তা প্রকল্পের জন্য টাকা দিচ্ছে না, ফলে প্রকল্প রূপায়িত হতে পারছে না, সে কথা একবারও বলছেন না। তাঁরা তো তা বলছেন না। আমাদের তিস্তা প্রকল্পের ব্যাপারে আমার কয়েকটি সাজেশন আছে। ডান হাতি খালগুলি কাটা হয়েছে কিন্তু বাঁ-হাতি খালগুলি কাটা কবে শুরু হবে তা আমি জানি না। উত্তরবাংলার কুচবিহার হচ্ছে আসাম প্রান্তে এবং এই কুচবিহার জেলায় শিল্প কারখানা নেই। সুতরাং বাঁ-হাতি খালগুলির কাজ যাতে তাড়াতাড়ি শুরু করা হয় তারজন্য আমি মাননীয় সেচমন্ত্রীর কাছে আবেদন করছি। এর দ্বারা কুচবিহারের মানুষ এবং জলপাইগুড়ি জেলার একটা বড় অংশ জল পেতে পারে। মাননীয় মন্ত্রী মহাশয় যেন এই ব্যাপারটি একটু চিন্তা-ভাবনা করেন যাতে করে কুচবিহার এবং জলপাইগুড়ি জেলার মানুষ জল পেতে পারে। এবারে আমি শিক্ষা সর্ম্পকে কিছু বলব। ওনারা বলছেন কিছুই হয়নি। শিক্ষা সর্ম্পকে কিছু বললেই ওনারা গেল গেল রব তোলেন। অথচ কেন্দ্রীয় সরকার মডেল স্কুল চালু করার চেষ্টা করছেন। আমরা যখন প্রাথমিক বিদ্যালয়ে ক্লাস ফাইভ পর্যন্ত মূল্যায়ন প্রথা চালু করলাম, ওনারা গেল গেল রব তুললেন। আর ওনারা মডেল স্কুল চালু করে ডিগ্রি কোর্স পর্যন্ত পাশ-ফেল প্রথা থাকবে না এই ব্যবস্থা ইনট্রোডিউস করার চেষ্টা করছেন। সুতরাং শিক্ষাক্ষেত্রে অপকীর্তি কারা করছেন তা নিশ্চয়ই বুঝতে পারছেন? আর এদিকে বামফ্রন্ট সরকারের শিক্ষানীতি নিয়ে গেল গেল রব তুলছেন, ছাত্র পরিষদের নাম করে বন্ধ ডাকছেন। বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষা ক্ষেত্রে সাফল্য কেন ওঁরা দেখতে পাচ্ছেন না তা জানি না। একটা সমীক্ষায় দেখছিলাম, ১৯৮৩-৮৪ সালে ছাত্র সংখ্যা ছিল ৭৩.৭৫ লক্ষ, ১৯৮৪-৮৫ সালে ৭৭.০৫ লক্ষ, ১৯৮৫-৮৬ সালে ৮০.৪০ লক্ষ। ৬ থেকে ১০ বছর বয়সী বালক-বালিকাদের মধ্যে ছাত্র-ছাত্রীর শতকরা হার হচ্ছে ১৯৮৩-৮৪ সালে, ৯২.৪৮ শতাংশ, ১৯৮৪-৮৫ সালে ৯৪.৩১ শতাংশ, ১৯৮৫-৮৬ সালে ৯৬.০২ শতাংশ। প্রাথমিক স্কুলের সংখ্যা

হচ্ছে, ১৯৮৩-৮৪ সালে ৪৮,৮৯৮টি, ১৯৮৪-৮৫ সালে ৫০.০৯৮টি, ১৯৮৫-৮৬ সালে হচ্ছে ৫০.৮৭৭টি। প্রাথমিক স্কুল-শিক্ষকের সংখ্যা হচ্ছে, ১৯৮৩-৮৪ সালে ১,৬৭,২১১ জন, ১৯৮৪-৮৫ সালে ১,৭৩,৮০৫ জন আর ১৯৮৫-৮৬ সালে হচ্ছে, ১,৭৩,৮০৫ জন। আমার প্রশ্ন, তাহলে শিক্ষার উন্নতি হয়েছে কি না? ওদের আমলে পরীক্ষার ফল প্রকাশ হত না। আমার মনে আছে, ১৯৭০ সাল থেকে ১৯৭৬ সালের মধ্যে ২/৩ বছর পরীক্ষার ফল প্রকাশ হয়নি। কিন্তু এখন নির্দিষ্ট সময়ে ফল প্রকাশ হয়। তবুও ওঁরা বলছেন শিক্ষা গেল, শিক্ষাক্ষেত্রে বামফ্রন্ট সরকারের ব্যর্থতার কথা বলছেন। আসলে ওঁরা বিরোধিতা করার জন্য বিরোধিতা করছেন। ওঁরাই জন-বিরোধী কাজকর্ম করছেন। যাই হোক, আমার সময় নেই, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দ্বিজেন্দ্রনাথ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১২ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী মহাশয় ১৯৮৬-৮৭ সালের যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। আমাদের এই বাজেট নিয়ে মোট ১০টি বাজেট বামফ্রন্ট সরকার পেশ করলেন। এই বাজেটের লক্ষ্য এবং উদ্দেশ্য কি সেটা আমরা সবাই জানি। জনগণকে সহায়তা করা এবং করের বোঝা কম করে জনগণকে রিলিফ দেওয়া। সুতরাং সেইদিক থেকে এ বছরের সেই ধরনের আভাষ-ইঙ্গিত প্রতিফলিত হয়েছে। এই বাজেটের উপর আলোচনা করতে গিয়ে বিরোধী সদস্যরা সমালোচনার জন্য সমালোচনা করেছেন। তাঁরা এই বাজেটে কোনো গুণগত দিক দেখেননি, সেইজন্য সমর্থনের প্রয়োজনীয়তা বোধ করেননি। বিরোধী দলের নেতা এবং বিরোধী দলের অন্যান্য সদস্যরা কখনও বলেছেন, পশ্চিমবাংলার যে আর্থিক সংকট এই ব্যাপারে এখানকার বামফ্রন্ট সরকার যদি সাহায্য চাইতেন তাহলে আমরা সাহায্য করতাম।

[7-15 — 7-25 P.M.]

এ ব্যাপারে বহু নজির আছে, অতীতে ও এই বহু সাহায্যের কথা ওঁরা বলেছেন কিন্তু কোনো সময় এবং কিভাবে করেছেন তা জানা নেই। বিগত যে বাজেটগুলি আমরা পেশ করেছি সেই সময়েতে ওঁরা যে সুরে যে কায়দায় কথা বলেছেন এবারের পেশ করা বাজেটে ঠিক একই কায়দায় কথা বলছেন। নতুন সুর একটুও নেই। বিগত ১৯৮২ সালের নির্বাচনের আগের মুহূর্তে বাজেট পেশ করার সময় ওঁরা বলেছিলেন যে ইলেকশন, এবারেও সেই রকম একই সুরে বলছেন যে ইলেকশন। এর মধ্যে কর ছাড়া হয়েছে, সাধারণ মানুষের কল্যাণ করা হচ্ছে সেই সব কথা এই বাজেটের মধ্যে রয়েছে সেটা ওঁরা দেখতে পেলেন না। একজন মাননীয় সদস্য বলছেন যে গ্রামের লোকদের জন্য বাজেটে কোনো কিছু নেই, যা কিছু সুযোগ সুবিধা আছে শহরের লোকদের জন্য এইকথা ওঁরা আগেও বলেছেন। বিগত ১৯৮৩ সালের পঞ্চায়েত নির্বাচনের প্রাক মুহূর্তেও এই কথা বলেছিলেন। আমি দুটো তথ্য তুলে দেখাব যে তাঁদের সেই কথাটা কত অসার। ভূমি সংস্কারের কথা আমাদের কংগ্রেস পক্ষের একজন

মাননীয় সদস্য বলেছেন। এই প্রসঙ্গে আমি দু-একটি কথা বলব, গ্রামে আমাদের যে পঞ্চায়েত-গুলি হয়েছে সেই পঞ্চায়েতের সহায়তায় এবং কর্মচারিদের সহযোগিতায় সুষ্ঠুভাবে নির্ণয় করে উদ্বৃত্ত জমি যেগুলি সরকারের হাতে আছে ভূমিহীনদের সঠিকভাবে বিলি বন্টনের ক্ষেত্রে একটা ভূমিকা নিয়ে আমরা ভূমি বন্টন করেছি তাতে দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গে ১২ লক্ষ ৪০ হাজার একর ভেস্টেড ল্যান্ড, তার মধ্যে ৮ লক্ষ ১০ হাজার একর বিলি হয়েছে। এই বিলির মধ্যে ১৬,২৭,২৬৮ জন সেটা পেয়েছেন। এর মধ্যে ৬ লক্ষ ১৪ হাজার জন তফসিলি আর আদিবাসী ১৬,৩৯৫ জন। তা ছাড়া বর্গা নথিভুক্ত করা হয়েছে এবং এইসব পাট্টা প্রাপ্ত বর্গাদারদের ব্যাঙ্কের মাধ্যমে লোন বিলি হয়েছে সেই সব কথা বামফ্রন্ট সরকারের বাজেটের ভিতর দিয়ে প্রকাশ হয়েছে। তাতে জনগণ কংগ্রেস প্রভাবিত কায়েমী স্বার্থ সম্পন্ন লোকদের কব্জা মুক্ত হয়ে স্বাধীন ভাবে দাঁড়িয়েছে। এইজন্যই ওঁদের রাগ, এই কারণেই বাজেটের বিরোধিতা করছেন। আমি মাননীয় অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয় কর্তৃক আনীত এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ ওমর আলী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি এই বাজেট প্রস্তাবকে অবশ্য সমর্থন করছি, যেহেতু আমি শেষ বক্তা এবং সভার সকলেই শান্ত এবং ক্লান্ত, সেজন্য আমি আমার বক্তব্যকে তথ্য ভারাক্রান্ত না করে সংক্ষেপে দু-একটি কথা বলতে চাই। আমি যে বাজেট সমর্থন করছি। শুধু এই জন্য নয়। এক রকম জটিল অর্থনৈতিক পরিস্থিতি এবং রাজ্য সরকারের সীমিত অর্থনৈতিক ক্ষমতায় একটা উদ্বৃত্ত বাজেট এখানে পেশ করা হয়েছে। বিরোধীদলের সদস্যরা যেমন বলছেন পাবলিক অ্যাকাউন্টস এর টাকা বাজেটের হিসাবের মধ্যে এনে একে উদ্বৃত্ত দেখানো হয়েছে, তা না হলে আসলে এটা ঘাটতি বাজেট হত। তা হলেও আমি এই বাজেট প্রস্তাবকে সমর্থন করতাম। তার কারণ আমরা সবাই জানি কোনো রাজ্য যদি ঘাটতি বাজেট পেশ করে তাহলে তার ফলে সেই রাজ্যে তেমন কোনো অর্থনৈতিক প্রয়াস সৃষ্টি হয় না, কারণ রাজের ঘাটতি বাজেটের জন্য মুদ্রাস্ফীতি হয় না, মুল্যবৃদ্ধি হয় কেন্দ্রীয় সরকারের বাজেটের দ্বারা। আমাদের এই যে সীমাবদ্ধতা—এর মধ্যেই আমাদের কাজ করতে হচ্ছে। আমাদের এই সরকারের শুধু ক্ষমতাই সীমাবদ্ধ নয়, সম্পদ সংগ্রহের উৎসটাও সীমাবদ্ধ। শুধু তাই নয়, কর বিন্যাস করে আয় বন্টন করবার নিজস্ব নীতিও আমাদের সরকার কার্যকর করতে পারেন না। কারণ আমাদের দেশের যে সংবিধান, সেই সংবিধান কোনো রাজ্য সরকারকেই এই অধিকার দেয়নি। আজকে এখানে কয়লার উপর সেস বাড়ানো হয়েছে এবং তা নিয়ে বিরোধী দলের সদস্যরা খুব হৈ চৈ করছেন। আমি মনে করি, কয়লার উপর এই সেস না বাড়াতে পারলেই ভালো হত, কিন্তু সেটা করা যায় নি। অষ্টম অর্থ কমিশন আমাদের রাজ্যকে ৩২৫ কোটি টাকা দেবার সুপারিশ করেছিলেন, কিন্তু কেন্দ্রীয় সরকার সেটা দিলেন না। কেন্দ্রীয় সরকার ৩ বছর আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, অন্য রাজ্যে মাল চলাচলের উপর কনসাইনমেন্ট ট্যাক্স চালু করবেন। কিন্তু সেটাও তাঁরা চালু করলেন না। ওঁরা আমাদের এখানে যে তিনটি প্রকল্প, যেমন—তিস্তা প্রকল্পর মতো বড় বড়

প্রকল্প, যাতে বহু কোটি টাকা খরচ হবে, এই ধরনের প্রকল্পগুলির ক্ষেত্রে যদি উল্লেখযোগ্য ভাবে সাহায্য করতেন তাহলে এই ধরনের কাজের দিকে নিশ্চয়ই রাজ্য সরকার যেতেন না। স্যার, আমি এই কথা অবশ্যই স্বীকার করি যে আমাদের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন সেটা চমকপ্রদ। কিন্তু এই বাজেট বক্তৃতার মধ্যে যে দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে সেই প্রতিফলন যে বাজেটের বিভিন্ন বরাদ্দের মধ্যে দিয়ে প্রতিফলিত হয়েছে সেটা অবশ্যই উল্লেখের অপেক্ষা রাখে। সেই কারণে এই বাজেটের পর্যালোচনা করবার একটা যুক্তি খুঁজে পাওয়া যায়। এই বাজেটে শিক্ষা, সংস্কৃতি, প্রশাসন এবং অন্যান্য সমাজকল্যাণমূলক কাজ শিল্প ও সেচ প্রকল্প এগুলোর উপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে, কেন্দ্রীয় সরকারের বাজেটে যা সম্পূর্ণ ভাবে অনুপস্থিত আছে। স্যার, আপনি এও জানেন যে কেন্দ্রীয় বাজেট থেকে রাজ্য সরকারের বাজেটে যে পার্থক্য—এটা শুধু মাত্র ঘাটতি ও উদ্বৃত্তের দিক থেকেই নয়, পার্থক্যটা হল কেন্দ্রের বাজেটে একটা বিরাট অঙ্কের ঘাটতি রেখে দিয়ে অপূর্ণ রেখে দিয়ে মুদ্রাস্ফীতি এবং মূল্যবৃদ্ধির পথ সুগম করে দেওয়া হল। প্রাশাসনিক আদেশে অধিকাংশ জিনিসের দাম বাড়িয়ে দিয়ে ১,২০০ কোটিরও বেশি টাকার একটা দায় জনসাধারণের ঘাড়ে চাপিয়ে দেওয়া হল। এক্ষেত্রে রাজ্য সরকার চেষ্টা করেছেন অনেক ক্ষেত্রে করভার লাঘব করে সাধারণ মানুষকে সুবিধা দেবার জন্য। কাজেই যে দৃষ্টিভঙ্গি থেকে এখানে বাজেট উত্থাপিত হয়েছে তার সঙ্গে কেন্দ্রীয় সরকারের বাজেটের কোনো সম্পর্ক নেই এবং সেই কারণেই আমাদের এই বাজেট জনমুখী বাজেট। একটি কথা বলব যে, প্রথমে বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এসেছিলেন তখন বাজেটে যে পরিমাণ টাকা মূলধনী খাতে খরচ করা হত, এখন দেখতে পাচ্ছি মূলধনী খাতে ব্যয় কমেছে। তার ফলে উন্নয়নের দিক থেকে যতটা আমরা আশা করি ততটা করতে পারছি না। এর উপর কেন্দ্রের বঞ্চনা আছে, সাহায্য না করবার ব্যাপার আছে। কিন্তু তা সত্ত্বেও আমি এই অনুরোধ করব যাতে বাজেটে মূলধনী ব্যয়ের পরিমাণ বাড়ানো যায়। এই কয়টি কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

## ADJOURNMENT

The House was then adjourned at 7.25 P.M. till 1 P.M. on the Wednesday, the 19th March, 1986 at the Assembly House, Calcutta.

# INDEX TO THE

# West Bengal Legislative Assembly Proceedings

# (Official Report)

Vol : 85–I Eighty five Session (From March-May-1986)

(The 3rd, 4th, 5th, 6th, 7th, 10th, 11th, 12th, 13th, 14th, 17th & 18th March, 1986)

**Bills**


The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1986. PP-563-569

The West Bengal Land Reforms (Amendment) Bill, 1986. PP-549-563

The West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1986. PP-740-745


**Discussion on the Governor's Address**


- by Shri Abanti Mishra PP-333-334
- by Shri Abdul Mannan PP-342-346
- by Shri Abdur Rauf Ansari PP-313-318
- by Shri Abdus Sattar PP-60-68
- by Shri Amalendra Ray PP-88-91
- by Shri Amarendra Nath Bhattacharya PP-85-88
- by Shri Ambica Banerjee PP-168-170
- by Shri Ananda Mohan Biswas PP-91-94
- by Shri Anil Mukherjee PP-324-327
- by Shri Anup Kr. Chanda PP-163-167
- by Shri Balai Bandopadddhya PP-318-321
- by Shri Bankim Behari Maity PP-266-268

- by Shri Bhakti Bhusan Mondal PP-241-246

- by Shri Bimalananda Mukherjee PP-334-337

- by Shri Debaprasad Sarker PP-254-257

- by Shri Dhiren Sen PP-177-179

- by Shri Dinabandhu Mondal PP-175-177

- by Shri Dinesh Chandra Dakua PP-332-333

- by Shri Gopal Krishna Bhattacharya PP-231-238

- by Shri Jayanta Kumar Biswas PP-160-163

- by Shri Jyoti Basu PP-347-352

- by Shri Kamakhya Charan Ghosh PP-167-168

- by Shri Kashinath Mishra PP-321-323

- by Shri M. Ansaruddin PP-263-265

- by Dr. Manas Bhuniya PP-246-251

- by Shri Md. Ramjan Ali PP-154-157

- by Shri Monohar Tirkey PP-328-330

- by Shri Neil Aloysius 'O' Biren PP-311-313

- by Shri Nikhilananda Sar PP-144-150

- by Shri Phani Bhushan Ray PP-341-342

- by Shri Probodh Chandra Sinha PP-171-173

- by Shri Probodh Purkait PP-338-341

- by Shri Rajesh Khaitan PP-150-154

- by Shri Sachin Sen PP-352-354

- by Shri Sadhan Pandey PP-261-263

- by Shri Sailendra Nath Chattopaddhya PP-257-260

- by Shri Samar Mukherjee PP-173-175

- by Shri Samsuddin Ahmed PP-157-160

- by Shri Santi Mohan Ray PP-239-241

- by Shri Saral Deb PP-81-85

- by Shri Satya Pada Bhattacharya PP-251-254

- by Shri Satya Ranjan Bapuli PP-225-231

- by Shri Shyamal Chakrabortty PP-68-75

- by Shri Sisir Adhikary PP-98-100

- by Dr. Sisir Kumar Bose PP-307-310

- by Shri Sk. Imajuddin PP-100-103

- by Shri Subash Bose PP-94-98

- by Dr. Sukumar Ray PP-330-332

- by Shri Suniti Chattaraj PP-75-81

- by Dr. Susobhan Banerjee PP-327-328

- by Shri Tarapada Sadhukhan PP-269-270

- by Dr. Zainal Abedin PP-134-144

**Discussion on the Motion under Rule 166 regarding inhabitant Problem in Coal Mine areas at Asansol Sub-Division.**

- by Shri Ambica Banerjee PP-595-597

- by Shri Bejoy Paul PP-597-599

- by Shri Bhakti Bhusan Mondal PP-601-602

- by Shri Jayanta Kumar Biswas PP-602-603

- by Shri Hemanta Roy PP-594-595, P-605

- by Shri Nirmal Kumar Bose PP-603-605

- by Shri Suniti Chattaraj PP-599-601

**Discussion on the Motion under Rule 166 regarding Proposal to under-take the Ulfram Industries at Bankura by the State Government.**

- by Shri Anil Mukherjee PP-589-590

- by Shri Gunadhar Chowdhury PP-588-589

- by Shri Kashinath Mishra PP-584-588

- by Shri Nirmal Kumar Basu PP-591-592

- by Shri Subhas Goswami PP-590-591

- by Shri Upen Kisku P-584, PP-592-594

**Discussion on the Motion under Rule 166 regarding Construction of Flyover at Bandel Railway gate.**

- by Shri Abdul Mannan PP-575-577

- by Shri Asok Ghosh PP-578-579

- by Shri Patit Paban Pathak PP-581-582

- by Shri Saral Deb PP-577-578

- by Shri Shish Mohmmad PP-579-580

- by Shri Tarapada Sadhukhan PP-580-581

- by Shri Sachin Sen PP-574-575, PP-582-583

**Discussion on the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1986.**

- by Shri Anil Mukherjee PP-566-567
- by Shri Kashinath Mishra PP-567-568
- by Shri Sunil Kumar Majumdar PP-568-569, PP-563-565
- by Dr. Zainal Abedin PP-565-566

**Discussion on the West Bengal Land Reforms (Amendment) Bill, 1986.**

- by Shri Abanti Mishra PP-553-554
- by Shri Abdul Mannan PP-554-555
- by Shri Jayanta Kr. Biswas P-558
- by Shri Kashinath Mishra PP-550-552
- by Shri Sunil Kumar Majumdar PP-562-563, PP-549-550
- by Shri Md. Ramjan Ali PP-555-556
- by Dr. Zainal Abedin PP-552-553, PP-556-557

**Discussion on two seperate Motions under Rule 185 regarding Cancellation the articles 310 and 311(2) of the Constitution of India moved by Shri Deba Prasad Sarkar and Shri Shymal Chakarboty.**

- by Shri Anil Mukherjee PP-477-480
- by Shri Deba Prasad Sarkar PP-471-473, PP-483-484
- by Shri Matish Ray PP-480-481
- by Shri Probodh Chandra Sinha PP-481-482
- by Shri Rajesh Khaitan PP-474-477
- by Shri Shyamal Chakrabortty PP-469-471, P-483

**Discussion on Motion under Rule 185 regarding new textile Policy declared by the Central Govt. on Textile Industries.**

- by Shri Amalendra Ray PP-454-456, PP-466-468
- by Shri Gopal Krishna Bhattacharya PP-460-461
- by Shri Kashinath Mishra PP-461-463
- by Shri Nirmal Bose PP-464-466
- by Shri Patit Paban Pathak PP-463-464
- by Dr. Zainal Abedin PP-456-460

**Discussion on two Seperate Motions under Rule 185 on Price hike on essential Commodities moved by Dr. Haramohan Sinha and Shri Deba Prasad Sarkar.**

- by Shri Haramohan Sinha PP-409-410, PP-426-427
- by Shri Abdul Mannan P-424
- by Shri Bhakti Bhusan Mondal PP-420-421
- by Shri Deba Prasad Sarker PP-410-411, PP-427-429
- by Shri Debi Prasad Basu PP-418-419
- by Shri Kamal Kanti Guha PP-424-426
- by Shri Kashinath Mishra PP-421-423
- by Shri Malin Ghosh PP-417-418
- by Shri Satya Pada Bhattacharya PP-423-424
- by Dr. Susobhan Banerjee PP-419-420
- by Dr. Zainal Abedin PP-411-417

**Discussion on Motion under Rule 185 regarding providing of adequate drinking water facilities to the People of West Bangal by 1990.**

- by Shri Abdul Mannan PP-435-436, PP-446-449

- by Shri Deokinandan Poddar PP-436-438

- by Shri Kamal Kanti Guha PP-441-442

- by Shri Prasanta Kumar Sur PP-442-446

- by Shri Satya Ranjan Bapuli PP-438-440

**Discussion on the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1984.**

- by Shri Kashinath Mishra P-743

- by Shri Subrata Mukherjee PP-741-742

- by Shri Sunil Kumar Majumdar PP-742-744, PP-740-741

**General Discussion on Budget**

- by Shri Abdus Sattar PP-651-660

- by Shri Ashok Ghose PP-760-764

- by Shri Bankim Behari Maity PP-782-784

- by Shri Bhakti Bhusan Mondal PP-668-671

- by Shri Birendra Narayan Roy PP-775-778

- by Smt. Chhaya Ghose PP-779-780

- by Shri DebaPrasad Sarkar PP-766-770

- by Shri Dhirendra Nath Sarkar PP-685-686

- by Shri Dwijendra Nath Roy PP-787-788

- by Shri Gobinda Bauri PP-694-696

- by Shri Gunadhar Chowdhury PP-681-685

- by Shri Jayanta Kumar Biswas PP-770-773

- by Shri Kashinath Mishra PP-671-673

- by Shri Lakshman Chandra Seth PP-755-760

- by Shri Lakshmikanta Dey PP-691-694

- by Shri Manindra Burma PP-784-787

- by Shri Motish Roy PP-673-677

- by Shri Naba Kumar Roy PP-678-681

- by Dr. Omar Ali PP-788-789

- by Shri Santasri Chattopadhyay PP-660-666

- by Shri Santi Mohan Roy PP-666-668

- by Shri Saral Deb PP-686-689

- by Shri Satyendra Nath Ghosh PP-764-766

- by Shri Subhas Chandra Mahato PP-780-782

- by Shri Subrata Mukherjee PP-745-755

- by Shri Sukumar Roy PP-689-691

- by Dr. Sushobhan Banerjee PP-773-775

**Governor's Address PP-1-10**

**Laying of Reports and Accounts**

The Reports of the Comptroller and Auditor General of India for the year 1982-83 and the Accounts 1982-83 P-47

The Tenth Annual Report, 1983-84 of the West Bengal Essential Commodities Supply Corporation Limited. P-47

The Ninth Annual Report and Accounts of the West Dinajpur Spining Mills Limited for the year 1983-84. P-48

72nd. Report of the Business Advisory Committee. P-42

Laying First Annual Report and Accounts of the Calcutta Tramways Company (1978) Limited for the Period from 15th. October, 1982 to 31th. March, 1983. PP-640-641

Seventy fifth Report of the Business Advisory Committee. PP-573-574

Twenty first and Twenty second Reports of the Committee on public Accounts 1985-86. PP-572-573

Seventy fourth Report of the Business Advisory Committee. PP-453-454

Seventy-third Report of the Business Advisory Committee PP-337-338

**Laying of Ordinance**

The Rabindra Bharati (Amendment) Ordinance, 1985 P-48

The Calcutta Hackney-Cossiage (Amendment) Ordinances 1985. P-48

The Calcutta Hackney carriage (Amendment) Ordinance, 1985. P-48

The Bengal Municipal (Amendment) Ordinance, 1986. P-48

The West Bengal Bodies (Electoral Offences and Miscellaneous Provisions) (Amendment) Ordinance, 1986. P-48

The Lowis Jubilee Sanitarium (Acquisition) Ordinance, 1986.

- by Shri Achinta Krishna Roy P-48

The Rabindra Bharati (Amendment) Ordinance, 1985 P-48

**Laying of Ordinance**

The Bidhan Chandra Krishi Viswa-Vidyalaya (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. XII of 1985) P-549

**Mention Cases**

PP-50-57, PP-124-134, PP-215-222, PP-294-306, PP-529-540, PP-725-738.

**Mention of thanks** P-11

**Obitutary References**

- Professor A.L. Basham P-20

- Shri Amar Prasad Chakraborty P-14

- Shri Amulya Chandra Sirkar P-17

- Smt. Ashalata Sen PP-15-16

- Smt. Ava Chatterjee PP-16-17

- Kabiraj Bimalananda Tarkatirtha P-15

- Shri Kamala Kanta Hembram PP-14-15

- Shri Malesela Bengamin Moloise PP-19-20

- Dr. Manilal Bose P-15

- Shri Nikhil Banerjee PP-20-21

- Professor Nirmal Chandra Bhattacharyya P-16

- Mr. Olof Palme P-13-14

- Shri Parimal Ghosh PP-17-18

- Shri Prabhat Kumar mukhopadhyay PP-18-19

- Shrimati Rukmini Devi Arundale P-18

**Point of Clarification**

- by Dr. Zainal Abedin PP-48-50

**Point of Privilege**

- by Dr. Zainal Abedin PP-641-644

**Presentation of the Annual Financial Statement of the Department of West Bengal for the year, 1986-87**

- by Shri Jyoti Basu PP-467-502

**Questions**

Abnormal Increase in the number of Unemployed youths in the State

- by Shri Gyan Singh Sohanpal PP-182-185

Clashes reported from Keshpur P.S. in Midnapur

- by Shri Gyan Singh Sohanpal PP-506-508

Incident of Setting fire in a house in Patna Village Under Khejuri P.S.

- by Shri Gyan Singh Sohanpal PP-105-106

Income and expenditure of Haringhata Milk Dairy

- by Shri Anil Mukherjee PP-621-623

Re-Organisation of bigger sub-divisions

- by Shri Gyan Singh Sohanpal PP-630-631

**অগভীর নলকূপ বৈদ্যুতিকরণ**

—শ্রী সৈয়দ মোয়াজ্জম হোসেন, PP-525-526

**অতিরিক্ত মুখ্য মেট্রোপলিটন আদালতে ফৌজদারি মামলা**

—শ্রী শীশ মহম্মদ, PP-503-504

**আইফাড প্রকল্পের মাধ্যমে চব্বিশ পরগনা জেলার রাস্তায় ইট পাতার প্রস্তাব**

—শ্রী প্রবোধ পুরকায়েত P-635

**আদিবাসী এলাকায় স্বল্প স্বাক্ষরজ্ঞান জনগণের জন্য গ্রন্থাগার**

—শ্রী রামপদ মান্ডি P-624

**আবগারি শুল্কের আয় হ্রাস**

—শ্রী অনুপকুমার চন্দ্র ও শ্রী কাশীনাথ মিশ্র P-638-639

**আবর্জনা থেকে বিদ্যুৎ উৎপাদন**

—শ্রী মনোহর তিরকী P-521

**আর. এল. ই. জি. পি. বাবদ কেন্দ্রীয় বরাদ্দ**

—শ্রী মোতাহার হোসেন PP-30-32

**আরামবাগ আদালতে অতিরিক্ত সেশন জজ আদালত প্রতিষ্ঠা**

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী P-503

**আলু চাষ**

—শ্রী হিমাংশু কুঙর PP-702-703

**আয়কর খাতে রাজ্যগুলির প্রাপ্যাংশ**

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-518-519

**ইউনিয়ন সরকারের প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি**

—শ্রী হিমাংশু কুঙর P-630

**ইচ্ছাপুর কোলিয়া রাস্তা নির্মাণ**

—শ্রী রবীন্দ্র ঘোষ P-522

**উত্তরবঙ্গে ডাকাতির ঘটনা**

—শ্রী বিশ্বনাথ চৌধুরি PP-515-516

**উত্তর হাওড়ার হরগঞ্জ বাজারকে সুপার মার্কেটে পরিণত করার পরিকল্পনা**

—শ্রী অশোক ঘোষ P-716

**উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কে সমর মুখার্জির কমিটির রিপোর্ট**

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-273-276

**উলুবেড়িয়া পশু চিকিৎসা হাসপাতাল**

—শ্রী রাজকুমার মন্ডল PP-288-289

**উলুবেড়িয়া পশু হাসপাতালের ক্ষতিগ্রস্ত বাউন্ডারি দেওয়ালের পুননির্মাণ**

—শ্রী রাজকুমার মন্ডল PP-615-616

**উলুবেড়িয়ায় স্টেডিয়াম নির্মাণ**

—শ্রী রবীন্দ্র ঘোষ PP-626-627

**উলুবেড়িয়ায় বাস স্ট্যান্ড নির্মাণ**

—শ্রী রবীন্দ্র ঘোষ P-716

**১৯৮৪-৮৫ সালে শিক্ষা খাতে কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থ**

—শ্রী বিশ্বনাথ চৌধুরি PP-618-619

**এন আর ই পি, আর এল ই জি পি, আই আর ডি পি ও ডি আর ডি এ জাতীয় পরিকল্পনা**

—শ্রী অনুপকুমার চন্দ্র ও শ্রী কাশীনাথ মিশ্র PP-632-634

**কমিউনিটি হেলথ গাইডদের বেতন বৃদ্ধি**

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-210

**কমিউনিটি হেলথ গাইডদের মাসিক ভাতা**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-211

**কলিকাতা পুরসভার জন্য বিশ্ব ব্যাঙ্কের ঋণ**

—শ্রী দেবপ্রসাদ সরকার P-631

**কলকাতা পুরাতন 'বালওয়াড়ী' স্কুলের অনুদানের পরিমাণ হ্রাস**

—শ্রী লক্ষ্মীকান্ত দে P-719

**কলিকাতা মহানগরীর জলনিকাশি ব্যবস্থার উন্নয়ন**

—শ্রী অম্বিকা ব্যানার্জি PP-716-717

**কলিকাতার স্বীকৃতপ্রাপ্ত অর্গানাইজড্ স্কুল**

—শ্রী লক্ষ্মীকান্ত দে PP-625-626

**কাঁথি পলিটেকনিক কলেজ**

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা P-628

**কুমারী ব্রিজের অ্যাপ্রোচ রোড নির্মাণ**

—শ্রী সুধাংশুশেখর মাঝি PP-508-509

**কৃষ্ণনগর পৌরসভার ওয়ার্ড সমূহের পুনর্বিন্যাস**

—শ্রী সাধন চট্টোপাধ্যায় P-719

**কৃষি পেনসন**

—শ্রী নটবর বাগ্দি P-715

**কৃষ্ণনগর পৌরসভার নিকট রাজ্য বিদ্যুৎ পর্ষদের অনাদায়ি অর্থ**

—শ্রী সাধন চট্টোপাধ্যায় P-525

**কৃষ্ণনগর সরকারি মহাবিদ্যালয়ে আইন শিক্ষা**

—শ্রী সাধন চট্টোপাধ্যায় P-629

**ক্রিটিক্যাল কেয়ার ইউনিট নামে ভ্রাম্যমান চিকিৎসা ব্যবস্থা চালুকরণ**

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা P-201

**ক্রিড়াবিদদের জন্য প্রশিক্ষণ**

—শ্রী নীরোদ রায়চৌধুরি P-635

**ক্যানিং-এ ওয়াটার সাপ্লাই স্কীম**

—শ্রী সুভাষ নস্কর P-722

**খাতরায় নতুন মহকুমা স্থাপন**

—শ্রী অনুপকুমার চন্দ্র এবং শ্রী কাশীনাথ মিশ্র PP-509-510

**খড়দহে হিন্দুস্থান হেভি কেমিক্যালের গেটের সামনে সংঘর্ষ**

—শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য PP-521-522

**গ্রন্থমেলায় প্রকাশক ও পুস্তক বিক্রেতার সংখ্যা**

—শ্রী হিমাংশু খুণ্ডর P-291

**গ্রামীণ বৈদ্যুতিকরণ**

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-523-524

**চলচ্চিত্র শিল্প উন্নয়নে কার্যকর পরিকল্পনা**

—শ্রী কাশীনাথ মিশ্র PP-32-33

**চা বাগান শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা জমাকরণ**

—শ্রী মনোহর তিরকী PP-198-200

**চাল-গম ও চিনির কেজি প্রতি দর বৃদ্ধি**

—শ্রী সুধাংসুশেখর মাঝি P-206

**২৪-পরগনা জেলার মুনি নদী ক্লোজার পরিকল্পনা**

—শ্রী প্রবোধ পুরকায়েত PP-29-30

**চুর্ণী নদীর জল দূষণ**

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-510-512

**জঙ্গীপুর রঘুনাথগঞ্জ শহরে গঙ্গার উপর সেতু নির্মাণ**

—শ্রী অমলেন্দ্র রায় PP-118-120

**জীবন মন্ডলের সোনাটিকারী হাট রাস্তা নির্মাণ**

—শ্রী প্রবোধ পুরকায়েত P-519

**জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির গাড়ি নিয়ন্ত্রণ**

—ডাঃ মোতাহার হোসেন PP-33-34

**ডাক্তারদের প্রাইভেট প্র্যাক্টিস বন্ধ করার পরিকল্পনা**

—শ্রী সরল দেব PP-204-205

**তফসিলি ও আদিবাসী ছাত্রদের জন্য মেইন্টেনান্স গ্রান্ট**

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-187-188

**তফসিলিভুক্ত জাতি ও উপজাতিদের কৃষ্টি ও সংস্কৃতি রক্ষা**

—শ্রী মনোহর তিরকী PP-38-40

**দফাদার, চৌকিদার ইত্যাদির স্থায়ী সরকারি কর্মচারীরূপে স্বীকৃতি**

—শ্রী শীশ মহম্মদ PP-41-42

**দুবরাজপুরে বালিকা বিদ্যালয়ের অনুমোদন**

—শ্রী সাত্ত্বিককুমার রায় PP629-630

**দুর্গাপুর মহকুমা হাসপাতালে শিশুর জন্ম ও মৃত্যুর সংখ্যা**

—শ্রী সুব্রত মুখোপাধ্যায় PP-193-194

**দ্বিতীয় হুগলি সেতু**

—শ্রী অমলেন্দ্র রায় P-699

**নদীয়া জেলার চাকদহ পৌর এলাকায় পানীয় জল সরবরাহ**

—শ্রী সুভাষ বসু P-723

**নগর/শহরে পরিবেশ দূষণ রোধ**

—শ্রী অনিল মুখার্জি PP-519-521

**নদীয়া জেলা হাসপাতালকে স্বতন্ত্র হাসপাতালে বিভাজন**

—শ্রী সাধন চট্টোপাধ্যায় P-204

**নদীয়ায় শীলকেড়িয়া মৌজায় খাস জমি**

—শ্রী সতীশচন্দ্র বিশ্বাস PP-636-637

**নন প্র্যাক্টিস ভাতা গ্রহণ করা ডাক্তারদের বাইরে প্র্যাক্টিস**

—শ্রী নীরোদ রায়চৌধুরি P-210

**নারী শিক্ষার প্রসার**

—শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য PP-289-290

**নোট ছাপাই কারখানা**

—শ্রী অমলেন্দ্র রায় PP-512-515

**পশ্চিম দিনাজপুর জেলায় বিভিন্ন স্কুলে প্রশাসক নিয়োগ**

—শ্রী বিশ্বনাথ চৌধুরি PP-283-284

**পশ্চিমবঙ্গে আই পি পি ৪ এর অন্তর্ভুক্ত জেলা**

—ডাঃ মোতাহার হোসেন PP-196-198

**পশ্চিমবঙ্গে এফ. সি. আই. গোডাউনে ক্যারিং কন্ট্রাক্টর নিয়োগ**

—শ্রী বিভূতিভূষণ দে P-211

**পশ্চিমবঙ্গে কিশোর অপরাধীদের জন্য 'হোমের' সংখ্যা**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-718

**পশ্চিমবঙ্গে খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ**

—শ্রী গুণধর চৌধুরি P-720

**পশ্চিমবঙ্গে গ্রামীণ বৈদ্যুতিকরণ**

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-120-121

**পশ্চিমবঙ্গে ঘূর্ণিঝড়ে ক্ষয়ক্ষতির পরিমাণ**

—শ্রী প্রবোধচন্দ্র সিংহ PP-714-715

**পশ্চিমবঙ্গ থেকে কেন্দ্রীয় সরকারের সংগৃহীত রাজস্বের পরিমাণ**

—শ্রী নীরোদ রায়চৌধুরি PP-117-118

**পশ্চিমবঙ্গ থেকে বিভিন্ন খাতে কেন্দ্রীয় সরকারের আয়**

—শ্রী শীশ মহম্মদ PP-116-117

**পশ্চিমবঙ্গের মেডিক্যাল কলেজ সমূহে দ্বৈত শাসন ব্যবস্থা**

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-181-182

**পশ্চিমবঙ্গে রাজ্য সরকার পরিচালিত বেবি ক্রেস-এর সংখ্যা**

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-719-720

**পশ্চিমবঙ্গে শস্য ও কৃষি ফসল বিমা প্রকল্প**

—শ্রী কাশীনাথ মিশ্র PP-697-699

**পশ্চিম বাংলায় প্রাথমিক, টাউন ও জেলা গ্রন্থাগার**

—শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য PP-637-638

**প্রশাসনিক আদেশে সিমেন্টের দর বৃদ্ধি**

—শ্রী হিমাংশু কুঙর PP-203-204

**প্রয়াত ইন্দিরা গান্ধীর ভস্মাধার গ্রহণ ও প্রত্যার্পণ বাবদ অর্থ ব্যয়**

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-42

**পাটচাষীদের রক্ষার জন্য পাট সংগ্রহ**

—শ্রী অনুপকুমার চন্দ্র ও শ্রী কাশীনাথ মিশ্র PP-709-711

**পাণ্ডুয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সীমানা প্রাচীর নির্মাণ**

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী PP-188-189

**পানিহাটি সাধারণ হাসপাতালে শয্যা সংখ্যা বৃদ্ধিকরণ**

—শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য P-213

**প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের অবসর গ্রহণের বয়স**

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-609-611

**প্রাথমিক বিদ্যালয়ে স্নাতক শিক্ষকদের বেতন**

—শ্রী শীশ মহম্মদ PP-620-621

**প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মীদের পেনসন**

—শ্রী গোপাল মন্ডল PP-628-629

**প্রাথমিক স্কুলে ছাত্রছাত্রীদের সংখ্যা ও পুস্তক সরবরাহ**

—শ্রী সরল দেব P-290

**পুরুলিয়া জেলার কৃষকদের জমির পাট্টা**

—শ্রী সুধাংশুশেখর মাঝি P-632

**পুরুলিয়া জেলার বলরামপুর, পুঞ্চা, মানবাজার ২ নং ব্লকের শিশু বিকাশ প্রকল্প কেন্দ্রে কর্মচারী নিয়োগ**

—শ্রী সুধাংশুশেখর মাঝি PP-707-709

**পুরুলিয়া জেলার ঝরী জাগ্দা গ্রাম পঞ্চায়েতকে এন আর ই পি বাবদ অর্থ প্রদান**

—শ্রী সুধাংশুশেখর মাঝি PP-40-41

**পুরুলিয়া জেলার পৌর সভার জনসংখ্যাগত ও আয়তনগত পার্থক্য**

—শ্রী নটবর বাগদী PP-634-635

**পুরুলিয়ার মানবাজারে নতুন কলেজ**

—শ্রী সুধাংশুশেখর মাঝি P-283

**পুরুলিয়া বেগুনকোদার ভায়া আড়ষা রাস্তা নির্মাণ**

—শ্রী ধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় P-524

**পুলিশের কাজকর্ম তদারকির জন্য "ক্রাইম কো-অর্ডিনেশন কমিটি" গঠন**

—শ্রী দেবপ্রসাদ সরকার P-112

**পুরুলিয়া সদর হাসপাতালে বেডের সংখ্যা**

—শ্রী নটবর বাগদী P-209

**পৌর এলাকায় যুবকল্যাণ অফিস**

—শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ PP-624-625

**পৌরসভার নির্বাচন**

—ডাঃ মানস ভুঁইয়া ও শ্রী কাশীনাথ মিশ্র PP-703-705

**ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন**

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-720-721

**ফৌজদারি ও দেওয়ানি আদালত চালুর পরিকল্পনা**

—শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ PP-108-110

**বক্রেশ্বর পরিদর্শন ভবন সংস্কার**

—শ্রী সাত্বিক কুমার রায় P-525

**বক্রেশ্বর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ**

—শ্রী ধীরেন সেন PP-504-506

**বক্রেশ্বর বিদ্যুৎ প্রকল্প স্থাপনে বৈদেশিক রাষ্ট্রের সহযোগিতা**

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা P-522

**বগুলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরকরন**

—শ্রী সতীশচন্দ্র বিশ্বাস PP-202-203

**বগুলা শ্রীকৃষ্ণ কলেজ বিজ্ঞান বিভাগ**

—শ্রী সতীশচন্দ্র বিশ্বাস P-625

**বনাঞ্চল তৈরির জন্য কেন্দ্রীয় অর্থ ব্যয়**

—শ্রী অনুপকুমার চন্দ্র এবং শ্রী কাশীনাথ মিশ্র PP-28-29

**বনাঞ্চলে কাঠ চুরির ঘটনা**

—শ্রী বিশ্বনাথ চৌধুরি PP-35-36

**বহরমপুরে স্টেডিয়াম নির্মাণ**

—শ্রী অমলেন্দ্র রায় PP-607-609

**বালীগঞ্জ এলাকায় মদের দোকানের লাইসেন্সের জন্য আবেদন**

—শ্রী শীশ মহম্মদ P-636

**বাঁকুড়া জেলার পাইপ লাইন জল সরবরাহ প্রকল্প**

—শ্রী সুব্রত মুখার্জি ও শ্রী কাশীনাথ মিশ্র P-715

**বাঁকুড়া জেলায় বেথুয়ালা গ্রামে বৈদ্যুতিকরণ**

—শ্রী সাধন পাণ্ডে এবং শ্রী কাশীনাথ মিশ্র PP-516-518

**বাঁকুড়া মেডিক্যাল কলেজের বিক্রেতা কর্তৃক প্রদত্ত বিলের বিরুদ্ধে অভিযোগ**

—শ্রী অনুপকুমার চন্দ্র এবং শ্রী কাশীনাথ মিশ্র PP-206-207

**বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে উপযুক্ত শিক্ষক নিয়োগ**

—শ্রী অনুপকুমার চন্দ্র এবং শ্রী কাশীনাথ মিশ্র P-188

**বাঁকুড়া সহ সি এম ডি এ এলাকাভুক্ত পৌর সংস্থার জন্য সি ইউ ডি পির অনুদান**

—শ্রী কাশীনাথ মিশ্র ও ডাঃ মানস ভুঁইয়া P-634

**বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছের পরিমান**

—শ্রী শীশ মহম্মদ P-202

**বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের শূন্যপদ**

—শ্রী বিভূতিভূষণ দে P-627

**বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সাহায্য**

—শ্রী বিভূতি ভূষণ দে P-289

**বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় নির্মাণের জন্য ব্যয়**

—শ্রী প্রশান্ত প্রধান PP-290-291

**বিভিন্ন কলেজ অধ্যক্ষ ও অধ্যাপকদের শূন্যপদ**

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-284-285

**বিভিন্ন শিল্পে শ্রমিকদের ন্যূনতম মজুরি**

—শ্রী অমলেন্দ্র রায় PP-208-209

**বিভিন্ন সংস্থা কর্তৃক শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা নিয়মিত জমা**

—শ্রী বিশ্বনাথ চৌধুরি PP-191-193

**বিভিন্ন হাসপাতালের অপারেশন থিয়েটারের জন্য নিযুক্ত বয়েল মেনের সংখ্যা**

—শ্রী সাধন পাণ্ডে এবং শ্রী কাশীনাথ মিশ্র PP-189-191

**বীরভূম জেলার নলহাটীতে পৌরসভা গঠন**

—শ্রী সাত্বিককুমার রায় P-721

**বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের অবসর গ্রহণের বয়স**

—শ্রী নীরোদ রায়চৌধুরি P-625

**বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাসের পয়লা তারিখে বেতন দেওয়ার ব্যবস্থা**

—শ্রী নীরোদ রায়চৌধুরি PP-285-287

**বেহালার পুরাতন পৌর অঞ্চলে সি ইউ ডি পি-এর কাজ**

—শ্রী নিরঞ্জন মুখার্জি PP-722-723

**ভগবানপুর পশ্চিমবাড় রাস্তার কাজ**

—শ্রী প্রশান্ত প্রধান P-523

**ভিডিও শোর ব্যাপক প্রসার**

—শ্রী অমলেন্দ্র রায় PP-23-24

**ভূমি সংস্কার ও ভূমি সংরক্ষণ বাবদ ব্যয়**

—শ্রী কাশীনাথ মিশ্র PP-25-27

**ভূতড়ে রেশন কার্ড**

—শ্রী অমলেন্দ্র রায় PP-195-196

**ভূমিহীনদের জন্য খাস জমি বিতরণ**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-637

**মডেল স্কুল**

—শ্রী অমলেন্দ্র রায় PP-277-279

**মাছের চাহিদা ও উৎপাদন**

—শ্রী নীরোদ রায়চৌধুরি PP-185-186

**মাধ্যমিক শিক্ষাস্তরে মুল্যায়ণ পদ্ধতি**

—শ্রী মনোহর তিরকে PP-287-288

**মানিকপুর-সারেঙ্গা হীরাপুর বাজার রোডের কাজ**

—শ্রী রাজকুমার মণ্ডল PP-521

**মুবারই গ্রামীণ হাসপাতাল সংলগ্ন এলাকায় যক্ষা হাসপাতাল নির্মাণ**

—ডাঃ মোতাহার হোসেন P-209

**মুর্শিদাবাদ জেলার খড়গ্রামে পাইপবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্প**

—শ্রী আবুল হাসনাৎ খান, শ্রী আতাহার রহমান এবং শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় P-721

**মুর্শিদাবাদ জেলায় বন সৃজন**

—শ্রী অমলেন্দ্র রায় PP-36-38

**মুর্শিদাবাদ জেলায় সূতি এলাকায় আবগারি দোকান**

—শ্রী শীশ মহম্মদ P-288

**মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-523

**মেডিক্যাল কলেজ হাসপাতালে ভিজিটিং ডাক্তারদের ডিউটি আওয়ার**

—শ্রী লক্ষ্মীকান্ত দে P-203

**মেদিনীপুর জেলার পাঁশকুড়া, বালিচক ও বেলদার পৌরসভা গঠন**

—শ্রী সৈয়দ মোয়াজ্জেম হোসেন PP-721-722

**মেয়ো এবং লেডি ডাফ্রিন হাসপাতালকে মেডিক্যাল কলেজ হাসপাতালের অধীনে আনার পরিকল্পনা**

—শ্রী লক্ষ্মীকান্ত দে P-212

**মোটর গাড়ির ইলেকট্রিক হর্ণ বাজানো নিয়ন্ত্রণ করার বিষয়ে সরকারি নির্দেশ**

—শ্রী নীরোদ রায়চৌধুরি PP-711-714

**যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা**

—শ্রী সুব্রত মুখার্জি ও শ্রী কাশীনাথ মিশ্র PP-611-613

**লোকদীপ প্রকল্প**

—শ্রী বিভূতিভূষণ দে PP-524-525

**রঘুনাথপুর স্টেট জেনারেল হাসপাতালকে মহকুমা হাসপাতালে রুপান্তরকরণ**

—শ্রী নটবর বাগদী PP-200-201

**রঘুনাথ শাস্ত্রী আয়ুর্ব্বেদ কলেজে ডিগ্রি কোর্স শিক্ষাক্রম চালুকরণ**

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা P-212

**রবীন্দ্রনাথের ১২৫তম জন্মবার্ষিকী**

—শ্রী আনিসুর রহমান P-638

**রাজ্য কেরোসিনের মাসিক চাহিদা**

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় এবং শ্রী প্রবোধচন্দ্র সিনহা PP-201-202

**রাজ্য ক্রীড়া পর্ষদ ও জেলা ক্রীড়া পর্ষদ গঠন**

—শ্রী নটবর বাগদী PP-623-624

**রাজ্যে নতুন জুনিয়র হাই ও মাধ্যমিক বিদ্যালয় স্থাপন**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-627

**রাজ্যের প্রাথমিক বিদ্যালয়ে শিশু শ্রেণী ও পঞ্চম শ্রেণীর সংযুক্তিকরণ**

—শ্রী মনোহর তিরকে PP-613-614

**রামপুরহাটে বাস স্ট্যান্ড নির্মাণ**

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল P-723

**রামপুরহাট পৌরসভার অধিবাসীদের গৃহে পানীয় জল সরবরাহ**

—ডাঃ মোতাহার হোসেন PP-706-707

**রামপুরহাট শহরে ফুটবল খেলার মাঠে দর্শক গ্যালারি নির্মাণ**

—শ্রী শশাংকশেখর মণ্ডল PP-627-628

**রেজিস্টার্ড বেকারদের জন্য স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প**

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-205-206

**লৌহ ও কয়লার মাশুল সমীকরন**

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-122

**শহীদ প্রফুল্ল চাকী ও হরেন মুন্সীর স্মৃতিরক্ষার পরিকল্পনা**

—শ্রী অমলেন্দ্র রায় P-122

**শিলিগুড়িতে অতিরিক্ত জেলা গ্রন্থাগার স্থাপন**

—শ্রী হিমাংশু কুণ্ডর PP-617-618

**শ্রীরামপুর "কলেজ অফ টেক্সটাইল" টেকনোলজিতে শর্ট কোর্স পুনরায় চালু**

—শ্রী অরুণকুমার গোস্বামী PP-616-617

**স্টেট ফুড কর্পোরেশন গঠন**

—শ্রী বিশ্বনাথ চৌধুরি P-207

**সপ্তম যোজনায় বরাদ্দের খসড়া**

—শ্রী সুব্রত মুখার্জি এবং শ্রী কাশীনাথ মিশ্র PP-110-111

**সপ্তম যোজনায় নতুন পর্যটন কেন্দ্র**

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-34-35

**সরকারি কলেজ অধ্যক্ষের শূন্যপদ**

—শ্রী শিবপ্রসাদ মালিক P-630

**সরকারি ফ্ল্যাট বিক্রয় বাবদ আয়**

—শ্রী লক্ষ্মীকান্ত দে PP-112-115

**সরকারি মদের উৎপাদন ও সরবরাহ**

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী PP-279-282

**সাউথ বিষ্ণুপুর এলাকায় ৩৩/১১ কে ভি পাওয়ার সাব-স্টেশন স্থাপন**

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-122-123

**সি.ইউ ডি পি-৩ পরিকল্পনায় স্কীম**

—শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য P-717

**সুন্দরবনে পর্যটকদের সুযোগ বৃদ্ধির পরিকল্পনা**

—শ্রী প্রবোধচন্দ্র সিনহা P-40

**সুসংহত শিশু বিকাশ প্রকল্প**

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-717-718

**সোদপুর স্টেশনের কাছে উড়ালপুল নির্মাণ**

—শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য PP-115-116

**হরিণঘাটা দুগ্ধ প্রকল্পের উন্নতি**

—শ্রী সরল দেব P-626

**হাওড়া ডুমুর জলায় মহেশচন্দ্র ভট্টাচার্য কলেজ নির্মাণ**

—শ্রী অশোক রায় PP-614-615

**হাওড়ায় মাছ ও পান বাজারে অগ্নিকাণ্ড**

—শ্রী বিভূতিভূষণ দে PP-718-719

**হাডকোর সাহায্যে গ্রামাঞ্চলে গৃহ নির্মাণ**

—শ্রী অমলেন্দ্র রায় PP-106-108

**হুগলি জেলে মেডিক্যাল অফিসারের শূন্য পদ**

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী P-706

**হুগলি নদীতে দ্বিতীয় সেতু নির্মাণ**

—শ্রী বিশ্বনাথ চৌধুরি PP-699-702

**হেলথ অ্যাসিস্ট্যান্ট পদে চাকুরি প্রার্থীদের ন্যূনতম যোগ্যতা**

—শ্রী সুব্রত মুখোপাধ্যায় PP-207-208

**Rulling of the Speaker**

PP-57-60

**Statement on Calling Attention on the subject attack upon Shri Sankar Prasad Mitra, MP & ex-chief Justice and two other Judges of Calcutta High Court on 16.2.86**

—by Shri Jyoti Basu PP-527-529

**Statement Under Rule 366 on Bus Fare.**

—by Shri Jyoti Basu PP-45-46

**Statement Under Rule 366 on Demands Allowance to the State Govt. employees.**

—by Shri Jyoti Basu PP-44-45

**Statement on Calling Attention on the Subject of deplorable condition of Jute growers due to stoping purchase of Jute by J.C.I**

—by Shri Kamal Kanti Guha PP-406-407

**Statement under Rule 346 on the Subject development of Education on Homeopathy Research.**

—by Shri Ram Narayan Goswami PP-407-409

**Statement under rule 346 regarding General Elections to the 75 Municipalities of the State**

—by Shri Prasanta Kumar Sur PP-292-293

**Statement Under Rule 346 regarding Municipal Election**

—by Shri Prasanta Kr. Sur PP-46-47

**Statement Under Rule 346 regarding printing of Madhyamik Question Paper in Bengali, Nepali, Urdu, Hindi & English.**

—by Shri Kanti Biswas PP-224-225

**Statement Under rule 346 on the Subject Protesting against the implementation of the court fees Amendment Act. 1985.**

—by Shri Sayed Abul Mansur Habibullah PP-546-548

**Statement on Mention regarding the recruitment of teachers in the vacant posts in Suniti Academy Sarkari Balika Vidyalaya at Cooch Bihar**

—by Shri Kanti Biswas PP-744-745

**Statement on Calling Attention regarding shifting the date of**

**General Election of 75 Municipalities.**

—by Shri Prasanta Kumar Sur PP-292-294

**Voting on Amendments on Governor's Address** PP-354-403

**Zero Hour** PP-738-740 PP-644-651 P-223

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani, Calcutta - 700 006